Barcode - 4990010123253
Title - Bengal Legislative Assembly Proceedings (1977) vol.66, pt.3
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 505
Publication Year - 1977
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010123253

Vol. 66 No—III

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Sixty sixth Session

(August to October, 1977)

(The 13th, 14th, 19th, 20th, & 21st September 1977)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

Price Rs. 150/-

0 111(77)

Vol. 66 No—II

# Assembly Proceedings

## OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

## Sixty sixth Session

(August to October, 1977)

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 8768
Dated. 12.3.2001
Call No. 328.2/V.66 NO III (77)
Price / Free Rs. 150/-

(The 13th, 14th, 19th, 20th, & 21st September 1977)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor

### SHRI TRIBHUBAN NARAYAN SINGH

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister-in-charge of Home Department (excluding Jails, Transport, Passport, Civil Defence and Parliamentary Affairs Branches), Sports Branch of Department of Education, Department of Power and Hill Affairs Branch of Department of Development and Planning.

2. Shri Krishna Pada Ghosh, Minister-in-charge of Department of Labour.

3. Dr. Ashok Mitra, Minister-in-charge of Finance Department, Department of Development and Planning (excluding Sundarban Areas Branch, Hill Affairs and Jhargram Affairs Branches) and Department of Excise.

4. Shri Pravas Chandra Roy, Minister-in-charge of Department of Irrigation and Waterways and Sundardan Areas Branch of Department of Development and Planning.

5. Shri Amritendu Mukherjee, Minister-in-charge of Department of Animal Husbandry and Veterinary Services.

6. Shri Buddhadev Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.

7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Local Government and Urban Development and Metropolitan Development Branch of Public works Department.

8. Shri Radhika Ranjan Banerjee, Minister-in-charge of Refugee Relief and Rehabilitation Department and Relief Branch of Relief and Welfare Department.

9. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land Utilisation and Reforms and Land and Land Revenue.

10. Shri Chittabrata Mazumder, Minister-in-charge of Deparment of Cottage and Small-Scale Industries.

11. Shri Mohammed Amin, Minister-in-charge of Transport Branch of Home Deparment.

12. Shri Partha De, Minister-in-charge of Primary Education, Secondary Education, and Library Service Branches of Department of Education.

13. Shri Hashim Abdul Halim, Minister-in-charge of Legislative Department and Judicial Department.

14. Shri Parimal Mitra, Minister-in-charge of Department of Forest and Department of Tourism

15. Dr. Kanailal Bhattacharya, Minister-in-charge of Department of Commerce and Industries and Department of Public Undertakings and Department of Closed and Sick Industries.

16. Shri Sambhu Charan Ghosh, Minister-in-charge of Department of Education (excluding Sports, Primary Education, Secondary Education and Library Service Branches).

17. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Fisheries and Department of Co-operation.

18. Shri Kamal Kanti Guha, Minister-in-charge of Department of Agriculture.

19. Shri Jatin Chakraborty, Minister-in-charge of Public Works Department (excluding Metropolitan Development Branch) and Department of Housing

20. Shri Nani Bhattacharya, Minister-in-charge of Deparment of Health and family Welfare

21. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Panchayats and Community Development and Jails Branch of Home Department

22. Shri Sudhin Kumar, Minister-in-charge of Department of Food and Supplies.

23. Shri Bhabani Mukherjee, Minister-in-charge of Parliamentary Affairs Branch of Home Department.

24. Srimati Nirupama Chatterjee, Minister-in-charge of Welfare Branch of Relief and Welfare Department

25 Shri Sambhunath Mandi, Minister of State-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department, and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

26. Shri Sibendra Narayan Chowdhury, Minister of State-in-charge of Transport Branch of Home Department

27. Shri Md. Abdul Bari, Minister of State for Primary Education, Secondary Education and Library Service Branches of Department of Education.

28. Shri Kanti Chandra Biswas, Minister of State-in-charge of Department of Youth Services and Passport Branch of Home Department.

29. Shri Ram Chatterjee, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

**WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY**
**PRINCIPAL OFFICERS & OFFICIALS**

**Speaker : Shri Syed Abul Mansur Habibullah**

**Deputy Speaker : Shri Kalimuddin Shams**

**SECRETARIAT**

**Secretary : Shri P.K. Ghosh**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. A.K.M. Hassan Uzaman, Shri (92 - Deganga - 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - 24 Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
5. Abdus Satter, Shri (55 - Lalgola - Murshidabad)
6. Abedin Dr. Zainal (34 - Itahar - West Dinajpur)
7. Abul Hassan, Shri (145 - Bowbazar - Calcutta)
8. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
9. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
10. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
11. Anisur Rahaman, Shri (93 - Swarupnagar - 24-Parganas)
12. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
13. Bag, Dr. Saswati Prasad (204 - Mahishadal - Midnapore)
14. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
15. Bandyopadhyay, Shri Gopal (183 - Singur - Hooghly)
16. Bandyopadhyay, Shri Balai (184 - Haripal - Hoogly)
17. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
18. Banerjee, Shri Amiya (96 - Hasnabad - 24-Parganas)
19. Banerjee, Shri Binoy (156 - Sealdah - Calcutta)
20. Banerjee, Shri Madhu (257 - Kulti - Burdwan)
21. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - 24-Parganas)
22. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
23. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
24. Barman, Shri Kalipada [101 - Basanti (S.C.) - 24-Parganas]
25. Basu, Shri Bimal Kanti (5 - Cooch Behar West - Cooch Behar)
26. Basu, Shri Debi Prosad (77 - Nabadwip - Nadia)
27. Basu, Shri Gopal (129 - Naihati - 24-Parganas)
28. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
29. Basu, Shr Nihar Kumar (131 - Jagatdal - 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Basu Ray, Shri Sunil (258 - Barabani - Burdwan)
31. Bauri, Shri Bijoy [204 - Raghunathpur (S.C.) - Purulia]
32. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
33. Baxla, Shri John Arther [10 - Kumargram (S.T.) - Jalpaiguri]
34. Bera, Shri Pulak (203 - Moyna - Midnapore)
35. Bera, Shri Sasabindu (172 - Shyampur - Howrah)
36. Bhaduri, Shri Timir Baran (64 - Beldanga - Murshidabad)
37. Bharati, Shri Haripdad (142 - Jorabagan - Calcutta)
38. Bhattacharjee, Shri Buddhadev (140 - Cossipur - Calcutta)
39. Bhattacharya, Shri Kamal Krishna (180 - Serampore-Hooghly)
40. Bhattacharya, Dr. Kanailal (165 - Shibpur - Howrah)
41. Bhattacharya, Shri Nani (12 - Alipurduar - Jalpaiguri)
42. Bhattacharyya, Shri Gopal Krishna (135 - Panihati - 24 Parganas)
43. Bhattacharyya, Shri Satya Pada ( 68 - Bharatpur - Murshidabad)
44. Bisui, Shri Santosh [221 - Garhbeta West (S.C.) - Midnapore]
45. Biswas, Shri Binoy Kumar (82 - Chakdah - Nadia)
46. Biswas, Shri Hazari [53 - Sagardighi (S.C.) - Murshidabad]
47. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
48. Biswas, Shri Jnanendranath [74 - Krishnaganj (S.C.) - Nadia]
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
50. Biswas, Shri Kanti Chandra (86 - Gaighata - 24 Parganas)
51. Biswas, Shri Kumud Ranjan [98 - Sandeshkhali (S.C.) - 24 Parganas]
52. Biswas, Shri Satish Chandra [80 - Ranaghat East (S.C.) - Nadia]
53. Bora, Shri Badan [ 255 - Indas (S.C.) - Bankura]
54. Bose, Shri Ashoke Kumar ( 148 - Alipore - Calcutta)
55. Bose, Shri Biren (25 - Siliguri - Darjeeling)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Bouri, Shri Nabani [249 - Gangajalghati (S.C.) - Bankura]
58. Chakraborty, Shri Jatin (151 - Dhakuria - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

59. Chakraborty, Shri Subhas (139 - Belgachia - Calcutta)
60. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
61. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
62. Chattapadhya, Shri Sailendra Nath (181 - Champdani - Hooghly)
63. Chattaraj, Shri Suniti (288 - Suri - Birbhum)
64. Chatterjee, Shri Bhabani Prosad (293 - Nalhati - Birbhum)
65. Chaterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
66. Chatterjee, Shri Ram (185 - Tarakeswar - Hooghly)
67. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
68. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
69. Chawdhuri, Shri Subodh (47 - Manikchak - Malda)
70. Chhobhan Gazi, Shri (120 - Magrahat West- 24 Parganas)
71. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
72. Chowdhuri, Shri Gunadhar (254 - Kotulpur - Bankura)
73. Chowdhury, Shri Abdul Karim (28 - Islampur - West Dinajpur)
74. Chowdhury, Shri Benoy Krishna (271 - Burdwan Sourth - Burdwan)
75. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
77. Chowdhury, Shri Subhendu Kumar [145 - Malda (S.C.) - Malda]
78. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
79. Das, Shri Banamali [283 - Nanur (S.C.) - Birbhum]
80 Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - 24 Parganas)
81. Das, Shri Nikhil (158 - Burtola - Calcutta)
82. Das, Shri Nimai Chandra (118 - Falta - 24 Parganas)
83. Das, Shri Sandip (146 - Chowringhee - Calcutta)
84. Das, Shri Santosh Kumar (168 - Panchla - Howrah)
85. Das, Shri Shib Nath [205 - Sutahata (S.C.) - Midnapore]
86. Das Mahapatra,. Shri Balai Lal (212 - Ramnagar - Midnapore)
87. Das Sharma, Shri Sudhir Chandra (224 - Kharagpur Town - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

88. Daud Khan, Shri (107 - Bhangore - 24 Parganas)
89. De, Shri Partha (251 - Bankura - Bankura)
90. Deb, Shri Saral (90 - Barasat - 24 Parganas)
91. Dey,. Shri Ajoy Kumar (194 - Arambagh - Hooghly)
92. Digpati, Shri Panchanan [193 - Khanakul (S.C.) - Hooghly]
93. Doloi, Shri Rajani Kanta [219 - Keshpur (S.C.) - Midnapore]
94. Ghosal, Shri Aurobindo (171 - Uluberia Sourth - Howrah)
95. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)
96. Ghosh, Shri, Debsaran (72 - Kaliganj - Nadia)
97. Ghosh, Shri Krishna Pada (155 - Beliaghata - Calcutta)
98. Ghosh, Shri Malin (178 - Chanditala - Hooghly)
99. Ghosh, Shri Sambhu Charan (186 - Chinsurah - Hooghly)
100. Goppi, Shrimati Aprajita (4 - Cooch Behar North - Cooch Behar)
101. Goswami, Shri Ramnarayan (273 - Raina - Burdwan)
102. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)
103. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)
104. Guha, Shri Nalini Kanta (141 - Shympukur - Calcutta)
105. Gupta, Shri Jyotsna Kumar (284 - Bolpur - Birbhum)
106. Gupta, Shri Sitaram (130 - Bhatpara - 24 Parganas)
107. Habib Mustafa, Shri (44 - Araidanga - Malda)
108. Habibur Rahaman, Shri (54 - Jangipur - Murshidabad)
109. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (S.C.) - 24 Parganas]
110. Haldar, Shri Renupada [122 - Mandirbazar (S.C.) - 24 Parganas]
111. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - 24 Parganas)
112. Hazra, Shri Haran [169 - Sankrail (S.C.) - Howrah]
113. Hazra, Shri Monoranjan (192 - Purshurah - Hooghly)
114. Hazra, Shri Sundar (222 - Salbani - Midnapore)
115. Hira, Shri Sumanta Kuamr [154 - Taltola (S.C.) - Calcutta]
116. Jana, Shri Haripada (Bhagabanpur) (208 - Bhagabanpur - Midnapore)
117. Jana, Shri Hari Pada (Pingla) (217 - Pingla - Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

118. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
119. Jana, Shri Prabir (206 - Nandigram - Midnapore)
120. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
121. Kar, Shri Nani (88 - Ashokenagar - 24 Parganas)
122. Kazi Hafizur Rahaman, Shri (56 - Bhagabangola - Murshidabad)
123. Khan, Shri Sukhendu [256 - Sonamukhi (S.C.) - Bankura]
124. Kisku, Shri Upendra [245 - Raipur (S.T.) - Bankura]
125. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)
126. Konar, Shri Benoy (275 - Memari - Burdwan)
127. Kuiry, Shri Daman, (236 - Arsha - Purulia)
128. Kujur, Shri Sushil [14 - Madarihat (S.T.) - Jalpaiguri]
129. Kumar, Shri Sudhin (163 - Howrah Central - Howrah)
130. Kundu, Shri Gour Chandra (81 - Ranaghat West - Nadia)
131. Let (Bara), Shri Panchanan [290 - Mayureswar (S..C.) Birbhum]
132. Lutful Haque, Shri (51 - Aurangadab - Murshidabad)
133. M. Ansar-uddin, Shri (167 - Jagatballavpur - Howrah)
134. Mahanti, Shri Pradyot Kumar (228 - Dantan - Midnapore)
135. Mahata, Shri Satya Ranjan (2327 - Jhalda - Purulia)
136. Mahato, Shri Nukul Chandra (234 - Manbazar - Purulia)
137. Mahato, Shri Shanti Ram (238 - Jaipur - Purulia)
138. Maitra, Shri Birendra Kumar (42 - Harischandrapur - Malda)
139. Maitra, Shri Kashi Kanta (75 - Krishnanagar East - Nadia)
140. Maity, Shri Bankim Behari (207 - Narghat - Midnapore)
141. Maity, Shri Gunadhar (125 - Patharpratima - 24 Parganas)
142. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - 24 Parganas)
143. Maity, Shri Satya Brata (211 - Contai South - Midnapore)
144. Majee, Shri Surendra Nath [232 - Kashipur (S.T.) - Purulia]
145. Majhi, Shri Dinabandhu [66 - Khargram (S.C.) - Murshidabad]
146. Majhi, Shri Raicharan [282 - Ketugram (S.C.) - Burdwan]
147. Majhi, Shri Sudhangshu Sekhar [233 - Bunduan (S.T.) - Purulia]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

148. Majhi, Dr. Binode Behari [247 - Indpur (S.C.) - Bankura]
149. Maji, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)
150. Maji, Shri Swadesranjan (201 - Panskura East - Midnapore)
151. Majumdar, Shri Chittabrata (162 - Howrah North - Howrah)
152. Majumdar, Shri Sunil Kumar (285 - Labhpur - Birbhum)
153. Mal, Shri Trilochan [292 - Hansan (S.C.) - Birbhum]
154. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)
155. Malik, Shri Purna Chandra [272 - Khandoghosh (S.C.) - Burdwan]
156. Mallik, Shri Sreedhar [267 - Ausgram (S.C) - Burdwan]
157. Mandal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)
158. Mandal, Shri Gopal [197 - Ghatal (S.C.) - Midnapore]
159. Mandal, Shri Prbhanjan (127 - Sagore - 24 Parganas)
160. Mandal, Shri Rabindranath [91 - Rajarhat (S.C.) - 24 Parganas]
161. Mandal, Shri Siddheswar [287 - Rajnagar (S.C.) - Birbhum]
162. Mandal., Shri Sudhangshu [99 - Hingalganj (S.C.) - 24 Parganas]
163. Mandal, Shri Sukumar [79 - Hanskhali (S.C.) - Nadia]
164. Mandal, Shri Suvendu (220 - Garhbeta East - Midnapore)
165. Mandi, Shri Sambhunath [232 - Binpur (S.T.) - Midnapore]
166. Mazumdar, Shri Dilip Kumar [264 - Durgapur-I - Burdwan]
167. Mazumdar, Shri Dinesh (108 - Jadavpur - 24 Parganas)
168. Md. Sohorab, Shri (52 - Suti - Murshidabad)
169. Ming, Shri Patras [26 - Phansidewa (S.T.) - Darjeeling]
170. Mir Abdus Sayeed, Shri (115 - Maheshtala - 24 Parganas)
171. Mir Fakir Mohammad, Shri (71 - Nakashipara - Nadia)
172. Mitra, Dr. Ashok (149 - Rashbehari Avenue - Calcutta)
173. Mitra, Shri Parimal (19 - Kranti - Jalpaiguri)
174. Mitra, Shri Ranjit (85 - Bongaon - 24 Parganas)
175. Mohammad Ali, Shri (43 - Ratua - Malda)
176. Mohammed Amin, Shri (133 - Titagarh - 24 Parganas)
177. Mohanta, Shri Madhabendu (70 - Palashipara - Nadia)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

178. Mojumder, Shri Hemen (104 - Baruipur - 24 Parganas)
179. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (S.C.) - 24 Parganas]
180. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (S.C.) - 24 Parganas]
181. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (S.C.) - Howrah]
182. Mondal, Shri Sahabuddin (73 - Chapra - Nadia)
183. Mondal, Shri Sasanka Sekher (291 - Rampurhat - Birbhum)
184. Morazzam Hossain, Shri Syed (218 - Debra - Midnapore)
185. Mostafa Bin Quasem, Shri (94 - Daduria - 24 Parganas)
186. Motahar Hossain, Dr. (294 -Murarai - Birbhum)
187. Mridha, Shri Chitta Ranjan [105 - Canning West (S.C.) - 24 Parganas]
188. Mukherjee, Shri Amritendu (76 - Krishnanagar West - Nadia)
189. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
190. Mukherjee, Shri Bama Pada (259 Hirapur - Burdwan)
191. Mukherjee, Shri Bhabani (182 - Chandernagore - Hooghly)
192. Mukherjee, Shri Bimalananda (78 - Santipur - Nadia)
193. Mukherjee, Shri Biswanath (202 - Tamluk - Midnapore)
194. Mukherjee, Shri Joykesh (166 - Domjur - Howrah)
195. Mukherjee, Shri Mahadeb (239 - Purulia - Purulia)
196. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - 24 Parganas)
197 Mukherjee, Shri Niranjan (112 - Behala East - 24 Parganas)
198. Mukherjee, Shri Rabin (113 - Behala West - 24 Parganas)
199. Mukhopadhyay, Dr. Ambarish (243 - Hura - Purulia)
200. Mullick Chowdhury, Shri Suhrid (159 - Maniktola - Calcutta)
201. Munsi, Shri Maha Bacha (27 - Chopra - West Dinajpur)
202. Murmu, Shri Nathaniel [36 - Tapan (S.T.) - West Dinajpur]
203. Murmu, Shri Sarkar [39 - Habibpur (S.T.) - Malda]
204. Murmu, Shri Sufal [40 - Gajol (S.T.) - Malda]
205. Nanda, Shri Kiranmoy (214 - Mugberia - Midnapore)
206. Nurbu La, Shri Dawa (24 - Kurseong - Darjeeling)
207. Naskar, Shri Gangadhar [109 - Sonarpur (S.C.) - 24 Parganas]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

208. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (S.C.) - 24 Parganas]
209. Nath, Shri Monoranjan (279 - Purbasthali - Burdwan)
210. Neogy, Shri Brajo Gopal (190 - Polba - Hooghly)
211. Nezamuddin, Shri Md. (153 - Entally - Calcutta)
212. O'Brien, Shri Neil Aloysus (Nominated)
213. Ojha, Shri Janmejay (215 - Pataspur - Midnapore)
214. Omar Ali, Dr. (200 - Panskura West - Mindapore)
215. Oraon, Shri Moha Lal [18 - Mal (S.T.) - Jalpaiguri]
216. Paik, Shri Sunirmal [209 - Khajuri (S.C.) - Midnapore]
217. Pal, Shri Bijoy (260 - Asansol - Burdwan)
218. Pal, Shri Rashbehari (210 - Contai North - Midnapore)
219. Panda, Shri Mohini Mohan (244 - Taldanga - Bankura)
220. Pandey, Shri Rabi Shankar (114 - Barabazar - Calcutta)
221. Pathak, Shri Patit Paban (161 - Bally - Howrah)
222. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
223. Pramanik, Shri Abinash [188 - Balagarh (S.C.) - Hooghly]
224. Pramanik, Shri Radhika Ranjan [121- Magrahat (S.C.) -24 Parganas]
225. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (S.C.) - Cooch Behar]
226. Purkait, Shri Probodh [102 - Kultali (S.C.) - 24 Parganas]
227. Rai, Shri Deo Prakash (23 - Darjeeling - Darjeeling)
228. Raj, Shri Aswini Kumar (250 - Barjora - Bankura)
229. Ramzan Ali (29 - Goalpokhar - West Dinajpur)
230. Rana, Shri Santosh (230 - Gopiballavpur - Midnapore)
231. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)
232. Ray, Shri Birendra Naryan (57 - Nabagram - Murshidabad)
233. Ray, Shri Matish (137 - Baranagar - 24 Parganas)
234. Ray, Shri Naba Kumar [32 - Kaliaganj (S.C.) - West Dinajpur]
235. Roy, Shri Amalendra (67 - Barwan - Murshidabad)
236. Roy, Shri Banamali [15 - Dhupguri (S.C.) - Jalpaiguri]
237. Roy, Shri Dhirendra Nath [21 - Rajganj (S.C.) - Jalpaiguri]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

238. Roy, Shri Haradhan (261 - Raniganj - Burdwan)
239. Roy, Shri Hemanta Kumar (278 - Manteswar - Burdwan)
240. Roy, Shri Krishnadas (227 - Nrayangarh - Midnapore)
241. Roy, Shri Monoranjan (199 - Nandanpore - Midnapore)
242. Roy, Shri Nanu Ram [195 - Goghat (S.C.) - Hooghly]
243. Roy, Shri Pravas Chandra (111- Bishnupur West - 24 Parganas)
244. Roy, Shri Sada Kanta [1 - Mekliganj (S.C.) - Cooch Behar]
245. Roy, Shri Tarak Bandhu [17 - Mainaguri (S.C.) - Jalpaiguri]
246. Roy Barman, Shri Khitibhusan (116 - Budge Budge - 24 Parganas)
247. Roy, Chowdhury, Shri Nirode (87 - Habra - 24 Parganas)
248. Rudra, Shri Samar Kumar (157 - Vidyasagar - Calcutta)
249. Saha, Shri Jamini Bhusan (132 - Noapara - 24 Parganas)
250. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (S.C.) - Hooghly]
251. Saha, Shri Lakshi Nrayan [266 - Kanksa (S.C.) - Burdwan]
252. Sajjad Hussain, Shri Haji (30 - Karandighi - West Dinajpur)
253. Samanta, Shri Gouranga (216 - Sabong - Midnapore)
254. Santra, Shri Sunil [274 - Jamalpur (S.C.) - Burdwan]
255. Sanyal, Shri Samarendra Nath (69 - Karimpur - Nadia)
256. Sar, Shri Nikhilananda (281 - Mongalkot - Burdwan)
257. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - 24 Parganas)
258. Sarkar, Shri Kamal (134 - Khardah - 24 Parganas)
259. Sarkar, Shri Sailen (46 - Enlglishbazar - Malda)
260. Sarkar, Shri Ahindra (35 - Gangarampur - West Dinajpur)
261. Sarker, Shri Dhirendranath [33- Kushmandi (S.C.) - West Dinajpur]
262. Satpathy, Shri Ramchandra (231 - Jhargram - Midnapore)
263. Sen, Shri Bholanath (268 - Bhatar - Burdwan)
264. Sen, Shri Deb Ranjan (269 - Galsi - Burdwan)
265. Sen, Shri Dhirendranath (289 - Mahammad Bazar - Birbhum)
266. Sen, Shri Lakshmi Charan (160 - Belgachia West - Calcutta)
267. Sen, Shri Sachin (152 - Ballygunge - Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

268. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
269. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
270. Shaikh Imajuddin, Shri (62 - Hariharpara - Murshidabad)
271. Shamsuddin Ahamed, Shri (49 - Kaliachak - Malda)
272. Shastri, Shri Vishnu Kant (143 - Jorasanko - Calcutta)
273. Sing, Shri Buddhabed [229 - Nayagram (S.T.) - Midnapore]
274. Singh, Shri Chhedila (114 - Garden Reach - 24 Parganas)
275. Singh, Shri Khudi Ram [226 - Keshiary (S.T.) - Midnapore]
276. Singha Roy, Shri Jogendra Nath [13 - Falakata (S.T.) - Jalpaigui]
277. Sinha, Shri Atish Chandra (65 - Kandi - Murshidabad)
278. Sinha, Dr. Haramohan (280 - Katwa - Burdwan)
279. Sinha, Khagendra Nath [31 - Raiganj (S.C.) - West Dinajpur]
280. Sinha, Shri Probodh Chandra (213 - Egra - Midnapore)
281. Sinha Ray, Shri Guru Prasad (276 - Kalna - Burdwan)
282. Sk. Siraj Ali, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
283. Soren, Shri Suchand [246 - Ranibandh (S.T.) - Bankura]
284. Subba, Shrimati Renu Leena (22 - Kalimpong - Darjeeling)
285. Sur, Shri Prasant Kumar (150 - Tollygunge - Calcutta)
286. Tah, Shri Dwarka Nath (270 - Burdwan North - Burdwan)
287. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
288. Tirkey, Shri Monohar [11 - Kalchini (S.C.) - Jalpaiguri]
289. Tudu, Shri Bikram [253 -Balarampur (S.T.) - Purulia]
290. Uraon, Shri Punai [16 - Nagrakata (S.T.) - Jalpaiguri]
291. Vacant (37 - Kumarganj - West Dinajpur)
292. Vacant (41 - Kharba - Malda)
293. Vacant (48 - Sujapur - Malda)
294. Vacant (138 - Dum Dum - 24 Parganas)
295. Vacant (223 - Midnapore - Midnapore)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 13th September, 1977 at 12.00 Noon.

### PRESENT

Mr. Speaker (Shri Syed Abul Mansur Habibullah) in the Chair, 18 Ministers, 5 Ministers of State and 214 Members.

### Held over starred Questions to which oral Answers were given

[12-00 — 12-10 p.m.]

**গ্রামীণ উন্নয়নকল্পে বিশ্বব্যাঙ্কের ঋণ**

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের গ্রামীণ উন্নয়নের জন্য বিশ্বব্যাঙ্ক হইতে ঋণ মঞ্জুর করা হইয়াছে ;

(খ) সত্য হইলে,—

(১) ১৯৭৭ সালের জুলাই মাস পর্যন্ত মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত,

(২) এই মঞ্জুরীকৃত অর্থ কিভাবে ব্যয় করা হইয়াছে, ও

(৩) এই ঋণের উপর কোনও সুদ ধার্য করা হইয়াছে কি এবং ধার্য হইলে সেই সুদের হার কত, এবং

(গ) এই উন্নয়নের পরিকল্পনা ও কার্যসূচি রূপায়ণ পশ্চিমবঙ্গ সরকারের পূর্ণ নিয়ন্ত্রণাধীনে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ। বিশ্বব্যাঙ্ক ঋণ প্রকল্প মাধ্যমে পশ্চিমবঙ্গের ছয়টি জেলায় কৃষি উন্নয়ন পরিকল্পনা বাবদ আনুমানিক ৫৩.৬০ কোটি টাকার প্রকল্পর মধ্যে বিশ্বব্যাঙ্ক ২৭.২০ কোটি টাকা ঋণ মঞ্জুর করিয়াছেন।

(খ)

(১) ৯৫৫.৩৫ লক্ষ টাকা ;

(২) প্রকল্পভুক্ত জেলাসমূহে অগভীর ও গভীর নলকূপ বসাতে ও কৃষি কারিগরি কেন্দ্র (Agri. Service Centre) স্থাপন, বাজার উন্নয়ন। কৃষিকরণ এবং রাজ্য জল পর্যদের সম্প্রসারণ এবং যন্ত্রপাতি কেনার জন্য ব্যয় করা হইয়াছে।

(৩) ঋণদানকারী ব্যাঙ্ক হইতে ঋণগ্রহীতা ক্ষুদ্র সেচের জন্য ১০½% এবং অন্যান্য খাত বাবদ ১১% সুদ দিয়া যাবেন।

(গ) হ্যাঁ। পশ্চিমবঙ্গ সরকারের কৃষি ও সমষ্টি উন্নয়ন (কৃষি) বিভাগের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হয়।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ধরনের ঋণ কোন সাল থেকে আসছে?

**শ্রী কমলকান্তি গুহ :** এই পরিকল্পনার চুক্তির তারিখ ২৮এ এপ্রিল ১৯৭৫ সাল। এই পরিকল্পনার শেষ হবার আনুমানিক সময় ১৯৭৯ সাল।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি :** এই সুদের হার ধার্য করা হয়েছে ১০।। পারসেন্ট এবং ১১ পার্সেন্ট, এটা সাধারণ চাষীর পক্ষে বেয়ার করা সম্ভব কি?

**শ্রী কমলকান্তি গুহ :** কৃষকরা এই সুদের বিরুদ্ধে আমাদের কাছে নানা রকম অভিযোগ করছেন।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ৬টি জেলায় এই ধরনের কৃষি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে বিশ্বব্যাঙ্কের ঋণ নিয়ে, এই ৬টি জেলা কি কি এবং কি বেসিসে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ :** বিশ্বব্যাঙ্কের কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ সরকার এবং ভারত সরকারের কৃষি বিশেষজ্ঞ ও অন্যান্য উচ্চ ক্ষমতাসম্পন্ন কর্মচারিবৃন্দের আলোচনার মাধ্যমে এই সমস্ত জেলার উৎপাদন ক্ষমতা, ভৌগলিক অবস্থান, জলবায়ু, অধিক ফসল উৎপাদনের উপযোগী বিবেচনা করে প্রাথমিক পর্যায়ে ৬টি জেলা যথা হুগলি, বর্ধমান, নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ এবং পশ্চিম দিনাজপুরকে এই প্রকল্পের আওতায় আনয়ন করেন।

**রেশনে খাদ্যবস্তু ইত্যাদি সরবরাহ**

***৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১।) শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের আংশিক এবং ফ্রিঞ্জ রেশনিং এলাকায় রেশনের পরিমাণ বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি ;

(খ) বিধিবদ্ধ এবং আংশিক ও ফ্রিঞ্জ রেশন এলাকায় সিদ্ধ ভাল চাল সরবরাহের ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন ; এবং

(গ) অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সরকারি ব্যবস্থার মাধ্যমে বন্টন করার বিষয় সরকার বিবেচনা করছেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গে চালের একটি বড় ঘাটতি বরাবরই রহিয়াছে। সেইজন্য এই রাজ্যকে কেন্দ্রীয় ভান্ডার হইতে বরাদ্দের উপর নির্ভর করিয়া সরকারি বন্টন ব্যবস্থা চালু রাখিতে হয়। কেন্দ্রীয় ভান্ডার হইতে যে চাল পাওয়া যায় তাহার অধিকাংশই আতপ চাল। যেহেতু প্রতি মাসে কেন্দ্রীয় ভান্ডার হইতে বরাদ্দ করা চাল সেই মাসেই তুলিতে হয়, অন্যথায় সেই চাল আর নেওয়া যায় না, সেইজন্য প্রথমেই এই চাল বিধিবদ্ধ, আংশিক ও ফ্রিঞ্জ রেশনিং এলাকায় বরাদ্দ করিয়া এই কেন্দ্রীয় বরাদ্দের পুরোপুরি ব্যবহারের চেষ্টা করা হয়। কেন্দ্রীয় বরাদ্দের চাল দেওয়ার পর বাংলার সিদ্ধ চাল দিয়া রেশনিং-এর বাকি চাহিদা পূরণ করা হয়।

এই রাজ্যের জনগণ সিদ্ধ চাল বেশি পছন্দ করেন বলিয়া রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে কেন্দ্রীয় ভান্ডার হইতে যে চাল দেওয়া হয় তাহা আতপে না দিয়া যথা সম্ভব সিদ্ধ ভাল চালে দেওয়ার জন্য অনুরোধ করিয়াছেন। কেন্দ্রীয় ভান্ডারের চালের জন্য নির্দিষ্ট গুনগত মান কঠোরভাবে পালন করা এবং ঐ মানের আরও উন্নতি সাধনের জন্য রাজ্য সরকার কেন্দ্রকে অনুরোধ জানাইয়াছেন।

(গ) কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য যে লেভি চিনি বরাদ্দ করেন, তাহা বরাবরই সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করা হয়। বর্তমানে বিধিবদ্ধ রেশনিং এলাকায় মাথা পিছু ১০০ গ্রাম হারে পরিশোধিত রেপসিড তেল কিলো প্রতি ৭ টাকা ৫০ পয়সা দরে নেওয়া হইতেছে। এই ব্যবস্থা আংশিক ও ফ্রিঞ্জ রেশনিং এলাকায়ও সম্প্রসারণের কথা সরকার বিবেচনা করিতেছেন।

অন্যান্য কয়েকটি নিত্য প্রয়োজনীয় দ্রব্যও সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করার কথা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, সম্প্রতি কোনও কোনও রেশন দোকান থেকে এই রকম অভিযোগ পেয়েছেন কিনা যে সেখানে অখাদ্য চাল সরবরাহ করা হচ্ছে?

**শ্রী সুধীন কুমার ঃ** সম্প্রতি নয়, অনেক কাল ধরেই এই রকম অভিযোগ আমার কাছে আছে।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** রেশনে এই পচা চাল দেওয়া বন্ধ করে ভাল চাল দেওয়ার ব্যবস্থা করেছেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের ভিক্ষার চাল নিতে হয়, যা পাই তা থেকে নিতে হয়,

তবে অখাদ্য চাল যাতে আমাদের নিতে না হয়, তার জন্য কেন্দ্রকে বলাতে, তাদের সঙ্গে চুক্তি হয়েছে যে, যে চাল অখাদ্য বলে বিবেচিত হবে, সেই চাল গ্রহণ করতে আমরা বাধ্য থাকব না। দ্বিতীয়ত, যে সমস্ত গুদামের চাল খারাপ বলে অনুমিত হবে, সেগুলি ঝাড়াই বাছাই হচ্ছে কিনা দেখতে হবে, তৃতীয়ত, আমরা দেখছি সেই চালকে আবার মিলে পাঠিয়ে রিমিলিং করার পর যেন বিতরণ করা হয়। এই ব্যবস্থা করা হয়েছে। তবে ব্যবস্থা করা এবং পুরোপুরি কাজে পরিণত হওয়ার মধ্যে যে পার্থক্য আছে, সে সম্পর্কে আমরা অবহিত আছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি খবর পেয়েছেন যে, যে সমস্ত সর্ষের তেল রেশন দোকান মাধ্যমে বিলি করা হচ্ছে, তাতে অনেক ভেজাল আছে?

**শ্রী সুধীন কুমার ঃ** সর্ষের তেল রেশন দোকান মাধ্যমে বিলি করা হয় না।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, রেশন এলাকা এবং রেশন এলাকায় দোকানের সংখ্যা বাড়াবেন কিনা? নিউ ব্যারাকপুরকে দীর্ঘ কাল ধরে রেশনিং এলাকার অন্তর্ভুক্ত করার দাবি করা হচ্ছে, তিনি কি এটা বিবেচনা করবেন?

**শ্রী সুধীন কুমার ঃ** এই নিয়ে বিবেচনা করা হয়েছে এবং আজ সকালেও এই নিয়ে আলোচনা হয়েছে যে চালের অবস্থা বুঝে—যদি সঙ্গতি ভাল হয় তাহলে এটা বাড়িয়ে দেব।

### Fleet strength of C.S.T.C. and C.T.C.

***50**. (Admitted question No. *647.) **Shri Suniti Chattaraj, Shri Rajani Kanta Doloi** and **Shri Satya Ranjan Bapuli** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) if it is a fact that the Government has finalised a scheme for putting 2,000 additional buses and 400 new tram cars on the roads to tide over the transport problem of Calcutta;

(b) if so, when these 2,000 new buses and 400 new tram cars will be put on road;

(c) what is the present fleet strength of C.S.T.C. and C.T.C.;

(d) the number of new buses and new tram cars added to the fleet during the period from May to August, 1977 ; and

(e) the number of buses and tram cars withdrawn from the roads during the period from May to August, 1977 ?

**Shri Mohammed Amin :**

(a) Government has not yet finalised any such scheme.

(b) Does not arise.

(c) Present fleet strength of Tram Cars is 438 and that of Calcutta State Transport Corporation is 1,222 including 248 fully depreciated vehicles due for replacement.

(d) Nil.

(e) Nil.

**শ্রী রজনীকান্ত দলুই :** এই কলকাতা শহরে আমরা দেখতে পাচ্ছি প্রতিদিন যারা কলকারখানা বা অফিসে আসে তাদের রাস্তায় এক ঘন্টা অপেক্ষা করে থাকতে হয় ট্রাম বাসের জন্য। এই পরিস্থিতিতে গভর্নমেন্ট কোনও স্কীমের কথা চিন্তা করছেন কিনা যাতে বাস ট্রাম বাড়ানো যায়?

**Mr. Deputy Speaker :** This is a request for action.

**শ্রী রজনীকান্ত দলুই :** এই পরিস্থিতি চিন্তা করে মন্ত্রী মহাশয় ট্রাম বাসের সংখ্যা বাড়াবেন কি?

**শ্রী মহম্মদ আমিন :** কলকাতার পরিবহন সমস্যা নিয়ে সরকার গুরুত্ব সহকারে বিবেচনা করছেন। আপনার এখানে যে প্রশ্ন ছিল তার উত্তরে বলেছি যে এখনও কোনও স্কীম ফাইনালাইজড হয়নি। তবে, ইন দি মিন টাইম কিছু ব্যবস্থা করা হয়েছে এবং এই নূতন গভর্নমেন্ট আসার পর এই পরিবহন সমস্যার কিছু উন্নতি হয়েছে কিন্তু আরও উন্নতি করার প্রয়োজন আছে।

**শ্রী রজনীকান্ত দলুই :** পূর্ববর্তী সরকার ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে একটা স্কীম পাঠিয়েছিল যাতে এখানে ট্রাম বাসের সংখ্যা বাড়ানো যায়। এই ব্যাপারে আপনি কি কোনও আলোকপাত করতে পারবেন?

**শ্রী মহম্মদ আমিন :** প্রিভিয়াস গভর্নমেন্ট কোনও স্কীম পাঠিয়েছিল বলে আমার জানা নেই।

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, এখন কিছু উন্নতি হয়েছে। কি তথ্যের উপর ভিত্তি করে আপনি বলছেন যে উন্নতি হয়েছে?

**শ্রী মহম্মদ আমিন :** আপনি নোটিশ দিলে বলে দিতে পারব।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, পরিবহন সমস্যার সমাধান করার জন্য স্টেট গভর্নমেন্ট এখনও যখন এর সংখ্যা বাড়াতে পারছেন না, তখন প্রাইভেট বাসের পারমিট দিয়ে তার সংখ্যা বাড়াবার কথা চিন্তা করবেন কি?

**Mr. Deputy Speaker :** It is completely a different question. Let me slip over to the other question.

### "Satta"

***91.** (Admitted question No. *111.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the present Government is aware of the re-emergence of "Satta" or "Matka", a popular form of gambling based on numbers ; and

(b) if the answer (a) be in the affirmative, what action has been taken to curb its menacing growth ?

**Shri Jyoti Basu :**

(a) It is not a fact that there is re-emergence of "Satta" or "Matka" in West Bengal. It was already there.

(b) Police is taking all necessary steps to curb this problem by regular raids for arrest of offenders and seizure of inolved money.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমার এই প্রশ্ন কোনও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত নয়। এই সাট্টা এবং মাটকা এটা বম্বে থেকে এখানে আমদানি হয়েছে এবং এটা অরিজিনেট করে রতন ছেত্রী। সে যখন অ্যারেস্ট হয় তারপর এটা বন্ধ হয়ে গিয়েছিল, বিশেষ করে ইমার্জেন্সির সময় আমরা লক্ষ্য করেছি, এই জিনিসটা একেবারে বন্ধ হয়ে গিয়েছিল।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি প্রশ্নটা করুন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আমার প্রশ্নটা হচ্ছে যে, আমরা দেখছি যে ৩/৪ মাস হল এটা আবার চালু হয়েছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় সঠিক তথ্য জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সঠিক তথ্যই জানিয়েছি। কংগ্রেস আমলে এই ৫-৭ বৎসরে বম্বে থেকে এই সাট্টা ও মাটকা পশ্চিমবঙ্গে এসেছিল কিনা বা রতন ছেত্রী অ্যারেস্ট হওয়ার পর এবং জরুরি অবস্থা চালু হওয়ার পর এটা বন্ধ হয়ে গিয়েছিল আবার শুরু হয়েছে এসব আমার জানা নেই। আমার যা জানা আছে তাই উত্তর দিলাম।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** আপনি বললেন যে রেগুলার রেড করা হচ্ছে এবং অফেন্ডারদের অ্যারেস্ট করা হচ্ছে। এখানে বড় কথা হচ্ছে যে রতন ছেত্রীর মতো এখানে কতজনকে অ্যারেস্ট করা হয়েছে জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** সমস্ত সংখ্যা জানতে হলে নোটিশ দিতে হবে, এইভাবে তো বলা যায় না।

## Stadium at Darjeeling and Siliguri

***93**. (Admitted question No. *113.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of Education (Sports) Department be pleased to state—

(a) if there is any proposal for construction of a stadium at Darjeeling and Siliguri ; and

(b) if so, what is the present position thereof ?

**Shri Jyoti Basu :**

(a) Yes.

(b) (i) The plan and estimate for construction of the stadium at Darjeeling are under examination of Government.

(ii) Government have so far sanctioned grants to the tune of Rs. 2.00 lakhs for the construction of a stadium at Tilak Maidan at Siliguri. Construction of the stadium at Tilak Maidan is expected to start as soon as the question of transfer of land can be finalised with the Defence authorities.

**শ্রী রজনীকান্ত দলুই :** একটা স্টেডিয়াম দার্জিলিংয়ে হবার কথা আছে। কিন্তু মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবঙ্গে কতগুলি স্টেডিয়াম আছে এবং কোন্ কোন্ জেলায় হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** এই প্রশ্ন করলে জবাব দিয়ে দেব।

## বিদ্যুৎ ঘাটতি

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩২০।) **শ্রী অমলেন্দ্র রায় :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দীর্ঘকাল যাবৎ সারা রাজ্যে যে বিদ্যুৎ ঘাটতি চলিতেছে তাহা দূর করিয়া বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক করিতে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) ঐ সকল ব্যবস্থা কার্যকর করিতে কতটা সময় লাগিবে?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) বর্তমানে রাজ্যে মোট বিদ্যুতের প্রয়োজন উৎপাদন অপেক্ষা অনেক বেশি। মোট প্রাপ্ত বিদ্যুৎ এবং মোট প্রয়োজনের মধ্যে সমতা রক্ষণ করার জন্য কয়েকটা

বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। এইভাবে বিদ্যুতের হ্রাসপ্রাপ্ত চাহিদাপ্রাপ্ত বিদ্যুতের সাহায্য কোনও প্রকারে মেটানো হয়। যান্ত্রিক গোলযোগের দরুণ কোনও উৎপাদন কেন্দ্রে সহসা বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হলে বিদ্যুৎ ঘাটতি মেটাবার জন্য যথাযথ ব্যবস্থা না থাকায় বিদ্যুৎ সরবরাহ সংস্থাগুলি লোডশেডিং করতে বাধ্য হয়।

এই অবস্থা মোকাবিলা করার জন্য নিম্নলিখিত কর্মসূচি হাতে নেওয়া হয়েছে ঃ

(১) বিদ্যুৎ ব্যবহারের উপর নিয়ন্ত্রণ আদেশ কঠোরভাবে বলবৎ করা।

(২) উপযুক্ত রক্ষণাবেক্ষণের ব্যবস্থার অভাব দেখা দিয়েছে তা পর্যালোচনা করে, অফিসার ইঞ্জিনিয়ার এবং কর্মীদের সহযোগিতা নিয়ে তা দূর করবার জন্য সচেষ্ট হওয়া যাতে উৎপাদন ক্ষমতা অনুযায়ী সম্ভাব্য সর্বোচ্চ উৎপাদনের ব্যবস্থা করা যায়।

(৩) রাজ্যের চলতি বিদ্যুৎ প্রকল্পগুলি ত্বরান্বিত করা।

(৪) ফরাক্কায় কেন্দ্রীয় উদ্যোগে বৃহৎ ক্ষমতাযুক্ত তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এবং কলকাতা বিদ্যুৎ সরবরাহ সংস্থার প্রস্তাবিত টিটাগড় বিদ্যুৎ প্রকল্পের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভের প্রচেষ্টা।

(খ) উপরে বর্ণিত স্বল্পমেয়াদী ব্যবস্থাগুলি কার্যকর করার জন্য প্রচেষ্টা করা হচ্ছে। চলতি বিদ্যুৎ প্রকল্পগুলি সময়সূচি অনুসারে চালু করবার জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্যদকে সর্বপ্রকার প্রচেষ্টা চালাতে নির্দেশ দেওয়া হয়েছে। তবে এই সমস্ত কেন্দ্রগুলি চালু হলেই রাজ্যের বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক হইবে না। কারণ বিদ্যুৎ সরবরাহ ও চাহিদার মধ্যে ফারাক থেকে যাবেই, তবে ফরাক্কা ও টিটাগড়ে বিদ্যুৎ কেন্দ্রগুলির কাজ চালু হলে কলকাতার পরিস্থিতি অনেকটা স্বাভাবিক হবে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী অমলেন্দু রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, এর আগে তিনি যে বিস্তৃত বিবৃতি দিয়েছিলেন তাতে পাওয়ার স্টেশন এক্সটেন্ড করা সম্পর্কে যে প্রোগ্রাম দেওয়া হয়েছে সেটা হচ্ছে ১৯৭৭ থেকে ১৯৮০ সালের মধ্যে সাঁওতালদি, ব্যান্ডেল, কোলাঘাট, দুর্গাপুর এই ৪টি কমিশন করা হচ্ছে। কিন্তু ফরাক্কা সুপার পাওয়ার থার্মাল প্ল্যান্ট সম্পর্কে এরকম কোনও টার্গেটেড প্রোগ্রাম হয়েছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** ফরাক্কায় যে ১ হাজার কিলোওয়াট বিদ্যুৎ তৈরি হবে সেটা কেন্দ্রীয় সরকার করবে বলে আমরা জানতাম এবং তাই নিয়ে ইতিমধ্যে দিল্লিতে আলোচনা হয়েছিল শ্রী রামচন্দ্র মন্ত্রীর সঙ্গে, তারা আমাদের সুপষ্টভাবে বলেছিলেন ভারতবর্ষে এরকম ৪টি সুপার থার্মাল প্ল্যান্ট হবে, তার মধ্যে ফরাক্কা আছে। যদিও আমাদের ধারণা হয়েছিল ফরাক্কাকে

বোধহয় বাদ দেওয়া হয়েছে। আমি আবার কেন্দ্রীয় মন্ত্রীকে চিঠি লিখেছি, এটার বিষয়ে আমাদের পুঙ্খানুপুঙ্খভাবে জানাতে। সেই চিঠির উত্তর এখনও পাইনি কারণ ইতিমধ্যে দুর্ভাগ্যবশত আমাদের কাছে একটা খবর এসেছে যে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে যেসব টাকা পয়সার কথা আছে এইসব প্রকল্প কার্যকর করার জন্য, তার মধ্যে ফরাক্কা থার্মাল প্ল্যান্টের কথা নেই, অন্য দু-তিনটি আছে, সেইজন্য আশ্চর্য হয়ে গেছি এবং ব্যাপারটা বুঝতে পারছি না। সেইজন্য ওখানে চিঠি লিখছি এবং আশা করছি সুস্পষ্ট জবাব পাব, সেটা না পেলে কখন কি হবে, না হবে, বলা অসম্ভব।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এটা নিশ্চয় জানেন ১৯৬৬ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে অর্থাৎ এই ১১ বছরের মধ্যে ১০ হাজার মৌজা ইলেকট্রিফিকেশন হয়েছে, বছরে ১ হাজার করে ইলেকট্রিফিকেশন হয়েছে, এখনও বাকি আছে ২০ হাজার মৌজা। এই ২০ হাজার মৌজাতে ইলেকট্রিফিকেশন হওয়ার জন্য কোনও টার্গেটেড প্রোগ্রাম থাকছে কি?

**Mr. Deputy Speaker :** This is a separate issue. This is not supplementary at all.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার গতকাল টোটাল কত মেগাওয়াট বিলি হয়েছে এবং তার মধ্যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কত মেগাওয়াট দিয়েছে এবং ক্যালকাটা ইলেকট্রিসিটি সাপ্লাই কত মেগাওয়াট দিয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ না দিলে কি করে বলব?

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, গতকাল কত মেগাওয়াট বিদ্যুতের ঘাটতি ছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে জানিয়ে দেব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন বিদ্যুৎ ঘাটতি পূরণের জন্য তিনি কিছু কিছু ব্যবস্থা নিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি কোন তারিখ থেকে এই ব্যবস্থাগুলো নেওয়া হয়েছে সেটা বলবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** কোন তারিখ থেকে তা বলতে পারি না, তবে আমরা সরকারে আসার পর প্রাক্তন সরকার যে সব করেছিলেন সেইসব পর্যালোচনা করে আমরা কতগুলি টার্গেট ঠিক করেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** কলকাতায় বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার জন্য সাঁওতালদি থেকে যেটা উত্তরবঙ্গে দেওয়া হত সেটি কেটে দেবার জন্য কি কোনও আদেশ দেওয়া হয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** এরকম আমার কিছু জানা নেই।

**Alleged collusion of Policemen with criminals**

*95. (Admitted question No. *221.) **Shri Rajani Kanta Doloi, Shri Suniti Chattoraj** and **Shri Satya Ranjan Bapuli** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware that the West Bengal Police Association has challenged the allegations that the present spurt in crimes in the State is a result of collusion of some policemen with criminals and rowdies ; and

(b) if so, whether the Government is aware of their views?

**Shri Jyoti Basu :**

(a) No such allegations have been received by the State Government and there has not been any challenge by the Police Association.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই** : গত ৩০/৭/৭৭ তারিখে কাগজে যে বেরিয়েছে পুলিশের একাংশের যোগসাজসে বিভিন্ন ছিনতাই খুন ডাকাতি হচ্ছে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির রাজ্য কমিটির সম্পাদক প্রমোদ দাশগুপ্ত যে স্টেটমেন্ট করেছেন।

**Mr. Deputy Speaker** : It is not supplementary. It is question hour. No such statement can be made.

**শ্রী রজনীকান্ত দলুই** : স্যার, কাগজে এই জিনিস বেরিয়েছে।

**Mr. Deputy Speaker** : No such discussion is allowed.

**শ্রী রজনীকান্ত দলুই** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি প্রমোদ দাশগুপ্ত যে স্টেটমেন্ট করেছেন সেটা সত্য নয়?

**শ্রী জ্যোতি বসু** : আমাদের সরকারের কাছে এই রকম কোনও অভিযোগ আসেনি।

**শ্রী রজনীকান্ত দলুই** : আমরা দেখতে পাচ্ছি যে, স্টেটসম্যান কাগজে ৬ই আগস্ট বলা হয়েছে পুলিশ অ্যাশোসিয়েশন তার কাছে এসেছিল স্পেসিফিক চার্জ তাদের বিরুদ্ধে যে নিয়ে আসা হয়েছে তাদের বিরুদ্ধে যে বলা হয়েছে পুলিশের যোগসাজসে খুন রাহাজানি ছিনতাই ডাকাতি এই সব হচ্ছে এই রকম কি মিটিং তার সঙ্গে হয়েছে এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু** : পুলিশ অ্যাশোসিয়েশনের প্রতিনিধিরা আমার সঙ্গে দেখা করেছে। এই রকম নির্দিষ্ট কোনও রকম কথা তারা আমার কাছে বলেনি। তবে যিনি প্রশ্ন করছেন

তার সঙ্গে ওদের কোনও যোগাযোগ আছে কিনা তা আমার জানা নাই।

**শ্রী সুনীতি চট্টারাজ** : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে অ্যালিগেশন এ সম্বন্ধে সরকার ঠিক, না, সি. পি. এম. পার্টির বক্তব্য ঠিক?

**মিঃ ডেপুটি স্পিকার** : সি. পি. এম. পার্টির কোনও প্রশ্ন এখানে ওঠে না।

**শ্রী জ্যোতি বসু** : সি. পি. এম. পার্টির সঙ্গে আপনাদের পার্টির বাইরে বোঝাপড়া হবে। এখানে সেটা আলোচনার বস্তু নয়।

**Casual Labourers in the West Bengal State Electricity Board**

***96**. (Admitted question No. *373.) **Shri Dhirendra Nath Sarkar and Shri Satya Ranjan Bapuli** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the total number of casual labourers employed by the West Bengal State Electricity Board as on 31st July, 1977 ; and

(b) what action the Government has taken or is contemplating to take in the near future to make them permanent ?

**Shri Jyoti Basu** :

(a) There is no casual labour standing in the roll of West Bengal State Electricity Board as on 31st July, 1977.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই** : এই যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের যে সব ক্যাজুয়েল লেবাররা রয়েছে তাদের রেগুলারাইজ করবার কোনও কথা আপনারা ভাবছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু** : এটা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ব্যাপার, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের ব্যাপার নয়।

**Mr. Deputy Speaker** : Starred question no. *97 & starred question No. *98 may be taken together.

**Political murders**

***97**. (Admitted question No. *376) **Shri Dhirendra Nath Sarkar, Shri Naba Kumar Roy And Shri Krishnadas Roy** : Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether the State Government considers the desirability of instituting inquiries

into the cases of political murders in West Bengal committed between the years 1967 and 1969?

**Shri Jyoti Basu :** The State Government have not taken any such decision.

### Political murders in West Bengal

***98.** (Admitted question No. *380.) **Shri Naba Kumar Roy and Shri Krishnadas Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the present Government has taken any steps to prevent political murders and/or inter-party clashes in West Bengal ; and

(b) if so, the salient features of the said measures ?

**Shri Jyoti Basu :**

(a) Yes ;

(b) State Police are vigilant and alert and have been taking effective steps to curb all criminal activities including political murders/inter-party clashes, if any.

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ইহা কি সত্য যে যেহেতু ১৯৬৭ এবং ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার এই রাজ্য পরিচালনা করেছিলেন সেই জন্য ঐ সব বৎসরের ব্যাপার সম্বন্ধে তদন্ত করবার কোনও ইচ্ছা আপনাদের নাই?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের সরকার চলে যাবার পর কংগ্রেস সরকার এখানে এসেছিলেন এবং ঐ সব ঘটনা যদি হয়ে থাকে তাহলে কংগ্রেস সরকার নিশ্চয় তদন্ত করতেন, কিন্তু তা করেননি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এখন কোনও পলিটিক্যাল মার্ডার হচ্ছে কিনা—এখন কি বন্ধ হয়ে গিয়েছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে কটা হয়েছে বলতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন যে ১৯৭৯ সালে সি. পি. এম. কত মার্ডার হয়েছে সেটা তদন্ত করবেন কি?

**শ্রী জ্যোতি বসু ঃ** তদন্তের বিষয় ইতিমধ্যে কাগজে বেরিয়েছে। কোন সাল থেকে তদন্ত হবে সেটা বলা হয়েছে। তারপর আমরা আর কিছু করিনি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কটা মার্ডার হয়েছে তা নোটিশ দিলে বলতে পারবেন। তাহলে বোঝা যাচ্ছে যে পলিটিক্যাল মার্ডার হচ্ছে। তাহলে মন্ত্রী মহাশয় বলবেন কি এগুলি বন্ধ করবার জন্য আপনি কোনও ব্যবস্থা নেবেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** এই সব প্রশ্ন এইভাবে করে না, জানতে হয় এবং সেইভাবে নোটিশ দিতে হয়।

### পশ্চিমবাংলায় নিযুক্ত কমিশনের সংখ্যা

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫৩।) **শ্রী অনিল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (রাজনীতিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৭২ সালের মার্চ মাস হইতে ১৯৭৭ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিম বাংলায় মোট কতগুলি কমিশন নিযুক্ত করা হইয়াছিল ; এবং

(খ) এর মধ্যে কতগুলি দুর্নীতির অভিযোগ এবং কতগুলি হত্যাকান্ডের অভিযোগ তদন্তের জন্য প্রেরিত হইয়াছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) ১৩টি।

(খ) দুর্নীতির অভিযোগ ৩টি।

কেবলমাত্র হত্যাকান্ডের অভিযোগের তদন্তের জন্য কোনও কমিশন নিযুক্ত হয় নাই। তবে বিক্ষিপ্ত গোলযোগের ঘটনায় সরকারি কর্মচারী কর্তৃক আগ্নেয়াস্ত্র ব্যবহারের ফলে মৃত্যুর তদন্তের জন্য ৬টি কমিশন নিযুক্ত হইয়াছিল।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন চন্ডীপদ মিত্র এবং অখিলেসের মৃত্যুর কোনও তদন্ত কমিশন হয়েছিল কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে যে রিপোর্ট আছে তাতে সেরকম কিছু দেখছি না এই ১৩টির মধ্যে।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এখন যে কমিশন তৈরি হচ্ছে—ইতিপূর্বে মাননীয় সদস্য শ্রী চন্ডীপদ মিত্র, যিনি এই হাউসের সদস্য ছিলেন, তার হত্যাকান্ড সম্পর্কে এনকোয়ারি কমিশন হবে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমাদের যে কমিশন আছে সেখানে কংগ্রেসিরা যদি কংগ্রেসিদের হত্যা করে থাকেন, অন্য কেউ কাউকে হত্যা করে থাকেন, এই রকম কিছু যদি হয়ে থাকে ঐ সময়ের মধ্যে তাহলে সেগুলিও সব তদন্তের মধ্যে যেতে পারে।

**শ্রী সরল দেব :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানাবেন, দুর্নীতি সম্পর্কে যারা ভুষি কেলেঙ্কারির সঙ্গে জড়িত ছিলেন, তাদের মধ্যে অনেক কংগ্রেস বেঞ্চের এম. এল. এ. ও. ছিলেন, সে সম্পর্কে তদন্ত করে পশ্চিমবাংলার জনগণকে সঠিক তথ্য জানাবার কি ব্যবস্থা গ্রহণ করছেন, জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** দুর্নীতি সম্বন্ধে একটি কমিশন আমরা গঠন করেছি। কাজেই ঐ ভুষি কেলেঙ্কারি সহ অন্য যা যা আছে কংগ্রেস আমলের দুর্নীতি, সবই তার মধ্যে আসতে পারে।

## Seizure of Chappals

***101.** (Admitted question No. *392.) **Shri Satya Ranjan Bapuli, Shri Rajani Kanta Doloi and Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that the Central Excise Department in Calcutta had on July 19, 1977 forcibly seized 4,000 pairs of chappals worth Rs. 60,000 from small chappal manufacturing units ; and

(b) if so, what were the reasons?

**Shri Jyoti Basu :**

(a) Yes, on 19. 7. 77 and 20. 7. 77, 4,526 pairs of chappals worth Rs. 75,789.40 paise were seized by the Customs Authoritites.

(b) Those firms were exempted from paying excise duty prior to 9. 5. 77. By an order dated 9. 5. 77 issued by the Union Government this exemption order was withdrawn. As the firms did not agree to pay the duty, the shoes were seized by the Customs Authorities.

**শ্রী রজনীকান্ত দলুই :** আপনি কি জানেন আগে কোনও নোটিশ না দিয়ে এই সমস্ত চপ্পলগুলি সিজ করা হয়েছে, তার ফলে ৮ হাজার হরিজন তারা বেকার হয়ে পড়েছে, এই সম্পর্কে আপনি কিছু বক্তব্য রাখবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** আমার জানা নেই, খোঁজ নিতে পারি।

**শ্রী রজনীকান্ত দলুই :** যে সমস্ত হরিজন বেকার হয়ে পড়েছে তাদের পরিবারকে বাঁচিয়ে রাখার জন্য আপনি কি কোনও ব্যবস্থা গ্রহণ করবেন?

**শ্রী জ্যোতি বসু :** এই রকম যদি কিছু হয়ে থাকে, খবর নিয়ে জানতে পারি যে, কিছু অন্যায় হয়েছিল তাহলে নিশ্চয় তাদের প্রতি দৃষ্টি দিতে হবে।

## Representation of personnel from West Bengal in the Central Police Forces

***103**. (Admitted question No. *124.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state whether the present State Government has sent any recommendation to the Centre for increasing the representation of personnel from West Bengal in the Central Police Forces ?

**Shri Jyoti Basu :** No.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** সেন্ট্রাল রিজার্ভ ফোর্সে অন্যান্য স্টেটের রিপ্রেজেন্টেশন রয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গে নেই—পশ্চিমবঙ্গ থেকে এই রকম রিপ্রেজেন্টেশন যাতে থাকতে পারে সেই ব্যাপারে আপনি কি কোনও ব্যবস্থা গ্রহণ করবেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমরা করিনি এখনও—আপনি প্রশ্নটা তুললেন আমরা নিশ্চয় ভেবে দেখব।

## পুলিশ বিভাগে কর্মী নিয়োগ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২।) **শ্রী অশোককুমার বসু ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত পাঁচ বছরে পুলিশ বিভাগের অধীনে ১০৫ টাকা বেতনে (অন্যান্য সুযোগসুবিধা সহ) কিছু লোক নিযুক্ত করা হয়েছে ; এবং

(খ) সত্য হ'লে—

(১) কি কারণে এই সকল কর্মী নিযুক্ত করা হয়েছে, ও

(২) কি ধরনের যোগ্যতা এই সকল কর্মীর জন্য প্রয়োজন?

**শ্রী জ্যোতি বসু ঃ**

(ক) মাসিক ১০৫ টাকা বেতনে পুলিশ বিভাগে লোক নিয়োগ করা হয় না। তবে হোমগার্ড নিয়োগের প্রথা আছে। এই হোমগার্ডদের দৈনিক ভাতা বর্তমানে পাঁচ টাকা। আগে ছিল সাড়ে তিন টাকা। সাড়ে তিন টাকা হারে ত্রিশ দিনের হিসাবে ১০৫ টাকা যেত।

(খ) (১) পুলিশের কাজে সাহায্য করার জন্য এই হোমগার্ডদের ব্যবহার করা হয়। এদের কি ধরনের কাজে নিযুক্ত করা হবে তার কোনও ধরা বাঁধা নিয়ম নেই। যে কোনও জরুরি পরিস্থিতিতে এদের ব্যবহার করা যায়।

(২) হোমগার্ড কাজ করার জন্য কোনও নির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা নেই। সমাজের সব

স্তরের মানুষই এই কাজ করতে পারে। এদের পরিচালনার জন্য ১৯৬২ সালে "হোমগার্ড রুলস" আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ** ঃ এই হোমগার্ডদের দৈনিক বেতন ছিল ৩।। টাকা ১৯৬৯/৭০ সালে, তারপর সেটা বেড়ে হল ৫ টাকা ১৯৭৩/৭৪ সালে, আমার জিজ্ঞাসা, বর্তমান বামফ্রন্ট সরকার এই হোমগার্ডদের দৈনিক বেতন বৃদ্ধির জন্য কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি?

**শ্রী জ্যোতি বসু** ঃ না, কোনও সিদ্ধান্ত এখনও নেওয়া হয়নি।

**শ্রী রজনীকান্ত দলুই** ঃ ১৯৬২ সালের যে হোমগার্ড আইন সেটাই এখনও চলেছে, একথা মন্ত্রী মহাশয় বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, এই আইন পরিবর্তনের কোনও পরিকল্পনা আপনাদের আছে কি?

**শ্রী জ্যোতি বসু** ঃ এরকম কোনও পরিকল্পনা আপাতত নেই।

## Bifurcation of Darjeeling district

***104**. (Admitted question No. *247.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Home (Personnel and Administrative Reforms) Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has a proposal for the bifurcation of Darjeeling district and/or for constituting a separate district with the Nepalese-speaking areas ; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the areas proposed to be included in the said district ; and

(ii) when this district is likely to be created ?

**Shri Jyoti Basu :**

(a) No Sir, there is no such proposal under consideration of the State Government.

(b)

(i) & (ii) The Question does not arise.

## কাশীপুর-বরানগর এলাকায় গণহত্যা

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৫।) **শ্রী অশোককুমার বসু** ঃ স্বারাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাশীপুর-বরানগর গণহত্যার সাথে কেন্দ্রীয় গোয়েন্দা বিভাগ আর. এ. ডবলিউ কংগ্রেস দলের উচ্চতম নেতৃবৃন্দ ও রাজ্য পুলিশ কর্তৃপক্ষ জড়িত ছিলেন বলিয়া যে অভিযোগ আছে, সে সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা ; এবং

(খ) অবহিত থাকিলে, এ সম্পর্কে সরকার কোনও তদন্তের ব্যবস্থা করিয়াছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু :**

(ক) এ বিষয়ে নানা অভিযোগ সরকারের নিকট এসেছে। এই অভিযোগগুলি সম্পর্কে খোঁজ খবর নেওয়া হচ্ছে।

(খ) রাজনৈতিক হত্যাকান্ড সম্পর্কে একটি তদন্ত কমিশন গঠিত হয়েছে। কাশীপুর-বরানগর এলাকায় গণহত্যা সম্পর্কে সুনির্দিষ্ট অভিযোগ থাকলে তা উক্ত কমিশনের কাছে পেশ করা যেতে পারে।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে বরানগর এবং কাশীপুরে হত্যাকান্ড অনুষ্ঠিত করে ছিল তাতে কোন কোন কংগ্রেস নেতা জড়িত?

**শ্রী জ্যোতি বসু :** আমি এখনই নাম কিছু বলতে পারব না।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই যে সমস্ত হত্যাকান্ডের তদন্তে হচ্ছে তাতে শ্রদ্ধেয় হেমন্ত বসুর হত্যাকান্ডের তদন্ত হবে কিনা?

**শ্রী জ্যোতি বসু :** এই প্রশ্নটা আমরা আলাদা করে বিবেচনা করছি। ঐ কমিশন থেকে আলাদা করে বিবেচনা করছি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে বরানগর এবং কাশীপুরে গণহত্যা হয়েছিল তাতে কতজন হত বা আহত হয়েছিলেন?

**শ্রী জ্যোতি বসু :** এর হিসাব আমরা ঠিক বলতে পারব না। তখন সরকারি একটা হিসাব ছিল যেটা আমরা কেউই তখন বিশ্বাস করিনি এবং সরকার যা বলেছিলেন তার থেকে অনেক বেশি হত্যা হয়েছিল বলে আমরা শুনেছিলাম। কাজেই সেইসব বিষয় যখন তদন্ত কমিশনের কাছে যাবে তখন সেই যা তথ্য আমাদের কাছে থাকবে সেটা যদি যায় সেটা আমরা তখন বিবেচনা করে দিতে পারব।

**শ্রী সরল দেব :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, কাশীপুর, বরানগরের হত্যাকান্ডের সঙ্গে তৎকালীন খাদ্যমন্ত্রী শ্রী প্রফুল্লকান্তি ঘোষ মহাশয়ের সম্পর্ক ছিল কিনা?

**শ্রী জ্যোতি বসু :** সেটা আমার পক্ষে এখন বলা সম্ভব নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কাশীপুর, বরানগরের হত্যাকাণ্ডের পর এই কেন্দ্র থেকে কে নির্বাচিত হয়েছিলেন?

(নো রিপ্লাই)

## Ramman Hydel Project in Darjeeling

***106**. (Admitted question No. *248.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of Power Department be pleased to state—

(a) the total number of persons employed in the Ramman Hydel Project in Darjeeling as on 31st July, 1977 ;

(b) the number of local hill people employed in the Power Project as on 31st July, 1977 ;

(c) whether preference for employment has been given to persons or the dependents of persons whose land has been acquired by the Government for the Power Project ; and

(d) the number of such persons employed in the Project ?

**Shri Jyoti Basu :**

(a) Total number of persons employed is 59-38 in the Divisional Office at Rimbick and 21 in the Circle Office at Darjeeling.

(b) Total number of local hill People employed is 35-23 in the Divisional Office and 12 in the Circle Office.

(c) Preference will be given when the lands are acquired.

(d) Nil.

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই রাম্মান হাইডেল প্রোজেক্টে যে কর্মচারীরা কাজ করছেন, তাদের মাসিক বেতন কত?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই রাম্মান হাইডেল প্রোজেক্টে টোটাল কত মেগাওয়াট পাওয়ার উৎপাদন হবে?

**শ্রী জ্যোতি বসু ঃ** নোটিশ দিলে বলতে পারব।

## Starred Questions
## to which oral Answers were given

### পশ্চিমবঙ্গে বন্দির সংখ্যা ও মাথাপিছু বরাদ্দ

***১০৮**। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কারাগারসমূহে বর্তমানে বিচারাধীন ও দন্ডিত সহ মোট কতজন বন্দি আছেন ; এবং

(খ) এইসব বন্দিদের জন্য দৈনিক মাথাপিছু কত অর্থ বরাদ্দ করা হয়?

(১) ১৯৭৭

**শ্রী দেব্রবত বন্দ্যোপাধ্যায় ঃ**

(ক) ১৬ হাজার ৭ শত ২৪ জন।

(খ) আনুমানিক ৪ টাকা ৭০ পয়সা।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** জেলখানার বন্দিদের জন্য যে অর্থ দৈনিক বরাদ্দ করা আছে সেই অর্থ যথাযথভাবে ব্যয়িত হচ্ছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মোট ৪.৭০ পয়সা বরাদ্দ আছে। এরমধ্যে জেল কোড অনুযায়ী খাদ্যের জন্য বরাদ্দ হচ্ছে ২.৫০ পয়সা বেশি হলে। এ ছাড়া হসপিটাল চার্জ ক্লোদিং, ইউটেন্সিলস এবং মেন্টেনেন্স সব ধরে ৪.৭০ পয়সা। স্বভাবতই এটা অত্যন্ত কম। আপনি যে প্রশ্ন করেছেন যে, এই বরাদ্দ পাচ্ছে কিনা—সে সম্পর্কে বলছি, এ সম্পর্কে অনেক অভিযোগ আসছে, আমরা সেগুলি খতিয়ে দেখবার চেষ্টা করছি।

**শ্রী মলিন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জেল কোড পরিবর্তনের কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** জেল কোড পরিবর্তনের জন্য সুপারিশ—৮২ দফা সুপারিশ এসেছে। সেগুলি কার্যকর করার ব্যাপারটা বিবেচনাধীন রয়েছে। এ ছাড়া জেল কোড পরিবর্তনের কথা আমরা ভাবছি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বিচারাধীন এবং দন্ডিত বন্দিদের যে হিসাব দিলেন, তারমধ্যে নকশালপন্থী বন্দি কতজন আছেন জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এখন পর্যন্ত রাজনৈতিক বন্দি জেলে আছেন ৪৫৬ জন। এর মধ্যে নকশালপন্থী বন্দি কতজন আছেন তা জানতে হলে নোটিশ চাই।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** পুরানো যারা আছেন তাদের বাতিল করে জেল ভিজিটার নতুন করে নিয়োগ করার কথা চিন্তা করছেন কি? আর জেল ভিজিটার এখনও আছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমরা কিছু বদলাচ্ছি এবং আরও কিছু বদলাবার পরিকল্পনা আমাদের আছে।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** যে সমস্ত বন্দি এখনও পর্যন্ত মুক্তি পেয়েছেন তারমধ্যে কংগ্রেসের ছাপমারা যারা ছিলেন তাদের বিরুদ্ধে যেসব অভিযোগ ছিল সেই অভিযোগের মধ্যে সমাজবিরোধী কাজের ঘটনা ছিল কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সে রকম কিছু কিছু অভিযোগ এসেছে, সেগুলি আমাদের বিবেচনার মধ্যে রয়েছে।

## Price fixed by Agriculture Prices Commission

***109**. (Admitted question No. *351.) **Shri Krishna Das Roy :** Will the Minister-in-charge of the Agriculture and Community Department be pleased to state—

(a) the price fixed by Agriculture Price Commission for agricultural products in West Bengal in 1966, 1967, 1968, 1969 and 1970 ; and

(b) the price fixed by Agriculture Price Commission for agricultural products in other States during the periods mentioned above ?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) কৃষি মূল্য কমিশন ১৯৬৭-৬৮ সাল কেবল খরিফ ধান ও গমের রাজ্য ভিত্তিক নূন্যতম দর সুপারিশ করিত। পরবর্তী বৎসরগুলি খরিফ ধান বাদে অন্য কৃষি পণ্যের জন্য সমগ্র দেশের জন্য একই দর সুপারিশ করে। পশ্চিমবঙ্গে খরিফ, ধান, গম, জোয়ার, বাজরা, ভুট্টা, রাগি, ছোলা, আখ ও পাটের ১৯৬৫-৬৬ সাল হইতে ১৯৭০-৭১ সাল পর্যন্ত কমিশন কর্তৃক সুপারিশ করা নিম্নরূপ ছিল ঃ

(দর কুইঃ প্রতি টাকা)

| শস্য | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ | ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ |
|---|---|---|---|---|---|---|
| ১) খরিফ ধান | ৩৮.০০ | ৩৮.০০ | ৪৩.০০ | ৪৪.০০ | ৪৫.০০ | ৪৬.০০ |
| ২) গম লাল | ৪৫.৫০ | ৬২.৭৫ | ৫০.০০ | | সংগ্রহ করা যায় | |
| সাদা | ৪৯.৫০ | ৫৬.৭৫ | ৫৯.০৯ | | | |
| ৩) জোয়ার | ৩৮.০০ | ৩৮.০০ | ৪২.০০ | ৪৪.০০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| ৪) বজরা | ৪০.০০ | ৪০.০০ | ৪২.০০ | ৪৪.০০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| ৫) ভুট্টা | ৩৬.০০ | ৩৬.০০ | ৪২.০০ | ৪৪.০০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| ৬) রাগি | — | — | ৪২.০০ | ৪৪.০০ | ৪৪.০০ | ৪৫.০০ |
| ৭) ছোলা | ৪৫.০০ | ৪৩.০০ | ৪৬.০০ | | সংগ্রহ করা যায় | |
| ৮) আখ | ৫.৩৬ | ৫.৬৮ | ৭.৩৭ | ৭.৩৭ | ৭.৩৭ | ৭.৩৭ |
| ৯) পাট | ৮০.৩৮ | ৯৩.৭৭ | ৯৬.৪৫ | ১০৭.১৭ | ১০৭.১৭ | [illegible] |

(খ) অন্যান্য রাজ্যের জন্য খরিফ ধান ও গমের নূন্যতম দর সংযুক্ত তালিকায় দেওয়া হইল। অন্যান্য পণ্যের জন্য ও ১৯৬৮-৬৯ সন হইতে গমের জন্য একই দর সমস্ত রাজ্যের জন্য সুপারিশ করা হয় এবং (ক) প্রশ্নের উত্তরে ঐ দর দেখানো হয়েছে।

## Referred to *Question No. 109 (b)

**খরিফ ধানের (মোটা) নূন্যতম দর (কুইন্টাল প্রতি দর টাকায়)**

| রাজ্য | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ | ১৯৬৯-৭০ | ১৯৭০-৭১ |
|---|---|---|---|---|---|---|
| ১) অন্ধ্রপ্রদেশ | ৩৮.০০ | ৩৮.০০ | ৪৩.০০ | | | |
| ২) আসাম | ৩৪.৭৮ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ৩) বিহার | ৩৫.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ৪) কেরালা | ৪০.০০ | ৪০.০০ | ৪৪.০০ | | | |
| ৫) মধ্যপ্রদেশ | ৩৫.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ৬) গুজরাট | ৩৯.০০ | ৩৯.০০ | ৪৪.০০ | | | |
| ৭) মাদ্রাজ (তামিলনাডু) | ৩৮.৫০ | ৩৮.৫০ | ৪৩.০০ | | | |
| ৮) মহারাষ্ট্র | ৩৯.০০ | ৩৯.০০ | ৪৪.০০ | ৪৪.০০ | ৪৫.০০ | ৪৬.০০ |
| ৯) মহীশূর | ৩৬.৫০ | ৩৬.৫০ | ৪৩.০০ | | | |
| ১০) উড়িষ্যা | ৩৪.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ১১) পাঞ্জাব | ৩৫.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ১২) রাজস্থান | ৩৫.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ১৩) উত্তর প্রদেশ | ৩৫.০০ | ৩৫.০০ | ৪২.০০ | | | |
| ১৪) হরিয়ানা | — | — | ৪২.০০ | | | |
| ১৫) জম্মু ও কাশ্মীর | — | — | — | | | |
| ১৬) নাগাল্যান্ড | — | — | — | | | |
| ১৭) কেন্দ্র শাসিত অঞ্চল | — | — | — | | | |

**গমের নূন্যতম দর (কুইন্টাল প্রতি দর টাকায়)**

**রকম পাঞ্জাব, হরিয়ানা, হিমাচল প্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থান, বিহার, উত্তর প্রদেশ**

| | ১৯৬৫-৬৬ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ |
|---|---|---|---|
| (ক) লাল— | ৪৫.৫০ | ৪৯.৫০ | ৫২.৫০ |
| (খ) সাদা— | ৪৯.৫০ | ৫৩.৫০ | ৫৬.০০ |

**অন্য রাজ্যে**

| | | | |
|---|---|---|---|
| (ক) লাল— | ৪৫.৫০ | ৪২.৭৫ | ৫৫.০০ |
| (খ) সাদা— | ৪৯.৫০ | ৫৬.৭৫ | ৫৯.০০ |

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ এই** সময় চাষীরা **খুব কম মূল্য পাওয়ায় তাদের অর্থনৈতিক খুব** দুদর্শা হয়েছিল, এই ধরনের ব্যবস্থা চেক আপ করার জন্য চিন্তা করেছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কেন্দ্রীয় সরকার থেকে এটা ঠিক করা হয়েছে, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই বিষয়ে সুপারিশ করেছি।

**শ্রী কৃষ্ণদাস রায় ঃ** এই সময় যে যে কৃষি মূল্য কমিশন হয়েছিল, তার চেয়ারম্যান কে হয়েছিলেন বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৬৬/৬৭ সাল থেকে এই কবছর এগ্রিকালচারাল প্রাইস কমিশনের ইকনমিক অ্যাডভাইসর কে ছিলেন, বর্তমান পশ্চিমবাংলার অর্থমন্ত্রী, তিনিই কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নোটিশ চাই।

### মেদিনীপুর জেলার পটাশপুর ব্লক বিভক্তিকরণ

***১১১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৬।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার অন্তর্গত পটাশপুর ব্লকের এলাকা এবং জনসংখ্যা দুইটি ব্লকের উপযোগী ; এবং

(খ) সত্য হইলে,—

(১) এই ব্লকটিকে দুইটি ব্লকে বিভক্ত করার কোনও প্রস্তাব আছে কিনা ; এবং

(২) প্রস্তাব থাকিলে, কবে নাগাদ তাহা কার্যকর করা হইবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) আছে।

(খ) (২) এ বিষয়ে কোনও সঠিক সময় এখন বলা সম্ভব নয়।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এটা দেরি হবার কারণ কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ব্লকগুলোকে দ্বিধা বিভক্ত করতে গেলে কতকগুলো আইনগত বাধা উপস্থিত হল। ইতিমধ্যেই পঞ্চায়েত আইন অনুসারে নানা স্তরে পঞ্চায়েত সংগঠনগুলো স্থাপিত হয়ে যায় এবং প্রতি ব্লকে পরপর আঞ্চলিক পরিষদ স্থাপিত হয়ে যায়। ১৯৬৩

সালের জেলা পরিষদ আইনের ৫২ ধারা অনুযায়ী আঞ্চলিক পরিষদগুলো গঠিত হয়। একবার আঞ্চলিক পরিষদগুলো গঠিত হয়ে গেলে এবং তার এলাকা নির্ধারিত হয়ে গেলে উক্ত আইনে তার পরিবর্তন করবার কোনও ক্ষমতা রাজ্য সরকারকে দেওয়া হয়নি।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে বাধা, এই বাধাগুলো অপসারণের জন্য কি চিন্তা করছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** পঞ্চায়েত বিভাগকে অনুরোধ করা হয়েছে যাতে আইনকে প্রয়োজনমতো পরিবর্তন করা হয়। এবং ব্লককে দ্বিখন্ডিত করার আইনগত বাধা দুরীভূত হয়। ইতিমধ্যে কিছু কিছু থানার সীমানা পরিবর্তন হওয়ায় এবং কিছু নতুন থানার সৃষ্টি হওয়ায় কিছু ব্লকেরও পুনর্বিন্যাস-এর প্রয়োজন উপলব্ধি করা হয়। এই পরিপ্রেক্ষিতে উক্ত আইনগত বাধাকে দুরীকরণ করা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়ে।

## রেশনে চিনির বরাদ্দ

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮২১।) **শ্রী দেবশরণ ঘোষ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংশোধিত রেশন এলাকাভুক্ত জেলাগুলিতে প্রতি ইউনিটে বরাদ্দ চিনির পরিমাণ কত ; এবং

(খ) জেলা শহর ও গ্রামাঞ্চলের মধ্যে বরাদ্দ চিনির পরিমাণের পার্থক্য আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ**

(ক) সংশোধিত রেশন এলাকাভুক্ত জেলাগুলিতে চিনির জোগান সাপেক্ষে সাধারণত ইউনিট প্রতি সাপ্তাহিক বরাদ্দ চিনির পরিমাণ ৫০ গ্রাম।

(খ) স্থানীয় অবস্থা বিবেচনা করিয়া জেলা কর্তৃপক্ষ জেলা শহর ও গ্রামাঞ্চলের মধ্যে বরাদ্দ চিনির পরিমাণের পার্থক্য করেন।

[12-50 — 1-10 p.m.]

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** বিভিন্ন জেলায় চিনির বরাদ্দের পরিমাণ কি বিভিন্ন রকম আছে?

**শ্রী সুধীন কুমার ঃ** দার্জিলিং ছাড়া আর সব জেলায় একই রকম আছে।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, গ্রামের মানুষ কম খায় তার জন্য কি সেখানে কম চিনির ব্যবস্থা করা হয়েছে ; গ্রাম এবং শহরের মধ্যে এই পার্থক্য অতীতের সরকার করে গিয়েছিল, সেটা দূর করবার কোনও ব্যবস্থা করছেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** যারা এখন চিনি পান তাদের চিনি কাটার কথা না ভেবে, আমরা

চিনির বরাদ্দ দাবি করেছি, আমরা চিনির বরাদ্দ পেলে সেই বরাদ্দের সমগ্রটাই গ্রামের দিকে দেবার চেষ্টা করব।

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি খোঁজ নিয়ে জানাবেন যে, অন্যান্য জেলার তুলনায় নদীয়া জেলায় চিনির পরিমাণ কম দেওয়া হয়?

**শ্রী সুধীন কুমার ঃ** আমি এ বিষয়ে অবহিত নই, আমি এনকোয়ারি করব। কিন্তু আমার ধারণা একমাত্র দার্জিলিং জেলায় বেশি দেওয়া হয়। আর অন্যান্য সমস্ত জেলায় সমান দেওয়া হয়।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় খাদ্যমন্ত্রী কি জানাবেন যে আসন্ন ঈধ্ উপলক্ষে চিনির বরাদ্দ বৃদ্ধির পরিকল্পনা আছে কিনা?

**শ্রী সুধীন কুমার ঃ** পরিকল্পনা নয়, এটা কাজে পরিণত করা হয়েছে। ৫০ গ্রাম করে চিনি রেশন কার্ড মারফত এই সপ্তাহ থেকে দেওয়ার ব্যবস্থা হয়েছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, পূজার সময় গ্রামাঞ্চলের চিনির বরাদ্দ বৃদ্ধি করা হবে কিনা?

**শ্রী সুধীন কুমার ঃ** যদি ফেস্টিভেল কোটা আরও পাওয়া যায় তাহলে দেওয়া হবে। এটা পাওয়া উচিত। কারণ চিনি বিদেশে রপ্তানি বন্ধ করা হয়েছে।

**কলকাতা-বেহালা ট্রামরুট সম্প্রসারণ**

***১১২।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৩।) **শ্রী অশোককুমার বোস ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতা-বেহালা ট্রামরুটকে ঠাকুরপুকুর পর্যন্ত সম্প্রসারিত করার বিষয়টি সি. এম. পি. ও-র পরীক্ষাধীন ছিল কি ; এবং

(খ) যদি (ক)-এর উত্তর হ্যাঁ হয়, তবে সেই পরীক্ষার ফল কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ইহাতে সি. এম. পি. ও-র সম্মতি পাওয়া গিয়াছিল। প্রস্তাবটি বিবেচনাধীন আছে।

**শ্রী কমল সরকার ঃ** আর কোনও রুটে এই ভাবে ট্রাম লাইন বাড়াবার প্রস্তাব আছে কি?

**শ্রী মহঃ আমিন ঃ** ট্রাম লাইন আরও বাড়াবার কথা সরকার ভাবছেন কিন্তু টাকা পয়সা এবং পরিকল্পনা সাপেক্ষে সেটা রয়েছে।

## Production of Paddy

***113**. (Admitted question No. *943.) **Dr. Zainal Abedin :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether there has been any increase in the production of paddy during the last five years ;

(b) if the answer to (a) is in the affirmative, what has been the quantum of increase ;

(c) whether the Government has prepared any scheme for increasing the production during the next five years ; and

(d) if so,—

(i) what is the scheme ; and

(ii) what are the expectations ?

**শ্রী কমলকান্তি গুহ :**

(ক) হ্যাঁ, ১৯৭৬-৭৭ সালে পূর্বের চার বৎসরের ব্যয়ের ধানের উৎপাদন বৃদ্ধি পাইয়াছে। ১৯৭৬-৭৭ সালে অক্টোবর মাসে বৃষ্টির অভাবের দরুন (যাহা বীজ রোয়ার জন্য অপরিহার্য ধানের উৎপাদন কমিয়া যায়)।

(খ)

| সাল | | চাষের উৎপাদন (মেঃ টন) |
|---|---|---|
| ১৯৭২-৭৩ | — | ৫৭,১৫.৩০০ |
| ১৯৭৩-৭৪ | — | ৫৭,৯৯.২০০ |
| ১৯৭৪-৭৫ | — | ৬৫,৪৩.৪০০ |
| ১৯৭৫-৭৬ | — | ৬৮,৬৬.৩০০ |
| ১৯৭৬-৭৭ | — | ৫৯,৯৫.২০০ (আনুমানিক) |

(গ) প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাহা ১৯৭৮-৭৯ সালে শেষ হইবে, ধান উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রস্তুতি চলিতেছে।

(ঘ) (১) অধিক ফলনশীল চাষযোগ্য জমির বৃদ্ধি, বিধি ব্যবস্থা ও কৃষক শ্রমিক কেন্দ্র মারফৎ কৃষকদের উন্নত কৃষি প্রযুক্তি বিদ্যা গ্রহণের শিক্ষা, সুষম সারের প্রয়োগ, জল জোগানের ব্যবস্থাপনা, কীট-পতঙ্গ ও ব্যাধির থেকে শস্য রক্ষার জন্য নিরোধাত্মক ব্যবস্থা গ্রহণ এবং কৃষকদের জন্য অধিক জলসেচের ব্যবস্থা এছাড়া

অধিক ফলনশীল চাষ এবং উন্নত কৃষি প্রযুক্তি বিদ্যা প্রয়োগ পরিণত করার জন্য ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মিনিকিট বিলির ব্যবস্থা করা হইয়াছে, না লাভ, না ক্ষতির ভিত্তিতে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের উন্নত ধরনের ধানের চারা সরবরাহর জন্য এক কেন্দ্রীয় সাহায্য প্রাপ্ত পরিকল্পনাও চালু করা হইয়াছে।

(২) উপরোক্ত প্রচেষ্টা ও নতুন নতুন উদ্ভাবনের ফলে ও ব্যয়ের পরিমিত উৎপাদন বৃদ্ধি আশা করা যায়। যদি প্রাকৃতিক বিপর্যয় উদম্য ব্যহত না হয়, আশা করা যায় আগামী পাঁচ বৎসরে পশ্চিমবঙ্গে খাদ্য ঘাটতি পূরণ করা যাইবে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় কৃষিমন্ত্রী যে পরিসংখ্যান দিলেন তাতে দেখা যাচ্ছে, বিগত ৫ বছরে ধানের উৎপাদন উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি হয়েছে একথা ঠিক—তাই যদি হয় আমি ধরে নিচ্ছি তাহলে যে গোটা আকাশে, বাতাসে, ভূতলে, স্বর্গে, মর্তে একটা প্রপাগান্ডা চলছে যে, বিগত মন্ত্রিসভার আমলে কোনও কাজ হয়নি। একথা তাহলে কি ম্যালেসিয়স এবং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত প্রপাগান্ডা?

**ডেপুটি স্পিকার ঃ** ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন। It is not a question.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** একথা কি ঠিক, আপনি উৎপাদন বৃদ্ধির জন্য যে ব্যবস্থাগুলির কথা বললেন এগুলি বিগত সরকারের গৃহীত ব্যবস্থার সম্প্রসারণ মাত্র?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এগুলি জখমি ব্যবস্থা, জখম হয়ে আছে, আমরা সুস্থ করার চেষ্টা করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** তাহলে জখমি ব্যবস্থা উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে এটা আপনি স্বীকার করেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যে ভাবে টাকা খরচ করা হয়েছে তাতে যা উৎপাদন হওয়া উচিত ছিল, সেই অনুপাতে হয়নি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** ভারতবর্ষে আরও অন্য রাজ্য আছে, কস্ট বেনিফিট রেসিও যেটা আছে—আজকে অন্য কোনও রাজ্য যে পরিমাণে ব্যয় করছে আর এ রাজ্য যে পরিমাণ ব্যয় করছে তার চেয়ে অতিরিক্ত ফল দেখা যাচ্ছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**ডঃ জয়নাল আবেদিন ঃ** তাহলে আপনি এটার উত্তর দিলেন যে এটা আপনার অনুমান মাত্র, এটার কোনও ভিত্তি নেই।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** পশ্চিমবাংলার মাটিতে দাঁড়িয়ে যা দেখেছি তাই বলেছি।

## Starred Questions
## to which Written Answers were laid on the Table

### Jail Code Revision Committee

***114**. (Admitted question No. *176.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) the total expenditue incurred by the State Government on the Jail Code Revision Committee, which was set up in 1969 ;

(b) the amount spent on—

(i) pay and allowances of the Chairman ;

(ii) pay and allowances of the Members ;

(iii) pay and allowances of the staff ; and

(iv) house rent for accommodation of the office of the Committee ;

(c) the date on which the Committee was formed ;

(d) the number of extensions prayed for by and granted to the Committee ;

(e) the date on which the tenure of the Committee was terminated and the reasons fo such termination ; and

(f) the number of recommendations made by the Committee ?

**Minister-in-charge of the Home (Jails) Department :**

(a) Rs. 33,571.13 ;

(b)

(i) Rs. 1,925.90 ;

(ii) Rs. 13,541.35 ;

(iii) Rs. 15,786.90 ;

(iv) Nil ;

(c) 4th October, 1969 ;

(d) the Committee sought for extensions four times, but its term was extended thrice ;

(e) 3rd April, 1971. The Committee was not in a position to submit its report within a period of one and a half years. In view of the resultant uncertainties, its term was not extended any further ;

(f) no recommendation was received by the Government.

**কোল্ড স্টোরেজ**

***১১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৭১।) **শ্রী অশোককুমার বোস ঃ** কৃষি এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৬৬ সালের ওয়েস্ট বেঙ্গল কোল্ড স্টোরেজ (লাইসেন্সিং অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট অনুযায়ী পশ্চিমবঙ্গের বিভিন্ন জিলায় কত সংখ্যক অনুমোদিত কোল্ড স্টোরেজ আছে?

**কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৬৬ সালের ওয়েস্ট বেঙ্গল কোল্ড স্টোরেজ (লাইসেন্সিং অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট অনুযায়ী পশ্চিমবঙ্গ অনুমোদিত ১৫৭টি হিমঘর আছে তাহার জেলাওয়ারি হিসাব নিম্নে দেওয়া হইল ঃ

| | | |
|---|---|---|
| (১) হাওড়া | — | ৪ |
| (২) হুগলি | — | ৫৩ |
| (৩) বর্ধমান | — | ৩৫ |
| (৪) মেদিনীপুর | — | ১৫ |
| (৫) বীরভূম | — | ৯ |
| (৬) বাঁকুড়া | — | ৬ |
| (৭) ২৪-পরগনা | — | ৩ |
| (৮) মুর্শিদাবাদ | — | ৫ |
| (৯) জলপাইগুড়ি | — | ৯ |
| (১০) কলকাতা | — | ২৪ |
| | | ১৫৭ |

**চাউলের পরিবর্তে ধান খরিদ**

***১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৮১৯।) **শ্রী দেবশরন ঘোষ ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার অন্য প্রদেশ হইতে সিদ্ধ চাউলের পরিবর্তে ধান ক্রয়ের কথা বিবেচনা করিতেছেন ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) এ প্রশ্ন ওঠে না।

### ফুড কর্পোরেশনের গুদামে মজুত চাল

***১১৮**। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৮।) **শ্রী অশোককুমার বোস ঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে ফুড কর্পোরেশনস্থ গুদামে যে চাল মজুত থাকে তাহার অধিকাংশই পশ্চিমবঙ্গের বাহির হইতে আসে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর সত্য হয়, তাহা হইলে ইহার কারণ কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সাধারণভাবে ইহা সত্য।

(খ) চালের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য এবং অভ্যন্তরীণ সংগ্রহ দ্বারা সরকারি বন্টন ব্যবস্থার প্রয়োজনের অর্ধাংশও প্রায়ই মেটানো সম্ভবপর হয় না। অতএব সরকারি বন্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করার জন্য কোনও এক বৎসরে যে পরিমাণ চালের প্রয়োজন হয়, সাধারণত তাহার অধিকাংশই কেন্দ্রীয় ভান্ডার হইতে সরবরাহ করা চাল অর্থাৎ বাংলার বাইরের চাল দ্বারা পূরণ করা হয়।

### Recommendations of Jail Code Revision Committee

***119**. (Admitted question No. *175.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if it is a fact that the Jail Code Revision Committee, appointed by the last Government in the State, had recommended setting up of open prisons ; and

(b) if so, whether the recommendations have been aceepted by the present Government ?

**Minister-in-charge of the Home (Jails) Department :**

(a) Yes ;

(b) The recommendation was accepted by the Government in 1975, and there has not been any occasion for the present Government to review the decision.

### Minor irrigation

***120.** (Admitted question No. *938.) **Dr. Zainal Abedin : Will** the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the number of (i) shallow tubewells, (ii) deep tubewells and (iii) lift irrigation stations in the State up to 1969-70 and the total area (in acres) irrigated from these sources ;

(b) whether there has been any addition to these sources after 1969-70 ;

(c) if so, what are the figures up to 1976-77 and what is the total area under irrigation from these sources ;

(d) whether the Government has any proposal to bring more areas under minor irigation during the current financial year ; and

(e) if so, what is the proposal ?

**Minister-in-charge of the Agriculture of Community Development Department :**

(a) ১৯৬৯-৭০ সাল পর্যন্ত উল্লিখিত ক্ষুদ্রসেচ প্রকল্পের সংখ্যা এবং উহার দ্বারা সেচ সেবিত জমির পরিমাণ নিম্নরূপ ঃ

| সংখ্যা | সেচ সেবিত জমির পরিমাণ |
|---|---|
| (১) গভীর নলকূপ— | |
| ১৫৬৬ | ৯৩,৯৬০ একর |
| (২) নদী সেচ প্রকল্প— | |
| ৬৬৭ | ৫০,০২৫ একর |
| (৩) অগভীর নলকূপ— | |
| একটিও না | |

(b) হ্যাঁ।

(c) ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত উল্লিখিত ক্ষুদ্র সেচ প্রকল্পের সংখ্যা এবং উহাদের দ্বারা সেচ সেবিত জমির পরিমাণ নিম্নরূপ ঃ

| সংখ্যা | | সেচ সেবিত জমির পরিমাণ |
|---|---|---|
| (১) গভীর নলকূপ— | ২,৩৩২ | ১,১৪,৯০০ একর |
| (২) নদী সেচ প্রকল্প— | ২৩৩৯ | ২,২০,৫০০ একর |
| (৩) সরকার পরিচালিত অগভীর নলকূপ— | ৩,৩৬৯ | ১,৬৮,৪৫ একর |

(d) হ্যাঁ।

(e) বর্তমান বৎসরে বাকি সমস্ত নদী সেচ প্রকল্প এবং গভীর নলকূপ সমূহের জল বাহী এবং জল নির্গম নলসমূহ সংস্থাপন করিবার পরিকল্পনা লওয়া হইয়াছে। এই কাজ শেষ হইলে প্রকল্পগুলি হইতে সেচের জন্য জল সরবরাহের পরিমাণ যথেষ্ট পরিমাণ বাড়িয়ে যাইবে।

## Unstarred Questions
## to which written Answers were laid on the Table

### Tidal Power Generation in the Sunderban region

**81.** (Admitted question No. 271.) **Shri Rajani Kanta Doloi and Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has taken steps for Tidal Power Generation specially in the Sunderban region of West Bengal; and

(b) if so, what is the present position in the matter ?

**The Minister in-charge of Power Department :** (a) The West Bengal State Electricity Board under its Research Unit has opened one small Division at Baruipur and a Subdivision at Gosaba for carrying out investigation work on Tidal Power Generation in the Sunderban region.

(b) Preliminary investigation indicated good locations in the Sunderban region where generation of tidal power is feasible.

Prof. E. M. Wilson, an expert of the UNDP, was invited by the Government of India for his advice on tidal power potential. He visited several places of India including the Sunderban region in West Bengal. He has recommended that a pilot project to 2MW at Gosaba on the

river Durgadwani be taken up first as a pilot scheme for gaining experience in tidal power generation. WBSEB has prepared a detailed report regarding power generation at Gosaba on Durgadwai Creek. The project is awaiting clearance of the Department of Science and Technology as well as of the Department of Power, Government of India.

### Calcutta Electric Supply Corporation Ltd.

**82.** (Admitted question No. 301.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government is contemplating nationalisation or taking over of the management of Calcutta Electric Supply Corporation Ltd., and

(b) if so, what is the present position ?

**The Minister in-Charge of Power Department :** The previous Government extended the licence of the CESC with the result that the option of purchase of the CESC is exercisable on the first day of January, 2000. The extension was allowed on the understanding that CESC would take steps for augmenting its generation. CESC in its turn has also initiated action in this direction with the support of the State Government. In this changed context, there is at present no proposal for nationalisation or taking over of the management of CESC.

(b) In view of (a) above, this question does not arise at present.

### এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের তালিকাভুক্ত বেকারের সংখ্যা

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৫।) **শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭২ সালের ১লা আগস্ট এবং ১৯৭৭ সালের ১লা আগস্টে পশ্চিমবঙ্গে বিভিন্ন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত বেকারের সংখ্যা কত ছিল ; এবং

(খ) তাহাদের মধ্যে কতজন (১) পুরুষ, (২) নারী, (৩) দক্ষ (স্কিল্ড), (৪) অর্ধদক্ষ (সেমি স্কিল্ড), এবং (৫) অদক্ষ (আনস্কিল্ড)?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ঐরূপ বেকারের সংখ্যা নিম্নে দেওয়া হইল ঃ—

৩১এ জুলাই, ১৯৭২—১,০৫৯,৯৯৫

৩১এ জুলাই, ১৯৭৭—১,৩১৩,০০০

(খ) **ঐ সময়ে পুরুষ ও নারীর সংখ্যা নিম্নোক্তরূপ ঃ—**

৩১এ জুলাই, ১৯৭২—পুরুষ—৯,৬৪,৬৫৭ ; ৩১এ জুলাই, ১৯৭৭—১,১৬৮,৯৬২।

(২) ৩১এ জুলাই, ১৯৭২—নারী—৯৫,৩৩৪ ; ৩১এ জুলাই, ১৯৭৭—১,৪৪,০৩৮।

৩১এ জুলাই, ১৯৭৭ পর্যন্ত দক্ষ-অদক্ষ শ্রেণী বিভাগের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই। ঐজন্য ৩১এ মার্চ পর্যন্ত সংগৃহীত পরিসংখ্যানের ভিত্তিতে ঐ সংখ্যা সম্পর্কে উত্তর দেওয়া হইল। অর্ধদক্ষদের সম্পর্কে আলাদাভাবে পরিসংখ্যান রাখা হয় না। সেজন্য ঐ সংখ্যা দেওয়া গেল না।

(১) ৩১এ মার্চ, ১৯৭২—দক্ষ ও অর্ধদক্ষ—৭৭,৬২৯ ; ৩১এ মার্চ, ১৯৭৭—৭৯,২৬৯।

(২) ৩১এ মার্চ, ১৯৭২—অদক্ষ—৩,৮৬,৫২৫ ; ৩১এ মার্চ, ১৯৭৭—৪,৮১,৮৭৮।

**পঞ্চায়েত অফিসার নিয়োগ**

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪২।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ি ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কতগুলি ব্লকে পঞ্চায়েত অফিসার নাই ;

(খ) সত্য হইলে, আগামী পঞ্চায়েত নির্বাচনের পূর্বে পঞ্চায়েত অফিসার নিয়োগের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকিলে, নিয়োগের পদ্ধতি কিরূপ হইবে?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য, বর্তমানে মোট ৬৮টি ব্লকে পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক নাই।

(খ) পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিকদের নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী বর্তমানে সংশোধন করা হইতেছে। সংশোধিত নিয়মাবলী চূড়ান্ত হইলে সম্প্রসারণ আধিকারিকের শূন্যপদগুলি পূরণ করা হইবে।

(গ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক পদে লোক নিয়োগ করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

**অঞ্চল পঞ্চায়েতের সচিব**

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫০।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, অঞ্চল পঞ্চায়েতের সচিবেরা সরকারি কর্মচারীর স্বীকৃতি পাওয়ার জন্য হাইকোর্টে মামলা করিলে মাননীয় বিচারপতি উক্ত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারীরূপে গণ্য করিয়া রায় দেন ;

(খ) সত্য হইলে উক্ত রায় এখনও পর্যন্ত কার্যকর হইয়াছে কি ; এবং

(গ) সরকার এই ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) জনৈক পঞ্চায়েত সচিব হাইকোর্টে মামলা করিলে, হাইকোর্ট রায় দেন যে অঞ্চল পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারীরূপে গণ্য করিতে হইবে।

(খ) না।

(গ) হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করা হইয়াছে—উক্ত আপিলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত হাইকোর্টের রায়ের কার্যকারিতা স্থগিত রাখার জন্য হাইকোর্ট নির্দেশ দিয়েছেন। তবে ইতিমধ্যে রাজ্য সরকার অঞ্চল পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর সরকারি কর্মচারীরূপে স্বীকৃতি দেওয়ার বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করিতেছেন।

## মারকেটিং কো-অপারেটিভ স্টোর্সে ফার্টিলাইজার ঘাটতি

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৩।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ী :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বেলডাঙ্গা ১নং ব্লকের অধীন মারকেটিং কো-অপারেটিভ স্টোর্সে প্রায় ১০০ কুইন্টাল ফার্টিলাইজার ঘাটতি হয় ;

(খ) সত্য হইলে, উক্ত ঘাটতি বাবদ কত অর্থের ক্ষতি হয় ; এবং

(গ) উক্ত ফার্টিলাইজার ঘাটতির ব্যাপারে কাহারা দায়ী এবং তাহাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) স্টকবাহী দৃষ্টান্ত ঘাটতির পরিমাণ ১১০.১১৬ মেট্রিক টন।

(খ) উক্ত ঘাটতি বাবদ ক্ষতির পরিমাণ টাঃ ২৩,০৬২.৪১।

(গ) এ ব্যাপারে তদন্ত চলিতেছে। স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ সমিতির ম্যানেজার জামালুদ্দীন শেখ এবং নাইট গার্ড নওসাদ শেখকে গ্রেপ্তার করিয়াছে এবং তাহারা আদালত হইতে জামিনে খালাস পাইয়াছে। উক্ত কর্মচারীদ্বয়কে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে।

## Quantum of Power generated

**87.** (Admitted question No. 101.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—the total quantum of power generated in the State in May, June and July, 1977 and during the corresponding months in the years 1976, 1975, 1974, 1973 and 1972 ?

**The Minister in-Charge of Power Department :** The total quantum of power generated in the State in May, June and July, 1977 excluding generation at Darjeeling Electric Supply Power Station was as follows :

| | |
|---|---|
| May, 1977 .. .. .. .. .. | 548 mkWh |
| June, 1977 .. .. .. .. .. | 563 mkWh |
| July, 1977 .. .. .. .. .. | 537 mkWh |

The generation during the corresponding months in the years 1972, 1973, 1974, 1975 and 1976 was as follows :

| Year | May in mk Wh | June in mk Wh | July in mkwh |
|---|---|---|---|
| 1972 .. .. .. .. | 501 | 455 | 478 |
| 1973 .. .. .. .. | 466 | 488 | 470 |
| 1974 .. .. .. .. | 449 | 427 | 443 |
| 1975 .. .. .. .. | 490 | 454 | 496 |
| 1976(Excluding generation at Darjeeling Electric Supply Power Station.) | 48 | 553 | 587 |

## Number of Electrified Villages

88. (Admitted question No. 103.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the total number of electrified villages in the State as on 31st July, 1977 ;

(b) the number of them electrified during the tenure of the first and second United Front Ministries in the State ;

(c) the number of them electrified during the tenure of the last Ministry in the State up to the 30th April, 1977 ; and

(d) the number of villages electrified by the present Government ?

**The Minister in-Charge of Power Department :** (a) 11,241 as per 1971 census.

(b) Statistics of villages electrified were maintained on the basis of financial year. Between the period March 31, 1967 to March 31, 1968

(UF Ministry—March 1967 to November 1967) 233 villages were electrified. The second UF Ministry was there between February, 1969 to March, 1970 and the number of villages electrified between March, 1969 to March, 1970 was 237.

(c) 7,883 between 31st March, 1972 to 30th April, 1977.

(d) 56 between 1st July, 1977 to 31st July, 1977.

### হাসপাতালসমূহে লোডশেডিং

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৩।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের হাসপাতালসমূহকে লোডশেডিং-এর হাত হইতে অব্যহতি দিবার জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে কবে নাগাদ উহা কার্যকর হইবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) কলকাতার বড় বড় হাসপাতালগুলিকে লোডশেডিং-এর আওতা হইতে বাইরে রাখার ব্যবস্থা আছে, যার ফলে ঐ হাসপাতালগুলিতে সাধারণত লোডশেডিং হয় না। রাজ্যের অন্যান্য ছোট হাসপাতালগুলিকে প্রযুক্তিগত কারণে লোডশেডিং-এর আওতা হইতে বাইরে রাখা সম্ভব নয় ; তবে এই হাসপাতালগুলিতে যাতে লোডশেডিং না হয় তার জন্য বিশেষভাবে দৃষ্টি রাখা হয়।

কেবলমাত্র অত্যন্ত জরুরি অবস্থার সৃষ্টি হলেই হাসপাতালগুলিতে লোডশেডিং হয়।

(খ) এই ব্যবস্থা এখন বর্তমান আছে।

### গ্রাম বৈদ্যুতিকরণ

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৩।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন জেলায় কয়টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছিল ;

(খ) ১৯৭৬ সালে ঐ সংখ্যা কি দাঁড়াইয়াছিল ; এবং

(গ) বিদ্যুৎ সরবরাহ হয় নাই, এইরূপ গ্রামের সংখ্যা ঐ সময়ে কোন জেলায় কত ছিল?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** একটি তালিকা নিম্নে পেশ করা হইল।

*Statement referred to in reply to unstarred question No. 90 (Admitted question No. 323)*

(১৯৭১ সালের আদমসুমারি অনুযায়ী)

| জিলা | ১৯৭১ সালের ৩১এ | বৈদ্যুতিকৃত | বৈদ্যুতিকৃত হয় নাই এই রূপ মৌজার সংখ্যা |
|---|---|---|---|
| াঁকুড়া .. .. | ৯৬ | ৬৩৩ | ২,৯১৫ |
| ীরভূম .. .. | ৮৮ | ৫২০ | ১,৭১৫ |
| র্ধমান .. .. | ৪৯৬ | ১,১৬৫ | ১,৪৪৪ |
| কাচবিহার .. .. | ১২ | ১৩৫ | ১,০০৯ |
| ার্জিলিং .. .. | ১১৭ | ১৬৯ | ৩৩৮ |
| গলি .. .. | ৩৩৬ | ৯৭৪ | ৯২৯ |
| াওড়া .. .. | ১০৭ | ৩৯৭ | ৩৭৪ |
| লপাইগুড়ি .. .. | ১৫০ | ২০৩ | ৫৪১ |
| ালদা .. .. | ৭২ | ৬০৬ | ১,০০৫ |
| মদিনীপুর .. .. | ২০৪ | ১,৪৫৭ | ৮,৯২৩ |
| ুর্শিদাবাদ .. .. | ২২৬ | ৭২৬ | ১,১৯৭ |
| দীয়া .. .. | ৪৩০ | ৮৯৭ | ৩৭৮ |
| ব্বিশ পরগনা .. .. | ৪০৮ | ১,২০৭ | ২,৫৮৫ |
| ুরুলিয়া .. .. | ৫৩ | ৪২৪ | ২,০৩৫ |
| পশ্চিম দিনাজপুর .. .. | ১৮ | ৩১২ | ২,৮৬১ |

(পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ আর্থিক বছরের ভিত্তিতে মৌজা বৈদ্যুতিকরণের হিসাব রাখে)

## স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে দুর্নীতির অভিযোগ

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৯।) **শ্রী সরল দেব ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ-এর সহ-সভাপতির বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ সরকারের গোচরে আছে কি ;

(খ) ইহা কি সত্য যে, ২০এ আগস্ট ১৯৭৬ তারিখে উক্ত ব্যাঙ্ক হইতে সই জাল করিয়া টাকা উঠানোর একটি ঘটনা ঘটিয়াছে ;

(গ) সত্য হইলে,—

(১) উক্ত দুর্নীতির সহিত কাহারা জড়িত,

(২) তাহাদের বিরুদ্ধে কোনও শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(৩) হইয়া থাকিলে তাহা কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) বিষয়টি বর্তমানে তদন্তাধীন।

(গ) বিষয়টি বর্তমানে তদন্তাধীন বলিয়া ঃ

(১), (২) এবং (৩) প্রশ্ন ওঠে না।

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণের জন্য সমবায় সমিতি**

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৬।) **শ্রী কৃপসিন্ধু সাহা ঃ** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে তফসিলি জাতি এবং উপজাতি কল্যাণের জন্য কোনও সমবায় আছে কি না ;

(খ) থাকিলে, উক্ত সমিতি কোথায় কোথায় আছে ;

(গ) উক্ত সমিতির কাজ কি ; এবং

(ঘ) প্রতিটি জেলায় এরূপ সমিতি গঠনের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ)

| জিলা | উন্নয়ন ব্লক |
|---|---|
| ১। দার্জিলিং .. .. .. | খড়িবাড়ি-ফাঁসি দেওয়া |
| ২। জলপাইগুড়ি .. .. .. | মাল |
| ৩। কুচবিহার .. .. .. | (ক) আলিপুরদুয়ার-১ |
| | (খ) আলিপুরদুয়ার-২ |
| | (গ) কুমারগ্রাম |
| | (ঘ) কালচিনি |
| | (ঙ) মাদারিহাট |

| জিলা | উন্নয়ন ব্লক |
|---|---|
| ৪। পশ্চিম দিনাজপুর .. .. .. | (ক) তপন |
| | (খ) বংশীহারী |
| | (গ) বালুরঘাট |
| ৫। মালদহ .. .. .. | (ক) হাবিবপুর |
| | (খ) গাজোল |
| ৬। মুর্শিদাবাদ .. .. .. | সাগরদিঘি |
| ৭। বীরভূম .. .. .. | (ক) রামপুরহাট |
| | (খ) মহম্মদবাজার |
| ৮। বাঁকুড়া .. .. .. | (ক) রানিবাঁধ |
| | (খ) খাতড়া-২ |
| | (গ-ঘ) শালতোড়া (দুইটি সমিতি) |
| ৯। পুরুলিয়া .. .. .. | (ক) কাশীপুর |
| | (খ) হুরা |
| | (গ) সালুতুড়ি |
| | (ঘ) বড়বাজার |
| | (ঙ) বান্দওয়ান |
| | (চ) বলরামপুর |
| ১০। মেদিনীপুর .. .. .. | (ক) বিনপুর-২ |
| | (খ-গ) নয়াগ্রাম (দুইটি সমিতি) |
| | (ঘ) জামবনী |
| | (ঙ) বিনপুর-১ |
| | (চ) গোপীবল্লভপুর-১ |
| ১১। বর্ধমান .. .. .. | আউষগ্রাম-২ |
| ১২। চব্বিশ পরগনা (দক্ষিণ) .. .. .. | সন্দেশখালি |

(গ) এই সমিতিগুলি মূলত নিম্নলিখিত কাজের সঙ্গে জড়িত ঃ

(১) চাষের জন্য স্বল্প মেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি কৃষি ঋণ দান ;

(২) উৎপাদিত ফসলের সুষ্ঠু বিপণন,

(৩) দৈনন্দিন জীবনধারণের ও সামাজিক আচার অনুষ্ঠানের জন্য অর্থ যোগান,

(৪) বন-সম্পদ আহরণ এবং তার বিপণন ব্যবস্থা,

(৫) কুটির শিল্পের প্রসার ঘটানো ও তার বিপণন ব্যবস্থা।

(ঘ) হাওড়া ও হুগলি জেলা ছাড়া রাজ্যের অন্যান্য জেলায় এইরূপ সমিতি গঠনের ব্যবস্থা সরকার গ্রহণ করিয়াছেন।

## Vested Agricultural Land

**93**. (Admitted question No. 50.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department be pleased to state—

(a) the progress of implementation of the ceiling laws and distribution of agricultural lands during the period from 20th March, 1972 to 30th April, 1977;

(b) the total area of agricultural land vested in the State during the above period by operation of the West Bengal Estates Acquisition Act and West Bengal Land Reforms Act ;

(c) the total area of such vested Agricultural land taken possession of ; and

(d) the total area hit by injunction of the court either possession or after possession.

**The Minister in-Charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department :** (a), (b) and (c) Particular regarding progress made in implementation of the ceiling laws during the period from 20th March, 1972 to 30th April, 1977 are not readily available. However, information in this regard for the period from 1st April, 1972 to 20th March, 1977 is given below :

Area vested—1,35,183 acres.

Area taken possession of—2,31,926 acres.

Area distributed—2,53,056 acres.

The area taken possession of and the area distributed is more than the area vested because the processes are continuing from a period prior to 1972.

(d) Position up to March, 1977 is shown below ;

(i) Area hit by injunction before possession—87.877 acres.

(ii) Area hit by injunction after possession—73.134 acres.

**Disbursement of seed money for purchase of Auto-Rickshaw, Mini Buses, etc.**

**94**. (Admitted question No. 104.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state the total financial assistance disbursed as seed money towards purchase of Auto-Rickshaw, Mini Buses, Buses and Trucks—

(a) during the tenure of (i) the first and second United Front Governments in the State,

(ii) the last Ministry in the State up to April, 1977 and

(b) by the present Ministry till 31st July, 1977?

**The Minister for Development and Planning :** (a) (i) There was no seed money scheme for the Transport sector during the tenure of the first and second United Front Governments.

(ii) Rs. 2,16,81,040.00.

(b) From 21st June, 1977 when the present Ministry took charge till 31st July, 1977—Rs. 1,18,311.00.

**Military Cantonment at Kalimpong**

**95**. (Admitted question No. 263.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Land Utilisation and Reforms and Land and Land Revenue Department be pleased to state—

(a) if it is a fact that the State Government is contemplating to acquire land at Kalimpong in Darjeeling district for extension of the Military Cantonment ;

(b) if so—

(i) the names of the mouzas and the total area of land proposed to be acquired for this purpose,

(ii) the amount of compensation proposed to be paid to the land-owners, and

(iii) the proposal for alternative rehabilitation of the inhabitants?

**The Minister in-Charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department :** (a) No.

(b) Does not arise.

**পশ্চিমবঙ্গ ছাড়িয়া বাংলাদেশে স্থায়ীভাবে বসবাস**

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৮।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ি :** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ থেকে আজ পর্যন্ত কতজন ব্যক্তি বা পরিবার পূর্ব-পাকিস্তানে বা বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসের জন্য গিয়েছেন, তাহার কোনও পরিসংখ্যান সরকারের আছে কি ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐরূপ ব্যক্তি বা পরিবারের সংখ্যা কত,

(২) যারা গিয়েছেন তাদের এদেশে ফেলে যাওয়া জমি ও সম্পত্তির পরিমাণ কোনও জেলায় কত, এবং

(৩) বর্তমানে এই জমি ও সম্পত্তি কাহারা রক্ষণাবেক্ষণ করছেন।

**উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এরকম কোনও পরিসংখ্যান সরকারের কাছে নেই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**Installation of Power Generating Units at Haldia**

**97.** (Admitted question No. 298.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether it is a fact that the Calcutta Electric Supply Corporation has suggested installation of two 25 Megawatt Gas Turbine Power Generating Units at Haldia to tide over the power crisis in Calcutta ; and

(b) if so, what is the present position in the matter?

**The Minister in-Charge of Power Department :** (a) No formal proposal for installation of gas turbines at Haldia has been submitted by the Calcutta Electric Supply Corporation.

(b) This does not arise.

## Power Crisis

**98.** (Admitted question No. 336.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state the steps taken by the Government to tackle the power crisis in the State ?

**The Minister in-Charge of Power Department :** The total requirement of power in this State is much more than the present availability in generation. In order to balance the availability of power with the requirements, certain restrictive measures have been adopted to suppress the demand. The restricted demand for power can somehow be met by our existing capacity. We do not have adequate provision for forced outrages with the result that if there is any shortfall in generation in any one of the supply agencies due to outrages of machines, load-shedding has to be resorted to. A four-pronged programme has, therefore, been initiated to deal with the situation : (a) rigorous implementation of restrictive measures regarding use of power, (b) proper maintenance of thermal units for achieving optimum operational efficiency, (c) expediting completion of on-going power projects in the State sector and (d) erection of a super-thermal power station in Farakka in the Central sector and sanction of Titagarh project of CESC by Government of India.

I have already made a detailed statement on this subject recently in the House.

## Industrial licenses/letters of intent granted to Industries

**99.** (Admitted question No. *343.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government has any information about the number of industrial licenses and/or letters of intent granted to industries in West Bengal during the period from March, 1977 to July, 1977; and during the corresponding period in 1972, 1973, 1974, 1975 and 1976 ?

(b) if so, what is the number of such licences or letters of intent during these periods ?

**The Minister in-Charge of Commerce and Industries Department :** (a) Yes.

(b) (i) Licence—

| Month | 1977 | 1976 | 1975 | 1974 | 1973 | 1972 |
|---|---|---|---|---|---|---|
| March .. .. | 1 | 7 | 7 | 13 | 1 | 9 |
| April .. .. | 5 | 3 | 5 | 4 | 3 | 3 |
| May .. .. | 3 | 1 | 4 | 5 | 6 | 2 |
| June .. .. | 3 | 4 | 2 | 10 | 4 | 4 |
| July .. .. | 2 | 1 | 12 | 6 | 2 | 5 |

(ii) Letter of Intent—

| Month | 1977 | 1976 | 1975 | 1974 | 1973 | 1972 |
|---|---|---|---|---|---|---|
| March .. .. | 2 | 3 | 5 | 12 | 3 | 6 |
| April .. .. | .. | 2 | 6 | 10 | 4 | 4 |
| May .. .. | 5 | 7 | 3 | 8 | 1 | 3 |
| June .. .. | 5 | .. | 4 | 13 | 4 | 3 |
| July .. .. | 3 | 3 | 2 | 6 | 8 | 5 |

**Kolaghat Thermal Power Plant**

**100.** (Admitted question No. 354.) **Shri Krishna Das Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state what is the present position of the work on the Kolaghat Thermal Power Plant ?

**The Minister in-Charge of Power Department :** About 90 per cent. of land required for the project has been acquired. Foundation work of Power House Building and Plant and equipment for 3 units is in progress and the foundation for the boiler for Unit No. 1 is already completed. Order has already been placed for fabrication and erection of structural steel for Power House Building for 3 units. Erection of the boiler for Unit No. 1 is likely to start from October, 1977. About 60 per cent. of boiler materials for all the three units have already been delivered at site. Messrs BHEL will commence delivery of Turbo-Generator materials for the first unit by March, 1978. The land development work for the railway siding, and the colony is in progress. Order has been placed for construction of railway siding. The order for switch yard equipment has been placed under IDA Scheme. Order for balance plant and equipment are being processed. The estimated cost of the

project is Rs. 192.54 crores out of which an amount of Rs. 27.04 crores has been spent till March, 1977. The allocation for the current year is Rs. 22.50 crores.

[1-00 — 1-10 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** The Minister-in-Charge of the Labour Department will please make a statement on the subject of situation arising out of Bonus Ordinance, 1977, attention called by Shri Ashoke Kumar Bose on the 6th September, 1977.

**শ্রী জ্যোতি বসু ঃ** তিনি অসুস্থ আজ আসতে পারবেন না।

**Mr. Deputy Speaker :** The Minister concerned is unwell. He will make the statement after 19th September, 1977. The specific date will be informed later on.

**Shri Suniti Chattaraj :** Under Rule 56 clause (2) আমি একটা notice দিয়েছি তার উত্তর কি হল?

## CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** I have received three notices of Calling Attention on various subjects which are as follows :

(1) Stoppage of export of prawn fish by Shri Saral Deb.

(2) Legislation for corneal grafting for the blind by Shri Sudhir Bhandari.

(3) Starvation death as reported in the Ananda Bazar Patrika by Shri A. K. M. Hassan Uzzaman.

Out of these three notices, I have selected the notice of Shri Saral Deb on the subject of stoppage of export of prawn fish. The text of his motion is as follows :

"When the people of West Bengal are facing crisis in the availability of fish, prawns are being exported abroad. I draw the attention of the Minister-in-charge of Fisheries Department in this matter and request him to take action for stopping this export of fish. I am also demanding a clear governmental policy on the subject."

The Minister-in-charge may please make a statement to-day, if possible, or give a date for the same.

**Shri Bhakti Bhusan Mandal :** To-morrow, Sir,

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি একটা প্রিভিলেজেস মোশন দিয়েছিলাম তার কি হল?

## RULING FROM CHAIR

**Mr. Deputy Speaker :**

The ruling given by me on 12. 9. 77 arose out of a definite point of order raised by Shri Dilip Mazumdar on an expression which Dr. Zainal Abedin used in course of his speech on the 9th September, 1977. Now Dr. Abedin in his notice dated 12. 9. 77 raises a point of privilege. He says that Shri Dilip Mazumdar while raising his point of order made some aspersion on him levelling certain allegations. Dr. Abedin seeks a definite ruling as whether to the same constitutes breach of privilege of the House and its members.

I have examined the entire relevant speech of Shri Dilip Mazumdar on 9. 9. 77 and the record of proceedings culminating in the impunged expression which runs as follows :

"আমরা যদি বলি জয়নাল সাহেব চোর। আমার কাছে অনেক তথ্য আছে, জয়লাল সাহেব চোর। তিনি দুর্গাপুর থেকে লক্ষ লক্ষ টাকা চুরি করেছেন।"

Dr. Abedin in his notice has stated that a member cannot say this and if he has any material he may bring a substantive motion. Under Sub-rule (v) of Rule 328 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, it has been laid down that a member shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution. But the provision of the Constitution which is attracted here is certain Articles like 211 which imposes a restriction on discussion in the Legislature with respect to the conduct of any Judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties. Under Article 121 of the Constitution, the conduct of such Judges can only be discussed in Parliament upon a motion drawn up in proper terms under the Constitution. Again no reflection is permitted against the President the Governor or the Presiding Officer of the Legislature whose conduct can be criticised only on a substantive motion. Sub-rule (v) of Rule 328 is accordingly not relevant in this case.

It is, of course laid down in Sub-rule (ii) of Rule 328 that a member should not make a personal charge against another member. But it would not be right to place an absolute ban on members making

such allegations especially when these assume public importance. According to the observation of the Rules Committee of Parliament—"In order to safeguard the honour of the people generally it was imperative that the members applied voluntary restraint and resorted to making allegations in cases of extreme necessity where there was an element of public interest". (Practice and Procedure of Parliament ; Kaul and Shakdher, 2nd Ed. page 777).

In the present case some allegations against Dr. Abedin made by Shri Dilip Mazumdar have gone on record. The words or expression used by Shri Mazumdar cannot strictly be called unparliamentary as the defamation word 'Chor' was used only in a hypothetical vein and not directly attributed to Dr. Abedin by the member. The member referred to certain information suggesting 'Abedin Saheb Chor.....etc.'. The information here relates to matters which have an element of public interest and it will not be proper to expunge the words or expressions which are not strictly unparliamentary as this would curtail the privilege of free discussion. The procedure in such cases is described by Kaul & Shakdher in the following lines :

"When any such allegation has gone on record the member against whom such allegations have been made is allowed if he so requests, to make a statement in the House clarifying the position either on the same day or later on and that brings the matter to an end (Practice and Procedure of Parliament ; page 779).

In view of the facts, circumstances, and points of law as stated above I observe that no question of privilege is involved on the point raised by Dr. Abedin. Dr. Abedin may, however, make a personal explanation under Rule 332 clarifying his position as regards the allegation by Shri Mazumdar, if he so likes. Lastly, I would like to observe further in this connection that while every member should certainly exercise some degree of restraint in making insinuations against other members, members of this House should not also be too sensitive to take every insinuation seriously as that will be against the spirit of parliamentary debate.

The notice of Dr. Zainal Abedin dated the 12th September 1977 under Rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly is accordingly disposed of.

[1-10 — 1-20 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনি রুলিং দিতে পারেন, দিয়েছেন। এরপরে আমাদের বলার কিছু নেই। তবে এটা প্রিসিডেন্ট, এরপরে হবে। আমার ব্যক্তিগত কৈফিয়তে

একথা বলি যে দিলিপ মজুমদার যে কথা বলেছেন সেটা পুরো অসত্য কথা, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং অভিসন্ধিমূলক কথা বলেছেন। এরপরে আপনার রুলিং-এর যদি একটা কপি পাই.....

(তুমুল হট্টগোল)

আমার মনে হয় রুলিং-এর রিভিউ-এর যদি স্কোপ থাকে তাহলে আপনি সেটা দেখবেন।

**Mr. Deputy Speaker :** Dr. Abedin you are a senior member of the House. You cannot have anything to say except your personal explanation.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, যে কোনও ব্যাড প্রিসিডেন্ট খুব হেলদি হয় না। আপনার রুলিং-এর পরে সবাই এটা ব্যবহার করতে থাকবে, তাতে হাউসের প্রোসিডিং ভালভাবে কন্ডাক্ট করা সম্ভব হবে বলে মনে করছি না।

**Mr. Deputy Speaker :** I will see to it later on. Now mention Cases.

## MENTION CASES

**শ্রী নকুলচন্দ্র মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত রিলিফ মিনিস্টার, পশ্চিমবঙ্গ সরকার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। কেয়ারের কাজকর্ম না করার দরুন পুরুলিয়ায় রিলিফের কাজে প্রচন্ড ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। স্যার, পুরুলিয়া জেলা থেকে কেয়ারের যে সমস্ত স্কীম পাঠিয়ে ছিল কোনও স্কীমই তারা অ্যাপ্রুভ করেননি। ফলে সেখানে কোনও টেস্ট রিলিফের কাজ হচ্ছে না এবং সারা জেলাতে একটা অ্যালারমিং সিচুয়েশন প্রিভেল করছে। অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য আমি আপনার মারফত পশ্চিমবঙ্গ সরকারের কাছে এবং মাননীয় রিলিফ মিনিস্টারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুনীলকুমার মজুমদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের একটা জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ৭ই সেপ্টেম্বর তারিখে বীরভূম জেলার মুরারই থানার পাইকর ব্লকের কামারপুর গ্রামে কংগ্রেসের আইনুদ্দিন মল্লিক, জমিরুদ্দিন মল্লিক চারটি বাড়িতে লুঠ করে ভোর ৩টা থেকে ৭টা পর্যন্ত এবং ভোর ৪টার সময় থানায় খবর দেওয়া সত্ত্বেও পুলিশ আসে ১০ টার সময়। কংগ্রেসি জোতদার, কিছু দুষ্কৃতকারি এবং পুলিশের সহযোগিতায় সেখানকার কৃষকদের উপর অত্যাচার চলেছে, এই বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিষয়ে সেটা হচ্ছে ১৯৭০ সালের ১৬ই অক্টোবর তালতলার অশোক দত্ত নামে একটা ছেলেকে পুলিশ ধরে নিয়ে যায়। সেই সময় রাষ্ট্রপতি শাসন ছিল এবং রাজ্যপাল ছিলেন ধাওয়ান সাহেব। ১৭ তারিখে ঐ ছেলেটির খোঁজ খবর নেবার জন্য ধাওয়ান সাহেবের কাছে তার পিতা-মাতা বিশেষ করে তার মাতা

একটা দরখাস্ত করেন। ধাওয়ান সাহেব তার উত্তরে বলেছিলেন এটার খবর নিয়ে আপনাদের জানাচ্ছি তিন মাস পরে। তিনি জবাব দিয়েছেন ১৯৭০ সালে। কিন্তু ১৯৭৭ সাল অবধি সরকারের কাছে ছোটাছুটি করে সেই ছেলেটি কি অবস্থায় রয়েছে, পুলিশ হেফাজতে আছে কিনা, না মারা গেছে তার কোনও খোঁজ খবর পাওয়া যাচ্ছে না। গত জুলাই মাসে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে তার মা আবার একটা দরখাস্ত করেছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি দয়া করে খোঁজ খবর নিয়ে প্রকৃত তথ্য জানিয়ে তার মা-বাবাকে মৃত্যুর হাত থেকে যেন রক্ষা করেন।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং পুরুলিয়া জুনিয়র হাই স্কুলের কথা বলছি। ১৯৬৬ সালে সেখানে একটি কমিটি গঠন করা হয়েছে কিন্তু সেই কমিটি পুরাপুরিভাবে গঠিত হয়নি এবং সরকারি প্রতিনিধি ১৯৭৭ সাল পর্যন্ত দেয়নি। কিন্তু সেই কমিটি আজ পর্যন্ত কাজ করছে এবং টাকা পয়সা ডিসবার্স করছে। সেখানকার একজন শিক্ষককে হেডমাস্টাররূপে নিয়োগ করা হয়েছে। আমি জানি না ওই কমিটি কিভাবে এই শিক্ষক নিয়োগ করলেন। আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ রাখছি ডি. আই অব স্কুলস কিভাবে ওই স্কুলে টাকা পয়সা দিচ্ছেন এবং শিক্ষক নিয়োগ করছেন সে সম্বন্ধে খোঁজ খবর নিন এবং ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ই সেপ্টেম্বর পুলিশের সাব-ইন্সপেক্টর এবং সার্জেন্ট নিয়োগের জন্য রিটেন একজামিনেশন নেওয়া হয়েছে। সেই একজামিনেশন এবং রেজাল্ট যাতে নিরপেক্ষ হয় এবং মুসলমান ও তফসিলি সম্প্রদায়ের লোক যাতে নিয়োগপত্র পায় তার জন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অরবিন্দ ঘোষাল :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া এবং হুগলি জেলার অর্ধাংশ লোক হাওড়া-আমতা লাইট রেলওয়ে দিয়ে যাতায়াত করত। কিন্তু গত ১০ বছর যাবত এই রেলওয়ে বন্ধ হয়ে থাকার ফলে লোকেরা বাস-এ করে যাতায়াত করছে এবং তার ফলে দেখছি প্রায়ই এক্সিডেন্ট হচ্ছে। হাওড়া-আমতা লাইট রেলওয়েকে ব্রড গেজ করার জন্য কিছুদিন আগে শ্রীমতী ইন্দিরা গান্ধী হাওড়া ময়দানে যে শিলান্যাস করেছিলেন সেটাও চুরি হয়ে গেছে। আমি সরকারের কাছে আবেদন করছি এই রেলওয়ে যাতে তাড়াতাড়ি খোলা হয় তার জন্য তারা ব্যবস্থা অবলম্বন করুন। এই রেলওয়ে না থাকার জন্য বহু লোকের অসুবিধা হচ্ছে এবং দিনের পর দিন এক্সিডেন্ট বেড়ে চলেছে।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী ক্ষিতিভূষণ রায়বর্মন :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে ট্রান্সপোর্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেসি শাসনে কলকাতার ট্রাম এবং বাসের অবস্থা একেবারে ঝরঝরে কাজেই আমাদের ট্যাক্সি ব্যবহার করতে হয় এবং সরকার সেইজন্য

ট্যাক্সিকে পারমিট, লাইসেন্স দিয়ে থাকেন। কিন্তু ট্যাক্সির মালিক এবং ড্রাইভারদের যে মনোভাব তাতে সাধারণ মানুষ এই ট্যাক্সি ধরতে পারে না। এমন কি অত্যন্ত জরুরি প্রয়োজনেও দেখি তাদের দয়ার উপর আমাদের নির্ভর করে থাকতে হয় এবং প্রয়োজনে ট্যাক্সি পাওয়া যায় না। এর প্রতিবিধান করবার জন্য আমি ট্রান্সপোর্ট মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি, তিনি এই ব্যাপারে ট্যাক্সি ওনার্স এবং ওয়ার্কারদের সঙ্গে বসে এর একটা মীমাংসা করুন। আমরা সকলেই জানি এই সমস্যা আজকে কলকাতার একটা প্রধান সমস্যা।

**শ্রী গুরুপ্রসাদ সিংহরায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কালনা থানায় কয়েকটি ক্যানেলের প্রান্ত ভাগে এসে পৌঁছেছে তাই এর মাধ্যমে চাষীরা তাদের প্রয়োজনীয় জল পান না এবং এগুলি এমন ভাবে নিচু জায়গা দিয়ে খনন করা হয়েছে যার ফলে চাষের উপযুক্ত জল পাওয়া যায় না। অতি বৃষ্টির সময় এই ক্যানেলগুলি দিয়ে এবং বেহুলা নদী দিয়ে ডি. ভি. সি.-র অতিরিক্ত জল ভাগিরথীতে পাশ করিয়ে দেওয়া হয়। এটাই হল কালনার ক্যানেলগুলির প্রধান উপযোগিতা। সমগ্র কালনা এলাকাকে সেচ এলাকা বলে ঘোষণা করা হয়েছে এবং সেচ কর আদায় করবার জন্য কংগ্রেস সরকারের আমল থেকে চাষীদের উপর জুলুম চলছে। আমাদের এই সরকার সেচ এবং অসেচ এলাকার জমি সম্পর্কে কতগুলি নূতন আইন করেছেন, এর উপর জমির সিলিং, জমির খাজনা ছাড় এবং লেভি আদায় প্রভৃতি ব্যাপারে গরিব কৃষক সুবিধা পাবে না। আমার অনুরোধ, যে এলাকায় সত্যিসত্যিই জল যায় না সেই এলাকাকে অসেচ এলাকা বলে ঘোষণা করা হোক এবং তারজন্য প্রয়োজনীয় তদন্ত করা হোক না হলে কালনা থানার চাষীরা ক্ষতিগ্রস্ত হবেন। আমি এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী উপেন্দ্র কিস্কু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল যে বাঁকুড়া জেলার রায়পুর থানা অন্তর্গত নলপুরা গ্রামে এক নতুন ধরনের রোগে ৪৫ জন আক্রান্ত হয়েছে এবং তার মধ্যে দুইজন মারা গেছে। স্বাস্থ্য দপ্তর থেকে কিছু কিছু ব্যবস্থা নেওয়া সত্ত্বেও আমরা দেখেছি ৪ জন মারা গেছে এবং আরও ১০০ জন মানুষ আক্রান্ত হয়েছে। এই রোগ মোড়ক আকারে ছড়িয়ে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর অবিলম্বে দৃষ্টি আকর্ষণ করছি এবং সেখানে অবিলম্বে মেডিক্যাল টিম পাঠাতে অনুরোধ করছি।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে একটি বিশেষ ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৬/৮/৭৭ তারিখে মিনিখা থানার মালঞ্চে ক্ষেতমজুর হৃদয় দাসকে কংগ্রেসি জোতদার ভরত দাস ঘড়ি চুরির মিথ্যা অপরাধে গুন্ডা রবীন দাস, উজ্জ্বল বিশ্বাস, রেনু চক্রবর্তী, নিতাই ময়রা তারা ভীষণ ভাবে পেটায়। পরে এই ভবেশ দাসের পকেট থেকে ঘড়িটা বের হয়। আর সেই পিটুনিতে উক্ত হৃদয় দাস একেবারে জখম হয়ে গিয়েছে এবং সম্পূর্ণ অক্ষম হয়ে গিয়েছে। দীর্ঘদিন হয়ে গেল প্রায় এক মাস হয়ে গেল সে এখনও অসুস্থ হয়ে আছে। তার পরিবার এখন অনাহারে দিন কাটাচ্ছে কারণ সে ছাড়া আর কোনও উপায়ী লোক তার পরিবারের

মধ্যে নাই। এখন এই ঘটনা উপলক্ষে ঐ অঞ্চলের ক্ষেত মজুরদের মধ্যে প্রচন্ড বিক্ষোভ দেখা দিয়েছে। স্যার, ওখানকার পুলিশ প্রশাসন এই বিষয়ে একেবারে উদাসীন। এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রী যেন অবিলম্বে হস্তক্ষেপ করেন, সেজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত শনিবার মালদহ জেলায় ভৈরবপুর গ্রামের কতকগুলি বাড়িতে দিন দুপুরে আক্রমণ করে লুঠতরাজ করা হয়েছে এবং সেখানে এখন টেনশন চলছে। স্যার, কংগ্রেসি নেতারা এদের মদত দিচ্ছে। সেখানে কয়েকদিন পুলিশ মোতায়েন করা হয়েছে, এখন শোনা যাচ্ছে পুলিশ ইউথড্র করা হবে। স্যার, পুলিশ ইউথড্র করলে এখুনি কিছু লোকের প্রাণ যাবে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব তিনি যেন এই দিকে নজর দেন এবং পুলিশ যাতে ইউথড্র না হয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করেন। এই অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বোধ হয় খবরের কাগজে আপনি দেখেছেন আনন্দবাজারে আজকে বেরিয়েছে এবং যুগান্তরে কয়েকদিন আগে বেরিয়েছিল এবং পেট্রিয়ট কাগজেও বেরিয়েছে যে বাংলাদেশ থেকে কি ভাবে স্মরানার্থীরা আবার পঃবাংলায় আসছে। এবং বাংলাদেশে যে সমস্ত সংখ্যালঘু লোক আছে তাদের উপর সেখানকার সরকার সুপরিকল্পিত ভাবে তাদের চাকরি থেকে বহিস্কার করছে এবং তাদের মা বোনদের উপর কি ভাবে অত্যাচার চালাচ্ছে এবং আরও নানাভাবে তাদের উপর অত্যাচার করছে। সুতরাং তারা বাংলাদেশ ছেড়ে আবার পুনরায় পঃবঙ্গে আসতে শুরু করেছে। সুতরাং এই গুরুত্বপূর্ণ ঘটনাটি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তিনি কেন্দ্রীয় সরকারের মাধ্যমে বাংলাদেশের সরকারের সঙ্গে যোগাযোগ করে এর একটি সুব্যবস্থা গ্রহণ করেন সেজন্য তাকে অনুরোধ জানাচ্ছি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষি বিভাগের মন্ত্রী মহাশয় এবং সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি। বিগত বন্যায় হাওড়া জেলার অনেকগুলি অঞ্চল প্লাবিত হয়ে যায় এবং সমস্ত ফসল নষ্ট হয়ে যায়। এইভাবে প্রতি বৎসর হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে যায়। এর ফলে পরে সেখানে আর সেচ না দিয়ে অন্য কোনও ফসল হয় না। সেইজন্য সেখানে নদীতে বাঁধ বেঁধে বোরো চাষের ব্যবস্থা করতে হয়। কিন্তু নদী হচ্ছে সেচ বিভাগের এবং বাঁধগুলি কৃষি বিভাগের মধ্যে পড়ে। এই জন্য অনেক অসুবিধা দেখা যাচ্ছে। সেই জন্য দুইটি বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি যে, এখনি তারা উদ্যোগ নিয়ে সময়মতো বাঁধগুলি বেধে যাতে বোরো ধানের চাষের জন্য জল সরবরাহ করা হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রী গুণধর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সব নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম যেভাবে বেড়ে চলেছে,

বিশেষ করে সরিষার তেল, ডাল, খোল ইত্যাদি এই সব জিনিসগুলির দাম অস্বাভাবিকভাবে বেড়ে চলেছে। অসাধু ব্যবসায়ীরা চক্রান্ত করছে, বিশেষ করে সেইসব ব্যবসায়ীরা যারা বেশির ভাগ বড় বড় কংগ্রেসের লোক তারা চক্রান্ত করছে এই সরকারের বিরুদ্ধে, সেইজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষয়ে তারা আগেই ব্যবস্থা নিয়েছেন, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছেন কিন্তু তবুও আমি এই বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করছি। তাছাড়া বাঁকুড়া জেলায় রেপসিড তেল সরিষার তেলের সঙ্গে মিশিয়ে বিক্রি করছে। এটা বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রী এবং আইন মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলার কো-অপরেটিভ ডিপার্টমেন্টের বিরুদ্ধে বহু ডিফলকেশন কেস পেন্ডিং রয়েছে এবং এইগুলি এক বৎসর নয়, ৮/১০ বছর ধরে এই কেসগুলি পেন্ডিং রয়েছে। এই কেসগুলি যাতে স্পিডি ডিসপোজাল হয়, তারজন্য আমি আইন মন্ত্রী ও সমবায় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ হরমোহন সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যে বক্তব্য রাখতে চলেছিলাম তা ইতিমধ্যেই গুণধর চৌধুরি মহাশয় দ্রব্যমূল্যের ব্যাপারে বলেছেন। আমি এই সঙ্গে একটা স্যাম্পেল নিয়ে এসেছি যে রেশনে কি রকম অখাদ্য দ্রব্য পরিবেশন করছে। আমাদের অ্যাসেম্বলি হোস্টেলে এই সব অখাদ্যগুলি দেওয়া হয়েছে তার স্যাম্পেল নিয়ে এসেছি এবং তা আমি আপনার কাছে রাখছি।

**শ্রী মহম্মদ সোহরব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার রঘুনাথপুর থানার এক নং ব্লকের মধ্যে রওলাতে একটি সাবসিডিয়ারি হেলথ সেন্টার তার কাজ খানিকটা হয়ে আজ ৮/১০ মাস হল বন্ধ হয়ে আছে যার ফলে সেই এলাকার লোকদের অসুবিধা হচ্ছে। আমি এই বিষয়ে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দেজ মেডিক্যাল স্টোর্স-এর সেলস রিপ্রেজেন্টেটিভরা দীর্ঘকাল ধরে আন্দোলন করছে সারা ভারতবর্ষে। তারা আজ ২৬ দিন যাবত কাজ বন্ধ করে বসে আছে। তারা তাদের বিভিন্ন দাবিদাওয়া নিয়ে আন্দোলন করছে এবং মালিকরা দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক কোনও বৈঠকেই আসতে চাচ্ছে না। শ্রমমন্ত্রী মহাশয় বা এই সরকারের আহ্বানে তারা সাড়া দেয়নি। তাই মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই সমস্ত সেলস রিপ্রেজেন্টেটিভদের যাতে দাবি দাওয়া আদায় হয় তারজন্য তারা এগিয়ে আসবেন।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল আমরা যেমন শিক্ষা সংকট আলোচনা করেছি সেই সময় আমি দুঃখের সঙ্গে উল্লেখ করতে চাই যে, উত্তরপাড়ার একটা প্রাচীন বিদ্যালয় তার ম্যানেজমেন্ট কমিটি এবং প্রধান শিক্ষকদের মধ্যে দ্বন্দ্ব থাকায় এই স্কুলটি ধ্বংস হয়ে যেতে বসেছে। সম্প্রতি এদের নিয়ে একটা মীমাংসা হয়েছিল, দুই

পক্ষই বসে মীমাংসার শর্ত গ্রহণ করেছিল কিন্তু তবুও এই স্কুলটি বন্ধ হয়ে আছে। অবিলম্বে হস্তক্ষেপ করে এই স্কুলটিকে রক্ষা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বৃহস্পতিবার আলিপুর মিন্টের একজন হরিজন কর্মী যার নাম হচ্ছে রামরাজওয়া তিনি কর্মরত অবস্থায় অসুস্থ হয়ে পি. জি. হাসপাতালে ভর্তি হন এবং পরদিন বেলা ১টা ৩৫ মিনিটের সময় মারা যান। তারপর দিন পুলিশ তার মৃতদেহ দেয় কিন্তু তাকে মিন্টে আনতে দেয় না। শুধু তাই নয়, পুলিশবেষ্টিত অবস্থায় সেই মৃতদেহ দাহ করবার জন্য নিয়ে যাওয়া হয় এবং তার ফলে মিন্টের কর্মচারিদের মধ্যে বিক্ষোভ দেখা দিয়েছে। আমি জানতে চাই বামফ্রন্ট সরকারের পুলিশ কি মৃতদেহ আনতেও বাধা দেবে? আমি এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের গ্রামাঞ্চলে ডাল, তেল, মশলাপাতি এবং অন্যান্য অত্যাবশ্যক দ্রব্যের দারুণ অভাব সৃষ্টি হয়েছে এবং দামও বৃদ্ধি হয়েছে। আমরা দেখেছি ডাল ৪ টাকার কমে পাওয়া যায়, না। এর কারণ হচ্ছে কলকাতার পোস্তা বাজার যেখান থেকে গ্রামাঞ্চলে মালপত্র যায় সেখানে গোলমালের দরুণ মালপত্র গ্রামাঞ্চলে যেতে পারছে না এবং তার ফলে একটা কৃত্রিম অভাব সৃষ্টি হয়েছে। আমি অনুরোধ করছি গ্রামাঞ্চলের সরবরাহ যাতে ঠিক থাকে এবং জিনিসপত্রের দাম কমে যায় তার জন্য সরকার ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বিচার পাব না জেনেও মেনশন করছি। আহ্মদপুরের জনকল্যাণ সমিতির নির্বাচিত মেম্বাররা কো-অপারেটিভ চালাচ্ছিলেন কিন্তু হঠাৎ দেখলাম অকারণে এবং বিনা অজুহাতে সেই কো-অপারেটিভ ভেঙ্গে দিয়ে সেখানে সরকার মনোনীত বোর্ড বসানো হয়েছে। শুধু তাই নয়, আরও আশ্চর্যের কথা যে, সেখানকার স্থানীয় এম. এল. এ., সি. পি. এম.-এর হওয়া সত্ত্বেও বাইরের এম. এল. এ.-কে মেম্বার করা হয়েছে। পুরানো বোর্ড ভাঙ্গা হল, স্থানীয় এম. এল. এ.-কে সেখানে অন্তর্ভুক্ত করা হল না এই হচ্ছে অবস্থা। জানি বিচার পাব না তবুও মেনশন করলাম।

[1-40 — 1-50 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে কিছু বক্তব্য রাখতে চাই। প্রথম কথা হচ্ছে এবারে অতিবৃষ্টি হওয়ার ফলে আবাদ প্রায় শেষ হতে চলল। দ্বিতীয় কথা হচ্ছে, হিন্দু এবং মুসলমানদের উৎসব পূজা এবং ঈদ আসছে। আমরা প্রতি বছর এই উৎসবের সময় গরিব মানুষদের কাপড় দেবার ব্যবস্থা করেছি। এবারে বোধ হয় কাপড়ের দাম অপেক্ষাকৃত বেশি কাজেই আপনারা নিজেরা উদ্যোগী হয়ে সব জায়গায় হিন্দু মুসলমান নির্বিশেষে এই পূজা এবং ঈদ ফেস্টিবেলের আগে যদি কাপড় বিলি করতে পারেন তাহলে যাদের পার্চেজিং পাওয়ার নেই তাদের সুবিধা হবে। এটা কোনও মেশিনারির মাধ্যমে বিলি করবেন সেটা আপনারা ঠিক করবেন, তবে লক্ষ্য রাখবেন ঠিকভাবে যেন বিলি বন্টন হয়। এটা করা যায় কিনা সেটা চিন্তা করুন কেননা এতে অনেক

গৃহস্থের সুবিধা হবে। তারপর, আপনারা চিন্তা করছেন ফ্রি গম দেবেন। আমার বক্তব্য হচ্ছে টেস্ট রিলিফের কাজ যদি আরও বাড়িয়ে দিতে পারেন, তাহলে যেখানে আবাদ শেষ হয়ে গেছে তারা কিছু কাজ পাবে। তারপর, আগে যে কথা বলেছি সেটাই আবার বলছি মডিফায়েড রেশন এলাকায় কাপড় বিলির ব্যাপারে আমাদের নিয়ম যা ছিল সেটা যদি খারাপ মনে করেন তাহলে আপনাদের নিজেদের মনের মতো নিয়ম করুন তবে মনে রাখবেন বোথ মেইল অ্যান্ড ফিমেল যেন এটা পায়।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি গতকাল যে প্রশ্ন তুলেছিলাম এখনও তার উত্তর পেলাম না। গত ২৮/৬/৭৭ তারিখে যে প্রিভিলেজ মোশন দিয়েছিলাম জানি না কোন অজ্ঞাত কারণে বা কার বাধার চাপে এই প্রিভিলেজ মোশনটি এল না। এ সম্বন্ধে কোনও রুলিং পর্যন্ত পাওয়া গেল না। স্যার, আই ওয়ান্ট জাস্টিস।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি এখনও জানি না। আমি তো অনারেবল মেম্বারকে ডেট দিতে বলেছিলাম। তার পর কনটেক্সটটা দেখে একজামিন করে আমি রুলিং দেব you have just given me the date. So how can you expect that I will give ruling without knowing the date. আপনি এই মাত্র ডেটটা দিলেন। আমি দেখব একজামিন করে রুলিং দেব।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 52, 53 & 60

### Demand No. 53

**Major Heads : 305—Agriculture, 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), and 705—Loans for Agriculture (Excluding Public Undertakings)**

### Demand No. 53

**Major Heads : 306—Minor Irrigation, 307—Soil and Water Conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Development, and 706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development.**

### Demand No. 60

**Major Heads : 314—Community Development (Excluding Panchayat), and 514—Capital Outlay on Community Development (excluding Panchayat)**

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার অনুমতি নিয়ে প্রথমে সমষ্টি উন্নয়ন বিভাগের ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য পেশ করতে চাই।

মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৬০ নং মূল দাবির অন্তর্ভুক্ত "৩১৪—সমষ্টি উন্নয়ন (পঞ্চায়েত বাদে)" এবং "৫১৪—সমষ্টি উন্নয়নে মূলধন বিনিয়োগ (পঞ্চায়েত বাদে)" ক্ষেত্রে ১৯৭৭-৭৮ সালে ব্যয়ের জন্য মোট ৯ কোটি ৮০ লক্ষ ৪৭ হাজার টাকা (যার মধ্যে ১৯৭৭ সালের মার্চ ও জুন মাসে অনুমোদিত অন্তর্বর্তীকালীন ব্যয় বরাদ্দ মোট ৪ কোটি ৯০ লক্ষ ২৩ হাজার টাকা ধরা হয়েছে) মঞ্জুরির জন্য এই প্রস্তাব পেশ করছি।

২। গ্রামীণ জনসাধারণকে নিজেদের প্রয়োজন সম্পর্কে সচেতন করে তোলা এবং জীবনযাত্রার মানোন্নয়নে প্রয়াসী হতে তাদের উৎসাহী করে তোলার মধ্যেই সমষ্টি উন্নয়ন পরিকল্পনার সাফল্য বহুলাংশে প্রতিষ্ঠিত। গ্রামীণ জনসাধারণের সহযোগিতাও অবশ্য বিবিধ উন্নয়নের কাজে পাওয়া সম্ভব হয়েছে। ব্লক পর্যায়ে যাবতীয় উন্নয়নমূলক কাজে জনগণের নিয়মিত সহযোগিতা ও পরামর্শ পাওয়ার উদ্দেশ্যে পরিকল্পনা রচনা এবং উন্নয়ন কার্যসূচির রূপায়ণে ব্লক কর্তৃপক্ষকে পরামর্শ দেওয়া ও সাহায্য করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের নিয়ে জনপ্রিয় কমিটি বা সমিতি গঠন করা হয়েছে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে সম্প্রতি ব্লক উন্নয়ন সমিতির গঠনতন্ত্রের কিঞ্চিৎ পরিবর্তন ও পরিবর্ধন করা হয়েছে।

৩। উন্নয়ন ব্লক হল সমষ্টি উন্নয়ন পরিকল্পনার অন্যতম লব্ধ ফল। সমষ্টি উন্নয়ন কার্যসূচির রূপায়ণ ছাড়াও পল্লী অঞ্চলে সাধারণ প্রশাসন ও সার্বিক উন্নয়নের ক্ষেত্রে ব্লকের ভূমিকা সবিশেষ গুরুত্বপূর্ণ। তাই আজ সকল বিভাগই দেশ গঠনের উদ্দেশ্যে তাদের সাধারণ ও বিশেষ উন্নয়ন প্রকল্পগুলি ব্লকের মাধ্যমেই রূপায়িত করে চলেছে। পল্লী উন্নয়ন ও প্রশাসনের পক্ষে অতি প্রয়োজনীয় ব্লককে যাতে শক্তিশালী করা যায় তার জন্য এই বিভাগ তার যাবতীয় সম্পদকে নিয়োজিত করছে। সাধারণ গ্রামীণ প্রশাসন ও উন্নয়ন কাজ ছাড়া, খরা ও বন্যাত্রাণ সাহায্য, ধান, চাল সংগ্রহ ও মজুত উদ্ধার অভিযান এবং ত্রাণকার্যের মতো জরুরি কাজগুলো সময়ে অসময়ে ব্লকের মাধ্যমেই চলিয়ে যাওয়া হচ্ছে। বর্তমান সরকারের আমলে সম্প্রতি সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, ব্লকের মাধ্যমে কোনও বিভাগের কোনও কাজ রূপায়নের কথা স্থির হওয়ার সঙ্গে সঙ্গে ঐ কাজের পূর্ণ বিবরণ প্রচারপত্র মারফত স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধিদের জানিয়ে দেওয়া হবে।

৪। সাম্প্রতিককালে সমষ্টি উন্নয়ন কার্যসূচির জন্য বরাদ্দ অর্থের পরিমাণ কঠোরভাবে হ্রাস করা হয়েছে। অর্থ তহবিলের দীর্ঘস্থায়ী ঘাটতির জন্য এই বিভাগের পক্ষে কোনও উন্নয়নমূলক প্রকল্পের কাজ হাতে নেওয়া সম্ভব হচ্ছে না। ব্যয় সংকোচের পরিপ্রেক্ষিতে বর্তমান সরকার স্থির করেছেন যে, ব্লক অফিসে অতিথি আপ্যায়ণ বাবদ যে অর্থ বরাদ্দ আছে তা আর ঐ খাতে ব্যয় করা হবে না। পরিকল্পনা খাতে যে অল্প পরিমাণ অর্থ পাওয়া গেছে, তা সমষ্টি উন্নয়ন কার্যসূচির ব্যাপারে ভারত সরকার কর্তৃক আরোপিত দায়বদ্ধ দ্বিতীয় পর্যায়ের ব্লকসমূহের কর্মচারিদের আংশিক খরচ ও ব্লকের অফিস-গৃহ নির্মাণে খরচ করা হচ্ছে। বেশ কয়েক বৎসর ব্লকের অফিস-গৃহ নির্মাণ বন্ধ থাকার পর গত বৎসর বর্ধিত পরিকল্পনা অনুমোদনের ভিত্তিতে বরাদ্দ অর্থে কুড়িটি বাড়ি নির্মাণ শুরু করা হয়। এ বৎসর আরও বেশি অর্থানুকূল্যের ব্যবস্থা করার প্রচেষ্টা হয়েছে এবং এই বাবদ ৪০ লক্ষেরও বেশি টাকা বরাদ্দ করা হয়েছে যাতে আরও বেশি গৃহনির্মাণ সম্ভব হয়।

[1-50 — 2-00 p.m.]

৫। তাছাড়া পল্লী উন্নয়নে নিযুক্ত সরকারি ও বেসরকারি ব্যক্তিদের প্রশিক্ষণ দেবার জন্য কয়েকটি প্রশিক্ষণ কেন্দ্রও এই বিভাগ পরিকল্পনা বহির্ভূত ব্যয়বরাদ্দ থেকে পরিচালনা করে থাকে। এই বাবদ এই বছরের জন্য ৪ লক্ষ ৯৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

এই বিভাগের কৃষি শাখার অধীনস্থ গ্রামসেবক প্রশিক্ষণ কেন্দ্রে চাষী ভাইদের পাম্প ও অন্যান্য উন্নত ধরনের কৃষি যন্ত্রপাতির চালনা ও মেরামতি বিষয়ে স্বল্পকালীন প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। এ বছর এ ব্যাপারে ৩ লক্ষ ৫৯ হাজার টাকা ধরা হয়েছে।

৬। ন্যূনতম প্রয়োজনভিত্তিক কার্যসূচির অন্তর্গত গ্রামীণ গৃহ-নির্মাণ প্রকল্পের কাজটির দায়িত্ব এই বিভাগেরই। পল্লী অঞ্চলে ভূমিহীন শ্রমিকদের বিনা মূল্যে বাস্তুজমি বিতরণ ছিল প্রকল্পটির মূল উদ্দেশ্য কিন্তু বাস্তু জমি বিতরণের পর্বটি মোটামুটি শেষ হওয়ার পরে ১৯৭৫-৭৬ সালের শেষভাগ থেকে রাজ্য সরকার প্রকল্পটির পরিবর্তন ঘটিয়ে বন্টিত জমির উপর পাঁচ শত টাকা পর্যন্ত সরকারি সাহায্যে গৃহ-নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন। ১৯৭৭ সালের ১লা জুন পর্যন্ত মোট ৪১,৬২১টি বাড়ি তৈরি হওয়ায় ৪০ হাজারের লক্ষ্যসীমার অতিরিক্ত অতিক্রান্ত হয়েছে। প্রাক্তন কংগ্রেস সরকার লোককে বিভ্রান্ত করবার জন্য ৪০ হাজার বাড়ির লক্ষ্য সীমায় পৌঁছনোর নামে যে অবস্থা সৃষ্টি করেছেন, তাতে উদ্দেশ্যটি মোটামুটিভাবে ব্যর্থ হয়েছে। স্থান নির্বাচন ও বাড়ি নির্মাণে ত্রুটি এবং দুর্নীতির জন্য বাড়িগুলি ভেঙ্গে পড়ছে। অনেক জায়গায় বাড়িগুলিতে কেউ যায়নি। সেইজন্য আমরা স্থির করেছি, সংখ্যার দিকে লক্ষ্য না রেখে আমাদের উদ্দেশ্য হবে উপযুক্ত স্থানে মানুষের বসবাসের উপযোগী বাড়ি নির্মাণ করা; গৃহহীন মানুষকে সাহায্যের নামে প্রচার ও অনুকম্পা প্রদর্শন নয়। আমরা মনে করি গৃহহীন মানুষকে তার মাথা গুঁজবার ঠাঁই করে দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব।

বাড়িগুলো যাতে আর একটু মজবুত হয় তার জন্য নির্মাণের সাজসরঞ্জাম বাবদ বরাদ্দ অর্থের পরিমাণ ৫ শত টাকা থেকে বাড়িয়ে দার্জিলিংয়ের ক্ষেত্রে দেড় হাজার টাকা এবং অন্যান্য ক্ষেত্রে এক হাজার টাকা করার একটা প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন। অবশ্য ২৪-পরগনার সুন্দরবন অঞ্চলে এবং জলপাইগুড়ির ডুয়ার্স অঞ্চলেও ঐ অর্থের পরিমাণ প্রয়োজনবোধে বাড়িয়ে দেওয়া হতে পারে। গৃহ-নির্মাণের কাজ ছাড়া ১৯৭৫ সালের ৪৭ নং আইন অনুসারে পল্লী অঞ্চলে অন্যের জমিতে অনুমোদিত বসবাসকারী ভূমিহীন মজুর, জেলে ও কারিগরদের উক্ত জমিতে স্বত্বাধিকার প্রদানের দায়িত্বটিও এই বিভাগের উপর ন্যস্ত হয়েছে। আশা করা যায়, ৭৪,৩০৫টি পরিবার এই আইনের বলে উপকৃত হবেন। গৃহ-নির্মাণ ইত্যাদি বাবদ এ বছর ১ কোটি ২৩ লক্ষ ৬৬ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে।

৭। অন্যান্য কতকগুলো বিভাগের কিছু কিছু কাজও এই বরাদ্দ মঞ্জুরির দাবির অন্তর্ভুক্ত। এই গুলি নিম্নরূপ :—

(ক) আটটি প্রথম পর্যায়ের সমষ্টি উন্নয়ন কেন্দ্রে জল সরবরাহের জন্য তদারকি ব্যবস্থা করা। এই কেন্দ্রগুলোতে কিছু কিছু ছোট ছোট উপ-শহর এবং প্রশাসনিক উপনিবেশ পত্তন করা হয়েছিল। সেখানে উচ্চ জলাধার থেকে নলের মাধ্যমে জল সরবরাহের ব্যবস্থা আছে।

এইসব কাজের তদারকির দায়িত্ব স্বাস্থ্য বিভাগের। তার জন্য ৫ লক্ষ ৬৯ হাজার টাকা ধরা হয়েছে।

(খ) প্রত্যেকটি ব্লককে মৎস্যবীজ ও মাছের চারাপোনা উৎপাদনে স্বয়ম্ভর করে তুলতে মৎস্য বিভাগের একটি কার্যসূচি আছে। এই প্রকল্প ১৭১টি ব্লকে চালু আছে। প্রকল্প অনুসারে প্রতিটি বাছাই করা ব্লকে মৎস্যবীজ এং চারাপোনা ভরতুকি দরে বিতরণ করা হবে এবং একটি করে ছোট মৎস্যবীজ খামার প্রতিষ্ঠা করা হবে। এ বছর ভালজাতের ১ কোটি ৩৬ লক্ষ ৮০ হাজার চারাপোনা শতকরা ৫০ ভাগ ভরতুকি দরে বিতরণ করা হবে। প্রস্তাবিত ১৪৪টি মৎস্যবীজ খামার থেকে ১ কোটি ৪৪ লক্ষ সাধারণ চারাপোনাও বিতরণ করা হবে। এই কার্যসূচি বাবদ ২৪ লক্ষ ৪৯ হাজার টাকা ধরা হয়েছে।

(গ) পশুপালন ও পশুচিকিৎসা বিভাগ প্রত্যেক ব্লকে পর্যায়বদ্ধ কার্যক্রমে একজন করে অতিরিক্ত সহকারি পশু চিকিৎসক নিয়োগের কার্যসূচি নিয়েছেন। তারফলে গ্রামে পশু চিকিৎসা বিষয়ে সাহায্যের ক্রমবর্ধমান দবি মেটানো সম্ভব হবে এবং পশু চিকিৎসা, পশু রোগ দমন ও রোগ নিরাময়ের ব্যাপারে আরও দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে পশু স্বাস্থ্যের ক্ষেত্রেও উপযোগিতা বৃদ্ধি পাবে। অতিরিক্ত সহকারি পশু চিকিৎসকরা পশু-খামার মালিকদের বাড়ি বাড়ি ঘুরে পশু চিকিৎসা বিষয়ে সাহায্য করে থাকেন। এ বছর এ ব্যাপারে ২১ লক্ষ ৬৫ হাজার টাকা ধরা হয়েছে।

এই বক্তব্য রেখে আমি মাননীয় সদস্যদের অনুমোদনের জন্য ব্যয়-বরাদ্দের দাবি পেশ করছি।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কৃষি বিভাগের অন্তর্গত সুন্দর বন ডেভেলপমেন্ট বোর্ডের কিছু অংশ মাননীয় মন্ত্রী প্রভাস রায়ের অধীনে থাকার জন্য তিনি এ বিষয়ে কিছু বলবেন।

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই ৫৩ নং ডিমান্ডের অধীনে সুন্দরবন ডেভেলপমেন্টের বোর্ডের চেয়ারম্যান হিসাবে আমি ওনার তরফ থেকে কিছু বক্তব্য রাখছি।

[2-00 — 2-10 p.m.]

**সুন্দরবনের সামাজিক ও অর্থনৈতিক পরিস্থিতি**

সুন্দরবন পশ্চিমবঙ্গের এক দরিদ্রতম এলাকা। অসংখ্য নদীনালায় বিভক্ত সুন্দরবনের জনবসতি—এলাকার আয়তন ৪,৪৯৩.৬ বর্গকিলোমিটার। ১৯৭১ সালের আদমসুমারি অনুযায়ী সুন্দরবনের মোট জনসংখ্যা ছিল প্রায় বিশ লক্ষ। মোট জনসংখ্যার ৩৭.৩৬ শতাংশ অধিবাসি তফসিলি সম্প্রদায়ভুক্ত ও ৫ শতাংশ অধিবাসি উপজাতি সম্প্রদায়ভুক্ত। মোট শ্রমজীবিদের প্রায় ৯০ শতাংশ কৃষির উপর নির্ভরশীল। কিন্তু সেচের সুবিধা না থাকায় এই অঞ্চল মূলত একফসলী এলাকা। সেইজন্য কৃষি হতে আয়ের পরিমাণ অল্প। এ ছাড়া কৃষিজীবিদের প্রায় অর্ধাংশ ভূমিহীন, তাদের দারিদ্র্য আরও প্রকট। এ ছাড়া জলনিকাশি সমস্যা, বন্যার প্রকোপ

ইত্যাদি আবাদি জমির পূর্ণ সদ্ব্যবহারের পথে প্রবল অন্তরায়। সুন্দরবনের আর একটি প্রধান সমস্যা যাতায়াতের অসুবিধা। এই অঞ্চলে রেলপথের মোট দৈর্ঘ্য মাত্র ৪২ কিলোমিটার, পাকা সড়কের দৈর্ঘ্যও স্বল্প, নদীপথই পরিবহনের প্রধান সহায়। কিন্তু লঞ্চে যাতায়াতের যে সুবিধা বর্তমানে আছে তা চাহিদা অনুযায়ী অতি নগণ্য। খুব কম সংখ্যক স্থানেই জেটি আছে। যোগাযোগের এই অসুবিধা অধিকাংশ এলাকায় বিদ্যুতের অনুপস্থিতি ইত্যাদির জন্য সুন্দরবনে কোনও উল্লেখযোগ্য শিল্প গড়ে ওঠে নি। সুতরাং কর্মসংস্থানের সুযোগ সুন্দরবনে নিতান্ত সীমাবদ্ধ। স্বাস্থ্য ও শিক্ষাক্ষেত্রেও সুন্দরবন পশ্চিমবঙ্গে বিশেষ অনগ্রসর। সুন্দরবন উন্নয়ন পর্ষদ্ সুন্দরবনের মোট ১,০৬০টি গ্রামের ৪৭৮টি গ্রামের সমীক্ষা করে যে অন্তবর্তী রিপোর্ট প্রকাশ করেছেন তাতে দেখা যায় যে, সুন্দরবনে মোট পুরুষদের মধ্যে শতকরা মাত্র ২৫ জন ও মহিলাদের মধ্যে শতকরা মাত্র ৮ জন অক্ষরজ্ঞান-সম্পন্ন। অন্যদিকে পশ্চিমবঙ্গে গড়ে পুরুষদের মধ্যে শতকরা প্রায় ৪৩ জন ও মহিলাদের মধ্যে শতকরা ২২ জন অক্ষরজ্ঞান-সম্পন্ন।

এইসব পরিসংখ্যান থেকেই বোঝা যায় যে, সুন্দরবন পশ্চিমবঙ্গের মধ্যে এক বিশেষ অনগ্রসর এলাকা। একথা দুঃখের সঙ্গে মনে আসে, যে সুন্দরবন একসময় ২৪-পরগনা তথা পশ্চিমবঙ্গের শস্যভাণ্ডার ছিল সেই সুন্দরবনের বর্তমান অর্থনৈতিক অবস্থা এতই শোচনীয় যে, সেই অঞ্চলের হাজার হাজার মানুষ ক্ষেতমজুর ও মহাজনদের শোষণ জমিহারা হয়ে কলকাতায় ভিক্ষাবৃত্তি করতে আসতে বাধ্য হয়, এর প্রকৃত সমাধান ভূমিহীন ও গরিব চাষিকে জমির মালিক করা।

সুতরাং সুন্দরবনের ব্যাপক সমস্যাগুলির সমাধানের জন্য সমবেত ঐকান্তিক প্রচেষ্টা প্রয়োজন। তাই সুন্দরবনের সর্বাঙ্গীন উন্নতির লক্ষ্য নিয়ে সুন্দরবন উন্নয়ন পর্ষদ কাজ করার চেষ্টা করে যাবে।

**গত বছরের কার্যকলাপের সংক্ষিপ্ত বিবরণ**

পূর্ববত সরকার ১৯৭২-৭৩ সালে উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের অধীনে পৃথক সুন্দরবন উন্নয়ন বিষয়ক শাখা ও সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করেন।

গত বছর অর্থাৎ ১৯৭৬-৭৭ সলে সুন্দরবন এলাকা উন্নয়নের জন্য রাজ্য বাজেটে ৬০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। এ ছাড়া সুন্দরবন উন্নয়ন পর্ষদ 'কেয়ার' সংস্থার কাছ থেকে উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়ণের জন ৬,০০০ মেট্রিক টন গম পেয়েছিল। গ্রামীণ উৎপাদন কার্যসূচির (Rural Production Programme) বরাদ্দ হ'তে পুষ্করিণী সংস্কারের জন্য আরও ২ লক্ষ ১৪ হাজার টাকা দেওয়া হয়েছিল। এই অর্থ ও গমের দ্বারা নিম্নলিখিত কার্যগুলি প্রধানত করা হয়েছে ঃ

২৭টি বিকাশকেন্দ্রে ২,৬৩৯ জন প্রধানত প্রান্তিক ও ক্ষুদ্র চাষীদের সংগঠিত ক'রে বীজ, সার, কীটনাশক ঔষধ ইত্যাদি অনুদান দিয়ে ৩,২৭২.১৭ একর জমিতে রবি মরশুমে নানাবিধ ফসল উৎপাদন করা হয়েছিল। জল নিকাশ ব্যবস্থার উন্নতির জন্য ৬টি স্লুইস (আংশিক), ৩৯টি কালভার্ট নির্মাণ করা হয়েছে। যোগাযোগ ব্যবস্থার

উন্নতির জন্য ৫টি ইট-বিছানো গ্রামীণ রাস্তা, ২৮টি কাঠের সেতু, ১৭টি কাঠের জেটি নির্মাণ করা হয়েছে ;

ভূমিহীন কৃষকদের আর্থিক অবস্থার উন্নয়নের জন্য বিনামূল্যে বাস্তুভিটায় ফলচাষের জন্য লেবুচারা, পেঁপের বীজ, উপযুক্ত পরিমাণ সার দেওয়া হয়েছে। ২,৫০০ পরিবার এই সাহায্য পেয়েছেন।

গত বছর বন্যাপ্লাবিত এলাকায় প্রায় ২৫০টি পুষ্করিণীর লবণাক্ত জল তুলে ফেলে পাড় (ঘিরে) দেওয়া হয়েছে। কাকদ্বীপে লবণাক্ত জলকে মিষ্টি জলে রূপায়ণ করার একটি প্রকল্প রূপায়িত হচ্ছে। সুন্দরবনে পর্যটন ব্যবস্থা গড়ে তোলার প্রাথমিক পদক্ষেপ হিসাবে 'মধুকর' নামে একটি নতুন লঞ্চ কেনা হয়েছে। সুন্দরবনের সম্পূর্ণ সামাজিক ও অর্থনৈতিক সমীক্ষার কাজ চলছে। এই সমীক্ষায় আজ পর্যন্ত ৪৭৮টি গ্রামের তথ্যানুসন্ধান সমাপ্ত হয়েছে। গম দিয়ে "শ্রমের বদলে খাদ্য" প্রকল্পের অধীনে ৬১টি মজা খাল ও পুষ্করিণী সংস্কার করা হয়েছে। সুন্দরবনের বাঁধসমূহের ১৩টি অংশ মেরামত ও মজবুত করা হয়েছে, ৩৬টি আড় বাঁধ ও ৪৮টি গ্রামীণ কাঁচা রাস্তা নির্মাণ করা হয়েছে।

**বামফ্রন্ট সরকারের লক্ষ্য**

পূর্বতন সরকার ১৯৭২-৭৩ সালে যখন সুন্দরবন উন্নয়ন শাখা ও সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করেন সেই বছর বাজেট বরাদ্দ করেছিলেন মাত্র ১ লক্ষ টাকা। আর বামফ্রন্ট সরকার তাদের প্রথম বাজেটেই সুন্দরবনের উন্নয়নের জন্য বরাদ্দ করেছেন ১ কোটি ২০ লক্ষ টাকা। অবশ্য, সুন্দরবনের সার্বিক উন্নতির জন্য এই বরাদ্দ মোটেই যথেষ্ট নয়, আরও অনেক বেশি অর্থের প্রয়োজন। এইজন্য আমি 'কেয়ার' সংস্থাকে ৬,০০০ মেট্রিক টন গমের বরাদ্দ বাড়িয়ে ১০,০০০ মেট্রিক টন করবার জন্য অনুরোধ করেছি। এ ছাড়া সুন্দরবনে ৫০টি স্লুইস গেট নির্মাণ করার জন্যও তাদের কাছে অর্থসাহায্য চেয়েছি। তারা রাজিও হয়েছেন। আশা করি এই ব্যাপারে প্রয়োজনীয় কেন্দ্রীয় অনুমতি পাওয়া যাবে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে, সুন্দরবনের উন্নয়নে জলনিকাশি ব্যবস্থার বিশেষ গুরুত্ব উপলব্ধি ক'রে বর্তমান সরকার সীমিত সামর্থ্যের মধ্যেও এই বছরে ৫টি নূতন স্লুইস নির্মাণ করবেন। অর্থাৎ মোট ৫৫টি হবে। ইতিপূর্বে এতগুলি স্লুইস কোনও বৎসর হয়নি। অনগ্রসর সুন্দরবনের উন্নয়নে কেন্দ্রীয় সাহায্যেরও বিশেষ প্রয়োজন, কারণ রাজ্য সরকারের অতি সীমিত সঙ্গতির মধ্যে সুন্দরবনের উন্নয়নের জন্য যত অর্থ প্রয়োজন তা বরাদ্দ করা কঠিন।

[2-10 — 2-20 p.m.]

বর্তমান সরকার সীমিত সঙ্গতির মধ্যে একটি সুষ্ঠু কার্যক্রম গঠন করেছেন।

আমাদের কার্যসূচির লক্ষ্যগুলি প্রধানত এই—

(ক) একফসলি জমিকে বিকাশ কেন্দ্রগুলির মাধ্যমে যথাসম্ভব দুইফসলি করা।

(খ) বন্যার আক্রমণ থেকে আবাদি জমি রক্ষা করা, জলনিকাশ ব্যবস্থার উন্নতি, মজা খাল, পুষ্করিণী সংস্কার ক'রে সীমিত সেচের সুযোগ সৃষ্টি করা।

(গ) ক্ষুদ্র ও কুটিরশিল্পের মাধ্যমে স্থায়ী কর্মসংস্থান।

(ঘ) আধুনিক প্রথায় মৎস্যচাষের প্রবর্তন।

(ঙ) সাক্ষরতা ও সামাজিক চেতনার প্রসার।

(চ) যোগাযোগ ব্যবস্থার উন্নতি।

আমাদর নতুন উদ্যমের কয়েকটি দিকের প্রতি আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করি।

এই বছর আমরা ৪১৫টি শিক্ষাকেন্দ্র স্থাপন করছি যার মাধ্যমে প্রাপ্তবয়স্ক পুরুষ ও মহিলাদের নিরক্ষরতা দূরীকরণের চেষ্টা হবে।

সুন্দরবনে অসংখ্য পুষ্করিণী রয়েছে কিন্তু তার সদ্ব্যবহার সামান্যই হয়। প্রণোদিত মৎস্য প্রজনন (Induced fish breeding) ও মৎস্য চাষের মাধ্যমে পুষ্করিণীর ব্যবহার তথা মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য একটি সুসংবদ্ধ প্রকল্প তৈরি করছি।

নৌকাযাত্রীর প্রাথমিক সুবিধাগুলি দেওয়ার উদ্দেশ্যে নির্বাচিত ঘাটগুলিতে আশ্রয়স্থল নির্মাণ করা হবে।

পূর্বতন সরকার 'মধুকর' লঞ্চটির জন্য অর্ডার দিয়েছিলেন মাত্র। আমি এটি গার্ডেনরিচ ওয়ার্কশপ কর্তৃপক্ষের নিকট হ'তে গ্রহণ করি।

সুন্দরবনে এই প্রথম নিয়মিত পর্যটন ব্যবস্থার পত্তন হয়। অল্পবিত্ত পর্যটকরা যাতে সুন্দরবনে ভ্রমণ করতে পারেন তার জন্য ভাড়া যতদূর সম্ভব কম রাখা হয়েছে। এই উদ্যম ইতিমধ্যেই জনপ্রিয় হয়েছে।

এইসব নতুন কর্মোদ্যম ছাড়াও পূর্বতন প্রকল্পগুলিরও কাজ শুরু অব্যাহত থাকবেই তা নয় বরং সেইসব প্রকল্পের কাজ বহুলাংশে সম্প্রসারিত হবে। যেমন বিকাশ কেন্দ্রগুলির মাধ্যমে আরও অধিক সংখ্যায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের সংগঠিত করে অনেক ব্যাপকভাবে রবি মরসুমে চাষ হবে। মুরগি, শূকর ইত্যাদি পালনের জন্য ঋণের পরিমাণ বাড়ানো হবে। বাঁধ মেরামতি, আড় বাঁধ নির্মাণ, মজা খাল ও পুষ্করিণীর সংস্কার নতুন নতুন স্লুইস গেটের মাধ্যমে উৎপাদনমুখী প্রচেষ্টা খানিকটা সুরক্ষিত হবে, অর্থনৈতিক উন্নতি কিছুটা প্রশস্ত হবে ও নতুন কর্মসংস্থান হবে।

আমাদের কর্মসূচির মূল লক্ষ্য, অনগ্রসর সুন্দরবনের দ্রুততর সর্বাঙ্গীন উন্নয়ন। লক্ষ লক্ষ দারিদ্র্যক্লিষ্ট মানুষের কল্যাণে আমাদের সীমিত সঙ্গতির নিয়োগ। আমাদের কর্মপদ্ধতির মূল কথা, জনসাধারণের আকাঙ্খাকে প্রকল্প মাধ্যমে রূপায়িত করা ও তাঁদের সহযোগিতায় নির্বাচিত প্রকল্পগুলির সুষ্ঠু-রূপায়ণ। লক্ষ লক্ষ শোষিত ব্যথিত মানুষের অনেকদিনের পুঞ্জীভূত সমস্যার সমাধান সহজসাধ্য নয়, কিন্তু আমি আশা করি আপনাদের সহযোগিতায় সঠিক পথে অগ্রসর হতে ও যথার্থ উন্নয়নের সুদৃঢ় ভিত্তি স্থাপন করতে সক্ষম হবে। আমি আশা করি যে ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে সদস্যগণ সর্বসম্মতভাবে তা সমর্থন করবেন।

**Mr. Chairman :** All the cut motions are in order and taken as moved.

## DEMAND NO. 52

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Shri Rashbehari Pal :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

## DEMAND NO. 53

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Kiranmay Nanda :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Sasabindu Bera :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

## DEMAND NO. 60

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

[2-20 — 2-30 p.m.]

**শ্রী জন্মেঞ্জয় ওঝা ঃ** মাননীয় সভাপাল মহোদয়, মাননীয় কৃষি মন্ত্রী যেখানে শেষ করেছেন আমি সেখান থেকে শুরু করছি। তিনি বলেছেন কৃষি মন্ত্রী হবার পর বিধান সভায় সব দলের কাছে অকুণ্ঠ সহযোগিতা চেয়েছি, সেই সহযোগিতা আবার চাই, তা না হলে এই সমস্যা সংকুল অবস্থা থেকে পশ্চিম বাংলাকে উদ্ধার করতে পারব না। আমাদের জনতা পার্টির তরফ থেকে আমি তাঁকে অকুণ্ঠ সমর্থনের আশ্বাস দিচ্ছি। তবে এই সঙ্গে আমাদের কতকগুলি কথা আছে, সেগুলি তাকে একটু বিবেচনা করতে হবে। মাননীয় সভাপাল মহোদয়, কৃষি মন্ত্রী তাঁর ভাষণে অকুণ্ঠভাবে সত্যিকারের চিত্র তুলে ধরেছেন। তিনি বলেছেন যে কৃষি দপ্তরের সঙ্গে সেচ অন্যান্য দপ্তরের সমন্বয় আছে। কিন্তু আমি দেখছি সমবায় দপ্তর এবং অন্যান্য দপ্তরের যে সমন্বয় থাকা উচিত ছিল দুঃখের বিষয়ে সেই সমন্বয় নেই। ১৯৬৬ সালে যে এগ্রিকালচার কমিশন গঠিত হয়েছিল সেই কমিশন তার প্রতিবেদনে বলেছিলেন কৃষি দপ্তর একটা হেটারোজেনাস বডি এবং বিভিন্ন দপ্তরের মধ্যে যে সমন্বয় থাকা উচিত তা নেই এবং তার নিজস্ব দপ্তরের বিভিন্ন শাখার মধ্যে যে সমন্বয় থাকা উচিত ছিল তা নেই। মাননীয় সভাপাল মহোদয়, কৃষিমন্ত্রী আরও বলেছেন কংগ্রেস সরকার বিরাট বিরাট সমস্ত প্রকল্প

নিয়েছিলেন, বিরাট প্রত্যাশা জনসাধারণের মনে তুলে ধরার চেষ্টা করেছিলেন এবং প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় করে ভারতবর্ষের দারিদ্র্য বাড়িয়ে তুলে ধরেছিলেন, এবং শেষ পর্যন্ত জনসাধারণের মধ্যে এসেছে গভীর হতাশা। কৃষি মন্ত্রী নিশ্চয়ই সে কথা মনে রেখে এখানকার কৃষির পুনর্গঠনের জন্য চেষ্টা করবেন এই ছিল আমাদের প্রত্যাশা। কিন্তু দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি গতবারের যে কংগ্রেসি বাজেট এবং এবারের যে বামপন্থী বাজেট-এর মধ্যে বিশেষ কোনও তফাত নেই। গতবার সাত্তার সাহেব চেয়েছিলেন ৬৫ কোটি ৪৮ লক্ষ ২১ হাজার টাকা, এবারে বামফ্রন্টের মন্ত্রী চেয়েছেন ৬৪ কোটি ৮০ লক্ষ ৫৯ হাজার টাকা। এখন কৃষির উন্নতির জন্য টাকা চাই। এখানকার সেচ পরিকল্পনাগুলি চালু করতে হবে, ছোট সেচ পরিকল্পনাগুলি তৈরি করতে হবে এবং এলাকার কৃষির জন্য আরও কিছু বেশি খরচ করতে হবে, কিন্তু টাকার বরাদ্দ কম। শুধু তাই নয়, কৃষির জন্য অত্যাবশ্যক জিনিস হচ্ছে সার, সেখানে একটা অদ্ভুত সামঞ্জস্য দেখছি। গতবারে কংগ্রেস সরকার যে সার চেয়েছিলেন বা পেয়েছিলেন, এবারেও ঠিক তাই, বরং তার চেয়ে কম। এখন যদি জল, সার না পাওয়া যায় তাহলে শুধু কথার দ্বারা কি কাজ হতে পারে? মাননীয় সভাপাল মহোদয়, পশ্চিমবাংলার একটা বিশেষ গুরুত্ব আছে, কৃষিতে। যদিও এখানে শিল্প বিশেষ উন্নত এবং এখানে অন্যান্য রাজ্যের তুলনায় কৃষির উপর নির্ভরশীল লোকের সংখ্যা কম তবুও এখানে শতকরা ৫৭ ভাগের বেশি কৃষির উপর নির্ভরশীল। কিন্তু গ্রামাঞ্চলের অধিকাংশ লোক কৃষির উপর নির্ভরশীল। ভারতবর্ষের দিকে দিকে গমের সবুজ বিপ্লব হয়েছে, সেখানে পশ্চিমবঙ্গের নেতৃত্বে ধানের সবুজ বিপ্লব হওয়া উচিত ছিল। ভারতবর্ষের ধানের চাষযোগ্য জমি প্রায় ৩৮ মিলিয়ান হেক্টর, তার মধ্যে ৫ মিলিয়ান হেক্টর হচ্ছে পশ্চিমবঙ্গে। বিহারের পরে এর স্থান। এখানে আমরা যদি ধান চাষে নেতৃত্ব দিতে না পারি তাহলে আমাদের এখানে সবুজ বিপ্লব কখনও সম্ভব হতে পারে না। সবুজ বিপ্লব সম্ভব হবে একমাত্র যদি আমরা এখানে কিছু সেচ প্রকল্প চালু করতে পারি। আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গে যত জমি আছে তার মাত্র শতকরা ২৫ ভাগ জমি সেচভুক্ত।

তামিলনাড়ুতে দেখুন শতকরা ৪১ ভাগ সেচভুক্ত এলাকা। তামিলনাড়ু এবং পশ্চিমবাংলার নদীর মধ্যে তফাত রয়েছে। আমাদের এখানকার নদীগুলি বরফগলা জল পাওয়া যায় কিন্তু তামিলনাড়ুতে তা নেই। কাজেই আমরা যদি সেই জল ধরে রেখে আমাদের এখানে চাষের ব্যবস্থা করতে পারি তাহলে আমাদের এখানে সবুজ বিপ্লব হবে। আমাদের কৃষিমন্ত্রী বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়ের কথা যা বললেন তাতে আমার অভিজ্ঞতা একটু অন্যরকম। আমি কয়েকদিন আগে কৃষিমন্ত্রীর কাছে একটা সাপ্লিমেন্টারি কোশ্চেন করেছিলাম যে, এখানে কেন্দ্রের ফ্লাড স্টাডি টিম আসছে কিনা? তিনি বললেন এটা কেন্দ্রীয় সরকারের দপ্তর, কাজেই তিনি বলতে পারবেন না। কিন্তু আমরা অবাক হয়ে দেখলাম সেই কেন্দ্রীয় সরকারের স্টাডি টিম এসেছে। কাজেই কৃষি দপ্তরের সঙ্গে সেচ দপ্তরের যে সমন্বয় হয়. নি সেটা প্রমাণিত হল। তারপর, কৃষি দপ্তরে নিজেদের মধ্যে কত যে বিভেদ রয়েছে সেটা আমরা ভালভাবে বুঝতে পারব যদি এটা আমরা ভালভাবে অনুসন্ধান করি। আমরা জানি কৃষকের উন্নতি করা যায় সেচের দ্বারা। গ্রামে যে সমস্ত ঘেরা বাঁধ রয়েছে তার জল সংরক্ষণ করা যায় বা যেখানে লোনা জলের খাল রয়েছে তার হাত থেকে রক্ষা করা যায়। জমিদারী অধিগ্রহণের পর এই

সমস্ত ঘেরা বাঁধগুলো গিয়েছিল ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেন্টে এবং তারাই এগুলি সংরক্ষণ করত। তারপর এগুলি গেল ইরিগেশন ডিপার্টমেন্টের হাতে। কিন্তু ইরিগেশন ডিপার্টমেন্ট আজ পর্যন্ত সেগুলি গ্রহণ করেনি এবং তার ফলে এই ঘেরি বাঁধগুলো মেরামত হচ্ছে না। কোথাও কোথাও হয়ত মেরামত হয়েছে কিন্তু অধিকাংশ জায়গাতেই এই ঘেরি বাঁধগুলো মেরামত করা হয়নি। এর ফলে দেখছি আমাদের কৃষির উৎপাদন কমে যাচ্ছে। এই সম্পর্কে কি ব্যবস্থা করা যায় তার কোন ইংগিত কৃষিমন্ত্রী দেননি। আমি আশা করব তিনি এই বিষয়ে ব্যবস্থা করবেন এবং বিভিন্ন দপ্তরের মধ্যে একটা সমন্বয় করবেন যে কোন বিভাগ এই ঘেরি বাঁধগুলো নেবে। তারপর, আমাদের কৃষিমন্ত্রী নতুন এসে নিশ্চয়ই তিনি তাঁর দপ্তরে অনুপ্রবেশ করেছেন এবং নিশ্চয়ই দেখেছেন এর মধ্যে কত দুর্নীতি রয়েছে। আমরা ইতিপূর্বে কংগ্রেসি আমলে দেখেছি রেট সর্বোচ্চ হলেও মেনন এন্ড কোং টেণ্ডার দেওয়া হতো। ভেতরে ভেতরে ব্যবস্থা থাকার ফলে তারাই টেণ্ডার পেত। কিন্তু একটা জিনিস দেখে অবাক লাগছে সেই মেনন এণ্ড কোং এবারেও টেণ্ডার পেতে চলেছে। তারপর, গ্রামাঞ্চলে চাষিদের দেওয়া হয়েছে রকমারি পাম্প সেট এবং তার দাম বাজার মূল্যের চাইতে এক হাজার টাকা বেশি দেওয়া হয়েছে প্রতি সেটে। কিন্তু এই সমস্ত পাম্প সেট খুবই নিম্নমানের। ফোর হর্স পাওয়ার লিস্টার মেশিন এরকম বহু মেসিন হয়েছে যার দ্বারা কোনও কাজ হয় নাই। চাষিরা এগুলি নিয়েছে কিন্তু তার মাধ্যমে জল ওঠে না। কিন্তু আশ্চর্যের বিষয় তা সত্ত্বেও চাষিদের উপর নোটিশ গেল তোমরা টাকা সুদ সহ ফেরত দাও। তারপর, অন্যান্য যে সমস্ত পাম্প সেট দেওয়া হয়েছে তার দাম অনেক বেশি এবং কৃষকদের সেগুলি নিতে বাধ্য করা হয়েছে। দপ্তরের বড়বড় আমলাদের কারসাজিতে এরকম অবস্থা হয়েছে এবং কোম্পানির লোকের সঙ্গে তাঁদের আঁতাত থাকার ফলে নিম্নমানের পাম্প সেট বিলি করা হয়েছে। রাজ্যভিত্তিক কমিটি গঠন করে, সংস্থা গঠন করে মুখ্যমন্ত্রীর কাছে ধর্না দিয়েছে চাষিরা। এই ব্যাপারে মুখার্জি তদন্ত কমিটি নিয়োগ করা হয়েছিল এবং তাঁরা বলেছেন খারাপ পাম্প সেট দেওয়া হয়েছে।

[2-30 — 2-40 p.m.]

তাছাড়া পাম্প সেট দেওয়া হয়েছে অনেক কিন্তু সেই পাম্প সেটগুলি কিভাবে চালাতে হয়, চাষিরা জানে না সেগুলির জন্য উন্নত ধরনের জ্বালানি তেল সরবরাহ নাই, লুব্রিকেটিং ওয়েল সরবরাহ নাই, এবং তারজন্য কিছু মেকানিজম জানা দরকার সে জ্ঞান তাদের নেই। তা জেনে শুনে ভাল মেকানিস্ট সরবরাহ করার কোনও ব্যবস্থা হয়নি। যার ফলে নিম্নমানের জ্বালানি তেল লুব্রিকেটিং ওয়েল এবং তার উপরে বাজারে যে মেশিনারি পাম্প পাওয়া যায় যা অত্যন্ত নিম্ন মানের। ব্যবহারের ফলে মধ্যবিত্ত কৃষক পরিবার যে সমস্ত কৃষকেরা পাম্প সেট পেয়েছিল তারা সর্বশান্ত হয়ে গিয়েছে। এরপর তাদের উপরে সুদে-আসলে ১০/১৫ হাজার টাকা দাবি এসেছে এবং তাদের সম্পত্তি নিলামের জন্য নোটিশ দেওয়া হয়েছে। এদের সম্পর্কে যদি কিছু ব্যবস্থা না করা যায় তাহলে তারা আবার অনেকে ভূমিহীন হবে। আমি প্রস্তাব করতে চাই, মাননীয় কৃষিমন্ত্রীর কাছে যে মুখার্জি কমিটির রিপোর্টের ভিত্তিতে যে সমস্ত পাম্প সেট একেবারেই চলেনি তাদের দাম বাদ দিয়ে দেওয়া হোক, আর যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের জন্য কিস্তিতে কিস্তিতে সুদ বাদ দিয়ে টাকা নেওয়ার ব্যবস্থা করা হোক। তবেই

গরিব কৃষকেরা বাঁচতে পারে। তারপর এবারে একটা নির্দেশ দিয়েছে বি. ডি. ও. অফিসে— নির্দেশ হচ্ছে যে বি. ডি. ও. অফিস থেকে কৃষি দপ্তর আলাদা হয়ে গেল এবং তার জন্য গ্রামসেবকেরাও আলাদা হয়ে গেল। কৃষি দপ্তরের অধীনে যে সব গ্রামসেবক আছে তাদের উপর একটা নতুন নির্দেশ দেওয়া হয়েছে যে তারা গ্রামে যাবে এবং নির্দিষ্ট বিশিষ্ট একজন কৃষকের সঙ্গে সাক্ষাৎ করবে, সকলের সঙ্গে নয়। আমাদের দেশ গণতান্ত্রিক সমাজবাদি কিন্তু গ্রামসেবককে বলা হচ্ছে তুমি একজন অবস্থাপন্ন বিশিষ্ট কৃষকের সঙ্গে সাক্ষাৎ করতে সেখানে গিয়ে কি করবে, না একটা লিখিত সারকুলার থাকবে সেটা তার কাছে পড়ে দিয়ে আসবে। এটা নাকি চেন সিস্টেম। তিনিই আবার তার নিচের তলায় যে সমস্ত কৃষক আছে তিনি তাদের উপদেশ দেবেন। এর ফলে আমরা দেখছি এই সমস্ত ছাপানো সারকুলার শুনবার লোক পাওয়া যায় না। গ্রাম সেবকরা লোককে চা-বিস্কুট খাইয়ে দু-একজনকে ধরেন। তারা শুনতে চায় না কাজ আছে বলে। আমি আবেদন করব এই নতুন চেন সিস্টেম যা কৃষি দপ্তরতে দেওয়া হয়েছে তা যেন তুলে নেন। আমি বলব আগেকার সিস্টেম ভাল ছিল, সেখানে সমন্বয় হয়ে কাজ করতো সেটাই ভাল ছিল। বি. ডি. ও. অফিসের কথা না বলাই ভাল, এদের অনেক কাজ দেওয়া হয়েছে কিন্তু সমস্ত কাজেই দুর্নীতি। ব্লক ডেভেলপমেন্ট কমিটি না বলে এটাকে বন্ধ করা কমিটি বলে নাম দেওয়া ভাল। কৃষি দপ্তরের কথা বলতে গিয়ে আমার রবীন্দ্রনাথের তাসের দেশের কথা মনে পড়ে গেল। তাসতাসীরা কাঁদবে, হাসবে, কথা বলবে এক-একটা নিয়মের অধীনে। সেইরকম কৃষি দপ্তর চলে নিয়মের বেড়াজালে। গত জুন মাসে অতি বৃষ্টির পরে বীজ ধান পাঠানো হয়েছিল সেগুলি যাতে তাড়াতাড়ি বিতরণ করা হয়, যাতে সেই বীজ ধানের চারা পেলে কৃষকরা সময় মতো রুইতে পারে। কিন্তু সেই বীজ ধান বিতরণ করা হলো এক মাস পরে। এর পর দিলে কোনও কাজ হবে না বলায়, তারপর দেওয়া হল। জিজ্ঞাসা করা হল যে এত দেরি করলেন কেন? তাঁরা বললেন যে অনেক কিছু নিয়ম আছে সেই সব নিয়ম পালন করে তবেই দেওয়া যায়। কৃষি ঋণের কথা ধরুন, কৃষিমন্ত্রী মহাশয় সেই জুলাই-এর প্রথম পাঠিয়ে ছিলেন। দরিদ্র কৃষকরা, বন্যাক্লিষ্ট কৃষকরা সেই ঋণটা পেয়ে চাষ নতুন করে করবে কিন্তু সেই ঋণ এখন পর্যন্ত বিতরণ করা হয় নি। কেন? না, কতকগুলি নিয়ম আছে। দরখাস্ত নেওয়া হবে, তার ভেরিফিকেশন হবে, ডিফলটার কিনা চেক করা হবে, তারপর যখন দেওয়া হবে তখন চাষের কাজ শেষ। আর একটা কথা বলি, এবারে আমাদের ওখানে দেখা গিয়েছে বন্যার সময় কোনও কোনও নদীতে, নদীর ধারে সার্কিট এমব্যাংকমেন্ট আছে। এক একটা বেস্টনি হয়ে গিয়েছে, সেখান থেকে জল বের করা যায় না। যখন অতিবৃষ্টি হল তখন তাতে জল আটকে গেল, সেই জল বের হচ্ছে না। আবার তার পাশেই রিভার পাম্প আছে সেই রিভার পাম্প দিয়ে জল ঢুকিয়ে দিয়ে চাষ করা হয়, কিন্তু কি দেখা গেল? এখানে যখন ওয়াটার লগিং হয়ে বসে আছে সেখানে রিভার পাম্প দিয়ে সেই জলটা বের করে দেওয়া যায়, একটু যদি ঐ মেশিনটা চালানোর জন্য তেলের খরচ করা যায় এবং তা করলে হাজার হাজার বিঘা জমির ধান রক্ষা পেতে পারি কিন্তু তা করা গেল না কারণ নিয়ম নেই। সেই রিভার পাম্পের কর্তাব্যক্তিদের যখন বলা হল তখন তারা বললেন যে নিয়ম নেই, তাদের নিয়ম হচ্ছে জল ঢোকানোর, জল নিষ্কাশনের নিয়ম নেই। সুতরাং দেওয়া যাবে না। আমি অনুরোধ করব যে যেখানে ঐসব রিভার পাম্প আছে তা দিয়ে যাতে চাষের সুবিধা হয় তারজন্য জল নিষ্কাশন করার সুযোগও

দেওয়া হয়। এই রকম মেদিনীপুরের পটাশপুরে হয়েছে, আরমাবড়বড়িয়ায় হয়েছে এবং তাল দিয়া মেস্টনিতে এই রকম হয়েছে। সেখানে এরজন্য ব্লক ডেভেলপমেন্ট অফিসার চিঠি দিয়েছেন, সেখানকার লোকদের দরখাস্ত গেছে। কিন্তু দেওয়া সম্ভব হয়নি কারণ নিয়মটা না পাল্টালে দেওয়া সম্ভব নয়। তারপর ডিপ টিউবওয়েলের ক্ষেত্রে দেখা গিয়েছে যে, তার হয়ত একটা যন্ত্র খারাপ হয়ে গিয়েছে, তখন বোরো ধানের মরশুম, কি হবে? তখন বলা হয় যে দরখাস্ত নিচের তলা থেকে উপর তলা পর্যন্ত যাবে, দরখাস্ত মঞ্জুর হবে, রিপোর্ট মঞ্জুর হবে, তারপরে তা সারিয়ে জল দেওয়া হবে। ইতিমধ্যে এক মাস চলে গেল এবং এই এক মাসের মধ্যে চাষও শেষ হয়ে গেল। কেন? তাই নিয়ম। এই নিয়মের বেড়াজালে পড়ে কিছু করা যায় না। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়কে বলব যেন তিনি সেই তাশের দেশের রাজার ভূমিকা না নেন। এখন পর্যন্ত তাকে সেই তাশের দেশের রাজার ভূমিকায়ই দেখছি। এই নিয়মের বেড়াজালে সব কিছু নষ্ট হয়ে গিয়েছে। সেইজন্য আমি তাকে বলব আপনি সেই আলোকের দেশের রাজপুত্র হয়ে আলোক বর্ষণ করুন, ঐ নিয়মের বেড়াজাল ভেঙ্গে টুকরো টুকরো করে দিন। তা না হলে, ঐ পোকা, কিম্বা বৃষ্টি কিম্বা শুখা, তারা তো আপনারা নিয়ম মানবে না। গতবারে দেখা গিয়েছে আমাদের ওখানে এক রকমের পোকা, শোষক পোকা বোরো মরুশুমে দারুণ ভাবে ধানে লেগেছে। সেই সময় ধান প্রায় পাকতে বসেছে, দু'এক দিনের মধ্যেই কাটা হবে। চাষীরা প্রথমে বুঝতে পারেনি। খবর গেল কৃষি দপ্তরের, ব্লক ডেভেলপমেন্ট অফিসার এবং কৃষি অফিসার, সকলে এসেই দেখে গেলেন। তারা দেখে বললেন যে, আমরা রিপোর্ট পাঠাচ্ছি। সেই রিপোর্ট গেল প্রিন্সিপ্যালের কাছে, সেখান থেকে রাইটার্স বিল্ডিং-এ রিপোর্ট গেল, এক মাস পর বলা হল বি. এইচ. সি., পাউডার বা ডি. ডি. টি. পাউডার স্প্রে করলেই হবে। তারপর যখন সরকার থেকে বি. এইচ. সি. ও ডি. ডি. টি. পাউডার গেল তখন মাঠের ধান আর নেই সব নষ্ট হয়ে গিয়েছে। কিছু চাষী সরকারের উপর ভরসা না করে কিছু কাঁচা ধান কেটে নিয়ে গিয়েছিল তাছাড়া আর সব নষ্ট হয়ে গিয়েছে। সুতরাং এই নিয়মটা বদলান। এই দিকে আপনাদের একটা ডাইনমিক অ্যাপ্রোচ থাকা দরকার। কৃষিমন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব যে, আপনি এই সব জিনিসের মধ্যে একটা সমন্বয় করুন, কৃষিখাতে ব্যয় বরাদ্দ বেশি করুন, সেচ, সারের বেশি ব্যবস্থা করুন এবং চাষের যে সমস্ত অসুবিধা আছে তা দূরীভূত করুন এবং তা করতে পারলেই আপনি দেশের মঙ্গল করতে পারবেন চাষীর ও চাষের উন্নতি করতে পারবেন। তা যদি আপনি করতে পারেন তাহলে দেশের লোক আপনাকে দু'হাত তুলে আর্শীবাদ করবে। আমি এই কথাগুলি বলে আমার পার্টির পক্ষ থেকে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ৯ই সেপ্টেম্বর দর্পণ পত্রিকায় বেরিয়েছে, আমাদের মাননীয় কারামন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় বলেছেন ঃ আমাদের পথ চিনের পথ, আমাদের পথ চে গুয়েভারার পথ, আমাদের পথ সশস্ত্র বিপ্লবের পথ। এই সংবাদ যদি ঠিক হয়ে থাকে, আমি আপনার মাধ্যমে জানতে চাচ্ছি তিনি যখন ওথ অব সিক্রেসি অ্যান্ড ওথ অব এলিজিয়েন্স নিয়েছিলেন, আমাদের কনস্টিটিউশনাল যে বাইন্ডিংস আছে, সেই পরিপ্রেক্ষিতে ঠিক হয়েছে কিনা, তার

এই বক্তব্য যদি ঠিক হয়, এটা যদি তিনি বলে থাকেন, তাহলে তার ওথ নেওয়াটা ঠিক হয়েছে কিনা আমি জানতে চাইছি। তারপরে খবরের কাগজে এটাও দেখেছি প্রমোদবাবু বলেছেন কোনও মন্ত্রী যেন—চিনের সঙ্গে ঢলাঢলি করছেন, তিনি কোন মন্ত্রী সেটা আমাদের জানাবেন কি? কথা হচ্ছে মন্ত্রী মহাশয়ের ওথ নেওয়াটা ঠিক হয়েছে কিনা সেটা একটু জানিয়ে দেবেন।

**শ্রী নিখিল দাস ঃ** এটা স্যার, পয়েন্ট অব অর্ডার কিম্বা পয়েন্ট অব প্রিভিলেজে আসে না। চিনের বিপ্লবে বিশ্বাস করলে আমরা ওথ নিতে পারব না, এটা কোথায় লেখা আছে? আমাদের পার্লামেন্টের অনেকেই তো বিপ্লবে বিশ্বাসী, এবং বিশ্বাস করেন বলেই ওথ নিতে পারবে না, একথা আপনাকে কে বলেছে?

**শ্রী অনিল মুখার্জি ঃ** আমি বুঝতে পারছি না, মাননীয় সদস্য পয়েন্ট অব অর্ডার তুলছেন কি করে। যে বক্তৃতা হচ্ছে পয়েন্ট অব অর্ডার হচ্ছে তার উপরে। মাননীয় মন্ত্রী মহাশয় নেই, কোথায় আকাশ থেকে একটা স্টেটমেন্টের উপর হাউসে পয়েন্ট অব অর্ডার তুলেছেন। আমি বুঝতে পারছি না মাননীয় সদস্য কোথায় কি বুঝেছেন, পয়েন্ট অব অর্ডার হয় প্রসিডিংসের উপর, বাইরে কে কি স্টেটমেন্ট করেছেন, তার উপর অর্ডার হয় না।

**মিঃ চেয়ারম্যান ঃ** মাননীয় সদস্য যে পয়েন্ট অব অর্ডার তুলেছেন এটা এই প্রসঙ্গে আসে না। এখন আলোচনা হচ্ছে অন্য বিষয়, গ্রান্টের উপর আলোচনা হচ্ছে। এ বিষয়টা তিনি আগে তুলতে পারতেন, এখন এটা তুলবার সময় নয়, তবে যদি তুলতে চান তবে মেনশন করার সময় সেটা তুলতে পারবেন। এখন গ্রান্টের উপর আলোচনার সময় এই পয়েন্ট অব অর্ডার হয় না।

**শ্রী আবদুস সাত্তার ঃ** মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী যে বক্তৃতা রেখেছেন সেটা দেখলাম, আমি ভেবেছিলাম তিনি বুঝি একটা নীরব বিপ্লব নিয়ে আসবেন, তিনি কিছু দিন আগে নীরব বিপ্লবের কথা বলেছিলেন। কিন্তু দেখা গেল এই নীরব বিপ্লব তো দূরের কথা, তিনি কি দাবি করেছেন দেখুন। তিনি সর্ব মোট দাবি করেছেন ৬৪ কোটি ৮০ লক্ষ ৫৯ হাজার টাকা। এই টাকার জন্য তিনি মঞ্জুরি চেয়েছেন। তার মধ্যে ১৪ কোটি ২১ লক্ষ ৬৫ হাজার টাকা বাদ যাবে এটা অন্যান্য বিভিন্ন খাতে যাবে, তিনি নিজের খাতে চেয়েছেন তাহলে ৫০ কোটি ৬০ লক্ষ ৯৪ হাজার টাকা এবং এই টাকা এই বছর খরচ করা হবে। গত বছর ছিল মোট ৬৫ কোটি ৩৮ লক্ষ ১১ হাজার টাকা। তার মধ্যে ১১ কোটি ১৭ লক্ষ ৮৬ হাজার টাকা অন্য দপ্তরের ছিল এবং সেটা বাদ দিলে দেখতে পাচ্ছি ৫৪ কোটি ৩০ লক্ষ ৩৫ হাজার টাকা গত বছর এগ্রিকালচারাল খাতে ব্যয় বরাদ্দ ছিল। আর এই বছর তিনি দাবি করেছেন ৫০ কোটি ৬০ লক্ষ ৯৪ হাজার টাকা। এখন প্রশ্ন হচ্ছে, আমাদের সমস্ত অর্থনীতি কৃষি ভিত্তিক আর সেটা আপনারাও স্বীকার করবেন। অন্য যে কোনও দপ্তরের উন্নতির সমস্ত কিছু নির্ভর করছে এই কৃষির উন্নতির উপর। সারা ভারতবর্ষের ন্যাশনাল ইনকাম-এর ৫০ ভাগ কৃষি থেকে আসে আর ২৫ ভাগ এগ্রো-বেসড ইন্ডাস্ট্রি থেকে যেমন জুট, সুগার, চা ইত্যাদি। তাহলে ন্যাশনাল ইনকামের শতকরা ৭৫ ভাগ ডিরেক্টলি অর ইনডিরেক্টলি হিসাবে এই কৃষি থেকে আসে। তাই পশ্চিমবাংলায় যতগুলি দপ্তর আছে

সবচেয়ে গুরুত্বপূর্ণ দপ্তর হচ্ছে এই কৃষি দপ্তর। সত্যিকারের গরিব মানুষের দারিদ্র্য দূর করার একমাত্র হাতিয়ার হচ্ছে উৎপাদন বৃদ্ধি। এবং সেই উৎপাদন শুধু করলেই হবে না যাতে সেই উৎপাদনটা গরিবদের কাছে গিয়ে পৌঁছায় তার ব্যবস্থা করতে হবে। আপনি যেটা এ বছর বলছেন গত বছরে ঠিক সেই কথা আমিও বলেছিলাম। ছোট চাষীদের উন্নয়ন সংস্থা করা হোল কেন? গরিব প্রান্তিক চাষী যারা আছে তাদের বর্তমান বৈজ্ঞানিক প্রথার সুবিধা দেবার জন্য এস. এফ. ডি. এ বিভিন্ন জেলায় প্রবর্তন করা হয়েছে। আমরা আসবার পর কুচবিহার, জলপাইগুড়ি, ২৪-পরগনা, মুর্শিদাবাদ, নদীয়া, মালদা বিভিন্ন জেলায় এটা আরম্ভ হয়েছে। আপনি জানেন তার আগে ছিল পুরুলিয়া ড্রাউট প্রোন এরিয়া হিসাবে, পুরুলিয়া, হুগলি, বাঁকুড়া, পশ্চিম দিনাজপুর, মেদিনীপুরের ঝাড়গ্রামের কেবলমাত্র ছিল। এখন আমরা বর্ধমান ও বীরভূম বাদ দিয়ে সমস্ত জেলায় আরম্ভ করেছি। আপনার বক্তব্যে ছোট চাষীদের উন্নয়নের জন্য কি কি ব্যবস্থা নিচ্ছেন তার কিছুই নেই। ছোট চাষী বলতে যাদের বুঝায় তাদের কথাই বলছি।

**মিঃ চেয়ারম্যান ঃ** আপনি ও দিকে না চেয়ে চেয়ারকে অ্যাড্রেস করুন।

[2-50 — 3-30 p.m.]

**শ্রী আবদুস সাত্তার ঃ** আমি তো আপনার দিকে তাকিয়েই কথা বলছি। আজকে আমাদের পশ্চিমবাংলা আপনি জানেন সমস্ত ভারতবর্ষের আয়তনের ২.৭ হচ্ছে কিন্তু লোকসংখ্যা গোটা ভারতবর্ষের ৮%। এই ২.৭% জমি নিয়ে ৮% লোকের ব্যবস্থা করতে হয়। আমাদের পশ্চিমবাংলায় যত জমি আছে তার ৬৩ ভাগ আমরা কৃষিতে এনেছি। এবং এটাও জানবেন চাষের আর জমি বৃদ্ধি করা আর সম্ভব হবে না। হরিয়ানা পাঞ্জাবে শতকরা ৮০ ভাগ জমিকে কৃষির আওতায় আনা হয়েছে—কারণ সেখানে বন নেই বা অন্য কিছু নেই। কিন্তু অন্যান্য যে সমস্ত প্রদেশ আছে তার মধ্যে পশ্চিমবাংলায় ৬৩ ভাগ জমি কৃষির আওতায় এসেছে—এটা কোথায়ও নেই। লোকসংখ্যা অনুপাতে মাথা পিছু জমির পরিমাণ হয় ২৭ ডেসিম্যাল। আমাদের পশ্চিমবাংলায় একটা বিরাট সমস্যা আছে এবং এই সমস্যা মিট করার জন্য প্রয়োজন কৃষি এবং ছাড়া তা সম্ভব নয়।

পাঞ্জাবে যেখানে ৭৫ ভাগ জমি সেচ সেবিত, উত্তর প্রদেশ, হরিয়ানা, তামিলনাড়ু ইত্যাদি প্রদেশ যেখানে ৪০ ভাগ সেচ সেবিত সেখানে আমাদের পশ্চিমবাংলায় মাত্র ৩০ থেকে ৩৩ ভাগ জমি সেচ সেবিত। তার কারণ হচ্ছে স্বাধীনতার আগে পশ্চিমবাংলায় কোনও সেচের ব্যবস্থা ছিল না। স্বাধীনতার পরে, ৫০ দশকের পরে যে সমস্ত ক্যানেল হয়েছে সেগুলি আমরাই করেছি, মন্ত্রী মহাশয় সেটা স্বীকার করেছেন ডেভেলপমেন্ট হয়েছে। সেচের অগ্রগতি দেখলে দেখতে পাবেন, আপ টু ১৯৭১/৭২ শ্যালো টিউবওয়েলের সংখ্যা পশ্চিমবাংলায় ছিল ২৪ হাজার ৯৮৬টি। তার আপ টু ৩১. ১০. ৭৬ সেটা বেড়ে ৭৮ হাজার ৯৬-তে দাঁড়িয়েছে। ডিপ টিউবওয়েল আপ টু ১৯৭১/৭২ ছিল ১ হাজার ৬৩৬, ৩১. ১০. ৭৬ সেটা বেড়ে ২ হাজার ৩৩১-তে দাঁড়িয়েছে। আর. এল. আই. আপ টু ১৯৭১/৭২ ছিল ৭৫৭টি, ৩১. ১০. ৭৬-তে সেটা বেড়ে দাঁড়িয়েছে ২ হাজার ৭৪৩। এর ফলে আগে ছিল ১৫ লক্ষ ৩৭ হাজার একর জমি, এখন সেটা বেড়ে ২৯ লক্ষ ২৬ হাজার একরে এসে দাঁড়িয়েছে। অর্থাৎ সেচের

যে অগ্রগতির কথা বলছেন, ফসল বাড়াবার কথা যে বলছেন, হাই ইল্ডিং ভ্যারাইটি লাগাবার কথা যে বলছেন, আপনার এই বক্তব্যের মধ্যে যেটা আছে, এটা কখনই সম্ভব হবে না যদি না সেচ এলাকা বাড়ানো যায়।

(গোলমাল)

**মিঃ চেয়ারম্যান ঃ** মাননীয় সদস্যগণ, এখানে পরিষদীয় নীতিতে টিকা টিপ্পনি চলে, তাহলেও যিনি বক্তা তাকে বলবার সুযোগ দেবেন। কাজেই সাত্তার সাহেব এখন বলছেন, তাকে বলবার সুযোগ দেবেন।

**শ্রী আবদুস সাত্তার ঃ** অধিক ফলনশীলের কথা উনি বলেছেন। উনি বলেছেন অধিক ফলনশীল চাষে ১৯৭৭/৭৮ সালে আউস ধানের ক্ষেত্রে ৩ লক্ষ হেক্টর, আমন ধানে ১০ লক্ষ হেক্টর, বোরো ধানে ৩.২৪ লক্ষ হেক্টর এবং গমের ক্ষেত্রে ৭.২৮ লক্ষ হেক্টর—এই হল টোটাল টার্গেট। ১৯৭৬/৭৭ সালে আউসের টার্গেট ছিল ৩ লক্ষ ৭২ হাজার হেক্টর। সুতরাং আমরা আশা করেছিলাম আউসের ক্ষেত্রে এই টার্গেট আরও বাড়বে, সেটা না বেড়ে আরও কমেছে। আমন ধানে টার্গেট বেড়েছে ৯ লক্ষ হেক্টর ছিল সেটা ১০ লক্ষ হেক্টর করেছেন, বোরোতে ৪ লক্ষ ২৮ হাজার হেক্টর ছিল, সেটা কমে ৩.২৪ লক্ষ হেক্টর হয়েছে। অর্থাৎ আমি বলতে চাইছি আউস, আমন, বোরো মিলিয়ে ১৯৭৬/৭৭ সালে টোটাল টার্গেট ছিল ১৭ লক্ষ হেক্টর, আর আপনার বাজেটে যে নিরব বিপ্লবের কথা বলেছেন সেখানে দেখা যাচ্ছে নিচের দিকে নেমেছে। আপনি কোথায় এগিয়ে যাবেন, তা না করে পিছু হটছেন। আমি চ্যালেঞ্জ করে বলছি আমাদের আমলে ১৯৭১/৭২ সাল থেকে ১৯৭৫/৭৬ সাল পর্যন্ত ১৪ লক্ষ মেট্রিক টন প্যাডি প্রোডাকশন বেড়েছিল।

আপনার ন্যাশনাল প্লানিং কমিশনে উৎপাদন বৃদ্ধির টার্গেট ছিল বাৎসরিক ৫ পারসেন্ট। কিন্তু আমাদের বাড়তি হয়েছে ১২ পারসেন্টের উপরে। সুতরাং আজকে যে অ্যাচিভমেন্টের কথা বলছেন সমস্ত ক্ষেত্রে, আপনাকে একটা ফিগার দিচ্ছি তাতে আপনি দেখবেন যে, টোটাল ফুডগ্রেন ১৯৭২ সালে ছিল ৬৭ লক্ষ ৭২ হাজার মেট্রিক টন। ১৯৭৩-৭৪ সালে সেটা বেড়ে হয়েছিল ৬৮ লক্ষ ৮৬ হাজার মেট্রিক টন। ১৯৭৪-৭৫ সালে ৬৮ থেকে ৭৮ লক্ষ ৬৬ হাজার মেট্রিব টন হয়েছিল। ১৯৭৫-৭৬ সালে ৭৮ থেকে বেড়ে ৮৬ লক্ষ ২ হাজার মেট্রিক টন হয়েছিল। আর ১৯৭৬-৭৭ সালে ৯০ লক্ষ মেট্রিক টন হয়েছিল। আজকে যে টার্গেট গত বছর এবং তার আগের বছর ছিল, আমার মনে হয় সেই টার্গেটে আপনি পৌছাতে পারবেন না যে ভাবে রেখেছেন। আলুর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে টার্গেট ১৬।। লক্ষ রেখেছেন। আপনি দেখবেন যে আমাদের আমলে অর্থাৎ যে ৪ বছর কি ৫ বছর আমরা ছিলাম—১৯৭২-৭৩ সালে আলু ৯ লক্ষ ৪৯ হাজার মেট্রিক টন ছিল। ১৯৭৩-৭৪ সালে ৯.৫৪ লক্ষ মেট্রিক টন, ১৯৭৪-৭৫ সালে ১৩ লক্ষ ৫৫ হাজার মেট্রিক টন, ১৯৭৫-৭৬ সালে ১৬ লক্ষ ১৫ হাজার মেট্রিক টন এবং ১৯৭৬-৭৭ সালে ১৬ লক্ষ মেট্রিক টন ছিল। আলুর প্রোডাকশন ৯ লক্ষ থেকে ১৬ লক্ষতে আমরা পৌছেছিলাম। অন্যান্য শাকসব্জির দর খুব বেড়েছে কিন্তু আলুর ক্ষেত্রে দর ততটা বাড়েনি। আজকে আপনি দেখবেন যে সর্বত্র কৃষির বিপ্লব, বাবুজি বিহারে বক্তৃতা দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে গমের যদি বিপ্লব হয়ে থাকে তাহলে একমাত্র

পশ্চিমবাংলায় হয়েছে। আপনি আপনার জেলায় দেখুন, সেখানে ১৯৭২-৭৩ সালে ২ হাজার একর জমিতে চাষ হত না। আমরা যখন আসি ১ লক্ষ একর জমিতে চাষ হয়েছে। অর্থাৎ ২ হাজার একর থেকে এক লক্ষ একরে উঠেছে। জলপাইগুড়িতে একই কথা। জলপাইগুড়িতে সেই রকম ২ হাজার একরে চাষ হত না ; কিন্তু আমরা যখন ছেড়ে আসি তখন ১ লক্ষ একর জমিতে চাষ হয়েছে। আপনার দপ্তরে খোঁজ নিলে দেখবেন যে গমের বিপ্লব কুচবিহার, জলপাইগুড়িতে যা হয়েছে অন্য -কোনও জেলায় তা হয়নি। পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম বর্ধমান—এই সমস্ত জেলায় যেখানে গম উৎপাদন করেনি সেখানে সব জায়গায় দেখা যাচ্ছে ১ লক্ষ ৬০ হাজার, কি ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে গম উৎপাদন হয়েছে। তবে একটা জিনিস, যে গমের যে মূল্য সেটা এত কম, এমন কি রেশন শপে গম ওঠে না, বাইরের বাজার এর কম বলে। তার ফলে আমাদের নিশ্চয়ই ভয় আছে যে চাষী যদি মূল্য না পায়—আমরা স্বীকার করছি যে আমাদের আমলে আমরা দিতে পারিনি। চাষী গমের মূল্য পায়নি। ফার্টিলাইজার এবং অন্যান্য কীটনাশক ঔষধের দাম বেড়েছে সেই হিসাবে কিন্তু গমের দাম বাড়েনি। চাষীরা যদি দেখে যে গম চাষ করে লাভ না হয়, গমের যে বিপ্লব আসছে সেটা পিছনে চলে যাবে। আপনি জানেন যে গমের উৎপাদন যেভাবে পশ্চিমবাংলায় এগিয়েছে আমাদের ভারতবর্ষের কোনও প্রদেশে—আমি বলছি, যেহেতু আমরা গম খাই না, গম উৎপাদন ছিল না—কোনও প্রদেশে সেই ভাবে এগিয়ে যায়নি। এখানে পার হেক্টরে গম উৎপাদনে উই আর নেকস্ট টু পাঞ্জাব। পাঞ্জাবের পরে আমাদের গম উৎপাদন। এমন কি হরিয়ানা, তামিলনাড়ু, ইউ. পি. ইত্যাদি জায়গায় যে গম উৎপাদন হয় তার থেকে আমাদের এখানে গম উৎপাদনের হার অনেক বেশি গম উৎপাদন হয়। সুতরাং আজকে আপনি স্বীকার করেছেন গত ৫ বছর কৃষির উন্নতি হয়েছে। যদিও আপনি টেনে বলেছেন, আমার মনে হয় যেটা সত্য তাকে বলে স্বীকার করা ভাল। আপনি যে সমস্ত প্রকল্প নেবেন, গঠনমূলক প্রকল্পের দিকে এগিয়ে যাবার প্রকল্প তাতে আমাদের সমর্থন পাবেন। এটা ঠিক কৃষির উৎপাদন ছাড়া কোনও ইন্ডাস্ট্রি বাঁচতে পারে না, পশ্চিম বাংলার অগ্রগতি কখনও হতে পারে না। বিদ্যুৎ সম্পর্কে আমরা প্রথম থেকে ভেবেছিলাম যে, যেহেতু ডিজেলের খরচ বেশি, বিদ্যুৎ দিলে খরচ কম হবে, সেই হিসাবে আমরা বিদ্যুৎ চালিত পাম্প দিয়েছিলাম। কিন্তু বিদ্যুতের সরবরাহ এত নগণ্য, বিদ্যুৎ সরবরাহের অবস্থা এত খারাপ যে বিশেষ করে জলপাইগুড়ি, কুচবিহার, উত্তরবঙ্গে, এমন কি আমাদের বিভিন্ন জেলায় বিদ্যুতের অবস্থা এত খারাপ যাতে করে চাষী মার খাচ্ছে। আমি এ কথা বলতে চাই যে বিদ্যুতের ইউনিট সম্পর্কে যে চাষী নেবে তাদের সাবসিডি দেওয়া উচিত। কেননা, আমরা এই ব্যাপারে টেক আপ করেছিলাম বিদ্যুৎ দপ্তরের সঙ্গে। সেখানে একটা শ্যালো টিউবওয়েল-এর জন্য এখন নিয়ম হচ্ছে ইলেক্ট্রিসিটি বোর্ডের সে যদি ব্যবহার নাও করে তাকে ৩৭৫ টাকা দিতে হবে। আমরা বলেছিলাম যে সে যতটা কনজিউম করবে তার উপর হিসাব করে রেট নেওয়া হোক। তার ফলে জলপাইগুড়ি, কুচবিহার এলাকায় চাষীর অবস্থা খারাপ হয়েছে। আমি বলব এই ব্যাপারে বিদ্যুৎ পর্ষদের সঙ্গে কথা বলে টেক আপ করুন। কেন না, চাষীদের বর্তমান বিদ্যুতের যে হার আছে, তার ফলে চাষীরা সেই বিদ্যুতের হার দিয়ে কাজ করতে পারছে না। তার উপরে লোড শেডিংয়ের ফলে মোটর নষ্ট হয়ে যাচ্ছে। তাই আমি বলছি যে এই সম্পর্কে আপনি বক্তব্য রেখেছেন, নিশ্চয়ই আপনি লক্ষ্য রাখবেন। তারপর আপনার বক্তব্যের মধ্যে আই. ডি. ই. এ. প্রোজেক্ট

সম্পর্কে কিছু জানতে পারছি না। এই আই. ডি. ই. এ. প্রোজেক্ট সম্পর্কে আপনি কি ভাবছেন এবং যে সমস্ত প্রকল্প ছিল সেগুলির কি হল? এ ছাড়া সি. এ. ডি. সি. এবং সি. এ. ডি. এ. স্কীম সম্পর্কে পরিষ্কার কিছু বলেননি। শুধু দু-একটি কথা বলে চলে গেছেন। এই সমস্ত স্কীমগুলি চালু করতে পারেন তাহলে যে এরিয়া কভার করবে, সেই এরিয়ার ছোট চাষী, প্রান্তিক চাষী যারা আছেন তাদের উন্নতি হবে, তারা সুযোগ পাবে। তাই বলব যে, যে সমস্ত প্রকল্প নেওয়া আছে সেগুলি যদি ঠিক মতো ইমপ্লিমেন্টেশন হয় তাহলে ছোট চাষী, তারা নিজেদের পায়ে দাঁড়াতে পারবে। কাজেই এগুলির ব্যবস্থা করতে হবে। এ ছাড়া দারিদ্রতা দূর করা সম্ভব নয়। আর শেষে এ কথা বলতে চাই, ঐ ভদ্রলোক রাজার ছেলে, সারা জীবন চাষীদের শোষণ করেছে, আজকে সে কমিউনিস্ট হয়েছে।

**Mr. Chairman :** The House stands adjourned till 3-30 p.m.

(At this stage the House was adjourned till 3-30 p.m.)

(After adjournment)

[3-30 — 3-40 p.m.]

**শ্রী নকুলচন্দ্র মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী কৃষি খাতে এবং সমষ্টি উন্নয়ন খাতে যে ব্যয় বরাদ্দ রেখেছেন এবং সেই ব্যয় বরাদ্দের উপর যে বিবৃতি তিনি দিয়েছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই সমর্থন জানানোর সঙ্গে সঙ্গে তাকে অভিনন্দনও জানাচ্ছি যে, তিনি এই প্রথম পশ্চিমবাংলায় এই খাতে এমন সমস্ত বিষয়গুলো তুলে ধরেছেন যাতে পশ্চিমবাংলার খেত মজুর, গরিব চাষী, প্রান্তিক চাষী, তারা আশা করতে পারেন যে তাদের জন্য কিছু করা হবে। আমার আগে বিরোধী পক্ষের মাননীয় সদস্য সাত্তার সাহেব তার বক্তব্য রাখেন এবং তিনি একটা ফিরিস্তি দিয়েছেন, ১৯৭২-৭৩ সালে এই হয়েছে, ১৯৭৩-৭৪ সালে এই হয়েছে, ১৯৭৪-৭৫ সালে এই হয়েছে, কত টাকা খরচ হয়েছে, কত কাজ হয়েছে, সেই অনুপাতে বামফ্রন্ট সরকার-এর পক্ষ থেকে ব্যয় বরাদ্দ হয়েছে তা নাকি কম হয়েছে। হিসাব নিকাশ করে তিনি তা দেখিয়েছেন এবং উৎপাদন কত বেড়েছে, তারও নজির তিনি এই হাউসে রেখেছেন। আমি মাননীয় সদস্যের কাছে জানতে চাই, আপনারা তো রেডিও-র মারফত, খবরের কাগজ মরাফত বলে বেড়িয়েছেন এবং প্রতিনিয়ত কান ঝালাপালা করে দিয়েছেন যে দেশের জন্য কত কিছু করেছেন, গরিব মানুষদের জন্য কত কিছু করেছেন। কার্যত কি দাঁড়িয়েছে? যাদের জন্য সেই টাকা ব্যয়িত হয়েছে, সেই গরিব চাষী ক্ষেত মজুর, যারা নিজেরা হাল ধরে, কর্ষণ করে, মাথার ঘাম পায় ফেলে তাদের কতটুকু উন্নতি হয়েছে, এই সব টাকা বড় বড় জোতদার, জমিদার, ধনী চাষী, তাদের পকেটে গেছে, গরিবদের কোনও উন্নতি হয়নি। বলা হয়েছে, কৃষি উৎপাদন বেড়েছে, অমুক বেড়েছে, তমুক বেড়েছে এবং তার জন্য প্রচুর টাকা তারা খরচ করেছেন। এবং একটা জায়গায় উৎপাদন কমানোর জন্য তারা প্রচুর টাকা খরচ করেছেন, ফ্যামিলি প্ল্যানিং উৎপাদন কমানোর জন্য অনেক টাকা তারা খরচ করেছেন।

কৃষি খাতের উন্নতির কথা ওরা বলেছেন। ওরা কার উন্নতি করেছেন? আমরা বিভিন্ন জায়গায় খোঁজ খবর নিয়ে এবং কাগজ-পত্র থেকে দেখছি, প্রাক্তন কৃষি-মন্ত্রী নিজের উন্নতি বিধানের জন্য কির্লোস্কার কোম্পানির কাছ থেকে কিছু সুবিধা পেয়েছেন। যিনি একটু আগে এখানে বক্তব্য রাখলেন, সেই প্রাক্তন কৃষি মন্ত্রীর নামে আমরা বহু রকমের অভিযোগ শুনছি। তার নিজের এলাকার, নিজের জেলার যে সমস্ত অভিযোগ, বিভিন্ন ঘটনার কথা লোকমুখে এবং কাগজের মারফত শুনতে পাই তাতে আমরা দেখছি গ্রামাঞ্চলের বড় বড় জোতদারদের স্বার্থ তিনি রক্ষা করছেন। কৃষি খাতে যে টাকা ব্যয় করা হয়েছিল এবং সমষ্টি উন্নয়নের নামে যে টাকা ব্যয় করা হয়েছিল সেই টাকা সমষ্টি উন্নয়নের নামে মুস্টিমেয় জোতদারের পকেটে গিয়েছে। গ্রামের শতকরা ৭০/৭৫ ভাগ মানুষ, যারা সত্যিকারের কৃষির সঙ্গে যুক্ত, খেতে খামারে খাটে, তাদের কাছে কত টাকা গিয়েছে? সমষ্টি উন্নয়নের ব্যাপারে ব্লকে ব্লকে আমরা দেখেছি ব্যাঙ্কের মাধ্যমে যে টাকা গিয়েছে, কো-অপারেটিভের মাধ্যমে যে টাকা গিয়েছে, সেই টাকা গরিব চাষী, বর্গাদার, প্রান্তিক চাষীদের কাছে গিয়ে পৌছায়নি। শুধু কি তাই? মিনি-কিট-এর নামেই হোক, সয়েল কন্সারভেশনের নামেই হোক বা বিভিন্ন বীজ সার ইত্যাদি যাই দেওয়া হোক, আমরা লক্ষ্য করেছি সেগুলি শ্রেণী স্বার্থে ব্যবহার করবার জন্য গ্রামাঞ্চলে দেওয়া হয়েছে। ধনী চাষী, বড় বড় জোতদার, যারা নিজেরা লাঙ্গল দেন না, খেতে যান না, জমিতে যান না তাদের পকেটে এই সব বাবদ শত শত, হাজার হাজার, লক্ষ লক্ষ টাকা গিয়েছে। তাই আমি এখানে বলছি কৃষির যদি উন্নতি করতে হয় তাহলে আমি কৃষিমন্ত্রীর কাছে আবেদন করব তার এই বাজেট বক্তৃতাকে সমর্থন করে যে, যারা গরিব চাষী, প্রান্তিক চাষী তারা যাতে ঋণ পায় তার জন্য একটু ভাবতে হবে। কেননা এতদিন যে অবস্থা চলছিল তাতে গরিব চাষীরা, যারা প্রকৃতই নিজেরা জমি চাষ করেন, তারা কোথাও ঋণ পান না। ব্যাঙ্ক তাদের ঋণ দেয় না, কো-অপারেটিভ সোসাইটি তাদের ঋণ দেয় না, গাঁয়ের মহাজন তাদের ঋণ দেয় না। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলগুলি, বিশেষ করে আমাদের জেলার মতো অনুন্নত জেলার গরিব চাষীদের কাছে ঋণ-টা একটা বিরাট বড় সমস্যা। আগেকার দিনে সরকার ডাইরেক্টলি বা কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে ঋণগুলি দিতেন। এখন সেইভাবে ঋণ দেওয়া কমিয়ে দিয়েছেন। আমরা দেখেছি শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ব্যাঙ্ক জাতীয়করণ করেন তখন তিনি বলেছিলেন, ব্যাঙ্ক এবার থেকে উৎপাদনের কাজে লাগবে। স্বাভাবিকভাবেই চাষীরা আশা করেছিল এর থেকে তাদের পকেটে কিছু আসবে। কিন্তু আমরা লক্ষ্য করলাম যে, শতকরা ৯০ থেকে ৯৫ ভাগ গ্রামাঞ্চলের গরিব চাষী, মাঝারি চাষীর কাছে ঋণ পৌছয়নি। পৌছেছে ঐ বড় বড় জোতদার, মজুতদার, বড় বড় ধনী চাষীদের কাছে। তাই আমি আজকে আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, যারা ছোট ছোট চাষী, যারা ভূমিহীন চাষী তাদের জন্য অন্তত একটু ঋণের ব্যবস্থা করবেন। অবশ্য তিনি বলেছেন সেচের জলের ব্যবস্থা তিনি করবেন। সেচ ব্যবস্থাকে তিনি সম্প্রসারিত করবেন বলেছেন। সেই সময় নিশ্চিতভাবে লক্ষ্য করতে হবে গ্রামাঞ্চলে, বিশেষ করে অনুন্নত পাহাড়ী এলাকায় যে সমস্ত পুকুর ইত্যাদি জলাশয় আছে সেখানে ডি. পি. এ. পি.-র মাধ্যমে জোড়-বাঁধ হচ্ছে, মাইনর ইরিগেশনের যে এম. আই. স্কীম হয়েছে এবং বিভিন্ন স্কীম যেগুলি হয়েছে তার জল সত্যিকারের চাষীদের খেতে পৌচেচ্ছে, কি পৌচেচ্ছে না।

[3-40 — 3-50 p.m.]

আমি লক্ষ্য করেছি, কংগ্রেস আমলে বিভিন্ন জায়গায় রিভার লিফটের নাম করে বড় বড় জোতদারদের জমিতে জল দেওয়ার ব্যবস্থা হয়েছিল। আমার গ্রামের পাশে ৩ মাইল দূরে একটা রিভার লিফট আছে, সেখানে দেখেছি ২ জন বড় বড় জোতদার জল পায় এবং তার জন্য সরকারের হিউজ মানি বা প্রচুর টাকা খরচ হয়। আমি লক্ষ্য করেছি এরা বলেন, এরা নাকি জনগণের জন্য করেছেন। বড়বাজার থানা—পুরুলিয়া জেলায় ২/৩টি রিভার লিফট ইরিগেশন হয়েছে, সেখানে ঐ এলাকার প্রাক্তন কংগ্রেস এম. এল. এ.-র একটা, ঐ এলাকার কংগ্রেস প্রেসিডেন্টের একটা, আর একটা তাদেরই একজনের—এই যদি জনগণের জন্য করা হয়ে থাকে তাহলে বলব হ্যাঁ তারা করেছেন। আর যদি বলা যায় সত্যিকার চাষীদের জন্য করেছেন তাহলে বলব রিভার লিফট ইরিগেশনই বলুন, আর অন্যান্য জিনিসই বলুন তারা কিছুই করতে পারেননি। এরা চাষীদের জন্য একেবারে গদ্‌গদ। গমে জল পায় কি চাষীরা? গমের দাম কিলো প্রতি ৮০/৮৫ পয়সা হল—অথচ ওরা চাষীদের জন্য কুম্ভিরাশ্রু বিসর্জন করছেন। চাষীদের কাছে যখন গমের দাম ৮০/৮৫ পয়সা, তখন মজুতদাররা এবং বড় বড় জোতদাররা সেই ফসল-কে কিনে নেয় এবং কিনে নিয়ে মানুষের দুর্দশার দিনে, অভাবের দিনে, বেশি দামে বিক্রয় করে, তাদের জিজ্ঞাসা করতে পারি কি, তখন কি প্রাইস সাপোর্ট স্কীম ছিল না? প্রাইস সার্পোট স্কীম নিয়ে তারা নিশ্চয় সাপোর্ট করতে পারতেন কিন্তু তারা তা করেননি, কেননা তা করতে গেলে শ্রেণী স্বার্থে আঘাত লাগবে। বড় বড় জোতদার, মজুতদারদের স্বার্থে আঘাত লাগবে। জমিদার, মজুতদার এবং কালোবাজারিদের স্বার্থে এই ছিল তাদের কৃষিনীতি। ব্লকের মারফতে গ্রামাঞ্চলের ধনিক শ্রেণীর জন্য ব্যবস্থা করাই ছিল তাদের নীতি। তারা জমি দিয়েছেন, সেই জমিগুলি যদি লক্ষ্য করে দেখেন তাহলে দেখা যাবে যে প্রকৃত ভূমিহীন, প্রকৃত ভাগচাষী এবং প্রান্তিক চাষী—তাদের কাছে সেই জমি পৌছায়নি, এবং পৌছায়নি বলেই গ্রামাঞ্চলে তাদের বিরুদ্ধে প্রচন্ড ঘৃণা, বিক্ষোভ দেখা দিয়েছে। আজকে আমি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে আবেদন করব যে পাম্পসেট হয়েছে সেই পাম্পসেট থেকে কারা জল পাবে—আপনাকে চিন্তা করতে হবে—আপনাকে চিন্তা করতে হবে সমগ্র কৃষির বিভাগকে পুনর্গঠিত করার। আমার পূর্ববর্তী একজন বক্তা বলেছেন যে ব্লকে বি. ডি. ও. মহাশয় কো-অর্ডিনেশন করছেন। বিভিন্ন ডিপার্টমেন্টে কো-অর্ডিনেশনের কিছুই জানেনা। আমি বিভিন্ন ব্লকে দেখেছি কোনও কোনও জায়গায় এ-ই-ও, নেই। সবাই স্ব-স্ব প্রধান, অটোনমাস হয়ে গেছে যেন এক একটা আমি মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব এই ব্লকগুলিতে যেন সমন্বয় সাধনের জন্য চেষ্টা করেন। কৃষি বলুন, অন্যান্য যে সমস্ত জিনিস আছে, কৃষির উন্নতির জন্য যাতে সেখানে কো-অর্ডিনেশনের মাধ্যমে কাজকর্ম হয় সেই রকম একটা ব্যবস্থা নিন। আমি এখন দু'টি বিষয়ের উপর আলোচনা করব, তা হচ্ছে গ্রামাঞ্চলের কৃষি ঋণ পৌছায় না, বিভিন্ন সময়ে আমি দেখেছি গ্রামের জনসাধারণের যে সহযোগিতা—সেই সহযোগিতা অফিসাররা চান না এবং উপর থেকে তলা পর্যন্ত বুরোক্রেসি আছে।

বুরোক্রেসির উপর আঘাত হানতে হবে। কারণ এরা এখনও সেই পুরানো বন্ধুদের সঙ্গে যুক্ত আছে। Block এর ফিসারী officer A.E.O., B.D.O. এরা গ্রামের মধ্যে সব সাহেব এরা এদের যোগাযোগ গ্রামের জোতদার ও ঋণী চাষীদের সঙ্গে। বিবৃতিতে একটা

জায়গায় দেখলাম গ্রামাঞ্চলে যে সব পরিকল্পনা নেওয়া হবে সেগুলি জনসাধারণের মধ্যে প্রচার করা হবে। যদি প্রচার হয় তাহলে মানুষ এর সুফল পাবে এবং তাদের মধ্যে থেকে হতাশা দূর হবে। ক্ষেতমজুরদের মধ্যে যদি একটু জমি বিলি করতে পারেন। জল, বীজ সার দিতে পারেন এবং তাদের মধ্যে যদি একটু অনুপ্রেরণা জাগাতে পারেন তাহলে আগামী দিনে ফসল বৃদ্ধি হবে। পুরুলিয়া জেলায় প্রচুর পরিমাণে Rock Phosphate আছে। W. B. মিনারেল ডেভেলপমেন্ট Corp. একটা জায়গা থেকে এই Rock Phosphate তুলছে। একটা কোম্পানির সঙ্গে কোলাবেরেট করে সেই জিনিস সব South India-তে চালু করা হচ্ছে। সেখানে আমার কথা হচ্ছে এই স্বাভাবিক সার Rock Phosphate যাতে বাহিরে চালান না হয়, তার দিকে কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তার এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। সাত্তার সাহেবের বক্তৃতা শুনলাম। তিনি "অশ্বথামা হত ইতি" এ পর্যন্ত বললেন, "গজ" বললেন না। গজ হল এই যে তার সময়ে কি কি হয়েছিল। কিন্তু কি চুরি হয়েছিল সে সব কথা বললেন না। তাকে দেখছি না, কিন্তু ২/১টি কথা তার রাজত্বের চুরির ব্যাপার সম্বন্ধে বলতে চাই। প্রথম কথা তিনি তার আত্মীয়কে দিয়ে কলকাতায় ৫ লক্ষ টাকা সরকার থেকে advance দিয়ে একটা বাড়ি তৈরি করিয়ে তাতেই কৃষি দপ্তর থেকে আবার ভাড়াও নেওয়া হয়েছে। সরকার থেকে abvance দিয়ে সরকার থেকেই সেই বাড়ি নিয়ে নিয়মিত ভাবে ভাড়া আদায় করা হচ্ছে। এই কাজ তার রাজত্বের সময় হয়েছে। কিন্তু এসব কথা তিনি বললেন না। দ্বিতীয়ত, পুরুলিয়ায় যমুনা ও চাকের উপর প্রাক্তন M.L.A. সুনীল মুখার্জির ভাইকে দিয়ে ১২ লক্ষ টাকা খরচ করে একটা Minor Irrigation Project করানো হয়। কিন্তু তার অবস্থা হচ্ছে এটা যেখানে ৩১/২ ফুট থাম দেবার কথা সেখানে ১১/২ ফুট থাম দেওয়া হয়েছে। অর্থাৎ ১২ লক্ষ টাকার মধ্যে ৬ লক্ষ টাকা চুরি হয়ে গেছে। Executive Engineer S. K. Roy তিনি তুফানগঞ্জে বদলি হয়ে গেছেন এবং মালদহে regular market-এ আছেন। তাকে দিয়ে এই কাজ করানো হয়েছে এবং তিনি লক্ষ লক্ষ টাকা চুরি করাতে মদৎ দিয়েছেন। এছাড়া আরও দু-একটি কথা বলতে চাই। Shallow tubewell সম্বন্ধে। Shallow tubewell বিভিন্ন জায়গায় হয়েছে। আমরা জানি কয়েকটি নির্দিষ্ট কোম্পানির মারফত shallow tubewell এর যন্ত্রপাতি নেওয়া হয়েছে। মন্ত্রীর নির্দেশে এ কাজ হয়েছে। আশা করা যাচ্ছে সেখানে মন্ত্রীর সঙ্গে Shallow tubewell-র একটা কথা যোগাযোগ ছিল। আর একটা আপনার মাধ্যমে হাউসের কাছে বলতে চাই সেটা।

[3-50 — 4-00 p.m.]

সেটা হল রিগ বোরিং মেশিন, এই পশ্চিমবাংলাতেই সরকার তিনটা রিগ বোরিং মেশিন এনে রেখেছেন এবং তা ঐ সাত্তার সাহেব এনেছিলেন। এর দাম কয়েক লক্ষ টাকা। এগুলি পাঞ্জাব, হরিয়ানা, বোম্বে ইত্যাদি অন্য দেশে থেকে আনা হয়েছে। এই রিগ বোরিং মেশিন ডিপ টিউবওয়েল করার জন্য এগুলি কাজে লাগে। কিন্তু এগুলিকে কাজে না লাগিয়ে

*স্টেট ওয়াটার বোর্ড যার হাতে এগুলি আছে সেগুলি ওপন এয়ারে পড়ে আছে* ফলে লক্ষ লক্ষ টাকা আজকে নষ্ট হচ্ছে। মন্ত্রী মহাশয় তাদের বাদ দিয়ে তিনি রিগ বোরিং মেশিন অন্য প্রাইভেট কোম্পানিকে দিয়ে এইসব কাজ চালিয়েছেন। তারফলে ৮৫ লক্ষ টাকার এই ভাবে গত বছর এই রিগ বোরিং মেশিন বা স্টেট ওয়াটার বোর্ড যা হয়েছে তার মাধ্যমে কাজ হয়েছে। এই যে রিগ বোরিং মেশিন যার দাম লক্ষ লক্ষ টাকা সেগুলি এখনও পর্যন্ত মেদিনীপরে ওপেন এয়ারে আছে ও রাস্ট পড়ছে। সেগুলি তত্ত্বাবধান করার জন্য মন্ত্রী মহাশয় কিছু করেননি কেন? তারা এরোপ্লেন কিনে এনেছিলেন। সিদ্ধার্থবাবু এরোপ্লেন কিনে এনে রাখলেন পরে হয়ত কোনও প্রাইভেট লোক সে এরোপ্লেন কিনবে। যেরূপ ভাবে আজ বিক্রি করে দিতে হচ্ছে। এও হয়ত দেখা যাবে যে, এই রিগ বোরিং মেশিনগুলো যা সরকার কিনেছে আর একটা ঐ পাইওনিয়র এবং অ্যাশোসিয়েটেড কোম্পানিকে—যারা সব আছে তাদের হয়ত কম দামে বিক্রি করতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি অশ্বথামা হত—এই পর্যন্ত বলেছেন কিন্তু ইতি গজ এটা বললেন না। চুরি যে হয়েছে লক্ষ লক্ষ টাকা কৃষি বিভাগ থেকে সে কথা বললেন না। আজকে সমস্ত পশ্চিমবাংলাকে একটা সোনার বাংলায় না হোক আরও অনেক বেশি উৎপাদন হতে পারত, এই কাজে যদি সমস্ত টাকা ঠিকভাবে খরচ করা হত। পুরুলিয়াতে যে ঘটনা ঘটেছে তা আমি জানি। আমার নিজের ওন্দা এলাকায় সেখানে একই ঘটনা ঘটেছে এবং সেখানেও কংগ্রেস এম. এল. এ. তার নিজের লোক-কে দিয়ে ফুয়া বাঁধ বলে একটা বাঁধ ১ লক্ষ ৭৬ হাজার টাকা দিয়ে প্রকল্পটি করেন। এবং সেই ফুয়া বাঁধে প্রায় ৭০ হাজার টাকা খরচ হয়েছে। কিন্তু সে বাঁধে কোনও জল থাকবে না। এবং আরও দুঃখের বিষয় যে এ ছাড়া ইয়াদা বাঁধ—অনুরূপ প্রকল্পে এরূপ লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছে কিন্তু সেখানেও সেচের জল গিয়ে পৌছাবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আরও কয়েকটি কথা উপস্থাপিত করতে চাই। এটা সকলেই জানেন যে ইন্দিরা গান্ধী ২০ দফা কর্মসূচি নিয়ে ছিলেন। এই ২০ দফা কর্মসূচির মধ্যে গৃহহীনদের জন্য গৃহ দাও-এই প্রকল্প ছিল এবং আমরা কলকাতার রাস্তায় রাস্তায় দেখেছি সেই যে গৃহ ৫০০ টাকায় তৈরি হয়েছে সেগুলি পরিত্যক্ত। বর্তমান সরকারের মাননীয় মন্ত্রী মহাশয় এখন অর্ডার দিতে বাধ্য হয়েছেন ঐ যে গৃহগুলি তৈরি হয়েছে তার খড় ইঁট ইত্যাদি যদি কিছু থেকে থাকে সেগুলি খুলে আনতে। কারণ, সেখানে লোক বাস করছে না। এই যে গৃহগুলি হয়েছে এগুলি হয়েছে লোকালয়ের বাইরে বনের মধ্যে বা মাঠের মধ্যে যেখানে কোনও জনসংযোগ নেই। বাড়িগুলি যা হয়েছে সেগুলি মানুষ থাকার উপযোগী নয়, শুয়োর রাখা যায় এই ধরনের গৃহ হয়েছে। ইন্দিরা গান্ধীর ২০ দফা পরিকল্পনায় ৫০০ টাকা দিয়ে প্রাক্তন মন্ত্রী সাত্তার সাহেব গৃহহীনদের জন্য গৃহ করেছেন। এগুলিতে কি হয়েছে, না, কন্ট্রাক্টর ১০০ টাকায় বাড়ি করেছে, আর ৪০০ টাকা তার পকেটে গেছে। পশ্চিমবাংলায় এমন ঘর দেখাতে পারবেন না যেখানে গৃহহীনরা গিয়ে বাস করছে। এই হল রুরাল হাউসিং স্কীম বা গ্রামের মানুষকে গৃহ দান করার পদ্ধতি এরা নিয়েছিলেন। অথচ খবরের কাগজে, বড় বড় পোস্টার দিয়ে রাস্তায় রাস্তায় তারা ব্যাপকভাবে প্রচার করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আরও কয়েকটি কথা বলতে চাই সেটা হচ্ছে তিনি বলেছেন যে আলু আছে বলে খাচ্ছি, ধান আছে বলে ধানের দাম কম, আবার

সেগুলি কিন্তু ওনার জন্য হয়েছে। আজকে যে পাওয়ার ফেলিওর সেটা কিন্তু বলছেন না যে আমাদের আবদুল গনি খান চৌধুরি ছিলেন বলে পাওয়ার ফেলিওর হয়েছে। ধানের বেলায়, আলুর বেলায় বলছেন যে ওনার জন্য হয়েছে কিন্তু পাওয়ার ফেলিওরের বেলয় বলছেন জ্যোতিবাবু, গনি খান চৌধুরি নয়। তিনি বললেন যে, আজকে আপনাদের খাতে আমাদের চেয়ে নাকি ৪ কোটি টাকা সর্ট, তিনি ৫৪ কোটি টাকা খরচ করেছেন, এখনকার সরকার ৫০ কোটি টাকা খরচ করছেন। একটি কথা বাদ দিয়ে তিনি অশ্বত্থামা হত ইতি বললেন, কিন্তু গজ বললেন না। ৭ কোটি টাকা সারে যে আলাদাভাবে খরচ হচ্ছে সেই তথ্য হাউসের সামনে উপস্থাপিত না করে এখানে অসত্য ভাষণ করে এমন ভাব দেখালেন যেন এবারে টাকা কম খরচ করে প্রগতির পথ রুদ্ধ করে দেওয়া হচ্ছে। আমরা আশা করি এই যে টাকা বরাদ্দ হয়েছে এই টাকাটা যদি চুরি না হয়, যেমন করে লক্ষ লক্ষ টাকা আত্মীয় তোষণ নীতি নির্ধারণ করে তারা খরচ করেছেন, যেভাবে তারা কন্ট্রাক্টর মারফত এবং চুরির মাধ্যমে টাকা খরচ করে বিভিন্ন প্রকল্পগুলি আজকে জলে ফেলেছেন সেই রকম যদি না হয়, আজকে যত টাকা মন্ত্রী মহাশয় বরাদ্দ করেছেন এই টাকা যদি স্বচ্ছ দুর্নীতি মুক্ত প্রশাসনের মাধ্যমে সত্যিকারে খরচ হয় তাহলে দেখা যাবে, এর চেয়ে ৩/৪ গুণ বেশি কাজ এই পশ্চিমবঙ্গের মানুষ পেয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আরও দু-একটা কথা বলতে চাই সেটা হচ্ছে ইন্দিরা কংগ্রেসের রাজত্বকালে জরুরি অবস্থায় ব্লক ডেভেলপমেন্ট অফিসগুলিতে বি. ডি. ও.-দের নিয়ে মন্ত্রী মহাশয় দিনের পরদিন তার রাজত্ব এবং প্রভাব চালিয়ে গেছেন। এই বি. ডি. ও.-রা যত কিছু রাজনীতি করেছেন এবং এই জরুরি অবস্থায় যত কিছু ঘুষ অত্যাচার ইত্যাদি করেছেন। কারণ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের চেয়ে বি. ডি. ও.-দের টেনে নিয়ে সাত্তার সাহেব ইন্দিরা রাজনীতি পুরোপুরি করেছেন। সমস্ত পশ্চিমবঙ্গে যে গ্রামীণ প্রশাসন চালিত হয় বি. ডি. ও.-র মাধ্যমে সেই প্রশাসনের মধ্যে দুর্নীতি ঢুকিয়ে দিয়ে সেই প্রশাসনকে ভেঙ্গে তছনছ করে দিয়েছেন। এই প্রশাসনের আজকে এমন অবস্থা যে সার দেওয়ার কোনও নির্দেশ দিলে সেই সার গরিব চাষীর কাছে গিয়ে পৌঁছাচ্ছে না। আজকে বীজের জন্য মন্ত্রীমহাশয় অর্ডার দিলে প্রশাসনকে, সেইভাবে সেই বীজ গিয়ে গরিব চাষীর কাছে পৌঁছাচ্ছে না।

[4-00 — 4-10 p.m.]

কৃষি ঋণ দেওয়া হল কিন্তু সেটা গরিব চাষীদের কাছে যাচ্ছে না। জরুরি অবস্থার সময় এই সমস্ত বি. ডি. ও.-দের রাজনীতির সঙ্গে জড়িত করা হয়েছিল এবং আমার এলাকায় বি. ডি. ও.-রা স্বীকার করেছেন আমাদের তাদের নির্দেশমতো কাজ করতে হয়েছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কংগ্রেস রাজত্বে তারা যেভাবে সমস্ত কিছু নষ্ট করেছে, যেভাবে দুর্নীতিগ্রস্ত করেছে, যেভাবে প্রশাসনকে নিজেদের রাজনীতির কাজে ব্যবহার করেছে সেটা বোধ হয় আর কোনও দেশে হয়নি। তারপর, ওরা বলেছেন যে আপনারা প্রোজেক্টের কথা কোনও কিছু বললেন না, সি. এ. ডি. সি., ডি. পি. এ. পি., সি. এ. ডি. এ., এস. এফ. ডি. এ. ইত্যাদির কথা কিছু বললেন না। আমার মনে হচ্ছে সাত্তার সাহেব মনে করছেন এখনও তিনি মন্ত্রী আছেন এবং হাউসের কাছে জবাব দিচ্ছেন এরকম ভাষণ এখানে রাখলেন। মন্ত্রী মহাশয় ব্যয় বরাদ্দের জন্য যে বাজেট ভাষণ দিয়েছেন সেখানে তিনি খরাপ্রবণ এলাকার কার্যক্রম, কমান্ড

এলাকা উন্নয়ন অথরিটি, ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষক উন্নয়ন সংস্থা ইত্যাদি প্রত্যেকটি প্রোজেক্টের কথা তার বক্তব্যে পরিষ্কারভাবে রেখেছেন। অথচ মাননীয় সদস্য সাত্তার সাহেব এক নিঃশ্বাসে বলে গেলেন এই সমস্ত প্রকল্পের কথা তিনি কিছুই বললেন না। এই সমস্ত প্রকল্পের মাধ্যমে কি হয়েছে সেটা আমি আপনাদের বলছি। এই ডি. পি. এ. পি. অর্থাৎ খরা প্রবণ এলাকার কার্যক্রম যেটা হয়েছে, সেখানে কতগুলি প্রোজেক্ট দেখা যাচ্ছে, যেমন, গার্ডেনিং এবং এ. এম. পি.-এ আছে পশুপালন। আপনারা একটা ঘটনা শুনলে আশ্চর্য হবেন প্রেসার কুকার যেটা দিয়েছে বাড়িতে বাড়িতে ঘুরিয়ে দেখানো হবে বলে সেটা ওই কংগ্রেসি মহিলা সমিতির সভাপতি তার নিজের বাড়িতে ব্যবহার করছেন। তারপর গার্ডেনিং-এর ক্ষেত্রে দেখছি গার্ডেনিং করবার পরিবর্তে সাত্তার সাহেবের লোক তার নিজের বাড়িতে বাগান করিয়ে নিলেন গভর্নমেন্টের টাকা দিয়ে। ফল চাষের ক্ষেত্রে দেখা যাচ্ছে সেটা চাষ হয়নি। কাজেই দেখা যাচ্ছে সি. এ. ডি. সি., ডি. পি. এ. পি., সি. এ. ডি. এ. ইত্যাদি প্রোজেক্টে যে সমস্ত টাকা দেওয়া হয়েছিল সেই সমস্ত টাকা বিগত সরকার অপব্যবহার করেছেন। মাননীয় সদস্য সাত্তার সাহেব কোথাও বললেন না অশ্বত্থামা হত ইতি গজ, অর্থাৎ চুরির কথা তিনি বললেন না। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে এই সভায় মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন করেছেন সেই বাজেটকে আমি সর্বান্তকরণে সমর্থন করে বলতে চাই যে কৃষি এমন একটা বিষয় যার উপর দেশের শতকরা ৮০ ভাগ লোকের ভাগ্য জড়িয়ে আছে। অথচ যেখানে এত লোকের জীবনমরণের প্রশ্ন জড়িত সেই কৃষির উপর তেমন গুরুত্ব এ পর্যন্ত আরোপ করা হয়নি। কৃষিকে তেমন অগ্রাধিকার দেওয়া হয়নি। এখন পর্যন্ত পঃবাংলায় এবং ভারতবর্ষের অনেক স্থানে—যেমন আমি বলতে পারি বাঁকুড়া জেলায় এবং পুরুলিয়া জেলায় যেখানে লাল কাঁকুরে মাটির দেশ সেখানে জলের কোনও সংস্থান করা হয়নি। সেখানে কৃষিকার্য একটা জুয়া খেলার সামিল। চাষী চাষ করে যাবে অথচ ফসলের কোনও গ্যারান্টি নেই, সম্পূর্ণ আকাশের দিকে চেয়ে চাষ করতে হয়, চাষী জানে না ফসল ঘরে তুলতে পারবে কিনা। এই অবস্থায় সেখানে আজও কৃষিকার্য চলছে। আজকে সাত্তার সাহেব বিগত সরকারের অনেক ফিরিস্তি দিলেন, কত টাকা তারা বরাদ্দ করেছিলেন, সরকার কি করেছিলেন কত এলাকাকে সেচ এলাকার মধ্যে আনতে পেরেছিলেন এবং কি পরিকল্পনা করা হয়েছিল গমের বিপ্লব এনেছিলেন—এই ধরনের নানান কথা তিনি বললেন। কিন্তু আমি জিজ্ঞাসা করতে চাই সাত্তার সাহেবকে যে তিনি কি এতদিন নাকে তেল দিয়ে ঘুমোচ্ছিলেন? আমি জিজ্ঞাসা করছি এতদিন তিনি কি করেছিলেন? আজ গমের বিপ্লব আনছেন, সেচ এলাকা বাড়াচ্ছেন এই সব ফিরিস্তি দিলেন এবং বললেন যে পঃ বাংলায় ৩৩ শতাংশ জমিকে সেচ এলাকায় আনা হয়েছে। আমি বলতে চাই আমরা ৩০ বছর পার করে এসেছি, এই ৩০ বছর একটা জাতীয় জীবনে খুব কম সময় নয়। এই সময়ের মধ্যে কি আর ও অনেক বেশি জমিকে সেচ এলাকায় আনা যেত না? স্যার, কৃষির কথা বিচার করতে গেলে আনুসঙ্গিক ভাবে অনেক কিছু এসে যায়—যেমন সেচের ব্যবস্থা তেমনি এর সঙ্গে সঙ্গে জড়িয়ে আছে সমবায় বিদ্যুৎ এবং নানা বিষয়। কৃষিকে যদি আধুনিকীকরণ করতে হয়, কৃষিকে যদি সত্যিকারের উন্নতির দিকে নিয়ে যেতে হয় তাহলে প্রধান কর্তব্য যেটা আমাদের

সামনে আসে তা হচ্ছে সেচ ব্যবস্থার উন্নতি করা। বিভিন্ন বিষয়ে কিছু কিছু প্রকল্প নেওয়া হচ্ছে, কিন্তু খরাপ্রবণ এলাকা বলে চিহ্নিত এলাকাগুলি যেগুলি সেখানে আজ পর্যন্ত কোনও সত্যিকারের কার্যকর ব্যবস্থা গৃহীত হয়নি। সেখানে কতকগুলি পরিকল্পনা এখনও ঝুলছে, সেগুলি কবে রূপায়িত হবে—কংসাবতী প্রোজেক্ট, দ্বারকেশ্বর প্রোজেক্ট এখনও পর্যন্ত সমীক্ষার স্তরে রয়েছে, সেটি রূপায়ণ কবে হবে আমরা জানি না। সেগুলি যাতে সত্বর রূপায়ণ করা হয় তার জন্য মন্ত্রী মহাশয় যেন দৃষ্টি দেন। আমাদের যতটুকু সম্ভব ছোট মাঝারি সেচ প্রকল্পগুলি নিতে হবে। তাহলে সেচ ব্যবস্থার কিছু উন্নতি হবে এবং আমরা জোর দিয়ে বলতে পারব যে রাসায়নিক সার প্রয়োগ নাও করি এবং জাপানি পদ্ধতিতে চাষ নাও করি তাহলে সাবেক পদ্ধতিতে চাষ করেও আরও ফসল বাড়াতে পারি। এর ফলে খাদ্যের জন্য অন্য দেশের উপর পরনির্ভরতা অনেকে পরিমাণে কমিয়ে আনতে পারব। তারপর কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে অনেক ত্রুটি আছে, কৃষি ঋণ দেওয়া হয় ব্লকের মাধ্যমে। গ্রামীণ সমবায় সমিতিগুলি কৃষি ঋণ দিয়ে থাকে তার জন্য কৃষকদের চড়া হারে সুদ দিতে হয়। ব্লক থেকে যে ইন্ডাস্ট্রিয়াল লোন দেওয়া হয় তার সুদ ৬ পারসেন্ট কিন্তু কো-অপারেটিভ সোসাইটি থেকে যে ঋণ দেওয়া হয় সেখানে ১৪/১৫ পারসেন্ট সুদ নেওয়া হয়। এত চড়া হারে কেন সুদ দিতে হবে? সেজন্য আমি দাবি করব যে এই সুদের হার কমিয়ে দেওয়া উচিত। কৃষকদের সময় মতো এবং প্রয়োজন মতো ঋণ দেবার ব্যবস্থা করতে হবে এবং চাষীকে সময় মতো বীজ ধান সরবরাহের ব্যবস্থা করতে হবে।

[4-10 — 4-20 p.m.]

কিন্তু বেশির ভাগ সময় এইগুলি এমন সময় দেওয়া হয় যে তার তখন প্রয়োজন ফুরিয়ে যায়। দেওয়া যখন হয় তখন ঠিক সময় প্রয়োজনীয় উপকরণ ন্যায্য মূল্যে দেওয়ার ব্যবস্থা আগে থেকে করতে হবে যাতে এটা কাজে লাগে। এছাড়া সমবায় সমিতগুলি এমনভাবে ঢেলে সাজাতে হবে যাতে করে কৃষি উৎপাদনে এগুলিকে অঙ্গাঙ্গিভাবে যুক্ত করা যায়। এই সমবায়গুলি শুধু নামেই আছে, এই কৃষি উন্নয়ন সমবায়গুলির একমাত্র কাজ হল কৃষি ঋণ দেওয়া। শুধু কৃষি ঋণ দিয়ে চাষের উন্নতি করা যায় না। এই সমবায়গুলি যদি আজকে কৃষির সব কিছু উপকরন নিয়ে কৃষকের পাশে এসে দাঁড়াতে পারে তবেই কৃষক বা কৃষির কল্যাণ সাধন হতে পারে। আমি জানি আমার এলাকায় চাতনায়, একটা সমবায় সমিতি আছে তারা চাষের সরঞ্জাম, পাম্প সেট, পাওয়ার টিলার, সার, ডাস্টার, স্প্রেয়ার, কীট নাশক ওষুধ পত্র, দিয়ে অনেকখানি চাষের কাজে কৃষকদের সাহায্য করতে পেরেছিল। এইভাবে যদি প্রত্যেকটি প্রাইমারি ক্রেডিট সোসাইটিকে বা সমবায় কৃষি উন্নয়ন সমিতিগুলিকে তাদের সব দিয়ে চাষের সময় তাদের বন্ধু হিসাবে তৈরি করা যায় তাহলে চাষীর কল্যাণসাধন হতে পারে। এইভাবে যেন আমরা এটা করতে পারি। তারপর আজকের দিনে একটা চ্যানেলে, বিভিন্ন ব্যাঙ্ক বা ব্লক থেকে না দিয়ে যদি সমবায় সমিতিগুলি থেকে কৃষিঋণ দেওয়া হয়, সেই ব্যবস্থা যদি করা যায়, তাহলে একই চাষী বিভিন্ন নামে ঋণ নেওয়ার সুযোগ পাবেন না। আর একটা জিনিস দেখতে পাচ্ছি যে, সার বিতরণের ক্ষেত্রে কতকগুলি অসুবিধা দেখছি। কো-অপরেটিভগুলি ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপরেটিভ মার্কেটিং ফেডারেশন লিমিটেড—এর কাছ থেকে সার ক্রয় করে। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা যায় যে তার দাম বাজার থেকে

বেশি। তাদের কাছ থেকে এর কোনও কৈফিয়ত পাওয়া যায় না, একই সার তাদের কাছ থেকে চড়া দাম দিয়ে কিনতে হয়। এছাড়া ফার্টিলাইজার ম্যানুয়েলে ত্রুটি আছে, এটা জেনে শুনে কিছু করণীয় নেই বলে সব চুপ করে তাকে, কিছুই করা যায় না। আর এই সার কিনে খুচরা রিটেলার, বিক্রেতা, কমিশন এজেন্ট, তাদের কমিশনের হার কি? কোনওটায় টনে ২০ টাকা, কোনওটায় ৮ টাকা, আবার কোনওটায় কিছুই নেই। তাছাড়া তাদের নিজেদের বিক্রয় কেন্দ্রে গিয়ে তা কিনে আনতে হয় এবং তাতে তাদের গাড়ি ভাড়াই টন প্রতি ২০-২৫ টাকা লেগে যায়। অর্থাৎ তাদের আগেই ১৫ টাকা লোকশান দিয়ে আনতে হয়। এই হচ্ছে প্রকৃত চিত্র। অতএব এটা যাতে বাস্তবযোগ্য হয় সেইভাবে করা উচিত যাতে তারা অন্য পথে যেতে বাধ্য না হয়। অনেক ক্ষেত্রে তারা ডোনেশনের নাম নিয়ে ক্রেতাদের কাছ থেকে টাকা নেয়। এটা বন্ধ করতে হবে। যে কৃষকরা দু'বেলা পেট ভরে খেতে পারে না তাদের যদি সত্যিকারের কল্যাণ করতে হয়, তাহলে তাদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যবস্থা, এবং তারা যে ৯ মাস বেকার হয়ে বসে থাকে সেই সময় তাদের কাজের ব্যবস্থা করতে হবে এবং সেই দায়িত্ব সরকারকে নিতে হবে। কারণ কৃষক যদি বাঁচে, কৃষি যদি বাঁচে তাহলে গ্রাম বাঁচবে, গ্রাম যদি বাঁচে তাহলে শহর বাঁচবে। কাজেই কৃষির উপর গোটা দেশ নির্ভর করছে, তাই এই কৃষিকে আরও উন্নত করে তোলার দিকে সরকারের লক্ষ্য দেওয়া উচিত এবং সেই প্রত্যাশা করে মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কৃষিমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি খোনে রেখেছেন আমি তা আন্তরিকভাবে সমর্থন করছি। আমি তার বিবৃতি শুনেছি, সে বিবৃতি পড়েছি এবং পড়ে খুব আশান্বিত হয়েছি। তিনি তার বিবৃতিতে প্রথমে বলেছেন—"আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে কৃষি ব্যবস্থার প্রকৃত ও স্থায়ী উন্নতি আমূল ভূমি সংস্কার ব্যবস্থার মূলত নির্ভরশীল। আবার ভূমি সংস্কারের সঙ্গে যুগপৎ কৃষি সংস্কারও যে অপরিহার্য সেকথা বলার অপেক্ষা রাখে না।" তিনি আর একটা জায়গায় বলেছেন—১৫ পাতায়, "ক্ষেত মজুর, ভাগচাষী, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র চাষীদের নাম করে যে সব পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তার সম্পূর্ণ সুযোগ নিয়েছে ধনী কৃষকেরা। এই অবস্থার অবসান ঘটাতে আমি বদ্ধপরিকর। তাই এখন থেকে সরকারের সমস্ত পরিকল্পনা এমন ভাবে তৈরি হবে যাতে পরিকল্পনার অন্তত ৭৫ শতাংশ গরিব কৃষকের কল্যাণে নিয়োজিত হয়, গরিব কৃষক বাঁচলে সবাই বাঁচবে।" এটা খুব অভিনন্দনযোগ্য বক্তব্য। অতীতে যে সব ব্যবস্থা কংগ্রেস আমলে এসেছে, বাজেটে যে সব বক্তব্য রাখা হয়েছে, তার সাথে এবারকার বক্তব্যে মৌলিক পার্থক্য রয়েছে। আমরা জানি কৃষি সমস্যা জাতীয় সমস্যা, এটা নতুন সৃষ্টি হয়নি। কৃষি ব্যবস্থার পত্তন ১৯৭৩ সালে বড়লাট লর্ড কর্ণওয়ালিশের চিরস্থায়ী বন্দোবস্তের সময় থেকে। তারপরে ১৮৪২ সাল পর্যন্ত আমরা দেখেছি আমাদের দেশে একটিও ক্ষেতমজুর ছিল না। আর আজকে সেখানে দেখতে পাচ্ছি, আমাদের কৃষিমন্ত্রীর বক্তব্যের মধ্যে, তার বিবৃতির মধ্যে, শতকরা ৪৫ ভাগ আজকে কৃষিমজুর। ইংরেজ আমলে যে অবস্থার সৃষ্টি হয়েছিল, কংগ্রেস আমলে সেই সঙ্কট ঘনীভূত হয়ে এমন ভয়াবহ অবস্থায় দাঁড়িয়েছে, সেই সঙ্কট আজকে সমস্ত সমাজজীবনকে গ্রাস করেছে। কৃষি সঙ্কটের ফলে শিল্পে আজকে সঙ্কট সৃষ্টি

হয়েছে, শিক্ষায় সমস্যা সৃষ্টি হয়েছে। তাই আমি মনে করি যে অতীতে কৃষি সমস্যা সম্পর্কে আমাদের দেশে যারা জ্ঞানী গুণী ব্যক্তি, সমাজসেবী এবং রাজনীতিজ্ঞ, তারা চিন্তা করেছেন। আমরা দেখেছি ঋষি বঙ্কিমচন্দ্র কৃষি সমস্যা সম্বন্ধে চিন্তা করেছেন, আমরা দেখেছি রবীন্দ্রনাথ চিন্তা করেছেন, আচার্য বিনোবা ভাবে, গান্ধীজী, জওহরলাল নেহেরু এ সম্বন্ধে চিন্তা করেছেন এবং তাদের বক্তব্য রেখেছেন। কিন্তু তারা বিভিন্ন দৃষ্টিভঙ্গি এবং দৃষ্টিকোণ থেকে কৃষি সমস্যার সমাধানের কথা চিন্তা করেছেন। কিন্তু আমরা জানি যে ভারতবর্ষের ৩০ বছরের স্বাধীনতার পর, ১৯৭৭ সালে অর্থাৎ আজকে যে অবস্থা রয়েছে, তাতে অগ্রগতি কিছু লক্ষ্য করা যাচ্ছে না। কংগ্রেসি প্রাক্তন কৃষিমন্ত্রী সাত্তার সাহেব তার বক্তব্যে বলেছেন গত কয়েক বছরে, ৩০ বছরে বিশেষ করে গত কয়েক বছরে যে অগ্রগতি আমরা এনেছি তা আপনারা আনতে পারবেন না। আমি মনে করি যে, অগ্রগতি হয়েছে সেটা কেন হয়েছে সাত্তার সাহেব জানে না, তাদের জন্য অগ্রগতি হয়নি, যে অগ্রগতি হয়েছে তা হয়েছে পশ্চিমবাংলার অগণিত, লক্ষ লক্ষ কৃষক এবং ক্ষেতমজুরের অক্লান্ত পরিশ্রমে এবং তাদের প্রচেষ্টায়। আমি আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর সঙ্গে একমত যে আমাদের দেশের জনসাধারণ যে ট্যাক্স বা খাজনার মাধ্যমে অর্থ সরকারি কোষাগারে পৌঁছে দিয়েছে, তার জন্য যে অগ্রগতি হয়েছে তাতে দেখা যাচ্ছে আমাদের দেশের হ্যাভসের দল, বিত্তবানেরা তার সিংহভাগের দ্বারা উপকৃত হয়েছে, তার ফলে বিত্তবানেরা আরও বিত্তবান হয়েছে এবং গ্রামের গরিব কৃষক মজুর শ্রেণী তারা আরও তলিয়ে গেছে, গ্রামের মধ্যবিত্তরা তলিয়ে গেছে। তাই আজকে দেখা যাচ্ছে যে লাভের অধিকাংশ ভাগ মুষ্টিমেয় মানুষের হাতে কেন্দ্রীভূত হয়েছে। গ্রাম জীবন ভেঙে পড়ছে, গ্রাম থেকে মানুষ শহরের দিকে যাচ্ছে, শরৎচন্দ্রের গ্রামের গফুররা আমিনার হাত ধরে চটকলে গিয়ে কাজ পাচ্ছে না। আমরা চাই না যে, গ্রামের গফুররা আমিনার হাত ধরে গ্রাম থেকে বেরিয়ে যাক, এরা গ্রামেই থাকবে গ্রামের গফুররা গ্রামেই থাকবে, এবং সামন্তবাদের অবসান ঘটাবে, জমিদার জোতদারদের অত্যাচারের শেষ করবে।

[4-20 — 4-30 p.m.]

সেই দিনের জন্য সেই শুভ লগ্নের জন্য পশ্চিমবাংলার মানুষ তৈরি হচ্ছে। আমি এই কথা বলতে পারি যে, যে বিবৃতি তিনি এখানে রেখেছেন সেই বিবৃতি অভিনন্দনযোগ্য। আমি নদীয়া জেলা থেকে এসেছি। সেই নদীয়া জেলা গত কয়েক বছরে এই কংগ্রেসিরা অত্যন্ত ন্যক্কারজনক কাজ করেছে। নদীয়ার মোহনপুরে একটা কৃষি বিদ্যালয় স্থাপিত হয়েছে ১৯৭৪ সালে এবং তার জন্য খরচ হয়েছে ২৭ কোটি টাকা। সেই কৃষি বিদ্যালয় প্রতিষ্ঠানে আমরা গত কয়েক বছরে কি দেখেছি? মাননীয় মন্ত্রী মহাশয় তদন্ত করবেন বলেছেন। এই তদন্তের ঘোষণায় পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষ আপনাকে স্বাগত জানাচ্ছে। আমি নদীয়ার জনসাধারণের পক্ষ থেকে আপনাকে স্বাগত জানাচ্ছি। কি অবস্থা সেখানে চলছে, সেখানে হাজার হাজার বিঘা জমি খালি রেখে দেওয়া হয়েছে এবং নানান কাজের নাম করে সেই সব জমি রেখে দেওয়া হয়েছে। আজকে আমাদের দেশে সরষের তেলের অভাব, আমাদের যেখানে দেখতে হবে কিভাবে খাদ্য বাড়ানো যায় কিভাবে ধানের ফলন, আখের ফলন, সরষের ফলন বাড়ানো যায়, সেখানে প্রায় ৫ হাজারে একরেরও বেশি জমি ঐভাবে পতিত ফেলে রেখে দেওয়া হয়েছে যেখানে সরষে আবাদ করলে ২ হাজার টন সরষে হতে পারত। আমরা জানি

গত কয়েক বছরে সাত্তার সাহেব কি করেছে যেন তার তুলনা হয় না। সাত্তার সাহেব জলসেচের ব্যবস্থা করেছেন, লিফলেট করেছেন, রিভার লিফট পাম্প, শ্যালো টিউবওয়েল করেছেন গভীর নলকূপ করেছেন। ঠিকই করেছেন। কিন্তু আমরা জানি, চাঁদের ঘাটে যে বোটে মেশিন বসানো হয়েছে সেটা ডুবে আছে তিন বছর হল চালু হল না কানাই নগর চকবেহারি এই সব জায়গায় সব মেশিন অকেজো হয়ে পড়ে আছে। এত টাকা খরচ করে অকেজো হয়ে পড়ে আছে এটা কল্পনা করা যায় না। আর যেটুকু জলসেচ হয়েছে তা সুষ্ঠুভাবে হয়নি অর্থের অপচয় হয়েছে। রিভার লিফট বসানো হয়েছে কৃষকরা ধান বুনেছে কিন্তু কৃষকরা জল পায় না, ধান নষ্ট হয়ে যাচ্ছে। গত কয়েক বছরে একটা অরাজকতার সৃষ্টি হয়েছে একটা Lawlessness অবস্থায় চলেছে, কর্মচারিদের তারা অসৎ, দুর্নীতি পরায়ণ করেছে, নষ্ট করেছে এবং এতে দেশের চরম ক্ষতি হয়েছে। আমি দেখেছি টোপলাতে একটা ডিপ টিউবওয়েল আছে কিন্তু লোক নাই। যে কর্মচারী সেখানে আছে সে তার কর্তব্য করে না। একজন কংগ্রেসি নেতা তিনি অঞ্চল প্রধানও বটে তার কাছেই থাকে। অঞ্চল প্রধানের ছেলেকে চাবি দিয়ে চলে যায় আর সেই অঞ্চল প্রধানের ছেলে রাত্রে ঐ ডিপ টিউবওয়েলের ঘর খুলে নিজের জমিতে জল সরবরাহ করে নেয়। এই অবস্থা চলছে এবং এ রকম অনেক দুর্নীতি ওদের আছে। বানগড়েতে হর্টিকালচার ফার্মের নাম করে ৩০০ বিঘা জমি এমনই পড়ে আছে ফসল কিছু তৈরি হচ্ছে না। কর্মচারীরা তাদের নিজেদের কাজে লাগাচ্ছে এবং সব লোপাট হচ্ছে। এই রকম জিনিস অনেক ক্ষেত্রে হচ্ছে। আমাদের এই রাজ্যে বৃটিশ সরকার যা করেছিল কংগ্রেস সরকার গত ৩০ বছর ধরে সেগুলি লালনপালন করেছে। তাই ভারতের তথা পশ্চিমবাংলার মানুষ তা বরদাস্ত করেনি, তাই এই পরিবর্তন ঘটেছে। আমরা জানি পন্ডিত নেহেরু বলেছিলেন প্রথম পঞ্চমবার্ষিকী পরিকল্পনায় দেশের খাদ্য সমস্যা সমাধান করবেন। কিন্তু চতুর্থ পরিকল্পনা শেষ হতে চলল—খাদ্য সমস্যা সমাধান হয়নি।

তিনি পারেননি, করেননি। শ্রীমতী ইন্দিরা গান্ধী তার বক্তব্যে বলেছিলেন আমি গরিবি হঠানোর মধ্য দিয়ে, ২০ দফা কর্মসূচির মধ্য দিয়ে গ্রামের মানুষের জীবনের পরিবর্তন আনব, কিন্তু আনতে পারেননি। পন্ডিত নেহেরু ১৯৫৫ সালে চিনে গিয়ে চিনের অগ্রগতি দেখে মুগ্ধ হয়েছিলেন। এই কিছুদিন আগে শ্রীমতী মৈত্রেয়ী দেবীর বিবৃতি আমরা দেখেছি, সাংবাদিক বরুণ সেনগুপ্তের বিবৃতি আমরা দেখেছি। চিন, ভিয়েতনাম, লাওস, কাম্বোডিয়ার অগ্রগতি কেন ঘটেছে এটা আমাদের বুঝতে হবে। সেই জন্য দৃষ্টিভঙ্গির পার্থক্য রয়ে গেছে, নীতির পার্থক্য রয়ে গেছে। আমরা জানি বামফ্রন্ট সরকারের শক্তি ও ক্ষমতা অত্যন্ত সীমিত, এই সীমিত অর্থনৈতিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা জানি পশ্চিমবাংলার মানুষ বামফ্রন্ট সরকারকে শক্তি জোগাবে, তারা সরকারের বিভিন্ন পরিকল্পনা, কার্যকলাপকে সফল করার জন্য চেষ্টা করবে। আমরা জানি গ্রামে গ্রামে অগনিত লক্ষ লক্ষ মানুষ একদিকে সর্বহারা অবস্থায় গিয়ে দাঁড়াচ্ছে, আর অন্য দিকে মুষ্টিমেয় মানুষ অর্থ প্রাচুর্যে ফুলে ফেঁপে উঠছে। আমরা তাই এই কথা বিশ্বাস করতে পারি, আগামী যে দিন আসছে সেদিন আর বেশি দূরে নেই যেদিন তেলেঙ্গানা সংগ্রামের পথ ধরে, কাকদ্বীপের সংগ্রামের পথ ধরে পশ্চিমবাংলার মানুষ নতুন ইতিহাস রচনা করবে, যে ইতিহাসের মধ্য দিয়ে আমাদের পশ্চিমবাংলার সমস্ত শোষণ, সমস্ত অত্যাচার ও অবিচারের সমাধি রচনা করবে। আজকে সেই ডাকই আসছে হিমালয়ের চূড়া ছাড়িয়ে

কাশ্মীরের সীমানা পেরিয়ে কাম্বোডিয়া, লাওস, চিন, সোভিয়েত রাশিয়া, ভিয়েৎনাম থেকে। ঐসব দেশে কৃষক শ্রেণীর জীবনের মহাকাব্য রচিত হচ্ছে এবং সেই মহাকাব্যের ডাক আমাদের দেশে আসছে। আমাদের দেশের জনসাধারণ, মেহনতী মানুষ সেই মহাকাব্যের অংশীদার হবে, এখানেও কৃষক শ্রেণীর জীবনের মহাকাব্য রচিত হবে। তাই আমি বলব, মাননীয় কৃষি মন্ত্রী যে বরাদ্দ পেশ করেছেন সেই বরাদ্দকে অকুণ্ঠ সমর্থন জানিয়ে আমার বক্তব্য এই খানেই শেষ করছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী ও সমষ্টি উন্নয়ন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন, আমি তাকে সমর্থন করছি। কিন্তু কোনও কোনও অংশ আমি আলোচনা করছি। তার বক্তব্যের প্রথমেই একটি কথা রয়েছে, "গরিব বাঁচলে সবাই বাঁচবে"—এই উক্তির উপর নির্ভর করে আমি বলতে চাই গরিব কৃষকের উপর তার যে ধারণা সেই ধারণাটা আরও একটু উন্নত ধরনের হলে আমরা আরও খুব খুশি হতাম। গ্রামের মানুষের উন্নতির জন্য আজকে চিন্তা করা দরকার। গ্রামের কৃষির জন্য চিন্তা করা দরকার। তারা যে কৃষি উৎপাদন করে দেয় সেই উৎপাদনই আমরা পাই। আজকে কৃষির সঙ্গে কৃষকের যে ঐতিহ্য জড়িয়ে রয়েছে সেটা আমাদের চিন্তা করতে হবে। আজকে কৃষক সম্প্রদায়, কৃষিজীবীরা আমাদের কাছে অতি নগণ্য হয়ে রয়েছে। আমরা আজও তাদেরকে কি সামাজিক ক্ষেত্র, কি অর্থনৈতিক ক্ষেত্রে উদার ভাবে দেখি না। তাদের জন্য ব্যয় বরাদ্দ বেশি করে রাখতাম না। গত কংগ্রেস সরকার কোনওদিনও কৃষকদের জন্য বেশি করে ব্যয়বরাদ্দ রাখেননি। আজকে কেন্দ্রের জনতা সরকার তাদের নীতি পরিবর্তন করেছেন, আর আমাদের এখানকার বামপন্থী ফ্রন্ট সরকারও তাদের নীতি পরিবর্তন করেছেন। কেন্দ্রে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে তাতে ২৮ ভাগ কৃষি খাতে দেওয়া হয়েছে, যেটা কংগ্রেস সরকার কোনওদিন করেননি। জনতা সরকার আজকে সেই পথ দেখিয়েছেন, আর পশ্চিমবাংলা সরকারও যদি সেই ২৮ ভাগ রাখতেন তাহলে ভাল হত। আমাদের যে খবর আছে তাতে দেখছি ১৭ ভাগ রেখেছেন।

[4-30 — 4-40 p.m.]

এখানে আমাদের দ্বিমত রয়েছে। কৃষির জন্য ব্যয়বরাদ্দ নিশ্চয়ই তিনি বাড়াতে পারতেন এবং কেন্দ্রের সঙ্গে সমতা রেখে যদি এটা করতেন তাহলে ভাল হত। আমাদের পশ্চিমবাংলায় ধান এবং পাট হচ্ছে সবচেয়ে বড় উৎপাদন এবং এই ধান এবং পাটের উপর আমাদের কৃষক সম্প্রদায়ের এবং পশ্চিমবাংলার অর্থনৈতিক কাঠামো নির্ভর করছে। লক্ষ লক্ষ মানুষের কৃষিজাত দ্রব্য উৎপাদন করার মাধ্যমে এবং পাট উৎপাদন করার মাধ্যমে আমাদের আর্থিক ক্ষেত্রে সমতা এসেছে। আমাদের যে ১ কোটি ৩৭ লক্ষ একর জমি রয়েছে তার মধ্যে ১ কোটি ৩৪ লক্ষ একরে আমন এবং বোরো ধানের চাষ হয় কাজেই এর উপর আমাদের আরও জোর দেওয়া উচিত। তারপর এই ৩ কোটি কয়েক লক্ষ একর জমিতে যে চাষ হয়নি, সেখানে চাষ আবাদের জন্য আমি সরকারের কাছে দাবি করছি তারা যেন সেচ ব্যবস্থার মাধ্যমে সেখানে চাষের ব্যবস্থা করেন। প্রান্তিক চাষী, ভাগচাষী, এবং ক্ষুদ্র চাষীর সংখ্যা হচ্ছে শতকরা ৮০/৮৫ ভাগ। ক্ষুদ্র ক্ষুদ্র কৃষক পরিবারের সংখ্যা হচ্ছে ৪০ লক্ষ এবং ক্ষেত

মজুরের সংখ্যা হচ্ছে ৩২ লক্ষ। এই যে ৭২ লক্ষ পরিবার রয়েছে তাদের দিকে তাকিয়ে কৃষির আমূল পরিবর্তন করা দরকার এবং সেইদিকে অর্থ বিনিয়োগ করা এই সরকারের উচিত বলে আমি মনে করি। তারপর, ঋণের পরিমাণও কৃষিক্ষেত্রে বাড়ানো দরকার। আমি একটা তথ্য থেকে দেখছি পাঞ্জাবের একজন কৃষক যদি ঋণ নিতে যায় তাহলে সে পায় প্রতি হেক্টরে ১১২ টাকা, তামিলনাড়ুতে একজন কৃষক পায় ১৮০ টাকা কিন্তু আমাদের পশ্চিমবাংলায় একজন কৃষক সেখানে পায় মাত্র ৮ টাকা। আমি মনে করি এর পরিবর্তন করা দরকার। চাষীরা অত্যন্ত দুঃস্থ, কাজেই তাদের বেশি করে ঋণ দেওয়া দরকার সরকারের মাধ্যমে তা সে যে ভাবেই হোক। এই ৮ টাকা ঋণ নিয়ে কোনও কৃষক উৎপাদন করতে পারে না। পাঞ্জাবের একজন কৃষক যদি ১১২ টাকা পেতে পারে তাহলে আমাদের এখানকার একজন কৃষক সেটা কেন পাবে না? মন্ত্রী মহাশয় বলেছেন, কৃষির ব্যাপারে এবং ডাল, তেল, মশলার ব্যাপারে পাঞ্জাব সিংহভাগ পায় এবং আমরা কম পাই। কেন্দ্রীয় সরকার যখন এই রকম অসামঞ্জস্য ভাগ দেয় তখন আমি বলব আপনারা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করুন সমান ভাগ সকলকে দিতে হবে। আমাদের কৃষকরা যদি ভালভাবে উৎপাদন করতে পারে তাহলে আমাদের অর্থনৈতিক উন্নতি হবে। কাজেই আপনারা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করুন এবং আমরা আমাদের পার্টি থেকে সেই দাবি সমর্থন করব। আমি মনে করি, কৃষির ব্যাপারে কৃষকদের জন্য কৃষি খাতে যে ব্যয় বরাদ্দ রয়েছে সেটা আরও বাড়ানো দরকার। তারপর আমরা দেখেছি আমাদের যে জমিতে চাষ হয় তার শতকরা ১০ ভাগ জমিতে কলের লাঙ্গল ব্যবহার হয় এবং বাকি জমি গরু, লাঙ্গল ইত্যাদি দিয়ে চাষ হয়। এটা বাড়াতে হবে। কেন মাত্র ১০ ভাগ জমি কলের লাঙ্গল দিয়ে চাষ হবে? আমি আশাকরি রাজ্য সরকার নিশ্চয়ই তারজন্য বরাদ্দ করবেন এবং এইদিকে দৃষ্টি দেবেন। এই ব্যাপারে আমি প্রস্তাব করছি লোহার লাঙ্গল, বীজ, কোদাল ইত্যাদি বিনামূল্যে কৃষকদের মধ্যে দেওয়া হোক।

আর এই সঙ্গে একথা বলতে চাই যে, কৃষির উৎপাদন করতে হলে এর সঙ্গে সেচ বিভাগ, সমবায় বিভাগ, বিদ্যুৎ বিভাগ, ইত্যাদি যে সমস্ত বিভাগ জড়িত আছে সেই বিভাগের কাছে আমাদের দাবি যে তারা যেন তড়িৎ গতিতে কৃষি বিভাগকে সহায়তা করেন। এই প্রসঙ্গে যদি জলনিকশি ব্যবস্থা না হয়, জলনিকাশি ব্যবস্থা যদি ব্যাহত হয় তাহলে কৃষির উৎপাদন হতে পারে না। কাজেই সেচ বিভাগের কাছে আমাদের দাবি তারা যেন কৃষি উৎপাদনের জন্য তড়িৎ গতিতে তাদের সহায়তা দেখাবেন। বিদ্যুৎ বিভাগকেও একথা বলব যে তারা যদি যেখানে deep tubewell আছে, সেখানে বিদ্যুৎ সরবরাহ না করেন তাহলে চাষ ব্যাহত হবে। কাজেই সেটা যাতে ব্যাহত না হয় সেজন্য বিদ্যুৎ তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করবেন। সমবায় বিভাগকে বলব যে তাদের টাকা যদি কৃষকের বাড়িতে না পৌছায় তাহলে সেচ চাষ করতে পারবে না। কাজেই সমবায় বিভাগ থেকে যে ঋণ দেওয়া হয়, সেই ঋণের টাকা যাতে তড়িৎ গতিতে ঐ কৃষক পরিবারের কাছে গিয়ে পৌছায় সেদিকে নজর দেবেন। আজকে অর্থবিভাগকে সেদিক থেকে আরও বেশি সতর্ক হতে হবে। অর্থবিভাগ যদি তড়িৎ গতিতে টাকা না দেয় তাহলে তারা কাজ করতে পারবে না। অর্থ বিভাগের মুখ্য কাজ হচ্ছে, যে সমস্ত বিভাগ আছে, সেই সমস্ত বিভাগের কাজের অগ্রগতি বাড়িয়ে তোলা। কৃষি বিশ্ববিদ্যালয়

সম্পর্কে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন, আমি নিশ্চয়ই সেটা সমর্থন করছি। আমাদের একটা বড় অভিজ্ঞতার কথা বলেছেন। কৃষি বিশ্ববিদ্যালয়, ডঃ রায়ের নামে যে কৃষি বিশ্ববিদ্যালয় হয়েছে, সেখানে ছাত্রছাত্রীরা আসে কিভাবে কৃষির উৎপাদন করতে হবে তার শিক্ষা নিতে। কিন্তু সেখানকার ঘটনায় হতাশ হতে হচ্ছে। যারা সেখানে শিক্ষা নিতে গেছেন, তারা যদি শিক্ষা না নিয়ে কুশিক্ষা করে আসেন তাহলে সেই শিক্ষা দিয়ে তারা কৃষির উৎপাদন করতে পারবে না। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে তথ্য আমাদের কাছে দিয়েছেন আমি তার সঙ্গে একমত এবং কৃষি বিশ্ববিদ্যালয়ের উপর প্রখর দৃষ্টি রাখা দরকার। আজকে আমাদের অর্থ নষ্ট করে যে সমস্ত ছেলেরা সেখানে শিক্ষা লাভ করছে, তারা যদি সেখানে আমাদের কৃষি উৎপাদনকে ব্যাহত করে, কৃষি প্রকল্পকে নষ্ট করে তাহলে তাদের সম্পর্কে আইনগত ভাবে ব্যবস্থা করা উচিৎ। আজকে পশ্চিমবাংলার কৃষকরা অত্যন্ত সজাগ। কৃষির উৎপাদনের জন্য তারা নিশ্চয়ই সচেষ্ট। কিন্তু তাদের সামনে কৃষির উৎপাদনের জন্য যে সমস্ত জিনিস ব্যবহার করবে, সেগুলি পৌঁছে দিতে হবে। সার থেকে আরম্ভ করে অর্থ এই সমস্ত জিনিসগুলি যদি কৃষকের সামনে না আসে তাহলে কখনও কৃষির উৎপাদন বাড়তে পারে না। সেজন্য আজকে আমি দাবি রাখব যে সমস্ত প্রগতিশীল কৃষক আছেন, তাদের সামনে তড়িৎগতিতে এই সমস্ত জিনিস পৌঁছে দিতে। তারপর minikit-এর যে ব্যবস্থা করা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আজকে মিনিকিট-এর যে ব্যবস্থা করেছেন, আমরা জেনেছি, তার মধ্যে সরিষা, সার থেকে আরম্ভ করে ঔষধ পর্যন্ত থাকবে এবং এসব প্রত্যেক ব্লকে দরিদ্র কৃষকের মধ্যে ৮০ ভাগ যাবে ধান চাষের জন্য, আর ৫০ ভাগ যাবে শস্য চাষের জন্য এবং ৫০ হাজার পরিবারকে এটা দেওয়া হবে। এটা যদি করা হয় তাহলে নিশ্চয়ই আমাদের শস্য বাড়বে এবং ধানের উৎপাদনও বাড়বে। এটা একটা নতুন প্রকল্প চালু করেছেন, এটাকে আমি সমর্থন করছি। কিন্তু সেটা যাতে সত্যি সত্যি চাষীরা পায় তার জন্য ব্যবস্থা করতে হবে। আজকে গ্রাম উন্নয়নের মাধ্যমে, ব্লক উন্নয়নের মাধ্যমে এগুলি করতে হবে। এই যে ধান বিলি হয়েছে তাতে আমি দেখেছি যে আগে থেকে সমস্ত দরখাস্ত পৌঁছে গেছে সে সমস্ত সরকারি অফিসার ব্লকে আছেন তাদের কাছে। সেখানে আমি দেখেছি যে একজনকে দুই কুইন্টাল ধান দেওয়া হয়েছে বীজ করার জন্য। আমরা গিয়ে দেখেছি সেটা সে সিদ্ধ করে খাচ্ছে। আমরা তাকে গিয়ে ধরলাম এবং ধরার পরে তার থেকে ১২০ কে. জি. ধান আদায় করা হল। তারপর সেগুলি আবার বিলি করা হল। আমি যেখান থেকে নির্বাচিত মুর্শিদাবাদ এক নম্বর ব্লক, সেখানে আমি দেখেছি এবং আমাদের মহকুমায় খবর নিয়ে জেনেছি যে যতগুলি ব্লক আছে সমস্ত জায়গায় একই রকম অবস্থা। তারা ধান নিচ্ছে কিন্তু কেউ বীজ করছে না, সব সিদ্ধ করে খেয়ে ফেলছে। এই যে মিনিকিট দেওয়া হবে সে ব্যাপারে যদি অনুরূপ ব্যবস্থা হয়ে থাকে তাহলে কিন্তু আবার আগের মতো অবস্থায় পড়তে হবে। কাজেই এই ব্যাপারে আগে থেকে ব্যবস্থা নেওয়া দরকার।

[4-40 — 4-50 p.m.]

সেই জন্য আমি মনে করি সরকারি যে সমস্ত অফিসার আছেন, বি. ডি. ও. প্রভৃতি, তাদের সতর্ক ভাবে নির্দেশ দেওয়া হয়, যেন M.L.A. বা আমাদের যে প্রতিনিধি থাকবে তাদের বিনা অনুমতিতে যেন বন্টন না করা হয়। কৃষির উন্নতি করার জন্য, কৃষকদের উন্নতি

করার জন্য আমি কৃষি মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যেন আরও একটু কড়া notice দেওয়া হয়। ১৫০টি গভীর নলকূপ বসানোর ব্যবস্থা এই বছর করা হয়েছে। আমি সেখানে বলছি, গভীর নলকূপ এক একটা জেলাতে অনেক বেশি করা হয়েছে আর অনেক জেলাতে হয়নি। যে সমস্ত এলাকাতে, যে সমস্ত মহকুমাতে নলকূপ হয়নি সেই সমস্ত জায়গায় গভীর নলকূপ যেন এই সরকার করেন, সেটা আমি আবেদন রাখছি। যেখানে মোটেই দেওয়া হয়নি, সেখানে যেন আগে দেওয়া হয়। সেই সঙ্গে সঙ্গে বিদ্যুতের ব্যবস্থা করা উচিৎ। বিদ্যুৎ সব জায়গায় গিয়ে পৌছায়নি। বিদ্যুৎ একটা পরিহাস কৃষকদের জীবনে। কৃষকদের বাড়িতে তো বিদ্যুৎ নেই এবং দেখা যাচ্ছে, ঐ যে বিদ্যুৎ গভীর নলকূপ এবং shallow tubewell-এর জন্য দেওয়া হচ্ছে, সেখানে বিদ্যুৎ বিভ্রাট ঘটানো হচ্ছে। আমি জানি অনেক সময় যারা বিদ্যুতের কর্তা তারা ইচ্ছা করে করেন কিনা জানি না, বেশির ভাগ সময় cut of order হয়ে থাকে। আজকে সেটার দিকে নজর দেবার দরকার আছে। কারণ আজকে আর কৃষকরা বঞ্চিত হয়ে থাকতে চায় না। আজকে কৃষকদের পড়াতে নিশ্চয়ই বিদ্যুৎ দেওয়া দরকার, কৃষকদের জন্য ভাল রাস্তা করা দরকার। কৃষকরা পিচ ঢালা রাস্তা চাইবে না। কিন্তু সেখানে যাতে মানুষ চলতে পারে, সেই রকম রাস্তা করা দরকার। কৃষি বিভাগ থেকে এই দাবি করা দরকার পথ বিভাগের কাছে। আজকে deep tubewell যেখানে হবে, যারা বলেন পিচ রাস্তা না থাকলে, সেখানে ডিপ টিউবওয়েল হবে না। বড় বড় রাস্তার ধারে deep tubewell হয়েছে। আমি সেই সম্পর্কে ভাল ভাবে জানি, কারণ আমরা যখন পরিকল্পনা দিয়েছি deep tubewell করার জন্য গ্রামের ভিতর, যেখানে মাটির রাস্তা দিয়ে যেতে হয়, তারা বলেছে ভিতরে হবে না। সেই জন্য আমি মনে করি, গ্রামাঞ্চলের যদি উন্নতি করতে হয়। কৃষির উন্নতি যদি করতে হয়, কৃষকদের যদি উন্নতি করতে হয় তাহলে গ্রামের মধ্যে পাকা রাস্তা এবং পিচ রাস্তা চলে যাওয়া দরকার। যদি deep tubewell এর ক্ষেত্রে এই আইন থাকে যে রাস্তার ধারে ছাড়া deep tubewell হবে না তাহলে এদিকটা দেখা দরকার। যদি না থাকে তাহলে কৃষি মন্ত্রীর কাছে আবেদন রাখছি, এই আইনটা তুলে নিয়ে যাতে সব জায়গায় deep tubewell হতে পারে তার ব্যবস্থা করুন। অনুরূপ ভাবে বিদ্যুতের ক্ষেত্রে দেখছি, প্যাকা রাস্তার ধারে ধারে ছাড়া অন্য কোথাও বিদ্যুৎ নিয়ে যাওয়া হয়নি, সেটাও আমি আবেদন রাখছি। সর্ব শেষে আমি বলছি, গ্রামে গিয়ে কি বলব? গ্রামের মানুষের জন্য আমরা কি নিয়ে যাচ্ছি? তবে এটা ঠিক এখন কিছু নিয়ে যাচ্ছি, গত পাঁচ বছরে সরকার যা করেনি, আজকে আমরা মনে করি, তাকে আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি। আমি তমলুক মহকুমার কথা জানি, সেখানে গত পাঁচ বছরে ওরা একটাও deep tubewell বসাতে পারেননি, front-এর আমলে অনেক deep tubewell বসেছে, আজকে যে ১৫০টি deep tubewell করছেন আমরা এটুকু বলতে পারব সেচের ব্যবস্থা যেভাবে করা হচ্ছে সেটাও বলতে পারবো। কিন্তু আশা করি, আরও বেশি বরাদ্দ দেওয়া উচিৎ ছিল। আর একটি বিষয় বলে আমি শেষ করব, এই deep tubewell এর আবেদন যে সব থাকে কৃষি দপ্তর বা সেচ দপ্তরে যাবে, না। নিজেরা পরিচালনা করবেন, সেটা আমি আলোচনার মাধ্যমে রাখছি, এটা আমি আপনার কাছ থেকে জানতে চাই, এটা জানার দরকার আছে, কারণ জনসাধারণ এখনও এটা জানে না যে deep tubewell কার মাধ্যমে কোথায় বসবে। আর একটা জিনিস শুনছি, ২০ হাজার টাকা নাকি deep tubewell এর জন্য জমা দিতে হবে। যদিও মন্ত্রী মহাশয় বলছেন,

না এটা ঠিক নয়, কিন্তু সরকারি officer-রা বলছেন যেখানে deep tubewell বসবে, সেখানে আগে ২০ হাজার টাকা দিতে হবে। এই সঙ্গে আর একটা কথা বলছি, ডিপ টিউবওয়েল করতে চাষীদের উপর জল-কর বসানো হয়েছে এবং বর্তমানে যে হারটা আছে সেটা অত্যন্ত বেশি। সেই জন্য গরিব চাষীরা, ভূমিহীন চাষীরা সেই টাকা দিয়ে চাষ করতে পারছে না। এ ব্যাপারে আমি দাবি করছি যে, এটা কমানো হ'ক। গরিব চাষীদের ক্ষেত্রে ক্ষুদ্রচাষীদের ক্ষেত্রে এটা অন্তত করা হোক। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় সেদিকে নজর দেবেন। সর্বশেষে চাষীদের জন্য বর্তমান সরকার কতগুলি ভাল ব্যবস্থা গ্রহণ করছেন বলে আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে আমি দাবি করছি গ্রামের উন্নতির জন্য আজকে এই ক্ষেত্রে আমাদের বিনিয়োগ বাড়াতে হবে। শহরকে বাদ দিয়ে আজকে গ্রামের কৃষির জন্য বিনিয়োগ বাড়াতে হবে। শহরের লোকেরা অনেকদিন খেয়েছে, শহরাঞ্চলে অনেক বিনিয়োগ করা হয়েছে। এখন গ্রামাঞ্চলে বিনিয়োগ করতে হবে। গ্রামাঞ্চলের বিনিয়োগ না হলে শহর বাঁচবে না। সুতরাং শহরকে কয়েক বছর বঞ্চিত রাখলে কোনও ক্ষতি হবে না। আজকে গ্রামের জন্য কাজ করতে হবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আজকে মাননীয় কৃষিমন্ত্রীর ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন সম্পর্কে তাঁর যে বক্তৃতা রাখা হয়েছে তাতে আমরা আনন্দের সঙ্গে লক্ষ্য করছি যে, তিনি স্বীকার করেছেন যে, গত কয়েক বছরে কৃষির উন্নতি খানিকটা হয়েছে। অবশ্য তিনি এই স্বীকৃতি অত্যন্ত কুঁথিয়ে কুঁথিয়ে করেছেন। কিন্তু তারপরে ওনার বাজেট বক্তৃতাতেও প্রত্যেক বাজেটের মতোই দেখছি একটা লেজুড় জুড়ে দেওয়া হয়েছে। এই রকম লেজুড় জুড়ে দিতে উনিও কুণ্ঠা-বোধ করেননি। এবং উনি এর সঙ্গে বলেছেন, এই উন্নতির সবটাই নাকি বিত্তবান কৃষকদের ঘরে গিয়েছে। আমার বক্তব্য হচ্ছে, মাননীয় সভাপতি মহাশয়, আপনি আমাদের গত ৫ বছরের সরকারের কৃষি মন্ত্রী, অর্থমন্ত্রী এবং অন্যান্যদের বাজেট বক্তৃতাগুলি যদি দেখেন তাহলে দেখবেন যে, সেখানেও আমরা একথা স্বীকার করেছি। কারণ বর্তমান ভারতবর্ষে যে সমাজব্যবস্থা চলছে, তাতে এই জিনিস থেকে যাচ্ছে। গ্রামের উন্নতি বা কৃষি ক্ষেত্রের যদি খানিকটা উন্নতি হয় তাহলে যারা বিত্তবান, যারা বেশি জমির মালিক তাদের কাছে এর ফল যেতে বাধ্য। এটা যাতে প্রতিরোধ করা যায়, এই অবস্থার যাতে পরিবর্তন করা যায়, তার জন্য আপনারা দেখেছেন আমরা গত ৫ বছর ধরে একটার পর একটা লেজিসলেশন এনেছি। এবং কংগ্রেস সরকার নিঃসন্দেহে প্রমাণ করেছে সেই সমস্ত লেডিসলেশনের মাধ্যমে যে, তারা এই অবস্থার পরিবর্তন চায়। যে অবস্থার কথা আজকে বর্তমান কৃষি মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন, আমাদের বিগত কংগ্রেস সরকারও সে কথা উল্লেখ করেছিল এবং সেই অবস্থার পরিবর্তনের প্রয়োজনে আপনারা জানেন ভাগচাষীদের সম্বন্ধে কোথাও তে-ভাগা ছিল, কোথাও অর্ধেক অর্ধেক ছিল, সেটাকে পরিবর্তন করে ফসলের ৭৫ ভাগ ভাগচাষীকে দেওয়ার ব্যবস্থা কংগ্রেস সরকার করেছিল। এটা নিশ্চয়ই প্রমাণ করে যে, বিত্তমান মানুষদের আমরা বিত্ত কমাতে চাই এবং যাদের বিত্ত নেই তাদের দিকে আরও বেশি করে সরকারি সাহায্য, সরকারি আইন-কানুন চাই। তার জন্য আমরা সর্বত ভাবে চেষ্টা করে গিয়েছি। সভাপতি মহাশয়, আপনি জানেন আমাদের সময়ে রুর‍্যাল ইন্ডেটেডনেস অ্যাক্ট

পাশ করা হয়েছিল। তাতে আমরা চেয়েছিলাম যে, গ্রামের দরিদ্র চাষীরা যে ঋণভারে জর্জরিত, তাদের সেই ঋণভার থেকে খানিকটা মুক্তি দিতে পারি। এই অ্যাক্ট চালু করার পর তারা যে ঋণ পেয়েছে, সেই ঋণের উৎস যাতে বন্ধ না হয়ে যায় তার জন্য ইনস্টিটিউশনাল ফিনান্স, বিশষ করে সমবায় ব্যাঙ্ক থেকে যাতে বেশি করে ঋণ দেওয়া যায় তার উপর আমরা বেশি করে জোর দিয়েছিলাম। আজকে কৃষিমন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে কিছু কিছু এ সম্বন্ধে উল্লেখ করেছেন। তবে সে জন্য অবশ্য তিনি এই স্বীকার উক্তি করেননি যে, এত টাকা কি করে বাড়ল এবং কোন সরকার বাড়াল। সেটা আমি একটু পরে বলছি। তাছাড়া অনেক লেজিসলেশন গত ৫ বছরে হয়েছে। রেস্টোরেশন অফ এলিয়েনেটেড ল্যান্ড অ্যাক্ট এবং আরও অনেক আইন হয়েছে। নিশ্চয়ই এই সমাজ ব্যবস্থায় বিত্তবানেরা অনেক সুযোগ সুবিধা পাচ্ছে, মানি বিগেটস মানি, একথা সকলেই জানেন। সুতরাং সেই অবস্থার যাতে পরিবর্তন করা যায় তার জন্য প্রচেষ্টা চালানো হয়েছিল।

এখন তিনি কৃষি ঋণের আলোচনা করতে গিয়ে বলেছেন, ১৯৭৬-৭৭ সালে সমবায় বিভাগে ৫২.৭২ কোটি টাকা স্বল্পমেয়াদি এবং ৮.০২ কোটি টাকা দীর্ঘমেয়াদি ঋণ দিয়েছেন, আমি শুধু আজকে এই কথা স্মরণ করিয়ে দিতে চাই, আমরা যখন সরকারে এসেছিলাম ১৯৭২ সালে তখন এই অঙ্ক ছিল মাত্র ৪ কোটি টাকা স্বল্পমেয়াদি ঋণের ক্ষেত্রে এবং ৮০ লক্ষ দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রে আজকে স্বল্পমেয়াদি ঋণ ৫২ কোটি টাকায় এসেছে। আমরা এ বছর ৬০ কোটি টাকা স্বল্পমেয়াদি ঋণ দেব ভেবেছিলাম, Co-operation year ending 30th June, 1977.

কিন্তু আজকে দেখছি, যে কোনও কারণেই হোক তারা লক্ষ্যে যেতে পারেনি। এ বছর বলছেন ৮০ কোটি টাকা দোব, খুব ভাল কথা—দীর্ঘমেয়াদি যেটা বলছেন ৮ কোটি টাকা—আমরা যখন এসেছিলাম তখন ছিল মাত্র ৮০ লক্ষ টাকা। সুতরাং এই যে পরিবর্তন কৃষি ক্ষেত্রে হয়েছে তা পূর্ববর্তী কংগ্রেস সরকারের সময়ই হয়েছে। কৃষির উন্নতি করতে হলে তার সঙ্গে সঙ্গে ক্ষেতমজুর, কম জমির মালিকদের উন্নতি করা সবচেয়ে বেশি প্রয়োজন একথা অনস্বীকার্য। বিশেষ করে রুর‍্যাল ইনডেটেডনেস অ্যাক্ট পাশ করার পর সেই ইনস্টিটিউশনাল ফিন্যান্স এর ব্যবস্থা আমাদের সরাকরের সময়ে হয়েছে, ৪ কোটি থেকে বৃদ্ধি পেয়েছে ৫২ কোটি টাকায়। ১৯৭২-এ এমন একটা অবস্থা হয়েছিল শুনলে আশ্চর্য হবেন, অনাদায়ী ছিল শতকরা ৮০ ভাগ। ১৯৬৭ থেকে ১৯৬৯ এবং ১৯৭০ সাল পর্যন্ত ঋণ মকুবের রাজনীতি হয়েছিল। শতকরা ৮০ পারসেন্ট ঋণ অনাদায়ী ছিল। রিজার্ভ ব্যাঙ্ক এত টাকা অনাদায়ী থাকার জন্য অতিরিক্ত ঋণের অনুমতি দিল না ১৯৭২ সালে। অনেক কান্নাকাটি করার পর আবার ঋণ দিতে তাদের আমরা রাজি করাই। তারপর থেকে সেই অঙ্ক বছরের পর বছর বৃদ্ধি পেয়ে এসেছে। ১৯৭৬-৭৭ সালে সেটা ৫২ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে। মাননীয় সভাপতি মহাশয়, সেটা সবাই জানেন পরিসংখ্যানের ব্যাপার আমি আর উল্লেখ করছি না। স্বাধীনতা লাভের পর থেকে আজকে খাদ্যশস্যের উৎপাদন সারা ভারতবর্ষে দ্বিগুণ বেড়েছে, কিন্তু এই যে অভাব আমাদের ভারতবর্ষের গ্রামে, গঞ্জে, এবং শহরে থেকে যাচ্ছে তার প্রধান কারণ হচ্ছে লোকসংখ্যা বৃদ্ধি। সেটা আমরা কমাতে পারছি না। যে ৩৩ কোটি মানুষ নিয়ে ১৯৪৭ সালে ভারতবর্ষের জন্ম হয়েছিল সেই ভারতবর্ষে আজকে ৬৬ কোটি মানুষের বাস, সেটা

যেমন দ্বিগুণ হয়েছে তেমনি ফসল উৎপাদনও দ্বিগুণ হয়েছে। আপনারা চিন নিয়ে এত চেঁচামেচি করেন, কিন্তু আমি জানি চিনেও ইকনমিক অ্যাগ্রিকালচার উৎপাদনের হার বছরের পর বছর ভারতবর্ষ থেকে বেশি নয়। কিন্তু সেখানে যেহেতু শ্রেণীহীন সমাজ—কেউ হয়ত ২ কে. জি. চাল খাচ্ছে কেউ বা ৫০০ গ্রাম চাল খাচ্ছে এটা হয়ত হয়নি যা ভারতবর্ষের সমজা ব্যবস্থায় আছে। আপনি যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তা আগেকার কংগ্রেস সরকারের গত ৩০ বছরের গত ৫ বছরের যে বাজেট ছিল সেটা হুবহু টুকলি করে দিয়েছেন। উৎপাদন বাড়াবার কোনও লক্ষ্যণ দেখলাম না। সম বন্টন কিভাবে করবেন তারও পথ নির্দেশ নেই। তারপরে ক্ষুদ্র সেচের সম্বন্ধে দু-একটি বক্তব্য রাখতে চাই। আপনারা সকলেই জানেন চাষীদের উন্নতি করতে হলে ক্ষুদ্র সেচ অপরিহার্য। ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে অনেক সেচ প্রকল্প হয়েছে, ক্ষুদ্র সেচের উপর গত কয়েক বছর যেভাবে জোর দেওয়া হয়েছে তাতে বহু জমি সেচের আওতার মধ্যে আনা হয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই, তবে আমি বলব মাটির তলাতে যে জল আছে তার সদ্ব্যবহার করা, কারণ আরও বেশি ফসল ফলানোর দিক থেকে অন্যান্য কয়েকটি অঙ্গরাজ্য থেকে এখনও এ রাজ্য পেছিয়ে আছে। আমার এখানে পরিসংখ্যান আছে, আমি দেখেছিলাম যে গুজরাট, তামিলনাড়ু, মহারাষ্ট্র, প্রভৃতি রাজ্যে—তারা সেখানে মাটির তলায় যে জল পাওয়া যায় তার প্রায় শতকরা ৯০, ৯৫ এমন কি কোথাও ৯৯ ভাগ পর্যন্ত সদ্ব্যবহার করতে আরম্ভ করে দিয়েছে।

অথচ পঃবাংলা এদিক থেকে গত ৫ বছরে অনেকখানি এগিয়ে গেলেও এখনও শতকরা ৬০-৬৫ ভাগের কাছাকাছি আছে। সুতরাং আমাদের পশ্চিমবাংলার ৫৫ লক্ষ একর ফিট যে জল জমে বৃষ্টির ফলে তাতে ৫০ লক্ষ একর জমিতে চাষ করা সম্ভব। কিন্তু দেখা যাচ্ছে কম বেশি ৩০ লক্ষ একর জমিকে ক্ষুদ্র সেচের আওতায় পশ্চিমবাংলায় এ পর্যন্ত আনতে পেরেছি। ভারতবর্ষে আমরা দেখেছি বৃষ্টির জল যা জমে তার থেকে ৮.৭৫ কোটি একরে সেচ হতে পারে। সেই তুলনায় পশ্চিমবঙ্গ অনেকখানি পিছিয়ে আছে তাতে সন্দেহ নেই। আমি আশা করি বর্তমান মন্ত্রিসভা এই কাজ করবেন। গত ৫ বছরে কত shallow, deep tubewell হয়েছে সাত্তার সাহেব তার হিসেব দিয়েছেন। কিন্তু একটা কথা এই বইটার মধ্যে আছে গত ২৫ বছরে যে সংখ্যা shallow, deep tubewell ছিল তার থেকে বেশি গত ৫ বছরে হয়েছে। এ সবগুলি পরিসংখ্যানের ব্যাপার। তবে একটা সাবধান বাণী কয়েক জন যা বলেছেন তাতে তাদের সঙ্গে আমি সম্পূর্ণ একমত এবং মন্ত্রী হিসেবে আমিও সাত্তার সাহেবকে বলেছিলাম আমরা যতগুলি shallow, deep tubewell, minor lift করেছি সেগুলির পুরো সদ্ব্যবহার হচ্ছে না। অর্থাৎ এর ফলে সরকারি টাকারও সদ্ব্যবহার হচ্ছে না এবং এদিকে দৃষ্টি দেওয়া উচিত। এই যে পরিসংখ্যান দিলাম সেগুলিতে ৫০ লক্ষ একরের মধ্যে কাগজে কলমে দেখছি ৩০ লক্ষ একর ক্ষুদ্র সেচের আওতায় এসেছে। কিন্তু কার্য ক্ষেত্রে দেখব এর চেয়ে অনেক কম জমিতে প্রকৃতপক্ষে সেচ পাওয়া যাচ্ছে। Shallow, deep tubewell-এর Communal area সাধারণ ভাবে ৭ একর। কিন্তু আমার এলাকার বহু জায়গায় দেখেছি খরার সময় যে চাষ হয় তাতে কোথাও হয়ত ২ বিঘা, কোথাও ৩ বিঘা। কোথায় ৪ বিঘা, খুব কম জায়গায় দেখেছি পুরো ৭ একরে চাষ হচ্ছে। যে পরিমাণ জমিতে চাষ করা দরকার তা হচ্ছে না। এর পেছনে অনেক কারণ থাকতে পারে কোথাও চাষীর

আর্থিক ক্ষমতা নেই, কোথাও মেশিন খারাপ, কোথাও বিদ্যুৎ নেই। এই কারণগুলি অনুসন্ধান করার জন্য কৃষি মন্ত্রীকে অনুরোধ করব এবং তারজন্য কি করা যায় তা তিনি ব্যবস্থা করবেন। আমাদের পশ্চিমবাংলার গত ৫০ বছরে বিভিন্ন রকমের প্রকল্প চালু করতে গিয়ে তার মধ্যে যে সব পরিকল্পনাগুলি ছিল ক্ষুদ্র সেচের বিষয়ে তাতে আমরা দেখেছি সেচের জলের হার বিভিন্ন রকম হয়ে গেছে। সরকার যে কোনও shallow, deep tubewell করে তার হার এক রকম সেটা সর্ব নিম্ন হার, আবার ডি. ভি. সি. ময়ূরাক্ষী Canal থেকে যে জল পাওয়া যায় তার হার আর এক রকম। Minor থেকে shallow, deep tubewell এর আরও এক রকম হার ওঠে ৪৫০/৫০০ টাকা ; আবার যেগুলি land Dev. Bank থেকে করা হয়েছে সেগুলির হার এক রকম। এর ফলে গ্রামের মধ্যে ভীষণ confusion বা বিভ্রান্তি সৃষ্টি হয়। সেজন্য চাষীরা সবসময়েই আশা করে যদি সরকার থেকে একাজ করা হয় তাহলে জলের দাম কম হবে। না হলে অন্যগুলির মধ্যে গেলে অসুবিধা ও ঝামেলা হবে। সেজন্য তারা উৎসাহ নিয়ে সমবায়ের মাধ্যমে বা অন্যভাবে এই কাজ করতে আসে না। এসব আমরা বাস্তব ক্ষেত্রে দেখেছি। সেজন আমাদের মন্ত্রিসভা থাকাকালীন এই প্রস্তাব দিয়েছিলাম এই বিভিন্ন হারগুলি বিন্যাস করা দরকার এবং দরকার হলে সরকারি সেচের হার ঠিক করা দরকার এবং দরকার হলে ভরতুকি দিয়ে হার কমিয়ে এগুলির মধ্যে যদি সমতা আনা যায় তাহলে গ্রামের চাষীরা আরও বেশি উৎসাহ পাবে এবং আরও বেশি সংখ্যায় তারা এগিয়ে আসবে। World Bank থেকে দেয় ৫৪ কোটি টাকার কাজ পশ্চিমবাংলার ৫টি জোলায় হচ্ছে। কিন্তু সেই কাজ বেশি এগুচ্ছে না। তার প্রধান কারণ হচ্ছে বিভিন্ন সেচের জলের হার। সুতরাং এগুলির তারতম্য যাতে দূর করা যায় তার ব্যবস্থা তিনি করবেন।

[5-00 — 5-10 p.m.]

আর একটা বিষয় আপনার নজরে আনতে চাই। ডিপ টিউবঅয়েল আপনি জানেন, ক্ষুদ্র সেচ প্রকল্পের অন্যতম হাতিয়ার। তার কারণ সব জায়গায় রিভার লিফট হবে না। সব জায়গায় নদী নেই বা থাকলেও জল পাওয়া যায় না। সব জায়গায় অগভীর নলকূপ কাজ করে না, কারণ অল্প মাটির নীচে সব জায়গায় জল পাওয়া যায় না। কাজেই ডিপ টিউবঅয়েল হল একমাত্র জিনিস যার দ্বারা আমরা সব জায়গায় জল পেতে পারি। অনেক জায়গায় আমরা দেখেছি ডিপ টিউব অয়েলের জলের সঙ্গে আয়রণ থাকে৷ অনেক জমি এভাবে ২/৩ বৎসর সেচ পাবার পর সে জমি লাল হয়ে যায়, শক্ত হয়ে যায়। সে জমিতে আর হাল দেওয়া যায় না। যেখানে এরূপ কান্ড কারখানা ঘটেছে সেখানে লোকেরা আর অন্য ডিপ ঠিউবঅয়েলের দিকে ঝোঁকে না। এই সমস্যা বিভিন্ন জায়গায় দেখা দিয়েছে। আমি অন্তত কাঁদি সাব-ডিভিসনের কথা জানি সেখানে এটা দেখা দিয়েছে। কি করে এর সমাধান করা যাবে? কোনও কেমিক্যাল মিশিয়ে বিশুদ্ধ করা বা অন্য কোনও বৈজ্ঞানিক উপায়ে সেটা করা যায় কিনা দেখতে হবে। আমি আরও অনুরোধ করব আর একটা বিষয়ের প্রতি। আপনি জানেন ইস্টার্ন রিজিয়নে বরাবরই আমরা অবহেলিত। আপনারা ফরাক্কার ব্যাপারে সকলে ডেলিগেশনে যাচ্ছেন। আমরা জানি না ৪০ হাজার কিউসেক জল পাব কিনা। গত বিধানসভায় অর্থাৎ ১৯৭২ সালের নির্বাচনের পর আমরা সকল সদস্য মিলে একটা রেসলিউশন নিয়েছিলাম ইস্টার্ন রিজিয়নে একটা অ্যাটমিক পাওয়ার স্টেশন হোক। ভারতের উত্তর, দক্ষিণে, পশ্চিমে,

এটা আছে। আমি তাই বলছি যে সভা যদি কোনও রেসলিউশন নেন—যেমন ফরাক্কার সম্বন্ধে প্রস্তাব উঠেছে, যে দাঁতনে একটি অ্যাটমিক পাওয়ার স্টেশন করবার অনেক পরিকল্পনা করা হোক। অ্যাটমিক এনারজি কমিশন এর কাছে সে সমস্ত প্রস্তাব রাখাও হয়েছিল। আমি সে ডেলিগেশনের সঙ্গে গিয়েছিলাম। কিন্তু যে কোনও কারণেই হোক সেটা স্যাংশন হয়নি। এর সঙ্গে সেচের একটা বিরাট সম্পর্ক আছে। গুজরাট, যেখানে অ্যাটমিক পাওয়ার স্টেশন আছে সেখানে ডিসেলিনেশন প্ল্যান্ট হয়েছে, যার থেকে আরব মহাসাগর এর প্রচুর জল পরিশুদ্ধ করে সেচের কাজে লাগানো হয়েছে। এটা যদি করি অর্থাৎ অ্যাটমিক পাওয়ার স্টেশন করতে পারি ও তার সঙ্গে ২/১ ডেসেলিনেশন প্ল্যান্ট করাতে পারি তাহলে সেচের দিক থেকে আমরা সাহায্য করতে পারব। ইলেকট্রিক বা বিদ্যুতের ব্যাপারে আপনি জানেন যে অনেক জায়গায় ডিপ টিউবঅয়েল বা রিভার লিফট ইলেকট্রিফায়েড হয়েছে সেগুলি সবসময় চলতে পারছে না বিদ্যুতের জন্য। আমি শুনলাম সম্প্রতি সরকারের তরফ থেকে একটা নির্দ্দেশ নামা গেছে যে রাত্রি বেলা ইলেকট্রিক চালিয়ে জল তুলুন। আপনি জানেন ও যারা গ্রামে গঞ্জে থাকেন তারাও জানেন যে চাষীরা রাত ৬/৭ টার মধ্যেই শুয়ে পড়ে। রাত্রে কি করে তারা জল নেবে? রাত্রি বেলায় তারা কি করে জল নেবে? কাজেই এই ধরনের যেন অবাস্তব প্রস্তাব চাষীদের কাছে না রাখেন তারজন্য আমি নিশ্চয়ই আপনার মাধ্যমে অনুরোধ করব। আমার সময় অল্প, আর একটা জরুরি কথা বলতে চাই। ব্লকে আমরা দেখেছি যে বি. ডি. ও.-দের কাজ ক্রমশ বৃদ্ধি পেয়ে যাচ্ছে অসম্ভব ভাবে। লেভি আদায় থেকে আরম্ভ করে বিভিন্ন কাজ গত কয়েক বছর ধরে ভীষণভাবে বেড়েছে। অথচ দেখছি অনেক জায়গায় বি. ডি. ও. নেই। বি. ডি. ও. থাকলেও প্রত্যেক ব্লকে একজন জয়েন্ট বি. ডি. ও. রাখবার প্রস্তাব ছিল। ১৯৬৯ সালে কাঁদি ব্লকে একজন বি. ডি. ও. এবং একজন জয়েন্ট বি. ডি. ও. দু'জন এক সঙ্গে কাজ করত, ১৯৭৭ সালে যেখানে কাজ ২ গুণ বেড়ে গেছে সেখানে জয়েন্ট বি. ডি. ও. নেই, একজন বি. ডি. ও. কোনও রকেম টিম টিম করছে। এটা এক জায়গার সমস্যা নয়, এখানকার বিধান সভার অনেক সদস্যদের এই সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। আর একটা জিনিস কৃষি মন্ত্রীর কাছে রাখছি সেটা আমার এলাকা সম্বন্ধে। কাঁদি সাব-ডিভিসন আপনারা জানেন একটা প্রোকিওরমেন্টের খুব ভাল জায়গা, সেই জায়গায় প্রতি বছর প্রোকিওরমেন্টের সময় কর্ডনিং করা হয়, সেখান থেকে প্রচুর চাল সরকারকে আমাদের চাষীরা দেন। আমাদের সেই দাবি সাত্তার সাহেবের কাছে ছিল, এখন আমি আপনার মাধ্যমে সরকারের কাছে রাখতে চাই যেহেতু আমরা সরকারকে লেভির চাল অনেকটা দিয়ে থাকি, নিশ্চয়ই সরকারের তরফ থেকে যে সমস্ত সুযোগ সুবিধা চাষের সম্প্রসারণের ক্ষেত্রে দেবেন সেগুলি সেই সমস্ত এলাকা যাতে বেশি করে পায় সেই দিকে আপনারা নজর রাখবেন। এই কথা বলে এই বাজেটে নতুন কিছু দেখতে পেলাম না বলে এই বাজেটকে সমর্থন করতে পারছি না, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**সেখ ওমর আলি :** মাননীয় সভাপতি মহাশয়, কৃষি সংক্রান্ত বিষয়টি বিচ্ছিন্নভাবে আলোচনা করা খুব মুশকিল। কারণ, এই বিষয়ের সঙ্গে অন্যান্য অনেক বিষয় সংশ্লিষ্ট। আপনি জানেন কৃষির সর্বাঙ্গীন বিকাশ যদি ঘটাতে হয় তাহলে অবশ্যই মৌলিকি ভূমি সংস্কারের প্রয়োজন আছে। আমাদের পশ্চিমবঙ্গে যেখানে আমরা দেখছি কৃষক পরিবারের

*শতকরা ৪৪.৮ ভাগ লোক ভূমিহীন, যেখানে দেখছি শতকরা ৭৩ ভাগ কৃষক পরিবারের* হাতে শতকরা ৩৬ ভাগ জমি আছে, কম সংখ্যক পরিবারের হাতে যেখানে বেশি পরিমাণ জমি আছে সেখানে যদি আমরা কৃষির বিকাশে কোনও কার্যক্রম গ্রহণ করি তাহলে নিশ্চয়ই তা দিয়ে সর্বাঙ্গীণ কৃষির বিকাশ হবে না। কৃষিতে যে আধা সামন্ততান্ত্রিক প্রথা সেই প্রথা থেকে গেছে। দ্বিতীয়ত, কৃষির সঙ্গে সেচ এবং নানা প্রশ্ন অঙ্গাঙ্গীভাবে জড়িত, এই সম্পর্কে অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন। বৃহৎ সেচ পরিকল্পনা, ক্ষুদ্র সেচ পরিকল্পনায় আমাদের পশ্চিমবঙ্গের ৩০ ভাগ জমি সেচ আওতাভুক্ত আছে, শতকরা ৭০ ভাগ জমি সেচ আওতার বাইরে। যদি সেই জমিকে আমরা সেই সেচ আওতাভুক্ত করতে না পারি তাহলে কৃষির বিকাশ ঘটানো সম্ভব নয়। সেই সঙ্গে আমি যে হিসাব পেয়েছি তাতে বলতে পারি সমগ্র আবাদি জমির মধ্যে শতকরা ২১ ভাগ জমি এমন অবস্থায় আছে যে সামান্য বৃষ্টিপাতে বা যদি একটু আধটু বন্যা হয় তাহলে সেই জমি জলে ডুবে যায়, ফসল নষ্ট হয়ে যায়। সুতরাং সেই সমস্ত জমি থেকে জল নিকাশের সুষ্ঠু ব্যবস্থা যদি না করা হয় তাহলে কৃষির বিকাশ ঘটানো সম্ভব নয়। তারপর কৃষিতে মূলধন নিয়োগের প্রশ্ন আছে। কৃষিতে মূলধন যদি কৃষকের নিজস্ব ঘর থেকে না আসে বা ইনস্টিটিউশনাল ক্রেডিট ইত্যাদির মাধ্যমে না আসে, যদি এটা দেখা যায় যে কৃষিতে নিয়োজিত মূলধনের একটা উল্লেখযোগ্য অংশ এসেছে মহাজনের কাছ থেকে তাহলে কৃষিতে উৎপাদন বাড়বে ঠিকই কিন্তু বাড়তি উৎপাদনের মালিকানা কৃষকরা পেতে পারে না। সুতরাং মূলধন নিয়োগের যে সমস্যা আছে সেই সমস্যা ইনস্টিটিউশনাল ক্রেডিটকে বাড়িয়ে, মহাজনী শোষণকে কৃষি ক্ষেত্র থেকে বন্ধ করে দূর করতে হবে। তা না হলে আমরা দেখেছি কৃষকরা ফসল পেল না, তাদের ফসল মাঠে থাকা কালে বিক্রি হয়ে গেল মহাজনদের কাছে, মজুতদারদের কাছে। যদিও এই রকম নিয়ম আছে যে ফসল-এর আগাম বিক্রি চলবে না, এটা খাতায় কাগজে থেকে যাবে যদি কৃষকের অবস্থার উন্নতি না ঘটনো যায় এবং তাদের অবস্থার পরিবর্তন না করা যায়।

[5-10 — 5-20 p.m.]

এর সঙ্গে আর একটা প্রশ্ন রয়েছে এবং সেটা হচ্ছে কৃষি পণ্যের ন্যায্য মূল্য পাওয়া। আমরা দেখেছি শিল্পজাত দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটে কিন্তু কৃষিজাত দ্রব্যের মূল্য বৃদ্ধি ঘটে অন্যভাবে। কৃষকদের হাতে যখন পণ্য থাকে তখন তার দাম কম থাকে এবং সেটা যখন মজুতদারদের হাতে চলে যায় তখন তার দাম বেড়ে যায়। অর্থাৎ কৃষককে কম দামে বিক্রি করতে হয়। কিন্তু শিল্পজাত দ্রব্যের দাম যখন বাড়ে তখন কিন্তু কৃষকের অবস্থা খারাপ হয়। এরকম ব্যবস্থা থাকলে কৃষকদের মাধ্যমে কৃষির উৎপাদন বৃদ্ধি করা যাবে না। কাজেই কৃষির ন্যায্য মূল্য দিতে হবে এবং সেই মূল্য ঠিক করা উচিত শিল্পজাত পণ্যের সঙ্গে সমতা রক্ষা করে, না হলে কোনও লাভ হবে না। আমি জানি এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আমি রাজ্য সরকারের কাছে আবেদন করব তারা যেন কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে বলেন যে কৃষি মূল্য কমিশন যেন কৃষির মূল্য নির্ধারণের জন্য এগিয়ে আসেন। তারপর দেখছি যে ঘটনার জন্য কৃষক দায়ী নয় সেই দায়িত্ব তাদের ঘাড়ে চাপানো হয় এবং তার ফলে কৃষকরা

অর্থনৈতিক দিক থেকে দুর্বল হয়। কৃষক যদি সময়মতো আবাদ না করে, সময়মতো বীজ প্রয়োগ না করে তাহলে ফসলের হানি হয় এবং তার ফল ভোগ ররতে হয় কৃষককে। কিন্তু যদি ঝড় হয়, বন্যা হয়, শিলাবৃষ্টি হয় এবং যার জন্য কৃষক দায়ী নয় তাহলে সেখানে কেন কৃষককে তার ফল ভোগ করতে হবে? সে তো এর জন্য দায়ী নয়? আমার বক্তব্য হচ্ছে আমাদের এখানে ওই জন্য শস্য বিমা প্রবর্তন করা হোক। ইতিপূর্বে বহুবার এই বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে এবং ভারতবর্ষের বহু প্রদেশে এটা নিয়ে পরীক্ষা নিরীক্ষা হয়েছে। আমাদের এখানে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে যারা কৃষকদের স্বার্থের কথা ভাবছেন কাজেই আশা করি তারা নিশ্চয়ই এই শস্য বিমা যাতে প্রবর্তন হয় তারজন্য উদ্যোগী হবেন। আমাদের কৃষি মন্ত্রী বলেছেন পশ্চিমবাংলার মানুষকে বাইরের রাজ্য থেকে অনেক কৃষি পণ্য আনতে হয়, যেমন, ডাল, আখ, সর্ষে এবং তারজন্য যে টাকা দেওয়া হয় সেটা চলে যায় অন্য রাজ্যের কৃষকদের হাতে, মহাজনদের হাতে। তিনি আবার একথাও বলেছেন এই সমস্ত শস্য আমাদের এখানে উৎপন্ন করা যাবে না এরকম নয় এবং আমাদের দেশের কৃষকরা এটা উৎপাদন করতে পারে না তাও নয়। তাহলে এই সমস্ত জিনিসের উৎপাদন বাড়াবার জন্য আমাদের কার্যকর ব্যবস্থা অবলম্বন করা উচিত। আমি মনে করি না মিনিকিট বিতরণ করে বা সরকারি অফিসারদের দিয়ে এই কাজ করানো সম্ভব। সমগ্র কৃষক সমাজকে এর মধ্যে আনতে হবে অর্থাৎ টোটাল ইনভলভমেন্ট অব দি পেজেন্ট্রি এটা দরকার। এই ব্যাপারে কৃষক সংগঠনগুলোকে ডেকে তাদের এর মধ্যে আনা উচিত এবং তাদের এরকম একটা আন্দোলনে নামানো উচিত। আমাদের এখানে বিভিন্ন দলের যে কৃষক সংগঠনগুলো রয়েছে তারা ভাগচাষীদের স্বার্থ রক্ষা করার জন্য আন্দোলন করেন, কৃষকরা যাতে ন্যায্য মূল্য পায় তারজন্য আন্দোলন করেন, মূল্য বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন করেন। তাদের যদি এই ব্যাপারে নিয়োজিত করেন এবং তাদের মধ্যে এই মানসিকতা সৃষ্টি করেন যে আমাদের পশ্চিমবাংলায় ডাল, সর্ষে, আখ উৎপাদন করা সম্ভব এবং এই সমস্ত জিনিস যদি আমরা এখানে উৎপাদন করতে পারি তাহলে এগুলি অন্য রাজ্য থেকে আমদানি করে আমাদের আর বেশি টাকা দিতে হবে না। এই মানসিকতার পরিবর্তন কোনও আমলা দিয়ে হবে না, এটা হতে পারে কৃষক সংগঠনগুলির মাধ্যমে। কাজেই আমি বামফ্রন্ট সরকারকে বলব আপনারা এই ব্যাপারে সরকারিভাবে উদ্যোগী হন, কৃষক সভাগুলির সঙ্গে আলোচনা করুন এবং তাদের যদি এর মধ্যে নিয়ে আসেন তাহলে আপনারা সফল হবেন। একই কথা বলে প্রস্তাব সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার, আমরা জানতাম রোজ সাড়ে পাঁচটায় শেষ হবে কিন্তু প্রোলংগেশন অব দি সেশন অব দি হাউস রোজই দেখছি হচ্ছে। এখন আমরা দেখছি বাইরে চুরি হচ্ছে, হাউসের মধ্যেও চুরি হচ্ছে এবং চুরি করছেন হয় আপনি, না হয় ডেপুটি স্পিকার। আমাদের এথিক্স-এ বাধে আপনাকে চোর বলতে। ডেপুটি স্পিকার চোর এটাও বলতে পারি না। রোজ রোজ যদি আপনারা সময় চুরি করেন তাহলে আপনাদের চোর ছাড়া বলব কি? আর এদিকে ট্রেজারি বেঞ্চ বলবে আমরা লজ্জায় পালাচ্ছি। আমাদের লজ্জা ওদের চেয়ে বেশি আছে কিন্তু করব কি? সাড়ে পাঁচটায় হাউস শেষ হবে সেই আশায় বসে আছি, সওয়া পাঁচটা হল এখনও মন্ত্রী উঠলেন না। আমাদের সাড়ে পাঁচটায় যেতে হবে।

রোজ রোজ আপনারা এই চুরি চালাবেন কি? যদি এই রকম করেন তাহলে বলব আপনারা চোর। আমার অবশ্য প্রবৃত্তি হয় না আপনাদের চোর বলতে কিন্তু বলতেই হচ্ছে।

**মিঃ চেয়ারম্যান :** মাননীয় সদস্য শুনুন। এর আগেও হয়েছে, আমরা সাড়ে পাঁচটায় রিসেস দিয়ে আবার ৬টায় আরম্ভ করেছি। আজকে আমাদের তালিকায় এখনও অনেক বক্তা আছেন। সাড়ে পাঁচটায় আমরা আধ ঘন্টা রিসেস দিয়ে তারপরে ডেপুটি স্পিকার আবার আরম্ভ করবেন।

**ডাঃ অম্বরীশ মুখার্জি :** স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, এখানে ডঃ জয়নাল আবেদিন বলেছেন মিঃ ডেপুটি স্পিকার চোর, আপনি চোর। আমি আশা করি তিনি এই এক্সপ্রেসনটা তুলে নেবেন। দিস এক্সপ্রেশন ইজ মোস্ট আনডিগনিফাইড, দিস ক্যান্ট বি টলারেটেড।

**মিঃ চেয়ারম্যান :** তিনি যদি এরকম মনে করে থাকেন তাহলে এটা সত্যিই আন্‌ডিগনি-ফায়েড।

**শ্রী গোপাল বসু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকের রুলিং নিয়ে জয়নাল সাহেব অনেক কথা তুলেছেন এবং আমি দেখছি রুলিং-টা তিনি ভাল করে পড়েননি। পড়েননি তা নয়, পড়বার চেষ্টাও তিনি করেননি। তিনি ক্ষুব্ধ হয়েছেন, ক্ষুব্ধ হয়েছেন এবং ক্রুদ্ধও হয়েছেন এবং পার্লামেন্টারি গণতন্ত্রে যেটুকু যাওয়া যায় সেটুকু যেতে দিতেও ওনার আপত্তি আছে। কিন্তু আমার মনে হয় তিনি ওটা পড়ে দেখলে ভাল করতেন। আজকে দেখলাম রুলিং নিয়ে এপক্ষ ওপক্ষ নানা রকমভাবে চোর, চোর, চোর বলছেন। একটা অবাধ বাঁধ ভাঙ্গা সভ্যতা, ভব্যতা এখানকার শালীনতা, এখানকার ডেকোরাম কিছুই থাকছে না। আমার মনে হয় হয়ত কিছু ভুল বোঝাবুঝি হয়েছে এই সম্পর্কে। আমি জয়নাল সাহেবকে বলি, আপনি একটু ভাল করে রুলিংটা পড়ুন, অধৈর্য হবেন না। আপনি এটা পড়ে বুঝুন এবং যদি না বোঝেন আপনি তাহলে ডেপুটি স্পিকারের কাছে যান। যদি আপনার ফার্দার কোনও ক্ল্যারিফিকেশন থাকে ফার্দার এক্সপ্ল্যানেশনের জন্য যান, কিন্তু এইভাবে হাউসের ডেকোরাম নষ্ট করবেন না। আপনি একজন ওল্ড মেম্বার। আমি যতদিন থেকে এই হাউসে এসেছি আপনিও ততদিন আছেন। দীর্ঘদিনের সদস্য আমরা, হাউসের ডেকোরাম যাতে নষ্ট হয় এই রকম আচরণ আপনার কাছ থেকে আমি আশা করিনি। আপনার যদি কোনও ক্ল্যারিফিকেশন থাকে তাহলে আপনি সেটা ডেপুটি স্পিকারের কাছে বলুন। কিন্তু এইভাবে একটা বাঁধভাঙ্গা আচরণ আপনি হতে দেবেন না এবং এখানকার ভব্যতা, সভ্যতা নষ্ট করবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার... (Noise interruption)

**(তুমুল গোলমাল)**

**মিঃ ডেপুটি স্পিকার :** আই ফুলি এগ্রি উইথ মিঃ গোপাল বসু। আমি বলতে চাচ্ছি অ্যানাদার থিং। দি ভেরি ওয়ার্ডিং অব রুলিং যেভাবে হয়েছে এর আগে এই হাউসে পয়েন্ট

অব প্রিভিলেজ রেইজ করা হয়েছিল এবং পয়েন্ট অফ অর্ডার রেইজ করা হয়েছিল একজাক্টলি সে রুলিং আমার প্রেডিসেসর্স-রা দিয়েছেন। অ্যাকর্ডিংলি আমি রুলিং-টা দিয়েছি এবং এটা কারেক্ট এবং জাস্টিফায়েড। আমি মনে করি জয়নাল সাহেব আপনার মতো প্রবীন সদস্য, আপনার জানা উচিত, আপনি একজন সিনিয়র মেম্বার, আপনার জানা উচিত যে রুলিং টা অ্যাপ্রোপ্রিয়েট হয়েছে। মেম্বার স্যুড বিহেভ ইন দি হাউস ইন এ ভেরি ডিগনিফায়েড ম্যানার অ্যান্ড ইউ স্যুড নট বিহেভ ইন দ্যাট ম্যানার অ্যান্ড ইন ফিউচার আই ওন্ট টলারেট ইট।

[5-20 — 5-30 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শাসানি দিতে পারেন না।

(হট্টগোল)

(বহু সদস্য এক সঙ্গে বলতে আরম্ভ করলেন।)

**Mr. Deputy Speaker :** Honourable, members, please take your seats and allow Dr. Abedin to Speake.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** গণতান্ত্রিক ইতিহাসে আপনি আজকে যে রুলিং দিয়েছেন সেই কন্টেক্স মনে রেখে আমি বলছি, আজকে সংসদীয় রীতিনীতির উপর আলোকপাত করেছেন এবং যার বৈধতা আপনি স্বীকার করে নিয়েছেন তখন আমি এই সাবধান বাণী উচ্চারণ করেছিলাম যে হাউস চালানো সম্ভব হবে কিনা তা আপনি ভেবে দেখবেন এবং যদি হাউস চলে তাহলে শান্তিপূর্ণভাবে হাউস চালানো সম্ভব হবে কিনা। এই কন্টেক্সটা মনে রেখেই আপনার রুলিং আমরা যেটুকু বুঝেছি সেই বোধ শক্তি দিয়েই আমরা হাউসের সংসদীয় রীতিনীতি মেনে চলছি আপনার রুলিং-এর পর। এরপর কি আপনি আমাদের শাসন করতে চান? আপনি আপনার ক্ষমতা প্রয়োগ করতে পারেন তাতে কোনও আপত্তি নেই কিন্তু আমরা জানতে চাই যে যে রুলিং আপনি প্রয়োগ করেছেন আপনাকে প্রস্তুত থাকতে হবে এই পথে চলবার জন্য। এই কন্টেক্স-এ একথা বলছি।

**শ্রী দীনেশ মজুমদার ঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং-এর ভিত্তিতে জয়নাল সাহেব ডেপুটি স্পিকারকে, চেয়ারকে, চোর বলে সরাসরি সম্বোধন করতে পারেন কিনা। এই পয়েন্ট অব প্রিভিলেজের উপর আপনাকে রুলিং দিতে হবে। আপনি আপনার রুলিং দেবার ক্ষেত্রে যে কপি দিয়েছেন তাতে উল্লেখ করেছেন বাংলায়, "আমরা যদি বলি জয়নাল সাহেব চোর", আর উনি সরাসরি চেয়ারকে বলছেন, ডেপুটি স্পিকারকে বলছেন আপনি চুরি করেছেন, আপনি চোর। এই রকম কথা মাননীয় সদস্য চেয়ারের প্রতি বলতে পারেন কিনা আপনার কাছে আমি রুলিং চাচ্ছি, আপনি রুলিং এই বিষয়ে দেবেন।

**Mr. Deputy Speaker :** I will give rulling on this point later on.

**শ্রী গোপাল বসু ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আমি একটা কথা বলছি, উনি সমস্ত সেন্টেন্সটা পড়েননি। এটা নিয়ে অনেক কাদা ছোঁড়াছুঁড়ি হচ্ছে এবং এনিয়ে একটা উত্তাপ সৃষ্টি

*হচ্ছে। আমি জয়নাল আবেদিন সাহবকে বলি আপনি শান্ত হয়ে ধৈর্যের সঙ্গে ডেপুটি স্পিকারের সঙ্গে কথা বলুন, কথা বলার পরে আপনি যদি স্যাটিসফায়েড না হন তখন আপনি এই সব বিষয় হাউসে তুলবেন।* একটি রুলিং-এর উপরে আপনার মতো একজন প্রবীণ সদস্য, রুলিং-এর পরে, স্পিকারের উপর অ্যাসপারশন আসতে পারে এমন কোনও উত্তাপ সৃষ্টি করা উচিত নয়। আমি আপনাকে উপদেশ দিচ্ছি না তবে এতে হাউসের ডেকরাম নষ্ট হচ্ছে এবং এর সঙ্গে একজন প্রবীণ সদস্য জড়িত হয়ে পড়ছেন এটাই আমার দুঃখ। আমি আপনাকে বলি যে আপনি ডেপুটি স্পিকারের চেম্বারে গিয়ে তার সঙ্গে কথা বলুন এবং তারপরে যা হয় করবেন কিন্তু এখন এখানে দাঁড়িয়ে এইভাবে উত্তাপ সৃষ্টি করবেন না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** গোপালবাবু যা বললেন তার উপর আলোকপাত করে বলি, "Lastly, I would like to observe further in this connection that while every member should certainly exercise some degree of restraint in making insinuations against other members, members of this House should not also be too sensitive to take every insinuation seriously as that will be against the spirit of parliamentary debate." আমি বলেছি হাউসে চুরি হচ্ছে এবং সেই চুরিটা হচ্ছে সময়। এটা তো আর কেউ করতে পারে না। চেয়ারম্যান করবেন, না হয় ডেপুটি স্পিকার করবেন। তারাই হাউস চালাচ্ছেন। আমি এই কথা বলেছি। এই কথা বলতে গিয়েই আমি বলেছি ডেপুটি স্পিকার চোর। আমি একথা ডিনাই করছি না।

**Mr. Deputy Speaker :** Mr. Abedin, you are a senior member of this House. I think you should behave properly.

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে জয়নাল সাহবে যা বলেছেন সেটা ঠিক নয়। তিনি বলেছেন—তার রুলিং-এর বিরুদ্ধে ক্ষোভ থাকতে পারে, যে রুলিং দেওয়া হয়েছে তাতে তিনি সন্তুষ্ট নন। কিন্তু, তারপর তিনি বলেছেন যে চুরি করা হচ্ছে, সেইজন্য চেয়ারম্যান চোর, ডেপুটি স্পিকার চোর। আমি মনে করি সংসদীয় রীতিনীতির এটা সম্পূর্ণ বিরোধী। তাকে এখানে সংসদীয় রীতিনীতি মেনে চলতে হবে। তিনি এখানে চেয়ারম্যানকে বা ডেপুটি স্পিকারকে চোর বলতে পারেন না।

**শ্রী কমল সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রবীণ সদস্য এবং অনেক দিনের সদস্য শ্রী বলাইলাল দাসমহাপাত্র যে কথা বললেন তার সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলতে চাই প্রাক্তন কংগ্রেসি মন্ত্রীর মনে অনেক ক্ষোভ থাকতে পারে কিন্তু পরিষদীয় গণতন্ত্রকে এভাবে ধ্বংস করার তার অধিকার নাই। তিনি একটা কথা নিয়ে সকাল থেকে যেভাবে উত্তেজনার সৃষ্টি করছেন, বিশেষ করে সভাপতির বড় আসন, যেখান থেকে অধ্যক্ষ মহাশয় এবং উপাধ্যক্ষ মহাশয় রুলিং দেন, তার সম্বন্ধে যে কাদা ছুঁড়ছেন তা অত্যন্ত দুঃখজনক। তার (জয়নাল সাহেবের) মন্ত্রীত্ব গেছে, তার জন্য ক্ষোভ হওয়া স্বাভাবিক, তার সম্পর্কে অনেকে অনেক কথা বলছেন, তাতে তার ক্ষোভ হতে পারে, কিন্তু জনগণ তাকে পরিত্যাগ করেছে, এই অবস্থায় তার নমনীয় হওয়া উচিত, শিক্ষা গ্রহণ করা উচিত। তা না করে, এই রকম করলে কি তিনি তার সম্মান, তার দলের সম্মান বাড়াতে পারবেন? তাই গোপালবাবু যে

**প্রস্তাব করেছেন,** তা ধীরভাবে অনুধাবন করে, ডেপুটি স্পিকারের সঙ্গে আলোচনা করে, *আগামীকাল বা পরবর্তীকালে কি করা যায় দেখুন। এমনভাবে সমগ্র পরিষদীয় গণতন্ত্র যাতে* ধ্বংস না করেন, তার জন্য তাকে অনুরোধ করছি।

[5-30 — 5-40 p.m.]

**শ্রী ভোলানাথ সেন :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি জানি না এই রুলিং রিকন্সিডার করার ক্ষমতা বা অধিকার আপনার আছে কিনা, যদি থাকে, আমি একান্ত বিনয়ের সঙ্গে অনুরোধ করব যাতে এই রুলিং আপনি আর একবার বিচার করে দেখেন। তার কারণ হচ্ছে যেকথার উপর আপনার রুলিং আছে, সেটা হল এই—আমি যদি বলি জয়নাল সাহেব চোর, আমার কাছে অনেক তথ্য আছে, জয়নাল সাহেব চোর এবং তিনি দুর্গাপুর থেকে লক্ষ লক্ষ টাকা চুরি করেছেন। একথা....

(নয়েজ)

একথা যদি কেউ হাউসের বাইরে বলতেন, তার বিরুদ্ধে নিশ্চয়ই বহু টাকার মামলা করা যেত ক্ষতিপূরণের জন্য। কিন্তু আপনার যেটা রায়, সেই রায় হচ্ছে...

**শ্রী কমলকান্তি গুহ :** উনি কি আপনার রুলিং-এর উপর আলোচনা করতে পারেন? এটাতো আলোচনার বিষয় নয়, আলোচনার বিষয় হচ্ছে জয়নাল সাহেব আপনাকে একথা বলতে পারেন কিনা।

**Mr. Deputy Speaker :** Mr. Sen, are you going to discuss my ruling? If that be so then I am not going to allow you. I know my duty very well. Speaker's ruling cannot be discussed. You please take your seat.

**Shri Bhola Nath Sen :** Only that I am saying......

(গোলমাল)

**শ্রী কমলকান্তি গুহ :** স্যার, on a point of order উনি একটা বক্তব্য রাখছেন আমি তার উপর পয়েন্ট অব অর্ডার তুলেছি। তাহলে আপনি কাকে বলতে দেবেন?

**শ্রী অমলেন্দ্র রায় :** স্যার, উনি কি পয়েন্টের উপর বলছেন?

**Shri Bhola Nath Sen :** Only that I am saying with great respect to you, Sir, that this House is agitated because of the interpretation of certain words. Now, you have given a lengthy ruling. If you have any power to reconsider then kindly reconsider this ruling. This is my submission, Sir.

**শ্রী কমলকান্তি গুহ :** স্যার, আমি এই কথা বলতে চাই যে আজকে বলাই দাস মহাপাত্র যে প্রস্তাব তুলেছেন জয়নাল আবেদিন সাহেব যে আপনাকে চোর বলেছেন সেটা

তিনি বলতে পারেন কিনা। এবং তারা বলতে পারেন কিনা তা নিয়ে আলোচনা চলতে পারে যুক্তিসঙ্গত কিনা সেটা বলতে পারেন। কিন্তু আপনার রুলিং নিয়ে যে আলোচনা হচ্ছে এটা এখানে চলতে পারে? এটাই হচ্ছে আমার বক্তব্য।

**Mr. Deputy Speaker :** Mr. Dinesh Majumdar has already raised a point of order. I have already told the House that I will give my ruling. So, this question does not arise. I will give my ruling later on. Now, I switch over to the business of the House. I call upon Shri Nimai Chandra Das to speak.

**শ্রী নিমাইচন্দ্র দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে বাজেট প্লেস করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। গত ৩০ বছর কংগ্রেস রাজত্বে বেশির ভাগ চাষী, কৃষক জমি হারিয়ে ক্ষেত মজুরে পরিণত হয়েছে এবং সেই ক্ষেত মজুরের সংখ্যা খুব জোর কদমে বেড়ে চলেছে। আমার কাছে একটা সেনসাস রিপোর্ট আছে তা থেকে আমি তুলে ধরছি। এতে আপনি বুঝতে পারবেন যে কি হারে বৃদ্ধি পাচ্ছে। ১৯৭০ সালে এর হার ছিল শতকরা ১৬ ভাগ আর ১৯৭১ সালে সেটা হোল ২৬ ভাগ। এই যে ব্যাপক ক্ষেতমজুর রয়েছে তাদের দুর্বিসহ জীবনের চিত্র আমি এখানে তুলে ধরতে চাই। এই ক্ষেত মজুরদের না আছে বসবাস করার এক চিলতে জমি না আছে পরনে কাপড় না আছে খাবার ব্যবস্থা। এরা বছরে মাত্র ৬০ দিন কাজ পায় বাকি দিন বসে থাকে বেকার হয়ে। যদি একদিন অন্যের কাজে যদি নিজেকে খাটাতে পারে তাহলে খেতে পায় আর কাজ জোটাতে না পারে তাহলে পেটে অন্ন জোটে না। এইভাবে তাদের অর্ধহারে অনাহারে উপোষ করে দিন কাটে। তাদের এই দুরবস্থার জন্য কৃষি মন্ত্রীর কাছে আমি বলতে চাই অন্তত যে মজুরি আইন ঐ ৮.১০ পয়সা হয়েছিল এবং তার উপর যে ইঞ্জাংশন জারি হয়েছিল সেই ইঞ্জাংশন অবিলম্বে তুলে দেবার চেষ্টা করুন। এবং ক্ষেত মজুরদের কাজ পাওয়ার সমস্যা আজকে সব চেয়ে বড় সমস্যা। তারা কাজ না পেলে খেতে পাবে না। তাই কাজ দেবার জন্য সারা বছর ধরে মন্ত্রী মহাশয় একটু চেষ্টা করবেন। আর একটি কথা হল গত ২০০ বছর ধরে দক্ষিণ ২৪-পরগনা জেলার খাল সংস্কারের কোনও ব্যবস্থা হয়নি। বহু খাল, নদী নালা মজে গেছে। সেচ খালের ব্যবস্থা করা এবং নিকাশি খালের ব্যবস্থা যদি করা যায় তাহলে গ্রামাঞ্চলের ব্যাপক ক্ষেত মজুর কাজ পায়, কৃষকদের উৎপাদনও অনেক বৃদ্ধি পায়, তখন ক্ষেত মজুরদের মজুরি বেশি করে দিতে বাধা হবে না। সেই জন্য ইরিগেশন এবং ড্রেনেজ ব্যবস্থার দিকে নজর দেওয়া দরকার। জরুরি অবস্থার সময় ৩০ কোটি ক্ষেত মজুরের গলায় ফাঁস লাগিয়ে দিয়েছিল, তাদের কণ্ঠ রুদ্ধ করে দিয়েছিল। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের

[5-40 — 6-25 p.m.] (Including adjournment)

গরিব ক্ষেত মজুর, গরিব চাষীরা আন্দোলন করেছিল এবং বিগত লোকসভা, বিধানসভার নির্বাচনে তাই বিরাট পরিবর্তন এসেছে। গ্রামাঞ্চলের গরিব চাষী, ক্ষেত মজুররাই হচ্ছে আজকে সংখ্যা গরিষ্ঠ। সুতরাং তাদের কথা চিন্তা করতে সরকারকে অনুরোধ করছি, কেন না তারাই এত বড় বিরাট পরিবর্তন এনেছে। কাজেই তাদের জন্য সরকারের সরাসরি কিছু

সাহায্যের ব্যবস্থা করা দরকার। আমরা জানি পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের ক্ষমতা খুব সীমিত। এই সীমিত ক্ষমতার মধ্যে যে পর্বত প্রমাণ সমস্যা তার কিছু সুরাহা হতে পারে, কাজ কিছু হতে পারে। কিন্তু আমরা বিশ্বাস করি এতে সম্পূর্ণ সমস্যার সমাধান হতে পারে না। আমরা জানি গরিব চাষী, ক্ষেত মজুর, কৃষক—বিশেষ করে মাঝারি চাষীদের এমনই অবস্থা যে তারা মরতেও পারছে না, বাঁচতেও পারছে না, এই রকম অবস্থার মধ্যে তাদের চলতে হচ্ছে। ক্ষেত মজুর, গরিব চাষীদের সামনে সব চেয়ে বড় বাধা হল সামন্ততান্ত্রিক ভূমি ব্যবস্থা, একচেটিয়া কলকারখানার মালিকদের শোষণ, বিদেশি সাম্রাজ্যবাদের শোষণ—এইগুলি জগদ্দল পাথরের মতো পাহাড় সমান উঁচু হয়ে অগ্রগতির পথে বিরাট বাধা হয়ে দাঁড়িয়েছে। সেই জন্য শোষণের এই জগদ্দল পাথর আমাদের সমাজ জীবনের অভ্যন্তরে বিরাজ করছে, আমাদের উন্নতির পথে বাধা দিচ্ছে। তারই অবশ্যম্ভাবী ফল হিসাবে এই তিনটি জিনিস দেখা দেবে। এই তিনটি পাহাড় ভাঙ্গতে গেলে শ্রমিক শ্রেণী, গ্রামের কৃষক, ক্ষেত মজুর, গরিব চাষী তাদের গণআন্দোলন উত্তরোত্তর বিকশিত করে তুলতে হবে, গণতান্ত্রিক অধিকারকে আরও প্রসারিত করে তুলতে হবে। কারণ আমরা দেখছি একদিকে গ্রামের ক্ষেত মজুর, গরিব চাষীদের অখাদ্য, কুখাদ্য, কচুশাক খেয়ে দিন কাটাতে হচ্ছে, আর একদিকে তাদের উপরে জোতদার, জমিদার এবং কংগ্রেসিদের অত্যাচার চলছে কিছু কিছু জায়গায়। এমন কি দক্ষিণ ২৪-পরগনা জেলার মাগনা ইত্যাদি গ্রামে ক্ষেত মজুরদের উপর আঘাত করছে। গুম করার জন্য নারায়ণ নস্করের বাড়ির পিছনে ফেলে দেওয়া হয়েছে। কংগ্রেসি জোতদারদের অত্যাচার গরিব ক্ষেত মজুর চাষীদের উপর চলছে। তাই তাদের গণতান্ত্রিক অধিকারকে আরও প্রসারিত করে জোতদার, মিল মালিক, জমিদারদের শোষণ, বিদেশি সাম্রাজ্যবাদী শোষণকে ভেঙ্গে চুরমার করার জন্য সরকার ক্ষেত মজুর, ভূমিহীন কৃষকদের সাহায্য করতে এগিয়ে আসবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 6.25 p.m.)

[6-25 — 6-30 p.m.] (After adjournment)

**শ্রী ত্রিলোচন মাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় কৃষি খাতের জন্য যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সেই ব্যয়বরাদ্দের দাবিকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি বলতে শুধু চাষকে বোঝায় না, সেই সঙ্গে এই চাষের জন্য চাষী সেচ, টাকা পয়সা, বীজ ধান, ঔষধপত্র ইত্যাদি সব কিছুকেই বোঝায়। কিন্তু এই সমস্ত ব্যাপারে আজকে সমন্বয় সাধিত হয়নি সেকথা পূর্ববর্তী বক্তা বলে গিয়েছেন। স্যার, আজকে এই চাষের ব্যবস্থা সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই মনে পড়ে এই চাষ যারা করে সেই চাষীদের কথা। আজকে পশ্চিম বাংলায় ভূমিহীন কৃষকদের সংখ্যা হচ্ছে ২৫ লক্ষ এবং তার সঙ্গে যদি ঐ ২/৩ বিঘা জমির মালিকদের ধরা যায় তাহলে এই সংখ্যাটা গিয়ে দাঁড়ায় ৪০ লক্ষে। এই ৪০ লক্ষ লোক তাদের রোজগারের জন্য চাষের উপর নির্ভরশীল। কিন্তু আমাদের আবাদযোগ্য যে পরিমাণ জমি আছে তার ৪ ভাগের এক ভাগ জমিও এই অংশের লোকেদের হাতে নেই। বাকি তিন ভাগ জমি আছে যারা চাষ করেন না বা আংশিক চাষ করেন তাদের হাতে। আজকে এই বিরাট সংখ্যক না খেতে পাওয়া মানুষদের ঘাড়ে বা ঐ ভগ্ন স্বাস্থ্যের মানুষদের ঘাড়ে বিরাট

দায়দায়িত্ব চাপিয়ে দিলেই কৃষি উৎপাদনের সমস্যা বা কৃষির সমস্যা মিটবে না এটা রূঢ় সত্য। পক্ষান্তরে বলা যায় যে, ঐ অকৃষকদের হাত থেকে জমি নিয়ে সেই জমি ঐ প্রকৃত ভূমিহীন চাষীদের দিয়ে এবং তাদের সেই জমি চাষ করবার জন্য বামফ্রন্ট সরকার যদি চাষের সাজসরঞ্জাম বা আনুসঙ্গিক ব্যবস্থাগুলি সুষ্ঠুভাবে করে দিতে পারেন তাহলে উৎপাদন বাড়বে এবং সমস্যার সমাধান হবে। আজকে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কার করে যাতে ন্যায্য ভাবে প্রকৃত চাষীদের হাতে জমি যায় তার ব্যবস্থা করবেন। তারপর স্যার, সেচ ব্যবস্থার কথা বলি। আমাদের এই পশ্চিমবাংলাকে সেচ, অসেচ এবং বন্যা প্লাবিত এলাকা এই তিনটি ভাগে ভাগ করা যায়। স্যার, পশ্চিমবঙ্গের পশ্চিমদিকে যে দামোদর নদীর উপর বাঁধ দেওয়া হয়েছে এবং ময়ূরাক্ষীর উপর বাঁধ দিয়ে যে ময়ূরাক্ষী প্রোজেক্ট করা হয়েছে এতে যে জলসরবরাহ করা হয় তাতে লক্ষ্য করলে দেখা যাবে যে সেখানে হৈমন্তিক ধানের চাষ সকলে করে। কিন্তু গ্রীষ্ম ও শীতকালে যে চাষ হয় সে ব্যাপারে দেখা যায় সেচ এলাকার জমিও আবাদ করা হয় না। ক্যানেলের জল এই সমস্ত জমি দিয়ে প্রবহিত হয় কিন্তু সেখানে চাষ হয় না। অনুসন্ধান করলে দেখা যাবে যে, যাদের বাড়তি জমি আছে তারা চাষ করান না। এ ব্যাপারে স্যার, আমার বক্তব্য হচ্ছে যারা জল থাকা সত্ত্বেও এই ভাবে জমি ফেলে রেখেছেন তাদের কাছ থেকে বামফ্রন্ট সরকারকে সেই সমস্ত জমি কেড়ে নিতে হবে এবং যারা ভূমিহীন তাদের দিয়ে তা চাষ করাতে হবে। তারপর স্যার, অসেচ এলাকা সম্বন্ধে বলতে গেলে বলতে হয় যে, পশ্চিমবাংলার যে মালভূমি অঞ্চল—বিহারের সাঁওতাল পরগনার সংলগ্ন যে অঞ্চল সেই অঞ্চলের অবস্থা অত্যন্ত শোচনীয় সেখানে সেচ ব্যবস্থা নেই বললেই চলে। সেই অঞ্চলটা সম্পূর্ণভাবে প্রকৃতির উপর নির্ভরশীল। এই অঞ্চলের মধ্যে গ্রামের দিকে যে সমস্ত পুকুর আছে তার কিছু ট্যাঙ্ক ইম্প্রুভমেন্টের মাধ্যমে কাটানো হয়েছে।

[6-30 — 6-40 p.m.]

কিন্তু এতে ন্যায্য চাষী, গরিব চাষী লোন পায় না। আমার বক্তব্য হচ্ছে, এই সমস্ত এলাকায় যাতে সেচের ব্যবস্থা করা যায় সে জন্য সমগ্র পুকুরগুলিকে সরকারি আওতায় এনে সংস্কার করে সেচের ব্যবস্থা করা দরকার। কারণ এই সমস্ত পুকুরের যারা মালিক আছে, অনেক সময় দেখা যায় যে একটা পুকুরের ৫০ জন শরিক থাকে। ফলে তারা সংস্কারও করবে না এব, চাষের ব্যবস্থাও করবে না। আমাদের বামফ্রন্ট সরকার এই এলাকায় যে সমস্ত সেচ ব্যবস্থার প্রকল্প নিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে মেদিনীপুর জেলার কোনও কোনও অংশের কিছুটা করা হচ্ছে। কিন্তু বিশেষ করে বীরভূম জেলা পশ্চিমবঙ্গের একটা উদ্বৃত্ত জেলা, এটা খাদ্য উৎপাদনের শ্রেষ্ঠ স্থান, আজকে বীরভূম জেলার উত্তরাঞ্চলে অনেক ক্যানাল আছে কিন্তু সেই সমস্ত ক্যানালে জল আসে না। আজকে সেই সমস্ত এলাকার নদী-নালা সংস্কার করা যায়, যদি ঐ সমস্ত ক্যানালে লক গেট করা যায় এবং যদি জল আহরণ করা যায় তাহলে অনেক সুবিধা হয় এবং ১।। মাইল, ২ মাইল পর্যন্ত আবাদ করা যায়। কোনও মান্ধাতার আমলে সার্ভে করে বলা হয়েছিল যে মাটির তলায় জল আছে কিনা, শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল বসানো যাবে না। আজকে যাদের অবস্থা ভাল তারা হয়ত শ্যালো টিউবওয়েল, ডিপ টিউবওয়েল কোনও কোনও জায়গায় এনেছে। কিন্তু এই সমস্ত ডিপ টিউবয়েল থেকে, শ্যালো টিউবয়েল থেকে গরিব মানুষের জল পাবার কোনও ব্যবস্থা নেই।

তারা ঘন্টায় ১০/১২ টাকা দিয়ে জল নিয়ে চাষ করতে পারবে না, তাদের সেই সক্ষমতা নেই। আমার বক্তব্য হচ্ছে, আবার পুনরায় সার্ভে করে কোথায় শ্যালো টিউবয়েল বসানো যায়, কোথায় ডিপ টিউবয়েল বসানো যায় সেগুলি ব্যবস্থা করা দরকার এবং এগুলি সরকারি আওতায়, সরকারি ব্যবস্থাপনায় করে গরিব চাষীরা যাতে জল পায় সেদিকে দৃষ্টি দিতে হবে। আর একটা কথা হচ্ছে, বন্যা প্লাবিত এলাকা বীরভূমের কিছু অংশ মুর্শিদাবাদের সঙ্গে যুক্ত—বীরভূমের কিছু কিছু অংশ যেমন বাগদা, ব্রহ্মাংমারি ইত্যাদি অঞ্চলের ধানের জমিগুলির উর্বরা শক্তি খুব বেশি। কিন্তু যে বছর বন্যা হয়, ধান হয় না। এই সমস্ত এলাকায় যদি জলনিকাশি ব্যবস্থা করা যায় এবং নদী-নালা যে গুলি আছে, সেটা সংস্কার করা যায় এবং লক গেট করা যায়, লিফট ইরিগেশন করা যায়, ইলেকট্রিক সাপ্লাই দেওয়া যায় এবং প্রচুর পরিমাণে ডিপ টিউবয়েল, শ্যালো টিউবয়েল বসানো যায় তাহলে এখানে দুটি ভাল চাষ হবে এবং উৎপাদনও বেড়ে যাবে। আমি মনে করি পশ্চিমবঙ্গে সরকার এই দিকে নজর দেবেন। এই যে বিরাট অংশের জমি পতিত পড়ে আছে, এখানে খাল, বিল ইত্যাদিতে জল নিকাশি ব্যবস্থা করা যায় তাহলে প্রচুর চাষ হয়ে খাদ্য শষ্যের উৎপাদন হতে পারবে এবং পশ্চিমবাংলার উৎপাদনও বাড়বে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হারানচন্দ্র হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের জন্য বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। এবং সমর্থন করে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, এই দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেস সরকার তাদের শ্রেণী স্বার্থে, জমিদার-জোতদারদের স্বার্থে ধনতান্ত্রিক পথে কৃষিনীতি রচনা করার ফলে আজকে কৃষিতে এবং কৃষক সমাজ সর্বশান্ত হয়ে এসেছে। আজকে কংগ্রেস বন্ধুরা বিরোধীদল হিসাবে যে বিরাট বিরাট সংখ্যা এবং তথ্য এখানে রেখেছেন, এই তথ্য এবং সংখ্যা দিয়ে জনসাধারণের এবং কৃষকের উন্নতি করা সম্ভব নয়, কারণ সেই সংখ্যা এবং সেই তথ্য যদি বাস্তবে রূপায়িত করা না যায়। আজকে কৃষি মন্ত্রী মহাশয় তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কৃষি এবং কৃষক সাধারণের যে উন্নতির আলো দেখিয়েছেন, সেটা দেখে তারা বড় বড় কথা বলে বাজিমাত করতে চাচ্ছেন। কারণ এটা আমরা জানি যে শ্রেণী স্বার্থে আঘাত আনার জন্য আজকে তাদের এই চিৎকার।

আমরা জানি যে শ্রীমতি ইন্দিরা গান্ধী তার সবুজ বিপ্লবের যে রঙিন ফানুস উড়িয়েছিলেন তার ধাক্কায় আজকে কৃষকরা সর্বশান্ত হয়েছে, আজকে কৃষক জমি হারাতে বাধ্য হয়েছে, কৃষকরা আজ জমি হারিয়ে ভাগ চাষী, ক্ষেত মজুরে পরিণত হয়েছে, চটকলের ক্যাজুয়াল শ্রমিকে পরিণত হয়েছে। তাই আজকে এরা যে বড় বড় কথা বলছিলেন। কিন্তু বাংলাদেশের মানুষ ভারতবর্ষের মানুষ, তারা মর্মে মর্মে উপলব্ধি করতে পেরেছে। আজকে কংগ্রেসি বন্ধুরা চিৎকার করছেন জনসংখ্যা বৃদ্ধির জন্য নানা রকম সংকটের সামনে পড়তে হচ্ছে, কিন্তু তাদের প্রশ্ন করি, অন্যান্য সমাজতান্ত্রিক দেশে ভারতবর্ষের যা লোক সংখ্যা, পশ্চিমবাংলার যা লোকসংখ্যা, তার চেয়ে অনেক বেশি, তবে এটা তাদের স্মরণ করিয়ে দিতে চাই যে শাসন ক্ষমতায় যখন তারা এসেছিলেন তখন আল্লা বা ভগবানের কাছে তারা কি দস্তখত করে এসেছিলেন যে আমাদের দেশে সন্তান সন্ততি হবে না, তাই আমি বলতে চাই, যে লোক সংখ্যা বৃদ্ধির কথা ওরা বলছেন, সেই লোকসংখ্যা, তারা বসে বসে খায় না, তারা মাথার

ঘাম পায়ে ফেলে, তাদের দেহের ক্রম বিকাশের সঙ্গে সঙ্গে তাদের পরিশ্রমের মধ্যে দিয়ে যে সম্পদ সৃষ্টি হয় সেই সম্পদ রাজকোষের একটা ভান্ডার হিসাবে গড়ে ওঠে। আজকে জয়নাল সাহেব চোর চোর বলে হাউসে সোরগোল তুলেছিলেন। কিন্তু কারা চোর তা প্রমাণ হয়ে গেছে এবং লোকসভার নির্বাচনে এবং বিধানসভার নির্বাচনের মাধ্যমে সারা ভারতবর্ষের মানুষ তথা পশ্চিমবাংলার মানুষ আজকে তাদের সেই জন্য আঁস্তাকুঁড়ে স্থান করে দিয়েছে, তাদের আঁস্তাকুড়ে নিক্ষেপ করে দিয়েছে। গত ৩০ বছর ধরে তাদের যে কৃষিনীতি ব্যবস্থা, আজকে তা যে ভেঙ্গে পড়েছে, এটা প্রমাণের অপেক্ষা রাখে না। ৩০ বছর ধরে যে সেচ ব্যবস্থা, কৃষি ব্যবস্থা, যার ফলে সারা ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় যে অবস্থা হয়ে রয়েছে তার দু-একটি উদাহরণ দিচ্ছি। আমি হাওড়া জেলার সাঁকরাইল থানা থেকে নির্বাচিত হয়ে এসেছি। তার পার্শ্ববর্তী যে সমস্ত এলাকা, সেই এলাকার কতকগুলো বেসিক ঘটনা যেটা হাউসের সামনে তুলে ধরতে চাই, তা দিয়েই প্রমাণ হবে যে গত ৩০ বছর ধরে কংগ্রেসি বন্ধুরা কৃষি উন্নতির নামে সরাকরি টাকা, পাবলিকের টাকা কিভাবে তছনছ করেছেন, অপচয় করেছেন এবং আত্মসাৎ করেছেন। জগৎবল্লভপুরে পাঁচটি পাম্পসেট আছে, সেই পাঁচটি পাম্পসেট আজ দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে পড়ে আছে এবং এইগুলোর জন্য তিনজন কর্মচারী আছেন, তাদের মাইনে দেওয়া হচ্ছে, কিন্তু এই পাম্পসেটগুলো কৃষকদের কোনও স্বার্থে কাজে লাগে না। ডোমজুড় থানায় পাঁচটি গুচ্ছ রয়েছে, প্রতিটি গুচ্ছে ৬টি করে শ্যালো টিউবওয়েল রয়েছে, কিন্তু পাঁচটি গুচ্ছের মধ্যে মাত্র একটি গুচ্ছ চালু আছে। চারটি গুচ্ছ বিদ্যুতের অভাবে পড়ে রয়েছে। এই ভাবে সরকারি পয়সা কংগ্রেসি বন্ধুরা তছরূপ করে গেছেন জগৎবল্লভপুর বি. ডি. ও. অফিসের জন্য একটা বিল্ডিং করা হচ্ছে তার পাশে একটা পাম্প বসানো হয়েছে এবং তার জন্য কর্মচারীও নিয়োগ করা হয়েছে কিন্তু পাঁচ বছর পর এখন বলা হচ্ছে যে ওখান দিয়ে নোনা জল বেরোচ্ছে সুতরাং কৃষিকার্যে ব্যবহার যোগ্য জল নয়, সুতরাং এই পরিকল্পনাটিও নষ্ট হতে বসেছে। তাই কংগ্রেসি বন্ধুদের প্রশ্ন করি এই যে লক্ষ লক্ষ টাকা খরচ করে যে ডিপ টিউবওয়েল করা হয়েছে অথচ পাঁচ বছর পরে এখন বলা হচ্ছে যে নোনা জল। কিন্তু প্রথমেই যদি বোরিং করে জল পরীক্ষা করে এই ডিপ টিউবওয়েল বসানো হত তাহলে এই লক্ষ লক্ষ টাকার অপব্যয় হত না।

[6-40 — 6-50 p.m.]

সেই রকমভাবে ডোমজুড় থানার পার্ব্বতিপুরে শ্যালো টিউবওয়েলের ব্যবস্থা হয়েছে। প্রতি বর্ষার সময় সেখানে চাষীরা চাষ করতে পারে না, সব ডুবে যায়। আর অন্য সময় বিদ্যুতের অভাবে সেই টিউবওয়েল কোনও কাজে লাগে না। অথচ ব্যাঙ্কের ঋণ নেওয়া হয়েছে এবং সেই ঋণের বোঝা বহন করতে আজকে কৃষকদের জমি হারাতে হচ্ছে। বাগনান থানার বাইনান গ্রামে কুলজিয়ান কোম্পানি ধনতান্ত্রিক ব্যবস্থায় চাষবাসের ব্যবস্থা করেছিল। তাতে কৃষকদের এতটুকু উপকার হয়নি। অথচ এর জন্য সেখানে বিগত কংগ্রেসি সরকার তাদের ৩২ লক্ষ টাকা সাহায্য করেছে। আজকে এই কোম্পানি উঠে গিয়েছে। সেখানে আজকে সুদ সমেত ৩৫ লক্ষ টাকা শোধ করার জন্য দাবি করা হয়েছে। সেই রকম পাঁচলা থানার বাসুদেবপুর গ্রামে ডিপ টিউবওয়েলের ব্যবস্থা করা হয়েছে, কিন্তু পাম্পের কোনও ব্যবস্থা নেই। সেখানে কর্মচারী নিয়োগ করা হয়েছে। এই ভাবে বহু ক্ষেত্রের সরকারি টাকা

তছরূপ হয়েছে। অথচ কৃষকদের স্বার্থে কোনও কাজ হয়নি। সেই জন্য যদি কৃষির উন্নতি করতে হয়, কৃষকের জীবন-যাত্রার যদি ক্রমবিকাশ ঘটাতে হয় তাহলে আমি সর্বপ্রথম এটা দাবি করব যে, যে সমস্ত বেনামি জমি আছে সেই সমস্ত বেনামি জমি কৃষকদের হাতে তুলে দিতে হবে এবং কৃষকদের জমি দেওয়ার সাথে সাথে সার ও বীজের ব্যবস্থা করতে হবে। তা না হলে কৃষির উন্নতি হতে পারে না। সেই সঙ্গে কৃষকদের অর্থকরি ফসল ন্যায্য দামে কৃষকরা যাতে বিক্রি করতে পারে তার ব্যবস্থা করতে হবে। পশ্চিমবাংলায় অর্থকরি ফসলের মধ্যে পাট হচ্ছে প্রথম স্থানে। কারণ পাট শিল্প পশ্চিমবাংলার সব চেয়ে বৃহৎ শিল্প। কিন্তু পাট চাষীরা মন প্রতি ৪০ কিম্বা ৫০ টাকায় পাট বিক্রয় করে। অথচ এক মন পাট তৈরি করতে তাদের এর চেয়ে অনেক বেশি টাকা লাগে। আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে এই হাউসে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করব পাট-এর দাম কম পক্ষে ১০০ টাকা মন নির্ধারিত করতে হবে এবং পাট যাতে সরকার কেনেন তার ব্যবস্থা করতে হবে। এই কয়টি কথা বলে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি আবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবনাথ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন সে সম্পর্কে আমি আমার বক্তব্য রাখছি।

এতে অনেক নুতন নতুন প্রচেষ্টার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কিন্তু আরও অনেক প্রচেষ্টার উল্লেখ থাকার দরকার ছিল, সেগুলি বাদ পড়ে গেছে, সেগুলি সংযোজন করা দরকার। সে সম্পর্কে আমি তার সামনে কিছু রাখছি। তিনি যদি সেটা সংযোজন করে-নেন তাহলে সামগ্রিকভাবে কৃষি ক্ষেত্রের অনেক উন্নতি হবে বলে আমি মনে করি।

প্রথম হল তথ্য অনুযায়ী পশ্চিমবাংলায় ১ কোটি ৩৬ লক্ষ একর কৃষি জমি রয়েছে। কিন্তু জনসংখ্যা হল ৪ কোটির বেশি। এর ফলে মাথা-পিছু ১ বিঘের বেশি জমি পড়ছে না। ১ বিঘে জমি দিয়ে নিশ্চয়ই একজন মানুষের অন্নের সংস্থান সারা বছর হতে পারে না। সুতরাং জমির পরিমাণ কি করে বাড়ানো যায়, সেই প্রচেষ্টা থাকা দরকার।

যে সমস্ত নতুন নতুন চর সৃষ্টি হয়েছে এবং যে সমস্ত চর পড়ে রয়েছে সেই সমস্ত জায়গায় বেড়া দিয়ে নতুন জমি সৃষ্টি করা যায় এবং সেই সমস্ত চরগুলিকে কৃষিযোগ্য করে তাতে ধানের চাষ করা যায় তাহলে পরে ধান উৎপাদন খুব ভালভাবে হয়। আমি আর একটা কথা বলছি মাননীয় কৃষি মন্ত্রীকে যে এখনও সাধারণ কৃষকেরা আধুনিক কৃষি সম্পর্কে সচেতন হয়ে উঠতে পারেনি সেইজন্য প্রতি জেলায় একটি করে কৃষি বিদ্যালয় স্থাপন করার জন্য অনুরোধ করছি। যাতে করে সাধারণ কৃষকরা আধুনিক পদ্ধতিতে ঠিকঠিকভাবে চাষ করতে পারে। আমি আর একটি কথা বলছি হলদিয়ায় সুতাহাটাতে প্রাক্তন মন্ত্রী ডঃ প্রফুল্ল চন্দ্র ঘোষের ১০০ একরের মতো জায়গা পড়ে আছে তাতে ৩০-৪০টি মতো বাড়ি আছে। সেই ১০০ একর জায়গায় যদি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করে কৃষকদের স্বার্থে কাজে লাগানো যায় তাহলে আমি মনে করি এটা খুব ভাল হবে। এ ছাড়া গ্রামসেবক যারা রয়েছেন সেই গ্রামসেবকরা মূলত কৃষি সম্পর্কে অভিজ্ঞ হয়ে এসেছেন। কিন্তু তাদের নানা কাজে জড়িয়ে দিয়ে, নানা কাজের দায়িত্ব দিয়ে, যে উদ্দেশ্যে শিক্ষিত করে তোলা হয়েছে সেই উদ্দেশ্যে কাজে

লাগানো হচ্ছে না। সুতরাং আমি অনুরোধ করব যাতে তাদের কৃষি দায়িত্ব দেওয়া হয়। আমার এলাকায় যে সমস্ত পশু চিকিৎসালয় আছে সেখানে ভীষণ ওষুধের অভাব। সুতরাং পশু চিকিৎসালয় স্থাপনের সঙ্গে সঙ্গে যাতে সেখানে সারা বছর ওষুধ সরবরাহের ব্যবস্থা থাকে তার জন্য আমি অনুরোধ করছি। জমিতে কৃষির সার প্রয়োগের ফলে জমির উৎপাদন ক্ষমতা দিনে দিনে কমে আসছে কিন্তু জৈব সার প্রয়োগ করলে এই জিনিস আর হবে না। কাউডাঙ্গ পদ্ধতি একটা সৃষ্টি হয়েছে। যদি প্রতি গ্রামে বিভিন্ন কৃষককে সরকারের সহযোগিতায় এই পদ্ধতিতে কাজে লাগানো যায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি। কংগ্রেসিরা টি. ভি. পদ্ধতি চালু করেছিল। এই টি. ভি. পদ্ধতি অত্যন্ত বাজে পদ্ধতি। গ্রাম সেবকরা মুষ্টিমেয় কয়েকজন প্রগতিশীল চাষী তাদের সঙ্গে যোগাযোগ করে কিন্তু তারা সাধারণ কৃষকদের আধুনিক পদ্ধতি সম্পর্কে, ওয়াকিবহাল হওয়ার সুযোগ দেয় না।

[6-50 — 7-00 p.m.]

সুতরাং অবিলম্বে যাতে এই টি. ভি. পদ্ধতি বাতিল করা হয় সেজন্য অনুরোধ করছি। এছাড়া বিভিন্ন এলাকার বিভিন্ন রকমের কৃষি পদ্ধতি আছে সব জায়গায় এক রকম নয়। সুতরাং যেখানে যেমন ভূমি ববস্থা আছে সেই অনুযায়ী অর্থাৎ কোথাও প্রথম শ্রেণী, কোথায় দ্বিতীয় শ্রেণী, কোথাও তৃতীয় শ্রেণী যদি সেই শ্রেণী ভিত্তিক অনুযায়ী খরচ হয় তাহলে ভাল হয়। এই খরচের পরিপ্রেক্ষিতে সেখানে বিভিন্ন রকমের যন্ত্রপাতি ও সারের সহযোগিতা সরকার থেকে যাতে রাখা হয় সে বিষয়ে আবেদন করছি। আমি নিজের হাতে চাষ করি তাতে আমি জানি ১ বিঘা জমিতে ধান উৎপাদন করতে খরচ ও যে ফসল হয় তাতে সরকারের যে দাম সেই দাম হিসাব করলে তা খরচের সমান হয় এবং বাজারে যেটুকু উদ্বৃত্ত দামে বিক্রি করতে পারে তাতে তার সারা বৎসরের প্রয়োজন মেটে না। আমি আশা করব কৃষির পণ্য উৎপাদন ব্যয় যাতে কমানো যায় এবং কৃষকের আয় বৃদ্ধির জন্য সরকারের সহযোগিতা করা প্রয়োজন। তা না হলে জানি টুকরো টুকরো করলে উৎপাদন বৃদ্ধি হবে না। কারণ তাতে উৎপাদন ক্ষমতা থাকবে না। সে ক্ষেত্রে সরকারের সহযোগিতা যেমন দরকার, সেক্ষেত্রে টুকরো টুকরো জমিতে আধুনিক পদ্ধতিতে চাষ করা নিয়ে তারা অসুবিধা ভোগ করবে। সেজন্য আমি বলছি সমবায়ের মাধ্যমে যাতে চাষের কাজ হতে পারে সেক্ষেত্রে সরকারের সহযোগিতা থাকা দরকার এবং প্রত্যেকটি এলাকায় বি. ডি. ও.-র অফিসে বিভিন্ন রকমের যন্ত্রপাতি থেকে যাতে জনসাধারণ তা ব্যাপকভাবে প্রয়োগ করতে পারে তার ব্যবস্থা থাকা দরকার। এই বলে আমার প্রস্তাবগুলি মন্ত্রী মহাশয়ের সামনে রেখে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সুধীন প্রামাণিক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কৃষিমন্ত্রীর ব্যয় বরাদ্দ সমর্থন করে কিছু বলতে চাই। আমি কুচবিহার জেলা থেকে এসেছি। এটা একটা অসেচ এলাকা। সেখানকার জমি উঁচু জমি। সেখানকার অর্থকরি ফসল হল তামাক এবং কিছু কিছু নিচু জমি তাতে আমন ধান হয়। কৃষকদের ১ মন তামাক উৎপাদন করতে বিঘা প্রতি খরচ হয় ২০০ টাকা এবং তার একমাত্র সার হচ্ছে গোবর। কিন্তু কৃষকরা গরু আর রাখতে পারছে না এর ফলে গোবর সার দিতে পারছে না। সেজন্য ফসলও ভাল হচ্ছে না। সমবায় সমিতির মাধ্যমে

কিছু ইউরিয়া সার সেখানে দেওয়া হচ্ছে। অনেক জায়গা উঁচু জায়গা আছে। এইভাবে উঁচু জমিতে ইউরিয়া সার দিয়ে বেশি জল দিতে না পারলে চাষের ক্ষতি হবে। আমি তাই কৃষি মন্ত্রীকে অনুরোধ করছি যাতে কুচবিহারে তামাক উৎপাদন বাড়ে তারজন্য তিনি চেষ্টা করুন। এই সঙ্গে আমি সার সরবরাহ বৃদ্ধির দাবি জানাচ্ছি। গোবর সার যাতে বেশি দেওয়া হয় তারজন্যও আমি অনুরোধ করছি। কুচবিহারে যে সমস্ত নদী আছে সে সমস্ত নদীতে রিভার পাম্পের সাহায্যে ডাঙ্গা জমিতে যদি জল দেওয়া যায় তাহলে সেখানে প্রচুর আমন ধান হতে পরে এ বিষয়েও আমি কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীগুলি থেকে উঁচু জমিতে চাষ আবাদের সময় যাতে জল সরবরাহ করা হয় বিশেষভাবে তারজন্য আবেদন করছি। কুচবিহার জেলায় প্রায় ৯৯ জনই কৃষক। কল কারখানা বলতে সেখানে কিছু নেই। এই কৃষকরা ক্ষেতমজুর এবং আদিয়ার। এরমধ্যে ৫০ ভাগ ক্ষেত মজুর ভূমিহীন কৃষক এবং বাকিরা অন্যান্য কৃষক। কাজেই এই সমস্ত ভূমিহীন কৃষক ও প্রান্তিক চাষীদের জন্য যদি ব্যবস্থা না করা যায় তাহলে উন্নতি হবে না। তাই এই সমস্ত প্রান্তিক ক্ষুদ্র চাষীদের সার ও সেচের ব্যবস্থা যদি করা যায় তাহলে ক্ষেতমজুররা তারাও কাজ দেখাতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly it has become necessary to extend the time of the House. I propose to extend the time by an hour. I hope the House will agree to it.

(Voices : Yes)

So, with the sense of the House the time is extended by an hour.

[7-00 — 7-10 p.m.]

**ডাঃ গোলাম ইয়াজদানি :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় কৃষি মন্ত্রী যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন তা সমর্থন করে তার দৃষ্টি আকর্ষণ করে দু-চারটে কথা বলছি এবং তিনি যদি মনোযোগ দিয়ে আমার কথাগুলি শুনেন তাহলে আমি আনন্দিত হব। আমরা কংগ্রেসি আমলে বি. ডি. ও. অফিস এবং এগ্রিকালচার অফিসকে নিয়ে অনেক রকম খেল দেখেছি, কিন্তু সেই রকম যদি এখনও দু-একটা ঘটনা ঘটতে থাকে তাহলে আমাদের খুব খারাপ লাগে। আমি একটু স্পষ্ট করে বলি। গত আগস্ট মাসে আমরা দেখেছি যে পাটের জন্য ইউরিয়া সার বিলি করা হচ্ছে যখন নাকি পাট কাটছে। কংগ্রেসি আমলে দেখেছি যখন সারের প্রয়োজন নেই তখন সার বিলি হয়, যখন বীজের প্রয়োজন নেই তখন বীজ বিলি হয়, কিন্তু এখন এই বামফ্রন্ট সরকারের আমলে যখন পাট কাটছে তখন পাটের জন্য কেন ইউরিয়া দেওয়া হবে সেটা বুঝতে পারছি না। আমি মালদহ জেলার অ্যাগ্রিকালচার অফিসারকে বলেছিলাম এইসব কি ব্যাপার। আমরা কি দেখতে পাচ্ছি, গ্রাম সেবক যাদের ৪ বিঘা জমি আছে, দালান বাড়ি আছে তাদের সার দিচ্ছে, সেই সার তারা ১ টাকা দরে দোকানে বিক্রি করছে, আর যারা গরিব তারা পেটে খেয়ে ফেলছে, যারা গরিব নয়, তারা সিনেমা দেখছে। তাতে অ্যাগ্রিকালচার অফিসার বলেছিলেন আমরা সেন্টার থেকে লক্ষ লক্ষ টাকা পেয়েছি,

এটা করি না কেন। আমি বললাম লক্ষ লক্ষ টাকা যখন সেন্টার থেকে পাওয়া গেছে তখন তাদের পার্মিশন নিন যে এখন বিলি না করে যখন সত্যিকারের সারের প্রয়োজন হবে তখন বিলি করবেন। এটা তো পেপার ওয়ার্ড ওনলি। কিন্তু তা হল না, লক্ষ লক্ষ টাকার সার জলে ভেসে চলে গেল। এই জিনিসের আর পুনরাবৃত্তি যেন না হয় সেজন্য কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয়ে তার দৃষ্টি আর্কষণ করছি সেটা হচ্ছে মালদহ জেলার রতুয়া থানার সামসিতে সাব-ডিভিসনাল এগ্রিকালচারাল অফিস হয়েছে। বরকত গনি খান সাহেব তার যে আধিপত্য মালদহে রাখতে চেয়েছিলেন সেই আধিপত্য দেখিয়ে রতুয়া থানার সামসিতে সাবডিভিসন করবেন। কিন্তু মাননীয় স্পিকার মহাশয়, আপনাকে বলি চাঁচোল সাবডিভিসন হবে বলে ১০ বছর আগে থেকে কে কে সেন মহাশয় রেকমেন্ডেশন করে রেখে দিয়েছেন, সেই জায়গায় সাব-ডিভিসন না হয়ে বরকত সাহেব তার প্রাধান্য দেখাবার জন্য সামসিতে সাব-ডিভিসনাল এগ্রিকালচারাল অফিস হয়েছে। এই অফিস এমন জায়গায় হয়েছে যেখানে এগ্রিকালচারাল অফিসার থাকেন না, চাঁচলে থাকেন, সেই ৯ মাইল দূর চাঁচোল থেকে এমন জায়গায় আসেন যেখানে লোক যেতে চায় না। সেখানে আবার পার্মানেন্টলি যাতে অফিস হয় তারজন্য জায়গা সিলেকশন করার জন্য ভার দেওয়া হয়েছে এগ্রিকালচারাল অফিসারের কাছে। আমি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এগ্রিকালচারাল অফিস যেন সামসিতে কিছুতেই না হয়। এগ্রিকালচারাল অফিসার এবং পাবলিক যেখানে মতামত দেবেন সেখানে যেন অফিস হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি নিমন্ত্রণ করছি আপনি স্পট দেখুন, যে জায়গায় এখন এগ্রিকালচারাল অফিস হয়েছে সেই জায়গা অ্যাগ্রিকালচারাল অফিস হবার উপযুক্ত কিনা। চাঁচোল একমাত্র জায়গা যেখানে এই অফিস হতে পারে। এখনই ফাইনাল ডিসিসন না করে এটাকে পোস্টপোন্ড করে আমার কথাটা একটু বিবেচনা করবেন। তারপর ক্লাসটার টিউবওয়েল, গুচ্ছ নলকূপ যেগুলি বলছেন চাষীরা এইসব নলকূপ নিচ্ছে, এরজন্য তারা যে ঋণ পাচ্ছে সেই ঋণের টাকা শোধ করতে পারছে না। কেন না সেই ঋণ নিয়ে গুচ্ছ নলকূপ বসিয়ে তা থেকে সেচ দিয়ে ফসল ফলিয়ে যে লাভ পাচ্ছে তাতে সেই ঋণ শোধ করতে তাদের ২/৩ বছর চলে যায়। কিন্তু নিয়ম হচ্ছে এক বছরে টাকা শোধ দিতে হবে। আমার দাবি হচ্ছে ৫ বছরের আগে ঋণের টাকা শোধ করার জন্য নির্দেশ যেন না দেন।

তারপর আর একটা জিনিসের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা কৃষি কাজের জন্য নলকূপ, গভীর নলকূপ, শ্যালো নলকূপের কথা বলছেন, কিন্তু আমি দেখেছি এমন অনেক জায়গা আছে যেখানে একটু নালা কেটে দিলে সুন্দর সেচ ব্যবস্থা হয়। এই ব্যাপারে আমি উদাহরণও দিতে পারি। আমরা যখন ডেভেলপমেন্ট প্রোগ্রাম নিয়েছি তখন এই দিকে আমাদের নজর দেওয়া উচিত। মফস্বলে এরকম বহু ছোট ছোট নালা রয়েছে যেগুলি একটু গভীর করে দিলে সমস্ত বছর ধরে সেখানে কাজ চলতে পারে। তারপর, রিভার পাম্পিং সেটা যেগুলি দেওয়া হয়েছে সেগুলি নিয়ে ব্যবসা চলে বি. ডি. ও. অফিসে। আমি দেখেছি তারা চাষীদের বাধ্য করেন ৩ হাজার ৮০০ টাকায় এই সেট-গুলি কিনতে। এই সেট-গুলির জন্য চাষীরা অনেক সময় ক্ষতিগ্রস্ত হয় কারণ এই যে সেট-গুলি কিনল সেটা যদি একবার খারাপ হয়ে যায় তাহলে মেরামতের জন্য মিস্ত্রি খুঁজে পাওয়া যায় না। কাজেই এই যে

দুরকম পাম্পিং সেট দেখছি এর মাধ্যমে চাষীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেটা আপনারা দেখবেন। পশুপালনের জন্য ভেটিরিন্যারি সেন্টার করা হয়েছে। আমি একটা জায়গায় দেখেছি রিন্ডারপেস্ট কিছু হোল এবং ৩/৪ ঘন্টার মধ্যে ৯টি গরু মারা গেল এবং ভেটিরিনারি সার্জন এসে টাকা চার্জ করলেন গরু প্রতি ৫/১০ টাকা। গরুর এই অবস্থা দেখে পাশের অন্য চাষিরা এসে বললেন, আমাদের গরু যাতে না মরে তার জন্য ইনজেকশন দিন। তারপর আপনি বলেছেন বাড়িতে বাড়িতে গিয়ে পশু চিকিৎসার ব্যবস্থা করেছেন। এটা আমি কোথাও দেখিনি। হয়ত কোথাও হয়েছে এবং এটা হলে আমি ওয়েলকাম করব। তবে একটা কথা বলব পশু চিকিৎসা অবহেলিত, চিকিৎসার ব্যবস্থা নেই এবং সুষ্ঠু কোনও নিয়মকানুনও আমি দেখছি না। কাজেই আমি আপনাদের কাছে অনুরোধ রাখছি কৃষকদের পশুগুলি যাতে মিছামিছি মরে না যায় সেদিকে আপনারা লক্ষ্য রাখবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঋষিকেশ মাইতি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। আমি আমার বক্তব্য সুন্দরবন ডেভেলপমেন্টের ক্ষেত্রে সীমাবদ্ধ রাখব যদিও এটা বিধানসভার শেষ অধ্যায়। সুন্দরবনের কথা আমি পশ্চিমবাংলার মানুষের কাছে শুনিয়ে যেতে চাই এবং আপনারা বোধহয় জানেন এই সুন্দরবন সৃষ্টি হয়েছিল ১৮৩১ সালে। ১৫টি থানা, ২০ লক্ষ অধিবাসী এবং সাড়ে চার হাজার বর্গমাইল এলাকা নিয়ে এটা গঠিত। এই এলাকায় জঙ্গল কাটা হয়েছে, জমিদাররা এসেছে এবং লুঠ করেছে, এবং বৃটিশ এখানে শোষণ করেছে। এরপর সুন্দরবনের মানুষ আশা করেছিল আমাদের এখানকার উন্নতি হবে। কিন্তু গত ৩০ বছর কংগ্রেসিরা এমন নিষ্ঠুরভাবে শোষণ করেছে এবং সামন্ততন্ত্রকে কিভাবে শোষণের দরজা খুলে দিয়েছে সেটা যদি আমার সময় থাকত তাহলে আমি বলতাম। আমার মনে হয় এত নিষ্ঠুরতা বোধহয় কোথাও হয়নি।

[7-10 — 7-20 p.m.]

জমিদারতন্ত্র ওখানে এমনভাবে জেঁকে বসেছে যে পশ্চিমবঙ্গের শতকরা ৮ জনের হাতে বিরাট পরিমাণ যে জমি আছে সেই পরিমাণ জমি ওখানে শতকরা ৫ জনের হাতে। পশ্চিমবঙ্গে যদি বলি শতকরা ৫৯ জন ভূমিহীন বা গরিব চাষি আর আমাদের এই সুন্দরবনে ভূমিহীনের সংখ্যা শতকরা ৭০ ভাগের বেশি। অত্যাচার নিপীড়নের সীমা নাই, ভূমিহীন মানুষ হাজারে হাজারে রয়েছে। এই মানুষের যদি স্বাস্থ্যের দিকে দেখি শিক্ষার দিক দেখি, মাননীয় মন্ত্রী মহাশয় সত্যই লিখেছেন সুন্দরবনে শিক্ষা, স্বাস্থ্য, সেচ, পূর্ত যেদিকে দেখা যায় সেদিকেই চরম অপব্যয়। ২০ লক্ষ মানুষ কলকাতা শহর থেকে ৫০/৬০ মাইল দূরে থাকে, এত কাছে থাকে, তা সত্ত্বেও জগত থেকে অনেক দূরে আজও তাদের ফেলে রাখা হয়েছে উদ্দেশ্যমূলকভাবে। সভ্যতার আলো সেখানে পৌছায়নি। সেখানকার মানুষ খবরের কাগজ দেখতেও পায়না, পড়তেও পায়না, সেখানকার মানুষ সভ্য দুনিয়ার মানুষ কেমনভাবে বাস করে তা তারা জানে না। আমরা তাই প্রশ্ন করেছি বারে বারে কংগ্রেস রাজত্বের কাছে, সেই প্রশ্নের উত্তর পাইনি। উত্তর দিয়েছে তাদের পুলিশ। যখন সুন্দরবনের মানুষ এই অব্যবস্থার মধ্যে সংগ্রাম করেছে,

তখন কংগ্রেসের পুলিশ তাদের খুন করেছে, গর্ভবতী মা অহল্যা থেকে আরম্ভ করে অনেক মানুষ, অনেক নারী, অনেক বৃদ্ধের ওরা জীবন নিয়েছে। ৩০ বছর ধরে ওরা শোষণের লীলাক্ষেত্র চালিয়ে রেখেছে। আমি আনন্দিত হয়েছি যে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে সুন্দরবনের বাঁধ বাউন্ডারি স্লুইস গেটের সমস্যাই হচ্ছে প্রধান সমস্যা ভূমি সমস্যাকে বাদ দিলে। সেখানে আমরা দেখছি এই ৩০ বছর কংগ্রেসি রাজত্বে তারা মাত্র ৬টি স্লুইস গেট নির্মাণ করেছেন। অত্যন্ত আনন্দের কথা যে মাননীয় মন্ত্রী মহাশয় এই ৬টা থেকে ৫৫টি স্লুইস গেট করেছেন। আমরা তাই আশার আলো দেখতে পাচ্ছি। এজন্য এই বাজেটকে সমর্থন করছি। আমার বলবার অনেক কিছুই আছে। কিন্তু আমার সময় কম বলে আমি একটি প্রস্তাব দিচ্ছি। অনেক আশা নিয়ে আমরা এসেছি। কিন্তু এখানে দেখি আজকে কংগ্রেস আসন শূন্য। আমি জিজ্ঞাসা করতে চাই কংগ্রেসিরা ৩০ বছর ধরে কোটি কোটি টাকা ধ্বংস করেছে, আজকে জবাব দিতে হবে সাধারণ মানুষের কাছে। এরা ৩০ বছর ধরে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা নষ্ট করছে, কিছুই কাজ করেনি। আজকে সুন্দরবনের ২০ লক্ষ মানুষকে যদি বাঁচাতে হয়, তাদের যদি আজকে সভ্যতার আলো দিতে হয়, তারা চায়না দুনিয়ার মানুষের সভ্যতা, কিছুমাত্র তারা আলো চায়, একটু বাঁচার পরিবেশ চায়। যেটুকু কংগ্রেস রাজত্বে তারা দেয়নি, শুধু অত্যাচার আর শোষণ করেছে, মানুষের মতো বাঁচতে দেয়নি। আমরা জানি বিভিন্ন ডিপার্টমেন্টে অনেক টাকা খরচ হয়, সেচ, শিক্ষা, স্বাস্থ্য-ভূমি-রাজস্ব, মৎস্য বিভিন্ন বিভাগ ওখানে খরচা করেন, সুন্দরবনে একটা ডেভেলপমেন্ট বোর্ড গঠন করা হয়েছিল কিন্তু একটা কো-অর্ডিনেশন বডি গঠন করা উচিত ছিল। এই কো-অর্ডিনেশন বডি অর্থাৎ সমন্বয়কারি পর্ষদ যদি গঠন করা হয়, তাহলে অনেক উন্নতি হবে। ওঁরা যে মাছের কথা বলেছেন, আমরা জানি এক কালে সুন্দরবন শস্য ভাণ্ডার ছিল, এই মৎস্য বিভাগ যদি, তারা মেছোভেরি দিয়ে নয়, বাউন্ডারির পাশে বাইরে যে বিরাট চত্বর পড়ে আছে, চর পড়ে আছে, ওটাকে শুধু বেঁধে দিয়ে লোনা জল তুলে দিলে এর প্রচুর মাছ পাওয়া যাবে। যে মাছ আমরা পশ্চিমবাংলার সকলকে খাওয়াতে পারি, সেদিকে কিন্তু আজ পর্যন্ত কোনও নজর দেওয়া হয়নি। সেখানে লঙ্কা, তরমুজ ইত্যাদি সেকেণ্ড ক্রপ এগুলি দিয়ে মানুষকে বাঁচাতে পারা যায়। এবং বাইরের মানুষকেও বাঁচানো যেতে পারে। তারপর ওখানে একটি লবণ কারখানা হতে পারে। এই কারখানার জন্য যা রিসোর্স তা এখানে আছে।

যে রিসোসের্স আছে তা যদি সুন্দরভাবে ব্যবহার করা যায় তাহলে পশ্চিমবাংলা উপকৃত হবে, সুন্দরবনের মানুষেরাও উপকৃত হবে। তাঁর কাছে আমার প্রধান বক্তব্য এই সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ডকে একটা কো-অর্ডিনেটিং বোর্ড হিসাবে ব্যবহার করা হোক। আমরা জানি মাত্র ১ কোটি ২০ লক্ষ টাকায় এই সুন্দরবনের বিপুল সমস্যার সমাধান করা যাবে না। তবে যদি বিভিন্ন ডিপার্টমেন্ট এই বোর্ডের মাধ্যমে তাদের টাকা খরচ করে তাহলে সুন্দরভাবে সুন্দরবনের কিছুটা সমস্যার সমাধান করা যেতে পারে। তাছাড়া, শিক্ষার ব্যাপারে আমি কিছু বলছি না, আমরা যে কোথায় পড়ে আছি। সেখানে যে অশিক্ষা চলছে, এটাই কংগ্রেসিরা চেয়েছিল, ধনিকশ্রেণী, চেয়েছিল যে তাদের অশিক্ষার মধ্যে রেখে, অন্ধকারে রেখে দিয়ে তাদের শোষণ চালাতে। এটাকে বদলে দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে পদক্ষেপ নিয়েছেন তারজন্য তাঁকে আমি অভিনন্দন জানিয়ে আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

## Ninth Report of the Business Advisory Committee

**Mr. Deputy Speaker :** I beg to present the Ninth Report of the Business Advisory Committee which at its meeting held on the 3rd September, 1977 in the Speaker's Chamber considered the question of allocation of dates and time for the disposal of legislative and other business are recommended as follows :

| | | | |
|---|---|---|---|
| Monday, 19-9-77 | (i) | The Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ... | 2 hours. |
| | (ii) | The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ... | $\frac{1}{2}$ hour. |
| | (iii) | The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ... | 2 hours. |
| | (iv) | The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ... | 1 hour. |
| | (v) | The Bengal Amusement Tax (Ammendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing ... | $\frac{1}{2}$ hour. |
| Tuesday, 20-9-77 | (i) | The Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill, 1977 (Introduction, Consideration and Passing) ... | $\frac{1}{2}$ hour. |
| | (ii) | Demand No. 12 .. (241—Taxes on Vehicles) | |
| | (iii) | Demand No. 68 .. (335—Ports, Lighthouses and Shipping | |
| | (iv) | Demand No. 69 .. (336—Civil Aviation) .. | $2\frac{1}{2}$ hours |
| | (v) | Demand No. 71 .. (338—Road and Water Transport Services.<br>(538—Capital Outlay on Road Water Transport Services.<br>(738—Loans for Road and Water Transport Services.) | |
| | (vi) | Demand No. 41 .. (285—Information and Publicity)<br>(485—Capital Outlay on Information and Publicity) | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | 685—Loans for Information and Publicity.) | |
| | (viii) | Demand No. 22 .. | (256—Jails) .. .. | 1 hour |
| Wednesday, 21-9-77 | (i) | Demand No. 47 .. | (289—Relief on account of Natural Calamites) | |
| | (ii) | Demand No. 44 .. | (288—Social Security and Welfare (Relief and Rehabilitaion of Displaced Persons) | |
| | | | 488—Capital outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons) | 3 hours. |
| | | | 688—Loan for Social Security and Welfare (Relief and Rehabilitation of Displaced Persons | |
| | (iii) | Demand No. 58 .. | (313—Forest .. 513—Capital Outlay on Forest) | $1^1/_2$ hours. |
| Thursday, | (i) | Demand No. 55 .. | [510—Capital Outlay on animal Husbandry (Excluding Public Undertakings) | |
| | | | 710—Loans for Animal Husbandry] | |
| | (ii) | Demand No. 56 .. | [311—Dairy Development | 2 hours. |
| | | | 511—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) | |
| | | | 711—Loans for Dairy Development (Excluding Public Undertakings) | |
| | (iii) | Demand No. 45 .. | [288—Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Sched- | |

uled Tribes and Other Backward Classes)

288—Capital Outlay on Social Security and Welfare (Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Calsses)]. 2 hours.

There will be no question on he 19th September, 1977.

**Mr. Deputy Speaker :** The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**শ্রী ভবানী মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার কার্য উপদেষ্টা সমিতির নবম প্রতিবেদনে যে সুপারিশ করেছেন তা গ্রহণের জন্য এই সভায় প্রস্তাব জ্ঞাপন করছি।

**Mr. Deputy Speaker :** I think, the motion is adopted.

The motion was then adopted.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

[7-20 — 7-30 p.m.]

**শ্রী বনমালী দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর যে বাজেট তা সমর্থন করছি। আমি একথা বলতে চাই যে আমরা জানি যে এটা নিশ্চিত ভূমি-সংস্কার সঠিকভাবে না হলে কৃষি সমস্যার সমাধান করা যায় না। এই পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই আপনি জানেন যে দীর্ঘ ৩০ বছর ধরে কংগ্রেসি রাজত্বে তাঁরা যে ভূমি-সংস্কার করেছেন এবং যেভাবে করেছেন এবং মানুষের কাছে যেভাবে প্রচার করেছেন, তাতে দেখবেন পশ্চিমবাংলার ৪৫ ভাগ মানুষ ক্ষেত মজুরে পরিণত হয়েছে। এবং এটাও দেখবেন যে আজকে কৃষকরা যে জমি হারিয়েছে, তা সমস্ত বড় বড় জোতদার জমিদারদের কুক্ষিগত হয়েছে এবং এটাও দেখতে পাচ্ছি যে শুধু পুরানো আমলের জমিদার জোতদারই নয় গ্রাম এলাকায় ছোট ছোট যে জমিদার জোতদারের সৃষ্টি হয়েছে, কৃষকদের জমি তাদের হাতেও গিয়ে জমা হয়েছে এবং নানা উপায়ে সেই জমি তারা নিয়েছে এবং সেইসব জমি কুক্ষিগত করে নিজেদের কাছে রেখেছে। এই অবস্থা থেকে আরও দেখতে পাচ্ছি দীর্ঘ ৩০ বছরের কংগ্রেসি রাজত্বে, সরকারি ব্যবস্থাপনায় যে সব সাহায্য, অনুদান কৃষিক্ষেত্রে সরকার দিয়ে আসছিলেন, সেগুলি এলাকায় যে জমিদার জোতদাররা রয়েছে, তারাই সব কুক্ষিগত করেছে, তারাই সব নিয়েছে, এইভাবে তারা নিজেরা একটা ঘাঁটি তৈরি করেছে—এটা আপনি জানেন এবং আপনি এটাও জানেন আমাদের যে ব্লক ডেভেলপমেন্ট অফিসার, এগ্রিকালচারাল অফিসার যাঁরা আছেন এবং গ্রামসেবক যাঁরা আছেন, দীর্ঘদিন ধরে তাদের অফিসকে নিজেদের দলীয় কাজে ব্যবহার করেছেন। আমরা দেখেছি যে সমস্ত অনুদান, সাহায্য সরকার থেকে দিয়েছেন,

যেমন সার, বীজ, ইত্যাদি, এই সমস্তই তারা দলীয় লোকদের, জমিদার জোতদারদের যে ঘাঁটি তাদের দিয়েছেন এবং তারাই এই সমস্ত ব্যবহার করেছে এবং এটাও আমরা জানি যে এঁরা এমন অবস্থার সৃষ্টি করেছিলেন যাতে এইরূপ হতে বাধ্য হয়। গত দু-বছর ধরে যে জরুরি অবস্থা চলেছে সেই সময়টা যে ছিল তারা আরও তৎবীর করেছে। আমরা দেখেছি কংগ্রেসিরা সেখানে গিয়েছে সেখানে আড্ডা করেছে এবং সমস্ত রকম সুযোগ-সুবিধা নিয়েছে। এই সব করেছে। সুতরাং স্বভাবত বুঝতে পারা যায় যে আজকে কৃষির যে দুরবস্থা সেই দুরবস্থা হচ্ছে ঐ দীর্ঘ দিনের কংগ্রেসের অপশাসন এর জন্য দায়ী। তারা মানুষকে এটা বলেছে যে আজকে ভূমি-ব্যবস্থার পরিবর্তন হয়েছে জোতদার জমিদারদের জমি খাস করেছি। কিন্তু কোথায় সে জমি কতটুকু জমি ঐ গরিব কৃষক ক্ষেতমজুরদের দিতে পেরেছেন? আজকে গ্রামের ৪৫ ভাগ লোক ক্ষেতমজুর। আজকে গ্রাম এলাকায় এই রকম শোচনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। কৃষির প্রধান জিনিস হল সেচ। আমরা দেখেছি এবং দু-একটা উদাহরণ আমি জানি। কোনও ব্লকে এক কুইন্টাল বীজ বিলি করা হয়েছে। হয়তো পাঁচজনকে দেওয়া হয়েছে। ১০০ কে.জি. বীজ বিলি করা হবে গরিব কৃষকদের দেওয়া হবে, অল্প মূল্যে দেওয়া হবে। কিছু কিছু তারা পেয়েছে তারপর নিজেরা আত্মসাৎ করেছে। এটা অত্যন্ত নোংরা জিনিস। আজকে কৃষি ব্যবস্থাকে এমন জায়গায় এনে দেওয়া হয়েছে। তারপর সেচের কথা। আমাদের বীরভূম জেলার ময়ূরাক্ষি সেচ এলাকার মধ্যে পড়ে এবং একটা অংশ বর্ধমান মুর্শিদাবাদের একটা অংশ ঐ সেচ এলাকার অন্তর্ভুক্ত। গত বছর তার আগের বছর জল দিতে পারে নি। এমন কি জল যেটা পাওয়া গিয়েছে সেটাও দিতে দেরি হয়েছে। শেষ পর্যত ফসল শেষ হবার মুখে যখন জল একান্ত প্রয়োজন তখন জল দিতে পারেনি ফসল নষ্ট হয়ে গিয়েছে। অথচ সেখানে জল কর আদায়ের জন্য নোটিশের পর নোটিশ দেওয়া হয়েছে, অস্থাবর করা হয়েছে আর শেষ পর্যন্ত গরিব চাষিদের জমি বিক্রি করে সেই সেচ কর দিতে হয়েছে। কৃষির উন্নতি না করে কৃষির উন্নতির নাম করে কৃষকদের উপর জুলুম করা হয়েছে শেষ পর্যন্ত কৃষকদের জমি হারাতে হয়েছে। দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় এই জিনিস চলে আসছে। তাই আজকে দেখতে পাই কৃষকরা জমি হারিয়ে ক্ষেতমজুর হয়েছে এবং দিনে দিনে ক্ষেতমজুরের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। স্যার, আপনি জানেন সারের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে। কম দামে সার নিতে গিয়ে কৃষকদের লাইন দিতে হয়েছে; সেখানে পুলিশও এসেছে। হয়তো গ্রামের অশিক্ষিত কৃষকরা ঠিকমতো লাইন করতে পারে না। তাদের পুলিশ পিটিয়ে লাইন করতে শিখিয়েছে। কম দামে সার আনতে গিয়ে টাকা দিয়ে যে সার নেবে সেখানে তাকে পুলিশের পেটানি খেয়ে সার আনতে হয়েছে। এই রকমভাবে কৃষকদের উপর মারপিট হয়রানি করা হয়েছে এবং তাদের উপর ঋণের বোঝা দিনের পর দিন চাপিয়েছে গত ৩০ বছর ধরে। এই অবস্থা ঘটেছে। আমি আরও বলতে চাই আমরা শুনেছি ওঁরা নাকি কৃষকদের ঋণ দেবেন সেখানে কৃষকদের ঋণ দেওয়া হচ্ছে ২০।২৫ টাকা গ্রুপ লোন দেওয়া হচ্ছে অন্যান্য লোন দেওয়া হচ্ছে। সেখান দিনের পর দিন বি. ডি. ও অফিসে দিয়েছে। তার মধ্যে যে ভাগ্যবান যাদের জমি আছে যে ধরাধরি করতে পেরেছে যে কংগ্রেসের নেতাদের সঙ্গে দহরম-মহরম করতে পেরেছে সেই টাকা পেয়েছে। আর অন্য লোকেরা বি.ডি.ও. অফিসে ঘোরাঘুরিই সার। অনেক সময় শোনা গেছে যে যারা বি.ডি.ও. অফিসে উপঢৌকন দিতে পেরেছে তাদেরই ঐ টাকা মিলেছে।

[7-30 — 7-40 p.m.]

আমরা এও জানি ব্যাংক থেকে লোন নেবে, পারসেন্টেজে কমিশন দিতে হবে। কোনও কৃষক হয়ত ব্যাংক কিংবা কো-অপারেটিভ থেকে লোন নেবেন তাকে কমিশন দিতে হবে, না হলে লোন পাবেন না, লোন দেওয়া হবে না। এই অবস্থা দীর্ঘদিন ধরে চলে আসছে। মাননীয় কৃষিমন্ত্রী তাঁর বাজেটে কৃষকদের উন্নতির কথা বলেছেন, এই জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। দীর্ঘদিন ধরে মানুষের উপর অত্যাচার, দুঃখ দুর্দশার অপশাসন, জুলুম, মানুষের কৃষকের সর্বনাশ করেছে, সেটার অবসান হোক, আমরা এই কামনা করি। আজকে যে দিন এসেছে তাকে আমি অভিনন্দন জানাই। আমাদের প্রখর দৃষ্টি দিতে হবে চাষিদের দিকে, ক্ষেত-মজুরদের দিকে। যে পাপ চলেছে তার জের আমরা আজও দেখতে পাচ্ছি। কয়েক মাস হল সরকারে এসেছি। আমরা গ্রাম সেবকদের সঙ্গে কথাবার্তা বলছি। এখন তারা দুঃখ করছেন, অনুশোচনা করছেন। গত ৫ বছর ধরে কংগ্রেসিদের স্বার্থে এই সমস্ত অপকর্ম করতে আমাদের বাধ্য করেছে, আমরা বাধ্য হয়েছি। আমরা দেখেছি গ্রাম সেবকরা গ্রামে গিয়ে দু একজন সঙ্গতি সম্পন্ন চাষীদের কাছে গিয়ে গল্প করেছে, কি করা যাবে না যাবে। আমরা জিজ্ঞাসা করি কোথায় গিয়েছে? গ্রাম সেবকরা গ্রামের কৃষকদের কথা বলবেন, কি করে কৃষির উন্নতি হয় তার জন্য সাহায্য করবেন তাদের, কৃষকদের উৎসাহ দেবেন, চাষের উন্নতি হবে, দেশের উন্নতি হবে—তারা বলছে আমাদের এই ডিউটি দিয়েছ গ্রামের সঙ্গতি সম্পন্ন কৃষক যারা, কৃষির সঙ্গে যাদের কোনও সম্পর্ক নেই, প্রচুর জমি নিয়ে বসে আছে, খালি হুকুম জারি করছে, ক্ষেত মজুরদের মাইনে কমিয়ে দিচ্ছে, শোষণ করছে, তাকে গিয়ে পেটাচ্ছে, পেটেও মারছে, সেইসব লোকেদের কাছেই যাচ্ছে। তারা গ্রামের কংগ্রেসি দলের লোক। তারা সব কংগ্রেসি ভদ্রলোক বড় বড় চুল, জুলপি রেখেছে, এই সব মানুষদের কাছে গিয়ে তাদের সঙ্গে গল্প গুজব করছে। আমরা কামনা করি নিশ্চয় এই অবস্থা আর রেখে দেওয়া উচিত নয়, এর অবসান হোক। মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট রেখেছেন তা অত্যন্ত আশাপ্রদ বাজেট, আমি একে সমর্থন করছি। এই বাজেট রূপায়ণ করবার জন্য আমরা শক্তি নিয়োগ করব এবং একে কার্যকর করবার জন্য আপ্রান চেষ্টা করে যাব। এই কথা বলে মাননীয় কৃষি মন্ত্রীর বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভাঙ্গা-হাটে আর কি বলব? কিন্তু ব্যাপার হচ্ছে সাত্তার সাহেব তো বলেই পালিয়ে গেলেন। এখন যদি উত্তর না দিই তাহলে কাগজে লিখবে সাত্তার সাহেবের কথাই ঠিক—তাই আমাকে তার কিছুটা উত্তর দিতে হচ্ছে। সাত্তার সাহেব বলেছেন গত বছর যা লক্ষ্য মাত্রা ছিল এবার আমরা নাকি কমিয়ে ফেলেছি। ঘটনাটা কিন্তু ঠিক না। গত বছর আউস ছিল ৩ লক্ষ ২৭ হাজার হেক্টরে, কিন্তু তারা লক্ষ্য মাত্রায় পৌছেছিলেন ২ লক্ষ ৪৮ হাজার হেক্টরে। আমরা সেই জন্য টার্গেট করেছি ৩ লক্ষ হেক্টরের অর্থাৎ আমরা এটা আলোচনা করে স্থির করেছি যেটা টার্গেট করব, যেটা লক্ষ্যমাত্রা স্থির করব সেটাতে পুরোপুরি পৌছাতে হবে। লোককে বলব বিরাট অঙ্কের কথা আর কিন্তু কাজ করব কম, এ আমরা চাই না। আমনে গত বছর ওরা লক্ষ্য স্থির করেছিলেন ৯ লক্ষ হেক্টরের, কিন্তু পৌছেছিলেন ৭ লক্ষ ১৪ হাজার হেক্টরে। এইবার আমরা স্থির করেছি ১০ লক্ষ হেক্টরের।

বোরোতে সাত্তার সাহেবের সময় টার্গেট করা হয়েছিল ৪ লক্ষ ২৮ হাজার হেক্টর, লক্ষ্যে পৌঁছেছিলেন ২ লক্ষ ২৪ হাজার হেক্টরে, আর আমরা এবারে ঠিক করেছি ৩ লক্ষ ২৪ হাজার হেক্টর। সাত্তার সাহেব আর একটা কথা বলেছেন, আমরা তো উন্নতির পথে যেতে চাই, কৃষকদের জন্য কিছু করতে চাই তাহলে এবারে বাজেটে কেন কম টাকা ধরেছি, স্যার, গত বছর সাত্তার সাহেবের সময় বাজেট হয়েছিল ৬৫ কোটি ৪৮ লক্ষ ২১ হাজার টাকার। মূল কৃষি বিভাগের জন্য উনি বলেছেন, ৫৪ কোটি ৩০ লক্ষ ৩৫ হাজার টাকা তারা বরাদ্দ করেছিলেন। কিন্তু এরমধ্যে সার কেনার জন্য যে ১৪ কোটি ১০ লক্ষ ৬২ হাজার ধরা হয়েছে সেটা তিনি বলেননি। তাহলে ৫৪ কোটি ৩০ লক্ষ ৩৫ হাজার টাকা থেকে এই সার বাবদ ১৪ কোটি ১০ লক্ষ ৬২ হাজার টাকা বাদ দিলে মূল কৃষি খাতের জন্য দাঁড়াচ্ছে ৪০ কোটি ১৯ লক্ষ ৭৩ হাজার টাকা। আর এবারে আমরা ধরেছি ৬৪ কোটি ৮০ লক্ষ ৬০ হাজার টাকা। তারমধ্যে অন্যান্য বিভাগের জন্য হচ্ছে, ১৪ কোটি ২১ লক্ষ ৬৫ হাজার টাকা। এই ১৪ কোটি ২১ লক্ষ ৬৫ হাজার টাকা যদি বাদ দিই তাহলে কৃষি বিভাগের জন্য খরচ হচ্ছে, ৫০ কোটি ৫৮ লক্ষ ৯৫ হাজার টাকা। আর সারের জন্য দিচ্ছি ১ কোটি ১৬ লক্ষ টাকা। তাহলে সেটাও বাদ দিলে ৪৯ কোটি ৪২ লক্ষ ৯৫ হাজার টাকা কৃষি খাতে মূল বরাদ্দ দাঁড়াচ্ছে। এখন এখানে প্রশ্ন উঠতে পারে, সারের জন্য এবারে কম টাকা ধরা হয়েছে কেন? এবারে আমরা ট্রেড চ্যানেলে এই সারটি আনাব। সেইজন্য ১৪ কোটি টাকা গত বছর যেটা ধরা হয়েছিল সেটা আমরা ধরছি না। আমরা মূল কৃষিখাতে গত বছরের থেকে ৯ কোটি ২৩ লক্ষ ২২ হাজার টাকা বেশি খরচের জন্য ধরেছি। সাত্তার সাহেব কয়েকটি কথা এখানে বলে দিয়ে চলে গেলেন, উত্তর শোনবার মতোন ধৈর্য বা ইচ্ছা তার নেই, বোঝবার চেষ্টা পর্যন্ত নেই। তারপর জনতা পার্টির মাননীয় সদস্য শ্রী জন্মেজয় ওঝা বলেছেন, গত বছরের চেয়ে এবারে সারের বরাদ্দ কম। এটা কিন্তু ঠিক নয়। গত বছর ছিল ১৪ লক্ষ ৮ হাজার ১৮৩ টন, এবারে হয়েছে ১৬ লক্ষ ৭০০ টন। কাজেই এই হিসাবগুলি ওরা ঠিক বলেননি। তারপর অতীশবাবু যে প্রশ্ন তুলেছেন তার জবাবটা আমি দিয়ে নিই। উনি বলেছেন, আমরা এস. এফ. ডি. এ. করেছি, ভাগচাষীদের জন্য আমরা ব্যবস্থা করেছি ইত্যাদি ইত্যাদি। এই এস. এফ. ডি.-এর যে মজাটা সেটা কিন্তু বুঝতে হবে। ওনারা বললেন, এই এস. এফ. ডি.-এর মাধ্যমে প্রান্তিক চাষী এবং ক্ষুদ্র চাষ তাদের ঋণের ব্যবস্থা করে দেব, ভরতুকি দেব, চাষের সব সুযোগ করে দেব এইসব কথা তারা বললেন। কিন্তু প্রকৃতপক্ষে কি হল? সেখানে প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের নাম করে সুযোগ সুবিধা কারা নিল? গাঁয়ে একজন মোড়ল তার ৫০ বিঘা জমি, তার ছেলের নামে আছে ৫ বিঘা সে হয়ে গেল প্রান্তিক চাষী। এই ভাবে ওনাদের যে সমস্ত লোকরা আছেন অবস্থাপন্ন গৃহস্থ তাদের পরিবারের মধ্যে যাদের নামে কম জমি ছিল তারা এই সুযোগসুবিধাগুলি এতদিন পেয়েছে। প্রকৃতপক্ষে যারা ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী তারা এর ধারে কাছে ঘেষতে পারেনি, যার ফলে এই অবস্থার এসে দাঁড়িয়েছে। কাজেই আমি বলব, আপনাদের কথাগুলি ঠিক নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমার মনে পড়ছে একটা খুব গুরুত্বপূর্ণ কথা, সেটা হচ্ছে, আমরা যখন ঐদিককার বেঞ্চে বসতাম তখন যেদিন কৃষিখাতে আলোচনা হত সেদিন আমাদের তরফ থেকে আমরা

প্রথমেই যে কথাটা বলতাম সেটা হচ্ছে, কৃষিপণ্যের ন্যায্য মূল্য—ফসলের ন্যায্য মূল্য। ফসলের ন্যায্য মূল্য কৃষক যদি না পায় তাহলে সে কোনওদিনই মাথা খাড়া করে দাঁড়াতে পারবে না।

[7-40 — 7-50 p.m.]

ভূমি সমস্যার যদি মৌলিক সমাধান হয়, তারা যদি হাতে জমিও পায়, চাষের সমস্ত রকম ব্যবস্থাও হয়, যদি ফসলের ন্যায্য মূল্য সে না পায় তাহলে তার দাঁড়াবার কোনও উপায় থাকবে না—এ কথা বারবার ওখান থেকে বলতাম। কিন্তু আজকে যারা এই হাউসের মূল বিরোধীদল, কংগ্রেসের তরফ থেকে ফসলের ন্যায্য মূল্যের কথা শুনিনি। অতীশবাবু একবার খালি বলেছেন যে গমের দাম কমে যাচ্ছে। কিন্তু পাটের ন্যায্য মূল্য, ধানের ন্যায্য মূল্য, অন্যান্য জিনিসের ন্যায্য মূল্য সম্পর্কে যে ভাবে বলা উচিত ছিল সেই ভাবে ওরা বলেননি। ওদের পক্ষে সেটা বলা মুশকিল। কারণ এই সমস্ত মানুষ যত গরিব হবে, কৃষকের যত অবস্থা খারাপ হবে ওদের তত সুবিধা হয়, ওদের হাতে সেই জমিগুলি আসে। মানুষ ঋণে জর্জরিত হয়ে যায় তখন আগাম এই সমস্ত ফসল কিনে নেয়। কাজেই ফসলের কথা বলার, ফসলের ন্যায্য মূল্যের কথা বলবার ওদের কোনও সুযোগ নেই। সাত্তার সাহেব বলেছেন যে তারা অনেক কিছু উন্নতি করেছেন। আমি আগেই আমার বক্তব্যে বলেছি যে উন্নতি কাদের হয়েছে? পশ্চিমবাংলার গ্রামে গ্রামে যদি যান তাহলে দেখবেন যে সুন্দর বন থেকে আরম্ভ করে ডুয়ার্স পর্যন্ত, ওদিকে বাঁকুড়া, পুরুলিয়া পর্যন্ত আজকে গ্রামগুলি ভেঙ্গে পড়েছে, শশ্মানে পরিণত হয়েছে। মানুষগুলি আজকে মাথা তুলে দাঁড়াতে পারছে না। তাদের পরনে কাপড় নেই, পেটে ভাত নেই, তাদের চোখের সামনে সেই সমস্ত আলোগুলি নিভে গেছে। এই হচ্ছে আপনাদের ৩০ বছরের রাজত্বের অবস্থা। আপনারা টাকা খরচের কথা বলেছেন যে আমরা অনেক টাকা খরচ করেছি। কিন্তু টাকা যেমন আপনারা খরচ করেছেন তেমনি আবার মেরেছেনও। সাত্তার সাহেব থাকলে আমি জিজ্ঞাসা করতাম। মাইনর ইরিগেশন কর্পোরেশনের বাড়ি হবে। কারণ যে বাড়ি ছিল, সে ভাড়া বাড়িতে গেল। কিন্তু এ কথা কেউ কখনও শুনেছেন যে সরকার থেকে ৫ লক্ষ টাকা দেওয়া হল এবং জমির মালিককে বলা হল বাড়ি কর। বাড়ি করা হল, তারপর সেই বাড়িতে ভাড়া গেল মাইনর ইরিগেশন কর্পোরেশন। এই ৫ লক্ষ টাকা দেওয়া হল কেন? কারা তারা? সাত্তার সাহেব তো মন্ত্রী ছিলেন—সেই বাড়ির মালিক হচ্ছে সাত্তার সাহেবের আত্মীয়। আপনারা পাম্প সেট নিয়েও অনেক কান্ড করেছেন। সেই সমস্ত খবর আমরা আস্তে আস্তে নিচ্ছি এবং এই সম্পর্কে ফাইল উদ্ধার করার চেষ্টা করছি। আপনারা সেচের কথা বলেছেন এবং আরও সেচ চেয়েছেন। কিন্তু যে কাজগুলি আপনাদের পাপের জন্য অর্ধসমাপ্ত রয়েছে ঐ পুরুলিয়ায় যেখানে সেচের দরকার, সেখানকার মানুষ জলের জন্য চিৎকার করছে, যেখানে জল না হলে চাষ হয় না, সেখানে জমুনার সেই স্কীমের টাকা বন্ধ হয়ে গেল অর্ধপথে। সেখানে লক্ষ লক্ষ টাকা চুরি হয়ে গেল। সেখানকার যারা চোর তারা আজকে বহাল তবিয়তে ঘুরছে। সাত্তার সাহেব তাদের জন্য ঐ মিশার কোনও ব্যবস্থা করেছিলেন? করেননি। মিশা কাদের উপর প্রয়োগ করেছেন, কাদের উপর পুলিশ লেলিয়ে দিয়েছেন, আমাদের জীবন অস্থির করে তুলেছিলেন।

কিন্তু আমরা একটা নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে চাই বলে, একটা আদর্শ নিয়ে বেঁচে আছি বলে আপনারা আমাদের কিছু করতে পারেননি। পুরুলিয়ায় যারা অসৎ কর্মচারী, অসৎ কন্ট্রাক্টর তাদের থানায় ধরে নিয়ে যাওয়া হয়েছে এবং পর মুহূর্তে তাদের জামিন নিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। সেই কেসের কথা উঠল না, সেখানকার কেসের কথা কেউ জানল না। যে এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ার এখন আছেন, তিনি গিয়ে সেই কেসগুলি ধরলেন, সিমেন্ট চুরি ধরলেন, বেশি টাকা কন্ট্রাক্টরকে পাইয়ে দেওয়া হয়েছে বলে ধরলেন, আজকে তার জীবন অতিষ্ঠ হয়ে গেছে, তার জীবন সংশয় হয়ে গেছে। তিনি এসে আমাকে রাইটার্স বিল্ডিংসে বলেছেন যে আমি বাঁচব না, আমাকে ট্রান্সফার করে দিন। আমি তাকে বলেছি যে, আপনি যদি ট্রান্সফার হয়ে যান তাহলে একথা প্রমাণিত হবে যে সৎ হয়ে চললে, সৎ হয়ে কাজ করলে এখানে থাকা যায় না এই শাসকের আমলে। তাই, আপনাকে থাকতে হবে। আমি সম্পূর্ণ ভাবে আপনাকে রক্ষা করব, আমাদের সরকার আপনার পিছনে আছে। আমি আই. জি.-কে ডেকে বলেছি যে এই এক্সজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে রক্ষা করতে হবে। অন্য দিকে কি করেছেন সাত্তার সাহেব? সেই এস. কে. রায় যিনি তুফানগঞ্জে থাকতে চুরি করেছিলেন, যিনি যমুনা স্কীমের এক নম্বর নাম, যিনি লক্ষ লক্ষ টাকা চুরি করেছেন, সেই কন্ট্রাক্টরের সঙ্গে যোগসাজসে তাকে পাঠিয়েছেন মালদহে। সাত্তার সাহেব কেন তাকে মালদহে পাঠালেন? সেখানে বিশ্বব্যাঙ্কের কোটি কোটি টাকায় বাজার হচ্ছে, সেখানে নুতন নুতন কন্সট্রাকশনে বাড়ি উঠবে, আবার সেই নায়ককে সেখানে পাঠানো হল যে নুতন করে চুরি কর, নুতন করে অসৎ কর্মচারিদের পেট ভরিয়ে দাও। এই তো আপনারা করেছেন ৪ বছর ধরে। আমাদের টাকা কম হতে পারে, আমরা যা চাই তা পাচ্ছি না। আমরা চাই ঐ সমস্ত কৃষকের ঘরকে ভরিয়ে দিতে, আমরা চাই ওদের দু'বেলা পেট ভরে খাওয়াতে, ওদের পরনে কাপড় দিতে। আমাদের সাধ আছে কিন্তু সাধ্য নেই। কিন্তু আমরা মনে করি যেটাকা আমরা ধরেছি, এই টাকায় আমাদের সমস্ত কৃষক সমিতিগুলি, আমাদের সমস্ত কমরেডরা, আমাদের মাননীয় সদস্যরা—আমরা যদি একযোগে গ্রামে গ্রামে যাই, এই টাকার ১৬ আনা যদি সদ্ব্যবহার করতে পারি তাহলে এই টাকায় আপনাদের চেয়ে অনেক অনেক বেশি কাজ দেখাতে পারব। টাকাটা বড় কথা নয়, নিষ্ঠা, ঐতিহ্য, চরিত্রটা হচ্ছে বড় কথা। তা আমাদের আছে, সেই ভরসা নিয়ে আজকে আমরা আপনাদের সামনে মাথা উঁচু করে দাঁড়িয়েছি। আপনাদের বলি, ব্যস্ত হবেন না। আপনাদের বলি, অধৈর্য হবেন না, আপনাদের বলি সীমা ছাড়িয়ে যাবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকদিন ধরে এই হাউসে দেখছি, সুনীতি চট্টোরাজ, ঐ রজনী দলুই আর আমাদের ঐ ভদ্রলোক, জয়নাল আবেদিন সাহেব, এমন ভাবে উত্তেজিত করছেন হাউসে আমাদের মাননীয় সদস্যদের—প্রোভোক করছেন যে আমরা যদি উত্তেজিত হয়ে যাই, উত্তেজিত হয়ে যদি কানটা কেটে নিই তাহলে কাটা কান নিয়ে ওরা বেরোতে পারবেন না এবং বাইরে গিয়ে বলতে পারবেন যে কি অত্যাচার হচ্ছে দেখ পশ্চিমবাংলায় এবং সেই পথে ওরা আমাদের নিয়ে যাবার চেষ্টা করছেন। আমি বলছি, এই উত্তেজনা সৃষ্টি করবেন না, যে উত্তেজনা সৃষ্টি আজকে এই হাউসে জয়নাল আবেদিন সাহেব করেছেন, তিনি তো সেই পথে নিয়ে যেতে চাইছেন। ওরা অস্থির হয়ে গেছেন। ওরা ক্ষমতায় নেই, ক্ষমতার সেই স্বাদগুলো—পাঁচ বছর নিংড়ে নিংড়ে পশ্চিমবাংলার কৃষক শ্রমিকদের নিংড়ে যারা সঞ্চয় করেছেন, তার থেকে ওরা বঞ্চিত হয়ে গেছে তাই পাগলা কুকুরের মতো ওরা অস্থির হয়ে

গেছেন এবং অস্থির হয়ে, হীন অবস্থায়, নীতিহীন অবস্থায় আজকে এই সব কাজ করছেন। আপনাদের বলছি, আপনারা শুনে রাখুন ভাল করে যে আপনারা বুঝে শুনে চলার চেষ্টা করুন, বিরোধী দল হিসাবে আপনাদের যা করণীয় করুন, কিন্তু অস্থির হয়ে কোনও লাভ নেই। আর আপনাদের পশ্চিমবাংলায় ক্ষমতায় ফিরে আসবার সম্ভাবনা নেই। কাজেই আপনারা যেখানে আছেন থাকুন, ধৈর্য ধরে থাকুন, আমাদের কাজগুলো লক্ষ্য করুন, আমাদের কাজ করবার সুযোগ দিন তারপর বলবেন যে আমরা যে কথা বলেছি, সেই কাজ করেছি কি না। আমি আর বেশি বাড়াব না, ভাঙ্গা হাটে আর বেশি বলব না, খালি এই কথা বলবার জন্য দাঁড়িয়েছি। আমি আমার ব্যয় বরাদ্দ অনুমোদনের জন্য অনুরোধ করে, সমস্ত ছাঁটাই প্রস্তাব অগ্রাহ্য করে, বরাদ্দ অনুমোদনের জন্য আপনার মাধ্যমে রাখছি।

**Dr. Ambarish Mukhopadhyay :** Sir, I want to move a motion of privilege against Hon'ble member, Mr. Zainal, Abedin, under rule 226 of the Rules of Procedure of the House. He said, "Deputy Speaker **Chor**". This means an aspersion on the Deputy Speaker, the entire House and myself. This is a condemnation and I hope this will be referred to the Committee on Privileges. Thanks.

**Mr. Deputy Speaker :** I will give my decision later on. first of all, let me finish the business of the House. I will now put the cut motion and the three demands to vote.

**Demand No. 52**

The motions of Shri Rajani Kanta Doloi and Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re. 1, were then put and lost.

The motion of Shri Rash Behari Pal that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 30,35,19,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads : "305—Agriculture, 505—Capital Outlay on Agriculture (Excluding Public Undertakings), and 705—Loans for Agriculture (Excluding Public Undertakings)", was then put and agreed to.

**Demand No. 53**

The motions of Shri Rajani Kanta Doloi, Shri Kiranmay Nanda and Shri Sasabindu Bera that the amount of the Demand be reduced to Re. 1, were then put and lost.

The motion of Shri Rash Behari Pal that the amount of the Demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 34,45,40,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "306—Minor Irrigation, 307—Soil and Water Conservation, 308—Area Development, 506—Capital Outlay on Minor Irrigation, Soil Conservation and Area Development, and 706—Loans for Minor Irrigation, Soil Conservation and Area Development, was then put and agreed to.

**Demand No. 60**

The motions of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced to Re. 1, were then put and lost.

[7-50 — 7-55 p.m.]

The motion of Shri Kamal Kanti Guha that a sum of Rs. 9,80,47,000 be granted for expenditure under Demand No. 60, Major Heads : "314—Community Development (Excluding Panchayat), and 514—Capital Outlay on Community Development (Excluding Panchayat)", was then put and agreed to.

## RULING FROM CHAIR

**Mr. Deputy Speaker :** Honourable members, I have given my ruling to-day on the point of a privilege raised by Dr. Zainal Abedin. It seems that Dr. Abedin did not unfortunately accept my observations in the spirit the same were made and appeared to nurse some confusion about it. This led to certain utterances by him when Shri Arabinda Ghosal was in the Chair and ultimately Shri Dinesh Mazumdar has raised a point of pivilege on the issue. I take this opportunity to inform the House that all the niceties on the question of privilege involved in the matter raised by Shri Dinesh Mazumdar together with the relevant context in the privilege issue raised by Dr. Abedin merit an elaborate and threadbare discussion and decision thereon to dispel any confusion that may exist in the mind of any member in this regard. I, therefore, refer this question to the Committee on Privileges for examination, investigation and report under Rule 230 of the Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly.

The House stands adjourned till 12 noon on Wednesday, the 14th September, 1977.

**Adjournment**

The House was accordingly adjourned at 7.55 p.m. till 12 noon on Wednesday, the 14th September, 1977, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 14th September, 1977 at 12.00 Noon.

**P R E S E N T**

Mr. Deputy Speaker (Shri Kalimuddin Shams) in the Chair, 17 Ministers, 6 Ministers of State and 209 Members.

[12-00 — 12-10 p.m.]

**Starred Questions to which oral Answers were given**

**Mr. Deputy Speaker :** Honourable members, Minister in charge of Land Utilisation and Reforms and Land and Land Revenue Department, Irrigation and Waterways Department, and Cottage and Small Scale Industries Department have informed me that they are outside Calcutta on official business and as such it would not be possible for them to reply to the starred Assembly questions standing in their names due for answer to-day. All these questions are held over till the next rotational day. I am calling the remaining questions. First, we will take up starred question number 53.

**সুন্দরবন থেকে মধু ও মোম সংগ্রহের পরিমাণ**

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন থেকে ১৯৭৬ সাল থেকে ১৯৭৭ সালের জুলাই মাস পর্যন্ত কত পরিমাণ মধু ও মোম সংগ্রহ করা হয়েছে ;

(খ) ঐ মধু ও মোম থেকে সরকার নিজে কত ক্রয় করেছেন ; এবং

(গ) সরকার ক্রীত সব মোম ও মধু বিক্রয় হয়েছে কিনা ; এবং না হলে তার কারণ কি?

**শ্রী পরিমল মিত্র ঃ**

(ক) ১৯৭৬ হইতে ১৯৭৭ সালের জুলাই মাস পর্যন্ত মোট ১,৫৯,২১৬ কে. জি. মধু ও ৮,৮৭৭.৮০ কে. জি. মোম সংগ্রহ করা হয়েছে।

(খ) উক্ত পরিমাণ মধু ও মোম থেকে ১,৩১,০৭৬ কে. জি. মধু ও সম্পূর্ণ মোম সরকার ক্রয় করেছেন।

(গ)

(১) ক্রীত মোমের মধ্যে ৫,৬১৫ কে. জি বিক্রয় করার পর ৩,২৬২.৮ কে. জি. মোম বিক্রয়ের জন্য গুদাম জাত করা আছে এবং বিক্রয় করার ব্যবস্থা হচ্ছে।

(২) সংগৃহীত মধুর কিছু পরিমাণ পরিশোধণের জন্য রেখে বাকি মধু বিক্রয় করার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** বর্তমান বৎসরে যে মধু সংগ্রহ করা হয়েছে সেই মধু না দিয়ে পুরানো দেওয়া হচ্ছে কেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** এটা আমি খোঁজ নিয়ে দেখব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মধু ও মোম কিভাবে সংগ্রহ করা হয়।

**শ্রী পরিমল মিত্র ঃ** মধু সংগৃহীত হয় মৌচাক থেকে।

## কল্যাণী স্পিনিং মিলের সূতা

***৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭০২।) **শ্রী সরল দেব ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী স্পিনিং মিলের সূতা কাহাদের দেওয়া হয় ;

(খ) এই সূতা রানাঘাট, নবদ্বীপ, ধনেখালি ও পশ্চিমবংলার বিভিন্ন অঞ্চলের তাঁতিদের মধ্যে দেওয়ার কোনও ব্যবস্থা আছে কিনা ; এবং

(গ) থাকিলে, কিভাবে দেওয়া হইয়া থাকে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) কল্যাণী স্পিনিং মিলের সূতা প্রধানত ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন ও ওয়েস্ট বেঙ্গল অ্যাপেক্স হ্যান্ডলুম কোঅপারেটিভ সোসাইটিকে বিক্রয় করা হয়। অবশিষ্ট সূতা কলকাতা পাইকারি বাজারের লাইসেন্স প্রাপ্ত সূতা ব্যবসায়ীদের নিকট প্রকাশ্য টেন্ডার মারফৎ বিক্রয় করা হয়।

(খ) কল্যাণী স্পিনিং মিল হইতে ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কোঅপারেটিভ সোসাইটি লিমিটেড সূতা ক্রয় করিয়া থাকে। উক্ত সূতা হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন সমবায় বহির্ভূত তন্তুজীবীদের মধ্যে এবং স্টেট হ্যান্ডলুম অ্যাপেক্স সমবায় সমিতির মধ্যে বন্টন করিয়া থাকে। রাণাঘাট, নবদ্বীপ, ধনেখালি, এবং পশ্চিমবাংলার বিভিন্ন অঞ্চলের তাঁতিভাইয়েরা এই সূতা ক্রয় করিয়া থাকে।

(গ) ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন নিম্নলিখিত ডিপোর মাধ্যমে তাঁতিভাইদের মধ্যে সূতা বিক্রয় করিয়া থাকে।

| ডিপো | সূতা সরবরাহের এলাকা |
|---|---|
| ১। শান্তিপুর | রানাঘাট, শান্তিপুর |
| ২। রাধামনি | তমলুক |
| ৩। গঙ্গারামপুর | গঙ্গারামপুর রায়গঞ্জ |
| ৪। কুচবিহার | কুচবিহার |
| ৫। বাঁকুড়া | বাঁকুড়া |

এই সূতা নগদ দামে অথবা ৬০ঃ৪০ নিয়মে বিক্রয় হয়। (তাঁতিভাইদের উৎপাদিত বস্ত্রাদির মূল্যের শতকরা ৬০ ভাগ সূতার দাম হিসাবে কাটা হয় আর বাকি ৪০ ভাগ মজুরি হিসাবে নগদ দেওয়া হয়।

স্টেট হ্যান্ডলুম অ্যাপেক্স নদীয়া হুগলি ও পশ্চিমবাংলার বিভিন্ন অঞ্চলের সমবায় সমিতিকে এই সূতা সরবরাহ করে।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে, কলকাতার প্রাক্তন মেয়র শ্রী গোবিন্দ দে কল্যাণী স্পিনিং মিল থেকে সূতা পান কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এটা তিনি পান। আমি আগেই বলেছি যে পাইকারি বাজারে লাইসেন্স প্রতি সূতা ব্যবসায়ীদের নিকট প্রকাশ্য টেন্ডার মারফৎ বিক্রয় কর হয়।

**শ্রী সরল দেব ঃ** যখন টেন্ডার ডাকা হয় তখন অফিসারদের একটা অংশের কাছ থেকে অ্যাডভান্স জেনে নেওয়া হয়। এই বিষয়ে আপনি তদন্ত করবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** ইট ইজ এ রিকোয়েস্ট ফর অ্যাকশন।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কল্যাণী স্পিনিং মিল থেকে যে সূতা বিক্রয় হয় তা গুন্ডি প্রতি দর কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** নোটিশ চাই।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কল্যাণী স্পিনিং মিলের সূতা ২৪-পরগনায় যে সমস্ত তন্তুবায় আছেন, বাদুরিয়া, দেগঙ্গা, হাজিপুর, বঁনগা ইত্যাদি জায়গায় বিলি করবার কোনও ব্যবস্থা করা যায় কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** এতদিন বিষয়টা বিবেচনা করা হয়নি। আপনাদের তরফ থেকে অনুরোধ এলে চেষ্টা করে দেখা যেতে পারে।

## *বিদেশি পর্যটকদের সুন্দরবন অঞ্চল পরিভ্রমণ*

**৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৪।)* ***শ্রী অশোককুমার বসু :*** *পর্যটন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দেশের নিরাপত্তার স্বার্থে সুন্দরবন অঞ্চলে বিদেশি পর্যটনদের* পরিভ্রমম নিয়ন্ত্রণ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী পরিমল মিত্র :**

পর্যটন দপ্তরের তত্ত্বাবধানে দেশি ও বিদেশি উভয় শ্রেণীর পর্যটকদেরই ব্যাঘ্র প্রকল্প এলাকা বহির্ভূত সুন্দরবনের অন্যান্য কয়েকটি আকর্ষণীয় স্থানে ভ্রমণের ব্যবস্থা করা হয়ে থাকে। যেহেতু পর্যটন দপ্তরের দায়িত্বশীল কর্মচারিদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই ভ্রমণের ব্যবস্থা করা হয়ে থাকে সে কারণে এ জাতীয় আয়োজিত ভ্রমণসূচিতে অংশগ্রহণকারি বিদেশি পর্যটকদের জন্য দেশের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে এরূপ আশঙ্কা করার কোনও কারণ নেই। তবে 'ব্যাঘ্র প্রকল্প' এলাকা বহির্ভূত সুন্দরবনের অন্যান্য অঞ্চল বর্তমানে বিদেশি (নিয়ন্ত্রিত এলাকা) আদেশ ১৯৬৩ Foreigners (Restricted Areas) Order 1968 অনুযায়ী উক্ত আদেশে বর্ণিত ১নং তফসিলভুক্ত "নিয়ন্ত্রিত এলাকা" নয়। পর্যটন দপ্তরের পরিচালনায় আয়োজিত ভ্রমণসূচি ছাড়া অন্যভাবেও বিদেশি পর্যটকগণ সুন্দরবনের অনিয়ন্ত্রিত অঞ্চলে ভ্রমণের জন্য যেতে পারেন। এ জাতীয় বিদেশি পর্যটকদের নিয়ন্ত্রণ পর্যটক দপ্তরের আওতায় আসে না। বহিরাগত বিদেশি পর্যটকদের বিভিন্ন অঞ্চলে গমনাগমনের উপর নিয়ন্ত্রণ বলবৎ করার বিযয়টি স্বরাষ্ট্র (রাজনৈতিক) ও স্বরাষ্ট্র (আরক্ষা) দপ্তরের যৌথ দায়িত্ব। বিদেশি পর্যটকদের সুন্দরবনের অনিয়ন্ত্রিত এলাকায় অবাধ ভ্রমণের সুযোগ থাকলে দেশের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে-এই প্রশ্নটি সুন্দরবন অঞ্চলে স্বরাষ্ট্র (আরক্ষা) দপ্তরের যে ব্যবস্থাদি আছে তার যথোপযুক্ততার পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র দপ্তরের বিচার্য। উত্থাপিত প্রসঙ্গটিকে যাতে সময়োচিত যথাযত গুরুত্ব সহকারে বিবেচনা করা হয় তার জন্য স্বরাষ্ট্র দপ্তরকে অবহিত করানো হয়েছে।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সুন্দরবনে বিদেশি পর্যটকদের জন্য কোনও টুরিস্ট লজ আছে কি?

**শ্রী পরিমল মিত্র :** না।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ওখানে যখন টুরিস্ট লজ নেই তখন ওখানে টুরিস্ট লজ করবার কি কোনও পরিকল্পনা সরকারের আছে?

**শ্রী পরিমল মিত্র :** আমি যখন টুরিজম বাজেট প্লেস করব তখন আমি বলব।

## সুন্দরবনে মানুষ ও গৃহপালিত জন্তুদের রক্ষা

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল :** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবনের লোকালয়ে বাঘের উপদ্রবের হাত থেকে মানুষ ও গৃহপালিত জন্তুদের রক্ষার জন্য সরকারের কি ব্যবস্থা আছে ; এবং

(খ) বাঘের কবলে পড়ে যাদের গৃহপালিত জন্তু প্রাণ হারিয়েছে অথবা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের ক্ষতিপূরণ দেবার কোনও ব্যবস্থা সরকারের আছে কি?

**শ্রী পরিমল মিত্র ঃ**

সুন্দরবনের লোকালয়ে যাতে বাঘ ঢুকতে না পারে তার জন্যে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পে নিযুক্ত কর্মীগণ এবং ২৪-পরগনার বনভুক্তির অধীনস্থ কর্মীগণ সর্বদাই সতর্ক। কোনও কারণে বাঘ ঢুকে পড়লে তাকে বনে তাড়িয়ে দেবার সবরকম ব্যবস্থা নেওয়া হয়। একান্ত না পারা গেলে ফাঁদ পেতে অথবা ঘুমপাড়ানি ওষুদের সাহায্যে ঘুম পাড়িয়ে তাকে ধরার চেষ্টা করা হয়।

ইহা সরকারের বিবেচনাধীন।

**শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** সুন্দরবন একটা বিরাট এলাকা, সেখানে সামান্য সংখ্যক কর্মচারী আছে, তাদের দিয়ে সব সময় বাঘদের লোকালয়ে যাওয়া নিবারণ করা যায় না। যাতে ভবিষ্যতে এটা নিবারণ করা যায় তারজন্য কি কি ব্যবস্থা করছেন?

**শ্রী পরিমল মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ব্যাঘ্র প্রকল্প অনুসারে সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগারের সংখ্যা এখন কত?

**শ্রী পরিমল মিত্র ঃ** এখনও সংখ্যা নির্ণয় হয়নি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** ব্যাঘ্রকে রক্ষা করার জন্য কি কি পরিকল্পনা সরকারের আছে?

**শ্রী পরিমল মিত্র ঃ** আমি যখন ফরেস্ট বাজেট প্লেস করব তখন সে সম্বন্ধে বলব।

## Scarcity of charcoal in the Hill areas

***122**. (Admitted question No. *255.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) whether the Government is aware of the scarcity of charcoal in the Hill areas of Darjeeling district and abnormal increase in its price there : and

(b) if so, what action the State Government has taken in the matter ?

**Shri Parimal Mitra :**

(a) There is no unusual scarcity of charcoal in the Hill areas of the Darjeeling District and the supply is being maintained as in other years.

There has been no increase in its price recently.

(b) The Question does not arise.

(No supplementary)

## Levy on Films

***123.** (Admitted question No. *389.) **Shri Satya Ranjan Bapuli, Shri Suniti Chattoraj and Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Information and Public Relations Department be pleased to state—

(a) if it is a fact that the State Government has recommended withdrawal or reduction of the new levy imposed on films, by the Central Government; and

(b) if so, whether any response has been received by the State Government ?

**Shri Buddhadev Bhattacharjee :**

(a) হ্যাঁ, কেন্দ্রীয় সরকারকে প্রস্তাবিত লেভি প্রত্যাহারের জন্য অনুরোধ জানানো হয়েছে।

(b) এখনও কোনও জবাব পাওয়া যায়নি, কিন্তু জানা গেছে যে চলচ্চিত্র নির্মাণের উৎপাদন ব্যয়ের উপর প্রস্তাবিত প্রডভ্যালরেম শুল্ক প্রত্যাহৃত হয়েছে যদিও ভারত সরকার ৪,০০০ মিটার পর্যন্ত দৈর্ঘের কাহিনী চিত্রের ১২টির বেশি প্রিন্ট নির্মাণের ক্ষেত্রে সংশোধিত হারে শুল্ক ধার্য করেছেন। প্রথম ১২টি প্রিন্ট করমুক্ত করা হয়েছে।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত লেভি প্রত্যাহারের জন্য আপনি অনুরোধ জানিয়েছেন, আমি জানতে চাই কি কি কারণ দেখিয়ে এবং কবে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাবিত লেভি প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** নোটিশ দিলে জানাতে পারব।

**শ্রী রজনীকান্ত দলুই :** আপনি বলেছেন প্রথম ১২টি প্রিন্ট করমুক্ত করা হয়েছে, সেই ১২টা কি কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** প্রথম ১২টা করমুক্ত করা হয়েছে, ১২টা ফিল্ম তুলতে কর লাগবে না। তারপর ১৩ থেকে ২৪টা পর্যন্ত কর লাগবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি প্রথম প্রশ্নের উত্তরে বললেন যে নোটিশ লাগবে, উনি স্পেসিফিক্যালি জানতে চেয়েছিলেন কি কি কারণ দেখিয়ে আপনি লেভি উইথড্র করতে বলেছিলেন। সেন্ট্রাল লেভি যা বসিয়েছেন তাকে উইথড্র করতে বলে আপনি কি কি রিজন দেখিয়েছেন এটা বলতে আপনি নোটিশ চাচ্ছেন কেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** উনি বলেছেন যে কবে পাঠিয়েছেন, সে ডেট বলা এখুনি সম্ভব নয়, আর যে মূল কারণ আমরা দেখিয়েছিলাম যে সমস্ত বই-এর উপর যদি ১০ পারসেন্ট লেভি হয় তাহলে রিজিওন্যাল ফিল্ম ইন্ডাস্ট্রি বিশেষ করে সাদা কালোর যে বই তার উপরে যদি ১০ পারসেন্ট লেভি হয় যে প্রস্তাব এসেছিল তাহলে ১০ পারসেন্ট সবাইকে দিতে হবে, প্রথম ১২টা প্রিন্ট এ দিতে হয় তাহলে রিজিওন্যাল ফিল্ম ইন্ডাস্ট্রি খুব সমস্যার মধ্যে পড়বে—এই মূল কারণ দেখিয়ে আমরা চিঠি দিয়েছিলাম এবং এর পরেও আরও অনেকগুলি কারণ ছিল।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বললেন যে সাদা-কালো ফিল্মের উপর বেশি ট্যাক্স বসলে তাহলে ফিল্ম কি আরও বেশি মার খাবে না।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কালার্ড ফিল্ম এর সম্বন্ধে আমাদের কি প্রস্তাব পরিকল্পনা আমার বাজেট স্পিচে থাকবে—এখানে প্রশ্ন ছিল কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত লেভির প্রশ্ন নিয়ে।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্ত্রী বললেন যে তার বাজেট বক্তৃতায় তিনি বলবেন, তাহলে কি এখন প্রশ্ন করা যাবে না, তাহলে প্রশ্নের সময় রেখে লাভ কি? আমি স্যার, আপনার প্রটেকশন চাচ্ছি।

**Dr. Kanailal Bhattacharjee :** It has no relation with the question which has been answered just how.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, উনি যে প্রশ্ন করেছেন সেটা এর সঙ্গে যুক্ত নয়, কেন্দ্রীয় সরকারের লেভির উপরে আমাদের কি প্রস্তাব ছিল সেটা আমি আগেই বলেছি, তারপরের প্রশ্ন ছিল কালার্ড ফিল্মের সম্বন্ধে আমাদের কি প্রস্তাব—সেটা এখানে যুক্ত নয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, উনি প্রশ্ন করেছেন মন্ত্রী মহাশয়কে অথচ কানাইবাবু তার উত্তর দিচ্ছেন, তাহলে কি ধরে নেব যে মন্ত্রী মহাশয় উত্তর দিতে উপযুক্ত নয় সেজন্য কানাইবাবু উত্তর দিচ্ছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** অবান্তর প্রশ্ন তুলে লাভ নেই এখানে।

## "Breeze Coke"

***126**. (Admitted question No. *824.) **Shri Saswati Prasad Bag :** Will the Minister-in-charge of the Public Undertakings Department be pleased to state—

(a) the price of "Breeze Coke" of Durgapur Projects Ltd., used for making smokeless "Coke Briquette" per tonne ex Durgapur, at the end of 1973;

(b) the present price of the same per tonne ex Durgapur;

(c) whether this "Breeze Coke" is sold directly to entrepreneurs or to middlemen or to any other agency;

(d) the price an entrepreneur pays at Calcutta per tonne for "Breeze Coke", and

(e) whether Government can control the price of "Breeze Coke" so that smokeless fuel is available to domestic consumers at a price little higher than that of the price of ordinary coal?

**Dr. Kanailal Bhattacharyya :**

(a) Rs. 25/-per M/To Ex. Works exclusive of taxes and levies.

(b) Rs. 6/- per M/Ton Ex-Works, exclusive of taxes and duties (of effective from 22.8.75). Rs. 45/- per MT ex-works Durgapur exclusive of taxes and duties for West Bengal Small Industries Corpn. only.

(c) In the five Districts of West Bengal, viz., Calcutta, 24-Parganas, Howrah, Hooghly and Nadia, Breeze Coke is sold to entrepreneurs through West Bengal Small Industries Corpn. only. In these five districts, no entrepreneur is supplied Breeze Coke directly from DPL. West Bengal Small Industries Corpn. acts as the sole distributing agency in these five districts. In the remaining Districts of West Bengal, both entrepreneurs and traders are allowed to draw supplies of Breeze Coke directly from Durgapur Projects Ltd., the only restriction being that traders are allowed to draw their supplies by rail only while entrepreneurs are allowed to draw their supplies both by rail and by road.

(d) Rs. 90/- per MT. plus other usual taxes charged by West Bengal Small Industries Corpn.

(e) Apart from Durgapur Projects Ltd. there are other manufacturers like the Steel Plants and Merchant Cokeries who produce Breeze Coke. There is no price control of coal, coke, is nut coke, pearl coke and breeze coke. It is the Central Govt. which has the power to

control the price of coke including breeze coke or coal under the colliery Control order.

**Dr. Saswati Prasad Bag :** It is reported that the agency through which DPL is selling the coke is affecting the interest of the entrepreneur directly. How the Government can help the entrepreneurs so that they can get breeze coke at regular intervals without any hindrance ?

**Dr. Kanilal Bhattacharya :** They are getting it at regular intervals and there are no hindrances. If you can cite any instance I can reply.

**Dr. Saswati Prasad Bag :** I think some of the entrepreneurs have already contacted the Minister-in-charge of Small-Scale Industries Department who is not here now, and they have given the indication. I shall request the Minister, can he really enquire whether actually there is any racket in the matter of selling DPL breeze coke ?

**Dr. Kanilal Bhattacharyya :** No, there is no racket because in the five districts—Calcutta, 24-Parganas, Howrah, Hooghly and Nadia—the breeze coke is sold to the entrepreneurs through the West Bengal Small Industries Corporation. They will have to approach the West Bengal Small Industries Corporation who is selling the coke at Rs. 90 per MT plus other charges charged by the West Bengal Small Industries Corporation. There is no question of any racketeering.

**Dr. Saswati Prasad Bag :** DPL is selling coke at Rs. 60/-. Why the Small Industries Corporation is being allowed to sell this at Rs. 90/- so that the profit is going to the other Corporation and not to the DPL while the DPL has its own sales department ?

**Dr. Kanilal Bhattacharyya :** Small Industries corporation is also a Government owned corporaion and it will have to take breeze coke from Durgapur and distribute it to Calcutta. It has got to incur other expenditures. So it is quite natural that the price will be raised.

## চলচ্চিত্র শিল্পের মালিকদের ঋণ দান

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫১।) **শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৭ সালের ১লা মে হইতে ১১ই জুনের মধ্যে কিছু চলচ্চিত্র শিল্পের মালিকদের সরকারি ঋণ দেওয়া হয়েছিল ; এবং

(খ)- সত্য হলে, যে সমস্ত ব্যক্তিদের ঐ ঋণ দেওয়া হয়েছিল তাদের নাম কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) চলচ্চিত্র শিল্প মালিক বলতে কাদের বোঝানো হয়েছে সেটা স্পষ্ট নয়।

তবে এই প্রসঙ্গে বলা যেতে পারে যে কোনও চলচ্চিত্র প্রযোজক বা স্টুডিও মালিককে এই সময়ের মধ্যে কোনও সরকারি ঋণ দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, চলচ্চিত্র শিল্পে ঋণ দেওয়ার নীতিটা কি? এখন পর্যন্ত সরকার নূতন করে ঋণ দেবার ক্ষেত্রে চিন্তা করছেন কিনা আংশিকভাবেই হোক বা পুরোপুরি হোক?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বিগত সরকার একটা পরিকল্পনা করেছিলেন সেই পরিকল্পনা অনুযায়ী ১৯৭৪-৭৫ সালে ১২টি ছবি করবার জন্য ১৭ লক্ষ টাকা ঋণ মঞ্জুর করেছিল এবং তারমধ্যে ৬টি ছবি রিলিস হয়েছিল আর ৬টি ছবি রিলিস হয়নি। এই ১৭ লক্ষ টাকার মধ্যে ১৫২ হাজার টাকা ঋণ শোধ হয়। সমগ্র অবস্থাটা এইরকম দাঁড়িয়ে আছে। এই পরিকল্পনা রিভিউ না করে কোনও সিদ্ধান্ত নেওয়া হচ্ছে না।

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বাংলাদেশের চলচিত্র শিল্প প্রতিযোগিতায় বম্বের চলচিত্রর কাছে প্রচণ্ড মার খাচ্ছে, সেজন্য সরকার পশ্চিমবঙ্গে যেটা ভায়াবল এইরকম কোনও পরিকল্পনা নিচ্ছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সমস্ত বিষয়টা আলোচনার স্তরে আছে, সমস্ত বিষয়টা আলোচনা করা হচ্ছে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** আপনি যে বললেন সমস্ত টাকা ফেরত পাওয়া যায়নি, এই টাকা ফেরত পাওয়ার কি চেষ্টা করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** চেষ্টা করছি। ১৭ লক্ষ টাকার মধ্যে ১৫২ হাজার টাকা ফেরত পাওয়া গিয়েছে, সমস্ত পথ দেখছি কিভাবে টাকাটা ফেরত পাওয়া যায়।

### বাঘের আক্রমণে হতাহত ব্যক্তিদের সাহায্য

***১৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৩১।) **শ্রী বীরেন্দ্রনারায়ণ রায়** এবং **শ্রী আবুল হাসনত্ খান ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে প্রতি বৎসর কয়জন ব্যক্তি সুন্দরবনে বাঘের আক্রমণে (১) আহত এবং নিহত হয়েছেন ; এবং

(খ) নিহত ব্যক্তির আত্মীয়দের এবং আহতদের সরকার কি কোনও সাহায্য দিয়াছেন।

**শ্রী পরিমল মিত্র :**

| (ক) বৎসর | নিহতের সংখ্যা | আহতের সংখ্যা |
|---|---|---|
| ১৯৭৪ | ৩৫ | ১ |
| ১৯৭৫ | ৬৩ | ৩ |
| ১৯৭৬ | ৪২ | ৫ |

(খ) বাঘের দ্বারা নিহত লোকের সংখ্যা মোটেই উপেক্ষনীয় নয় এবং এ বিষয়ে শীঘ্রই একটি সুস্পষ্ট নীতি আমাদের গ্রহণ করতে হবে।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় :** তার মানে কি এই তিন বৎসরে যত নিহত হয়েছে বা আহত হয়েছে তারা কি বিগত সরকারের কাছ থেকে কোনও সাহায্য পায়নি?

**শ্রী পরিমল মিত্র :** না, কোনও সাহায্য পায়নি।

**শ্রী রজনীকান্ত দলুই :** সি. পি. এম রূপী বাঘের দ্বারা তারা আক্রান্ত হয়েছিল একথা আপনি জানেন কি?

**শ্রী পরিমল মিত্র :** এগুলি সবই কংগ্রেসরূপী বাঘের হাতে নিহত হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আপনি যে বললেন বাঘের হাতে নিহত হয়েছে, আপনি বলতে পারেন কি এবং আপনার কাছে কোনও ডাটা আছে কিনা যে এই সমস্ত লোক জঙ্গলে মধু সংগ্রহ করতে গিয়ে নিহত হয়েছে না কাঠ কাঠতে গিয়ে নিহত হয়েছে?

**শ্রী পরিমল মিত্র :** সেটা বলা যাবে না, তার জন্য নোটিশ চাই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** এই নিহত লোকদের মধ্যে সুন্দরবন এলাকার লোক কত এবং বাইরের কত?

**শ্রী পরিমল মিত্র :** নোটিশ চাই, নাম ধাম সব দেখতে হবে, কত জন অন্য লোক সেই সব দেখতে হবে।

## Supply of Gas from Durgapur Projects Ltd.

***133**. (Admitted question No. *837) **Shri Atish Chandra Sinha :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether it is a fact that the quantity of gas supplied to Calcutta from Durgapur Projects Limited during the months of April to August in 1977 is lower than that supplied during the corresponding months in 1976 ;

(b) whether there is any proposal to set up a project at Dankuni to supply coke oven gas to Calcutta ; and

(c) if the answer to (b) is in the affirmative, what is the present position in the matter ?

**Dr. Kanailal Bhattacharya :**

(a) Gas supply to Calcutta during the months of April and May, 1977 was comparable to the supply received during the corresponding months of 1976. But the supply of gas from D.P.L. to Calcutta during the months of June, July and August, 1977 is lower than the supply during the corresponding months of 1976.

(b) Yes.

(c) The decision of the Government of India in the Ministry of Energy to set up a Low Temperature Carbonisation Plant at Dankuni in the Central sector stands.

It will be executed as a Central Government undertaking by the Coal Ltd. through its subsidiaries.

The State Government acquired 65.50 acres of land at Dankuni and handed over the same to the project authorities on 24.2.76. The State Government acquired further an additional 33 acres of land at Dankuni and handed over the same to the project authorities on 12.1.77. The Public Works Deptt. of the State Government accorded necessary approval to the use of Durgapur Expreses way as well as construction of an to an approach road to the plant site on a temporary basis.

The Engineering Projects of India Ltd. was entrusted with the job of constructing the plant as a turn-key project. It has subsequently been found by the Central authorities that the Engineering Projects of India Ltd. has not the requisite technology and therefore arrangement with the Engineering Projects Ltd. has been terminated. It has been assured by the Central Government in July, 1977 that the project has not been abandoned, though the arrangement with Engineering Projects Ltd. has been terminated.

The Central Government are taking steps to solve the technological problem of the project by bringing in knowledgeable authorities and also taking steps to finalise the tender.

The original estimate of the project was to the tune of Rs. 20.33 crores. It has been estimated that the cost structures

will have to be revised and the cost of the project may be double.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি যে উত্তর দিয়েছেন তা খুবই একজসটিভ্ কিন্তু (এ)-র উত্তরে বলেছেন কম হয়েছে করেসপন্ডিং পিরিয়ড ইন নাইনটিন সেভেনটি-সেভেন, এই যে কম হয়েছে এটা কত কম হয়েছে এবং কেন কম হল এবং কিভাবে অবস্থা ইমপ্রুভ করার চেষ্টা করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সাধারণত ৯০ হাজার মিটার নর্মালি দেওয়া হত, সেটা কমে এই তিন মাসে এভারেজ ৭০ হাজারের মতো হয়েছে। সেটা হওয়ার কারণ এক নম্বর এবং দু-নম্বর ব্যাটারি বহু দিনের পুরানো। যতদিন এটা ব্যবহার করা উচিত তার চেয়ে অনেক বেশি দিন ব্যবহৃত হয়েছে, অথচ এই ব্যাটারি দুটি রিপ্লেস করার জন্য আগের সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। এই ব্যাটারির তিনটি চুল্লি এমনভাবে খারাপ হয়েছে যে রিপেয়ার করার জন্য সব বন্ধ করা হয়েছে। চুল্লি বন্ধ করার ফলে গ্যাস সরবরাহ কমে গেছে। আমরা চেষ্টা করছি ৩টি চুল্লি এ বছর শুধু মেরামতই নয়, এক নম্বর এবং দু-নম্বর ব্যাটারিকে আবার সারিয়ে ফেলে গ্যাস সরবরাহ নর্মালাইজ করার জন্য।

[12-10 — 12-50 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি ডানকুনিতে যে প্রোজেক্ট করার কথা বলেছেন, এতো হাডেল সত্ত্বেও আপনারা তো লো টেম্পারেচার কারবনাইজেশন প্ল্যান্ট করবেন এখন ইঞ্জিনিয়ারিং প্রোজেক্ট অব ইণ্ডিয়া যদি ফেল করে আপনারা নেগোসিয়েশন করেছেন আফটার দ্যাট আপনারা সুস্পষ্ট ব্যবস্থা নিয়েছেন যাতে এটা কমিশন হতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** আমরা এ সম্পর্কে গত জুলাই মাসে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলেছিলাম তাতে জানতে পারি যে ইঞ্জিনিয়ারিং প্রোজেক্ট লিঃ এটা ঠিক করতে পারবে না। সেজন্য টেন্ডার সিক করা হয়েছে অন্য কোনও কনস্যালটেন্ট কোম্পানি এটা তৈরি করতে পারে কিনা সে সম্পর্কে তারা চেষ্টা করছে। আমি আগামী শুক্রবার দিল্লি যাচ্ছি। ওখানে এই ব্যাপারের মন্ত্রী শ্রী রামচন্দ্র আছেন আমি তাঁর সঙ্গে কথা বলে আসব।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** একই সঙ্গে ভারতের অন্যান্য রাজ্যে এই জাতীয় প্ল্যান্ট বসাবার সিদ্ধান্ত নেওয়া ছিল সেগুলির কাজ হয়েছে কি জানেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** না, আমার জানা নাই।

**Shri Satya Ranjan Bapuli :** Will the Hon'ble Minister be pleased to state what steps have been taken by the Government to repair the battery?

**Dr. Kanailal Bhattacharyya :** We have taken steps to repair the batteries by shutting down three ovens of the old batteries. They are being repaired after the ovens became cool.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** ঐ তিনটি যে বন্ধ করে দিয়েছেন সেগুলি সারাবার জন্য কোনও ব্যবস্থা নিয়েছেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সারানো শুরু হয়ে গেছে।

## বসুমতী পত্রিকা

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৪।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ি ঃ** বন্ধ ও দুর্বল শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বসুমতী পত্রিকা অধিগ্রহণের পর হইতে ৩১এ আগস্ট ১৯৭৭ তারিখ পর্যন্ত সরকারি কত টাকা কিভাবে ঐ সংস্থায় লগ্নি করা হয়েছে ;

(খ) ঐ তারিখ পর্যন্ত লোকসানের পরিমাণ কত ; এবং

(গ) এই লোকসানের কারণ কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ**

(ক) হ্যাঁ

(১) অডিট সাপেক্ষে ৯.৮.৭৪ তারিখ হইতে ৩১.৩.৭৭ তারিখ পর্যন্ত লোকসানের পরিমাণ প্রায় ২৮ লক্ষ ৬১ হাজার টাকা।

(২) বসুমতী প্রতিষ্ঠানের যন্ত্রপাতি পুরাতন এবং সেকেলে ধরনের। প্রায় বন্ধ অবস্থা হইতে অন্যান্য পত্রিকার সাথে প্রতিযোগিতা করিয়া দৈনিক বসুমতী চালু করিতে হইয়াছে। কম প্রচার সংখ্যা, কম বিজ্ঞাপন-লব্ধ অর্থ, কর্মচারীখাতে ব্যয়, সাবেকী মুদ্রণ যন্ত্র প্রভৃতি লোকসানের কারণ হিসাবে উল্লেখ করা যায়।

(৩) মোট টাঃ ৪৮,৪৬,৬০৬-০০।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এই পত্রিকায় লোকসান হচ্ছে বলে এটা চালু রাখবার চেষ্টা করছেন, না, বন্ধ করে দেবেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** বন্ধ করে দেবার কোনও প্রশ্নই ওঠে না। চালু রাখবার প্রচেষ্টা সরকার করছেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** যাতে লোকসান না হয় তার জন্য আপনারা কি কি স্টেপ নিয়েছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** প্রথম স্টেপ হিসাবে যাতে বেশি করে অ্যাডভারটাইজমেন্ট পাওয়া যায় তার জন্য চেষ্টা চালানো হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই বসুমতী পত্রিকাকে আধুনিকীকরণের জন্য মন্ত্রী মহাশয় কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ওরা একটা স্কীম দিয়েছে ২৬ লক্ষ টাকার ঐ মুদ্রণ যন্ত্র ভাল করার জন্য। সেটা এখন সরকার বিচার বিবেচনা করে দেখছেন।

**শ্রী সন্দীপকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বসুমতী পত্রিকার কর্মচ্যুত কর্মী কতজন আছেন এবং তাদের কর্মসংস্থানের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** আমার এখন পর্যন্ত যা জানা আছে সরকারি তথ্য হিসাবে তাতে দেখছি ৪৩ জন এবং বর্তমানে কর্মীর সংখ্যা হচ্ছে ৩৫০ জন। যারা আগে কাজ করতেন অথচ এখনও নিয়োগ করা যায়নি তাদের সংখ্যা হল ৪৩ জন।

**শ্রী সন্দীপকুমার দাস :** এর মধ্যে সাংবাদিক কতজন এবং অসাংবাদিক কতজন আছে সেটা বলতে পারবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** তা বলতে পারব না, নোটিশ চাই।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বসুমতীর ন্যায় বিখ্যাত একটি কাগজ যার বিরাট মূলধন ছিল তার শোচনীয় অবস্থা হওয়ার কারণ কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** কারণ আমি আগেই বলে দিয়েছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে ৪৩ জন কর্মী ছাঁটাই হয়েছে। এই কর্মীগুলি কি কংগ্রেস রাজত্বকালে ছাঁটাই হয়েছিল?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** হ্যাঁ।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় মন্ত্রী মহাশয় কি মনে করেন যে সরকারি নিয়ন্ত্রণে একটি সংবাদপত্র চালালে সেই সংবাদপত্র সব সময় নিরপেক্ষ থাকতে পারবে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই বসুমতী পত্রিকার পার ডে সারকুলেশন কত?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** নোটিশ চাই, এতে লেখা নেই।

**শ্রী ধীরেন্দ্রনাথ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন কংগ্রেস আমলে ঐ সমস্ত কর্মী ছাঁটাই হয়েছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর জেল থেকে বন্দীদের মুক্তি দিচ্ছেন সেই জন্যই কি তারা এখনও পর্যন্ত ঐসব বরখাস্ত কর্মীদের নিয়োগ করতে পারছেন না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** তাদের কাজে নিয়োগ করা সম্পর্কে সরকার বিবেচনা করছেন এবং এই ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তারা সমস্ত ব্যাপারটি তদন্ত করে দেখে আমাদের কাছে সুপারিশ করলেই আমরা এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আপনি জানেন এই কাগজ বন্ধ হয়েছিল। আমার প্রশ্ন হল কবে থেকে খোলা হল এবং কে খুলল?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** একটু আগেই এই প্রশ্নের জবাব দিয়েছি। আপনি যদি একটু ধৈর্য্য ধরে কান পেতে শুনতেন তাহলে সব খবরগুলিই পেতেন।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আমি জানতে চেয়েছি কবে খোলা হয়েছে প্রশ্নের উত্তরে সেটা আপনি বলেন নি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** হ্যাঁ, বলেছি। আবার বলছি, ১৯৭৪ সালের ৮ই আগস্ট।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে নিয়োগের ব্যাপারে একটা তদন্ত কমিশন করা হয়েছে। কিন্তু মিশা থেকে ছাড়ার জন্য কোনও কমিশন হয়নি, নিঃশর্ত মুক্তি দেওয়া হয়েছে। তা যদি হয়ে থাকে তাহলে এদের নিয়োগের ব্যাপারে তদন্ত কমিশন কেন হচ্ছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** নিয়োগের জন্য নয়। আমি প্রথমেই বলেছি দৈনিক বসুমতী কিভাবে পরিচালিত করা হবে যাতে করে এর যে লোকসান যাচ্ছে সেটা যেন মেক আপ করা যায়। তাছাড়া এই সমস্ত কর্মচারী যাদের ছাঁটাই করা হয়েছে তাদের পুনর্নিয়োগ করা উচিত কিনা ইত্যাদি সমস্ত ব্যাপার তদন্ত করে দেখার জন্য এবং আগে যারা এই বসুমতী পত্রিকা চালাতেন এর মধ্যে তাদের কোনও রকম দুর্নীতি আছে কিনা এবং তাদের এত লোকসান হচ্ছিল কেন—এই সমস্ত ব্যাপার তদন্ত করে দেখার জন্য একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এই তদন্ত কমিটিকে এক মাসের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে। সেই রিপোর্ট পেলেই যারা ছাঁটাই হয়ে আছেন তাদের নিয়োগের ব্যবস্থা করা হবে।

[12-50 — 1-00 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রী মহাশয় বললেন, সরকারি সিদ্ধান্ত হচ্ছে এই কাগজটা চালানো। এটা কি রাজনৈতিক সিদ্ধান্ত?

**ডঃ কালাইলাল ভট্টাচার্য ঃ** অর্থনৈতিক।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এটা স্বশাসিত করবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** সেটা রিপোর্ট পাবার পর আমরা বিবেচনা করব।

**টাইগার পার্ক**

***১৩৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৫।) **শ্রী অশোককুমার বসু ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে একটি টাইগার পার্ক তৈরির পরিকল্পনা সরকারের আছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে ইহার নির্মাণকার্য কতদূর অগ্রসর হয়েছে;

(গ) ইহার জন্য পশ্চিমবঙ্গ সরকারের ব্যয়ের পরিমাণ কত ; এবং

(ঘ) এই নির্মাণকার্যের জন্য কেন্দ্রীয় সরকার থেকে কোনও অর্থ বরাদ্দ করা হয়েছে কিনা?

**শ্রী পরিমল মিত্র :**

(ক) না।

(খ), (গ) এবং (ঘ)

(ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্নগুলি ওঠে না।

**শ্রী দেবরঞ্জন সেন :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, এখানে দেখছি মাননীয় মন্ত্রী মহাশয়রা প্রশ্নের উত্তর দেবার পর এত অত্যাধিক সাপ্লিমেন্টারি প্রশ্ন করা হচ্ছে যে তাতে সভার কাজ বিঘ্নিত হচ্ছে, সভার সময় নষ্ট হচ্ছে। আমি এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Deputy Speaker** : That is not to be discussed. Please take your seat.

## Cinchona cultivation in Darjeeling

***141**. (Admitted question No. *901.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state the steps taken by the present Government to intensify cinchona cultivation in Darjeeling district ?

**Dr. Kanailal Bhattachariya :** For extension of Cinchona cultivation in the Darjeeling district a sum of Rs. 22,50,000/- has been provided for this year under the State Plan. An additional outlay of Rs. 21,21,000/- has been received for this year from the Government of India as Central assistance for the above extension programme under the Darjeeling Hill Areas Development Plan. The target is to bring about ultimately 8,500 acres of land under Cinchona cultivation against 4,947 acres of cultivation upto the end of 1976-77. Area under extension during the current year is 552 acres with a programme for extension of about 600 acres per year from 1978-79.

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এখন যে প্লানটেশন আছে তার অ্যানুয়াল টার্ন ওভার কত? এবং আপনি যে এক্সটেনশন করতে যাচ্ছেন তখন কত হতে পারে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য :** এখন ১৯৭৬-৭৭ সালে ৪,৯৪৭ একর জমিতে সিনকোনা প্লানটেশন আছে। এ বছর আমরা করতে যাচ্ছি আরও ৫৫২ একর বেশি করে, ৫,৪৯৯ একর এবং প্রতি বছর ৬ শত একর করে বাড়ানোর কথা আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি টার্ন ওভার কত সেটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** টার্ন ওভার কত সেটা প্রশ্নে ছিল না, কাল্টিভেশনের ব্যাপার ছিল।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে সিনকোনার ব্যাপরে এক্স-প্যানশন অব প্রোগ্রাম নিচ্ছেন তাতে এটা লাভজনক থাকবে, কি থাকবে না জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** লাভজনক নিশ্চয়ই থাকবে। ৬ হাজার একর প্লানটেশন ছিল সেটা কমে গিয়ে ৩ হাজার একর হয়েছিল ১৯৬৫ সালে তারপর সিনকোনার চাহিদা বাড়তে থাকে। সে জন্য ৬ শত একর করে প্রতি বছর বাড়াবার চেষ্টা হচ্ছে। আপনি যদি নোটিশ দেন তাহলে ঠিক কত প্রোডাকশন হচ্ছে, কত লাভ হচ্ছে এটা বলতে পারি। তবে মোটামুটি লাভ হচ্ছে এইটুকু বলতে পারি।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে এখন সেল ডিপো থেকে সিনকোনা বিক্রয় বন্ধ আছে এবং যদি থাকে তাহলে তার কারণ কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ** বন্ধ আছে বলে আমার কাছে কোনও খবর নেই। বন্ধ আছে কে বলেছে?

### Development of "Mirik" areas in Darjeeling

***143.** (Admitted question No. *903.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Tourism Department be pleased to state—

(a) whether any step has been taken by the present Government to develop "Mirik" area in Darjeeling district as a tourist resort ; and

(d) if so, details thereof ?

**Shri Parimal Mitra :**

(a) The decision to develop Mirik in an intergrated fashion as a spot of tourist attraction was taken by the previous Government. The present Government would implement the integrated development project which would serve the interests of tourism and benefit the economically backward classes and people of the area substantially.

(b) The present Government would try to ensure speedy execution of the various sectoral plans of this multi-facted development project. Works partaining to the following segments of the

Mirık project are in progress and are at different stages of execution :

(1) Construction of an artificial lake by impounding water.

(2) Laying of internal link roads/pathways.

(3) Constructin of a foot bridge across one section of the lake.

(4) (a) Construction of a Tourists Day Centre.

(4) (b) Tourist accommodation in cottages for 100 tourists.

(5) Drinking water supply.

(6) Drainage and sewerage.

(7) Electrification.

(8) Landscaping, gardening, laying of parks etc.

(9) Tourist promenade around the lake and notorable bridge across the overflow weir.

(10) Boating facilites.

(11) Land acquisition.

(12) Land use planning.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিগত সরকারের গৃহীত এই প্রোজেক্ট বর্তমান সরকার ভাল প্রোজেক্ট বলে বিবেচনা করলেন কিনা?

**শ্রী পরিমল মিত্র ঃ** ভাল খারাপ জানি না, এত টাকা যেখানে খরচ হয়েছে সেখানে নষ্ট করতে পারি না, সে জন্য এটা নেওয়া হয়েছে।

## Unstarred Questions
## to which written Answers were laid on the Table

### বোলপুর ব্লকের অধীন প্রাথমিক বিদ্যালয়

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** শিক্ষা (প্রাথমিক এবং মাধ্যমিক) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বোলপুর ব্লকে কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে ;

(খ) উহাদের মধ্যে কতগুলি—

(১) তফসিল জাতির জন্য, এবং

(২) কতগুলি তফসিল উপজাতির জন্য ;

(গ) উক্ত অঞ্চলে পরিদর্শন হইয়াছে কিন্তু স্বীকৃতি পায় নাই এইরূপ বিদ্যালয়ের সংখ্যা কত ;

(ঘ) কতদিনে এই বিদ্যালয়গুলি সরকারি স্বীকৃতি পাবে ব'লে আশা করা যায় ; এবং

(ঙ) অনুন্নত শ্রেণীর ছাত্রদের শিক্ষার মান উন্নয়নের জন্য অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-শিক্ষক অনুপাত ৪০ : ১ হইতে ৩০ : ১ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১১৫টি।

(খ) (১) ৯।

(২) ১২।

(গ) জেলা পরিদর্শক (প্রাথমিক) মহাশয়ের হিসাব অনুযায়ী এইরূপ বিদ্যালয়ের সংখ্যা ৭।

(ঘ) সরকারের বর্তমান নীতি অনুযায়ী অরগানাইজড স্কুল বা ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত 'সংগঠিত বিদ্যালয়'সমূহকে ১-৩-১৯৭৭ তারিখ হইতে আর স্বীকৃতি দেওয়া হইবে না। যেখানে যেখানে বিদ্যালয়ের প্রয়োজন স্বীকৃত হইবে সেই সমস্ত স্থানে বিদ্যালয় প্রতিষ্ঠার দায়িত্ব সরকার/জেলা বিদ্যালয় বোর্ড গ্রহণ করিবেন।

(ঙ) না।

## Self-employment Opportunities

**120.** (Admitted question No. 189.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether steps have been taken by the Government for providing self-employment opportunities in such occupations as those of cobblers, tailors, washerman, goldsmiths, blacksmiths, carpenters, plumbers and repair services ;

(b) if so, the number of persons provided with such opportunities during the months of June, July August, 1977 and in the corresponding months in 1976, 1975, 1974, 1973 and 1972 ; and

(c) what amount was provided as financial assistance/loan during the period mentioned above ?

**Minister in-Charge of Cottage and Small Scales Industries Department :** (a) Yes.

(b) and (c) Information have been given in the statement enclosed.

*Statement referred to in reply to clauses (b) and (c) of unstarred question No. 102 (Admitted question No. 189)*

| | | **June to August** | **For the whole year** |
|---|---|---|---|
| | | Information specifically for this period are for the districts of Calcutta, Nadia, Murshidabad, Burdwan, Darjeeling, Hooghly, Jalpaiguri, West Dinajpur, Howrah and Cooch Behar. | Information are for the districts of 24-Parganas, Birbhum, Purulia, Bankura, Midnapur and Malda. |
| 1977-78 : | Amount disbursed : | Rs 25,850 | |
| | Employment | 24 | |

This year the scheme is being implemented out of State Plan provision and the sanction has been accorded only in the August last.

| | | | |
|---|---|---|---|
| 1976-77 : | Amount disbursed .. | Rs. 27,366 | Rs. 2,12,170 |
| | Employment .. | 38 | 367 |
| 1975-76 : | Amount disbursed .. | Rs. 56,360 | Rs. 2,37,730 |
| | Employment .. | 24 | 291 |
| 1974-75 : | Amount disbursed .. | Rs. 69,288 | Rs. 3,31,240 |
| | Employment .. | 92 | 329 |
| 1973-74 : | Amount disbursed .. | Rs. 45,900 | Rs. 3,90,050 |
| | Employment .. | 54 | 251 |
| 1972-73 : | Amount disbursed .. | Rs. 13,000 | Rs. 1,61,938 |
| | Employment .. | 16 | 217 |

**পানীয় জলের নলকূপ**

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পানীয় জলের জন্য নলকূপবিহীন গ্রাম এবং বস্তি এলাকার সংখ্যা এই রাজ্যে কত ;

(খ) ১৯৭৭ সালের জুন মাস পর্যন্ত কতগুলি নলকূপ অচল ছিল ;

(গ) ১৯৭৭ সালের জুলাই-আগস্ট-এর ১৫ তারিখ পর্যন্ত কতগুলি নলকূপ সচল করা হয়েছে ; এবং

(ঘ) ১৯৭৭ সালের জুলাই-আগস্ট-এর ১৫ তারিখ পর্যন্ত কতগুলি নতুন নলকূপ খনন করা হয়েছে এবং এই বাবদ কত অর্থ ব্যয় করা হয়েছে?

**স্বাস্থ্য (পরিবার কল্যাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক), (খ), (গ) ও (ঘ) পূর্ণ তথ্য হাতে নেই। সকল জেলা-শাসকদের যথাসম্ভব শীঘ্র তথ্য পাঠাবার নির্দেশ দেওয়া হয়েছিল। মাত্র পাঁচটি জেলার তথ্য পাওয়া গেছে। জেলা-শাসকদের আবার অনুরোধ করা হয়েছে।

## Ban/restriction on overdrafts by the State Government from Reserve Bank of India

**104.** (Admitted question No. 275.) **Shri Rajani Kanta Doloi and Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that the Centre has imposed a ban/restriction on overdrafts by the State Government from Reserve Bank of India ; and

(b) if so, the steps contemplated by the State Government in the matter ?

**Minister in-Charge of Finance Department :** (a) Yes, there is restriction in respect of the period up to which a State Government can have an overdraft with the Reserve Bank of India.

(b) When such a contingency arises, the State Government takes necessary action in consultation with the Government of India.

## বোলপুর স্বাস্থ্যকেন্দ্রের রক্ষণাবেক্ষণ

**১০৫**। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৩।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বোলপুর স্বাস্থ্যকেন্দ্রের রক্ষণাবেক্ষণের ভার পূর্বে পি. ডবলিউ. ডি. মেনটেনান্সের উপর ছিল, কিন্তু বর্তমানে কন্স্ট্রাকশন বোর্ডের উপর এই ভার ন্যাস্ত হইয়াছে ;

(খ) সত্য হইলে, বর্তমানে রক্ষণাবেক্ষণের কাজ ঠিকমতো হইতেছে কি ; এবং

(গ) যদি না হয় তা হ'লে সরকার এ সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিবেন বলিয়া কি আশা করা যায়?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ও (গ) এই স্বাস্থ্যকেন্দ্রের রক্ষণাবেক্ষণের বিষয়ে কোনও বিরূপ রিপোর্ট নেই।

## হাউস স্টাফ নিয়োগ

**১০৬।** (অনুমোদিত প্রশ্ন নং ২৮৪।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে চিকিৎসাশাস্ত্রের স্নাতকোত্তর (এম. ডি. এস.) ছাত্রদের হাউস স্টাফ হিসেবে হাসপাতালে কাজ করতে দেওয়ার পদ্ধতি বন্ধ ক'রে দেওয়া হয়েছে ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে সরকার কি ছাত্রদের স্বার্থে কোনও ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করছেন?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হাউসস্টাফগণ পূর্ণ সময়ের হাসপাতাল-কর্মী। কাজেই যে সকল ডাক্তার পাঠরত তাহাদের হাউসস্টাফ হিসেবে নিয়োগ করা হয় না।

(খ) এমন কোনও প্রস্তাব নেই।

## পাট চাষ

**১০৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৩।) **শ্রী কৃষ্ণদাস রায় ঃ** কৃষি মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭, ১৯৬৮, ১৯৬৯, ১৯৭০, ১৯৭১, ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪, ১৯৭৫ এবং ১৯৭৬ সালে পশ্চিমবঙ্গে মোট কত জমিতে পাট চাষ হইয়াছিল ; এবং

(খ) ঐ সময়ে মোট কত পরিমাণ কাঁচা পাট উৎপন্ন হইয়াছিল?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পাট চাষের হিসাব আর্থিক বৎসর অনুসারে রাখা হয়। নিম্নোক্ত বৎসরগুলিতে পশ্চিমবঙ্গে পাট চাষের জমির মোট পরিমাণ ছিল ঃ

| | হেক্টর |
|---|---|
| ১৯৬৭-৬৮ .. .. .. .. | ৪,৯৬,০০০ |
| ১৯৬৮-৬৯ .. .. .. .. | ২,৬৮,৭০০ |
| ১৯৬৯-৭০ .. .. .. .. | ৪,৩৭,৩০০ |
| ১৯৭০-৭১ .. .. .. .. | ৪,০৭,১০০ |
| ১৯৭১-৭২ .. .. .. .. | ৪,৬১,১০০ |
| ১৯৭২-৭৩ .. .. .. .. | ৩,৬৭,৩০০ |
| ১৯৭৩-৭৪ .. .. .. .. | ৪,১৮,৫০০ |
| ১৯৭৪-৭৫ .. .. .. .. | ৩,৭০,২০০ |
| ১৯৭৫-৭৬ .. .. .. .. | ৩,৩৪,৭০০ |
| ১৯৭৬-৭৭ .. .. .. .. | ৪,৪০,৬০০ |

*(ক) উক্ত বৎসরগুলিতে পশ্চিমবঙ্গে কাঁচা পাট উৎপাদনের পরিমাণ ছিল নিম্নরূপ ঃ*

| | বেল |
|---|---|
| ১৯৬৭-৬৮ .. .. .. .. | ৩৮,৫৩,৮০০ |
| ১৯৬৮-৬৯ .. .. .. .. | ১৩,৪০,১০০ |
| ১৯৬৯-৭০ .. .. .. .. | ৩৩,৯৬,৮০০ |
| ১৯৭০-৭১ .. .. .. .. | ২৬,৮৩,৫০০ |
| ১৯৭১-৭২ .. .. .. .. | ৩৪,৬৯,৮০০ |
| ১৯৭২-৭৩ .. .. .. .. | ২৭,১২,৩০০ |
| ১৯৭৩-৭৪ .. .. .. .. | ৩৬,৭৩,০০০ |
| ১৯৭৪-৭৫ .. .. .. .. | ২৬,০৭,৮০০ |
| ১৯৭৫-৭৬ .. .. .. .. | ২৬,৮৬,৩০০ |
| ১৯৭৬-৭৭ .. .. .. .. | ৩৪,৭৩,৪০০ |

বিঃ দ্রঃ—এক বেল = ১৮০ কেজি।

## Death of a bus driver

**108**. (Admitted question No. 364.) **Shri Krishna Das Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if it is a fact that a bus driver's body was found hanging from the branch of a tree on Canal West Road near Shyambazar private bus terminus on the morning of 5th July, 1977 ; and

(b) if so, whether any arrest has been made by the police ?

**Minister in-Charge of Home (Police) Department :** (a) Yes.

(b) From the post-morten examination it appeared to be a case of suicide by hanging. Hence no arrest has been made.

## Alleged detention of a police party by public at Nutia Bazar

**109**. (Admitted question No. 365.) **Shri Krishna Das Roy :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether the Government is aware that a police party of Bagnan thana was detained by public at Nutia Bazar in Howrah district on Tuesday, the 5th July, 1977 ; and

(b) if so—

(i) the details of the incident, and

(ii) what steps the State Government has taken in this matter?

**Minister for Home (Police) Department :** (a) No.

(b) (i) and (ii) Does not arise.

**করমুক্ত বাংলা ও হিন্দি চলচ্চিত্র**

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৭।) **শ্রী দিলীপকুমার মজুমদার :** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত সরকার কতগুলি চলচ্চিত্র (বাংলা এবং হিন্দি)-কে করমুক্ত ঘোষণা করেছিলেন ;

(খ) এই ছবিগুলির নাম এবং এদের করমুক্ত করার ভিত্তি কি ; এবং

(গ) বর্তমান সরকারের কাছে করমুক্তির জন্য কোনও ছবি বিবেচিত হচ্ছে কি?

**তথ্য জনসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বিগত সরকার মোট ৩৬টি বাংলা এবং ৫টি হিন্দি চলচ্চিত্র করমুক্ত করেছিলেন।

এ ছাড়াও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্যের উপর নির্মিত 'চলচ্চিত্র' শরৎচন্দ্র শতবার্ষিকী উপলক্ষ্যে মোট তিন সপ্তাহের জন্য করমুক্ত করা হয়েছিল।

(খ) এই ছবিগুলির একটি তালিকা এতৎসহ দেওয়া হ'ল।

পূর্বতন সরকার ১৯২২ সালের বঙ্গীয় প্রমোদকর আইনের ৮(২) ধারায় উপরোক্ত ছবিগুলিকে করমুক্ত করেছেন। এই ৮(২) ধারায় সরকার সাধারণ বা বিশেষ আদেশবলে যে-কোনও চলচ্চিত্রকে প্রমোদকরমুক্ত করতে পারেন।

(গ) বর্তমান সরকার আপাতত কোনও ছায়াছবিকে করমুক্ত না করবার সিদ্ধান্ত নিয়েছেন।

*Statement referred to in reply to clause 'kha' of unstarred question No. 110 (Admitted question No. 587)*

**The list of films exempted from the liabilities of Amusement Tax under the orders of Finance Minister, Government of West Bengal**

| Name of films |
|---|
| *1. Films based on the works of Sarat Chandra. |
| *2. Biplabi Khudiram. |
| 3. Paribartan. |
| 4. Sabyasachi. |

**Name of films**

5. Aarambha (Hindi).
6. Imman Dharam (Hindi).
7. Kabuliwala (Bengali).
8. Neela Chale Mahaprabhu.
9. Sankoch (Hindi).
10. Sesh Rakshya.
11. '42' (Bengali).
12. Nildarpan.
13. Vidya Sagar (Hindi version).
14. Bisarjan.
15. Zindagi (Hindi).
16. Ananda Math.
17. Jugamanab Kabir.
18. Two Daughters (Post Master and Samapti).
19. Atithi.
20. Sister.
21. Ramer Sumati.
22. Bhola Moira.
23. Chira Kumar Sabha.
24. Bhagini Nivedita.

*25. Pagal Thakur.

26. Nayan.
27. Pratisruti.

*28. Khokababur Pratyabartan.

*29. Amriter Swad.

30. Jiban Marur Prante.
31. Chotto Nayak.

*32. Mahakabi Girishchandra.

*33. Balak Saratchandra.

34. Mejdidi.

| Name of films |
|---|
| 35. Raj Laxmi O Sri Kanta. |
| 36 Babu Masai. |
| 37. Rami Chandidas. |
| 38. Biraj Bau. |
| *39. Joy. |
| *40. Maha Prasthaner Pathey. |
| 41. Jukti Takka Gappa. |
| 42. Nagarik. |

*Exempted on the recommendation of the Information and Public Relations Department also.

In this connection it may be noted that the film, "Indus Valley to Indira Gandhi" was granted exemption from payment of Entertainments Tax on the recommendation of the Government of India, Ministry of Information and Broadcasting in terms of G. O. No. 4819-F T., dated 14th October 1976. But subsequently the exemption was withdrawn from 15th July 1977 in terms of G.O. No. 3235-F.T., dated 13th July 1977.

### ধর্মঘট, ছাঁটাই, লক-আউট ও ক্লোজারের ফলে শ্রমদিবস অপচয়

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৩।) **শ্রী অশোককুমার বসু ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক ১৯৭১, ১৯৭২, ১৯৭৩, ১৯৭৪, ১৯৭৫ এবং ১৯৭৬ সালে এই রাজ্যে কতগুলি কলকারখানায় ধর্মঘট হইয়াছিল ; এবং

(খ) উক্ত বৎসরগুলিতে (১) ধর্মঘট, (২) ছাঁটাই, (৩) লক-আউট ও (৪) ক্লোজার প্রভৃতির ফলে কত শ্রমদিবস নষ্ট হইয়াছিল?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত বছরগুলিতে ধর্মঘটের সংখ্যা নিম্নরূপ ঃ

| | সংখ্যা |
|---|---|
| ১৯৭১ .. .. .. .. .. | ২২৫ |
| ১৯৭২ .. .. .. .. .. | ১৭১ |
| ১৯৭৩ .. .. .. .. .. | ২০৪ |
| ১৯৭৪ .. .. .. .. .. | ১৬৩ |
| ১৯৭৫ .. .. .. .. .. | ১১১ |
| ১৯৭৬ .. .. .. .. .. | ১২৯ |

(খ) ছাঁটাই ও ক্লোজারের ফলে শ্রমদিবস নষ্টের কোনও পরিসংখ্যান রাখা হয় না। ধর্মঘট ও লক-আউটের ফলে নষ্ট শ্রমদিবসের সংখ্যা নিম্নরূপ ঃ

| বছর | ধর্মঘটজনিত নষ্ট শ্রমদিবস সংখ্যা | লক-আউটজনিত নষ্ট শ্রমদিবস সংখ্যা |
|---|---|---|
| ১৯৭১ .. .. .. | ১,৬৯৮,২৩৮ | ২,৮১০,৫৬৭ |
| ১৯৭২ .. .. .. | ৯,৪৪,৮৭১ | ২,৬৭২,২৫৩ |
| ১৯৭৩ .. .. .. | ২,৫৭২,৭৯২ | ৩,৪০৪,৫১৯ |
| ১৯৭৪ .. .. .. | ৭,৩৩৪,৭১৫ | ৩,০৮২,৬৮৭ |
| ১৯৭৫ .. .. .. | ১০,৭৮৫,২৬১ | ২,৭৯৬,৯০৩ |
| ১৯৭৬ .. .. .. | ৯,৫১,৯৬৭ | ৭,৫২২,৫৭৩ |

## চিকিৎসকবিহীন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

**১১২।** (অনুমোদিত প্রশ্ন নং ৬২৩।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ি ঃ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অনেক প্রাইমারি হেলথ সেন্টারে কোনও ডাক্তার নাই ; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত হেলথ সেন্টারগুলিতে কবে হইতে ডাক্তার দেওয়ার ব্যবস্থা হইবে বলিয়া আশা করা যায়?

**স্বাস্থ্য (পরিবার পরিকল্পনা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## সিউড়ি সদর হাসপাতালে ই. সি. জি. মেশিন

**১১৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৯।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৭/৮ মাস যাবৎ সিউড়ি সদর হাসপাতালে ই. সি. জি. মেশিন নাই ;

(খ) সত্য হইলে, উক্ত হাসপাতালে ই. সি. জি. মেশিন সরবরাহ করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন কি না ; এবং

(গ) করিয়া থাকিলে, কবে নাগাদ উক্ত হাসপাতালে ঐ মেশিন সরবরাহ করা হইবে?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ। মেশিনটি মেরামতের জন্য পাঠানো হয়েছে।

(খ) ও (গ) মেশিনটি মেরামতের অযোগ্য বলিয়া বিবেচিত হ'লে আগামী তিন মাসের মধ্যে একটি নতুন ই. সি. জি. মেশিন উক্ত হাসপাতালে সরবরাহ করা হবে।

## গৌরীপুর কুষ্ঠ হাসপাতাল

১১৪।। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫১।) **শ্রী অনিল মুখার্জি :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার গৌরীপুর কুষ্ঠ হাসপাতালের পরিচালনার ব্যাপারে এবং উক্ত হাসপাতালের অধ্যক্ষের (সুপারেন্টেনডেন্ট) বিরুদ্ধে কোনও অভিযোগ সরকার পেয়েছেন কি না ; এবং

(খ) যদি পেয়ে থাকেন, তা হ'লে সরকার সে সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) অভিযোগগুলি তদন্ত করবার জন্য একটি তদন্ত কমিটি (এনকুয়ারি কমিটি) গঠন করা হয়েছে। ঐ তদন্ত কমিটির অন্তবর্তীকালীন রিপোর্ট সরকার পেয়েছেন। চূড়ান্ত রিপোর্ট পাবার পর এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

## উচ্চশিক্ষার মাধ্যম হিসাবে বাংলাভাষার প্রচলন

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৮।) **শ্রী কৃপাসিন্ধু সাহা :** শিক্ষা বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে উচ্চশিক্ষা ব্যবস্থায় বাংলাভাষাকে মাধ্যম করিবার ব্যাপারে সরকার কি কি কর্মসূচি গ্রহণ করিয়াছেন?

**শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** উচ্চশিক্ষা ব্যবস্থায় বাংলাভাষাকে মাধ্যম করিবার নীতি মূলত বিশ্ববিদ্যালয়গুলিই গ্রহণ করিতে পারেন। স্বয়ংশাসিত সংস্থা হিসাবে তাহাদের সেই আইনগত অধিকার আছে এবং তাহারা এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করিতেছেন।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় যে, উচ্চশিক্ষাস্তরে বাংলাভাষায় পাঠ্যপুস্তক প্রণয়নের জন্য রাজ্য সরকারের একটি কর্মসূচি আছে। ভারত সরকারের অর্থানুকূল্যে আঞ্চলিক ভাষায় পাঠ্যপুস্তক প্রনয়ণ করিবার জন্য এই রাজ্যে পুস্তক পর্ষদ (ওয়েস্ট বেঙ্গল স্টেট বুক বোর্ড) গঠন করা হইয়াছে। পর্ষদ অনার্স পর্যায়ে বাংলাভাষায় পাঠ্যপুস্তক প্রকাশ করিতেছেন। পঞ্চবার্ষিক পরিকল্পনার সময় কাল পর্যন্ত এই বিষয়ে কেন্দ্রের নিকট হইতে প্রথমে সম্পূর্ণ এবং পরে আংশিক ব্যয়ভার নির্বাহের জন্য অর্থ সাহায্য পাওয়া যাইবে। ষষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা হইতে এই বাবদ সম্পূর্ণ ব্যয়ভার অবশ্য রাজ্য সরকারকেই বহন করিতে হইবে। বিশ্ববিদ্যালয়গুলিকে এই সকল পুস্তক তাহাদের শিক্ষায়তনগুলিতে চালু করিবার জন্য অনুরোধ করা হইয়াছে।

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে, কলকাতা বিশ্ববিদ্যালয় ১৯৭১ সালের একটি বিজ্ঞপ্তিতে প্রাক-বিশ্ববিদ্যালয় স্তর হইতে স্নাতকোত্তর স্তর পর্যন্ত সব পরীক্ষায় ছাত্রছাত্রীরা বাংলাভাষায় উত্তর লিখিতে পারে এইরূপ নির্দেশ জারি করিয়াছেন। এই বিজ্ঞপ্তি অনুসারে স্নাতক স্তরের

**অনার্স পার্ট-১ ও পার্ট-২ পরীক্ষার ক্ষেত্রে এই আদেশ যথাক্রমে ১৯৭৪ ও ১৯৭৫ সাল হইতে বলবৎ হয় এবং স্নাতকোত্তর পর্যায়ে চলতি বৎসর অর্থাৎ ১৯৭৭ হইতে এই আদেশ বলবৎ হইবে।** বর্ধমান বিশ্ববিদ্যালয়ে শুধুমাত্র স্নাতক (পাস ও অনার্স) পর্যায়ে পরীক্ষার মাধ্যম হিসাবে বাংলাভাষাকে ব্যবহার করবার অনুমতি দেওয়া হইয়াছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কিছু কিছু বিষয়ে (যথা ইতিহাস) বাংলায় উত্তর দেওয়া যাইতে পারে তবে বিজ্ঞান এবং কারিগরি বিভাগে বাংলাভাষায় উত্তরপত্র গ্রাহ্য হইবে না।

### বেসরকারি কলেজগুলির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

**১১৬।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৯।) **শ্রী কৃপাসিন্ধু সাহা :** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসরকারি কলেজগুলিতে দুর্নীতির বিষয়ে কোনও অভিযোগ বর্তমান সরকারের গোচরে আসিয়াছে কিনা ; এবং

(খ) (ক) প্রশ্নের উত্তর ইতিবাচক হইলে, উক্ত দুর্নীতির বিষয়ে তদন্তের জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কয়েকটি কলেজের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বর্তমান সরকারের নিকট আসিয়াছে?

(খ) অভিযোগগুলির যথার্থ যাচাই করিবার জন্য প্রশাসনিক তদন্তের ব্যবস্থা করা হইয়াছে।

### বিভিন্ন সমবায় সমিতিতে সারের মূল্য

**১১৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৩।) **শ্রী কৃপাসিন্ধু সাহা :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিভিন্ন সমবায় সমিতিগুলিতে একই প্রকার সার বিভিন্ন মূল্যে বিক্রয় হয় ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ইহা সত্য নহে। কারণ প্রত্যেক রাসায়নিক সারের সর্বোচ্চ বিক্রয়মূল্য ভারত সরকার কর্তৃক নির্ধারিত। কোনও সমিতির পক্ষে ইহার হেরফের করা সম্ভব নয়।

(খ) এ প্রশ্ন ওঠে না।

### মৎস্য চাষের জন্য খাল ও পুষ্করিণী বিলির বন্দোবস্ত

**১১৮।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৪।) **শ্রী কৃপাসিন্ধু সাহা :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, শহর ও গ্রামাঞ্চলে সরকারের অধীনে যে সমস্ত খাল,

পুষ্করিণী আছে সেগুলি মৎস্য চাষের জন্য সমবায় সমিতির মধ্যে বিলি-বন্দোবস্ত করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ, আছে।

**চন্দননগরে ইনস্টিটিউশন অব এডুকেশন ফর উইমেন-এ ভর্তির ব্যাপারে দুর্নীতি**

**১১৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৬।) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগরে ইনস্টিটিউট অব এডুকেশন (পোস্ট-গ্রাজুয়েট) ফর উইমেন-এ ভর্তির ব্যাপারে কোনও দুর্নীতির অভিযোগ সরকার পেয়েছেন কিনা ;

(খ) পেয়ে থাকলে, তার কোনও তদন্ত হয়েছে কি ; এবং

(গ) তদন্ত হয়ে থাকলে, উক্ত দুর্নীতির সহিত কাহারা জড়িত এবং তাদের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) একটি অভিযোগ পাওয়া গিয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) তদন্তে দেখা যায় যে, ভর্তির জন্য নির্বাচনের ক্ষেত্রে কিছু কিছু ব্যতিক্রম হয়েছে। বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**সরকারি দপ্তরে আবেদনপত্রের জন্য প্রাপ্তিস্বীকার রসিদ দেওয়ার ব্যবস্থা**

**১২০।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৮।) **শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ এবং প্রশাসন সংশোধন) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারি দপ্তরে আবেদনপত্র জমা দেবার পর প্রাপ্তি স্বীকারের জন্য কোনওরকম রসিদ দেওয়ার ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) না থাকিলে, কারণ কি?

**স্বরাষ্ট্র (কর্মীবৃন্দ এবং প্রশাসন সংশোধন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) বিধিমতে প্রয়োজনীয় অথবা প্রার্থীর ক্ষেত্রে রসিদ দেওয়ার ব্যবস্থা আছে।

[1-00 — 1-10 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** The Minister-in-charge of the Education (Sports) Department will please make a statement on the subject of distribution of tickets and other arrangements for exhibition foot ball match.

*(Attention called by Shri Suniti Chattaraj, Shri Satya Ranjan Bapuli,* Shri Shamsuddin Ahmad, Shri Rajani Kanta Doloi, Shri Sk. Imajuddin and Shri A. K. M. Hassan Uzzaman on the 7th September, 1977.)

**শ্রী জ্যোতি বসু ঃ**

১৯৭৬ সনে কলকাতার মোহনবাগান অ্যাথেলেটিক ক্লাব উত্তর আমেরিকার বিখ্যাত ফুটবল দল, নিউইয়র্ক কসমসকে কলকাতায় তাহাদের সহিত ফুটবল খেলার আমন্ত্রণ জানাইয়াছিল এবং কলকাতায় খেলাটির ব্যবস্থা হইয়াছে। এই খেলায় বিশ্বখ্যাত ফুটবল খেলোয়াড় এডসন অ্যারান্টেস ডো ন্যাসিমেন্টো যিনি সাধারণ ভাবে পেলে নামে পরিচিত তিনি অংশগ্রহণ করিবেন। মোহনবাগান ক্লাব উক্ত খেলাটি ইডেন উদ্যানে অনুষ্ঠানের জন্য সরকারের নিকট অনুমতি চায় এবং সরকারও সকল বিষয় বিবেচনা করিয়া তাহাদিগকে প্রয়োজনীয় অনুমতি দান করে। খেলাটি আগামী ২৪এ অথবা ২৫এ সেপ্টেম্বর ১৯৭৭ ইডেন উদ্যানে অনুষ্ঠিত হইবে। কেন্দ্রীয় সরকার এই ক্রীড়ানুষ্ঠানের জন্য পাঁচ সহস্র মার্কিন ডলার মঞ্জুর করিয়াছেন। ইডেন উদ্যানে প্রায় ৬৪,০০০ হাজার দর্শকের স্থান আছে। স্থির হইয়াছে যে ১৯ হাজার টিকিট জনসাধারণের নিকট লটারির মাধ্যমে বিক্রয় করা হইবে। টিকিটের মূল্য পাঁচ টাকা, দশ টাকা, ত্রিশ টাকা, ষাট টাকা, এক শত পঞ্চাশ টাকা ও তিনশ ষাট টাকা। ৩০, ৬০, ১৫০, ও ৩৬০ টাকা টিকিটের মূল্যে প্রমোদকর ২০ শতাংশ ধরা আছে। জনসাধারণ ১৯,০০০ টিকিট (৩০ টাকা ও ১০ টাকা মূল্যের) দেওয়া ছাড়া ৫ হাজার টিকিট (পাঁচ টাকা মূল্যের) স্কুল কলেজের খেলোয়াড় ছাত্রদের মধ্যে বিতরণ করা হইবে। এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দু একদিনের মধ্যে ঘোষণা করা হইবে। অবশিষ্ট টিকিট মোহনবাগান ক্লাবের সদস্য, আই. এফ. এ. অনুমোদিত ক্লাবগুলি, মিলিটারি, বিভিন্ন জেলা ও অফিস স্পোর্টস ফেডারেশন, রাজ্য ও জাতীয় দলের প্রাক্তন খেলোয়াড়, বিশ্ববিদ্যালয় রেফারি সংস্থা ইত্যাদি সংস্থার মধ্যে বিতরণ করা হইবে। মোহনবাগান ক্লাব উক্ত খেলার ব্যবস্থাপনার জন্য একটি স্টিয়ারিং কমিটি গঠন করিয়াছেন। এই কমিটিই টিকিটের বিলি ব্যবস্থার নীতি নির্ধারণ করিয়াছে। সরকার যে টিকিটগুলি বিলি করিবে, তাহা পর্যবেক্ষণের জন্যও একটি ছোট কমিটি কাজ করিতেছে। এম. এল. এ.-দের কয়টা করে দেওয়া হবে সেটি দু একদিনের মধ্যে জানতে পারবেন তবে আমি শুনেছিলাম এম. এল. এ.-দের দুটি করে টিকিট দেওয়া হবে। মিনিস্টারদের কটা করে দেওয়া হবে সেটা বর্তমানে বলতে পারছি না, তবে গুজব শুনছিলাম, পাঁচটি করে দেওয়া হবে। তারা সেটা বিবেচনা করে বলবেন। এই হল যা এখনও পর্যন্ত আমার কাছে হিসাব আছে ৬৫ হাজার টিকিটের মধ্যে। List যা আমি পড়ে শোনাচ্ছি।

| | | |
|---|---|---|
| 1) | All India Footbal Federation | ... 1,500 |
| 2) | I.F.A. including Governing Body and Affiliated Units | ... 6,500 |
| 3) | Mohan Bagan Club | ... 26,000 |
| 4) | Calcutta Referees' Association | ... 300 |
| 5) | All India Sports Council | ... 40 |
| 6) | West Bengal Sports Council | ... 40 |

| | | |
|---|---|---|
| 7) | Veteran Football Players | ... 300 |
| 8) | College/School Teams | ... 5,000 |
| 9) | Sports Journalists' Association | ... 100 |
| 10) | Press Club Members | ... 200 |
| 11) | C.A.B. Officials | ... 200 |
| 12) | N.C.C. Officials | Not Mentioned |
| 13) | Fort William | ... 500 |
| 14) | Calcutta Electric Supply Corporation | ... 10 |
| 15) | Calcutta Corporation | ... 10 |
| 16) | District Football Association | ... 2,500 |
| 17) | Public Sale (through lottery) | ... 19,000 |
| 18) | East Bengal Club | ... 200 |
| 19) | Mohammedan A.C. | ... 150 |
| 20) | Aryans | ... 150 |
| 21) | Ministers, Speaker and Deputy Speaker | Not Mentioned |
| 22) | M.L.A./M.Ps | do |
| 23) | Secretariat Officials | ... 1,500 |
| 24) | Sports Department/Government House | Not Mentioned |
| 25) | Police | ... 200 |
| 26) | Consul, Embassy | ... 1,500 |

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker** : The Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of alleged murder of Shri Brajabhusan Agarwal of Ajmatput in the district of Murshidabad—attention called by Sarbasree Birendra Narayan Ray and Atahar Rahman on the 9th September, 1977.

**শ্রী জ্যোতি বসু** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ও শ্রী আতাহার রহমানের মুর্শিদাবাদ জেলার রানিনগর থানায় শ্রী ব্রজমোহন আগরওয়ালার হত্যাকান্ডের বিষয়ে দৃষ্টি আকর্ষণী বিজ্ঞপ্তির উত্তরে আমি নিম্নলিখিত বক্তব্য পেশ করতে চাই।

গত ৫/৯/১৯৭৭ তারিখে বেলা সাড়ে তিনটার সময় শ্রী ব্রজমোহন আগরওয়ালা ওরফে মুনিয়াবাবু তার স্ত্রী ও কন্যাকে নিয়ে বহরমপুর যাওয়ার জন্য পাহাড়পুর ঘাটে

যাচ্ছিলেন। তার স্ত্রী ও কন্যা আগেই ঘাটে পৌছে গিয়েছিলেন, তিনি নিজে তার কর্মচারিদের সঙ্গে কথা বলে একাই আসছিলেন। পথে কিছু দুষ্কৃতকারি তাকে আক্রমণ করে ও তিনি নিহত হন।

শ্রী আগরওয়ালা আগে বাংলাদেশের অধিবাসী ছিলেন।

১৯৬৭ সালে মুর্শিদাবাদ জেলার রানিনগরের এক অধিবাসী সুজাখানের সঙ্গে সম্পত্তি বিনিময় করে তিনি এদেশে বসবাসী হন ও এইভাবে প্রায় ৩০০ বিঘা জমির মালিক হন। কিছু স্থানীয় অধিবাসীর সঙ্গে এই জমির মালিকানা নিয়ে বিরোধের সূত্রপাত হওয়ায় তিনি এর পূর্ণ দখল লাভ করতে পারেননি। এই সকল স্থানীয় অধিবাসীর সঙ্গে তার সম্পর্কও ভাল ছিল না।

এ বৎসর আউস ফসল কাটা নিয়ে এই সকল অধিবাসীর সঙ্গে তার কিছু ছোটখাট সংঘর্ষও হয়েছিল। যাদের সঙ্গে তার বিরোধ ছিল তাদের মধ্যে অনেকেই নানা সমাজবিরোধী কাজে লিপ্ত থাকে বলে অভিযোগ পাওয়া গিয়েছে।

রানিনগর থানায় ভারতীয় দন্ডবিধির ৩০২/৩৪/১২০বি ধারায় এফ. আই. আর. এ বর্ণিত সাতজন অভিযুক্তের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে। তদনুযায়ী এই হত্যাকান্ড সম্পর্কে তদন্ত চলছে। অভিযুক্ত সাতজনই গ্রেপ্তার এড়িয়ে চলছেন। লালবাগের ম্যাজিস্ট্রেটের কাছে এদের গ্রেপ্তার এড়িয়ে চলছেন। লালবাগের পরোয়ানা জারির আবেদন করা হয়েছে।

এলাকায় শান্তি শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষার জন্য যথাযথ নির্দেশ দেওয়া হয়েছে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** The Minister-in-charge of the Fisheries Department will please make a statement on the subject of export of fish—attention called by Shri Saral Deb on the 13th September, 1977.

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, পশ্চিমবঙ্গ থেকে বিদেশে চিংড়ি মাছ রপ্তানি সম্পর্কে মাননীয় সদস্য শ্রী সরল দেব-এর দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তরে আমি একটি বিবৃতি দিতে চাই।

চিংড়ি মাছ বিদেশে রপ্তানির ব্যাপারটি উপযুক্ত পরিপ্রেক্ষিতে বিচার করতে হবে। বৈদেশিক বাণিজ্য নীতি নির্ধারণ সম্পূর্ণরূপে কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত। বর্তমানে ভারত থেকে চিংড়ি মাছ বিদেশে উচ্চ মূল্যে রপ্তানি করা হয় এবং এর থেকে ভারত বছরে প্রায় ১৮০ কোটি টাকা মূল্যের অতি প্রয়োজনীয় বিদেশি মুদ্রা অর্জন করে থাকে। এ টাকার পরিমাণ ক্রমশই বৃদ্ধিমুখি স্বভাবতই কেন্দ্রীয় সরকার রপ্তানিতে উৎসাহ দিয়ে থাকেন এবং এর জন্য মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি নামে একটি সংস্থাও স্থাপন করেছেন বৈদেশিক বাণিজ্য মন্ত্রক। কেন্দ্রীয় কৃষি মন্ত্রকও নানাভাবে রপ্তানির জন্য সমুদ্রে মাছ ধরার ব্যাপারে সরকারি ও বেসরকারি সংস্থাগুলিকে উৎসাহ দিচ্ছেন। কাজেই যদি পশ্চিমবঙ্গের চিংড়ি মাছ বিদেশে রপ্তানি বন্ধ করতে হয় তবে কেন্দ্রীয় সরকারকে সারা ভারত থেকেই

চিংড়িমাছ রপ্তানি বন্ধ করতে হয় ; কেননা কোনও বৈদেশিক নীতি নির্ধারণ মাত্র এক প্রদেশের প্রয়োজনের পরিপ্রেক্ষিতে ঠিক করা হয় না।

এবারে দেখা যাক পশ্চিমবঙ্গ থেকে চিংড়ি মাছ রপ্তানি বন্ধ করলে পশ্চিমবঙ্গের মৎস্যভোজীদের সংকট কতখানি লাঘব হবে। কলকাতার বাজারে প্রতিদিন মাছের গড়পড়তা বেচাকেনা প্রায় ১১০ টন। যখন চিংড়ির মাছ রপ্তানির ওপর ঝোঁক পড়েনি তখনও মাছের সমগ্র যোগানের সামান্য অংশই ছিল ভাল জাতের ও রপ্তানি যোগ্য চিংড়িমাছ। আর একটি হিসাব দেখা যাক। বঙ্গোপসাগরে ট্রলার দিয়ে মাছ ধরলে মোট ধরা মাছের পনের শতাংশ-এর বেশি চিংড়ি মাছ পাওয়া যাবে না বলে বিশেষজ্ঞদের অভিমত। সেই ১৫ শতাংশ কেন্দ্রীয় সরকারের শর্তানুসারে রপ্তানি করলেও বাকি পঁচাশি শতাংশ সামুদ্রিক মাছ পশ্চিমবঙ্গের মৎস্যভোজীদের জন্য পাওয়া যাবে। স্টেট ফিসারিস ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড যে চারটি মেক্সিকান ট্রলার-এর সাহায্যে বঙ্গোপসাগরে মাছ ধরবে তাতে এইভাবে বাজারে মাছের যোগান বেড়ে যাবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে বিদেশ থেকে ট্রলার আমদানি করার জন্য বিভিন্ন রাজ্য সরকার ও বেসরকারি সংস্থাকে কেন্দ্রীয় সরকার যে অনুমতি দিয়েছেন এবং প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা মঞ্জুর করেছেন তার একটি শর্তই হল চিংড়ি মাছ রপ্তানি করে সম পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করতে হবে। তা ছাড়া আরও একটি বিষয় লক্ষ্যণীয়। অধুনা চিংড়ি মাছ রপ্তানি লাভজনক হওয়ায় কেন্দ্রীয় সরকার চিংড়ি ভেটকি প্রভৃতি নোনা জলের মাছ চাষে উৎসাহ দিচ্ছেন। রাজ্য সরকার এবং বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান এ ব্যাপারে উৎসাহী হয়েছেন। এর ফলে রপ্তানিযোগ্য চিংড়ির সঙ্গে ভেটকি ইত্যাদি অন্যান্য মাছের উৎপাদনও বাড়বে এবং এর ফলে বাজারে মাছের মোট যোগানও বৃদ্ধি পাবে। রাজ্য সরকার নিজেই সুন্দরবন এলাকায় নোনা জলের মাছ চাষে আগ্রহী। ইতিমধ্যে ১০০ হেক্টর এলাকার জন্য প্রকল্প রচিত হয়েছে। এই ভাবে চিংড়ি মাছ রপ্তানি লাভজনক হওয়ার ফলে ব্যাপক এলাকায় নোনা জলে মাছ চাষের যে প্রবণতা এসেছে তা থেকে নতুন কর্ম-সংস্থানও আয় বৃদ্ধির সুযোগ বাড়বে। তা ছাড়া মাছ ফ্রিজিং এবং প্রোসেসিং-এর কাজেও অনেকের কর্ম সংস্থানের সুযোগ হবে। সুতরাং চিংড়ি মাছের রপ্তানি বন্ধ না করাই সবদিক দিয়ে অর্থাৎ পশ্চিমবঙ্গে মাছের যোগান বাড়ানো, অধিকতর কর্মসংস্থান প্রভৃতির স্বার্থেই অভিপ্রেয়।

[1-10 — 1-20 p.m.]

## QUESTION OF PRIVILEGES

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রুল ২২৬-এ একটা নোটিশ দিচ্ছি। প্রিসিডেন্স কোয়েশ্চেন আওয়ারের পর পাওয়ার কথা। আমি সকাল বেলায় কাগজে দেখলাম এবং এখানে এসে এই হাউসে বুলেটিন পার্ট ওয়ান, যা বিলি করেছেন তাতে দেখলাম "A queston of privilege arising out of a remark made by Dr. Zainal Abedin on the 13th September, 1977 was raised on the floor of the House by Shri Dinesh Mazumdar. Mr. Deputy Speaker gave a ruling that there was a prima facie case of breach of privilege and referred the matter to the Committee of Privileges under rule 230 of

the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly". মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ন্যাচারাল জাস্টিস ডিমান্ড করে, পৃথিবীর সর্বত্র সংসদীয় গণতন্ত্র ডিমান্ড করে, যে অভিযুক্তের বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নেবার আগে অভিযুক্তকে একটু সুযোগ দেবেন তার বক্তব্য রাখার। শুধু এটা এখানে নয় লোকসভায়, ভারতের অন্যান্য রাজ্য বিধানসভাগুলিতে এবং এমন কি হাউস অব কমনসেও একই নিয়ম প্রচলিত আছে বলে আমরা জানি। আপনি মেস পার্লামেন্টারি প্র্যাকটিস, পেজ ১৭০, দয়া করে দেখলে দেখবেন "Before making a complaint against a member it is the practice, as a matter or courtesy, to give him notice beforehand." কিন্তু আপনার রুলিং-এ কথা নেই। আপনি কাল যে রুলিং দিয়েছেন তাহা আলোচনার জন্য মুলতুবি রেখেছেন এবং বিষয়টি পর্যালোচনা করে আপনি আপনার রুলিং দেবেন। আমার অভিযোগ একাধিকবার এই হাউসে রেখেছি, বিগত সেশনে এবং এই সেশনেও যে আমরা বিরোধী পক্ষের যথাযথ ভূমিকা পালন করতে পারছি না। কংগ্রেসের ২০ জন সদস্যকে বলতে দেবেন, না বহিষ্কার করে দেবেন এটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে সংসদীয় গণতন্ত্রে বিরোধীপক্ষের ভূমিকা পৃথিবীর সর্বত্র স্বীকৃত হয়েছে। তাদের আপনারা পদদলিত করছেন আমরা দেখছি। বিরোধী পক্ষ হিসাবে আমরা কোনও ভূমিকা পালন করতে পারছি না এবং অধ্যক্ষ মহাশয়, আপনিও অনেক সময় অসহায় হয়েছেন। এখানে বিচার উঠে গেছে, এখানে নিরপেক্ষতা নেই, মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় এদের নেতৃত্ব দিচ্ছেন। আমরা অত্যন্ত লজ্জিত আতঙ্কিত যে বিরোধীদের কণ্ঠ রোধ করে বঞ্চিত করা হচ্ছে। শুধু এখানে নয়, ভারতবর্ষের পাশে সাউথ ইস্ট এশিয়া, প্রভৃতি যে দেশগুলি আছে সেইসব দেশ যেমন—বাংলাদেশ পাকিস্তান, সর্বত্র দেখছি সংসদীয় গণতন্ত্রে বিরোধীদের উপযুক্ত মর্যাদা দেওয়া হয় না এবং এখানেও সে চেষ্টা চলছে।

আমরা যদি আমাদের ভূমিকা পালন না করতে পারি তাহলে সংসদীয় গণতন্ত্র বলবেন না। বলুন একদলীয় স্বৈরতন্ত্র। আজকে মুখ্যমন্ত্রী কি ঘোষণা করতে চান যে না সংসদীয় গণতন্ত্রে থাকবেন, না স্বৈরতন্ত্রে থাকবেন? আমার দ্বিতীয় আবেদন আপনার কাছে যে আমরা বুঝি কথার মানে Dictionery-এর ব্যবহারের ক্ষেত্রে এক থাকে। আপনি সকাল বেলা আমার ব্যক্তিগতভাবে প্রিভিলেজের প্রশ্নের উত্তরে ruling দিলেন—চোর সম্বন্ধে আপনার রুলিং আমি Quote করছি cannot strictly be called unparliamentary এবং শেষে আপনি আমাদের উপদেশ দিয়েছেন আমরা সেটা মেনে নিয়েছি—"I would like to observe further in this connection that while every member should certainly exercise some degree of restrint in making insinuations against other members, members of this House should not also be too sensitive to take every insinuation seriously as that will be against the spirit of parliamentary debate". একটা প্রবচন প্রচলিত আছে "আপনি আচরি ধর্ম অপরে শেখাও। আজকে ওদের বেলায় একটা কথা—অর্থাৎ মধ্যাহ্নে যদি একটা ব্যাখ্যা হয় এর সায়াহ্নে তা অন্য রকম হয়। সেজন্য আপনার কাছে নিবেদন করছি In the present case some allegations against Dr. Abedin made by Shri Dilip Mazumdar have gone on record. The words or expression used by Shri Mazumdar

cannot strictly be called unparliamentary as the defamatory word 'Chor' was used only in a hypothetical vein and not directly attributed to Dr. Abedin by the member. এই পরিপ্রেক্ষিতে সকালের বিধান, অর্থ, ব্যবস্থা, ব্যাখ্যা, আইন, বিচার সেসব দেখলাম বিকেলে পাল্টে গেল। আমি বুঝলাম না যে চন্দ্র সূর্য সব ঠিক থাকল। অভিধান ঠিক থাকল। কিন্তু প্রাইমাফেসি care-অন্য ভাবে observe করছেন।

(গোলমাল)

**ডেপুটি স্পিকার ঃ** আপনাদের information-এর জন্য জানাচ্ছি বুলেটিনের মধ্যে প্রাইমাফেসি care it is a mistake. We shall correct if and moreover, for your kind information. যে রুলিং আমি কাল দিয়েছিলাম সেটা আবার পড়ে দিচ্ছি "I have given my ruling to-day on the point of a privilege raised by Dr. Zainal Abedin. It seems that Dr. Abedin did not unfortunately accept my observations in the spirit the same were made and appeared to nurse some confusion about it. This led to certain utterances by him when Shri Arabinda Ghosal was in the Chair and ultimately Shri Dinesh Mazumdar has raised a point of privilege on the issue. I take this opportunity to inform the House that all the niceties on the question of privilege involved in the matter raised by Shri Dinesh Mazumdar together with the relevant context in the privilege issue raised by Dr. Abedin merit an elaborate and threadbare discussion and decision thereon to dispel any confusion that may exist in the mind of any member in this regard. I, therefore, refer this question to the Committee on Privileges for examination, investigation and report under Rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.'

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি আজকে press-এ দেখেছেন এমনভাবে সেটা বের করেছেন যেন খুন করেছি ; অপকর্ম করেছি জয়নাল কাঠগড়ায়। এই জাতীয় যদি press report হয় তাহলে জনসাধারণের মনে বিভ্রান্তি হয়। আপনি যে রুলিং দিলেন সেটা যদি প্রেস-এ দিতেন তাহলে বিভ্রান্তি থাকত না এবং যে বুলেটিন আপনি প্রকাশ করেছেন সেই বুলেটিন আমি মনে করি শুধু আমাদের অমর্যাদা হয়নি। সংসদীয় গণতন্ত্রের প্রতি অমর্যাদা হয়েছে। আপনি আপনার ভুল স্বীকার করেছেন.......

(গোলমাল)

[1-20 — 1-30 p.m.]

**Mr. Deputy Speaker :** I am thankful to Dr. Zainal Abedin that he has brought this to my notice. So far as this mistake is concerned, it is a clarical mistake. Moreover, the ruling has already been circulated to the members of the House as well as to the Press. If Press has

misquoted something that is a different matter. Anyhow so far as your privilege motion is concerned, I would like to inform you that a question of pivilege raised in the House arising out of the proceedings of yesterday, 13.9.1977, has already been referred to the Committee of Privileges. I believe you will get ample opportunity to represent what you have got to say in connection with the points raised in the present notice before the Committee of Privileges. I do not, therefore, find any reason in entertaining the question of privilege on the grounds shown by you at this stage.

(noise)

**Shri Bholanath Sen :** May I ask you whether you are sending to the Privileges Committee for interpretation the ruling that you had given yesterday ?

**Mr. Deputy Speaker :** Certainly not. My ruling stands.

**Shri Bholanath Sen :** Then what is being referred to? I have not followed you.

**Mr. Deputy Speaker :** I have already cleared the position. I will circulate my ruling after it is cyclostyled.

**Shri Bholanath Sen :** Sir, in that event I wish to rise on a point of order.

(noise)

**শ্রী দীনেশ মজুমদার :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং স্ট্যান্ড করছে, সেই রুলিং কোনও প্রিভিলেজ কমিটিতে যেতে পারে না। প্রিভিলেজ কমিটিতে যেটা পাঠাবার জন্য আমি আপনাকে অনুরোধ করেছিলাম তা হচ্ছে এই মাননীয় সদস্য ডাঃ জয়নাল আবেদিন তিনি চেয়ারের প্রতি নির্দেশ করে ছিলেন যে ডেপুটি স্পিকার চোর, চেয়ার চোর। এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠাবার জন্য আমি আপনাকে অনুরোধ করেছিলাম।

**Mr. Deputy Speaker :** Yes, my ruling stands and that is cent per cent correct.

**ডাঃ জয়নাল আবেদিন :** তাহলে আমাদের ব্যাপারটা কি হল?

**Mr. Deputy Speaker :** Dr. Abedin, for your information and for the information of the other members of the House I am again reading my ruling. I have already asked my Secretariat to circulated it after it is cyclostyled.

## RULLING FROM CHAIR

**Mr. Deputy Speaker :** Honourable Members, I have given my ruling today on the point of a privilege raised by Dr. Zainal Abedin. It seems that Dr. Abedin did not unfortunately accept my observations in the spirit the same were made and appeared to nurse some confusion about it. This led to certain utterances by him when Shri Arabinda Ghosal was in the Chair and ultimately Shri Dinesh Mazumdar has raised a point of privilege on the issue. I take this opportunity to inform the House that all the niceties on the question of privilege involved in the matter raised by Shri Dinesh Mazumdar together with the relevant context in the privilege issue raised by Dr. Abedin merit an elaborate and thereadbare discussion and decision thereon to dispel any confusion that may exist in the mind of any member in this regard. I, therefore, refer this question to the committee on privileges of examination, investigation and report under Rule 230 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I am arranging to circulate it to all the honourable members.

**Shri Bholanath Sen :** On a point of order, Sir. I am quoting from books that you have referred....

(Noise and interruption)

(Several members rose to speak)

**Mr. Deputy Speaker :** Honourable members, please take your seats. I have allowed Shri Bholanath Sen to speak on his point of order. Mr. Sen, go on with your point of order. What is your point of order.

**Shri Bholanath Sen :** I know what is my point of order.

(Noise—Several members rose to speak)

**Mr. Deputy Speaker :** Honourable members, I am on my legs. Please take your seats and let Shri Sen to speak.

(Noise)

[1-30 — 1-40 p.m.]

**শ্রী জ্যোতি বসু :** আমি বলছি যে ওকে বলতে দিন কি পয়েন্ট অব অর্ডার তুলছেন, তারপর আপনারা বলবেন। ভদ্রভাবে কি অভদ্রভাবে বলবেন ডেপুটি স্পিকার আছেন, উনি সেসব সামলাতে পারবেন, চেয়ারের সম্মান রক্ষা করতে পারবেন। ওকে আপনারা বলতে দিন কি বলতে চাইছেন।

**Shri Bholanath Sen :** I am obliged to the Leader of the House for giving me this opportunity of speaking on this very important and crucial point because not only the Leader of the House but also all the members of this House including the Speaker, the Deputy Speaker and the members of the public are involved in the dignity of the House. Here I am reading from the book of Mr. M. N. Kaul and Mr. S. L. Shakdher in page 794 from which you quoted yesterday—"Any member can and should invite the Speaker's immediate attention to any instance of what be considers a breach of order or a transgression of any law of the House, written or unwritten, which the Chair has failed to perceive, and he may also seek the guidance and assistance of the Chair in respect of any obscurities in procedure". Sir, your ruling certainly has to be obeyed because the House must show respect to you and your ruling. But what is troubling all of us is that it has come out in the press and the people have seen it to-day. And I say, with your permission, that 'Chor' has become more respectable than 'Abhadra' in the Bidhan Sabha—this I have heard in the Bar Library. So, that is the reason why I am bringing this fact regarding the procedure to your notice. Now, Bengal Legislative Assembly, in 1943, compelled a member to withdraw the word 'Chor', and that word was withdrawn in 1943. The Lok Sabha compelled a member of the Lok Sabha to withdraw the word 'Chor' and when he did not withdraw he was suspended from functioning for three days.

**M. Deputy Speaker :** You should know that you cannot enter into discussion after a ruling has been given by the Chair.

**Shri Bholanath Sen :** Sir, the point which I am talking is whether the use of words 'Chor, Chotta' are accepted here. Even in the Bengal Legislative Assembly it was considered to be unparliamentary. Now the point of procedure and guidance that I am seeking from you, Sir,—will this precedent is being considered as not to be binding any more in this House and your ruling will be treated as superseding the precedert that has been created by the Lok Sabha and by the Bidhan Sabha, i.e., the Legislative Assembly, in the past ?

**Mr. Deputy Speaker :** I have already given my observation. Therefore, this point of order does not arise.

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার, আমি গতকাল এখানে ছিলাম না, আমার অবর্তমানে এখানে কিছু আলোচনা হয়েছে, আমার আগের উক্তি নিয়ে—এখানে নানারকম আলোচনা হয়েছে। আমি যে অভিযোগ করেছি সে সম্বন্ধে এখানে কিছু ব্যাখ্যা রাখতে চাই। আমি এখানে কুৎসা রটনার জন্য বা স্ল্যান্ডার করার

জন্য আমি কাউকে এখানে কিছু বলিনি। কিন্তু আমার যদি কতকগুলি অ্যালিগেশন থাকে, আমি অ্যালিগেশনগুলি কোথায় রাখব? আমি বিধান সভার সদস্য এবং আমি মনে করি যে যদি কিছু অ্যালিগেশন বিধানসভার সদস্যদের বিরুদ্ধে থাকে, আমার এই সভার মধ্যেই সেটা রাখা উচিত, বাহিরে নয়। দায়িত্বশীল সদস্য হিসাবে আমি একথা মনে করি এবং ধরুন আজকে দুর্গাপুরের কতকগুলি ঘটনার উপরে আমি যে কমেন্ট করেছি সেটা আমি একটু ব্যাখ্যা করে এখানে বলতে চাই। যেমন ধরুন দুর্গাপুর ক্যামিক্যালে.....

**Mr. Deputy Speaker :** Mr. Mazumdar, I have not given you time for the clarification.

**শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** স্যার, আই অ্যাম স্টান্ডিং অন এ পয়েন্ট অব ক্ল্যারিফিকেশন আমার ক্ল্যারিফিকেশন আছে এই বিষয়ে। ব্যাপারটা হচ্ছে যে ধরুন আমাদের অনেক তথ্য আছে ফ্যাক্ট আছে যে একটা কারখানা দুর্গাপুর ক্যামিক্যাল যেখানে রেকর্ড উৎপাদন করব, রেকর্ড বিক্রি করল, দাম ছিল বাজারে, তা সত্ত্বেও এই দূর্গাপুর কেমিকেলে লোকসান হল। সেখানে কোনও চুরি হয়েছে কিনা এবং এটার সম্বন্ধে আমরা তদন্ত দাবি করছ যে দূর্গাপুর ক্যামিক্যালে চুরি হয়েছে কিনা, কারণ জয়নাল সাহেব তখন মন্ত্রী ছিলেন, আমি তার বিরুদ্ধে তদন্তের দাবি করছি। এবং হাউসের সদস্যরাও তদন্তের দাবি করছে। .... (হট্টগোল)..... (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন) দূর্গাপুর কেমিকেলে কোনও দুর্নীতি হয়েছে কিনা। স্যাক্সবি ফারমার (নয়েজ)....

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** স্যার, আপনার কাছে আমাদের নিবেদন আমরা যখন সংসদীয় গণতন্ত্রের বিশ্বাসী এবং আমি আগেও বলেছি যে আমাদের সংসদীয় গণতন্ত্রের উপর আঘাত আনা হচ্ছে, আজকে যেভাবে সরকার পক্ষ আঘাত হানছেন এরই প্রতিবাদে আমরা হাউস থেকে বেরিয়ে যাচ্ছি। (নয়েজ অ্যান্ড ডিস্টারবেন্স)

**Mr. Deputy Speaker :** I am on my legs. Dr. Abedin you must know that when I am on my legs you should not rise to speak. Please take your seat.

(At this stage members of the Congress Benches walked out)

## CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** I have received 8 notices of Calling Attentions of various subjects which are as follows :

1) C.R. and T.R. for Bankura District—Shri Subhas Goswami.

2) Petro-chemical project at Haldia—Shri Rajani Kanta Doloi.

3) Indefinite bondh of the whole sale merchants of Posta Bazar—Shri Rajani Kanta Doloi and three others.

4) Refugees from Bangladesh—Shri Rajani Kanta Doloi and Shri Krishna Das Roy.

5) Reported robbery in Howrah—Ajimganj train on 12.9.77.—Shri Rajani Kanta Doloi.

6) Reported cost for husking rice in F.C.I. Mills—Shri Tarak bandhu Roy.

7) Forcible occupied Mosques, Burial Grounds in Calcutta—Shri A.K.M. Hassan Uzzaman.

8) Strike notice by the staff of Kalyani Krishi University—Shri Saral Deb.

Out of these 8 I have selected the notice of Shri Saral Deb which is as follows :

Strike notice by the staff of Kalyani Krishi University.

The Hon'ble Minister in charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সামনের সোমবারে দেব।

## Statement Under Rule 356

**Mr. Deputy Speaker :** Shri Partha De will please make a statement under rule 356 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি সভার অবগতির জন্য একটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। পশ্চিমবাংলায় যে মধ্যশিক্ষা পর্ষদ আছে, বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন, সেই বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের কার্যকলাপ বিস্তৃতভাবে পরীক্ষা নিরীক্ষা করার পরে এবং পশ্চিমবাংলার যতগুলি শিক্ষক এবং শিক্ষাকর্মীদের সংগঠন আছে, ও ছাত্র এবং অভিভাবকদের বিভিন্ন অভিযোগ পরীক্ষা-নিরীক্ষা করার পরে পশ্চিমবঙ্গ সরকার এই বিষয়ে এই মত পোষণ করেছেন যে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন নিয়মিতভাবে, ধারাবাহিকভাবে, তাদের উপরে যে দায়িত্ব অর্পিত আছে, সেই অর্পিত দায়িত্বের অবহেলা করেছেন এবং তাদের যে অধিকার আছে, সেই অধিকারের অতিরিক্ত তারা নিয়মিতভাবে করে চলেছেন।

[1-40 — 1-50 p.m.]

সেই পশ্চিমবঙ্গের যে বোর্ড অব সেকেন্ডারি অ্যাক্ট আছে, ১৯৬৩ সালের, সেই আইনের ৪৯ নং যে ধারা আছে, সেই ধারায় রাজ্য সরকারকে যে অধিকার দেওয়া আছে সেই অধিকার বলে পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্ষদ বা বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনকে রাজ্য সরকার সুপারসিড করেছেন আজ থেকে অর্থাৎ ১৪-৯-৭৭ তারিখ থেকে এবং এই কার্যভার

গ্রহণ করবার জন্য একজন অ্যাডমিনিস্ট্রেটার রাজ্য সরকার নিয়োগ করেছেন, তিনি শ্রী সত্যপ্রিয় রায়, প্রাক্তন শিক্ষামন্ত্রী এবং শিক্ষা আন্দোলনের সঙ্গে জড়িত, প্রবীন শিক্ষাবিদ, তাকে অ্যাডমিনিস্ট্রেটার হিসাবে নিয়োগ করা হয়েছে। তিনি কার্যভার গ্রহণ করেছেন। এখানে উল্লেখ করা প্রয়োজন যে তিনি শিক্ষক সংগঠনের সঙ্গে জড়িত ছিলেন, তাকে এই দায়িত্ব দেবার পরে তিনি সেই শিক্ষক সংগঠন থেকে পদত্যাগ করেছেন। তিনি তার সভাপতি ছিলেন। তিনি পদত্যাগ করে এই কার্যভার গ্রহণ করেছেন। প্রধানত যে কারণগুলি ছিল তা হচ্ছে রাজ্য সরকার এই অভিমতে এসেছেন যে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের শিক্ষকদের অধিকার রক্ষা করার জন্য যে দায়িত্ব ছিল, শিক্ষা প্রতিষ্ঠানগুলি পরিচালনা করবার জন্য যে ম্যানেজিং কমিটিগুলি তার গণতান্ত্রিক ব্যবস্থা বজায় রাখার যে দায়িত্ব ছিল, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে নানা রকমে আইনের অতিরিক্ত সুযোগ সুবিধা না দিয়ে একটা যুক্তি সঙ্গত আইন চালু করার প্রয়োজন ছিল সেটা অবহেলা করার হয়েছে, তহবিল সংক্রান্ত ব্যাপারে যে অধিকার বা যে ক্ষমতা বোর্ডের ছিল তার থেকে অতিরিক্ত ক্ষমতা নেওয়া হয়েছে, এটা আইনসঙ্গত নয় এবং পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে যে ন্যায়, যে নীতি অনুযায়ী পরীক্ষা চালানো উচিত ছিল তা নিয়মিত অবহেলা করা হয়েছে যার জন্য পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে বহু রকমের ভুল ত্রুটি হচ্ছে এবং যার জন্য ছেলেমেয়েদের অনেক ক্ষতি হচ্ছে। যারা পরীক্ষক এবং যারা বিভিন্ন ধরনের পরীক্ষার সঙ্গে যুক্ত আছেন, ট্যাবুলেটার ইত্যাদি, এদের নিয়োগ ঠিকমতো হয়নি। পরীক্ষায় যে গ্রেস নম্বর দেওয়া হয় সেই গ্রেস নম্বর দেওয়ারও কোনও সুনির্দিষ্ট ব্যবস্থা নেই যার ফলে যাদের পাশ করা উচিত এবং যাদের পাশ করা উচিত নয়, তার কোনও সমতা এর মধ্যে থাকেনি। এই সমস্ত কারণগুলি বিবেচনা করার পর বোর্ডকে সুপারসিড করা হয়েছে এবং এটা আজ থেকে কার্যকর হয়েছে। এই সম্পর্কে নোটিফিকেশনের কপি আমি আপনার টেবিলে দেব। সভার অবগতির জন্য এই বিবৃতি করা হল।

**Dr. Ambarish Mukhopadhyay** : Sir, I want to raise a point of order under rule 350. Dr. Zainal Abedin persistently denied the Chair and thereby made a commotion in the House and broke all the precedents. Let he be suspended from the day's proceedings in consequence thereof under rule 348.

**Mr. Deputy Speaker** : No. Now mention cases.

## MENTION CASES

**শ্রী বলাইলাল বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি দেখছি আমাদের হুগলি জেলার গ্রামাঞ্চলে প্রত্যেক এলাকায় পাটের দাম প্রতিদিন নেমে যাচ্ছে। অথচ জুট কর্পোরেশনের পাট কেনবার কথা কিন্তু তারা কিনছে না এবং অল্প স্বল্প যেটুকু কিনছে তাতে বিভিন্ন প্রকার অসুবিধার সৃষ্টি করছে। পাটের বিভিন্ন কোয়ালিটি আছে, কিন্তু তারা এ-কে বি এবং বি-কে সি কোয়ালিটি বলে দিচ্ছে, সেজন্য আমি এ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং দাবি করছি যাতে পাট কেনার জন্য আরও অধিক সংখ্যক কেন্দ্র খোলা হয়। বিশেষ করে তারকেশ্বর, নালিকুল, সিঙ্গুরে আরও পাট কেনার কেন্দ্র যেন খোলা হয়

এবং এই কেন্দ্রগুলিতে যাতে কোয়ালিটির নমুনা রাখা হয় তার জন্য আবেদন জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবাংলার বন্যা বিধ্বস্ত অঞ্চলে কৃষি ঋণ বিতরণের ব্যাপারে ডিফল্টারদের সম্পর্কে যে গুরুতর সমস্যা দেখা দিয়েছে, সে বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি একটা আদেশ দিয়েছেন যে ডিফল্টাররা ঋণ পাবে না। এতে বাংলাদেশের বিবিন্ন অঞ্চলে বিশেষ করে কাঁথি অঞ্চলে সমস্যা দেখা দিয়েছে। ১৯৬৭ থেকে ১৯৭৭—এই দশ বছরে বার বার সেখানে বন্যা হয়েছে, খরা হয়েছে যার জন্য কৃষকদের বার বার ঋণ নিতে হয়েছে। কংগ্রেস আমলে জোর জুলুম করে কিছু কিছু ঋণ আদায় করা হয়েছে, কিন্তু এখন পর্যন্ত বহু ব্যক্তিই ঋণ পরিশোধ করতে পারেনি। বন্যা বিধ্বস্ত অঞ্চলে যাতে ডিফল্টার হওয়া ঋণ পেতে পারে এবং সুদের পরিমাণ সাড়ে ষোল পারসেন্ট থেকে কমিয়ে চার পারসেন্ট করা হয় তার ব্যবস্থা করার জন্য এবং কৃষকরা হাতে যাতে টাকা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী দিলীপকুমার মজুমদার :** দুর্গাপুরে ভারত অপথ্যালমিক গ্লাস প্রোজেক্ট ফাইবার গ্লাস প্রোজেক্ট করার জন্য নতুন লেটার অব ইন্টেন্ট পেয়েছে। এটা হলে এতে ডাইরেক্টলি ৮/৯ শত লোক চাকুরি পাবে এবং ইন্ডাইরেক্টলি ২/৩ হাজার লোক কাজ পাবে। কিন্তু এখন শুনতে পাচ্ছি এটাকে অন্য রাজ্যে নিয়ে যাবার জন্য নাকি প্রচেষ্টা হচ্ছে। আমি গভর্নমেন্টের দৃষ্টি আকষর্ণ করছি যাতে এটাকে এখানে রাখা যেতে পারে। দুর্গাপুর থেকে এটা যেন বাইরে চলে না যায়। তাহলে কিন্তু পশ্চিমবাংলার বিরাট ক্ষতি হয়ে যাবে।

**শ্রী আতাহর রহমান :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের অবগতির জন্য একটি বিশেষ বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকারের নীতি ঘোষণা থাকা সত্ত্বেও রাস্তার দুই ধারে বাড়ি ঘর করে সমস্ত বন্ধ করে দিচ্ছে। এটা মুর্শিদাবাদ জেলার বহরমপুর এবং কান্দিতে ব্যাপক আকারে হয়েছে। আমার কাছে খবর আছে এটাকে কেন্দ্র করে, মুর্শিদাবাদ জেলার বিভিন্ন জায়গায় যেমন ফরাক্কাতে, জঙ্গীপুরে এবং জিয়াগঞ্জে এবং কান্দীর বিভিন্ন জায়গায় ঘরবাড়ি তৈরি করার জন্য লোক প্রস্তুত হচ্ছে এবং এতে কিছু সরকারি কর্মচারী এবং দুষ্কৃতকারি মানুষ জড়িত হচ্ছে এবং এতে করে এক শ্রেণীর দুষ্কৃতকারি মানুষ টু পাইস রোজগারের ব্যবস্থা করছে। আমি এ সম্বন্ধে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রেণুপদ হালদার :** আমি একটি বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি বোধ হয় অবগত আছেন যে গতকাল হিন্দুস্তান স্ট্যাণ্ডার্ড-এ একটা খবর প্রকাশিত হয়েছে, সেই খবরে বলা হয়েছে আমি নাকি মেছোঘেরি দখলের ব্যাপারে দলবল নিয়ে সেখানে গেছি। এই খবর প্রকাশিত হয়েছে হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ডে। আলিপুর পুলিশ সূত্রে এই খবর পাওয়া গেছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাতে চাই যে পুলিশের দ্বারা এই ধরণের মিথ্যা সংবাদ পরিবেশিত হয়েছে। শুধু তাই নয়, যখন এই ঘটনা ঘটল পুলিশকে ইনফর্ম করা হয়েছে, জয়নগর থানায়, কিন্তু তারা নিষ্ক্রিয় থাকে।

[1-50 — 2-00 p.m.]

তারপর এস. পি. কে জানানোর পর কাজ হয়। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে পুলিশ এই ধরণের মিথ্যা সংবাদ পরিবেশন না করে এবং পুলিশকে ইনফর্ম করার সঙ্গে সঙ্গে তারা যাতে ব্যবস্থা গ্রহণ করে তার ব্যবস্থা করার জন্য।

**শ্রী আবুল হাসানৎ খান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবাংলার ৩ লক্ষ বিড়ি শ্রমিকের মধ্যে প্রায় অর্ধেক বাস করেন ধুলিয়ান ও ঔরাঙ্গাবাদ এলাকায়। এই বিড়ি শ্রমিকদের উপর বিড়ি মালিকদের নানা ধরণের শোষণ বঞ্চনা ক্রমাগত বাড়ছে। প্রতি হাজার বিড়ি বাঁধার জন্য সরকার নির্ধারিত ন্যূনতম মজুরি ৫.৭০ পয়সা। কিন্তু তারা গড়ে ২.৫০ পয়সায় বিড়ি বাঁধতে বাধ্য হচ্ছে। সপ্তাহে যেখানে ৬ দিনের জায়গায় তাদের ৩। ৪ দিন বিড়ি মালিকরা কাজ দিচ্ছে সূতা, তামাক কমের অজুহাত দেখিয়ে। এইরকম অন্যায়ভাবে তাদের মজুরি কাটা হচ্ছে। তাছাড়া বিড়ি মালিকরা পার্শ্ববর্তী বিহার রাজ্যে কারখানা সরিয়ে নিয়ে যাচ্ছে। বিড়ি মালিকদের এই ধরণের নানাবিধ শোষণের হাত থেকে রক্ষা করার জন্য সরকার দৃঢ়তার সঙ্গে এগিয়ে আসুক এই দাবি করছি এবং যাতে তারা ঐ নির্ধারিত মজুরি পায় এবং সপ্তাহে ছয় দিন কাজ পায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী হাজারি বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর একটি অত্যন্ত জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার নওদা থানার সবদলনগর মৎস্যজীবি সমবায় সমিতির চারজন সদস্য ৭। ৯। ৭৭ তারিখে তাদের সমিতির কোনও জমা জলকর না থাকায় জীবিকার উদ্দেশ্যে ব্যাঙ ধরতে যায় এবং পরিশ্রমে ক্লান্ত হয়ে পাকা রাস্তার পাশে ঘুমিয়ে পড়ে। পরে একটি কাঠ বোঝাই লরি ঐ ঘুমন্ত চারজনের মধ্যে ২ জনকে চাপা দিয়ে নিহত করে যায়। জানা যায় যে লরিটি নওদা থানার মহম্মদপুর গ্রাম থেকে কাঠ বোঝাই করে আসছিল। এখন পর্যন্ত কোনও দোষি ব্যক্তি ধরা পড়েনি। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যাতে দোষি ব্যক্তি সাজা পায় এবং নিহত ব্যক্তিদের পরিবারবর্গ সাহায্য পায়।

**শ্রী সাহাবুদ্দিন মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার চাপরা থানার হৃদয়পুর গ্রামে কোনও স্বাস্থ্যকেন্দ্র নেই এবং তার পাশে যে স্বাস্থ্যকেন্দ্রটি রয়েছে সেখানে কোনও ডাক্তার নাই বহু দিন ধরে। এবং সেখানে ঔষধপত্র একেবারে পাওয়া যায় না। অবিলম্বে সেখানে যাতে ডাক্তার পাঠানো প্রয়োজন এবং ঔষধপত্র যাতে ঠিকমতো পাওয়া যায় তার ব্যবস্থা করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রীকে এই কথা জানাতে চাই যে সুন্দরবন এলাকায় সন্দেশখালি মৌজার প্রতিটি জায়গায় ব্যাপকভাবে ধানে পোকা লেগেছে। সেখানে জোরালো ঔষধ ছড়াবার জন্য কোনও মেসিন নেই। এবং ঐ যন্ত্র না থাকার জন্য বিশেষ ক্ষতি হচ্ছে। অবিলম্বে সেখানে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বঙ্কিমবিহারী মাইতি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মহিষাদল বাজারে রজনীকান্ত সামন্তের বাড়িতে শ্রী মনোজকুমার বাড় সহ ৫ জন স্বর্ণ শিল্পী গত ১৫ বছর ধরে ঘর ভাড়া নিয়ে শিল্পীর কাজ করছেন।

গত ১০/৯ তারিখে জোর করে ভোরবেলায় তাদের ঘরবাড়ি ভেঙ্গে দেওয়া হয়েছে। পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও পুলিশ আসেনি। আমি জানি সেখানে একটি বড় সোনার দোকান আছে। তার মালিক এই পুলিশ কন্ট্রোল করে এবং পুলিশ না আসায় ভাড়াটিয়াদের উচ্ছেদ করার চেষ্টা চলছিল। এই ভাড়াটিয়াদের স্বপক্ষে এবং উচ্ছেদের বিরুদ্ধে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি এই বিষয়টি তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা যেন গ্রহণ করেন।

**Dr. Ambarish Mukhopadhyay :** I would like to draw the attention of the Minister concerned to certain important facts of the District of Purulia that rape seed oil is selling at Rs. 9.60 per Kg. and is being used as adulterant mustard oil. Not only that I have been given to understand that the big shirks who were given import licenses worth about Rs. 514 crores had sold away their purchases in countries abroad. This is putting a cart before the Horse. So the Minister concerned should take immediate action so that the very purpose of importing rape seed oil is not defeated.

**ডাঃ গোলাম ইয়াজদানি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখনও অনবরত বৃষ্টি হয়ে যাচ্ছে এই বিষয়ে আমি তাঁকে একটি চিঠি দিয়েছিলাম যে অনেক লোকের ঘরবাড়ি ভেঙ্গে গেছে এবং তারা নিজেদের ঘর বাড়িতে বাস করতে পারছে না, অন্য লোকের বাড়িতে বাস করছে। কাজেই তাদের যেন একখানি করে ত্রিপল দেওয়া হয়, যাতে করে তারা সেখানে বাস করতে পারে এবং নিজেদের মালপত্র, সম্পত্তি রক্ষা করতে পারে। কিন্তু বি. ডি. ও., ম্যাজিস্ট্রেটকে বলা সত্ত্বেও ত্রিপল, অন্য কিছুর ব্যবস্থা হচ্ছে না। এখনও বৃষ্টি হচ্ছে, এর ফলে গরিব লোকেদের বাড়িঘর পড়ে গেছে। কাজেই এই বিষয়ে তিনি যেন একটু নজর দেন।

**শ্রী ক্ষুদিরাম সিংহ ঃ** মাননীয় উপাধাক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার কেশিয়াড়ি থানার ক্ষেত মজুরদের জীবন ধারণের অবস্থা খুব দুর্বিষহ হয়ে উঠেছে। ক্ষেত খামারে কাজ না থাকার জন্য ক্ষেত মজুররা বেকার হয়ে গেছে। সেখানে অবিলম্বে রিলিফ, জি. আর. দেবার ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী ক্ষীতিরঞ্জন মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সরকারি বীজ খামারগুলিতে যে ধরণের বীজ উৎপাদিত হচ্ছে সেগুলি অত্যন্ত নিম্নস্তরের। সেখানে চরম অবস্থা দেখা যাচ্ছে। সেখানে যদি অবিলম্বে হস্তক্ষেপ না করা হয় তাহলে কৃষিতে যে উন্নতির সম্ভাবনা আছে সেটা সুদূরপরাহত হয়ে যাবে। তাই আমি এই বিষয়ে মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। দেজ মেডিকেল স্টোরস্ ২ হাজার কর্মচারী সমগ্র ভারতবর্ষ জুড়ে মেডিকেল রিপ্রেজিনটেটিভস ও সেলসম্যান তারা স্ট্রাইক করছে গণতান্ত্রিক ট্রেড ইউনিয়ন অধিকারের জন্য। মাঝখানে শ্রমমন্ত্রী তিনি হস্তক্ষেপ করেছিলেন ত্রিপাক্ষিক বৈঠক ডেকে মীমাংসা করার জন্য। কিন্তু মালিক পক্ষ অনমনীয় মনোভাব অবলম্বন করার ফলে সেই মীমাংসা হতে দিচ্ছে না। এটা গণতান্ত্রিক অধিকার, ট্রেড ইউনিয়ন অধিকার রক্ষার লড়াই। আমি আশা করব মাননীয় শ্রমমন্ত্রীর হস্তক্ষেপে এটার দ্রুত নিষ্পত্তি হবে।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী রামচন্দ্র সতপথী :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ১৯৭৭ সালের ৫ই সেপ্টেম্বর, 'সত্যযুগ' পত্রিকায় বর্গাদার উচ্ছেদ সম্বন্ধে সংবাদ প্রকাশিত হয়েছিল। ঝাড়গ্রাম মহকুমার জাম্বনী থানার খামারপাড়া মৌজায় এই বর্গাদার উচ্ছেদ হয়েছিল এবং এটা কংগ্রেসিদের দ্বারা হয়েছিল জরুরি অবস্থার সময়। এই বর্গাদার দীর্ঘ ২০ বছর যাবদ বর্গাচাষ করছিল কিন্তু জরুরি অবস্থার সময় তাকে উচ্ছেদ করা হয়েছে। আমি এই ব্যাপারে তদন্তের দাবি করছি।

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কংগ্রেস আমলে যেসব ভেস্টেড জমি বিলি হয়েছে সেগুলি জোতদার এবং জমিদাররা পেয়েছে। আমরা শুনলাম গভর্নমেন্ট থেকে তাদের টাকা দেওয়া হচ্ছে শতকে দুটাকা করে। এই টাকা দিলে বর্গাদাররা এবং ভূমিহীনরা এটা পাবেনা, এটা জোতদার এবং জমিদারই নিয়ে নেবে। কাজেই অনুরোধ করছি একটা স্ক্রুটিনি কমিটি করে তাদের মাধ্যমে টাকা দেবার ব্যবস্থা হোক যাতে ভূমিহীনরা এই টাকা পায়।

## Laying of Rules

**Dr. Kanailal Bhattacharya :** Mr. Deputy Speaker, Sir, I beg to lay the amendment to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959.

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পয়েন্ট অব প্রিভিলেজে আমি কিছু বলতে চাই। গত পরশুদিন আমরা এডুকেশন বাজেট পাশ করলাম এবং ৩ জন এডুকেশন মিনিস্টার বক্তব্য রাখলেন এবং আমরাও আলোচনা করে ব্যয়-বরাদ্দ অনুমোদন করলাম। কিন্তু তারপর শিক্ষামন্ত্রী একটা সিদ্ধান্ত করলেন যে বিষয় হাউসের সদস্যারা তাঁদের মতামত প্রকাশ করবার সুযোগ পাচ্ছেন না।

**মিঃ ডেপুটি স্পিকার :** দেয়ার ইজ নো পয়েন্ট অব প্রিভিলেজ।

## Legislation

### The Calcutta Metropolitan Development Authority (Amendment) Bill, 1977

**Shri Jyoti Basu :** Mr. Deputry Speaker, Sir, I beg to introduce the Calcutta Metropolitan Development Authority (Amendment) Bill, 1977.

(Secretary then read the Title of the Bill)

**Shri Jyoti Basu :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the Calcutta Metropolitan Development Authority (Amendment) Bill, 1977, be taken into consideration.

ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি অ্যাক্ট, ১৯৭২ অনুসারে মুখ্যমন্ত্রী অথবা তাঁর কোনও মনোনীত ব্যক্তি এই সংস্থার চেয়ারম্যান। চেয়ারম্যানের নিচে মুখ্য প্রশাসনিক আধিকারিক হিসেবে একজন সচিব আছেন। কলকাতার নাগরিক জীবনে এই সি এম ডি এ-র উন্নয়ন প্রকল্পগুলির যথেষ্ট গুরুত্ব রয়েছে। এই সংস্থা যেসব কাজকে অগ্রাধিকার দিয়ে থাকে সেগুলি রূপায়ণের ব্যাপারে প্রায়ই অনেক প্রশাসনিক এবং নীতিগত প্রশ্ন দেখা দেয়। সি এম ডি এ যদিও ইতিপূর্বে কিছু ভাল কাজ করেছে তবুও এমন সব জায়গা আছে যেখানে কাজ হয়েছে তবুও সাধারণ মানুষের সে সম্বন্ধে অনেক সমালোচনা আছে।

সেই কারণে বর্তমান সরকার সি. এম. ডি. এ. প্রাইওরিটি এবং কিছু কিছু কাজ পর্যালোচনা করার প্রয়োজনীয়তা অনুভব করছে। ইতিমধ্যে এই সরকার বস্তী উন্নয়ন, পানীয় জল সরবরাহ, পয়-প্রণালী এবং জলনিকাশির মতো কর্ম প্রকল্পগুলিতে অধিক গুরুত্ব দেবার সিদ্ধান্ত নিয়েছে। আগামী ৫ বছরের মধ্যে রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকার ও বিশ্বব্যাংক-এর সহায়তায় সি. এম. ডি. এ একটা ১৬০ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছে। সি. এম. ডি. এ. সংক্রান্ত দৈনন্দিন কার্যকলাপ-এর নীতির ব্যাপারে পরামর্শ দেবার জন্য রাজ্য সরকার একটা ভাইস-চেয়ারম্যান এর পদ সৃষ্টি করার জন্য আবশ্যক বলে বর্তমান সরকার বিবেচনা করছেন। এটা এখন নেই, নতুন করে করতে হবে। রাজ্য সরকারের একজন মন্ত্রী এই পদে নিযুক্ত হবেন। প্রশাসনের কাজে সি. এম. ডি. এ'র পরিধি উত্তরোত্তর বেড়ে চলেছে। সি. এম. ডি. এ.-এর কাজগুলি সুষ্ঠ রূপায়ণের জন্য রাজ্যের বিভিন্ন বিভাগ কলকাতা পৌরসভা এবং অন্যান্য পৌর সংস্থার সঙ্গে এই সংস্থার সুষ্ঠু সমন্বয় প্রয়োজন। এই কারণে মুখ্য নির্বাহী অধিকারিকের একটা পদ সৃষ্টি করা আবশ্যক মনে হচ্ছে—চিফ একজিকিউটিভ অফিসার। এই পদে একজন প্রবীন প্রশাসককে নিয়োগ করা হবে। মুখ্য নির্বাহী আধিকারিকের পর্যাপ্ত কাজ এবং ক্ষমতা দেবার প্রস্তাব এই আইনে করা হচ্ছে। ১৯৭৫ সালে সি. এম. ডি. এ-কে টাউন অ্যাণ্ড কান্ট্রি প্ল্যানিং ডিপার্টমেন্ট থেকে সরিয়ে পাবলিক ওয়ার্কস মেট্রোপলিটন ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের অন্তর্ভুক্ত করা হয়। সেই কারণে সংশোধনী বিল টাউন অ্যাণ্ড কান্ট্রি প্ল্যানিং ডিপার্টমেন্টের সচিবের পরিবর্তে পাবলিক ওয়ার্কস মেট্রোপলিটান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের সচিবকে সি. এম. ডি.-এর সদস্য করার প্রস্তাব রাখা হয়েছে। বর্তমান আইন অনুযায়ী আর একটা পরিবর্তন এর মধ্যে করা হচ্ছে। বর্তমান আইন অনুযায়ী সি. এম. ডি.-কে প্রতি বছর মার্কেট বরোইং এর জন্য একটা সিংকিং ফান্ড রাখা আইনত অপরিহার্য। ভারত সরকার ইতিমধ্যে বিশেষ করে উল্লেখ করেছেন যে এই রকম সিংকিং ফান্ড রাখার প্রয়োজনীয়তা নেই। এতে কিছু রিসোর্সেস অব্যবহৃত হয়ে আটকে থাকে। যে ভাবে রাজ্য সরকার এবং ভারত সরকারের মার্কেট বরোইং পরিশোধ করা হয় সেই ভাবেই সি. এম. ডি.-এর মার্কেট বরোইং পরিশোধ করা হবে। এই সব কারণে সংশোধনী বিলে সিংকিং ফান্ডের ধারাটি বাদ দেবার প্রশ্ন রাখা হয়েছে। সি. এম. ডি.-এ আইনে উপরোক্ত পরিবর্তনগুলিকে সন্নিবিষ্ট করা এই সংশোধনী বিলের উদ্দেশ্য এবং কিছু দিন আগে এইসব বিষয়ে আলোচনা করার জন্য দ্বিতীয় পর্যায়ে এই সি.

এম. ডি.-এর জন্য যা খরচ হবে পরিকল্পনায় নেওয়া হয়েছে। সেই সব বিষয়ে আলোচনা করার জন্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের আমাদের প্রতিনিধি পাঠাতে হবে এবং তার সময় প্রায় এসে গেছে। সেজন্য একটু তাড়াতাড়িতে এই বিল করতে হয়েছে যাতে করে সেই কাজগুলিতে দেরি না হয় এবং ব্যহত না হয়। আমি এখানে মাননীয় সদস্যদের এই বিল বিবেচনা এবং গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী হরিপদ ভারতী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ক্যালকাটা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি প্রসঙ্গে যে সংশোধনী বিল এনেছেন, আমি তা সমর্থন করি। কিন্তু সমর্থন প্রসঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে নিবেদন করতে চাই যে তার এই পরিবর্তন মূলত সংগঠনগত, কাঠামোগত যার সঙ্গে সাধারণ মানুষের বিশেষ কোনও যোগাযোগ নেই। তিনি নিসন্দেহে কিছু অসুবিধা বোধ করেছেন, যে অসুবিধা দূর করার জন্য তিনি এই কাঠামোগত পরিবর্তন করার চেষ্টা করেছেন। তিনি যদি এটা মনে করেন সত্যিই প্রয়োজন আমরা নিশ্চয়ই এই পরিবর্তন সাধনের জন্য সহযোগিতা জানাব। কিন্তু সাধারণ মানুষের প্রতিনিধি রূপে আমরা বিধানসভায় এসেছি এবং সুযোগ যখন পেয়েছি সি. এম. ডি-এ সম্পর্কে কিছু বক্তব্য রাখবার তখন নিশ্চয়ই একথা বলব যে জনসাধারণ সি. এম. ডি.-এর সংগঠনগত দিকে বিশেষ আকৃষ্ট নয়।

[2-10 — 2-20 p.m.]

তাদের বিশেষ আগ্রহ সি. এম. ডি.-র দৈনন্দিন কার্যাবলী সম্বন্ধে এবং সেই প্রসঙ্গে নিঃসন্দেহে প্রথমে আমি এই বলতে চাই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি. এম. ডি. এ. যদিও Calcutta Metropoliton Development Authority. কিন্তু সাধারণ মানুষ এর কার্যা-প্রণালীকে কি দৃষ্টি দিয়ে দেখেন তার সম্বন্ধে একটা প্রবচন আমি আপনার সামনে উপস্থিত করতে চাই। এই C.M.D.A.-র বাংলা করেছে সাধারণ মানুষ, "কাটছে মাটি দেখবি আয় ; অর্থাৎ C.M.D.A কাজ করে না শুধু মাটি কাটে, সত্যই মাঝে মাঝে মনে হয় পিচে মোড়া রাস্তা, শানে বাঁধানো কলকাতা শহরের নিচে যে এত মাটি আছে বা ছিল এটা C.M.D.A-র কল্যাণে প্রথম বোধ করি অবগত হলাম। প্রথম দিন দেখি কলকাতা শহর এবং তার উপকণ্ঠের নানা স্থানে পর্বত প্রমাম মাটি কেটে C.M.D.A বড় বড় খাল তৈরি করে রাখে রাস্তার পাশে, C.M.D.A-র কাজের প্রমাণ হচ্ছে শুধু এই মাটি কাটা। অবশ্য এই মাটি কাটবার সঙ্গে সঙ্গে তারা রাস্তা তৈরি করতে চান, হয়ত পানীয় জলের পাইপ তার মধ্যে দিয়ে নিয়ে যেতে চান, হয়ত বা অন্য কোনও উদ্দেশ্য তাদের থাকে, কিন্তু সাধারণ মানুষের চোখে, তাদের সামনে এই মাটি কাটা প্রধান বলে, তারা "কাটবে মাটি দেখবি আয়", এমনি ধরনের কথা C.M.D.A সম্পর্কে প্রতিদিন বলছে এবং এখানে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, যে C.M.D.A-র কর্মপ্রণালী আজ বহুদুরবিস্তৃত হয়েছে, তার দায় দায়িত্ব অনেক, সত্য সত্যই তার দায় দায়িত্ব অনেক, আমি শুনেছি কলকাতা নগরী, হাওড়া শহর এবং উপকণ্ঠের আরও ৩৩টি municipality এই এলাকা নিয়ে C.M.D.A-র কর্ম প্রণালী বর্তমানে চলছে। এতবড় বিস্তৃত পরিকল্পনা C.M.D.A-র মতো organisation করতে পারে কিনা, সুষ্ঠভাবে সম্পাদন তাদের পক্ষে সম্ভবপর কিনা এটা নিশ্চয়ই মুখ্যমন্ত্রী বিচার করে

দেখবেন এবং যদি প্রয়োজন বোধ করেন এর কর্ম ক্ষেত্রকে আরও সীমিত করবার কথা তিনি ভাবতে পারেন কিনা সেটা বিবেচনা করবেন। সঙ্গে সঙ্গে আমরা দেখছি, C.M.D.A কর্ম এলাকা বিস্তৃত হবার ফলে, সত্য সত্য কার কতটুকু এলাকা, কার কি বিশেষ বিশেষ দায়িত্ব, সে সম্বন্ধে একটা বিশেষ প্রশ্ন দেখা দিয়েছে। এই কলকাতা মহানগরীর কথা ধরুন, এখানে Calcutta Corporation আছে, বিরাট বিপুল কলেবরের একটা প্রশাসন, বহু অর্থ ব্যয় হয়, তার পিছনে সরকারেরও বহু কর্ম আছে, কর্ম প্রচেষ্টা আছে, কলকাতা কর্পোরেশন তার বহু দায়দায়িত্ব নিঃসন্দেহে C.M.D.A-র স্কন্ধে ন্যস্ত করে আজকে তারা নির্বিকার থাকবার চেষ্টা করছে। অথচ Calcutta Corporation এর দায় দায়িত্ব জনসাধারণ বহন করছে এবং কতটুকু Corporation এর কাজ, আর কোনও কাজটুকু C.M.D.A-র মাঝে পড়ে সত্য সত্যই বিহ্বলতা দেখা দেয়। Corporation-কে প্রশ্ন করলে তারা বলেন এটা C.M.D.A-র কাজ, C.M.D.A-কে প্রশ্ন করলে তারা বলেন এটা Calcutta Corporation-এর কাজ। কিন্তু সাধারণ নাগরিক বুঝতে পারে না কোনটা C.M.D.A-র কোনটা Corporation-এর কাজ। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, কলকাতা পুঞ্জিভূত জঞ্জালের দিকে, বিশেষ করে বড়বাজার এলাকায়, জোড়াবাগান এলাকাতে, জোড়াসাঁকো এলাকাতে যখন স্তূপিকৃত প্রমাণ ময়লা দিনের পর দিন মানুষের জীবনকে দুর্বিসহ করে তুলেছে, অস্বাস্থ্যকর করে তুলেছে, এই সমস্ত জায়গাকে কিন্তু আমরা বহুবার আলাপ আলোচনা করে দেখেছি Corporation এর দৃষ্টি আকর্ষণ করে দেখেছি, তারা অনেক সময় বলেন আমরা করতে পারছি না, কারণ C.M.D.A ওখানে কাজ করে তাতে বাধার সৃষ্টি হচ্ছে। কাজেই ওদের কাজ সম্পন্ন না হলে আমরা এই কাজটা করতে পারছি না। অবশ্য অন্য বিবিধ কৈইফিয়ৎও তারা দিয়ে থাকেন, আমি সেই কথা এখানে তুলব না, কিন্তু এইভাবে আজকে কার কতটুকু এলাকা, এটা নির্দিষ্ট না থাকায়, অন্তত জনসাধারণের চোখে না থাকায় আমরা দেখছি কাজ সত্য সত্যই হচ্ছে না। Corporation ভাবছে C.M.D.A-র কাজ, C.M.D.A ভাবছে Corporation এর কাজ, municipal area-র লোকেরা ভাবছে municipality-র কাজ, C.M.D.A ভাবছে তাদের কাজ। এমনি ভাবে বিস্তীর্ণ এলাকা জুড়ে C.M.D.A-র এই যে কর্মযজ্ঞ চলছে, এই কর্ম যজ্ঞের ব্যয় যত, কিন্তু প্রয়াস তত নেই। সত্য সত্য তার স্বার্থক কোনও প্রচেষ্টা তার মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি না। সেদিকে আজকে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আর করছি তাদের সকর্মন্যতার দিকে। কারণ আজকে রাস্তাঘাট তৈরি করা, রাস্তাকে প্রশস্ত করা, পুরাতন রাস্তা মেরামত করা, এই সমস্ত দায়দায়িত্ব C.M.D.A-র স্কন্ধে ন্যস্ত বলে শুনি এবং অনেক বড় বড় রাস্তা তারা তৈরি করেছেন নিঃসন্দেহে কলকাতার আশেপাশে এবং কলকাতার মধ্যেও, কলকাতার মধ্যে অনেক বড় বড় রাস্তা C.M.D.A-র কল্যাণে আমরা দেখতে পাচ্ছি।

কিন্তু এমনভাবে সেই রাস্তা তৈরি হয়—চার বৎসর, তিন বৎসর করে করে একটা রাস্তার নির্মাণ কার্য চলতে থাকে, জনসাধারণের অসুবিধা হয়, ট্রাফিককে অন্য পথে ঘুরিয়ে দেওয়া হয়, নানাভাবে কষ্ট দিয়ে শেষ পর্যন্ত রাস্তা যখন সত্যি সত্যিই সম্পূর্ণ হয় তখন দেখা যায় ঐ রাস্তার উদ্বোধন আর উৎবন্ধন প্রায় একই সময় সাধিত হয়। কারণ রাস্তা দু'দিনের মধ্যে আবার পূর্বরূপ ধারণ করে, আবার রিপেয়ার করবার প্রয়োজন দেখা দেয়। সেই রাস্তা

না তৈরি করলে যে এর চেয়ে অনেক কিছু বেশি অসুবিধা লোকেদের হত, এমন আমার মনে হয় না। এমন অবস্থা হচ্ছে যে, কর্পোরেশনের ভিন্ন ভিন্ন বিভাগ, সি. এম. ডি.-এর ভিন্ন ভিন্ন বিভাগের মধ্যে কাজের কোনও সঙ্গতি নেই। রাস্তা তৈরি হচ্ছে, মাটিও কাটা হচ্ছে অনেক বার। যখন রাস্তা তৈরি হল তখন হঠাৎ দেখা গেল জল সরবরাহ বিভাগ হয়ত অনুভব করলেন এর মধ্যে দিয়ে ওয়াটার পাইপ নিয়ে যেতে হবে, প্রস্তুত রাস্তা, আবার তাকে খোঁড়া হল, আবার তার মধ্যে দিয়ে ওয়াটার পাইপ চলে গেল। ওয়াটার পাইপ যাওয়া সম্পূর্ণ হলে সঙ্গে সঙ্গে দেখা গেল ইলেকট্রিক ডিপার্টমেন্ট ঐ রাস্তা খুঁড়ে তাদের ইলেকট্রিকের পাইপ চালাবার প্রয়োজনীয়তা বোধ করলেন। এমনি করে কোনও ডিপার্টমেন্টের সঙ্গে কোনও ডিপার্টমেন্টের সহযোগিতা নেই, সংহতি নেই, দায়িত্ব নির্ধারণ করবার কোনও চেষ্টা নেই। ফলে এই রাস্তা বার বার বিপন্ন, একই এলাকার মানুষ বার বার বিপন্ন হচ্ছে। সি. এম. ডি. এ. কিছু কিছু পার্ক তৈরি করেছে। চিলড্রেন পার্ক করেছে, আরও কিছু পার্ক করার চেষ্টা তারা করেছে। পার্কগুলি তৈরি করার জন্য আমরা নিশ্চয়ই তাদের সাধুবাদ দেব। কারণ অনেক সুন্দর পার্ক আমাদের তারা উপঢৌকন দিয়েছে। কিন্তু এই পার্কগুলি হওয়ার পর সেগুলি সংরক্ষিত হয় কিনা, তাদের দেখা শোনা করবার কোনও মানুষ আছে কিনা, আমি জানি না। ঐ সুন্দর পার্ক সুন্দর থাকে কিনা এবং তার জন্য যে কাজ প্রয়োজন সেই কাজ নিঃসম্পন্ন হয় কিনা, এ সম্পর্কে ভাবার কোনও মানুষ নেই, কোনও চেষ্টা নেই। এর জন্য কোনও ব্যবস্থা তারা করেন না। দুর্নীতির মধ্যে দিয়ে আজকে সি. এম. ডি. এ. যেভাবে আমাদের মধ্যে উপস্থিত হয়েছে, তার কিছু কিছু বিবরণ আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে রাখতে চাইছি। একটা বিবরণ আমি দিচ্ছি পলতা ওয়াটার ওয়ার্কস সম্বন্ধে। সি. এম. ডি. এ. ৫০ হাজার টাকা খরচ করে একটা স্যান্ড ওয়াসিং মেশিন ক্রয় করেছিল। বলা-বাহুল্য কোনও মিডিল ম্যানের মাধ্যমে তারা ক্রয় করেছিল। নিঃসন্দেহে টেন্ডার কল করে যেভাবে সরকারি বিধি অনুযায়ী করা উচিত, সেইভাবে করেনি। কিন্তু এই যে স্যান্ড ওয়াসিং মেশিন যা ৫০ হাজার টাকা ব্যয় করে তারা ক্রয় করেছিল, সেটা কিন্তু অকেজো, তার দ্বারা সরকারের কোনও কাজ হয় না। অথচ ঐ কাজের জন্য ঐ মেশিন আবশ্যক। কিন্তু ঐ মেশিন দিয়ে কোনও কাজ করা সম্ভব হল না। অথচ এই ৫০ হাজার টাকা প্রথমেই ব্যয় হল, সেই মেশিন আবার চালু করা যাবে কিনা বা নতুন করে অন্য কোনও মেশিন ক্রয় করে ঐ কার্যের সমাধা করা যে আদৌ প্রয়োজন, একথা ভাবার জন্য সি. এম. ডি. এ.-র মধ্যে কোনও মানুষ নেই। আমি আর একটি দৃষ্টান্ত দিচ্ছি, ইলেকট্রিক ডিভিসন অব পলতা—টালা কমপ্লেক্স, সি. এম. ডি. এ. সেখানে একজন মিডিল ম্যানের মাধ্যমে একটি ৮৬ হাজার টাকা দিয়ে ভ্যাকুম পাম্প ক্রয় করেছেন। কিন্তু তার বাজার দর হচ্ছে ৩৬ হাজার টাকা। সেই মেশিন বাজারে পাওয়া যায় ৩৬ হাজার টাকায়, সেই মেশিন ৮৬ হাজার টাকা দিয়ে যিনি ক্রয় করলেন সেই মহাজনের দিকে মাননীয় মুখ্যমন্ত্রী একটু দৃষ্টি রাখবেন, এই অনুরোধ আমি তার কাছে জানাতে চাইছি। এমন কিছু কিছু মেশিন কেনা হয়েছে যার জন্য কোটি কোটি টাকার অপব্যয় হয়েছে। কিন্তু সেখানে মেশিনগুলিকে কাজে লাগানো যাচ্ছে না। নতুন অবস্থায়েই অকেজো হয়ে পড়ে আছে, দেখা যাচ্ছে। এখন মেশিনগুলিকে আবার নতুন করে সারাবার জন্য অনুরূপ অর্থ ব্যয়ের আবশ্যকতা দেখা দিচ্ছে। আজকে এখানে মাননীয় পৌরমন্ত্রী উপস্থিত আছেন, তাকে অন্তত একটি সংবাদ পরিবেশন করতে চাই, সত্য মিথ্যার দায়-দায়িত্ব

তার উপর। কলকাতা কর্পোরেশনে একজন চিফ ইঞ্জিনিয়ার আছেন তার নাকি চিফ ইঞ্জিনিয়ার হবার মতো একাডেমিক কোয়ালিফিকেশন নেই।

[2-20 — 2-30 p.m.]

যদি সত্য হয়, তাহলে তিনি কিভাবে নিযুক্ত হয়েছেন এবং নিযুক্ত ব্যক্তির উপর ক্যালক্যাটা কর্পোরেশন কতখানি নির্ভর করতে পারেন সেকথা নিশ্চয় ভেবে দেখবার বিষয়, আজকে সি. এম. ডি. এ প্রসঙ্গে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একথা বলব, আপনি প্রয়োজনীয় সংগঠন গত, কাঠামো গত, যা পরিবর্তন করতে চান করুন, আমাদের নিঃসন্দেহে আপনি সমর্থন পাবেন। কিন্তু কি উদ্দেশ্যে সি. এম. ডি. এ-র কাঠামো কতগুলি প্রয়োজনীয় কাজ নিষ্পন্ন করবার জন্য, যাতে কলকাতা একটা সুন্দর স্বাস্থ্যকর, উপনগরীতে পরিণত হয়। কিন্তু সেই কাজ যদি সি. এম. ডি. এ নিষ্পন্ন করতে না পারেন, এই যে বিরাট কর্মক্ষেত্র নিয়ে সি. এম. ডি. এ. আমাদের সামনে উপস্থিত হয়েছে, তা যদি দুর্নীতি আর ভ্রষ্টাচারে ভর্তি থাকে তাহলে সে সম্বন্ধে তিনি পুনর্বিবেচনা করবেন, কারণ তার সঙ্গে জনসাধারণের সত্যিকারের সংযোগ কাঠামো গত কি পরিবর্তন হল তা সাধারণ মানুষ বিশেষ কিছুই ভাববে না। বস্তি উন্নয়ন পরিকল্পনা নিয়ে আমার মনে হয়, আমি দুঃখিত, ভোলাবাবু এখানে নেই, তিনি গত অধিবেশনে আমাদের সামনে বলেছেন, বস্তি উন্নয়ন হয়েছে, আমরা বস্তিতে মাঝে মাঝে যাই, হ্যাঁ, কিছু কিছু উন্নতি হয়েছে, আমি এ কথা বলব ওরা না করলেও বোধকরি ৩০ বছরের স্বাধীনতার পরে কিছু কিছু উন্নতি হত। সেই উন্নতিগুলি কেমন, কি ধরনের এবং তাতে করে বস্তি বাসীর জীবনে আজকে কতটুকু স্বাচ্ছন্দ, কতটুকু নাগরিক জীবনের আরাম এনে দিতে পেরেছে? বস্তি বাসীরা আজ উপেক্ষিত, বস্তি উন্নয়নের আজ যথেষ্ট সুযোগ আছে, প্রয়োজনীয়তা আছে মাননীয় মুখ্যমন্ত্রী সেই দিকে দৃষ্টি দেবেন। পরিশেষে আমি বলতে চাই এতবড় বিরাট একটা প্রতিষ্ঠান, এই প্রতিষ্ঠানের কাঠামোকে ডেভালপ করা যায় কি না সেদিকে দৃষ্টি দেবেন, এতবড় প্রতিষ্ঠানের কর্মক্ষেত্রে তিনি নিশ্চয়ই প্রধানরূপে থাকবেন এবং প্রয়োজনীয় হয়ত সাহায্যকারী আরও কাউকে নিযুক্ত নিশ্চয় করবেন, কিন্তু সঙ্গে সঙ্গে এতবড় প্রতিষ্ঠান যার উপর কলকাতা, হাওড়া ছাড়া ৩০টি মিউনিসিপ্যালিটির কর্মক্ষেত্র রয়েছে তাকে নিঃসন্দেহে আরও বিকেন্দ্রীকরণের আবশ্যকতা আছে, আর আবশ্যকতা আছে দুর্নীতি দূর করবার। এই কলকাতা মহানগরীর রাস্তা ঘাট—সত্যই সত্যই আজ লজ্জার কথা, কলকাতা মহানগরীর রেড রোড দিয়ে গেলে বৈদেশিক পর্যটকরা মনে করেন কলকাতা মহানগরী এমন সুন্দর নগরী—কিন্তু আসলে কলকাতা যে কেমন তার দৈনন্দিন জীবনধারা যে কেমন তার রাস্তাঘাট কেমন, কত জায়গায় আলো জ্বলে না, কত জায়গায় ড্রেন দিয়ে দূষিত জল প্রবাহিত হয় না! কলকাতা শহর সত্যিই সত্যিই শহর? আমার মাঝে মাঝে আশঙ্কা হয় যে এটাকে সমুদ্র বলব, না নদী বলব, না হ্রদ বলব? এই প্রশ্ন আমার মনে মাঝে মাঝে জাগে। অনেক আগে কলকাতায় দেখেছি বৃষ্টি হলে পর কলকাতা শহরের প্রধান প্রধান অংশ মাঝে মাঝে পরিপ্লাবিত হোত সত্যিই এবং কিছুক্ষণ যানবাহন বন্ধ হয়ে যেত, কিন্তু পরক্ষণেই কলকাতা—কলকাতা রূপেই আত্মপ্রকাশ করত, কিন্তু ভারতবর্ষে স্বাধীনতার ৩০ বছর পরে সি. এম. ডি. এ. বহু অর্থ ব্যয় করার পরে এবং বহু কর্মকুশলতার ফলে যদি এক ঘন্টা কিংবা আধ ঘন্টা অবিরাম বর্ষণ হয়, তাহলে কলকাতা শহর সম্পূর্ণভাবে হ্রদে পরিণত হয়ে যায়, এমন কি জলে ডুবে

নাগরিকরা মারা গেছে এ সংবাদ সংবাদপত্রের মাধ্যমে আমরা দেখেছি। কলকাতা মহানগরী, আমাদের গর্বের নগরী, ভারতবর্ষের সাংস্কৃতিক প্রাণকেন্দ্র। তাই আমি অনুরোধ করব, মাননীয় মুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করব যেন এ বিষয়ে চিন্তা করেন। সুস্থ নাগরিক জীবন আপনারা সাধারণ মানুষকে দেবেন, এই অনুরোধ রেখে এই বিলের সংশোধনী প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হেমেন মজুমদার :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মুখ্যমন্ত্রী এবং C.M.D.A-মন্ত্রীর প্রস্তাব আমি সমর্থন করছি। এর কাঠামোগত সংশোধনের প্রয়োজনীয়তা আজ সর্বক্ষেত্রে অনুভব করা যাচ্ছে। কারণ যে কাঠামো আছে তার চেহারা খুব দুর্গতিপূর্ণ। কয়েকজন আমলার হাতে সব জিনিসটা আছে ২৫০ কোটি টাকা তারা যথেচ্ছভাবে ব্যয় করলেন এবং টাকা লুঠপাট হল। রাস্তাঘাট সম্বন্ধে পূর্ববর্তী বক্তা বিশেষভাবে বলছেন কি প্রচন্ড দুর্দশার মধ্যে মানুষদের এরা ফেলেছে। কাজেই অবিলম্বে যেটা প্রয়োজন সেটা হচ্ছে C.M.D.A সম্পর্কে একটা তদন্ত কমিশন বসানো দরকার। ভোলানাথবাবু এর সঙ্গে যুক্ত ছিলেন। আমি যে এলাকা থেকে এসেছি সেখানকার মিউনিসিপ্যালিটির যিনি ছিলেন Chairman-১০ বছর আগের নির্বাচন অনুযায়ী—তিনি C.M.D.A-এর মেম্বার আছেন। আমাদের এলাকার ২১ লক্ষ টাকা খরচ হয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমাদের দুর্গতি দেখে বুঝতে পারছি প্রচুর টাকার অপচয় হয়েছে। ৩/৪ মাসের মধ্যে রাস্তা ভেঙে গেছে। আদি গঙ্গা সংস্কার হচ্ছে বলে কতকগুলি ডোবা কাটানো হয়েছে , কিন্তু সেগুলি সব কচুরিপানায় ভর্তি হয়ে গেছে ও মশার জন্মস্থানে পরিণত হয়েছে। এরফলে C.M.D.A একটা ভীতির কারণ হয়ে গেছে। সেজন্য ২৫০ কোটি টাকা ব্যয় হয়ে গেছে সে বিষয় অবিলম্বে তদন্ত হওয়া দরকার এবং যারা এই ব্যয় করতে গিয়ে অপব্যয় করেছেন তাদের সম্বন্ধে আইন সঙ্গত ব্যবস্থা নেওয়া দরকার। অন্যদিক থেকেও দরকার—যেকথা পূর্ববর্তী বক্তা বলেছেন—এটাকে আরও গণতন্ত্রীকরণ এবং জনসংযোগ বৃদ্ধি করা। এটা করতে গিয়ে জনসাধারণের আসল প্রয়োজন কি সেটা যদি না দেখা হয় তাহলে যথেচ্ছভাবে কয়েকজন আমলাই এর কাজ চালাবেন। এই আমলাদের একজন সম্পর্কে দেখেছেন শিবরামকৃষ্ণ, যিনি এখানকার Vice Chairman ছিলেন এবং এখন World Bank-এর চাকরি নিয়ে চলে গেছেন তারা কিভাবে বিভিন্ন রকম যোগাযোগ করেছিলেন। সেগুলি সম্বন্ধে তদন্ত করা দরকার। C.M.D.A-এর মাধ্যমে বিশাল এলাকা জুড়ে প্রায় ৯০ লক্ষ লোকের কাজের ব্যবস্থা হচ্ছে। এই অবস্থার বর্তমান এলাকার মধ্যে এখন পর্যন্ত যেসব এলাকার তারা প্রধান দুটি পরিকল্পনা নিয়েছেন তা হচ্ছে কোনা ও ধাপায় দুটি শহর করা। C.M.D.A তৈরি করা হয়েছিল কলকাতা ও বিশেষ বিশেষ কয়েকটা এলাকার দুরবস্থার কিছু সুবিধা করার জন্য, বস্তি উন্নয়ন ইত্যাদি কথাও সেখানে ছিল। কিন্তু সেসব চলে গিয়ে নূতন এলাকার শহর পরিকল্পনার কথা এসে গেল। ইতিপূর্বে কল্যাণী ও Salt Lake-এর ব্যাপারে কি প্রচন্ড চিন্তা করা হয়েছিল। ৭ লক্ষ লোকের বসবাস সেখানে হবে। কিন্তু কল্যানীতে ৬০ হাজারের বেশি লোকের বসবাস হল না। এত টাকা ব্যয় করে Salt Lake-এর ক্ষেত্রেও এই সমস্যা সৃষ্টি হয়েছে। এসব কারণে যেসব পরিকল্পনা নেওয়া হয়েছিল সেগুলির ভাল ভাবে বিচার করা দরকার। কারণ এই সব পরিকল্পনা থেকে জনসাধারণের জীবনযাত্রা উন্নয়নের চেয়ে Contractor-দের প্রয়োজন আরও বেশি ভাল দেখা

হয়েছে। ভোলাবাবুর নির্বাচন কেন্দ্র ভাতারে কি ভাবে সরকারি ও C.M.D.A-এর টাকা ব্যাপকভাবে খরচ হয়েছে তা সকলের জানা আছে। অনেক ক্ষেত্রে কলকাতা থেকে Contractor নিয়ে গিয়ে সেখানে ওয়ার্ক হয়েছে। অতএব সেখানে কিভাবে টেন্ডার দেওয়া হয়েছে এবং কাজ হয়েছে তা দেখার প্রয়োজন আছে। আমরা এখানকার ৩টি মিউনিসিপ্যালিটি-র একটি মিউনিসিপ্যালিটি এর পরিকল্পনাভুক্ত। কিন্তু যেখানে ৬ ইঞ্চি পাথর দেবার কথা সেখানে ১১/২ ইঞ্চি দেওয়া হয়েছে। আবার যেখানে ৬ ফুট গঙ্গার মাটি কাটার কথা সেখানে ১১/২/২ ফুটের বেশি কাটা হয়নি। গঙ্গার সঙ্গে যোগাযোগ করার জন্য টালি নালা ও সূর্যপুর কাটার কথা সে কাজ হল না। ফলে সেখানে মশা ও দূষিত জলের আখড়া তৈরি হয়েছে। ঐ সমস্ত এলাকায় চাষীদের যেসব জমি নেওয়া হয়েছিল তার দাম আজও দেওয়া হয়নি। অবিলম্বে এ জিনিস দেখা দরকার। আমাদের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান যিনি ১৪ বছর আগে নির্বাচিত হয়েছিল তিনি ব্যুরোক্রেটিক কায়দায় কাজ করেন। মিউনিসিপ্যালিটির মিটিং-এ এই সব কাজ নিয়ে কোনও আলোচনা করা হয় না, আলোচনা হলে তার মিটিং রাখা হয় না। মিউনিসিপ্যালিটির কমিশনাররা এ কাজ রদ করতে পারছেন না। ১৪ বছর আগে যিনি নির্বাচিত হয়েছিলেন তিনি কিভাবে এখনও তার member থাকতে পারেন সেটা দেখা দরকার এবং প্রয়োজন হলে তাকে সরানো দরকার।

[2-30 — 2-40 p.m.]

এরূপভাবে সি. এম. ডি. এ.-কে কেন্দ্র করে কংগ্রেস কিভাবে জোট বেঁধেছিল ১৯৭২ সালে চাকরি দিয়েছিল তা আমরা দেখেছি। তাদের ঐ সি. এম. ডি. এ. কেন্দ্রস্থল ছিল। সুব্রত মুখোপাধ্যায়, ভোলা সেন, প্রফুল্লকান্তি ঘোষ তারা সব নিজেদের লোকজনকে হু-হু করে ঢুকিয়েছে। তাদের মধ্যে অনেকে কাজ করে না বলে ইউনিয়নের বা কর্মচারিদের এ ব্যাপারে অসন্তোষ অছে। তাদের কি ভাবে ঢোকানো হয়েছিল, কি ভাবে ব্যবস্থা করা হয়েছিল রাজনৈতিক কাজকর্মে সেটা দেখা দরকার। এটা না করলে সি. এম. ডি. এ.-র মধ্যে যে বাস্তু ঘুঘর বাসা তারা করেছে, যে সমস্ত অপকর্মের সব ব্যক্তিরা ঢুকেছে তাদের দ্বারা জনসাধারণের কোনও কাজ হবে বলে আমার মনে হয় না। এ অবস্থার মধ্যে আমরা মনে করি যে সি.এম.ডি.এ. ১৯৭৬ সালে যে রিভিউ করা হয়েছিল সে রিভিউ সম্পর্কে অবিলম্বে দেখা দরকার। রিভিউর কাজ হয়নি, প্রতিশ্রুতি যা দিয়েছিলেন তা আজও হয়নি। তা ভাল করে তদন্ত করে দরকার হলে প্রয়োজনীয় ক্ষেত্রে পরিবর্তন করা দরকার। এই কথা বলে আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সরল দেব :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার পেশ করা বিলটা সমর্থন করতে গিয়ে দু-একটা কথা বলতে চাই। সি. এম. ডি. এ.-র যে উন্নয়ন পরিকল্পনা হাতে নেওয়া হয়েছিল যা তৈরি করেছিল তার কয়েক বছরের ইতিহাস যদি পর্যালোচনা করে দেখি তাহলে দেখতে পাব কি হয়েছে। প্রাক্তন সি. এম. ডি. এ.-র চেয়ারম্যান শ্রী ভোলা সেন তার আমলে আমরা দেখেছি যে মুকুল মিত্র এবং তার বশংবদ লোককে নিয়ে কোম্পানি তৈরি হয়েছিল। সে কোম্পানি প্রি ফ্যাব্রিকেটেড ল্যাট্রিন করবার দায়িত্ব নিয়ে ছিল। তার কাজ কি ভাবে হল বর্তমান সরকার তার ব্যবস্থা করবেন এ আশা রাখি। তারপর চাঁপদানিতে বস্তি

উন্নয়নের নামে ৩০ থেকে ৪০ লক্ষ টাকা খরচ করা হয়েছে। কিন্তু আপনারা যদি সরজমিনে তদন্ত করে দেখেন তাহলে দেখবেন টাকা খরচ করেও বস্তির কোনও উন্নতি হয়নি, সেই একই চেহারা, চেহারা পাল্টায়নি। এইভাবে যদি কলকাতা শহরের দিকে তাকিয়ে দেখেন তাহলে লক্ষ্য করবেন যে উন্নতির নাম করে কলকাতা শহরের চারিদিকে শুধু মাটি খননের কাজ হয়েছে। প্রকৃতপক্ষে সি. এম. ডি. এ.-র অফিস একটা দুর্নীতির বাসা তৈরি হয়েছে, প্রকৃত কাজ হয়নি। মফস্বলের কিছু কিছু অংশ সি. এম. ডি. এ.-র অন্তর্ভূক্ত করা হয়েছে, সেখানে কোথাও হয়ত ছিটে-ফোঁটা রাস্তা হল, বা অঞ্চল পঞ্চায়েত এলাকায় যে সমস্ত অঞ্চলগুলি সি. এম. ডি. এ.-র এলাকাভুক্ত হয়েছে, তাদের যে সমস্ত রাস্তা হল সেগুলি মেনটেন কারা করবে সে সম্পর্কে আজ পর্যন্ত কোনও সঠিক নির্দেশ না থাকার ফলে একবার রাস্তা হওয়ার পর মেরামতের অভাবে সেই রাস্তাগুলি নষ্ট হয়ে যাচ্ছে। তারপর পানীয় জলের ব্যাপারে আমার নির্বাচনী কেন্দ্র বারাসতে যে কয়েকটি অঞ্চলে যেমন নবপল্লী, নয়াপাড়া, মধ্যমগ্রাম সেখানে আন্ডার গ্রাউন্ডে ১৬ লক্ষ টাকা খরচ করে জলের পাইপ বসাবার ব্যবস্থা হয়েছে। ৮ বছর মাটির তলায় সেই পাইপ পোঁতা আছে কিন্তু তার থেকে জনসাধারণকে জল দেওয়ার ব্যবস্থা হয়নি। কারণটা আজও আমাদের কাছে পরিষ্কার নয়। সি. এম. ডি. এ. বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই এই সম্পর্কে তদন্ত করবেন। এছাড়া আমি বলছি ভাতার ব্লক কংগ্রেসের সভাপতি যিনি প্রাক্তন সি. এম. ডি. এ.-র চেয়ারম্যানের বশংবদ বলে পরিচিত তাকে প্রচুর টাকার কাজকর্ম দেওয়া হয়। সেখানে প্রি-ফ্যাবরিকেটের ল্যাট্রিন-এর যে কাজ করা হয়েছিল সে সম্পর্কে তদন্ত করবার জন্য বর্তমান সরকারের বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। সঙ্গে সঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাব যে সি. এম. ডি. এ.-র বিগত কয়েক বছরের কার্যাবলীতে দুর্নীতির পাহাড় জমে উঠেছে, সে সম্বন্ধে তদন্ত করে উপযুক্ত দোষী অফিসারকে এবং যে সমস্ত কন্ট্রাক্টর বেআইনি কন্ট্রাক্ট পেয়েছে তাদের শাস্তির ব্যবস্থা করেন। এমনও দেখা গেছে কোনও ঠিকাদারের ওয়ার্ক অর্ডার রেসিন্ড করে সেখানে অন্যায়ভাবে এগ্রিমেন্ট করে চেয়ারম্যান তার নিজের লোককে বসিয়ে দিয়েছেন, এই ধরনের প্রচুর ঘটনা আছে। সেজন্য আমি আপনার মারফৎ আবেদন রাখব যে সমস্ত দুর্নীতি ভোলা সেন করেছেন, যিনি ভাতারকে স্বর্গ রাজ্য বানিয়েছেন এবং সি. এম. ডি. এ.-র এক শ্রেণীর অফিসার ও তাদের সঙ্গে যুক্ত যে সব কন্ট্রাক্টর আছে যাদের টেন্ডার না দিয়ে অফিস থেকে টেলিফোন করে কাজে লাগানো হয়েছে সমস্ত বিষয়ে যেন তদন্ত করা হয়। সি. এম. ডি. এ.-র টাকা যাতে প্রকৃতপক্ষে জনকল্যানে ব্যবহৃত হয়, সি. এম. ডি. এ.-র কার্যাবলীকে সুসংহত করার জন্য একটা তদারকি কমিশন গঠনের দাবি জানিয়ে এবং এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি. এম. ডি. এ. অ্যামেন্ডমেন্ট বিল আমি সমর্থন করছি। কলকাতার জনজীবনের যা সমস্যা সেটা একটু দৃষ্টিপাত করলেই খুব সহজে আমাদের চোখে পড়ে। যেমন এক দিকে আমরা দেখি হর্ম প্রাসাদ শ্রেণী, আবার সঙ্গে সঙ্গে দেখতে পাই যে কথা পূর্ববর্তী বক্তারা বার বার করে বলেছেন যে সাধারণ মানুষের যে হৃত দারিদ্র্য অবস্থা, বস্তিতে বাস করা জীবনের যে বিপর্যয়কর অবস্থা সেটা আমরা প্রত্যক্ষ করি। কলকাতা আন্তর্জাতিক শহর, শুধু আন্তর্জাতিক শহর নয়, ভারতবর্ষের

সাহিত্য, সংস্কৃতি, শিল্প সমস্ত ক্ষেত্রে একটা ঐতিহ্যপূর্ণ নগরী, ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের পীঠস্থান কলকাতা। সেই কলকাতা আজকে যে অবস্থার মধ্যে পড়েছে, তার যে বিবর্ণ অবস্থা তাতে কবি তার অভিব্যক্তি কবিতার মধ্যে রেখেছেন। যারা প্রয়োজনে কলকাতায় আসছেন তারা উদ্বিগ্ন না হয়ে পারেন না। কলকাতা শহরের উন্নয়নের যে কাজ সেই কাজ পড়েছে মাননীয় মুখ্যমন্ত্রীর উপর, তিনি বিশ্বকর্মার মতো কলকাতাকে নতুন করে গড়ে তুলবেন যাতে করে কলকাতা তার পুরানো সম্পদকে ফিরে পায়, যাতে কলকাতা ভারতবর্ষে অন্যতম শ্রেষ্ঠ নগরী বলে রূপান্তরিত হতে পারে। কলকাতা শুধু সাংস্কৃতিক, শিল্প, সাহিত্য-এর ক্ষেত্রে নয়, কলকাতা সমস্ত পূর্বাঞ্চলের অর্থনৈতিক বুনিয়াদ। কলকাতা হচ্ছে সবচেয়ে বড় বন্দর, বাণিজ্য কেন্দ্র, লক্ষ লক্ষ কোটি কোটি মানুষের এখান থেকে জীবিকার সংস্থান হয়, সেই কলকাতা যদি বিনষ্ট হয়ে যায় তাহলে অজস্র মানুষ বিপন্ন হয়ে পড়বে। সেজন্য কলকাতাকে রূপসি করে গড়ে তুলবার জন্য আজকে সচেষ্ট হতে হবে।

[2-40 — 2-50 p.m.]

পূর্বতন কংগ্রেস সরকার যে সমস্ত অপকর্ম করেছে তার পুনরুক্তি করে লাভ নেই। তারা যেটাই স্পর্শ করেছে তাকেই ধ্বংস করেছে, যেখানে তারা হাত দিয়েছে তাকেই ধ্বংস করেছে তবে আশার কথা এই যে, সেই ধ্বংসস্তূপের মধ্যে দিয়ে আমরা নূতন সৌধ, নূতন জীবনের স্পন্দন দেখতে পাচ্ছি। সি. এম. ডি. এ. যদিও একটা বিরাট কর্মকান্ড কিন্তু এদের সম্পর্কে সাধারণ মানুষের মনে নানা রকম অভিযোগ রয়েছ। কাজেই এ সম্পর্কে একটা তদন্ত হওয়া উচিত। তারা টাকা পয়সা নিয়ে কি করেছে সেই ব্যাপারে তদন্ত কমিটি করুন। যারা মানুষের সেবা করবার জন্য এসে, সেবাব্রতীর ভূমিকা নিয়ে এসে মানুষের জীবন বিপর্যস্ত করেছে তাদের সম্পর্কে এনকোয়ারি করা দরকার, তাদের মুখোস খুলে দেওয়া দরকার। আমি এবারে সমাজের পশ্চাৎপদ মানুষের কথা কিছু বলতে চাই। তাদের জীবনের মান উন্নয়ন করার জন্য তাদের বাঁচার সুযোগ করে দেওয়া উচিত এবং তাদের মাথা গোজার একটু স্থান করে দেওয়া উচিত। তারপর রাস্তার যানবাহনের যে সমস্ত সমস্যা রয়েছে সেই সমস্যা মুক্ত করবার জন্য যে ব্যবস্থা করা উচিত সেখানে আমরা কি দেখছি? তারপর মাঝে মাঝে কলকাতায় এসে দেখি প্রকৃতির ডাক যার উপর মানুষের কোনও হাত নেই সেই প্রকৃতির ডাকে দরিদ্র মানুষ কি সাংঘাতিক অসুবিধা ভোগ করে। এ ব্যাপারে আমি বিশেষ করে দরিদ্র মানুষের কথা বলব কারণ এই অসুবিধাটা তারাই বেশি ভোগ করে। এই সমস্যা সমাধান করবার জন্য আমার প্রস্তাব হচ্ছে এখানে গণ-ল্যাট্রিনের ব্যবস্থা করুন। আমরা দেখেছি প্রকৃতির আহ্বানে সাড়া দিতে গিয়ে মানুষ অনেক সময় সভ্যতা ভব্যতা হারিয়ে ফেলে। বামফ্রন্ট সরকার পশ্চিম বাংলার মানুষের কাছে দৃপ্ত আহ্বান জানিয়েছেন, কাজেই পশ্চিমবাংলার প্রাণকেন্দ্র কলকাতাকে রক্ষা করবার জন্য আমাদের শ্রদ্ধেয় নেতা জ্যোতিবাবু নিশ্চয়ই তৎপর হবেন, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতি বসু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি কৃতজ্ঞ যে মাননীয় সদস্যরা আমার এই ব্যাপারটা অনুমোদন করে এখানে বক্তব্য রেখেছেন। যে সমস্ত সমালোচনা এখানে হয়েছে, ইতিমধ্যে আমরা সরকার গঠন করবার পর সি. এম. ডি. এ.-র সঙ্গে আলোচনা

করি, তখন মন্ত্রীমন্ডলীর পক্ষ থেকে অনেকে উপস্থিত ছিলেন। আমরা তাদের সঙ্গে আলোচনা করবার সময়, তাদের কাছ থেকে খোঁজ খবর পাবার চেষ্টা করেছি এবং আমরা তাদের জানিয়েছি যে দৃষ্টিভঙ্গি বিগত সরকারের ছিল, সেটা আমাদের নেই। ওরা সমস্ত কিছু বিচার করতেন কত দিনে কত টাকা খরচ হল তার উপর এবং তাকে একটা কৃতিত্বের মতো মনে করতেন। আমরা মনে করি টাকা যেটা খরচ হল তার জন্য সাধারণ মানুষ কি বলছে? তাতে উপকার হচ্ছে কিনা সেটা বলছি না, তারা কি মনে করছে, সেটা আমাদের দেখতে হবে। যাই হোক, আমাদের অনেক কিছুই শুধরে নিতে হবে এবং অনেক কিছু সমালোচনা যা আছে সেগুলোও দেখতে হবে। আমাদের সমালোচনা আছে, প্রতিনিধিদের সমালোচনা আছে, সাধারণ মানুষের সমালোচনা আছে, এগুলি সব একত্রিত করে আমরা যে দ্বিতীয় পর্যায়ে কর্মকান্ডে হাত দিয়েছি, সেই কাজ সার্থক করার জন্য আমাদের যেন প্রচেষ্টা থাকে এবং আশা করি আমরা তাতে সফল হব।

তারপর এখানে একটা কথা বলা হয়েছে, আমরা সে ব্যাপারে একমত—ঐ যে রাস্তা খোঁড়া মাটি খোঁড়া ইত্যাদি অর্থাৎ কোনও রকম কোর্ডিনেশন নেই, সমন্বয় নেই—যে কাজগুলি কোন ডিপার্টমেন্টের, কি ভাবে হচ্ছে, কখন হচ্ছে—যদিও আনুষ্ঠানিকভাবে একটা কমিটির মতো আছে কিন্তু কার্যকর কোনও ব্যবস্থা অন্তত আমরা দেখতে পাইনি। আমরা যারা নাগরিক জনসাধারণের প্রতিনিধি, আমরা দেখতে পাইনি। যারজন্য আমরা বলেছি যে সি. এম. ডি. এ.-তে যারা কাজ করছেন তাদের বলেছি যে আপনারা ভাল কাজও করছেন, রাস্তা চওড়া করছেন, অনেক কিছু ব্যবস্থা করছেন, আলো লাগাচ্ছেন, বস্তির কিছু উন্নয়ন করছেন কিন্তু সমস্ত বিষয়ই আমরা দেখছি যে সমন্বয়ের অভাব এবং সাধারণ মানুষের দিকে না তাকিয়ে করার দরুণ মানুষের যেটা সহযোগিতা এবং সমর্থন পাওয়া দরকার তা পাচ্ছেন না। মানুষ দুই দিন পরই ভুলে যাচ্ছে যে রাস্তাটা চওড়া হয়েছে। কারণ তারা দেখছেন—যে হল বটে কিন্তু কাজটা শেষ হল না। এ এক অদ্ভুত ব্যাপার, কাজটা শেষ হল না। খোঁড়া হল, সব কিছু হল শেষ হল না। তারপর সমস্ত ব্যবস্থা সব কিছু আছে কিন্তু কার্যকর হয় না—যে কে খুড়বেন কে সেটাকে মেরামত করবেন, কোন ডিপার্টমেন্ট পয়সা দেবেন, তারজন্য সমস্ত আনুষ্ঠানিক ভাবে ব্যবস্থা আছে কিন্তু সেটা কার্যকর অন্তত আমরা এই কয়েক বছরে হতে দেখলাম না। কাজেই এগুলি আমাদের নজর দিতে হবে। পরে আরেকটা কথা আমরা তাদের বলেছি—এখন এ সব বাজেটের সময় যখন আলোচনা হবে তখন এসব বলবার কথা—তবুও আমি বলে দিই যে আমাদের যেটা খারাপ লেগেছে যে সি. এম. ডি. এ. কিছুই কাজ করেননি একথা কেউ বলেনি, কাজ করেছেন কিন্তু তাদের বিবৃতি তাদের বিজ্ঞাপন এমন বেরুবে যে মানুষ দেখছেন একরকম আর বিজ্ঞাপন আরেক রকম, এবং এত ভূয়সি প্রশংসা বিজ্ঞাপনে যে বাস্তবের সঙ্গে কোনও সম্পর্ক নেই, মানুষ যাতে ঠিক উল্টোটা মনে করেন। এই ভাবে—কেন যে এই ভাবে হল, এটা বুঝা কঠিন—এই সব বিজ্ঞাপনগুলি লক্ষ লক্ষ টাকা খরচা করে করা হল, বাস্তবের সঙ্গে কোনও সঙ্গতি না রেখে করা হল, সেটা আমরা দেখেছি, খবর এসেছে আমাদের কাছে, আমাদের প্রতিনিধিরা বলেছেন যে কাজ হয়েছে, কিছু যে উন্নতি হয়নি তা নয়—কিন্তু শেষ করা হল না। অর্থাৎ এখানে ল্যাট্রিন করা হল, সমস্ত পাকা পায়খানার ব্যবস্থা করা হল কিন্তু সেটাকে এখান থেকে ঐ বড় পাইপ-

এর সঙ্গে রাস্তার সুয়ারেজের সঙ্গে কানেক্ট করা হল না, কাজেই যখন বৃষ্টি পড়ছে তখন একেবারে সেই বস্তির মধ্যে যেখানে সংস্কারসাধন হয়েছে সেই বস্তির মধ্যে সেখানে ময়লা ভাসতে আরম্ভ করল। সুতরাং যে কাজটুকু হয়েছিল সেটা মানুষ ভুলে গেল, বরং আরও বিরক্তির কারণ তাদের হয়ে গেল, এ জিনিস আমরা দেখেছি। কাজেই আমি সবগুলির মধ্যে যাচ্ছি না, আমাদের সুযোগ আসবে যখন বাজেট আসবে, আপনাদের কথাও শুনব, আমাদের যা বক্তব্য তা তখন রাখবার চেষ্টা করব। আমরা এটাও দেখেছি যে পৌরসভাকে নিয়ে কাজ হচ্ছে সি. এম. ডি. এ.-এর এটা ঠিকই কিন্তু সেই পৌরসভাগুলি প্রায় সবই বাতিল করে দিয়েছিল কংগ্রেসি সরকার ৭২ সালের পর, সমস্ত পৌরসভা করে দিয়েছিল এবং জনপ্রতিনিধিদের কোনও কাজ ছিল না। কলকাতা কর্পোরেশন ওরা নিজের হাতে নিয়েছিলেন, কোনও নির্বাচন ইত্যাদি কিছু হয়নি—কাজেই এই রকম চলছিল। এখন অনেকেই এসে বিশেষ করে আমরা যখন তাদেরকে অধিকার দিচ্ছি, তারা এসে আমাদের বলছেন যে আমাদের অঞ্চলে কাজ হচ্ছে অথচ আমরা কিছু জানি না। কেন কাজ হল, কি হল, আমাদের এগুলি লোকে জিজ্ঞাসা করে—তাহলে আমরা জানলে ঐদিক দিয়ে পাইপ না লাগিয়ে, রাস্তা অমুক জায়গায় না খুলে আমরা বলতে পারতাম, আরও সুষ্ঠভাবে সাধারণ মানুষের সঙ্গে সহযোগিতা নিয়ে এগুলি করা যেত—ঠিক কথা। সেজন্য আমরা এগুলি বিচার করছি, এবং কিছু সংগঠনগত পরিবর্তন, সেই ক্ষেত্রে আমাদের করতে হবে, তারজন্য আইনের কোনও পরিবর্তন আপতত কিছু দরকার নাই। এখানে সামান্য ব্যপারের জন্য আমরা সংগঠনগত—যদিও গুরুত্বপূর্ণ সামান্য ব্যাপারের জন্য সংগঠনগত পবিবর্তন এর সুপারিশ আমরা করেছি। কিন্তু অন্য যেগুলির কথা বলা হচ্ছে সেগুলির জন্য আইনের কিছু পরিবর্তন না করেও আমরা সেগুলির ব্যবস্থা করতে পারি। সুতরাং আমি দেখছি The Calcutta Metropolitan Development Authority shall constitute an Advisory Council for the purpose of advising it on the formulation and co-ordination of plans for the development of Calcutta Metropolitan area.

[2-50 — 3-30 p.m.] (Including adjournment)

এখন কথা তো আছে কিন্তু কি হয়েছে তার? কিছুই হয়নি, কোনও কার্যকর ব্যবস্থা হয়নি। আজকেই আমাদের এত বড় একটা কর্মকান্ড করতে হলে আমি মনে করি—শ্রী হরিপদ ভারতী যেটা বলেছেন সে অবস্থা এখন নেই যে আমরা এইগুলিকে আবার ঐ বিভিন্ন জায়গায় সরিয়ে দেব এবং আমাদের যেটকু কেন্দ্রীভূত করার ব্যবস্থা হয়েছে সেটুকু আমরা ভেঙ্গে দিয়ে নূতন করে আবার সব ব্যবস্থা করব সেটা সম্ভব নয়। যে পরিকল্পনা আছে তার মধ্যে সমন্বয় কি করে করা যায়, জনসাধারণের সহযোগিতা কি করে পাওয়া যায় এবং সেই মিউনিসিপ্যালিটিগুলি, পৌরসভাগুলি যাতে মনে করে যে আমাদের উপর দায়িত্ব দেওয়া হয়েছে। আপনারা নীতি করুন, ঠিক করুন, আপনারা আমাদের টাকাকাড় দেন কিন্তু আমাদের কিছু দায়িত্ব দেন এইগুলিকে কার্যকর করার জন্য। একথাটা আমাদের কাছে এসেছে, আমরা এটা বিচার বিবেচনা করছি। তারপর যেটা বলা হচ্ছে কতকগুলি দুর্নীতির কথা, আমি তার মধ্যে যাচ্ছি না কারণ এত সময় নেই, তবে যেগুলি বলা হয়েছে সেগুলি আমরা দেখব। আমরা শুনেছি, এইমাত্র একটা খবর পেলাম যে স্যান্ড ওয়াসিং মেশিন সেটা নাকি চালু

য়েছে এবং এখন কাজ করছে। তারপর আরও অনেকগুলি বলা হয়েছে, যা হেমেনবাবু লেছেন, অন্যরাও বলেছেন যে দুর্নীতির কথা, সেগুলি আমরা পরবর্তীকালে নিশ্চয়ই দেখব খন আমরা কাজ আরম্ভ করব। আরও একটা কথা আপনাদের কাছে বলতে চাই সেটা চ্ছে যে এত বড় কাজ একটা যখন আমরা করতে চাচ্ছি তখন আমাদের সবটাই দেখতে বে। ঐ কন্ট্রাক্টারদের কথা উঠেছে যে ঠিক কন্ট্রাক্টারদের দেওয়া হয়েছে কিনা, ঠিকভাবে দওয়া হয়েছে কিনা, এইগুলি নিশ্চয়ই আমাদের দেখতে হবে। কারণ এই ব্যাপারে আমাদের াছে কতকগুলি অভিযোগ আছে যে যারা নাকি সি. এম. ডি. এ.-র নেতৃত্ব দিয়েছেন, মন্ত্রী ত্যাদি, নিজেদের লোককে দিয়েছেন, এটা কংগ্রেসের পক্ষেই স্বাভাবিক। নিজেদের এলাকার ্যবস্থা তারা করে নিয়েছেন। এই সব আছে, এই সব আমরা দেখছি, যে অভিযোগ আমাদের াছে এসেছে সবগুলিই আমরা দেখছি এবং এটা আপনাদের কাছে বলতে চাই যে আমরা টা উত্তরাধিকার সূত্রে পেয়েছি। সি. এম. ডি. এ.-র এখন যে কাজ শুরু হয়েছে, আমরা দি মনেও করি তাহলেও এটাকে সম্পূর্ণ বদলে মূলগতভাবে সেটা কি আমরা করতে ারি—আমরা পারি না, সম্ভব নয়। কাজটা এখানে চলছে কেন্দ্রীয় সরকারের টাকায়। এখানে য়ার্ল্ড ব্যাঙ্কের টাকা আছে। এর কতকগুলি গাইড লাইন্স আছে, আমাদের তার মধ্যে দাঁড়িয়ে রতে হবে। তবুও যখন নাকি ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রতিনিধিরা আমাদের সঙ্গে আলোচনা করতে সেছিলেন তখন আমরা তাদের সঙ্গে আলোচনা করেছি, করে এই দ্বিতীয় পর্যায় যে কাজ মামাদের শুরু হচ্ছে সে সম্বন্ধে আমরা বলেছি যে মূলগত আপনারা যা বলছেন সেই কাজ মামরা করতে চাই এবং যেটা ৪ বৎসর আমাদের সময় আছে তার মধ্যেই আমরা করতে াই, এর সবই আমরা করে দিচ্ছি ব্যবস্থা কিন্তু তারই মধ্যে আমাদের একটু আলাদা দৃষ্টিভঙ্গি মাছে এবং আমরা সেইগুলিকে নিয়ে কতটা কি অদলবদল করতে চাই, পরিবর্তন করতে াই, সেগুলি আমাদের সঙ্গে যখন তাদের কথা হবে অক্টোবর মাসে তখন আমরা সেগুলি ানিয়ে দেব এবং এই বিল হয়ে যাচ্ছে, এরপর এটা আইনে পরিণত হয়ে যাচ্ছে, আমরা মাগেই আপনাদের বলেছি আমাদের এটা নিয়ে আবার বসতে হবে। ইতিমধ্যেই আমাদের তিনিধিরা ওয়াশিংটনে যাচ্ছে এবং সেখানে গিয়ে কয়েকদিন থেকে তারা সমস্ত ব্যবস্থা করে লে আসবে এবং তারপর আরও ব্যাপকভাবে আমরা কাজ আরম্ভ করতে পারব। আর ন্য যে সব পৌরসভার কাজের কথা বলা হয়েছে, মেন্টিনেন্সের কথা বলা হয়েছে, এটাও লদপূর্ণ আছে। কারণ সি. এম. ডি. এ.-তে মেনটেন কররার কোনও কথা নেই। এটা যখন রিকল্পনা হয় তখনি ওরা বারবার এটা পরিষ্কার করে বলে দেন যে এই পরিকল্পনা আমরা হণ করছি—তারা তখন এটা অদলবদল করার কোনও প্রচেষ্টা করেছিলেন কিনা জানি না, কিন্তু তখনি এটা ঠিক হয়েছে যে আমরা করে দেব, আমরা রাস্তা করে দিলাম, আমরা পার্ক রে দিলাম, আমরা জলের ব্যবস্থা করে দিলাম, আমরা বস্তি উন্নয়নের ব্যবস্থা করে দিলাম কিন্তু এইগুলির মেনটিনেন্স আপনাদের। আপনাদের মানে পৌরসভাগুলির। পৌরসভাগুলি যদি মনটেন করতে না পারে তাহলে আমাদের সরকার কিভাবে সেগুলি মেনটেন করবে সেটা ারা ঠিক করবে। এবং এইভাবে সবাই বুঝতে পারছি ভয়ঙ্কর সমস্যা, জটিল সমস্যা। দিকে আমরা এত টাকা তৃতীয় পর্যায়ে খরচ করছি, কিন্তু তারপরে কে এগুলি মেনটেন রবে সেই ব্যবস্থাগুলি করে নেওয়া দরকার, রাস্তা শুরু হবে বৃষ্টির পর, তার তোড়জোর রছি, পরবর্তীকালে যদি আবার ভুলে যাই, গতানুগতিকভাবে যেমন চলছে, তেমনি চলে

তবে উন্নয়ন করে কোনও লাভ নেই, এটা আমরা দেখেছি। আমি কিছু প্রাইওরিটির কথা বলেছি, যেগুলি বদলাতে হচ্ছে, আমি বিশদভাবে তার ভিতর যাচ্ছি না। একথাগুলি বলে আর একবার আপনার অনুমোদনের জন্য এই খসড়া আইন রাখছি।

The Motion of Shri Jyoti Basu that the Calcutta Metropolitan Development Authority (Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 7 and Preamble**

The Question that Clauses 1 to 7 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Jyoti Basu :** Sir, I beg to move that the Calcutta Metropolitan Development Authority (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

(At this stage the House was adjourned till 3.30 p.m.)

[3-30 — 3-40 p.m.]

**শ্রী সন্দীপ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয় আপনার মাধ্যমে এই হাউসের নজরে আনতে চাচ্ছি। সেটা হচ্ছে এই যে কালকে যদিও পরিবহন মন্ত্রী বললেন যে পরিবহন ব্যবস্থা কিছু উন্নতি হয়েছে কিন্তু দেখতে পাচ্ছি ৮০, ৮০এ, ৮০বি বাস বন্ধ হয়ে আছে। এতে যাত্রীদের যে কি দুরবস্থা তা সকলেই অনুধাবন করতে পারছেন। এবং বিশেষ করে আমি যেটা বলতে চাচ্ছি যে কালকে ওয়ার্কাস ইউনিয়নের পক্ষ থেকে একটা স্ট্রাইকের নোটিশ দিয়েছে। সেই ব্যাপারে সিন্ডিকেটের সঙ্গে আলোচনার জন্য তারা যখন থানায় মিটিংয়ে বসেছিল ঠিক সেই সময় ইউনিয়নের সঙ্গে জড়িত নয় অপর একদল লোক লাল ঝান্ডা নিয়ে ইউনিয়ন অফিস দখল করে বসে আছে। এতে বাস চলাচলের নিশ্চয়তা আরও সংকটজনক হয়ে পড়েছে। আমি এটা পরিবহন মন্ত্রীর নজরে আনতে চাচ্ছি যাতে অচিরে হস্তক্ষেপ করে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে তার যেন তিনি অবসান ঘটান।

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No. 74

**Major Head :** 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)

### Demand No. 26

Major Head : 260—Fire Protection and Control.

**শ্রী প্রশান্তকুমার শূর :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রাজ্যপাল মহাশয়ের সুপারিশক্রমে আমি ১৯৭৭-৭৮ সালের জন্য ডিমান্ড নং ৭৪ : "৩৬৩—কমপেনসেশন অ্যান্ড এসাইনমেন্ট টু লোকাল বডিস অ্যান্ড পঞ্চায়েতি রাজ ইন্সটিটিউসন্স

(এক্সক্লুডিং পঞ্চায়েত)" খাতে মোট ১৭ কোটি ২৭ লক্ষ ৫৪ হাজার টাকার ব্যয়বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব এই সভায় অনুমোদনের জন্য উত্থাপন করছি। এই বরাদ্দের মধ্যে গত মার্চ ও জুন মাসে ভোট অন অ্যাকাউন্ট বাবদ যে ৮,৮১,৫৮,০০০ টাকা মঞ্জুর করা হয়েছিল তা অন্তর্ভুক্ত করা হয়েছে। যেসব ব্যয় নির্বাহের জন্য এই ভোট বরাদ্দ ধরা হয়েছে সেগুলি হ'ল ঃ

(১) কলকাতা পৌরসভার জন্য অকট্রয় আদায়ের অংশ বাবদ ৩ কোটি ৪৯ লক্ষ টাকা ;

(২) কলকাতা মেট্রোপলিটান এলাকার অন্যান্য পৌর-প্রতিষ্ঠানগুলিকে দেয় অকট্রয় আদায়ের অংশ বাবদ ২ কোটি ৭৫ লক্ষ টাকা ;

(৩) কলকাতা মেট্রোপলিটান এলাকা-বহির্ভূত পৌরপ্রতিষ্ঠানগুলিকে দেয় অকট্রয় আদায়ের অংশ বাবদ ১ কোটি ৩০ লক্ষ টাকা ;

(৪) কলকাতা মেট্রোপলিটান ডেভেলপমেন্ট অথরিটিকে দেয় অকট্রয় আদায়ের অংশ বাবদ ৭ কোটি ৩৪ লক্ষ ৩৯ হাজার টাকা ;

(৫) যানবাহনের উপর আদায়িকৃত করের অংশ বাবদ কলকাতা পৌরসভাকে দেয় ১ কোটি ২০ লক্ষ ৭৫ হাজার টাকা ;

(৬) যানবাহনের উপর আদায়াকৃত করের অংশ বাবদ অন্যান্য পৌর-প্রতিষ্ঠানগুলিকে দেয় ৪০ লক্ষ ২৫ হাজার টাকা ;

(৭) রাজনৈতিক কারণে দার্জিলিং জেলায় অধিকৃত কিছু জমির পরিবর্তে নির্দিষ্ট অনুদান বাবদ ৪ হাজার ৭ শত টাকা, জমিদারির মালিকানার স্বত্বত্যাগকারিদের পূর্ববর্তী পাওনা বাবদ ১ শত টাকা এবং বৃটিশ আমল হইতে হাট ও বাজার থেকে লভ্যাংশ আদায়ে বঞ্চিত ব্যক্তিগত মালিকদের ক্ষতিপূরণ বাবদ ৮ হাজার টাকা ;

(৮) যে সমস্ত ধর্মীয় বা দাতব্য প্রতিষ্ঠানের দায়িত্ব সরকারের উপর ন্যস্ত, সেই সমস্ত প্রতিষ্ঠানকে তাদের বাৎসরিক আয়ের সমপরিমাণ অর্থ এস্টেট ল্যান্ড অ্যাকুইজিশন আইনানুযায়ী ক্ষতিপূরণ বাবদ প্রদেয় মোট ৭৫ লক্ষ টাকা ;

(৯) এস্টেট ল্যান্ড অ্যাকুইজিশন আইনানুযায়ী বর্তমানে সরকারের উপর ন্যস্ত গ্রামের চৌকিদারদের জন্য দখলিকৃত জমির উপর পূর্বতন জমিদারদের স্থানীয় পৌরসংস্থাকে প্রদত্ত টাকার ক্ষতিপূরণ বাবদ দেয় ৩ লক্ষ টাকা ;

(১০) পৌর ও অন্যান্য প্রতিষ্ঠানকে দেয় ভ্যাকসিনেশন আইনানুযায়ী ১০০ টাকা এবং পুলিশ আইন অনুযায়ী, ১ হাজার টাকা, বার্থ ও ডেথ রেজিস্ট্রেশন আইনানুযায়ী ১ শত টাকা এবং পেট্রোলিয়ান আইনানুযায়ী ১ হাজার টাকা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এই ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন প্রসঙ্গে আমি এই রাজ্যে পৌর প্রশাসন ব্যবস্থা সম্বন্ধে কিছু বলতে চাই।

১৯৭১-৭২ সাল থেকে এশিয়ার মুক্তিসূর্যের প্রখর উত্তাপে পুড়ে ছাই হয়ে যাওয়া গণতন্ত্রের কল্যাণে প্রতিষ্ঠিত কংগ্রেসি শাসন বহু যুগের ঐতিহ্যমন্ডিত সমস্ত সামাজিক ব্যবস্থার উপর যে দানবীয় তান্ডব শুরু করে, রাজ্যের পৌর প্রশাসন ব্যবস্থাও তার হাত থেকে রেহাই পায়নি। অতীতে সরকারের এই বিভাগটির নাম ছিল স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগ। এই নামকরণের নেপথ্যে ছিল বহু রক্তক্ষয়ী আন্দোলন—যার পুরোধা ছিলেন রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, দেশবন্ধু চিত্তরঞ্জন, নেতাজি সুভাষচন্দ্র—যাদের নাম দেশবাসী আজও সশ্রদ্ধচিত্তে স্মরণ করে। জাতীয়তাবাদী আন্দোলনের ফলশ্রুতি, 'স্থানীয় স্বায়ত্তশাসন'-এর সঙ্গে যুক্ত ছিল এই নাম। সেসব কথা বিন্দুমাত্র চিন্তা না ক'রে কংগ্রেসের নেতারা এর নাম দিলেন 'পৌর প্রশাসন বিভাগ', যে নামটি উচ্চারিত হবার সঙ্গে সঙ্গে মানুষের মনে পড়ে ঝাড়ু ও নর্দমার কথা, মনে পড়ে না স্থানীয় শাসনব্যবস্থা নামাঙ্কিত সেইসব প্রতিষ্ঠানের কথা যার পুরোভাগে একদিন চিল কলকাতা পৌরসভা, যার প্রধানের আসন থেকে এককালে পরিচালিত হ'ত সারা দেশের মুক্তি-সংগ্রাম। আমি এই সভাকে ভেবে দেখতে অনুরোধ করব, মুক্তিসূর্যের মানস সন্তানের দেওয়া এই নামটি এখনও বহাল থাকবে কিনা।

মাননীয় সদস্যগণ, পৌর প্রশাসন বিভাগের অধীনে কলকাতা পৌরসভা ছাড়া চন্দননগর কর্পোরেশন সহ ৯২টি পৌরসংস্থা, ৩টি নোটিফাইড এরিয়া অথরিটি এবং ৪টি টাউন কমিটি আছে। ক্রমবর্ধমান শহরাঞ্চলে নাগরিক সুযোগ-সুবিধা প্রসারণকল্পে ও স্থানীয় স্বায়ত্তশাসন চালু করার জন্য সরকার পৌরসভা স্থাপন করেন।

মাননীয় সদস্যগণ, দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের পতনের পরে পশ্চিমবঙ্গে ধীরে ধীরে আধাফ্যাসিস্ত সন্ত্রাস কায়েম হয়। কংগ্রেসের নেতৃত্বে ছাত্র ও যুবদের দুই বেসরকারি বাহিনীর অভ্যুদয় হয়। সরকারি প্রশাসনের যোগসাজসে এই বাহিনী নাগরিকদের সমস্ত গণতান্ত্রিক অধিকার কেড়ে নেয় ব্যক্তি-স্বাধীনতা হরণ করে, নাগরিক জীবনে নেমে আসে এক অন্ধকারের যুগ।

১৯৭২ সালের সাধারণ নির্বাচন এই সন্ত্রাসের মধ্যেই অনুষ্ঠিত হয় এবং কংগ্রেসি মস্তান বাহিনীর দাপটে নির্বাচন প্রহসনে পরিণত হয়। এইভাবে কংগ্রেস ক্ষমতা দখল করে। ক্ষমতা দখলের দুদিনের মধ্যেই মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় কলকাতা পৌরসভাকে বাতিল ক'রে দেন। ১৯৭২ সালের ২২শে মার্চ এক অর্ডিন্যান্স জারি ক'রে কলকাতা পৌর আইনের ৪৭(গ) ধারা সংশোধন করা হয়। এই সংশোধনের ফলে পৌরসভা বাতিল করবার পূর্বে কারণ দর্শাবার যে আইনানুগ সুযোগ ছিল তা হরণ ক'রে নেয়। আইনের সংশোধন ক'রে ঐ দিনই তড়িঘড়ি ক'রে একজন উচ্চপদস্থ আমলাকে পৌরসভার প্রশাসক হিসাবে নিয়োগ করা হয়। নির্বাচিত পৌর প্রধানের সাময়িক অনুপস্থিতির সুযোগে প্রশাসক এসে পৌর প্রধানের আসন দখল ক'রে নেয়। এইভাবে দেশবন্ধু চিত্তরঞ্জনের বংশের এক কলঙ্কিত নায়ক মেয়রের পবিত্র আসনকে সেদিন কলুষিত করে।

[3-40 — 3-50 p.m.]

মাননীয় সদস্যগণ, একবার অনুধাবন করুন, কল-কারখানায় চাকরি করে যে শ্রমিক, চাকরি থেকে ছাঁটাই করতে হ'লে তাকেও একটা আগাম নোটিশ দিতে হয়। কিন্তু কলকাতার প্রথম নাগরিককে, দেশের অন্যতম শ্রেষ্ঠ গণতান্ত্রিক প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিকে তার আসন থেকে অপসারিত করার প্রাক্কালে কোনও নোটিশ দেবার সৌজন্য বা প্রয়োজনীয়তাও ঐ বর্বর সরকার বোধ করল না। সেদিন থেকে স্বজনপোষণ, স্বার্থসিদ্ধি, দুর্নীতি প্রভৃতির পীঠস্থানে পরিণত হ'ল এই পৌরসভা এবং অতীতের সমস্ত রেকর্ড ম্লান ক'রে দিয়ে অপশাসনের এক নূতন ইতিহাস সৃষ্টি হ'ল এই পৌরসভায়। সরকারি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী আর তার মস্তান বাহিনীর দাপটে যে ইতিহাস সৃষ্টি হ'ল পৌর-প্রতিষ্ঠানে তার সমগ্র বিবরণ শুনলে যে-কোনও শুভবুদ্ধিসম্পন্ন মানুষই শিউরে উঠবে।

মাননীয় সদস্যগণ, এই পৌরসভায় কংগ্রেসি আমলে যে পদ্ধতিতে শ্রমিক-কর্মচারী নিয়োগ করা হয়েছে তার নজির পাওয়া বিরল। চাকরির যোগ্যতা নির্ণয়ে সেখানে কোনও মানদন্ড ছিল না। একমাত্র যে নিরিখে চাকরি দেওয়া হ'ত, সেটা হ'ল মন্ত্রীর হুকুম তামিল করা। এইভাবে আমরা দেখি অনেক অপদার্থ অযোগ্য কংগ্রেসি মস্তানদের চাকরি দেবার জন্য নূতন নূতন পদের সৃষ্টি করা হয়েছিল। নজির হিসাবে বলা যায় এই ধরনের একজন অযোগ্য ব্যক্তিকে চাকরি দেবার জন্য শিক্ষা দপ্তরে একটা উচ্চ পদ সৃষ্টি করা হয় এবং সরাসরি তাকে নিয়োগ করা হয়। পরবর্তী কালে দেখা যায় তিনি লোকসভা নির্বাচনে কংগ্রেস প্রার্থী হিসাবে মনোনয়ন পেলেন। পৌরসভায় নিযুক্ত বাহিনীদের এর নির্বাচনী প্রচারে নিয়োজিত করা হ'ল।

মাননীয় সদস্যগণ, আমি এমন নজিরও দিতে পারি যে, ৫০০/৬০০ টাকা আয় করেন এমন একজন পৌর কর্মচারীকে মন্ত্রী মহোদয় নিজের অপদার্থতা ঢাকবার জন্য পর্যায়ক্রমে উচ্চ অঙ্গনে স্থান দিলেন, তার জন্য একটা বিশেষ পদ সৃষ্টি করলেন যার মাস মাহিনা ১,৫০০ টাকা থেকে ২,০০০ টাকা। এই ধরনের উচ্চ পদের জন্য শিক্ষার যে মান থাকা দরকার তাও দেখবার প্রয়োজন মনে করলেন না ; উচ্চপদস্থ অফিসার নিয়োগের সমস্ত নিয়মকানুন লঙ্ঘন করলেন। ঐ পদের মেয়াদ শেষ হয়ে গেলেও এবং নতুন ক'রে পদ সৃষ্টির অনুমতি না মিললেও তাকে অন্যায়ভাবে আরও কয়েক বছরের জন্য চাকরিতে বহাল রাখলেন। এইভাবে পৌর প্রশাসনে এক অরাজকতার সৃষ্টি করলেন।

মাননীয় সদস্যগণ, আপনারা শুনে অবাক হবেন যে, পৌর প্রশাসনের ভারপ্রাপ্ত মন্ত্রী পৌর আইনের বাধানিষেধ লঙ্ঘন ক'রে, পৌর আইনের অপব্যাখ্যা ক'রে একাধিকবার বিদেশে বিশেষ সম্মেলনে উপস্থিত থাকার অজুহাতে বিমানে সস্ত্রীক বিলাসভ্রমণে পৌর-প্রতিষ্ঠানের প্রায় অর্ধ লক্ষ টাকার অপচয় করলেন।

মাননীয় সদস্যগণ, এবার আমি মফস্বলের পৌরসংস্থাগুলি সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। কলকাত পৌর-প্রতিষ্ঠানের অধিকার যেভাবে কেড়ে নিয়ে এই প্রতিষ্ঠানকে কংগ্রেসের কুক্ষিগত করা হয়েছিল, ঠিক তেমনি অনেকগুলি মিউনিসিপ্যালিটিতে নির্বাচিত কমিশনারদের

ক্ষমতাচ্যুত ক'রে সেখানে একজিকিউটিভ অফিসার বসানো হয়েছিল। বিশেষ ক'রে যে সব মিউনিসিপ্যাটিতে যুক্তফ্রন্ট-এর শরিক দলগুলির নির্বাচিত প্রতিনিধিরা সংখ্যাগরিষ্ঠ হয়ে বোর্ড পরিচালনা করছিলেন, সেসব মিউনিসিপ্যালিটিতে এইভাবে ক্ষমতার অপপ্রয়োগ করা হয়। এছাড়া আরও কয়েকটি মিউনিসিপ্যালিটি বাতিল ক'রে দিয়ে প্রশাসক বসিয়ে দেওয়া হয়েছিল। অন্যদিকে বঙ্গীয় পৌর আইনে মিউনিসিপ্যালিটিগুলির যে স্বাধিকার ছিল আইনের ৬৬নং ধারা সংশোধন ক'রে মিউনিসিপ্যালিটিগুলির সে অধিকার প্রায় সমস্তই কেড়ে নেওয়া হয়েছিল। ঐ সংশোধনীর ফলে সরকারের অনুমতি ভিন্ন কোনও পদ সৃষ্টি করা বা কোনও নিয়োগপত্র দেওয়া সম্ভব ছিল না। আইন সংশোধন ক'রে পৌর-সংস্থাগুলির ক্ষমতা হরণ করা হ'ল বটে কিন্তু কংগ্রেসের দলীয় স্বার্থের প্রয়োজনে সেই সংশোধিত আইনকে লঙ্ঘন ক'রে সরকারের বিনা অনুমতিতে শত শত মস্তানকে চাকরির যোগান দিতে কোনও অসুবিধাই হ'ল না। এদের যোগ্যতার কোনও মানদন্ড ছিল না, শিক্ষার মানেরও প্রশ্ন ছিল না, বয়সের সীমাও বাধা হিসাবে দেখা দেয়নি, নিয়োগ সংক্রান্ত সমস্ত রীতিনীতি উপেক্ষা ক'রেই এদের নিয়োগ করা হয়েছিল। বর্তমানে এরা পৌর-প্রতিষ্ঠানের পক্ষে একটা মস্ত বোঝা হিসাবে দাঁড়িয়েছে। কারণ তাদের দিয়ে আর যাই করা যাক, পৌর-প্রতিষ্ঠানের কোনও কাজ করানো যায় না। যে পৌর-প্রতিষ্ঠানগুলি আর্থিক সংকটের দরুন নাগরিকদের প্রাত্যহিক জীবনের কোনও সমস্যারই সমাধান করতে পারছে না সেখানে শত শত মস্তান বাহিনীকে চাকরি দিয়ে পৌর-সংস্থাগুলিকে আর্থিক দায়ে ভারাক্রান্ত করা হ'ল এবং নাগরিকদের সুযোগ-সুবিধা দেবার ক্ষমতা আরও সংকুচিত হ'ল।

বর্তমান সরকার দায়িত্ব গ্রহণ করার সাথে সাথেই যে ৩৯টি প্রতিষ্ঠানে একজিকিউটিভ অফিসার বসানো হয়েছিল তাদের ফিরিয়ে আনা হয় এবং নির্বাচিত কমিশনারদের হাতে পৌরসংস্থাগুলির দায়িত্ব ফিরিয়ে দেওয়া হয়।

মাননীয় সদস্যগণ, আমি আপনাদের দৃষ্টি আর একটি বিষয়ের প্রতি আকর্ষণ করতে চাই, সেটা হ'ল দীর্ঘদিন ধ'রে পৌর-প্রতিষ্ঠানগুলিতে নির্বাচন না ক'রে বাস্তুঘুঘুদের হাতে ক্ষমতা কুক্ষিগত ক'রে রাখা। বেশির ভাগ পৌরসংস্থার মেয়াদ শেষ হয়ে যাওয়া সত্ত্বেও নির্বাচন অনুষ্ঠানের কোনও প্রস্তুতিই নেওয়া হ'ল না বরং বছরের পর বছর তাদের মেয়াদ বৃদ্ধি ক'রে যেতে থাকল। নির্বাচন কেন তারা করলেন না সেটা বুঝতে আপনাদের অসুবিধা হবার কথা নয়। কংগ্রেস জনসাধারণ থেকে বিচ্ছিন্ন, নির্বাচন হ'লে পৌরসংস্থাগুলি তাদের হাতছাড়া হয়ে যাবে এতে তাদের কোনও সন্দেহ ছিল না। তাই যতদিন সম্ভব এই মধুচক্রগুলির মধু আহরণ করার সুযোগ তারা ছাড়তে চাইছিলেন না। দেশ স্বাধীন হবার পর সাধারণ মানুষ এ আশাই করেছিলেন যে, স্বায়ত্তশাসনের অধিকার আরও সম্প্রসারিত হবে, কিন্তু বিগত দিনের কংগ্রেস শাসনে এটাই দেখা গেল যে, সেই স্বায়ত্তশাসনের অধিকার প্রসারিত হবার পরিবর্তে সঙ্কুচিত হ'ল।

আমরা ইতিমধ্যেই ঘোষণা করেছি যে, নভেম্বর মাসের শেষের দিকে পৌরসভাগুলির নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠু এবং অবাধ নির্বাচনের জন্য প্রয়োজন ছিল ভোটার তালিকা নতুন ক'রে প্রস্তুত করা, কিন্তু এই দায়িত্ব হ'ল ইলেকশন কমিশনারের। এ ব্যাপারে আমরা তাদের

লিখছি, তা সত্ত্বেও আমাদের সন্দেহ যে, এই অল্প সময়ের মধ্যে তা সম্ভব নাও হ'তে পারে। তাই আমরা নাগরিকদের আবেদন জানিয়েছি তারা যেন নিজেরা দরখাস্ত ক'রে দশ পয়সা ফি জমা দিয়ে নিজেদের নাম তালিকাভুক্ত করেন বা কোনও নাম সংশোধন করার থাকলে বা বাতিল করতে হ'লে তা যেন অনতিবিলম্বে করেন। নির্বাচন অনুষ্ঠিত হবার পূর্বে বঙ্গীয় পৌর আইনের কিছু সংশোধনী হওয়া একান্ত জরুরি হয়ে দাঁড়িয়েছে। বর্তমান সরকার ইতিমধ্যেই একটা কমিটি গঠন করেছেন, কমিটির সুপারিশও আমাদের হাতে এসেছে। আমাদের ইচ্ছা আছে এই অধিবেশনেই সেই সংশোধনী মাননীয় সদস্যদের বিচারের জন্য আনতে পারব।

পৌর-প্রতিষ্ঠানগুলির মূল সমস্যা হ'ল আর্থিক সমস্যা। ঘরবাড়ির উপর ট্যাক্স বসিয়ে বা লাইসেন্স ফি আদায় ক'রে তাদের যে আয় হয় সেই আয় দিয়ে পৌরসংস্থাগুলো নাগরিকদের সামান্যতম চাহিদাও মেটাতে পারে না। বর্তমানে বেশির ভাগ মফস্বলের পৌরসংস্থাগুলিতে পানীয় জলের কোনও ব্যবস্থা নেই, জল নিষ্কাশনের কোনও ব্যবস্থা নেই, রাস্তাঘাট নেই বললেই চলে, আবর্জনা পরিষ্কার হয় না। এসব শহরে এখনও মধ্যযুগীয় ব্যবস্থাই চলছে। শত সহস্র খাটা পায়খানার ময়লা মাথায় ক'রে সরাতে হয়। একটা অস্বাস্থ্যকর পরিবেশে ঘিঞ্জি এলাকায় বহু লোককে বসবাস করতে হয়। পরিকল্পনাবিহীন গ'ড়ে ওঠা এই শহরগুলির বেশির ভাগ অঞ্চলই বস্তিতে পরিণত হয়েছে। তাদের দুরবস্থার কথা না বলাই ভাল—তারা পশুর জীবন যাপন করে। এই অস্বস্তিকর অবস্থার অবশ্যই অবসান হওয়া একান্ত প্রয়োজন। এই পৌরসংস্থাগুলিতে প্রায় ৩৫,০০০ শ্রমিক-কর্মচারী কাজ করে। এই শ্রমিক-কর্মচারীরা যে মজুরি পায় সেই মজুরি দিয়ে তাদের দুবেলার অন্ন-সংস্থানও হয় না। অথচ পৌরসংস্থাগুলোর আয় এত সীমাবদ্ধ যে, তাদের পক্ষে শ্রমিক-কর্মচারিদের ন্যায্য দাবি মেনে নেওয়াও সম্ভবপর নয়।

মাননীয় সদস্যগণ, এতদসত্ত্বেও আমরা মনে করি তাদের কিছু মজুরি-বৃদ্ধি হওয়া প্রয়োজন। পূর্বেকার সরকার দুটো পে কমিটি গঠন করেছিল। তাদের সুপারিশও বেরিয়েছে কিন্তু তা নিয়ে শ্রমিক-কর্মচারিদের মধ্যে কিছু বিক্ষোভ আছে। তাই আমরা একটা পে রিভিউ কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছি এবং রিভিউ কমিটির সুপারিশ সাপেক্ষে প্রতিটি শ্রমিক-কর্মচারীকে মাসিক দশ টাকা ক'রে অন্তর্বর্তীকালীন রিলিফ দেবার ঘোষণা করেছি। আমরা মনে করি পূজা বা ঈদের মতো উৎসবের সময় তাদের মুখে একটু হাসি ফোটাবার চেষ্টা আমাদের করা উচিত। তাই সরকারের পক্ষ থেকে আমরা ঘোষণা করেছি যে, তাদের এক মাসের মজুরি অনুদান হিসাবে দেওয়া হবে।

[3-50 — 4-00 p.m.]

কলকাতা পৌর-প্রতিষ্ঠানেও একই হাল। বিগত কংগ্রেস পরিচালনাধীনে পৌর-প্রতিষ্ঠানে অবনতি ভিন্ন উন্নতির কোনও লক্ষ্মণ দেখা যায়নি। কলকাতায় ১,৯০০ রাস্তা আছে যার দৈর্ঘ্য প্রায় এক হাজার মাইল। কয়েকটি রাস্তা ভিন্ন বেশির ভাগ রাস্তাই যানবাহন চলাচলের অযোগ্য। বিশেষ ক'রে উত্তর কলকাতা এবং পূর্ব কলকাতার বহু রাস্তা খানাডোবায় পরিণত হয়েছে বললেই চলে। অনেক রাস্তায় বাস যাতায়াত বন্ধ হয়ে গেছে। এই রাস্তা মেরামতির জন্য কলকাতা পৌর-প্রতিষ্ঠানের বাৎসরিক ছয় কোটি টাকার প্রয়োজন। কিন্তু পৌর-প্রতিষ্ঠানের

পক্ষে ইতিপূর্বে ৫০/৬০ লক্ষ টাকার বেশি ব্যয় করা সম্ভব হয়নি। কেবলমাত্র গত আর্থিক বছরের ৩০এ মার্চ এক কোটি টাকা বাজেটে ধরা আছে, কিন্তু যে টাকা ব্যয় করা যায়নি। এ ছাড়াও সি. এম. ডি. এ.-র তহবিল থেকে আরও ৭০/৭৫ লক্ষ টাকার ব্যবস্থা করা যাবে। এইভাবে এই বছর রাস্তা মেরামতির জন্য প্রায় তিন কোটি টাকা ব্যয়ের ব্যবস্থা হয়েছে। এই টাকার যাতে সদ্ব্যবহার হয় এবং ঠিকাদাররা এর একটা বড় অংশ আত্মসাৎ করতে না পারে তার জন্য রাস্তা মেরামতির জন্য একটা নতুন ইঞ্জিনিয়ারিং শাখা খোলা হয়েছে এবং এর দায়িত্বে একজন অভিজ্ঞ চিফ রোড ইঞ্জিনিয়ারকে নিয়োগ করা হয়েছে। মাননীয় সদস্যগণ, আপনারা বুঝতে পারছেন যেখানে রাস্তা মেরামতির জন্য ছয় কোটি টাকার প্রয়োজন সেখানে আমরা মাত্র তিন কোটি টাকার ব্যবস্থা করতে পেরেছি। সুতরাং এই বৎসর সমস্ত রাস্তায় মেরামতির কাজ শুরু করা যাবে না। আমরা অগ্রাধিকার দিয়ে বড় বড় রাস্তাগুলো মেরামত করতে চাই ; বিশেষ ক'রে, যে রাস্তা দিয়ে ট্রাম-বাস চলাচল করে। বাকি রাস্তাগুলো যাতে চলার মতো করা যায় তা করা হবে। কলকাতার রাস্তাঘাটের রক্ষণাবেক্ষণ সম্পর্কে কিছু অসুবিধার কথাও আপনাদের জানা থাকা প্রয়োজন। পৌর এলাকায় অনেকগুলি সংস্থা কাজ করছে, যেমন, সি. এম. ডি. এ., সি. আই. টি. সি. এম. ডবলু. এস. এ., সি. ই. এস. সি., টেলিফোন, সি. টি. সি. পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং, কলকাতা পৌর প্রতিষ্ঠান প্রভৃতি। বিভিন্ন কাজে এইসব সংস্থা রাস্তা খনন করে এর ক্ষতিসাধন করে। কিন্তু সময়মতো মেরামতি না হওয়া বা সংস্থাগুলির মধ্যে সুষ্ঠু সমন্বয় না থাকার দরুণ খুবই অসুবিধার সৃষ্টি হচ্ছে। ইতিমধ্যে বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের নিয়ে একটি সমন্বয় কমিটি গঠিত হয়েছে এবং প্রয়োজনে রাস্তা খোঁড়া হ'লে সেটা যাতে তখনই মেরামতি হয় তার জন্য পৌর-প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ারিং বিভাগে একটি নতুন শাখা খোলা হয়েছে—যাদের দায়িত্ব থাকবে শুধুমাত্র এই ধরনের রাস্তা মেরামতি করা।

কলকাতা পৌর এলাকার পানীয় জলের যে ব্যবস্থা আছে প্রয়োজনের তুলনায় তা একান্তই অপ্রতুল। বর্তমানে পলতা থেকে ১৩০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হয়ে থাকে, কিন্তু জল বিভিন্ন অঞ্চলে সমভাবে বন্টন করার ব্যবস্থা না থাকায় শহরের অনেক অঞ্চলেই জল পাওয়া যায় না। শহরের দক্ষিণে পূর্বতন টালিগঞ্জ মিউনিসিপ্যাল অঞ্চলে পলতা-টালার জল যাবার কোনও ব্যবস্থা নেই, তাই সেখানে বৃহৎ নলকূপ বসিয়ে জল-সরবরাহের ব্যবস্থা হয়েছে। কিন্তু পরিকল্পনা অনুযায়ী কাজ না হওয়ায় এবং পর্যাপ্ত জলের পাইপ না বসানোর ফলে তীব্র জলকষ্ট দেখা দিয়েছে। এগুলো নিয়ে শহরের বিভিন্ন অঞ্চলে প্রায় ২০০টি বৃহৎ নলকূপ রয়েছে সেগুলো থেকে আড়াই কোটি গ্যালন জল পাওয়া যায়। কিন্তু এসব নলকূপ বেশিদিন চালু থাকে না তাই প্রতিনিয়ত এগুলোর স্থলে নতুন নলকূপ বসানোর প্রয়োজন হয়ে পড়ে। ইতিমধ্যেই বহু নলকূপ খারাপ হয়ে গেছে, আমরা চেষ্টা করছি সি. এম. ডি. এ. থেকে টাকা নিয়ে আরও কিছু টিউবওয়েল বসানো যায় কিনা। এছাড়া বহু অঞ্চল আছে, বিশেষ ক'রে বস্তি অঞ্চল, যেখানে পানীয় জলের কোনও ব্যবস্থাই নেই। এইসব অঞ্চলে ছোট ছোট নলকূপ বসিয়ে জল-সরবরাহের প্রচেষ্টা হচ্ছে বটে কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় নিতান্তই অকিঞ্চিৎকর। ইতিমধ্যেই সি. এম. ডি. এ.-র তহবিল থেকে ৩০ লক্ষ টাকা নিয়ে বৃহত্তর কলকাতা এলাকায় কিছু অগভীর টিউবওয়েল বসাবার ব্যবস্থা

হয়েছে। এছাড়া সি. এম. ডি. এ.-র পক্ষ থেকে গার্ডেনরিচ অঞ্চলে নতুনভাবে জল-সরবরাহের এক পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। সেটা ১৯৮০-৮১ সালে কার্যকর হ'তে পারে। এই পরিকল্পনা কার্যকর হ'লে শহরের দক্ষিণাঞ্চলে জলের সমস্যার অনেকটা সমাধান হ'তে পারে ব'লে মনে হয়। এতে ছ'কোটি গ্যালন জল সরবরাহ হ'তে পারে।

শহরের জল নিষ্কাশনি ব্যবস্থা খুবই ত্রুটিপূর্ণ। যে ব্যবস্থা এক সময়ে মাত্র ৮/১০ লক্ষ লোকের প্রয়োজন মেটাতে পারত আজ সেই ব্যবস্থা ৪০ লক্ষ লোকের সমস্যা মেটাতে পারে না। আমাদের জল নিষ্কাশনি যে ব্যবস্থা আছে তাতে 'সিটি সিস্টেমে' ঘন্টায় ১/৪ ইঞ্চি জল সরানো যায়, আর সুবার্বন সিস্টেমে ঘন্টায় ১/৬ ইঞ্চি জল সরানো যায়। দীর্ঘ দিনের অবহেলার দরুণ ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী পায় অর্ধেক বুঝে গেছে। পৌর-প্রতিষ্ঠানের যে ৭টি পাম্পিং স্টেশন আছে তাদের ক্ষমতা বাড়ানো হয়েছে বটে কিন্তু নর্দমাগুলি সংস্কার না হবার দরুন পাম্পি স্টেশনে যথেষ্ট জল এসে (স্টেশন) পৌঁছতে পারছে না এবং দীর্ঘ সময় ধ'রে কলকাতা তাই জলবন্দি হয়ে থাকছে। খোলা নর্দমাগুলি পরিষ্কার করার জন্য প্রায় ৫০০ শ্রমিক নিযুক্ত আছে কিন্তু তাদের বেশির ভাগই নর্দমা পরিষ্কার না ক'রে অন্য কাজে লিপ্ত থাকে। তাই জল চলাচলে পথ প্রায়শই বন্ধ হয়ে থাকে। পাম্পিং স্টেশন জল পায় না। এলাকা ডুবে থাকে। বর্তমান সরকার ইতিমধ্যেই কতকগুলি সিদ্ধান্ত নিয়েছে যাতে এই নিকাশির শ্রমিকদের দিয়ে নর্দমা পরিষ্কার করা যায়। কিছু কিছু অঞ্চল যেখানে ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী আছে সেখানে ইতিমধ্যে কিছু কিছু কাজ শুরু হয়েছে এবং কাশীপুর, টালিগঞ্জ, মানিকতলা, উল্টোডাঙ্গায় সি. এম. ডি. এ.-র কিছু কাজ হয়েছে বটে কিন্তু তা সম্পূর্ণ না হওয়ায় বিশেষ কোনও উন্নতি পরিলক্ষ্যিত হচ্ছে না। এ বিষয়ে বর্তমান সরকার সি. এম. ডি. এ.-র সাথে আলোচনা করছে যাতে অগ্রাধিকার দিয়ে ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর সংস্কার সাধন করা যায়।

কলকাতার জঞ্জাল ইতিহাস প্রসিদ্ধ। দৈনিক ২,২০০ থেকে, ২,৫০০ টন জঞ্জাল সাফাই করতে হয়। ঠিকাদারের ভাড়াটিয়া লরিকে বাদ দিয়ে কর্পোরেশনের নিজস্ব লরি দিয়ে এই আবর্জনা পরিষ্কার করা হয়। ইতিমধ্যে আবর্জনা পরিষ্কার করার জন্য একটি নতুন বিভাগ খোলা হয়েছে এবং একজন উচ্চপদস্থ কর্মচারীকে এর দায়িত্ব দেওয়া হয়েছে। অনেকগুলি নতুন লরি এবং সাজসরঞ্জাম কেনা হয়েছে কিন্তু কলকাতাকে আবর্জনামুক্ত করা যাচ্ছে না। আমরা সরকারে আসার পর খানিকটা উন্নতিবিধান হয়েছে-বটে কিন্তু তা মোটেই সন্তোষজনক নয়। বড় বড় লরিগুলি যে পরিমাণ জঞ্জাল বহন করতে পারে সে পরিমাণ জঞ্জাল বহন করানো যাচ্ছে না। কর্পোরেশনের জঞ্জালবাহী লরিগুলোর রক্ষণাবেক্ষণ ব্যবস্থাও বিশেষ ত্রুটিপূর্ণ। তাই বহু মূল্যবান এই লরি অল্প সময়ের মধ্যেই অকেজো হয়ে পড়ে। জঞ্জাল পরিষ্কারের কাজে যে শ্রমিকরা নিযুক্ত আছে তাদের বেশ কয়েকটি ইউনিয়ন থাকায় ইউনিয়নের নেতৃবৃন্দ নিজেদের কর্তৃত্ব বজায় রাখতে গিয়ে অনেক সময়েই শ্রমিকদের বিভ্রান্ত ক'রে কাজে বাধার সৃষ্টি করে। আগামী কয়েক বছরের মধ্যে শহরকে জঞ্জালমুক্ত করার উদ্দেশ্য নিয়ে ইতিমধ্যেই কয়েকটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সি. এম. ডি. এ.-র সঙ্গে আলোচনা করে অল্প কিছুদিনের মধ্যেই সেগুলোর চূড়ান্ত রূপ দেওয়া হবে এবং সেগুলি রূপায়িত হ'লে বেশ খানিকটা উন্নতি আশা করা যায়।

কলকাতায় বসবাসকারি প্রায় তের লক্ষ বস্তিবাসিদের সমস্যা একটি জটিল সমস্যা। প্রায় তের লক্ষ লোক বস্তিতে বসবাস করেন। সেখানে আলো নেই, জল নেই, জল নিকাশের কোনও ব্যবস্থা নেই, রাস্তাঘাট নেই, আবর্জনা পরিষ্কার করা হয় না, মানুষ পশুর জীবন যাপন করে। এ ছাড়া আরও কয়েক লক্ষ মানুষ কলকাতার রাজপথকেই তাদের বাসস্থান হিসাবে বেছে নিয়েছেন। কারণ এই শহরে তাদের কোনও স্থান নেই ভিক্ষাবৃত্তিই তাদের একমাত্র উপজীবিকা। বৃহত্তর কলকাতা এলাকার বস্তির উন্নয়নের জন্য আগামী চার বছরে সি. এম. ডি. এ. তহবিল থেকে বেশ কয়েক কোটি টাকা বরাদ্দের এক প্রস্তাব আছে। এটি যদি কার্যকর করা যায় তা হ'লে বস্তিবাসিদের সমস্যা খানিকটা সমাধান হ'তে পারে।

মাননীয় সদস্যগণ, আপনারা ইতিপূর্বে অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় শুনেছেন যে, প্রায় আড়াই শত কোটি টাকা বৃহত্তর কলকাতার বিভিন্ন উন্নয়নমূলক কাজে সি. এম. ডি. এ. ব্যয় করেছে। এর মধ্যে প্রায় দুই শত কোটি টাকাই ব্যয় করা হয়েছে কলকাতা পৌর এলাকায়। এই বিপুল পরিমাণ অর্থ ব্যয় হওয়া সত্ত্বেও আমরা সবাই বুঝতে পারছি শহরের বিশেষ কোনও উন্নতি হয়নি। সি. এম. ডি. এ. নানাবিধ উন্নয়নের কাজ করছেন বটে কিন্তু সেগুলো রক্ষণাবেক্ষণের দায়িত্ব থাকছে পৌরসংস্থাগুলির উপর। পৌরসংস্থাগুলির নিদারুণ আর্থিক সংকটের দরুন রক্ষণাবেক্ষণের এই দায়িত্ব তারা যথাযথ পালন করতে পারছেন না। মফস্বলের পৌরসংস্থাগুলির কথা ইতিপূর্বে আমি বলেছি। কিন্তু কলকাতা পৌরসংস্থারও একই অবস্থা বলা চলে। কলকাতা পৌর-প্রতিষ্ঠানে যেখানে বাৎসরিক আয় ১৪ কোটি টাকা এবং এস্টাবলিশমেন্ট বাবদ ব্যয় ১২ কোটি টাকা সেই সংস্থাকে দিয়ে পৌর এলাকার উন্নয়ন, সুযোগসুবিধায় সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণের এক প্রকার অসম্ভব ব'লেই মনে হয়। বামফ্রন্ট সরকার বিশদভাবে আলোচনা ক'রে পৌর-প্রতিষ্ঠানগুলির আয় বাড়াবার প্রচেষ্টা চালাচ্ছে।

পৌর-প্রতিষ্ঠানে মেয়র থাকাকালীন সাড়ে সাত কোটি টাকা ব্যয়ে স্যার স্টুয়ার্ট হগ মার্কেট, যা নিউ মার্কেট নামে পরিচিত, তার উন্নয়নের জন্য একটি প্রকল্প গ্রহণ করেছিলাম এবং জীবন বিমা কর্পোরেশন টাকা ধার দিতেও প্রস্তুত ছিল। কিন্তু তখনকার কংগ্রেস সরকার পৌর-প্রতিষ্ঠানের পক্ষে গ্যারান্টার দাঁড়াতে রাজি হলেন না। পরবর্তী অবস্থায় সেই প্রকল্প হিমঘরে জমা থাকে। আমি এবার সেই প্রকল্পটি কার্যকর করার জন্য প্রয়াস চালাচ্ছি। প্রকল্পটি ঢেলে সাজানো হয়েছে। ইতিমধ্যে আমি দিল্লিতে অর্থমন্ত্রী শ্রীযুক্ত প্যাটেলের সাথেও দেখা ক'রে এসেছি। এই প্রকল্পের জন্য আমরা বর্তমানে তিন কোটি টাকা ঋণ হিসাবে জীবন বিমা কর্পোরেশনের নিকট চেয়েছি। কলকাতার আর একটি সমস্যা হকার। এ সমস্যা সমাধানের কোনও পরিকল্পনা এতাবৎ কাল নেওয়া হয়নি। এদের সুষ্ঠু পুনর্বাসনের এক পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। আশা করি আগামী বিধানসভার অধিবেশনে এ বিষয়ে আমি মাননীয় সদস্যগণকে সম্যক অবহিত করতে পারব।

[4-00 — 4-10 p.m.]

এ ছাড়া পৌর-প্রতিষ্ঠানের আরও চারটি বাজার উন্নয়নের জন্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোর সাথে আলোচনা চালাবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কলকাতা শহরে বিভিন্ন অঞ্চলে এখনও

পৌর-প্রতিষ্ঠানের উদ্যোগে বাজার গ'ড়ে তোলা যায়নি। আমরা চেষ্টা করছি আগামী দিনে যাতে কিছু বেসরকারি বাজার হাতে নিয়ে উন্নতিবিধান করা যায়।

কলকাতার কাহিনী আপনারা শুনলেন। এবার হাওড়ার সম্বন্ধে দু-চার কথা বলি। অ্যান্ডারসন সাহেব বাংলার লাট থাকাকালীন হাওড়াকে কুলি টাউন বলে অভিহিতি করেছিলেন। সেটা ছিল এ শতকের তিন দশকের কথা। তার পরে দীর্ঘ চল্লিশ বছর কেটে গেছে। কিন্তু স্বাধীনতার পর তিরিশ বছরের কংগ্রেসি অপশাসনে তার অবনতি বই উন্নতি কিছু হয়নি। সেই কদর্য রাস্তা, নক্কারজনক খোলা ড্রেন, পানীয় জলের অসহনীয় অভাব, ধুলো, ধোঁয়া ভরা শহর। আর বস্তির কথা না বলাই ভাল। সভ্য দেশের কোনও মানুষ যে এঅবস্থায় বাস করতে পারে চোখে না দেখলে তা বিশ্বাস করা যায় না। হাওড়া, বালী, এবং সংলগ্ন কিছু এলাকা নিয়ে হাওড়া কর্পোরেশন গঠন করার সিদ্ধান্ত কংগ্রেস সরকার নিয়েছিলেন। আবার সে সিদ্ধান্ত বাতিলও ক'রে দিলেন। কারণ অজ্ঞাত। দীর্ঘদিন ধ'রে সেখানে সরকারের অধীনে একজিকিউটিভ অফিসার কাজ করছেন। কিন্তু শহরের কোনও উন্নতি তো হয়নি এমনকি আদায়ের হার শতকরা ২০ ভাগে নেমে গিয়েছে। সরকার এখন ডি. এ. সাবভেনশন, অকট্রয় গ্রান্ট ছাড়া বছরে ৫০/৬০ লাখ টাকা ধার না দিলে কর্মচারিদের বেতন দেওয়াই সম্ভব হয় না। এ অবস্থা থেকে শহরকে বাসোপযোগী ক'রে তুলতে কতদিন লাগবে জানি না। আমি মনে করি এই স্বায়ত্তশাসন সংস্থায় জনপ্রতিনিধি না থাকা এই অপশাসনের অন্যতম কারণ যথা সম্ভব শীঘ্র এই সংস্থাকে জন প্রতিনিধির হাতে তুলে দেওয়া প্রয়োজন এবং তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাও নেওয়া হচ্ছে। তা না হওয়া পর্যন্ত একজিকিউটিভ অফিসারকে সাহায্য করার জন্য হাওড়ায় প্রতিনিধি স্থানীয় কিছু সদস্যকে নিয়ে একটা অ্যাডভাইসরি কমিটি গঠন করা হয়েছে। আশা করি এতে কিছু উপকার হবে।

হাওড়া শহর উন্নয়নের জন্য সি এম ডি এ ইতিমধ্যেই কয়েকটি পরিকল্পনা গ্রহণ করেছে কিন্তু পরিকল্পনাগুলো সম্পূর্ণ কার্যকর না হওয়ায় বিশেষ কোনও সুফল পাওয়া যাচ্ছে না। ঐ পরিকল্পনাগুলি বাস্তবায়িত করার জন্য বর্তমান সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করেছেন।

গত বাঁচ বছর ধ'রে কলকাতা পৌরসভা চালিত হয়েছে জমিদারি সেরেস্তার চালে। রায়নীতি এমনকি যেসব আইনকানুন বা পদ্ধতি মেনে পৌর-প্রতিষ্ঠান চালানোর কথা, অধিকাংশ ক্ষেত্রেই তা পালিত হয় নি। চাকরি, কন্ট্রাক্ট বা কাজ বণ্টন প্রভৃতি ক্ষেত্রে স্বজনপোষণ, পৌর জমি, দোকান প্রভৃতি বণ্টনে পৌর-প্রতিষ্ঠানের স্বার্থের প্রতি চরম অবহেলা প্রদর্শন, ন্যায়নিষ্ঠ কর্মীদের অবমাননা, অসাধু ও ফন্দিবাজ কিছু লোককে চ'রে খাওয়ায় অবাধ সুযোগ ক'রে দেওয়া হয়েছে। দুর্নীতিমুক্ত প্রশাসনের জন্য আমি মনে করি এ সমস্ত ব্যাপারের সুষ্ঠু অনুসন্ধান করা এবং প্রকৃত দোষীদের সাজা দেওয়া প্রয়োজন। তাই আমি একটা এনকোয়ারি কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছি।

মাননীয় সদস্যগণ, অপনারা অবগত আছেন যে, কর্তৃপক্ষের ব্যক্তিগত প্রতিহিংসা চরিতার্থ করার উদ্দেশ্যে বিভিন্ন পৌরসংস্থান শ্রমিক-কর্মচারিদের চাকরি থেকে বরখাস্ত করার জন্য

বিগত কংগ্রেস সরকার ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ পৌর কর্মচারিদের বাধ্যতামূলক অবসর গ্রহণ আইন ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এমপ্লয়িজ কমপালসারি রিটায়ারমেন্ট অ্যাক্ট, ১৯৭৬ পাস করেন এবং ঐ আইনের বলে অনেককে ছাঁটাই করেন। শ্রমিক কর্মচারিদের ওপরে স্বেচ্ছাচারি সরকারের এটা একটা জঘন্যতম আক্রমণ। এই আইন বাতিল করার জন্য বর্তমান সরকার এই অধিবেশনেই একটা বিল উত্থাপন করতে ইচ্ছুক এবং ঐ আইন বাতিল হওয়া সাপেক্ষে চাকরি থেকে বরখাস্ত শ্রমিক-কর্মচারিদের চাকরি ফিরিয়ে দিতে বদ্ধ পরিকর।

কংগ্রেস সরকারের আরবানাইজেশন বা নগরীকরণের নীতি ছিল নেতিবাচক। অর্থনৈতিক তাগিদে দেশে নতুন নতুন শহর গড়ে উঠছে। কিন্তু সেসব স্থানে কোনও স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান গ'ড়ে তোলার দিকে তাঁদের নজর ছিল না। বরং সংকীর্ণ অর্থনৈতিক দৃষ্টিভঙ্গির ফলে উলুবেড়িয়া, বেলডাঙ্গা, ডায়মণ্ডহারবার, ইসলামপুর প্রভৃতি স্থানে তাঁরা কোনও মিউনিসিপ্যালিটি করতে দেন নি যদিও স্থানীয় চাহিদা ছিল প্রচুর। আমি মনে করি বৃহত্তর কলকাতার সমস্যার পুনরাবৃত্তি যাতে না হয় সেজন্য সমস্ত গ্রোথ সেন্টারগুলিতে অবিলম্বে হয় মিউনিসিপ্যালিটি না হয় নোটিফায়েড এরিয়া অথরিটি' স্থাপন করা অবশ্য কর্তব্য এবং তার জন্য যথাযোগ্য ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা হচ্ছে।

মাননীয় সদস্যগণ, সারা দেশের বিস্তৃত অঞ্চল জুড়ে অধিষ্ঠিত এই যে পৌরসংস্থাগুলি এরাই প্রকৃতপক্ষে সমগ্র দেশের গণতান্ত্রিক শাসনব্যবস্থার মূল ভিত্তি। বিকেন্দ্রীকরণের মাধ্যমে যদি এই সংস্থাগুলির হাতে তাদের ন্যায্য অধিকার ফিরিয়ে দেওয়া হয় তা হ'লে তারাই পারে প্রতি ঘরে গণতন্ত্রের বাণী পৌঁছে দিতে। প্রত্যেকের জন্য প্রত্যেককে নিয়ে গঠিত এই সংস্থাগুলির পরিচালন ব্যবস্থায় প্রকৃত গণতন্ত্রের বিকাশ না ঘটলে রাষ্ট্রশাসন ব্যবস্থায় গণতন্ত্রের বিচ্ছুরণ কিছুতেই সম্ভবপর নয়।

এই কটি কথা বলে আমি মাননীয় সদস্যদের আমার ব্যয়-বরাদ্দ অনুমোদনের আবেদন জানাচ্ছি।

## Demand No. 26

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি প্রস্তাব করছি যে, দাবি নং "26—Major Head : 260—Fire Protection and Control" (Voted) খাতে মোট ২,১৫,০০,০০০ টাকা ১৯৭৭-৭৮ সালের বাজেটে বরাদ্দ করা হোক। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে বিগত মার্চ ও জুন মাসের Vote-on-Account বাজেটে বরাদ্দকৃত মোট ৮১,৭৮,০০০ টাকা উক্ত ২,১৫,০০,০০০ টাকার মধ্যে অন্তর্ভুক্ত।

এই খাতের বরাদ্দ দাবি পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ সংস্থার ব্যয়ের জন্য নির্ধারিত হয়েছে। এটি একটি সরকারি সংস্থা। ইংরেজি ১৯৫০ সালের ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিসেস্ অ্যাক্ট-এর অধীনে ঐ বৎসরের এপ্রিল মাসে এই সংস্থাটি স্থাপিত হয়। প্রথমে এই সংস্থায় ৩০টি দমকল কেন্দ্র ছিল। ক্রমে ক্রমে এই দমকল কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে পশ্চিমবঙ্গে দমকল কেন্দ্রের সংখ্যা ৭১। তন্মধ্যে কতকগুলি দমকল কেন্দ্রের ব্যয়ভার স্বরাষ্ট্র

(অসামরিক প্রতিরক্ষা) দপ্তর বহন ক'রে থাকে। তজ্জন্য দাবি নং "27—Head of Account; "265—Other Administrative Services (III) C. D. (b) Fire Fighting" (Voted) খাতে ১৯৭৭-৭৮ সালের জন্য মোট ১,৪৮,০০,০০০ টাকা ব্যয়-বরাদ্দের দাবি স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় পৃথকভাবে পেশ করবেন।

পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ সংস্থা একটি ক্রমবর্ধমান সংস্থা। এ কথা অবশ্যস্বীকার্য যে, প্রয়োজনের তুলনায় দমকল কেন্দ্রের সংখ্যা সীমিত এবং দেশের বিভিন্ন স্থানে আরও দমকল কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা যথেষ্ট। কিন্তু আর্থিক স্বচ্ছলতা না থাকায় পর্যাপ্ত সংখ্যক দমকল কেন্দ্র স্থাপন করা এবং প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম ক্রয় করা এখনও সম্ভবপর হয়নি। আমি অবশ্য এই বিভাগের দায়িত্ব গ্রহণ করে একটা জিনিস বিশেষভাবে লক্ষ্য করছি যে, সীমিত পরিমাণ অর্থের যোগান থাকলেও যদি সুপরিকল্পিতভাবে সরঞ্জামাদি ক্রয় এবং এগুলির যথাযোগ্য রক্ষণাবেক্ষণ করা যেত তা হলে ইতিমধ্যেই আরও অনেক কেন্দ্র স্থাপন করে এই সংস্থাকে জনগণের অধিকতর প্রয়োজনানুগ করা যেত। উদাহরণ স্বরূপ দু-একটি ঘটনার উল্লেখ করা যেতে পারে। ১৯৭৫ সালে প্রায় এক কোটি ব্যয় করে দুটি 'ফায়ার ফ্লোট'—অর্থাৎ গঙ্গাবক্ষে অগ্নি-নির্বাপক জাহাজ ক্রয় করা হয়েছে। এই দুইটি জাহাজের রক্ষণাবেক্ষণ এবং এর জন্য প্রয়োজনীয় কর্মচারিদের বেতন বাবদ প্রতি বৎসরে সরকারের কয়েক লক্ষ টাকার প্রয়োজন। অথচ অন্তত আজ পর্যন্তও এদের কোন কাজে লাগাবার প্রয়োজন হয়নি। এরকম আরও সরঞ্জাম ক্রয় করা হয়েছে যেগুলি শুধুমাত্র সংস্থার গৌরব বাড়িয়েছে, সাধারণের প্রয়োজন মেটাতে সাহায্য করেনি। যাই হোক, আর্থিক কৃচ্ছ্রতা সত্ত্বেও বর্তমান সরকার পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ সংস্থার কিয়ৎপরিমাণ উন্নতিকল্পে এবং আধুনিক যন্ত্রপাতি ও সাজসরঞ্জাম সংগ্রহের জন্য বর্তমান বৎসরে মোট ৪০,০০,০০০ টাকা রাজ্য পরিকল্পনা অর্থভাণ্ডার থেকে ব্যয়বরাদ্দ ধার্য করেছেন। এ ছাড়া কয়েকটি দমকল কেন্দ্রের নিজস্ব বাড়িঘর নির্মাণ ও সম্প্রসারণের জন্য আরও ১০,০০,০০০ টাকা ধার্য করেছেন। সরকার আসানসোল দমকল কেন্দ্রের জন্য নিজস্ব বাড়ি নির্মাণ করেছেন এবং গত ১১ই সেপ্টেম্বর এই কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। মানিকতলা ও দুর্গাপুর কেন্দ্রের নিজস্ব গৃহ নির্মাণকল্পেও সরকার প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছেন এবং নর্থ ব্যারাকপুর দমকল কেন্দ্রের সম্প্রসারণকল্পে প্রয়োজনীয় জমি অধিগ্রহণের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। এতদ্ব্যতীত হলদিয়া, মালবাজার ও মেকলিগঞ্জে দমকল কেন্দ্র স্থাপনের পরিকল্পনা বর্তমান সরকার নীতিগতভাবে গ্রহণ করেছেন।

অগ্নি-নির্বাপণ গাড়িসমূহ ও অন্যান্য সাজসরঞ্জামাদির প্রয়োজনীয় মেরামতের জন্য এই সংস্থায় একটি কেন্দ্রীয় কারখানা আছে। উক্ত কারখানাটি পশ্চিমবঙ্গ ফ্যাক্টরি আইনের অন্তর্ভুক্ত। কারখানাটির বিস্তার ও প্রসারের জন্য একটি পরিকল্পনা বর্তমান সরকার গ্রহণ করেছেন। পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ সংস্থার অধীনে একটি অগ্নি-নিরোধ শাখা (Fire Prevention Wing) গঠন করা হচ্ছে। বহুতলবিশিষ্ট বাড়ি, প্রেক্ষাগৃহ, নাট্যশালা প্রভৃতি স্থানে উপযুক্ত

অগ্নি-নির্বাপণ ব্যবস্থা, জল-সরবরাহ এবং দুর্ঘটনার সময় ঐসব স্থান থেকে নির্বিঘ্নে নিষ্ক্রান্ত হবার সুষ্ঠু ব্যবস্থাদি আছে কি না তা নির্ধারণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার ভার এই শাখার উপর ন্যস্ত করা হচ্ছে।

পশ্চিমবঙ্গ অগ্নি-নির্বাপণ সংস্থা অগ্নি-নির্বাপণ ছাড়াও কতকগুলি জনকল্যাণমূলক কাজ যেমন উদ্ধারকার্য, জল-নিষ্কাশন, বিরাট প্রদর্শনী ও মেলা উপলক্ষ্যে স্ট্যাণ্ডবাই থাকা ইত্যাদি কাজ করে থাকে।

মাননীয় সদস্যগণ, বিগত কংগ্রেসি শাসনে এই বিভাগে যে কী পরিমাণ অব্যবস্থা চলেছে তার একটিমাত্র উদাহরণ আমি আপনাদের কাছে তুলে ধরছি। প্রবল বর্ষণের মধ্যে গত ১লা আগস্ট খবর পেলাম যে, হাওড়া ফায়ার স্টেশন জলে ডুবে গিয়েছে, কাজকর্ম সব বন্ধ, কর্মচারীরা সব জলবন্দী হয়ে পড়েছে। আমি তক্ষুণি মহাকরণ থেকে ছুটে গেলাম—দেখলাম অব্যবস্থা এবং অবহেলার চূড়ান্ত দৃষ্টান্ত। সমস্ত এলাকা জলমগ্ন, সামনে একটা পুকুর—তার ফায়ার স্টেশনটি একাকার হয়ে গিয়েছে। গাড়ি বন্ধ, টেলিফোন অচল, কর্মচারীরা টেবিলের উপর চেয়ার তুলে এক-একজন দাঁড়িয়ে আছে। তাঁরা আমাকে বললেন, দীর্ঘ দশ বছরেরও বেশি কাল ধরে এই অব্যবস্থা চলছে। প্রতিকারের কোনও চেষ্টা আজও হয় নি। ফিরে এসে সেদিনই স্টেশনটি সেখান থেকে সরিয়ে নেবার সিদ্ধান্ত নিলাম—জমি সংগ্রহ, বাড়ি নির্মাণ প্রভৃতি প্রাথমিক পর্যায়ে কাজের জন্য দশ লক্ষ টাকা বরাদ্দ করা হল। মাননীয় সদস্যগণ, অনুধাবন করুন, মানুষের জীবন রক্ষা করে যারা তাদের নিজেদেরই এই দুর্গতি! আর বছরের পর বছর সরকারি প্রশাসনযন্ত্রের কী মর্মান্তিক অবহেলা।

মাননীয় সদস্যগণ, অন্যান্য সমস্ত সরকারি বিভাগ এবং সংস্থার মতো বিগত কংগ্রেস সরকার এই সংস্থাটিকেও ক্ষমতার অপব্যবহারের একটি কেন্দ্র হিসাবে বেছে নিয়েছিল। কম্পালসারি রিটায়ারমেন্ট অ্যাক্ট পাস করে এই সংস্থার বহু সংখ্যক কর্মীকে চাকরি থেকে অবসর গ্রহণে বাধ্য করেছিল। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর সেই কালা কানুনটি বাতিল করে সেইসব বিতাড়িত কর্মচারীকে চাকরিতে পুনর্বহাল করেন। নিয়মকানুন লঙ্ঘন করে বহু অযোগ্য কর্মচারীকে বিগত সরকার চাকরিতে বহাল করেছেন। এদের প্রশ্নটি গভীরভাবে খতিয়ে দেখা হচ্ছে।

মাননীয় সদস্যগণ, অগ্নি-নির্বাপণ সংস্থা একটি জীবন-রক্ষাকারি সংস্থা। আগুনের হাত থেকে, ভেঙ্গে পড়া বাড়ির ধ্বংসস্তূপ থেকে, জল থেকে এবং আরও নানাবিধ অপঘাতে মৃত্যুর কবল থেকে এই সংস্থা মানুষের জীবন রক্ষা করে। এই সংস্থাটিকে সুপরিকল্পিতভাবে গঠন করতে পারলে এটি মানুষের অশেষ কল্যাণসাধন করতে পারবে। মাননীয় সদস্যগণ, আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি যে, এই সংস্থাটিকে যাতে সুসংগঠিত এবং সাধারণের প্রয়োজনভিত্তিক করে গড়ে তোলা যায় তার জন্য যথোচিত ব্যবস্থা অবলম্বন আমরা করব।

এই কটি কথা বলে মাননীয় সদস্যদের আমি আমার এই ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য সমর্থন চাইছি।

**Demand No. 74**

**Shri Shaikh Imajuddin :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-.

**(Demand No. 26)**

**Shri Habibur Rahaman :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী বঙ্কিমবিহারী পাল :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পৌরমন্ত্রীর বাজেট আমি সমর্থন করছি। ইংরাজ আমলে পৌরসভার জন্য যে আইন তৈরি হয়েছিল সেটার পরিবর্তন করা দরকার এবং সেটা তার ভাষার মধ্যে আছে বলে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। বর্তমান সরকারের নীতি হচ্ছে বিকেন্দ্রীকরণ করা, তা যদি করতে হয় তাহলে পূর্বতন সরকার যে আমলাতান্ত্রিক ব্যবস্থা পৌরসভার উপর চাপিয়ে দিয়ে গেছে তার পরিবর্তন আগে করতে হবে এবং বাস, লরি ইত্যাদির উপর লাইসেন্স চাপাবার ক্ষমতা পৌবসভাকে দেওয়া উচিত। কিছুকাল আগে পৌরসভাগুলির আর্থিক উন্নতির জন্য যে সুপারিশ করা আছে সেগুলি কার্যকর করা হোক। মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলায় পৌর-প্রতিষ্ঠান স্থাপন করা হোক। আমি বলতে চাই, পৌরসভা মানে দারিদ্র্যদের সংস্থা এবং প্রত্যেকের জীবন-মরণের কাঠি পৌরসভার কাছে আছে। সেজন্য পৌরসভাগুলি ভালভাবে না চাইলে পৌরবাসীর কোনও উন্নতি হবে না। সেজন্য অনুরোধ করব Calcutta Corporation ছাড়া বাকি পৌরসভাগুলোর দিকে আরও বেশি করে নজর দিন। যেখানে খাটা পায়খানা এবং পচা নর্দ্দমা আছে সেখানে প্রচুর মশার উপদ্রব হচ্ছে এবং ম্যালেরিয়ার পরিবর্তে ফাইলোরিয়া রোগের প্রাদুর্ভাব ঘটেছে। খাটা পায়খানা পরিষ্কারের জন্য হরিজন রেখে পৌরসভাগুলিকে ৭০/৭৫ পারসেন্ট টাকা খরচ করতে হয়। সেজন্য সাবসিডি দিয়ে স্যানিটারি ল্যাট্রিন যদি করা হয় তাহলে পৌরসভা এবং গ্রামবাসী উপকৃত হয়। মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে সমস্ত কথা বলেছেন বলে আর বলার নেই। তিনি দীর্ঘ দিনের অভিজ্ঞ লোক। পৌরসভায় যে দরিদ্র কর্মচারী আছে তাদের দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। পরিশেষে তার বাজেটকে সমর্থন করে বলছি সাবসিডি দিয়ে খাটা পায়খানা যদি স্যানিটারিতে কনভার্ট করা যায় তার দিকে যেন দৃষ্টি দেন।

[4-00 — 4-20 p.m.]

**শ্রী শচীন সেন :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পৌরমন্ত্রী যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলব। আমি যেহেতু কলকাতা শহরের এম. এল. এ. এবং কলকাতা পৌরসভার সঙ্গে আমার দীর্ঘদিনের সম্পর্ক ছিল, সেহেতু এই অল্প সময়ের মধ্যেই আমার বক্তব্য কলকাতা পৌরসভাকে কেন্দ্র করেই থাকবে। আমি প্রথমেই তাঁকে অভিনন্দন জানাচ্ছি যে তার স্বল্প বক্তব্যের মধ্যে কলকাতা পৌরসভার যে সমস্যা এবং সঙ্গে সঙ্গে বিগত ৫ বৎসরে কংগ্রেসি শাসনে পৌরসভাকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে সে কথা

*তিনি ভালভাবে বলেছেন। পৌরসভা সম্পর্কে খবরের কাগজের মন্তব্য এবং সাধারণ মানুষের নানা রকমের প্রশ্ন সম্পর্কে সকলেই জানেন। বিগত ৫ বছরে যে সব কাণ্ড হয়েছে সেগুলি সমালোচনার উর্ধ্বে চলে গেছে। ১৯৭২ সালে কংগ্রেস সরকার যখন গুণ্ডামী কারচুপি করে সাজানো বিধানসভা তৈরি করল তখন সেখানে তাদের প্রথম কাজ হলো নির্বাচিত পৌরসভাকে বাতিল করা।*

শুরু হল কংগ্রেসি গণতন্ত্র। বাতিল করে দেওয়ার কারণ ছিল, কংগ্রেস বিরোধী সদস্যাদের সংখ্যা বেশি ছিল। কাজেই সেই ধরণের গণতন্ত্র তাদের কাছে আসল গণতন্ত্র নয়, তাই কংগ্রেসি গণতন্ত্র শুরু হল। বসলেন মন্ত্রী একজন। মন্ত্রী বসে সেখানে কাউন্সিলার নির্বাচিত করে দিলেন, তাদের মনোনয়ন দিলেন। কলকাতা শহরের ১০০ জন মস্তানকে সেই জায়গায় রিহ্যাবিলিটেট করা হল। তারা নমিনি হয়ে কাউন্সিলার হয়ে এলেন। আপনারা ইতিমধ্যে অনেকেই দেখেছেন যে আমাদের সরকার প্রতিষ্ঠিত হওয়ার ২/১ দিনের মধ্যে কলকাতা শহরে প্রচণ্ড ঝড় হয়ে গেল, তখন শহরের অবস্থা দেখলাম কি, মনে হয় যেন যুদ্ধ শুরু হয়ে গেছে, প্রচণ্ড বিমাণ আক্রমণ হয়ে গেছে, বোমা পড়েছে, রাস্তাঘাট সব বিধ্বস্ত হয়ে গেছে। বড় বড় গর্ত থেকে শুরু করে চারিদিকে এমন অবস্থা সৃষ্টি হয়েছে যে হাঁটা পর্যন্ত যায় না। এগুলির কতকগুলি কারণ আছে। রাস্তাঘাট যখন মেরামত করা হয় তখন এমন সময়ে এমনভাবে করা হয় যাতে সেগুলি তাড়াতাড়ি নষ্ট হয়ে যেতে পারে। এগুলি সম্পর্কে বিগত দিনে আমরা অনেক চেষ্টা করেছিলাম যাতে একটা রাস্তা তৈরি করলে দীর্ঘদিন তার অস্তিত্ব থাকে, সেই সময়ের মধ্যে রাস্তা ঠিক করতে হবে। কিন্তু তারা বর্ষার কয়েকদিন আগে কাজ আরম্ভ করে, কন্ট্রাক্টরের সঙ্গে ব্যবস্থা থাকে, দু-একটা বৃষ্টির পর সমস্ত নষ্ট হয়ে যায়, লক্ষ লক্ষ টাকা অপচয় হয়। বিগত ৫ বছরে যেটা তারা শুরু করল সেখানে একটাই কাজ ছিল মস্তানদের চাকরি দেওয়া। পৌর মন্ত্রী তাঁর বক্তব্যের মধ্যে রেখেছেন যে একটা অ্যাডমিনিস্ট্রেশন, এতবড় প্রতিষ্ঠানে যেখানে ৩৪/৩৫ হাজার কর্মচারী কাজ করেন সেই জায়গায় প্রতি বছরে পদ খালি থাকে ২ হাজার, ২।। হাজার, ৩ হাজারের মতো। সেই পদে যে ব্যক্তিকে নিয়োগ করা দরকার তা না করে প্রায় ২ হাজার ৭শো পৌর মন্ত্রীর নেতৃত্বে কংগ্রেসি মস্তানরা চাকরি পেয়ে গেল। সম্প্রতি পৌরসভায় আমি গিয়েছিলাম, আপনারা বলছেন কাজের লোক নেই, অনেক জায়গায় কাজ আটকে গেছে, এই ২ হাজার ৭শো লোক তো আসল জায়গার নয়, সেই পদগুলির যে ব্যক্তি দরকার তা তো নেই, পূরণ করা হয়েছে এইসব লোক দিয়ে চেহারা দেখে, এরা তো কাজ করে না, বরং বাধা সৃষ্টি করে, আক্ষেপ করে অফিসার বললেন। তিনি আরও বলেন ভাল যদি শুধু মাইনের নেওয়ার দিন পৌরসভায় এসে তাদের মাইনেটা নিয়ে যায়। কারণ, তাদের কাজ হচ্ছে বাধা সৃষ্টি করা। পৌরমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে সেকথা রেখেছেন যে শাসন ব্যবস্থা কিভাবে দুর্বল করা হয়। পৌরসভার জঞ্জাল অপসারণ নিয়ে প্রচণ্ড লেখালেখি হয়, সাধারণ মানুষের মধ্যে বক্তব্য থাকে, বিক্ষোভ থাকে। কারণ কিছুতেই এই জঞ্জাল অপসারণ সমস্যা মেটান যাচ্ছে না। কি ব্যবস্থা করা হবে, না প্রচুর গাড়ি কেনা হচ্ছে। আমাদের অভিজ্ঞতা আছে একটা লরি কেনার পর গ্যারেজে ঢোকার পর সমস্ত পার্টস্ সরে যায়, পরের দিন তাকে মেরামত করতে পার্টসগুলি কিনতে হয়। বর্তমানে তার আরও বেশি সুযোগ হয়ে গেছে। এমন একজন

্যক্তিকে তার দায়িত্ব দেওয়া হয়েছে, যিনি ছিলেন পৌরসভার লাইসেন্স ডিপার্টমেন্টের সামান্য একজন ইন্সপেক্টর যার ৩৫০ টাকা থেকে ৪০০ টাকা মাইনে ছিল। তিনি মন্ত্রীকে তেল দিয়ে হোক যেভাবে হোক তার আখের গুছিয়ে নিয়েছেন। তিনি সেখানে সকালবেলায় পদত্যাগ করেন, বৈকালবেলায় আবার সরকারি কর্মচারী হয়ে গেলেন এবং তার মাইনে হল ৪।। হাজার টাকা, তিনি স্পেশাল ডেপুটি কমিশনার, জঞ্জাল অপসারণ করবেন। এই ধরনের অজস্র ঘটনা আছে। পৌর শিক্ষা ব্যবস্থা করা হবে, সেই জায়গায় লোক ঢোকাতে হবে, যুব কংগ্রেস তৈরি করতে হবে, করা হল। সেখানে ডেপুটি এডুকেশান অফিসার-এর একটা পদ সৃষ্টি করা হল এবং বীরেন মহান্তি মহাশয়কে সেই পদে বসিয়ে দেওয়া হল। তার কাজ ছিল সন্তান বাহিনীকে সংগঠিত করা এবং পৌরসভার টাকা তছনছ করা। তাঁর কোনও কোয়ার্টার পাবার অধিকার নেই, কিন্তু তিনি মিউনিসিপ্যাল মার্কেটে একটা বড় ফ্ল্যাট জবর দখল করে থাকেন। সে সম্বন্ধে এনকোয়ারি হয়েছে। সম্প্রতি শুনতে পেয়েছি যে তিনি পদত্যাগ করে সরে পড়েছেন যাতে তাঁর কেলেঙ্কারি প্রকাশিত না হয়। সুব্রতবাবুর তিনি ছিলেন মেন লেফটন্যান্ট। তাছাড়া আরও অনেক, যেমন জীবন চক্রবর্তী যাদের টুপি পরা কংগ্রেসি বলা হয় তাদের পৌরসভায় নিয়োগ হয়ে গেছে। তাহলে পৌরসভার কাজ চলবে কি করে? কাজ সেইভাবে চলতে পারে না। পৌরসভার কেচ্ছা বলতে বহু সময় লাগবে, তার মধ্যে আমি যাচ্ছি না। এই অবস্থা থেকে আমাদের মুক্তি পেতে হবে যদিও এই সমস্যার সমাধান এত সহজ নয়। পৌর মন্ত্রী মহাশয় খুব সুচিন্তিতভাবে কতকগুলি পরিকল্পনার কথা বলেছেন এবং জনসাধারণের সহযোগিতায় সেগুলি করলে পর নিশ্চয়ই সেগুলি করা যায় যেখানে ৩৪/৩৫ হাজার কর্মচারী আছে। কিন্তু যারা পৌরসভা পরিচালনা করবেন তাঁরা প্রত্যেকে হচ্ছেন দুর্নীতিপরায়ণ। শিক্ষাগত কোনও মান নেই, এক একজন অফিসার নিয়োগ হয়ে যান। কারণ, লোক দেখে শিক্ষাগত মান তৈরি করা হয় এবং সেই লোককে নিয়োগ করা হয়। পৌর প্রতিষ্ঠানে বিগত ৫ বছর ধরে তারা এমন অবস্থা সৃষ্টি করেছেন যে এটাকে একেবারে অচল অবস্থায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছেন। আমি মাননীয় সদস্যগণকে অনুরোধ করব আপনারা একবার পৌরসভা হয়ে চলে আসবেন, দেখবেন সেই জায়গায় কি হাট বসেছে। পৌরসভার বারান্দায় যান, দেখবেন রাস্তার ফুটপাথে হকার্সরা বসে দোকানে যেমন চিৎকার করে সেই রকম কর্মচারীরা বারান্দায় ঘুরে বেড়াচ্ছে, চিৎকার করছে। এই রকম ৭/৮শো লোককে নিয়োগ করা হয়েছে যারা বসে আছে, যাদের ঘাড়ে লম্বা লম্বা চুল। পৌরসভা এইরকম দুর্দশার মধ্যে এসেছে। কোনওদিন যে কর্পোরেশানের সুনাম ছিল তা নয়, কিন্তু চেষ্টা করা হয়েছিল যতদূর সম্ভব সেটাকে সাধারণ মানুষের একটা সেবা প্রতিষ্ঠান কিভাবে করা যায়।

[4-20 — 4-30 p.m.]

কিন্তু তারা নিজেদের দলীয় প্রতিষ্ঠান এটাকে করেছে এবং তাদের ৩০ বছরের জঘন্য কাজগুলির মধ্যে পৌরসভার কাজ হচ্ছে জঘন্যতম' যেটা সাধারণভাবে কোনও রাজনৈতিক সংগঠন করেনা। আপনারা জানেন পৌরমন্ত্রী বিশ্বমেয়র সম্মেলনে গিয়েছিলেন। সাধারণত সেখানে যান নির্বাচিত প্রতিনিধি অথবা প্রশাসক। কিন্তু আমরা দেখলাম মন্ত্রী নিজে গেলেন এবং সঙ্গে তার স্ত্রীও গেলেন এবং তারজন্য প্রায় ৫০ হাজার টাকা খরচা হল পৌরভাণ্ডার থেকে। এই ব্যাপারে কর্মচারিদের মধ্যে প্রতিবাদ উঠেছিল কিন্তু কার সাহস আছে প্রতিবাদ

করার? মস্তানরা ডাণ্ডা নিয়ে এগিয়ে এল, কাজেই যারা প্রতিবাদ করেছিল তারা সরে পড়ল। তারপর দেখলাম শিক্ষাগত কোনও মান না থাকা সত্ত্বেও অনেক লোকের প্রোমোশন হল। পৌরমন্ত্রী যুগ যুগ জীও, এই ধ্বনি চারিদিকে উঠল। আমি আগেই বলেছি, পৌরমন্ত্রী নতুন বিবাহ করেছেন এবং তার স্ত্রীকে সঙ্গে নিয়ে মেয়র সম্মেলনে গেলেন, পৌর ভাণ্ডার থেকে প্রচুর টাকা খরচ হল, এই হল অবস্থা। আমি পৌরমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি নতুন এসে তিনি সঠিক পদক্ষেপের কথাই বলেছেন যে, যে অবস্থায় ওঁরা ফেলে রেখেছেন, এইভাবে আর ফেলে রাখা যায় না। এই প্রতিষ্ঠানকে সজীব করার জন্য যে পন্থা তিনি অবলম্বন করেছেন তাকে সমর্থন করে, এবং বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সন্তোষকুমার রানা :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে একটি বিষয়ের প্রতি মন্ত্রিসভার সদস্য, বিধানসভার সদস্য এবং মন্ত্রিসভার বন্দি মুক্তি বিষয়ক সাব-কমিটির সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, বন্দি মুক্তি কমিটি একটি মিছিল নিয়ে এসেছে এবং এসপ্ল্যান্ডে ইস্ট-এ তাদের আটকে দিয়েছে। আমার অনুরোধ হচ্ছে বিশেষত মন্ত্রিসভার বন্দি মুক্তি সাব-কমিটির সদস্যরা সেই মিছিলের সামনে গিয়ে তাদের বক্তব্য রাখুন এবং মাননীয় সদস্যদের অনুরোধ করছি তারাও যেন সেখানে যান।

**শ্রী দেবরঞ্জন সেন :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি মাননীয় পৌর মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে করেছেন তাকে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গের ৯৩টি মিউনিসিপ্যালিটি আছে এবং এই ৯৩টি মিউনিসিপ্যালিটির অবস্থা অত্যন্ত খারাপ। সাধারণ পৌরসভাগুলিকে তাদের নিজস্ব আয়ের উপর তাদের ব্যয়ের ব্যবস্থা করতে হয়। সরকার থেকে কর্মচারিদের জন্য যে টাকা পান রাস্তাঘাটের জন্য ঠিক সেইভাবে তারা সাহায্য পান না, যার জন্য রাস্তাঘাট দীর্ঘ দিন ধরে অবহেলিত থাকার জন্য আজকে চরম অবস্থায় দাঁড়িয়েছে। কলকাতা শহরের কথা শচীনবাবু এখানে বলেছেন, আমি বলতে চাই না। আমরা মফঃস্বল থেকে এসেছি, মফঃস্বলের পৌরসভাতে বাস করি, আমরা দেখেছি কি অবস্থার মধ্যে এই পৌরসভাগুলি চলছে। বিগত ৩০ বছর ধরে কংগ্রেস এই পৌরসভাগুলিকে অত্যন্ত বিমাতৃসুলভভাবে ব্যবহার করছেন। আমরা যারা পৌরসভার এককালে সদস্য ছিলাম বারেবারে সরকারের কাছ থেকে টাকা চেয়ে পাইনি, কিন্তু গত ৫ বছরের অভিজ্ঞতায় আমরা দেখেছি কংগ্রেসি সরকারের সময়ে ১৯৭২ থেকে ৭৭-এর মধ্যে সরকারের কাছ থেকে তারা বহু অর্থ পেয়েছিলেন। আমি বিশেষ করে জানি বর্ধমান পৌরসভা তাদের কংগ্রেসিরা যারা বোর্ড গঠন করেছিলেন তারা ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত প্রচুর টাকা পেয়েছেন সরকারের কাছ থেকে রাস্তাঘাট তৈরি করবার জন্য। কিন্তু দুঃখের কথা কোনও টাকাই তারা রাস্তাঘাটের জন্য ব্যয় করেন নি অন্যভাবে খরচা করেছেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে বর্ধমান পৌরসভা কংগ্রেসি পৌরসভা থাকাকালীন তারা বহু মস্তানদের চাকরি দিয়েছেন। এক বর্ধমানে গত ৫ বছরে অন্তত পক্ষে ৪৫০ থেকে ৫০০ লোককে চাকরি দিয়েছেন। সেখানে আগে যে কর্মী সংখ্যা ছিল এই কয় বছরে তার দ্বিগুণ হয়ে গিয়েছে। যদি এইভাবে কর্মী নিয়োগ করা হয় এবং টাকা-পয়সা তাদের মাইনে দিতে চলে যায় তাহলে সরকার থেকে যত টাকাই পান না কেন জনহিতকর কাজে এবং স্বাস্থ্যের ব্যাপারে এবং রাস্তাঘাটের এবং অন্যান্য জনস্বার্থ কাজের জন্য কোনও টাকাই খরচা করতে পারেন না। আমরা দেখেছি বর্ধমান পৌরসভাতে

একটা টেলিফোন ছিল চেয়ারম্যানের ঘরে এবং প্রয়োজনমত তিনি অন্যান্যদের ডেকে দিতেন কথা বলার জন্য কিন্তু এই কংগ্রেসি আমলে সেখানে একটি টেলিফোন এক্সচেঞ্জ বসিয়ে প্রতিটি ঘরে ঘরে টেলিফোন দিয়ে অযথা খরচের ব্যবস্থা করা হয়েছে। তারপর আমরা আরও দেখেছি বর্ধমান পৌরসভার ট্রাকটার কেনার জন্য চেকে পেমেন্ট করবার জন্য ভাইস চেয়ারম্যান তিনি চেক পেমেন্ট করতে দিল্লি চলে গেলেন। এইভাবে তারা জনহিতকর কাজের বদলে অযথা খরচ করেছেন। জনস্বার্থে কোনও কাজই করা হয়নি। তাই আমরা দেখেছি পশ্চিমবঙ্গের প্রায় প্রত্যেকটি পৌরসভাই মাথাভারী শাসনব্যবস্থা হয়ে গিয়েছে। আজকে যে অবস্থায় মাননীয় পৌরমন্ত্রী এই বিভাগের দায়িত্ব নিয়েছেন কলকাতা, হাওড়া এবং অন্যান্য যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেই সমস্ত জায়গায় কংগ্রেসিরা নিজেব মতের লোকের চাকরি দিয়ে গিয়েছেন। তাদের দিয়ে কাজ করানো একটা বিরাট সমস্যা হয়ে দাড়িয়েছে। তাই আমি বলব মাননীয় মন্ত্রী মহাশয় এই পৌরসভাগুলির দায়িত্ব নেবার পরে তাকে অত্যন্ত চিন্তার সঙ্গে কাজ করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে হবে যে এই ব্যবস্থার মধ্যে এই অচল অবস্থার মধ্যে, এই আর্থিক দায়-দায়িত্ব নিয়ে পৌরসভাগুলিকে কি করে ঠিকমতো কাজ চালানো যায়। মাননীয় পৌরমন্ত্রী তাঁর বাজেট ভাষণে এই সমস্যা সম্বন্ধে তিনি ওয়াকিবহাল সেটা জেনে আমি অত্যন্ত আনন্দিত এবং এই জন্যই আমি তার বাজেটকে সমর্থন করছি। আমি আর একটা কথা বলতে চাই আজকে পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায়, যেমন কুচবিহারে চারটি টাউন কমিটি হয়েছে তাকে যদি মিউনিসিপ্যালিটিতে রূপান্তরিত করা হয় তারজন্য তিনি দৃষ্টি দেবেন। এবং বিশেষ করে আমার জেলা মেমারি অঞ্চল অবস্থায় রয়েছে। সেখানে যদি পৌরসভা গঠন করা যায় তাহলে ভাল হয়। এবং মেমারি টাউন কমিটির—তাদের দীর্ঘদিনের অভাব-অভিযোগের সুরাহা হতে পাবে এবং তাদের কামনা সফল হতে পারে। এবং পৌরসভার এলাকাধিন হয়ে বিভিন্ন পৌরসভার সুযোগ-সুবিধাগুলি পেতে তারা সক্ষম হবে।

[4-30 — 4-40 p.m.]

সঙ্গে সঙ্গে একথা আমি বলি মাননীয় পৌরসভার মন্ত্রী মহাশয়ের কাছে মাননীয় চেয়ারম্যান সাহেবের মাধ্যমে যে আজকে যে সমস্ত পৌরসভাগুলি রয়েছে সেই পৌরসভাগুলিকে যদি আমাদের বিভিন্নভাবে, বিশেষ করে যে মোটর ভিয়েকলস্ ট্যাক্স থেকে যে টাকা আদায় করা হয় তার টাকাটার যদি কিছুটা দেওয়া হয় সেই সম্বন্ধে পৌরমন্ত্রী মহাশয় কি কিছু চিন্তা করছেন? আমার ধারণা যে তাহলে পর সরকারের কাছ থেকে একটা টাকা তারা পাবে এবং সেই টাকা দিয়ে তারা রাস্তাঘাট মেরামত করতে পারবে। কারণ এই রাস্তাগুলি বিশেষ করে পশ্চিমবঙ্গের শহরগুলির মধ্য দিয়ে গ্র্যাণ্ড ট্র্যাংক রোড চলে গিয়েছে, ন্যাশনাল হাইওয়েস কতকগুলি আছে এবং সেই রাস্তাগুলির উপর দিয়ে অত্যন্ত ব্যাপকভাবে ট্রাফিক চলে যার জন্য কিছু টাকা যদি বরাদ্দ করেন মাননীয় পৌরমন্ত্রী মহাশয় তাহলে আশা করি আমাদের পৌরসভাগুলিকে আমরা আরও ভালভাবে টিকিয়ে রাখতে পারব। দ্বিতীয়, পৌরসভার যে সমস্ত শ্রমিক কর্মচারী রয়েছেন তাদের দিকটা যদি আবার আমরা দেখি তাহলে দেখব যে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় ইতিমধ্যেই তাঁর ভাষণে ঘোষণা করেছেন যে এককালীন অনুদান, পুজোর সময় এক মাসের এক্সগ্রাসিয়া দেবার একটা সিদ্ধান্ত নিয়েছেন। এটা আমরা স্বাগত

জানাই। সঙ্গে সঙ্গে একথা আরও বলি যে বর্তমানে যে সমস্ত সিদ্ধান্ত মাননীয় পৌরমন্ত্রী মহাশয় নিয়েছেন যে আগেকার দিনের অনুদানগুলিকে ফেরত না দেওয়া বা যারা নেয়নি তাদের সেগুলিকে পাবার সুযোগ-সুবিধার অধিকার দেবার সিদ্ধান্ত সরকার নিয়েছেন তারজন্য শ্রমিক কর্মচারিদের তরফ থেকে আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে একথা বলছি যে শ্রমিক কর্মচারিদের যেসব অভাব-অভিযোগগুলি আছে সেগুলির প্রতি যদি আমরা আর একটু দৃষ্টি দিই—যদিও আমি জানি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের আর্থিক সংগতি অত্যন্ত সীমিত, তার মধ্যেও যদি আমরা তাদের খানিকটা সুযোগ-সুবিধা দিতে পারি, তাহলে আমরা আশা করি, বিশ্বাস করি, যে আগামীদিনে পৌরসভাগুলিকে বামফ্রন্ট সরকারের নেতৃত্বে আমরা অত্যন্ত ভালভাবে তা চালাতে পারব। সঙ্গে সঙ্গে একথা মাননীয় পৌরমন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন যে আগামী নভেম্বর মাসের মধ্যে তিনি নির্বাচন অনুষ্ঠান করতে চলেছেন। সর্বশেষে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে সিদ্ধান্ত কয়েকদিন আগে নিয়েছেন, পৌরসভায় যে স্বেচ্ছাচারিতা চলেছিল, একটা হটকারি রাজনীতির মধ্যে দিয়ে কংগ্রেস সদস্যরা চলেছিল সেটাকে বন্ধ করার জন্য যে সিদ্ধান্ত তিনি নিয়েছেন তাকে আমরা স্বাগত জানাই। তিনি এই বিধান অনুযায়ী বর্ধমানের পৌরসভার চেয়ারম্যান, কমিশনারের ক্ষমতাকে স্থগিত রেখে আজকে যে শাসনভার পৌরসভাকে দিয়েছেন তারজন্য বর্ধমানের শহরবাসীর পক্ষ থেকে, আমাদের পক্ষ থেকে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। অবশেষে আমি আমার তরফ থেকে মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন, যে ব্যয়-বরাদ্দের দাবি জানিয়েছেন সেই দাবিকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন ইংরাজরা প্রথম স্বায়ত্ব শাসন দেয় আমাদের ১৯২১ সালে তারা চেয়েছিল যে একটা সুবিধাভোগী শ্রেণীর সৃষ্টি হোক এবং সেই যে ঐতিহ্য আজো যাঁরা রেখে যাচ্ছেন বা রাখতে চলেছেন তখন কে কি করেছে, করেনি, তার সমালোচনা আজকে করে কোনও লাভ বলে আমার মনে হয়না। কেননা, এই সুবিধাভোগী শ্রেণী যারা তারা সুবিধা নেবে, সুবিধা নেবার জন্য পৌর প্রতিষ্ঠানে তারা যায়। কাজেই আজকে কংগ্রেস কি করেছে, আমরা কি করতে পারি, সেকথার কোনও প্রয়োজন আছে বলে আমি মনে করিনা। আমরা কি করতে চাই সেটাই বলা ভাল এবং আমি দেখছি যে পৌরমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতায় আমাদের যেটুকু করণীয় সেটার কথাই তিনি বলেছেন।

আমি গ্রাম কেন্দ্রিক মফঃস্বল এরিয়া থেকে আসছি। আপনি বোধ হয় জানেন প্রায় শহরের টেন পারসেন্ট বাড়িতেই কোনও পায়খানা নাই এবং ফোর্টি টু ফিফটি পারসেন্ট বাড়িতে—ইফ নট মোর, খাটা পায়খানা রয়েছে। বাকি যে বাড়িগুলি আছে তাতে স্যানিটারি পায়খানা এবং নতুন যে বাড়িগুলি হচ্ছে তাতেও এই স্যানিটারি পায়খানা হচ্ছে। কিন্তু যে মানুষগুলো ময়লা বহন করে নিয়ে যায় আমরা কিন্তু তাদেরই ভোটে এখানে এসেছি এবং তাকেই আমরা বলি জনগণ। কিন্তু সত্যই দুঃখ লাগে যে আমরা ফরসা জামা-কাপড় পরে ঠাণ্ডা ঘরে বসে অনেক কথা বলি কিন্তু যে লোকগুলি মাথায় ময়লা বহন করে নিয়ে যায় তাদের কথা বড় একটা আলোচনা করি না। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় সেটা উল্লেখ করেছেন। আমি একান্তভাবে অনুরোধ করব মাননীয় মন্ত্রী মহাশয়কে যে, পৌর এলাকায় যে পুরাতন বাড়িগুলি আছে তারা যেন ছমাস কি এক বৎসরের ভেতর ব্যাংকের কাছ থেকে

লোন নিয়ে স্যানিটারি পায়খানা করে নেয়। আমরা যারা প্রতিনিধি আছি এমন ব্যবস্থা নেই যাতে সাবসিডি দিয়ে এই ব্যবস্থা করতে পারি। এখন যে বস্তি এলাকা সি. এম. ডি.-এর মাধ্যমে সেখানে স্যানিটারি প্রি. ভি করার ব্যবস্থা করা হয়, গ্রামের পৌর এলাকাতে সেইরকম ব্যবস্থা হয়না কেন? আজকে আমার লজ্জা লাগে, দুঃখ লাগে, এই লোকগুলির কাছে গিয়ে আমরা ভোট চাই। এরাই বালতি নিয়ে, এমনকি গাড়িও নেই, যেখানে ফেলবে এমন গলির ভিতর রাস্তা, সেখানে ঢোকাও একটা সমস্যার ব্যাপার, সেখানে গিয়ে ফেলছে। আমরা যাদের ভোটে এই ঠাণ্ডা ঘরে এসে বসেছি, তাদের সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়কে অত্যন্ত বিনীতভাবে অনুরোধ করব, তিনি যেন অর্ডিন্যান্স করেই হোক বা যেভাবেই হোক মিউনিসিপ্যাল এলাকায় পুরানো বাড়ি যাদের আছে, তাদের অনেকেই মোর অর লেস স্যানিটারি পায়খানা করে নিয়েছে, কিন্তু যারা করে নাই, তারা যাতে এক বছরের মধ্যে ব্যাংকের কাছ থেকে লোন নিয়ে স্যানিটারি পায়খানা করে নেয়, সেই ব্যবস্থা করুন এবং যদি তা না করে তবে তারজন্য কোনও শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া যেতে পারে কিনা সেটাও ভেবে দেখবেন। দ্বিতীয় কথা হচ্ছে রাস্তাঘাটের যে অবস্থা সে সবতো বলার কথাই নয়। শিক্ষাক্ষেত্রে পৌর এলাকায় যে কাজ হচ্ছে সে সম্বন্ধে একটু বলি। এই বেশিরভাগ পৌর এলাকাই হল গ্রামকেন্দ্রীক পৌর এলাকা। কলকাতা শহরে যেভাবে ১ম ভাগ পড়বে, যেভাবে পড়বে—যেমন গোপাল সুবোধ বালক, সেক্ষেত্রে গ্রাম্য এলাকায় প্রাইমারি স্কুলে শিক্ষার ব্যবস্থা সেই রকম না করে, শিক্ষামন্ত্রী মহাশয়ের সঙ্গে অবশ্যই পরামর্শ করে এমন রীতিতে যেন করেন, এমন রীতিতে ১ম ভাগ, ২য় ভাগ পড়ানোর ব্যবস্থা যেন করেন যাতে গ্রামে তাদের কাজের সুবিধা হয় এবং তারা যখন চেঁচিয়ে চেঁচিয়ে পড়বে, তাদের বাবারাও কিছু শিখবে, কারণ তারাতো বেশিরভাগই নিরক্ষর। সেজন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে গ্রামকেন্দ্রিক পৌর এলাকায় যেন কলকাতা শহরের মতো বা কুচবিহার শহরের মতো বা আসানসোল শহরের মতো ধারায় যেন ১ম ভাগ দ্বিতীয় ভাগ না পড়ানো হয়, অন্তত আমাদের বোলপুর শহরে এবং সিউড়ি শহরে যেখানে ইণ্ডাস্ট্রি নেই সেখানে বেশিরভাগ দরকার হচ্ছে কি করে সেচের ব্যবস্থা করা যায়, কি করে জমিকে ভাল করা যায়, সেখানে অ আ ক খ শিক্ষার পরে, সেই ধারায় না পড়ান। কি ধারায় পড়ানো হবে সেই রীতি নিশ্চয়ই শিক্ষামন্ত্রীর সঙ্গে পরামর্শ করেই হবে, কেননা সেটা আমার ক্ষুদ্র বুদ্ধিতে নাই, আমি মন্ত্রী নই, মন্ত্রী নিজে চিন্তা করুন, সেইভাবে শিক্ষা দিতে হবে, সমালোচনা করে যদি কেবল বলি কংগ্রেস এই করে গেছে তাহলে হবে না। আমরা কি করব সেটা ভাবতে হবে।

[4-40 — 4-50 p.m.]

কিন্তু যেটা করতে হবে সেটা কি সত্যিই আমরা ভাবছি। আমার মনে হচ্ছে না যে আমরা ভাবছি। এখন আমাদের ভাববার সময় এসেছে। কোনও কোনও জায়গায় হয়তো আমরা পৌর-প্রতিষ্ঠানে বসেছিলাম। কিন্তু কৈ আমরা ঐ যারা ময়লার টব নিয়ে যায় তাদের দুরবস্থা তো দূরে সরিয়ে দিতে পারি নি। অন্যের দোষ না দিয়ে আত্ম সমালোচনা করা দরকার। অপরকে দোষ না দিয়ে নিজের দোষটা দেখা উচিত। তিনি তাঁর ভাষণে ঐ পায়খানার কথা রেখেছেন যেটা আমি আশা করি নি। এজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। খুবই লজ্জার কথা বিশেষ করে শীতকালে সকালে যখন আমরা জামা-চাদর গায়ে দিয়ে বেড়াতে

বেরোই তখন দেখি ময়লার টব মাথায় করে নিয়ে যাচ্ছে। এদের দুরবস্থার কথা আজকে আমাদের ভাবতেই হবে। এই কথা বলে পৌর মন্ত্রীকে এই বিষয়ে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দ্বারকানাথ তা :** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এনেছেন এবং যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। তিনি তাঁর ভাষণের ভিতর একটা কথা বলেছেন যে ১৯৭২ সালের নির্বাচন কিভাবে হয়েছে। কিভাবে ব্যাপকভাবে জালিয়াতি করা হয়েছিল সে সম্পর্কে একটা জায়গায় তাঁর বক্তব্যে আছে। আমি বর্ধমান এলাকার লোক—আমি স্মরণ করিয়ে দিতে চাই সেই বর্ধমান শহরে ১৯৭২ সালে সাধারণ নির্বাচনের আগে মিউনিসিপ্যালিটি নির্বাচনে কংগ্রেস কিভাবে রিগিং পরিকল্পনা করে গোটা নির্বাচন ব্যবস্থাকে বানচাল করেছিল। সেই রিহারস্যাল বর্ধমানেই আরম্ভ হয়েছিল। তাতে সেই দিল্লির ইন্দিরা গান্ধী বলেছিল যে যেখানে বর্ধমানে তাদের পা রাখার জায়গা ছিল না সেখানে আজকে শোবার জায়গা হয়েছে। বর্ধমানে যেভাবে নির্বাচন হয়েছিল আমি পৌর মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি যে সেই পৌরসভা তিনি বাতিল করে দিয়েছেন। এবং শুধু বর্ধমান নয়, আসানসোল মিউনিসিপ্যালিটির কথাও এই প্রসঙ্গে আলোচনা করা উচিত। সেখানে জনপ্রতিনিধিত্বমূলক পৌরসভাকে বাতিল করে দিয়ে কংগ্রেস প্রশাসক নিয়োগ করেছিল। আজকে তিনি সেই প্রশাসককে বাতিল করে দিয়ে আবার সেই পুরানো নির্বাচিত প্রতিনিধিদের বসিয়েছিল। এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ঐসব মিউনিসিপ্যালিটিগুলি ওরা দখল করে নিয়ে সেখানে স্বজনপোষণ করেছে, দুর্নীতির একটা আখড়া তৈরি করেছে একথাও তার বক্তব্যের মধ্যে আছে। বর্ধমানেও সেইভাবে তাদের মস্তানদের যথেচ্ছভাবে নিয়োগ করা হয়েছে এবং উন্নয়নমূলক কাজ না করে তাদের বেতন দেওয়া হয়েছে, পার্টিবাজি করা হয়েছে, মিউনিসিপ্যালিটির টাকা যথেচ্ছভাবে খরচ করা হয়েছে। সেখানে ঠিকাদার নিয়োগ করে তার মধ্যে টাকা আত্মসাৎ করা হয়েছে।

এই ধরনের বহু দৃষ্টান্ত বর্ধমান মিউনিসিপ্যালিটির দেখেছি এবং উন্নয়নমূলক কাজের জন্য সরকার যে বরাদ্দ করেছিল সেই টাকা অন্যায়ভাবে খরচ করে ফেলেছে। বর্ধমান মিউনিসিপ্যালিটির হাল যা দাঁড়িয়েছিল তাতে তাদের ঝাঁটা কেনবার পয়সাও ছিল না। শুধু বর্ধমান নয়, এইভাবে প্রতিটি মিউনিসিপ্যালিটির প্রতিটি এলাকায় কংগ্রেসিরা তাদের প্রভাব প্রয়োগ করে নিজেদের কুক্ষিগত করে এই সমস্ত অনাচার সৃষ্টি করেছিলেন। প্রতিটি মিউনিসিপ্যালিটির যা অবস্থা সেটা তাঁর বক্তব্যের মধ্যে রয়েছে। রাস্তাঘাটের দুরবস্থা, পানীয় জলের অভাব এবং জঞ্জালে ভর্তি। বিশেষ করে বাজার এলাকায় জঞ্জালে ভর্তি—বর্ধমান মিউনিসিপ্যালিটি এবং স্থানীয় কয়েকটি মিউনিসিপ্যালিটিতে ঐ একই অবস্থা হয়ে রয়েছে। আমরা জানি বাজারগুলি নরক-কুণ্ডের মতো আবর্জনায় স্তূপীকৃত হয়ে রয়েছে, পরিষ্কার করা হয় না। স্যানিটেশনের ব্যবস্থা খুব ভাল নেই। কাজেই পরবর্তীকালে এইগুলির সুব্যবস্থা যাতে করা যায় সেইজন্য আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটি জিনিস বলতে চাই পৌর কর অযথা বাড়ানো হয়েছে অনেক সময়। কর বাড়ানো হল অথচ সেই তুলনায় জনগণের সুযোগ-সুবিধা কিছুই বাড়ে নি। আর একটি কথা হচ্ছে এই কর নীতির ক্ষেত্রে দেখা গেছে—প্রায় প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিতে কর ধার্যের সময় সেখানে পক্ষপাতিত্ব করা

হয়েছে। রাজনৈতিক দিক থেকে পক্ষপাতিত্ব করা হয়েছে এবং অন্যভাবে পক্ষপাতিত্ব করা হয়েছে। বড় বাড়ির মালিক, ধনী যারা তাদের ট্যাক্স কম আছে, আর সেই তুলনায় যারা ছোট বাড়ির মালিক তাদের ট্যাক্স অনেক বেশি আছে। কাজেই আমি পৌর মন্ত্রীর কাছে প্রস্তাব করছি তিনি এমন কিছু একটা ব্যবস্থা করতে পারেন কিনা যাতে করে এই কব নির্দ্ধারণের ব্যাপারটায় একটা সুসামঞ্জস্যপূর্ণ হয়—এর জন্য একজন অ্যাসেসার নিয়োগ করে প্রতিটি মিউনিসিপ্যালিটিব কর ধার্যের ব্যবস্থা যদি করতে পারেন তাহলে আমার মনে হয় ভাল হয়। আর একটি কথা হল বিভিন্ন মিউনিসিপ্যালিটির বিভিন্ন উন্নয়নমূলক কাজ যেমন রাস্তাঘাট ইত্যাদি অন্যান্য কাজের জন্য যেভাবে টাকা খরচ করা হয় তাতে সামগ্রিকভাবে খুব একটা ভাল ফল পাওয়া যায় না। দেখা যাচ্ছে মিউনিসিপ্যালিটিগুলি বিভিন্ন ওয়ার্ডে বিভক্ত। এখন সেই ওয়ার্ডের কমিশনাররা কার এলাকায় কতটা খরচ করতে পারবেন তারজন্য টানা হেঁচড়া করে কিছু কিছু খরচ করা হয়। তার জন্য কিছু সুপরিকল্পিতভাবে খরচ হয় না কোনও একটি উন্নয়নমূলক কাজে। অর্থাৎ শহরগুলি উন্নয়নের জন্য মাননীয় পৌর মন্ত্রীর কাছে আমার প্রস্তাব আপনি এমন কোনও একটা সংস্থা গঠন করুন যার মাধ্যমে প্রতিটি মিউনিসিপ্যালিটির জন্য একটি সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা রচনা করা যাবে এবং সেই পরিকল্পনা দীর্ঘমেয়াদী হলেও ধাপে ধাপে কার্যকর করে শহরগুলির সর্বাঙ্গীন উন্নয়ন করা সম্ভব হবে। কাজেই সেইভাবে একটা পরিকল্পনা হাতে নেওয়া প্রয়োজন, ঐভাবে বিচ্ছিন্নভাবে কিছু কিছু খরচ করে তাতে সামগ্রিকভাবে শহরগুলির অবস্থার পরিবর্তন ঘটানো যায় না। দ্বিতীয় কথা হচ্ছে মিউনিসিপ্যালিটিগুলির প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অত্যন্ত শোচনীয়। অধিকাংশ জায়গায় প্রাথমিক বিদ্যালয়ের উপযোগী ঘর নেই, শিক্ষক নেই এবং সেখানে নানারকম দলবাজি করে শিক্ষকদের বদলি করা হচ্ছে। যার ফলে শিক্ষা অত্যন্ত শোচনীয় পর্যায়ে এসে গেছে এবং কিছু কিছু এলাকায় বিশেষত বস্তি এলাকায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অনেক জায়গায় নেই। কাজেই মিউনিসিপ্যালিটিগুলির প্রাথমিক শিক্ষার যাতে সুবন্দোবস্ত হয় তার জন্য আমি পৌরমন্ত্রীকে বিশেষ নজর দিতে বলছি। শহরের আয় বাড়াবার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া প্রয়োজন, এই সম্পর্কে দৃষ্টি দেওয়া প্রয়োজন। আমি এই ব্যাপারে দু-একটি কথা বলছি। বহু মিউনিসিপ্যালিটিতে রেল বা অন্যান্য সরকারি সংস্থার বাড়িঘর সম্পত্তি কিছু আছে। তার উপর যে ট্যাক্স ধার্য আছে সেই ট্যাক্স ৩০ বছর আগে ধার্য হয়েছিল, এখন পর্যন্ত সেটা বৃদ্ধি করা সম্ভব হয়নি। এখনও সেই একই ট্যাক্স চলে আসছে। বিশেষ করে আমি এই প্রসঙ্গে আসানসোল মিউনিসিপ্যালিটির কথা উল্লেখ করছি। সেখানে রেল একটি বিরাট অংশ জুড়ে রয়েছে। সেখানে তাদের বাড়িঘর আছে, স্টেশন ইত্যাদি আছে। সেখানে খুব সামান্য পরিমানে ট্যাক্স ধার্য আছে। বহু পূর্বে যে ট্যাক্স ধার্য ছিল সেই মতোই আদায় হয়। এখন এই ক্ষেত্রে সরকারি সংস্থার উপর যদি একটা সামঞ্জস্যপূর্ণ ট্যাক্স ধার্য হয় তাহলে মিউনিসিপ্যালিটিগুলির আয় কিছু বাড়তে পারে বলে মনে হয়। সেই সঙ্গে মিউনিসিপ্যালিটিগুলির আইনে যে কর ধার্যের সীমিত ক্ষমতা আছে আমার মনে হয় সেই সম্বন্ধে নতুনভাবে চিন্তা করা প্রয়োজন যে এই আইনে সীমিত ক্ষমতার বাইরে অন্যভাবে আইন করে কিছু ক্ষমতা তাদের বাড়ানো যায় কিনা। কারণ যে সীমিত ক্ষমতার মধ্যে ট্যাক্স ধার্য করা হয় এবং আদায় করা হয় তাতে করে মিউনিসিপ্যালিটিগুলির চাহিদা পূরণ করা যায় না, শহরের মিউনিসিপ্যালিটিগুলির খরচ খরচা যেভাবে বাড়ছে তাতে আমরা দেখছি মিউনিসিপ্যালিটিগুলির তার কর্মচারিদের বেতন

দিয়ে এমন কিছু উদ্বৃত্ত হয় যাতে মিউনিসিপ্যালিটিগুলির পক্ষে উন্নয়নমূলক পরিকল্পনা নেওয়া যায়। এর জন্য তাদের সরকারের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়। সেখানে দেখা যাচ্ছে সরকারের কাছ থেকে সাহায্য মঞ্জুর না হলে কোনও মিউনিসিপ্যালিটির পক্ষে তাদের রাস্তাঘাট মেরামত বা অন্য কাজ করা সম্ভব হয় না। সেই জন্য মিউনিসিপ্যালিটিগুলির নতুন আয়ের ব্যবস্থা করার জন্য নতুন পরিকল্পনা নেওয়া যায় কিনা সেটা মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি। পরিশেষে বলছি ইসলামপুর সাব-ডিভিসন শহর কিন্তু এখনও পর্যন্ত সেখানে মিউনিসিপ্যালিটি হয়নি। এর ফলে সেখানকার জনসাধারণ মিউনিসিপ্যালিটির সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। এই ধরণের আরও দু-চারটি জায়গা আছে যেগুলিতে জনসংখ্যা অনুসারে আইনত মিউনিসিপ্যালিটি হওয়া উচিত কিন্তু নানা কারণে বিশেষ করে সেখানকার অবস্থাপন্ন লোকেদের ট্যাক্স বাড়বে এই জন্য তারা নানা রকম ষড়যন্ত্র করে সেখানে মিউনিসিপ্যালিটি যাতে না হয় তার জন্য চেষ্টা করছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি সেইগুলিতে যাতে মিউনিসিপ্যালিটি আইন চালু করা যায় তার ব্যবস্থা করুন। এই বলে এই বাজেটকে সমর্থন করে এবং তাকে ধন্যবাদ দিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**श्री रमजान आलि** : मिस्टर डिप्टी स्पीकर सर, आज जनाव प्रशान्त सुर ने जो वजट पेश किया है, उसको मैं गाइड करते हुए, ये कहना चाहता हुँ कि गुजरता सरकार को जो दुर्निति थी म्युनिस्पिल कारपोरेशन मे, म्युनिस्पिल्टी वगैरह मे, वहाली के सिलसिले मे या रुपये के खाजात के सिलसिले मे, उसकी मुदात पेश की गई। वैक ग्राउण्ड मे वताया गया है कि इसतरह से हुआ। अव वामफ्रन्ट सरकार के मिनिस्टर जनाव प्रशान्त सुर के जारिए कुछ पाजिटिभ स्टेप की वात कही गई है। उसको री स्टोर किया गया है, जो सेन्सिटी और पब्लिक इन्स्टिटियुशन को गुजस्ता कांग्रेस सरकार ने खत्म कर दिया था, फिरसे वहाल होगा, ये वहेद खुशी की वात है। इसके लिए मैं उनको मुवारक वाद देता हुँ।

मैं कलकत्ता का रहने वाला तो नही हुँ। मै खालपुकुर कान्सिटियुन्सी वेस्ट दीनाजपुरका रहने वाला हुँ। लेकिन कलकत्ता में घुमने से एहशास हुआ कि यहाँ वहुतसे इलाके ऐसे हैं, जहाँ कलकत्ता कारपोरेशन की तरफ से कोई इन्तजाम नही होता है। जैसे कि तालटोला है, उसी तरह से फुलवगान है, और उसी तरह से मेहदी वगान है। यहाँ वहुत गन्दगी पाई जाती है। यहाँ के रास्ते भी ठीक नही है। ये मेट्रोपोलिटन टाउन है। कलकत्ता तो इसकी हालत ऐसी क्यों है? गुजस्ता सरकार ने इसका विलकुल इन्तजाम नही किया, खराव कर दिया, उसमें दुर्निति थी, जिसकी वजह मै ये खरावियाँ हुई। यकीनी गौर पर ये सारी हालत दुर कर - ताकि कलकत्ता एक खुवसुरत शहर नजर आये। जो लोग वस्ती इलाके के वासिन्दें है, उनको भी सहुलियतें मिलनी चाहिए।

आव मैं जनाव मिनिस्टर साहव का ध्यान नार्थ वंगाल में ये जो इसलामपुर सव डिविजन है। जिसके वारे में मेरे मुहतरिम एम०एल०ए० मे भी कहा है कि ये नया सव-डिविजन जो विहार से १९५६ के पहला नवम्वर को वंगाल में आया, डा० विधान चन्द्र राय की मिनिस्ट्री के जमाने मे। ये नया सव-डिविजन की रुट हुआ। ये सव-टाउन की हैसियत से काम करता है। यहाँ कोर्ट, कालेज है, पाब्लिक इन्सिटियुशन्स हैं और वहाँ की आवादी भी इस लायक है कि वहाँ म्युनिस्पिल्टी की जा सकती है। ये सारी वातें होते हुए भी इसलामपुर टाउन है। वहाँ आंचल पंचायत मौजुद है। इसलामपुर में गुजस्ता सरकारने टाउन डवलपमेन्ट कमेटी कायम करके कुछ रुपया भी दिया था। टाउन हाल वनाने की वातभी हुई थी। कुछ वनभी रहा है, कुछ काम भी हो रहा है, उसतरह का डवलपमेन्ट प्रोग्राम था। लेकिन क्यो ठप्प पड़ गया है, कुछ पता नही। गुजस्ता सरकार ने क्यों नही कराया? अव जनाव मिनिस्टर साहव से मेरी गुजारिश है कि ये जो निगलेक्टेड एरिया विहार से वंगाल में आया है, उसे डवलपिंग टाउन मे रखें और इसे नोटिफाइड करके म्युनिस्पिल इलाका वनायों। वहाँ पर म्युनिस्पिल्टी कायम की जाय। उसके लिए मै गुजारिश करुँगा।

और एक चीज दुख के साथ कहना पड़ता है जो विल्कुल सही वात है कि कांग्रेस के दौरमें नाजायज मस्तान लोग जगह-जगह म्युनिस्पिल्टी के जारिए वहाल कर दिए गए, वैठा दिए गये। वे लोग यकीनी तौर पर वहाँ कुछ काम तो करते नही है, वहुत नुकशान पहुँचा रहे है। म्युनिस्पिल्टी अफिस वगैरह शराव का अड्डा वन गया है। ऐसी सही वात भी हमारी नोटिस में है। इन वैड एलिमेन्टर्की तरफ खास वारे पर ध्यान दिया जाना चाहिए। इसकी तहकीकात करायें ताकि ऐसे गलत एलीमेन्टस जो पाब्लिक इन्सिटियुशन में घुसकर सोशल एन्युज को गिराने की कोशिश करते हैं, ऐसी नही हो। सामाजिक कतरें वुलन्द रहनी चाहिए। उसके लिए हमारे तजुवैकार मिनिस्टर साहव जरुर ध्यान देंगे।

इन सारी वातों के साथ मैं फिर एकवार इस्लामपुर सव-डिविजन की तरफ ध्यान दिलाना चाहता हुँ कि उसपर जरुर गौर करें - चिन्ता करें। वहाँ के लोग आजभी निगलेक्टेड हैं-वहाँ रास्ता नही है - रोड नही है। वहाँ के लोग इनफिरियारटी कमप्लेकस में है कि हमलोग विहार से ट्रान्सफर होकर वंगाल में आये - सोनार वंगाल में, मगर यहाँ तो रोल्ड गोल्ड वंगाल भी नही मिला। मैं मिनिस्टर साहव से गुजारिश करुँगा कि वे इसपर जरुर ध्यान देंगे ताकि उनके ये एहसास दुर हो जाँय।

इन सारी बातों के साथ मैं इस बजट का समर्थन करते हुए, अपनी बात खत्म करता हुँ।

**শ্রী মহাদেব মুখার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বর্তমান যে পৌর বাজেট মাননীয় পৌরমন্ত্রী মহাশয় এখানে উত্থাপন করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আজ পর্যন্ত আমরা পৌর প্রশাসন সম্পর্কে যা দেখেছি বিশেষ করে কলকাতাকে বাদ দিলে, মফঃস্বলের এরিয়াগুলিতে মিউনিসিপ্যালিটির পরিচালনা ব্যবস্থা যা হয়েছে তাতে আমরা লক্ষ্য করেছি যে বিগত ৩০ বছর থেকে বিশেষ করে ব্রিটিশ আমল থেকে শহরের ধনীক শ্রেণীর স্বার্থে এটা পরিচালিত হয়ে এসেছে এবং এমন পর্যন্ত দেখা গেছে যে মিউনিসিপ্যালিটিগুলিতে বা পৌর এলাকায় ট্যাক্স ধার্য করা হয়—সেখানে যারা বড়বড় বাড়ির মালিক, বড়বড় ব্যবসায়ী তাদের ট্যাক্স কম করে ধার্য করা হয়, আর সাধারণ বস্তিবাসী, যারা কুঁড়েঘরে বাস করে তাদের উপর বেশি ট্যাক্স ধার্য করা হয়। তারা আবেদন-নিবেদন করলেও মিউনিসিপ্যালিটি, পৌর কর্তৃপক্ষ তেমন কান দিতেন না। আজকে আমাদের বাজেটে সেই বিষয়টা সম্পর্কে বিশেষভাবে লক্ষ্য রাখা হয়েছে সে জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমাদের পৌরমন্ত্রী মহাশয় যে এই বিষয়টার উপর লক্ষ্য রেখেছেন এবং আমাদের অগণিত লক্ষ লক্ষ বস্তিবাসী, যারা পৌর এলাকায় বাস করে, যারা জীবনে কোনওদিন আনন্দ উপভোগ করতে পারেনি, এমন কি তাদের যে পরিবেশ, তারা সুস্থ পরিবেশে বাস করতে পারেনি কোনওদিন।

[5-00 — 5-10 p.m.]

তাদের যে মহল্লা তাদের এলাকাগুলোতে জল-কাদায় ভর্তি হয়ে থাকে বর্ষাকালে এবং জলনিকাশি drain-গুলো পর্যন্ত পরিষ্কার থাকেনা এবং অনেক জায়গায় drain একেবারে নেই। জলের কোনও ব্যবস্থা হয়নি, Municipality-এর electric থাকা সত্ত্বেও আলোর ব্যবস্থা নেই। এই সমস্ত এলাকাগুলো সম্পর্কে আজ পৌরমন্ত্রী মহাশয় দৃষ্টিপাত করেছেন এবং এই সম্বন্ধে চিন্তা-ভাবনা করেছেন। এই জন্য আমি এই বাজেটকে স্বাগত জানাচ্ছি। তাছাড়া পৌর এলাকায়, বিশেষ করে আমাদের পুরুলিয়ার পৌর এলাকার কথা বলতে চাই, ১৯৫৬ সালের আগে পর্যন্ত পুরুলিয়া পৌর এলাকা বিহার রাজ্যের অন্তর্ভুক্ত ছিল, এই রাজ্য পুরুলিয়াকে অবহেলা করে গেছে। আজকে আমরা পশ্চিমবাংলায় আসার পরেও আমরা দেখতে পাচ্ছি বিগত কংগ্রেস শাসনে, তারা পুরুলিয়া শহরকে কিছুটা সুন্দর করার দিকে কোনও দিন লক্ষ্য দেননি। এখনও যদি বিভিন্ন বস্তি এলাকায় যান তাহলে দেখবেন, সেখানে কিরকম অস্বাস্থ্যকর অবস্থায় বস্তিবাসীরা বাস করছে। তাই আজকে আমি পৌর মন্ত্রীর কাছে আবেদন জানাব এই পুরুলিয়ার পৌর এলাকার মধ্যে যে সমস্ত বস্তি এলাকা রয়েছে, সেইগুলোর দিকে নজর দিন এবং যাতে বিশেষভাবে অর্থ সাহায্য করতে পারেন সেই বিষয়ে অনুরোধ জানাচ্ছি। দ্বিতীয় কথা হচ্ছে, পুরুলিয়ার পৌর নির্বাচন আজ ১০/১২ বছর হয়নি এবং সেখানে একজন administrator নিযুক্ত আছেন এবং তার হাত দিয়ে মিউনিসিপ্যালিটির বহু কিছু খরচ হয়েছে, কিন্তু যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন সেখানে কোনও রাস্তাঘাট তৈরি করেননি, কিছুই সেখানে হয়নি, সমস্ত টাকা জলে ফেলে দেওয়া হয়েছে। এমন কি পুরুলিয়া

শহরে যেটা Main Road, পুরুলিয়া station থেকে উদাস পার্ক পর্যন্ত, সেটা দেখলে মনে হবে খানা-ডোবায় ভর্তি হয়ে রয়েছে। কেউ যদি Rickshaw চড়ে যান তাহলে হয়তো তার কোমরের অবস্থা ঠিক থাকবে কিনা জানি না, এই হচ্ছে অবস্থা। আজকে এই প্রধান রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত শোচনীয়। তৃতীয় কথা হচ্ছে, বিহার আমল থেকে ছোট ছোট ছেলেমেয়েদের জন্য Free Compulsory Education আছে, প্রাথমিক শিক্ষার জন্য বিভিন্ন স্কুল আছে, সেই স্কুলগুলো মেরামত করা গৃহ নেই। সেখানে বেশিরভাগ বস্তিবাসীরা পড়াশুনা করে এবং তাদের পড়ানোর আসবাব পত্র, জিনিসপত্র, সেইগুলো নেই, সেইগুলোর দিকে যেন একটু লক্ষ্য রাখেন এই আবেদন আমি রাখছি। কারণ আজকে বর্তমান সরকার সে সম্বন্ধে চিন্তা-ভাবনা করছেন বলে বিশেষভাবে কয়েকটি কথা আপনার কাছে রাখলাম। আমার শেষ কথা হচ্ছে সেখানে যাতে নির্বাচন অবিলম্বে হয় তার ব্যবস্থা করা এবং Voter List সম্বন্ধে বলছি, যদি পারা যায় ভাল কিছুটা সংশোধন করে ব্যবস্থা করার চেষ্টা করা হোক। আর একটা সামান্য কথা বলতে চাই, ওখানে রাস্তার ধারে ধারে যে সমস্ত ছোটছোট দোকানগুলো আছে, সেই দোকানগুলির ওপরে অত্যাচার চলছে, তাদের উঠে যেতে বলা হচ্ছে। কিন্তু আমি বললেন সেই জায়গা থেকে তাদের সরে যেতে বললে, Municipality বা পৌর প্রশাসন থেকে তাদের যেন বিকল্প ব্যবস্থা করে সেখান থেকে সরানো হয়। এই কথা বলে আজকে এই পৌর বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমল ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রশান্ত শূর মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটি কথা বলব। যেটা মন্ত্রী মহাশয় তার বাজেটে রেখেছেন। কংগ্রেসি আমলে যে পৌরসভাগুলোর উপর শুধু অগণতান্ত্রিকভাবে প্রশাসক চাপিয়ে দেওয়া হয়েছিল তাই নয়—আমি তার বলি হয়েছিলাম, কারণ আমি শ্রীরামপুর পৌরসভার সভাপতি ছিলাম ১৯৭২ সালে। কিন্তু তারপরে তারা যা করেছেন সে সমস্ত কাজের কথা মন্ত্রী মহাশয় তাঁর রিপোর্টে বলেছেন। এই সমস্ত পৌরসভাগুলি আর্থিক দিক থেকে জর্জরিত, কিন্তু ওরা এদের আয় বাড়াবার কোনওরকম ব্যবস্থা করে যায়নি। অথচ বিভিন্ন পৌরসভায় ওরা বহু লোককে চাকুরি দিয়েছে, সমাজবিরোধী, খুনি, গুণ্ডাদের পৌরসভায় চাকুরি দিয়ে গিয়েছে। সাউথ সুবার্বণ মিউনিসিপ্যালিটিতে গত ১ বছরে প্রায় ৪০০ লোককে চাকুরি দিয়েছে, কামারহাটি মিউনিসিপ্যালিটিতে ১৫০ জন লোককে চাকুরি দিয়েছে, ভাটপাড়া মিউনিসিপ্যালিটিতে প্রায় ১৬০ জন লোককে চাকুরি দিয়েছে। এই রকম বিভিন্ন পৌরসভায় ওরা এত লোককে ঢুকিয়ে দিয়ে গেছে, যে আজকে পৌরসভাগুলি বুঝতে পারছে না তারা কিভাবে পৌর প্রশাসন পরিচালনা করবেন। আমাদের পৌরসভার একই সমস্যা। আমি যখন পৌরসভার সভাপতি ছিলাম ১৯৭২ সালে, তখন সেখানে পৌর-কর্মচারিদের ২ লক্ষ টাকা মাইনে দিতে হত। বর্তমানে সেখানে পৌর-কর্মচারিদের মাইনে দিতে হচ্ছে ৩ লক্ষ টাকা। স্বভাবতই আজকে যে সংকট দেখা দিয়েছে, তার প্রধান হচ্ছে অর্থনৈতিক সংকট। অর্থনৈতিক সংকট অতীতেও ছিল। কিন্তু বিগত ৫ বছরের কংগ্রেসি দুর্শাসনে এবং তাদের নির্লজ্জ দুর্নীতির ফলে অর্থনৈতিক সংকট আজকে চরম আকার ধারণ করেছে। শ্রীরামপুর পৌরসভায় পৌরসভাপতির যে ঘর আছে, সেই ঘরে দিনেরবেলায় যুব কংগ্রেস ছাত্র-পরিষদের লোকেরা মদ খেত। আমি এবার আবার পৌর সভাপতির দায়িত্ব নিয়ে একজিকিউটিভ অফিসারকে

যখন জিজ্ঞাসা করলাম, এসব আপনি অ্যালাউ করতেন কি করে? তিনি বললেন, ওরা বলত, গোপালদা আছে—দেখে নেব আপনাকে। এইরকম অবস্থা সেখানে ওরা করে রেখে এসেছে। তাদের সেই সব কাজের দায়-দায়িত্বর বোঝা চেপেছে আমাদের উপর। স্বভাবতই পৌর সভাপতিরা মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করেছেন অবিলম্বে যদি অর্থনৈতিক ব্যবস্থা কিছু অবলম্বন না করা যায় তাহলে পূজার আগে এক্সগ্রাসিয়া থেকে আরম্ভ করে মাইনে পর্যন্ত দেওয়া যাবে না। এবং এ ব্যাপারে পৌরমন্ত্রী যথেষ্ট সহানুভূতির সঙ্গে আমাদের কথাবার্তা শুনেছেন এবং তিনি তাঁর বাজেট বরাদ্দে যে টাকার ব্যবস্থা করেছেন তাতে সামান্য কিছু সুরাহা হবে। কিন্তু পৌরসভার নাগরিক জীবনের মানুষের আশা-আকাঙ্খা পূরণ করা এই আর্থিক অবস্থার মধ্যে সম্ভব নয়। বিশেষ করে এর আর একটা যন্ত্রণা হচ্ছে সি. এম. ডি. এ.। যদিও এটা পৌরসভার উন্নয়নের একটা যন্ত্র। কিন্তু তারা পৌরসভার রাস্তাগুলিকে এমন করে রেখেছে তাতে সেখানে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে, বর্ষার সময়ে মানুষ সেখানে জলের মধ্যে পড়ে যাচ্ছে, গাড়িগুলি গর্তে পড়ে খারাপ হচ্ছে। অথচ তারা বলছে, রাস্তা সারাবার দায়িত্ব আমাদের নয়। স্বভাবতই মানুষের মধ্য থেকে অসন্তোষ সৃষ্টি হচ্ছে। রাস্তার ব্যবস্থা না করতে পারার ফলে সমস্ত কিছুর মধ্যে একটা অচল অবস্থার সৃষ্টি হচ্ছে। সি এম. ডি. এ.-র অপদার্থ অফিসাররা ২৬ লক্ষ টাকা দিয়ে একটা ড্রেনেজ করেছে, অথচ সেটা দিয়ে কোনও কাজ হয় না, একদম অকেজো হয়ে পড়ে আছে। আমার মনে হয় এই সমস্ত অপদার্থ যারা বসে আছে তাদের বিষয়ে একটা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা উচিত। পৌরসভার সঙ্গে সি. এম. ডি. এ. অনেক বিষয়ে জড়িত। সুতরাং উভয়ের সম্পর্ক সম্বন্ধে একটা সুষ্ঠু নীতি না নিতে পারলে এই অবস্থাই চলবে। সমস্ত পৌরসভাগুলিতে যে সমস্ত বে-আইনি চাকুরি দেওয়া হয়েছে, সে সম্বন্ধে পৌরমন্ত্রী বলেছেন যে, তাদের সম্বন্ধে তদন্ত করা হবে। তদন্ত করা দরকার, যিনি চাকুরি দিয়েছেন, তার সম্বন্ধেও তদন্ত করতে হবে। এ সম্বন্ধে আইন হয়েছিল যে, সরকারি অনুমতি ছাড়া চাকুরি দেওয়া হবে না। অথচ তারপরও তারা শত শত মানুষকে চাকুরি দিয়ে গিয়েছে। ঐ যে আইন আছে তার থেকে সারচার্জ করতে হবে এবং তাদের থেকে সেখানে টাকা আদায় করতে হবে। এ সম্বন্ধে একটা ব্যবস্থা করার জন্য আমি পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তারপর পৌরসভার প্রাথমিক বিদ্যালয়গুলিতে যে সমস্ত প্রাথমিক শিক্ষক আছেন এবং শিক্ষা বিভাগের যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় আছে তাদের শিক্ষকদের মধ্যে একটা ডুয়েল পলিসি, একটা ডুয়েল ব্যবস্থা আছে। পৌরসভার প্রাথমিক শিক্ষকদের সার্ভিস কন্ডিসন্স পৌরসভার অন্যান্য কর্মচারিদের মতো। পৌরসভার একজন প্রাথমিক শিক্ষক বেতন পান ৫০০ টাকার উপর। আর সরকার যে প্রাথমিক বিদ্যালয়গুলি পরিচালনা করেন, তাদের প্রাথমিক শিক্ষকরা বেতন পান—একজন গ্রাজুয়েট এবং বেসিক ট্রেন্ড শিক্ষক মাইনে পান ২০০ টাকা। এই অবস্থা দীর্ঘদিন চলতে পারে না। এই নিয়ে অনেক আন্দোলন হয়েছে দীর্ঘদিন ধরে। খড়দাহ, আসানসোল, রানিগঞ্জ প্রভৃতি বহু জায়গায় এই অবস্থা চলে আসছে বহু দিন ধরে।

[5-10 — 5-20 p.m.]

এই পৌরসভার অধীনে যে সমস্ত প্রাথমিক শিক্ষক আছেন, তাঁরা যাতে পূজার সময়

এক্সগ্রাসিয়া হিসাবে কিছু টাকা পান তারজন্য আমি পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পৌরসভার অধীনে যে সমস্ত প্রাথমিক শিক্ষক আছেন সাধারণ প্রাথমিক শিক্ষকদের থেকে তাদের বেতন অনেক কম, এই কারণে তাঁদের বিক্ষোভ থেকে যাচ্ছে। এই অবস্থার প্রতিকার হওয়া দরকার এবং এটা যত তাড়াতাড়ি সম্ভব তত তাড়াতাড়ি করতে পারলে ভাল। এঁরা আমার কাছে ডেপুটেশনেও এসেছিলেন, তাঁরা জিজ্ঞাসা কবলেন এ অবস্থা আর কতদিন চলবে? এর কি প্রতিকার হবে না? বামপন্থী সরকার সাধারণ মানুষের দরদ এবং মমতা নিয়ে সরকারে আসীন হয়েছেন। তাই আমি অনুরোধ করব, পৌরসভার অধীনে যে সমস্ত প্রাথমিক শিক্ষক আছেন তাঁরা যাতে পৌরসভার বাইরে যে সমস্ত প্রাথমিক শিক্ষক রয়েছেন তাদের সমান বেতন পান সেদিকে দৃষ্টি দিতে আমি বলছি। এবার আমি রিফিউজি কলোনির সম্বন্ধে কিছু বলছি। এই বাস্তুহারা কলোনির একটা অদ্ভুত ব্যবস্থা। এই যে ছিন্নমূল মানুষগুলো বাস করে তাদের কি শহরের মধ্যে এনে নাগরিক সুযোগ-সুবিধা দেওয়া যায় না? অবশ্য পৌরমন্ত্রী আইন সংশোধনের কথা বলেছেন। ইংরাজ আমলের কতকগুলি পৌর-আইন বাধা হয়ে দাঁড়াচ্ছে। আমি হুগলি জেলার উত্তরপাড়ার মিউনিসিপালিটির প্রতি একটু দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে দীর্ঘদিন সেখানে কোনও মিউনিসিপ্যালিটি নেই, কারণ হাইকোর্টে একটা মামলা চলছে। হিন্দুস্থান মোটরস কারখানার উপর ট্যাক্স চাপার ভয়ে তারা মামলা করে দিয়েছে, সেই মামলা দীর্ঘ ২০ বছর ধরে চলেছে। আগামী নভেম্বর মাসে পৌরসভার যে নির্বাচন হবে তাতে যেন উত্তরপাড়া পৌর নির্বাচনের ব্যবস্থা হয়, সেইজন্য আমি পৌরমন্ত্রীকে অনুরোধ করছি। সর্বশেষে আমার অনুরোধ, এই পূজার মধ্যে যদি পৌরসভাগুলিতে আর্থিক অনুদান না দেওয়া যায়, তাহলে পৌরসভাগুলি অচল হয়ে যাবে এবং কর্মচারিদের বেতন দেওয়া যাবে না। পূজায় যাতে এক্সগ্রাসিয়া দেওয়া যায় তার সিদ্ধান্ত সরকারকে নিতে হবে, এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিশেষ কিছু বলার নেই, সময় সংক্ষিপ্ত, কয়েকটি প্রশ্ন উত্থাপিত হয়েছে, তাব একটি হল খাটা পায়খানাগুলি অপসারণ করা। এ বিষয়ে আমাদের একটা পরিকল্পনা আছে, এবং এই ব্যাপার নিয়ে আমরা আলোচনা করছি। কিন্তু এটা অত্যন্ত ব্যয়সাপেক্ষ, কতদূর কি করা যাবে আমি জানি না। আমি কয়েকদিন আগে আসানসোলের রানিগঞ্জ গিয়েছিলাম এবং রানিগঞ্জে একটা স্কীম দেখেছিলাম, এই স্কিমটায় ১৬ লক্ষ টাকা লাগবে, অর্থাৎ এই খাটা পায়খানাগুলি অপসারণ করতে হলে কন্‌ভারশন অব সারভিস প্রিভিস প্রচুর পয়সার দরকার। এটা আমরা কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনা করছি, এ ব্যাপারে কি করা যায়, না করা যায়। আমি মনে করি যত তাড়াতাড়ি পারা যায় এই মধ্যযুগীয় যে ব্যবস্থা এর শেষ হওয়া দরকার। সত্যই এটা একটা লজ্জার ব্যাপার, যে বিংশ শতাব্দীর শেষ দিকে এসে, এরকম ধরনের একটা ব্যবস্থা আমাদের দেশে চালু আছে। আপনারা আর একটা কথা বলেছিলেন, বিশেষ করে আসনসোল সম্বন্ধে বলেছিলেন যে কেন্দ্রীয় সরকারের যে সম্পত্তি আছে, সেগুলির উপর কর বসানো হোক, কিন্তু আপনারা জানেন যে, সংবিধানে একটা বাধা আছে। সংবিধানে একথা বলা হয়েছে যে, কেন্দ্রীয় সরকারের যে সম্পত্তি আছে সেগুলির উপর কোনও ট্যাক্স বসানো যাবে না।

Exempted হবে কেন্দ্রীয় সম্পত্তিগুলি। তা সত্ত্বেও মফস্বলের municipality গুলি

যেখানে ৭১/২ ভাগ পান ট্যাক্স ২৭% পাওয়া উচিত সেখানে ৭১/২% পান Cal. Corporation আগে ৩১% পেতেন, এখন দিচ্ছেনা। এটা নিয়ে আমি Works Houshing Minister, সেকেন্দর বক্ত ও Finance Minister সঙ্গে আলোচনা করেছি এবং আমি মনে করি সাধারণ ভাবে যেসব বাড়িঘরের ট্যাক্স যে হারে আমরা নিতে পারি, সেই ভাবে কেন্দ্রীয় সরকারের সম্পত্তির উপর টাক্স হওয়া উচিৎ। আগে মেয়র কনফারেন্সে এটা নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু এর জন্য কন্সটিটিউশন পরিবর্তন করার দরকার এবং আমি আশা করি কন্সটিউশন ওরকম ধরনের সংশোধন করা উচিত এবং যতদিন না হয় ততদিন সার্ভিস চার্জ যেটা আমরা দিই সেটা যেন আমরা পাই। আর এটা স্বাভাবিকভাবে ৭১/২% নয় এটা ১৮/২০% হওয়া উচিৎ। আর একটা যে সমস্যার কথা কমলবাবু বললেন সেটা আমরা জানি। মিউনিসিপ্যাল অঞ্চলের প্রাথমিক শিক্ষকরা এক রকমের মাইনে পায়। আর সেই এলাকার সরকারি শিক্ষকরা তার চেয়ে বেশি মাইনে পান। এই তারতম্য কিভাবে দূর করা যায় জানি না, তবে এটা থাকা উচিৎ নয়। এর একমাত্র সমাধান হল পৌর-প্রতিষ্ঠান যে হারে মাইনে দেন সেই হারে যদি সরকার দেন তাহলে এটা সম্ভব। যা হোক আমি মনে করি এ জিনিসটা আলোচনা করা দরকার। পৌর করের ব্যাপারে বৈষম্য আছে এবং তাতে গরিব মানুষের উপরেই ট্যাক্স বেশি হয়। বস্তির লোকেরা কোনও রকম সুযোগ সুবিধা পায় না। অথচ তারা 18% ট্যাক্স দেন অথচ অনেক বড় বড় বাড়ির ট্যাক্স কম। আমরা সেন্ট্রাল ভেলুয়েশন করতে যাচ্ছি। এর জন্য study করতে কত বছর লাগবে। এটা আমরা প্রথমে পরীক্ষা করব পৌর প্রতিষ্ঠানের উপর এবং যদি দেখা যায় সেটা study কার্যকর তাহলে অন্যান্য মিউনিসিপ্যালিটিতে চালু করব। কিছু কিছু এলাকাকে পৌর এলাকাকে মিউনিসিপ্যালিটি এলাকার মধ্যে আনা বা নূতন মিউনিসিপ্যালিটি করার বিষয়ে আমরা চিন্তা করছি এর এবং এ বিষয়ে আমাদেবর স্কিম আছে। এরজন্য অনেক জায়গা থেকে বাঁধা আসে এই কারণে যে অনেকে মনে করেন সেখানে যদি মিউনিসিপ্যালিটি হয় তাহলে ট্যাক্স বেড়ে থাকে। সেজন্য একাজ আমরা সাহস করে করতে পারছি না। আমি আমার বক্তব্যের মধ্যে বলেছি আর্বানাইজেশন যদি পরিকল্পনা অনুযায়ী না হয় তাহলে কলকাতা, আসানসোল, রানিগঞ্জ ইত্যাদি এলাকা বস্তিতে পরিণত হয়ে যাবে। এটা বন্ধ করা উচিৎ। মোটামুটি ভাবে আমি সব বক্তব্যগুলি গ্রহণ করছি—বিশেষ কোনও বিরোধী বক্তব্য হয়নি। বর্ধমানের কথায় বলছি যে পশ্চিমবঙ্গের সন্ত্রাস সেখান থেকেই শুরু হয়েছিল। ১৯৭২ সালের যে নির্বাচন সেই নির্বাচনের পূর্বে সন্ত্রাসের মহড়া সেখান থেকেই শুরু হয়। ইন্দিরা গান্ধী বুঝেছিলেন সন্ত্রাস যদি আমরা সৃষ্টি করতে পারি তাহলে ২৫টি আসনের মধ্যে যেখানে ২৪টি আসন আমাদের প্রাপ্য তা যদি না হয় তাহলে এর দ্বারাই স্বাভাবিকভাবে আমরা পশ্চিমবাংলার বিধানসভা দখল করতে পারব। এটা আলোচনায় থাকা উচিৎ বলে আমি মনে করি। এই কথা বলে আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বাজেট গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

[5-20 — 5-30 p.m.]

**Demand No. 74**

The motion of Shri Shaikh Imajuddin that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 17,27,54,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : "363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayat)".

(This is inclusive of a total sum of Rs. 8,81,58,000 already voted on account in March and June, 1977), was then put and agreed to.

**Demand No. 26**

The motion of Shri Habibur Rahaman that the amount of the Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Dawa Narbu La that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Prasanta Kumar Sur that a sum of Rs. 2,15,00,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "260—Fire Protection and Control".

(This is inclusive of a total sum of Rs. 81,78,000 already voted on account in March and June, 1977), was then put and agreed to.

**Demand No. 59**

Major Heads : "314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat).

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৭৭-৭৮ সালে ব্যয়ের জন্য ৫৯ সংখ্যক অভিযাচনের অধীন মোট পাঁচ কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকার বরাদ্দের দাবি উত্থাপন করছি। বর্তমান বছরে উক্ত খাতে অন্তর্বর্তীকালীন সংস্থান হিসাবে মঞ্জুরীকৃত দুই কোটি সত্তর লক্ষ পঁচানব্বই হাজার টাকা এই ব্যয়বরাদ্দ দাবি অন্তর্ভুক্ত। উক্ত অভিযাচনের অধীন মুখ্য বাজেট শীর্ষকগুলি হচ্ছে :

"314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat).

চলতি সামাজিক-রাজনৈতিক-আর্থনীতিক কাঠামোর মধ্যে এবং আমাদের চরম আর্থিক সীমাবদ্ধতার মধ্যে গ্রামে গ্রামে এই মুহূর্তে আদর্শ পঞ্চায়েতি রাজ গঠন যে সম্ভব নয় তা বলাই বাহুল্য। তবু এরই মধ্যে পঞ্চায়েতি সংস্থার মাধ্যমে গ্রামের লক্ষ লক্ষ মানুষের প্রত্যক্ষ সহযোগিতা ও হস্তক্ষেপে গ্রামীণ সমাজকে যতটুকু সচল, সক্রিয়, প্রাণচঞ্চল করা যেত, পূর্বতন কংগ্রেস সরকারের চরম অপদার্থতা ও ঔদাসীন্যের ফলে তা হয়নি। দীর্ঘ তেরো থেকে উনিশ বছর নির্বাচনের সুযোগ না পেয়ে পঞ্চায়েত সংস্থাগুলিতে এসেছে চরম অবসাদ। বদ্ধ জলাশয়ে যেমন শ্যাওলা জন্মায়, সুদীর্ঘ দিনের নিষ্ক্রিয়তার অনিবার্য ফলস্বরূপ জমে উঠেছে জঞ্জালের স্তুপ, রন্ধ্রে রন্ধ্রে বাসা বেঁধেছে কায়েমি স্বার্থের দুর্নীতি। তাই গ্রামীণ জীবনকে কিছুটা সচল, সক্রিয় দুর্নীতিমুক্ত করার প্রয়োজনে আশু পঞ্চায়েত নির্বাচন অত্যন্ত জরুরি সে কারণে আমাদের ফ্রন্ট সরকার কালবিলম্ব না ক'রে অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে পঞ্চায়েতি রাজ সংস্থাগুলি সংগঠন ক'রে গ্রামবাংলার সাধারণ মানুষের উন্নয়ন ও কল্যাণের (সীমিত ব্যবস্থায় যতটুকু সম্ভব) দায়িত্ব ঐ নির্বাচিত সংস্থাগুলির হাতে তুলে দেবার প্রয়োজনীয় ব্যবস্থা দ্রুত গড়ে তুলছেন। এর ফলে গ্রামের মানুষের বহুদিনের আশা-আকাঙ্ক্ষা কিছুটা পূরণ হবে একথা আমি বিশ্বাস করি। গ্রামের মানুষের সহযোগিতা ও প্রত্যক্ষ দায়িত্ব গ্রহণ পঞ্চায়েতিরাজ সংস্থাগুলির মাধ্যমেই সম্ভব হ'তে পারে। শুধুমাত্র বিভাগীয় ব্যবস্থায় গ্রামবাংলার পুনর্গঠন কর্মসূচি রূপায়ণ সম্ভব নয়।

"পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩"-এর সংশোধনের প্রশ্ন উঠেছে। এ দাবির যৌক্তিকতা স্বীকৃত। তবু আশু নির্বাচনের প্রয়োজনে এই আইনকে এই মুহূর্তে যতটুকু প্রয়োজন ততটুকু সংশোধন ক'রে আমরা পশ্চিমবাংলায় অবিলম্বে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করতে চাই।

গত কয়েক বছরে পঞ্চায়েতের মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সমষ্টি সেচ পরিকল্পনার কাজ শুরু হয়েছে। ১৯৭৪-৭৫ সালে হুগলি জেলায় এই প্রকল্পের সূচনা হয়। তেরোটি অঞ্চল পঞ্চায়েত সংস্থা হুগলির ক্ষুদ্র চাষী উন্নয়ন সংস্থার অনুদান নিয়ে এবং শতকরা পঞ্চাশ ভাগ টাকা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণ হিসাবে গ্রহণ ক'রে অগভীর নলকূপ খনন ক'রে চাষীদের সেচের জল বিতরণ করেন। পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া, কোচবিহার, মুর্শিদাবাদ, নদীয়া ও মালদায় পঞ্চায়েত কর্তৃক সমষ্টি সেচ পরিকল্পনার কাজ কিছুটা অগ্রসর হয়েছে। এই পরিকল্পনায় ফসলের উৎপাদন একদিকে যেমন বেড়েছে, অন্যদিকে কতকগুলি সমস্যাও দেখা দিয়েছে। এই প্রকল্পগুলি পরিদর্শনের সময় অনেক চাষী আমার কাছে সেচ করের High rate-এর কথা তুলে ধরেছেন। আমাদের সরকার প্রকল্পগুলির বিভিন্ন দিক খতিয়ে দেখেছেন এবং এই প্রকল্পগুলি কিভাবে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর স্বার্থে রূপায়িত করা যায় তা গভীরভাবে বিবেচনা করছেন। তবে একটি ব্যাপারে আমি নিঃসন্দেহ যে, বর্তমানে যে পঞ্চায়েতী সংগঠন আছে, তা দিয়ে এই প্রকল্পগুলি সার্থক রূপায়ণ অসম্ভব। তাই এই প্রকল্পগুলির সার্থক রূপায়ণের জন্য পঞ্চায়েতি সংগঠনে গতিশীল নেতৃত্ব প্রয়োজন এবং সেই গতিশীল নেতৃত্ব প্রদানের জন্য আশু নির্বাচন অপরিহার্য।

গ্রামের জ্বালানী সমস্যার সমাধানে, ভূমিক্ষয় নিবারণে, সামাজিক স্বার্থে বনসৃজন পরিকল্পনার রূপায়ণে গাছ লাগানোর আন্দোলনে পঞ্চায়েত কিছু ভূমিকা গ্রহণ করেছে। গ্রামীণ নেতৃত্ব

বিকাশের জন্য পূর্বতন সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছিলেন। ১৯৭৬-৭৭ সালে প্রায় ছয়শোটি অঞ্চল পঞ্চায়েত এই প্রকল্পের আওতায় থাকে, বর্তমান আর্থিক বছরে এই প্রকল্প আরও প্রায় তেরোশটি অঞ্চল পঞ্চায়েতে সম্প্রসারিত হবে। বহু সহকারি সংস্থাগুলিকে (যথাঃ ক্লাব, সমিতি ও সংঘ) স্থানীয় উন্নয়নের জন্য প্রতিযোগিতার ভিত্তিতে নানারকম কল্যাণধর্মী কাজে নিয়োগ, গ্রামীণ জনশক্তি বিশেষ ক'রে গ্রামের যুবশক্তিকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত ক'রে জনশক্তির পূর্ণ সদ্ব্যবহার এই প্রকল্পের উদ্দেশ্য। গ্রামের বিপুল যুবশক্তিকে কাজে লাগানো, গ্রামীণ নেতৃত্ব বিকাশের মতো সৃজনশীল কাজের (যা ছাড়া গ্রামীণ উন্নয়নের কথা অর্থহীন) রূপায়ণ বর্তমানের স্থবির, মৃতপ্রায় পঞ্চায়েতী সংগঠনের মাধ্যমে অসম্ভব। এই কাজের রূপায়ণেও অবিলম্বে প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে বিভিন্ন স্তরে পঞ্চায়েতি সংগঠন গড়ে তোলার প্রয়োজন অপরিহার্য।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে, অঞ্চল পঞ্চায়েতের অধীন চৌকিদার-দফাদারদের বেতন বাবদ সরকার এতদিন পর্যন্ত অনুদান দিচ্ছিলেন প্রতি দফাদার বাবদ প্রতি মাসে টাঃ ৩২.৫০ এবং প্রতি চৌকিদার বাবদ প্রতি মাসে টাঃ ২৭.৫০। এ বছর থেকে এই অনুদানের মাত্রা বাড়িয়ে প্রতি চৌকিদার ও প্রতি দফাদার বাবদ প্রতি মাসে টাঃ ৫৫.০০ করা হয়েছে। এই বাবদ সরকারের বাৎসরিক বর্ধিত খরচের পরিমাণ দাঁড়াবে প্রায় উনসত্তর লক্ষ টাকা। বেতন কাঠামো পরিবর্তন সাপেক্ষে অঞ্চল পঞ্চায়েত সচিব ও সহ-সচিবদের মাসিক ১৫ টাকা হারে অন্তর্বর্তীকালীন বেতনও বর্তমান সরকার মঞ্জুর করেছেন। এছাড়া জিলা পরিষদ ও আঞ্চলিক পরিষদের কর্মচারিগণ এবং অঞ্চল পঞ্চায়েত সচিব ও সহ-সচিবগণ সরকারি কর্মচারিগণের ন্যায় বর্ধিত হারে মহার্ঘ ভাতা পাবেন ব'লে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এইসব বাবদ সরকারের বাৎসরিক বর্ধিত দায় হবে প্রায় আরও একুশ লক্ষ টাকা।

এখন ১৯৭৭-৭৮ সালের বাজেটে বিভিন্ন খাতে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে তার সংক্ষিপ্ত হিসাব আমি পেশ করছি। উন্নয়নমূলক কাজের জন্য প্রত্যেক অঞ্চল পঞ্চায়েতকে তেরশ টাকা ক'রে বাৎসরিক অনুদান দেওয়া হয়। এছাড়া অঞ্চল পঞ্চায়েত সচিব, সহ-সচিব, চৌকিদার ও দফাদারদের বেতন ইত্যাদি বাবদও অনুদান অঞ্চল পঞ্চায়েতকে দেওয়া হয়ে থাকে। এই বাবদ মোট দুই কোটি দশ লক্ষ টাকা ১৯৭৭-৭৮ সালের বাজেটে বরাদ্দ করা হয়েছে। অঞ্চল পঞ্চায়েত সচিব ও সহ-সচিবগণের এবং চৌকিদার ও দফাদারগণের বর্ধিত বেতন বাবদ সরকারের যে বর্ধিত দায়ের কথা পূর্বে উল্লেখ করেছি সেই হিসাব এই দুই কোটি দশ লক্ষ টাকা বাজেট বরাদ্দের মধ্যে ধরা হয়নি। এই বর্ধিত ব্যয়বরাদ্দের দাবি যথাসময়ে চলতি আর্থিক বছরের মধ্যেই পেশ করা হবে। জেলা পরিষদগুলিকে পথ-উপকর এবং পূর্ত-উপকরের বিনিময়ে অনুদান দেওয়া হয়ে থাকে। এই বাবদ ১৯৭৭-৭৮ সালের বাজেটে "363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat)" খাতে পঁচাত্তর লক্ষ টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। এ ছাড়া জেলা পরিষদগুলিকে ভূমিরাজস্বের গত তিন বছরের চলতি দাবির উপর আদায়ের গড়ের পাঁচ শতাংশ অনুদান হিসাবে দেওয়ার ব্যবস্থা আছে। এই বাবদ ১৯৭৭-৭৮ সালের বাজেটে দশ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

আঞ্চলিক পরিষদগুলির আর্থিক অসচ্ছলতার জন্য তাদের কর্মচারিদের বেতন দেবার দায়িত্ব সরকার নীতিগতভাবে মেনে নিয়েছেন। এইজন্য আঞ্চলিক পরিষদের কর্মচারিদের বেতনের জন্য আঞ্চলিক পরিষদগুলিকে অনুদান দেওয়া হয়। এই বাবদে ১৯৭৭-৭৮ সালের বাজেটে মোট পঁচিশ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

বেতনক্রম সংশোধিত হবার ফলে জেলা পরিষদের কর্মচারিদের ক্ষেত্রে সরকারকে অতিরিক্ত আর্থিক সাহায্য দিতে হচ্ছে। এই বাবদে ১৯৭৭-৭৮ সালের বাজেটে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে।

জেলা পরিষদের কর্মচারিদের দেয় দুর্মূল্য ভাতার আশি শতাংশের সম পরিমাণ অর্থ সরকার জেলা পরিষদগুলিকে অনুদান হিসাবে মঞ্জুর করেন। এই বাবদে ১৯৭৭-৭৮ সালের বাজেটে ছাব্বিশ লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

স্থানীয় জনসাধারণের উদ্যোগে গ্রামে রাস্তাঘাট রক্ষণাবেক্ষণের এবং উন্নয়নের জন্য পঞ্চায়েত বিভাগ গ্রামীণ পথ প্রকল্প চালু করেছেন এবং এই প্রকল্পটি গ্রামের জনসাধারণের কাছে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে। এই প্রকল্পটি সি. ভি. আর স্কীম নামে পরিচিত। ১৯৭৭-৭৮ সালের বাজেটে এই বাবদে ছয় লক্ষ টাকা বরাদ্দ ধরা হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রকল্পগুলির জন্য ১৯৭৭-৭৮ সালের বাজেটে মোট পঁয়ত্রিশ লক্ষ তেত্রিশ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। ঐ টাকার হিসাব এইরূপ—

(১) পঞ্চায়েত কর আদায়ে উৎসাহ দেওয়ার প্রকল্পের জন্য একুশ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। ১৯৭৪-৭৫ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল পর্যন্ত এই প্রকল্পের অধীনে প্রায় ছাব্বিশ শত অঞ্চল পঞ্চায়েতকে অনুদান দেওয়া হয়। ১৯৭৭-৭৮ সালে প্রায় তের শত অঞ্চল পঞ্চায়েতকে এই অনুদান দেওয়ার প্রস্তাব করা হয়েছে ;

(২) উন্নয়নমূলক কাজের মাধ্যমে স্থানীয় নেতৃত্ব বিকাশের জন্য দুই লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। এই প্রকল্পে চলতি আর্থিক বছরে প্রায় তের শত অঞ্চল পঞ্চায়েতকে অনুদান দেওয়ার প্রস্তাব করা হয়েছে ,

(৩) অঞ্চল পঞ্চায়েতগুলির নিজস্ব অফিস-ঘর তৈরির প্রকল্পের জন্য দশ লক্ষ তেত্রিশ হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে। ১৯৭৫-৭৬ এবং ১৯৭৬-৭৭ সালে মোট ২৮৩টি ঘর তৈরির জন্য ২৮৩টি অঞ্চল পঞ্চায়েতকে অনুদান দেওয়া হয়। চলতি আর্থিক বছরে আরও ১৪৮টি ঘর তৈরির জন্য ১৪৮টি অঞ্চল পঞ্চায়েতকে অনুদান দেবার ব্যবস্থা করা হয়েছে ;

(৪) লাভ জনক সম্পদ সৃষ্টির উদ্দেশ্যে বিনিয়োগের জন্য পঞ্চায়েতি রাজ সংস্থাগুলিকে ঋণ দেওয়ার প্রকল্পের জন্য এক লক্ষ টাকা বায়বরাদ্দ ধরা হয়েছে ;

(৫) পঞ্চায়েতিরাজ ফাইনান্স কর্পোরেশন গঠনের উদ্দেশ্যে প্রাথমিক ব্যয়ের জন্য এক লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে।

চলতি আর্থিক বছরে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে ব'লে আশা করা যাচ্ছে। এই বাবদ ১৯৭৭-৭৮ সালের বাজেটে পঁয়ষট্টি লক্ষ ষাট হাজার টাকা বরাদ্দ ধরা হয়েছে।

এ ছাড়া বিভিন্ন খাতে, যথা—কর্মচারিদের বেতন ও ভাতা, প্রশিক্ষণ প্রভৃতি বাবদ আরও অষ্টআশি লক্ষ সাত হাজার টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

১৯৭৭-৭৮ সালে ৫৯ সংখ্যক অভিযাচনের অন্তর্ভুক্ত "314—Community Development (Panchayat)" খাতে চার কোটি পঞ্চান্ন লক্ষ টাকা, "363—Compensation and Assignments to Local Bodies and Panchatati Raj Institutions (Panchayat)" খাতে পঁচাশি লক্ষ টাকা এবং "714—Loans for Community Development (Panchayat)" খাতে দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা অর্থাৎ মোট পাঁচ কোটি বিয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা ব্যয়ের জন্য আমি যে দাবি উত্থাপন করেছি সেটা মঞ্জুর করার জন্য আমি এখন বিধানসভাকে অনুরোধ করছি।

[5-30 — 6-20 p.m.] **(Including Adjournment)**

**Mr. Deputy Speaker :** The cut motion is in order and taken as moved.

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

**শ্রী অরবিন্দ ঘোষাল :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পঞ্চায়েতের ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন আমি তাকে সমর্থন করছি। প্রায় ২০ বছর আগে পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল এবং সেগুলি কার্যকর নেই বললেই চলে। আমরা দেখছি একমাত্র পঞ্চায়েত সচিব কোনও রকমে কাজকর্ম চালিয়ে যাচ্ছেন সভা সমিতির মাধ্যমে। পল্লী জীবনের সর্বাঙ্গীণ উন্নতির জন্য পঞ্চায়েত রাজের সৃষ্টি হয়েছিল। পল্লী জীবনের যে বিকাশ হবে সেই বিকাশসাধন সেখানকার মানুষ করবে এই উদ্দেশ্য নিয়েই পঞ্চায়েতের সৃষ্টি হয়েছিল। কিন্তু এখন দেখছি সেই মূল উদ্দেশ্য থেকে আমরা অনেক দূরে চলে গেছি। আমাদের যখন সংবিধান প্রণয়ন করা হয় সেখানে ডাইরেক্টিভ প্রিন্সিপল অব দি কনস্টিটিউশন, আর্টিকেল ফর্টি-তে বলা হয়েছে পঞ্চায়েতরাজ সৃষ্টি করবার জন্য আমরা চেষ্টা করব। কিন্তু ১৯৭৭ সাল পর্যন্ত সরকার সেটা করেননি। তারপর মেটা কমিটি এনকোয়ারি করেন এবং বলেন ৩টি স্তরে পঞ্চায়েত তৈরি করতে হবে।

তিনি বলেন এই তিনটি স্তর—অঞ্চল, গ্রাম এবং জেলা—এই তিনটি স্তরে পঞ্চায়েত তৈরি করতে হবে। তা সত্ত্বেও ১৯৫৭ সালে পঃ বাংলায় যে পঞ্চায়েত অ্যাক্ট হয় তাতে চারটা স্তরে পঞ্চায়েত তৈরি হয়, অবশ্য পরে ১৯৭৩ সারে এই কংগ্রেস সরকার সেটা সংশোধন করে আবার তিনটা স্তরে তৈরি করেছেন। কিন্তু সেই ভিত্তিতে আজ পর্যন্ত কোনও নির্বাচন হয়নি। সেজন্য আমরা দেখতে পাচ্ছি পঞ্চায়েতে গত ২০ বছরে নির্বাচন না হওয়ার জন্য এই পঞ্চায়েতের মধ্যে দুর্নীতি ঢুকেছে। সকলেই বলেন এই পঞ্চায়েত হচ্ছে একটি ঘুঘুর বাসা-এর মধ্যে একমাত্র অ্যাকটিভ হচ্ছে অঞ্চল সম্পাদক। তিনি ছাড়া একমাত্র বি. ডি ও.

বাদে জি. আর. টি. আর সব কিছু কাজ তাকেই করতে হয়। এই অঞ্চল পঞ্চায়েতের সম্পাদক হচ্ছে বি. ডি. ও. সাহেবের একমাত্র বাহন। কিন্তু এই অঞ্চল সম্পাদক আবার সরকারি কর্মচারী নন, যদিও তিনি মাহিনা পান কিন্তু তিনি সরকারি কর্মচারী নন। তাদের সঙ্গে একটা কর্মবিন্যাস করতে হবে। অঞ্চল সচিবদের যারা সেক্রেটারি বি. ডি. ও.-র সমস্ত কাজ তিনি করে থাকেন। যে সব গ্রামাঞ্চলে এই সব অঞ্চল সম্পাদক কাজ করেন অথচ তারা সরকারি কর্মচারী নন তাদের উপরে বি. ডি. ও. সাহেবের যে কর্তৃত্ব থাকবে কিংবা আমাদের সরকারের যে কি কর্তৃত্ব থাকবে সে সম্পর্কে একটা কর্মবিন্যাস করা উচিত। এই ব্যাপারে আইন কানুন তৈরি করা উচিত। তাছাড়া চৌকিদার দফাদারদের সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন সম্প্রতিকালে তাদের মাহিনা বাড়ানো হয়েছে, কিন্তু একটা জিনিস লক্ষ্য রাখতে হবে পূর্বে আমাদের চৌকিদার ছিলেন রাত্রিবেলায় ডাক দিয়ে যেতেন গৃহস্থকে সাবধান করতেন কিন্তু আজকাল সে ডাক দেওয়া উঠে গেছে। তাদের আরও একটা কাজ ছিল লাটসাহেব গেলে তার গাড়ি পাহারা দেওয়া তার জন্য তাদের তিন দিন রেল লাইনের উপর দাঁড়িয়ে থাকতে হত। এছাড়া তাদের আর কোনও কাজ ছিল না। আজকে পাহারা দেওয়া উঠে গেছে এবং রাত্রে হাঁক দেওয়া উঠে গেছে, এখন তাদের একমাত্র কাজ জি. আর. এবং টি. আর. বিলি হওয়ার জন্য গ্রামে গ্রামে বলে দেওয়া। তাদের মধ্যে এখনও অনেক লোক আছেন যারা কাজ করতে চান কিন্তু তাদের খাটিয়ে নেবার লোক নাই। তাদের কাজ বি. ডি. ও. অফিস থেকেও দেওয়া হয় না। কিন্তু আমি বলি তাদের আরও বেশি মাহিনা বাড়ানো হউক কারণ এই টাকা দিয়ে তাদের সংসার চলে না এবং যেটুকু মাহিনা তাদের দেওয়া হয় সেটুকু কাজ আদায় করবার ব্যবস্থা করা হউক। কেননা আজকাল তাদের কোনও কাজ নাই, একমাত্র মাসে অঞ্চল পঞ্চায়েত অফিসে এসে মাহিনা নেওয়া ছাড়া। সেজন্য আমি বলছি যে এই সম্পর্কে আপনাদের অনুধাবন করা উচিত যাতে অঞ্চল পঞ্চায়েতগুলি আরও সক্রিয় হয়ে উঠে। ১৯৭৩ সালে যে পঞ্চায়েত আইন কংগ্রেস সরকার তৈরি করেছিলেন তাতে পঞ্চায়েতের ক্ষমতা যাতে কেন্দ্রীভূত করা যায় তার একটা প্রচেষ্টা আমরা লক্ষ্য করেছি। একথা সত্যি আজকে ২০ বছর নির্বাচন না হওয়ায় আজকে সাধারণ গ্রাম পঞ্চায়েতগুলি ব্যর্থ হয়ে গেছে। গ্রামের সাধারণ মানুষ পঞ্চায়েতের উপর আস্থা হারিয়ে ফেলেছে। সেজন্য অবিলম্বে নির্বাচন হওয়া উচিত। নির্বাচনের পরে আমরা আইনের যেসব ত্রুটি থাকবে সেগুলি সংশোধন করে আবার পঞ্চায়েতকে সত্যিকারের গ্রামের জীবন বিকাশের জন্য এবং গ্রামের লোকেদের বিভিন্ন পল্লি উন্নয়নের কাজে পঞ্চায়েতের মাধ্যমে আমরা করবার জন্য প্রচেষ্টা করব। তার পূর্বে আমরা দাবি করব যে অবিলম্বে পঞ্চায়েত নির্বাচন হওয়া উচিত। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** The House is adjourned for Ramzan Eftar. The House will again meet at 6.20 p.m.

( At this state the House was adjourned till 6.20 p.m. )

[6-20 — 6-30 p.m.] (After recess)

**শ্রী সুধীরদাস শর্মা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত বাজেট যা

উপস্থাপিত হয়েছে এটাকে সমর্থন করে কয়েকটি কথা নিবেদন করব। পঞ্চায়েত বাজেটে সব চেয়ে যেটা ভাল লাগল সেটা হচ্ছে যে পঞ্চায়েত রাজের জন্য ফাইনান্স কর্পোরেশন একটা এস্টাবলিস করার জন্য মন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন সমস্ত পঞ্চায়েত বাজেটের মধ্যে এটাই সব চেয়ে আশাপ্রদ জিনিস। পঞ্চায়েত বাজেটে ফাইনান্স বা অর্থের যে বরাদ্দ এটা অত্যন্ত সীমাবদ্ধ এবং বরাদ্দের চেয়ে এর প্রয়োজন অনেক বেশি। ফাইনান্স কর্পোরেশনের হাতে প্রাথমিক পর্যায়ে যে অর্থ, ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে এটা অত্যন্ত অপর্যাপ্ত এবং যে উদ্দেশ্যে ফাইনান্স কমিশন স্থাপন করার ইচ্ছা ব্যাক্ত করা হয়েছে অর্থাৎ কিনা পঞ্চায়েতগুলির মধ্যে খানিকটা ইকনমিক ডেভেলপমেন্টের প্রচেষ্টা চালানো এটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস। পঞ্চায়েতগুলিকে যদি আমরা অ্যাকটিভাইস করে তুলতে পারি, কার্যকর করে যদি তোলা যায়, তার মধ্যে যদি একটা গতিশীলতা আনা যায়, যে কথা মন্ত্রী মহাশয় বলেছেন, এটা একান্তই প্রয়োজন। কারণ তার মাধ্যমেই মাত্র জনসাধারণকে সরকারের সঙ্গে এবং দেশের সামগ্রিক উন্নয়নের সঙ্গে যুক্ত করা সম্ভব। আমরা এটা জানি পঞ্চায়েত বাজেটের প্রথম শুরুতেই এটা বলা হয়েছে বর্তমানে অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক যে কাঠামো সেই কাঠামোর মধ্যে সমাজের সমস্ত সমস্যার সমাধান করা অসম্ভব। এটা অতি সত্য কথা। এই পরিবর্তন যদি আনতে হয় তাহলে একটা মৌলিক পরিবর্তন ও বৈপ্লবিক পরিবর্তন আনা দরকার। কারণ আজকে যে সমস্ত সমস্যা তা সমস্তই এই কাঠামো থেকে উদ্ভব। সুতরাং কাঠামো যদি থাকে আর সমস্যা থাকবে না এটা নিশ্চয়ই সম্ভব নয়। যদি এই সমস্যার সমাধান করতে হয় তাহলে সমস্যার প্রডিউসিং মেশিন যেটা সেই মেশিনটার পরিবর্তন করতে হবে। কিন্তু সেই মেশিন পরিবর্তন করার জন্য আমরা কোনও পন্থায় যাব সেটাই হচ্ছে আমাদের বিবেচ্য বিষয়। আজকে যে অবস্থা দাঁড়িয়েছে বর্তমানে অ্যাটমিক যুগে যে মারণাস্ত্র যে পর্যায়ে গিয়ে পৌঁছেছে তাতে আজকে শক্তির জোরে, পাওয়ারের দ্বারা ক্ষমতা দখল করা এটা প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।

কাজেই যদি পরিবর্তন আনতে হয় গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে সেই প্রচেষ্টা চালাতে হবে। এবং সেই প্রচেষ্টা চালাতে হলে জনগণকে যুক্ত করতে হবে, এই প্রচেষ্টার সঙ্গে বিশেষভাবে জনসাধারণকে ডাইনামিক করে তুলতে হবে, জনসাধারণের সক্রিয় সহযোগিতা ছাড়া এই প্রচেষ্টা অসম্ভব এবং সম্ভবত আজকে ১৯৬৭, ১৯৬৯ সাল এবং ১৯৭৭ সাল এটা প্রমাণ করেছে যে গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়েও ক্ষমতা করায়ত্ব করা সম্ভব, হয়ত প্রগতিশীল শক্তি ক্ষমতা করায়ত্ব করতে পারে গণতান্ত্রিক পদ্ধতির মধ্যে দিয়েও। কিন্তু ক্ষমতা করায়ত্ব করা আর সমাজবাদ গড়ে তোলা এক কথা নয়। ক্ষমতা করায়ত্ব করার পরেও হয়ত প্রচন্ড বাধা আসবে, কারণ সত্যিকারের সমাজবাদ প্রতিষ্ঠা হবে যখন সেই সময় হয়ত কাউন্টার রিভোলিউশনারি ফোর্সের সঙ্গে চূড়ান্ত সংগ্রাম হতে পারে। কিন্তু তখন প্রগতিশীল শক্তি তার সরকারের মধ্য থেকে, সরকারের গদিতে থেকে লড়াই করবে সেই কাউন্টার রিভোলিউশনারি ফোর্সের সঙ্গে, তাদের ছুঁড়ে দিতে হবে রিবেলিয়ানের পর্যায়ে যেখানে একমাত্র ভেস্টেড ইন্টারেস্টের হাতে ক্ষমতা থাকবে, সরকার থাকবে, সেই অবস্থায় ক্ষমতা ছিনিয়ে নেওয়া আর গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে ক্ষমতা করায় করা তাদের রিবেলিয়ানের পর্যায়ে ছুঁড়ে দিয়ে, এই টেকনিকের মধ্য দিয়ে যদি এগুতে হয়, তাহলে জনসাধারণকে আপনাকে

সঙ্গে নিতে হবে। তার প্রধান হাতিয়ার হচ্ছে পঞ্চায়েত। সেজন্য পঞ্চায়েতের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে নিবেদন যে তিনি পঞ্চায়েতকে আরও শক্তিশালী করার জন্য সেভাবে চেষ্টা চালাবেন। এবং আরও বেশি যাতে ফাইনান্স অ্যান্ড রিসোর্সের ব্যবস্থা হয় তার ব্যবস্থা করবেন কিন্তু এখন পঞ্চায়েতের যে অবস্থা তাতে করণীয় কিছু নাই এই পঞ্চায়েতকে শক্তিশালী করে গড়ে তুলতে হবে, তাতে সমস্ত কিছুকে ডেভেলপমেন্ট স্কীমে কনভার্ট করতে হবে। এক একটা পঞ্চায়েত বা ভিলেজ প্ল্যানিং ইনস্টিটিউট যে ইকনমিক প্ল্যানিং করবে সেগুলি একজিকিউট করবে সরকার, সরকারের সহযোগিতায় তাদের এই পর্যায়ে নিয়ে যেতে হবে যাতে তাদের ভিতর আত্ম-বিশ্বাস এবং উদ্দীপনা এগুলি সৃষ্টি করে তুলতে পারে। জনগণের মধ্যে সেই প্রচেষ্টা চালিয়ে যাবার জন্য এবং জোরদার করার জন্য পঞ্চায়েতে-এর ভারপ্রাপ্ত মন্ত্রীর নিকট আবেদন করছি। আজকে পঞ্চায়েতের যে সমস্যা, তার মধ্যে বর্তমান পঞ্চায়েতের মধ্যে যে সমস্যা তার মধ্যে আপনি দেখবেন Almost it is a dead institution.

আজকে পঞ্চায়েতের হাতে কোনও ক্ষমতা যেমন নেই সেখানে ১৫/২০ বছরের মধ্যে কোনও ইলেকশনও হয়নি, এই ইলেকশন যত ত্বরান্বিত করা যায় ততই মঙ্গল বহু জায়গায় পঞ্চায়েতগুলি প্র্যাক্টিক্যালি ফাংশন করছে না, মন্ত্রী মহাশয় বলেছেন যে ইলেকশন তিনি দ্রুত করতে চান। তবে তিনি কতকগুলি ডিফিকাল্টির কথাও বলেছেন, সেই ডিফিকাল্টিগুলির উপর যে তার কন্ট্রোল নাই সেটাও তিনি বলেছেন। তবে তিনি চাপ দিয়েছেন, সেই চাপ যত দ্রুত করা যায় এবং তার যে প্রয়োজন সে কথাও তিনি উপলব্ধি করেছেন এবং তার স্টেটমেন্টে রেখেছেন। তার জন্য তাকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। আজকে এ ছাড়া এর আগে পূর্ববর্তী বক্তা বলেছেন, পঞ্চায়েতের যারা এমপ্লয়ি, তাদের সম্বন্ধে, এরা সত্যই পুয়োরলি পেইড। আজকে যারা চৌকিদার দফাদার রয়েছে, তারা অত্যন্ত নগন্য মাইনে পায়, তাদের যে কাজ নাই তাও ঠিক নয়। আজকে অনেকগুলি কাজ আছে যেগুলি চৌকিদারকে দেখতে হয়। যদি কোনও এভিডেভিট লাগে, কোনও সংক্রামক ব্যাধি কোনও অঞ্চলে হয়, তাহলে সেই চৌকিদারকেই খবর দিতে হয় কাছাকাছি হেলথ সেন্টারে। যদি কোনও টিকা ইঞ্জেকশন দিতে হয় তাহলে চৌকিদারকে সঙ্গে করে নিয়ে বাড়িতে বাড়িতে গিয়ে তা দেবার ব্যবস্থা করাতে হয়। তাছাড়া পুলিশ যদি কোনও ক্রাইম সংক্রান্ত এনকোয়ারি করে তাহলে তাদের সঙ্গে থাকতে হয়, সেগুলিতে তাদের হেলপ করতে হয়, পঞ্চায়েতের আঞ্চলিক পরিষদকে তাদের হেলপ করতে হবে, মানুষের জন্ম মৃত্যু সম্বন্ধে তাদের এরিয়ার মধ্যে খবর রাখতে হবে এবং সেই খবরও তাদের দিতে হবে, সেগুলি রেকর্ড করাতে হবে। এতগুলি দায়িত্ব তাদের উপর।

[6-30 — 6-40 p.m.]

কাজেই চৌকিদাররা যে বেতন পায় সেটা অতি নগণ্য। সেই প্রাচীনকালে জমিদারি স্টেটের নায়েবদের যে রকম বেতন ছিল ৫০ হাজার টাকার স্টেটের একজন নায়েব সে ৫ টাকা বেতন পেত। এ যেন সেই অবস্থা। এই বিষয়ে মন্ত্রী মহাশয় একটু নজর দেবেন। এছাড়া আরও একটা ব্যবস্থা রয়েছে ঐ অঞ্চল পঞ্চায়েতের যে অঞ্চল সেক্রেটারি তার যে ফাংশন যেটা পূর্ববর্তী বক্তা বলেছেন বি. ডি. ও.-রাও পর্যন্ত এই সেক্রেটারির মাধ্যমে কাজ করেন এই সেক্রেটারিদের স্ট্যাটাস অন্তত যাতে ক্লাস থ্রি স্ট্যাটাস পায় গভর্নমেন্ট স্টাফদের

মতো সেদিকে মন্ত্রী মহাশয় যেন একটু দৃষ্টি দেন এই অনুরোধ করছি। আর একটা জিনিস হচ্ছে আজকে আমাদের পঞ্চায়েতগুলির হাতে যাতে অর্থ আসে তাদের ফাইন্যান্সের ব্যবস্থা করুন, তাদের সক্রিয় করে তুলতে হলে, তাদের দিয়ে কাজ করাতে হলে অর্থের নিশ্চয় দরকার। আর একটা জিনিস একটা ভিজিলেন্সের ব্যবস্থা করা দরকার। যে কাজ করানো হবে সেখানে দুর্নীতি যাতে বাসা না বাঁধে তার ব্যবস্থা করতে হবে। দুঃখের বিষয় গত ৩০ বছর দেশ স্বাধীন হবার পর দেশ গড়ার কাজ কি রকম হয়েছে তা সকলেই জানেন, এরা দেশ গড়তে গেছে মানুষ গড়া বাদ দিয়ে Human element criminally neglected for the last 30 years. যার ফলে সমাজের মধ্যে তার ফল ফুটে বেরুচ্ছে। আজকে আমাদের যা কিছু কাজ করতে হবে সব জায়গাতে যাতে দুর্নীতি বাসা বাঁধতে না পারে যে সামান্য রিসোরসেস আছে সেটা যাতে সৎ ব্যবহার হয় এদিকে বিশেষ নজর দেওয়া দরকার একটা চেক থাকা দরকার। এদিকে মন্ত্রী মহাশয় একটু নজর রাখবেন এটা আমি আশা করি। জেনারাালি কতকগুলি কথা ছাড়া আর বেশি কিছু বলে এই হাউসের সময় নষ্ট করতে চাই না। অনেক দেরি হয়ে গেছে হাউসের সবাই এখন টায়ারড সারা দিন কাজ করছেন। এই পর্যন্ত বলে মন্ত্রী মহাশয় তার বাজেট স্পিচের মধ্যে যে স্পিরিট দেখেছি তাতে তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, পঞ্চায়েতের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় মঞ্জুরির দাবি এখানে পেশ করেছেন আমি তা সমর্থন করছি। প্রসঙ্গত আমি যা কিছু বলতে চাই তার প্রথমেই আমি একটা উদ্ধৃতি এখানে রাখব। নেতা যতই বিজ্ঞ হোন না কেন, যত দূরদৃষ্টি সম্পন্ন হোন না কেন তিনি সর্বদ্রষ্টা নন এবং সর্বকর্মাও নন। একথা এমন একজন বলেছেন যিনি সমাজ বিবর্তনের নেতৃত্ব দিয়েছিলেন। এবং এই উদ্ধৃতির সঙ্গে সঙ্গে আমি একটা দৃষ্টান্ত এখানে উপস্থিত করছি। আমি যেখানে বক্তৃতা দিচ্ছি ঠিক সেইখান থেকে ১৯ কিলো মিটার দূরে যেখানে ৮/১০টি গ্রামের ৫০ হাজার মানুষ উপকৃত হবেন সেই সব মানুষদের অর্ধেক পথ কাদায় হেঁটে পাকা রাস্তায় আসতে হয় ঐ ভি. আই. পি. রোডে আসতে হয়। সেখানকার মানুষের এই যে তীব্র অনুভূতি তা বোধ করি গত মন্ত্রিসভা অনুভব করতে পারেনি। আজকে পঞ্চায়েতের হাতে আর্থিক সঙ্গতি থাকত তাহলে বিপুল উৎসাহের সঙ্গে সর্বাগ্রে যে কাজটি তারা করত সেটা হোল ঐ রাস্তা। আমি যে পঞ্চায়েতের কথা বলছি সেই পঞ্চায়েতে অতীত দিনের পঞ্চায়েতের সঙ্গে তার কোনও মিল নেই।

আমি পঞ্চায়েত সম্বন্ধে প্রথমেই যেটা বলতে চাই তা হল পঞ্চায়েতে যারা আছেন তারা হলেন কায়েমি-স্বার্থের প্রতীক। অধিকাংশ ক্ষেত্রেই তারা সমস্ত জায়গাগুলি দখল করে আছে এবং যাদের সম্পর্কে ইতিমধ্যেই মানুষের মোহমুক্তি ঘটতে শুরু করেছে। সুতরাং ইমার্জেন্সি থাকা সত্ত্বেও মোহমুক্ত মানুষের ভয় পাওয়ার জন্য পঞ্চায়েত নির্বাচন স্থগিত রাখতে হয়েছে। নতুন মানুষগুলি যাতে গ্রামের কায়েমি স্বার্থ, মহাজনদের অসুবিধা সৃষ্টি করতে না পারে তার জন্য পঞ্চায়েতে নির্বাচন বন্ধ করে রেখে দেওয়া হয়েছিল। শুধু তাই নয়, যতটুকু ইলেকট্রিসিটি আছে, যতটুকু রাস্তা আছে, যতটুকু টিউবওয়েল আছে তা যাতে কায়েমি স্বার্থ রক্ষা করার জন্য হয় সেই জন্য পঞ্চায়েত ব্যবস্থার নির্বাচন বন্ধ করে রাখার চেষ্টা করা হয়েছে। দ্বিতীয়ত, শুধু নতুন নির্বাচন করে এই সমস্যার সমাধান হবে না, যে পঞ্চায়েতের

কথা ভাবা হচ্ছে তা হবে না। আমরা বারেবারে বলেছি জনসাধারণই হল ক্ষমতার উৎস, ধারক, বাহক এবং শুধু অ্যাসেম্বলি, পার্লামেন্টের সমস্ত কিছু ক্ষমতা অধিকার করে নয়, ক্ষমতার অধিকারি হল জনগণ। কাজেই তাদের স্বার্থে আমরা চাই ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতার বিকেন্দ্রীকরণ শুধুমাত্র রাজ্যের জন্য নয়, অন্যান্য এলাকার উন্নয়নের জন্য নয়, পঞ্চায়েতের হাতেই এই ক্ষমতা তুলে দেওয়া দরকার। তাই আমি মনে করি অতি দ্রুত নির্বাচন হওয়া দরকার। আর তারই পরিপ্রেক্ষিতে আরও দ্রুত আইন পরিবর্তন হওয়া দরকার। সেই পরিবর্তনের মূল সূত্র হওয়া উচিত যেখানে যে সমস্ত সমস্যাগুলি স্থানীয়ভাবে আছে সংশ্লিষ্ট, জেলাস্তরে সংশ্লিষ্ট, সেই এলাকার সমস্যা পঞ্চায়েত স্তরে গ্রামে গ্রামে, জেলাস্তরে, জেলাপরিষদ—এই বিভিন্ন স্তরের সংস্থাগুলির উপর থাকবে এবং সরকারি কর্মচারী তাদের দ্বারা পরিচালিত হবে। আমি আগেই বলেছি রাইটার্স বিল্ডিং থেকে বসে সমস্ত রাজ্য চালানো যাবে না, চালানো উচিতও নয়, এর সঙ্গে সঙ্গতিপূর্ণ হল বিকেন্দ্রীকরণ। আমি এই প্রসঙ্গে একটি কথা আপনার মাধ্যমে স্মরণ করিয়ে দিতে চাই তা হল, এই সাহেবি রাজত্বের শেষ হোক। অর্থাৎ ইংরাজ আমলে বিভিন্ন বিভাগ করে রেখে দেওয়া হয়েছিল। জেলা, তারপরে সাব-ডিভিসন। সৌভাগ্যের কথা বিভাগ স্তর উঠে গেছে। জেলা স্তরে সাব-ডিভিসন আছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই জেলা স্তরের প্রয়োজন আছে। ২৪-পরগনা জেলার দৈর্ঘ্য এত বড় যে এখান থেকে বন্দোবস্ত নিয়ে সাধারণ মানুষের কাছে কি শাসন ব্যবস্থা পৌঁছে দেবে? এস. ডি. ও.-ই বলুন-আর সি. আই.-ই. বলুন—পরবর্তীকালে জেলা ম্যাজিস্ট্রেট, এস. পি. হওয়া ছাড়া এই জেলার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। ডিস্ট্রিক্ট বোর্ডের রাস্তা আছে। আমি জানি না ডিস্ট্রিক্ট বোর্ড-এর জেলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত সঙ্গতি আছে কিনা—সেটা যদি থাকে তাহলে স্টেট ওয়াইজ হয়ে যেতে পারে। সেই জন্য আমি বলব পঞ্চায়েত আইন পরিবর্তন ঘটানোর সময় স্তর-এর কথা ভাবতে হবে। এই কথা মনে রেখে দিলে সমাজের মানুষের অনেক বেশি উপকার হবে। তৃতীয় বক্তব্য হল যে আইন রচনা করা হবে সেই আইনে এমন বন্দোবস্ত থাকা উচিত যাতে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধিরা জনসাধারণের যা প্রয়োজন সেটা অনুভব করেন। এবং সেই ভাবে তাদের সুযোগ যাতে সদ্ব্যবহার করতে পারেন সেদিকে লক্ষ্য রাখা উচিত। তার কারণ ৩০ বছর লেগেছে ভারতবর্ষের শাসকদের সম্পর্কে মোহমুক্তি ঘটাতে। সেই জন্য আমি এইটুকু বলতে চাই এই মোহমুক্তি দ্রুত ঘটতে থাকবে মানুষের একটি নির্বাচন থেকে অন্য একটি নির্বাচন পর্যন্ত। মানুষের উৎসাহ উদ্দীপনাকে স্তব্ধ করে দেবার চেষ্টা হয়েছিল, সেটার থেকে আজ মোহমুক্তি ঘটেছে। এ পঞ্চায়েতগুলির নির্বাচনে বিশেষ করে মনে রাখতে হবে কায়েমি স্বার্থের সঙ্গে জনসাধারণের সংগ্রামের প্রতিফলন ঘটবে। পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে সেই সংগ্রামের প্রতিফলন ঘটাতে যাতে আর একটুও অপেক্ষা করতে না হয় তার জন্য এই বন্দোবস্ত তাড়াতাড়ি করতে হবে। পরিশেষে আমি এই কথা বলে বক্তব্য যে করছি পঞ্চায়েত স্তরে জনসাধারণের যে ন্যায্য ক্ষমতা সেই ক্ষমতা যাতে তাদের হাতে তুলে দেওয়া যায় সেই বন্দোবস্ত করবেন। এই বলে আমি আপনার ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী গনেশচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাচীন ভারতের আদর্শের দ্বারা পঞ্চায়েতগুলি গঠিত হয়েছিল এবং স্বাধীনতার পর ভারতবর্ষের মূল যে স্বায়ত্বশাসন পদ্ধতি সেই স্বায়ত্বশাসন পদ্ধতিতে যাতে করে গ্রামের সাধারণ মানুষ বেশি করে অংশগ্রহণ করতে পারে সেই উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েতগুলি গঠিত হয়েছিল। কিন্তু দীর্ঘ ১৩/১৪ বছর ধরে এই পঞ্চায়েতগুলিতে আর নির্বাচন হচ্ছে না। দীর্ঘদিন ধরে এই পঞ্চায়েতগুলিতে নির্বাচন না হবার ফলে এই পঞ্চায়েতগুলির সঙ্গে যারা জড়িত আছেন তারাও যেমন তেমনি জনসাধারণের মনে এই পঞ্চায়েত সম্পর্কে একটা অবিশ্বাস এসে গিয়েছে। দীর্ঘদিন ধরে পুরানো এক ধাচে এই পঞ্চায়েতগুলি চলছিল যার ফলে পরিবর্তিত অবস্থার সঙ্গে কিছুতেই পঞ্চায়েতগুলি খাপ খাইয়ে চলতে পারছিল না। যে ৪টি স্তর মূলত ছিল এই পঞ্চায়েতের সেগুলি হচ্ছে, গ্রাম, অঞ্চল, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে গ্রাম পঞ্চায়েত এবং আঞ্চলিক পরিষদের প্রায় কোনও কাজই নেই। সামান্য যা কিছু কাজ হচ্ছে সেটা হচ্ছে, একদিকে অঞ্চল পঞ্চায়েতের দ্বারা এবং অপর দিকে জেলা পরিষদের দ্বারা। মাঝখানের দুটি স্টেজ একেবারে অকর্মণ্য হয়ে পড়ে রয়েছে। এই পঞ্চায়েতগুলির প্রথম আমলে যে সমস্ত ক্ষমতা ছিল—যদিও সেটা সীমিত, কিন্তু সেই সীমিত ক্ষমতা আরও সীমিত করতে করতে বর্তমানে পঞ্চায়েতের বিশেষ করে অঞ্চল পঞ্চায়েতের ঐ ট্যাক্স কালেকশন আর সার্টিফিকেট দেওয়া ছাড়া আর বাস্তব ক্ষেত্রে কোনও কাজ নেই। সুতরাং দেখা যাচ্ছে এই পঞ্চায়েতের উপর সরকারের যেমন আস্থা কমে এসেছে তেমনি সাধারণ মানুষের আস্থাও কমে আসছে। এই পঞ্চায়েতকে যদি সচল করতে হয় তাহলে অবিলম্বে তার নির্বাচন করা দরকার এবং তা করে এর মধ্যে প্রাণের সঞ্চার করা দরকার। স্যার, আমরা জানি, দক্ষিণ ভারতে এই পঞ্চায়েত বিশেষ, সাফল্য লাভ করেছে—বিশেষ করে তামিলনাড়ুতে সেখানে প্রকৃত পঞ্চায়েতরাজ বলতে যা বোঝায় সেই পঞ্চায়েত রাজ সেখানে প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার ক্ষেত্রে আমরা দেখছি, প্রকৃত পঞ্চায়েতরাজ এখানে প্রতিষ্ঠিত হতে পারেনি। এখানে যে ভাবে পঞ্চায়েতকে গঠন করা হয়েছে এবং তাকে কাজে লাগানো হয়েছে তাতে সাধারণ মানুষের যোগাযোগ এর সঙ্গে খুবই কম আছে। আর সেইজন্যই একদিকে যেমন দক্ষিণ ভারতে পঞ্চাতেগুলি অসাধারণ সাফল্য লাভ করেছে তেমনি অপরদিকে পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা ব্যর্থ হয়েছে বলা চলে। স্যার, এই প্রসঙ্গে আরও বলতে চাই যে, এই পঞ্চায়েতের অধীনে গ্রামের চৌকিদার এবং দফাদাররা আছেন। এই চৌকিদার এবং দফাদারদের বেতন এ পর্যন্ত খুবই কম ছিল, আনন্দের কথা বর্তমান সরকার তাদের কিছু বেতন বাড়িয়েছেন কিন্তু আসল প্রশ্ন যেটা সেটা হচ্ছে, এই সমস্ত চৌকিদার এব দফাদারদের চাকরির কোনও স্থায়িত্ব নেই। তাদের চাকরি নির্ভর করে অঞ্চল প্রধানের ইচ্ছার উপর। তিনি যদি অ্যাডজুডিকেশন করে এস. ডি. ও.-র কাছে পাঠিয়ে দেন তাহলে তাদের চাকরি খতম হয়ে যায়। তা ছাড়া সরকার তাদের যে বেতন দেন সেটা তাদের পেতে হয় অঞ্চল পঞ্চায়েতের হাত দিয়ে। সেখানে অঞ্চল প্রধান যদি তাদের বিল না করেন তাহলে তাদের বেতন পাওয়া খুবই কষ্টকর হয়ে পরে। সুতরাং অঞ্চল প্রধানের হাতের ক্রিড়ানক হয়ে তাদের থাকতে হয়। তারপর স্যার, আরও একটি প্রসঙ্গে আসি, সেটা হচ্ছে, বিভিন্ন ব্লকে একজন করে ব্লক পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক থাকা দরকার, কিন্তু অনেক ব্লকে এই

পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক না থাকার ফলে এক একটি অফিসারের হাত দিয়ে দু-তিনটি ব্লকের কাজ করানো হয়। এরজন্য পঞ্চায়েতের কাজ বিঘ্নিত হচ্ছে। যে সমস্ত ব্লকে আজ পর্যন্ত কৃষি সম্প্রসারণ আধিকারিক নেই সেইগুলিতে অবিলম্বে ব্লক কৃষি সম্প্রসারণ আধিকারিক নিয়োগ করে কাজটা যাতে ভাল হয় সে ব্যবস্থা করা দরকার। তা ছাড়া যে ভোটার লিস্ট তৈরি হয়েছে সেটা যাতে সংশোধন করা যায় তারজন্য পঞ্চায়েতমন্ত্রী যেন একটু দীর্ঘ সময় দেন নির্বাচনের আগে সে অনুরোধ তাকে করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত সম্পর্কে বলতে গিয়ে প্রথমে আমি পঞ্চায়েত মন্ত্রীর ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি। কিন্তু সেই প্রসঙ্গে আমি দু-একটি কথা এখানে বলতে চাই। ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা, পঞ্চায়েত রাজের কথা আমরা স্বাধীনতার আগে থেকে শুনে আসছি। স্বাধীনতার প্রাক্কালে তৎকালীন কংগ্রেস নেতৃবৃন্দ, তারা পঞ্চায়েত রাজের কথা, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলতেন, গান্ধীজীও বলতেন। ভারতবর্ষের সংবিধানে পঞ্চায়েত রাজের কথা, ক্ষমতা বিকেন্দ্রিকরণের কথা বলা হয়েছে। কিন্তু বাস্তবে আমরা কি দেখছি? আজকে পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে সকলের মধ্যে একটা অনীহা দেখা যাচ্ছে বিশেষ করে গ্রাম বাংলায়। আজকে তার নির্বাচন করে সুষ্ঠুভাবে পঞ্চায়েত ব্যবস্থাকে প্রতিষ্ঠা করা, এটা বিগত কংগ্রেস সরকার করেনি। কাজেই সেখানে মুখে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বললেও জেলা পরিষদ, অঞ্চল পঞ্চায়েত থেকে আরম্ভ করে সব কিছু supersede করে ক্ষমতা কুক্ষিগত করার একটা মোহ বিগত সরকারের মধ্যে আমরা দেখেছি। অথচ আমরা যারা গ্রাম বাংলার মানুষ, আমরা জানি যে পঞ্চায়েত ব্যবস্থা ছাড়া গ্রামে সুস্থ্য পরিচালন ব্যবস্থা চলতে পারে না। সেখানে পঞ্চায়েত ব্যবস্থার এমন একটা অবস্থা হয়েছে—সরকারের পর সরকার আসে এবং চলে যায় কিন্তু পঞ্চায়েত ব্যবস্থা যে অবস্থায় ছিল সেখানেই রয়েছে। আজকে একথা স্বীকার করা হয়েছে যে ১৩ বছর থেকে আরম্ভ করে ১৯ বছর পর্যন্ত সেখানে পঞ্চায়েতের কোনও নির্বাচন হয়নি। সেখানে আমরা দেখেছি যে প্রফুল্ল সেনের সরকার চলে গেছে। অজয় মুখার্জির সরকার চলে গেছে, দ্বিতীয় যুক্তফ্রন্টের চলে গেছে, সিদ্ধার্থশঙ্কর রায়ের সরকার চলে গেল, অথচ সেই ১৯৫৯ সালে যারা নির্বাচিত হয়েছিলেন তারাই রয়ে গেছেন। Robert Browing-একটা কথা মনে পড়ে যায়—Men may come and men may go but I remain for ever সেখানে Ministry may come and Ministry may go but Panchayat will remain for ever. আজকে সেই ভাবে পঞ্চায়েত ব্যবস্থা রয়ে গেছে। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব যে তিনি জানুয়ারি মাসের শেষের দিকে কি ফেব্রুয়ারি মাসের প্রথম দিকে পঞ্চায়েত নির্বাচন করার কথা বলেছেন। যদি আরও আগে এটা করা সম্ভব হ'ত তাহলে তাকে আরও অভিনন্দন জানাতাম। এই প্রসঙ্গে তাকে আমি দু-একটি কথা বলব। কয়েকদিন আগে প্রশ্নোত্তরের সময় তিনি বলেছিলেন যে পঞ্চায়েত বিল আনবেন। বর্তমানে যে বিল আছে, 4-tier—present 3 tier যে system আছে। সেটাকে সংশোধন করে বিল আনতে চান। সেই বিল কি সংশোধন করে আনবেন আমি জানি না। তবে তিনি বিল আনবেন বলেছেন, সেজন্য আমি সে সম্পর্কে দু-একটি কথা বলতে চাই এবং তার নজরে আনতে চাই। প্রথম কথা হচ্ছে, বামপন্থী সরকারের কর্মসূচিতে তারা বলেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছে সকল

নির্বাচনের জন্য আনুপাতিক ভিত্তিতে people representation দাবি করবেন। Governor's Address-এ আমরা দেখেছি যে তারা সেখানে পঞ্চায়েত নির্বাচন আনুপাতিক প্রতিনিধিত্বের ভিত্তিতে করবেন বলে বলেছেন। অতএব প্রতিনিধিত্বের ভিত্তিতে যদি পঞ্চায়েত নির্বাচন করতে হয় তাহলে বর্তমানে পঞ্চায়েতে যে আইন আছে তাকে through পরিবর্তন করতে হয়। কাজেই সেটা পরিবর্তন করে কি ভাবে তিনি আনুপাতিক প্রতিনিধিত্বের ব্যবস্থা করবেন, সেটা আমি এখনও বুঝতে পারছি না যতক্ষণ বিল হাতে না পাচ্ছি। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে সমাজের যারা দুর্বল শ্রেণীর লোক—তফসিল, আদিবাসী, মুসলমান, খৃষ্টান ইত্যাদি তারা যাতে proper representation হয় সেদিকে তিনি যেন লক্ষ্য রাখেন। আর একটা কথা পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা থাকা দরকার—যদি সত্যিকারের আমরা তা চাই। এবং আমরা যদি মনে করি controlisation of power দেশের পক্ষে, গণতন্ত্রের পক্ষে ক্ষতিকর তাহলে এটা সঠিক নয়। পঞ্চায়েতের হাতে, অঞ্চল পঞ্চায়েতের হাতে, জেলা পরিষদের হাতে, গ্রাম পঞ্চায়েতের হাতে অধিক ক্ষমতা দেওয়া দরকার। পঞ্চায়েত সচিব সম্পর্কে গতকাল মাননীয় সদস্য জ্যোৎস্না গুপ্তের একটা প্রশ্নোত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন যে পঞ্চায়েতের সচিবরা High Court-এ কেস করেছেন এবং সেই case এর পরিপ্রেক্ষিতে High Court direction দিয়েছেন পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে গণ্য করার জন্য। সরকার সেই রায়ের বিরুদ্ধে division bench-এ appeal করেছেন। যার জন্য তারা সিদ্ধান্ত নিচ্ছেন না। আমি সরকারের কাছে অনুরোধ করব যে তারা division bench এর appeal তুলেছেন এবং High Court-এ যে appeal করেছে সেটা মেনে নিয়ে ঐ পঞ্চায়েত সচিবদের তৃতীয় শ্রেণীর কর্মচারী হিসাবে গণ্য করুন। আর একটা বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। বর্তমানে যে পঞ্চায়েত আইন আছে। সেখানে ন্যায় পঞ্চায়েতে একটা system আছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে কখনও ন্যায় পঞ্চায়েত গঠন করা হয়নি। অথচ আমরা জানি যদি সত্যিকারের সুষ্ঠুভাবে পঞ্চায়েত গঠিত হয়, সেই পঞ্চায়েত system-এর মাধ্যমে গ্রামের মানুষের ঝগড়া-ঝাটি, মারামারি ইত্যাদি মিটিয়ে দেবার জন্য তারা সচেষ্ট হন, এমন কি অনেক সময় civil matter, criminal matter, ১০৭ ধারা থেকে আরম্ভ করে ১৪৪ ধারার matter পর্যন্ত গ্রামে বসে যদি মিটিয়ে দেওয়া যায় তাহলে গ্রামের মানুষ যারা খেতে পায় না, তাদের গ্রাম থেকে ৩০/৪০ মাইল পর্যন্ত দূরে ফৌজদারি আদালতে গিয়ে উকিলকে টাকা দিয়ে মামলা চালাতে হয় অথচ তারা বিচার পায় না ; justice delayed is justice denied হচ্ছে, সেখানে আমি মনে করি তাদের বিচার ব্যবস্থা ঠিকমতো হবে।

[6-50 — 7-00 p.m.]

কিন্তু তাহলে সেখানে ন্যায় পঞ্চায়েতকে গড়ে তুলতে হবে সুষ্ঠুভাবে—একটা সালাশি ব্যবস্থা, ঋণ সালাশি ব্যবস্থা যেমন ফজলুর হক মহাশয় করেছিলেন সেই রকম যদি করা যায় বা অন্য কোনও সালাশি ব্যবস্থা, যার মাধ্যমে কিছু civil matters, কিছু criminal maters, অন্যান্য কিছু social matters, সেইগুলি দেওয়া যায় তাহলে ভাল হবে। আর একটা জিনিস তার দৃষ্টি আকর্ষণ করছি, tax collection-এর ব্যাপারে আমি বলব এবং delemutation এর ব্যাপারে বলি, এখন যে delemutation হচ্ছে, সেইগুলির partial-

ity-তে পরিপূর্ণ। আমার নিজের কথা যদি বলি, আমার গ্রামের বাড়ি এমন জায়গায়, আমি যদি দাঁড়াই তাহলে এক পা পড়বে এক পঞ্চায়েতে আর এক পা অন্য অঞ্চল পঞ্চায়েতে পড়বে। এই ভাবে যে vested interest এ পঞ্চায়েত গড়ে উঠেছিল, সেখানে delemetation-এর system গোড়ার পরিবর্তন হওয়া উচিৎ। Voter list যদি সুষ্ঠুভাবে সংকলিত না হয়, তাহলে যে নির্বাচন হবার কথা তা সুষ্ঠুভাবে হবে না। সাধারণ মানুষ এখনও রাজনৈতিকভাবে cencious হয়নি, সুতরাং সেদিকে দৃষ্টি দিন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী উপেন্দ্র কিস্কু :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। পঞ্চায়েত আইন যে উদ্দেশ্য গঠিত হয়েছিল, অর্থাৎ ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা, দীর্ঘদিন আমাদের অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি, এই আইন পুরোপুরি ব্যর্থ হয়েছে। গ্রামাঞ্চলের যারা জোতদার, জমিদার শ্রেণী, শাসক শ্রেণী নিজেদের স্বার্থে এই অঞ্চল পঞ্চায়েতের বেশির ভাগ প্রধান, তাদের কুক্ষিগত করে রেখেছিল যার ফলে যে সব সুযোগ সুবিধা সাধারণ মানুষের জন্য দেওয়া ছিল, তা নিজেদের স্বার্থে সেইগুলো নিজেরা ব্যবহার করেছে। নিজেদের শ্রেণী শাসনকে বাঁচিয়ে রাখার জন্য এই পঞ্চায়েতের অঞ্চল প্রধানগুলোকে খুঁটি হিসাবে ব্যবহার করেছিলেন তার ফলে দীর্ঘ ১৬/১৭ বছর ধরে তারা কোনও নির্বাচন করেননি। অঞ্চল সচিবদের সম্বন্ধে বলতে গেলে বলতে হয় ঐ অঞ্চল প্রধানের অধীনে রাজ্য সরকারি কর্মচারীরা যা বেতন পান চতুর্থ শ্রেণীর এই সচিবরা তার থেকে বেশি পান না। আমি সেই জন্য এদের সম্বন্ধে চিন্তা করতে মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। অবশ্য মন্ত্রী মহাশয়, অন্তবর্তীকালীন ভাতা হিসাবে ১৫ টাকা বেতন বৃদ্ধির কথা বলেছেন, তাছাড়া চৌকিদার দফাদারদের ভাতা বাড়াবার জন্য তিনি বলেছেন, এই জন্য তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। এই বলে আমি যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করা হয়েছে, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পান্নালাল মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, আমি সেটাকে সমর্থন করছি, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আমি আর কিছু বলব না।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ব্যয় মঞ্জুরির দাবি উত্থাপন প্রসঙ্গে আমি যে বক্তব্য রেখেছিলাম তাতে আমি আনন্দের সঙ্গে লক্ষ্য করলাম যে প্রায় সকল সদস্যই আমার বক্তব্যের সঙ্গে সহ-মত। ঐ-দিকের বেঞ্চে যারা বসে থাকতেন, তারা যদি এখন থাকতেন তাহলে আমার পক্ষে একটু সুবিধা হত। কারণ ১৯৭৩ সালে এবং ১৯৭৪ সালে পঞ্চায়েত বাজেটের ওপর যে-সমস্ত আলোচনা হয়েছিল সেগুলি আমি আনিয়েছিলাম এবং দেখলাম তদানিন্তন মন্ত্রী শ্রী সন্তোষকুমার রায় যে বাজেট পেশ করেছিলাম এবং বিশেষ করে নির্বাচন সম্পর্কে যে বক্তব্য রেখেছিলেন, তার উপর সেই সময়কার প্রায় ১২ জন সদস্য ১৯৭৩ সালে সরকারকে বলেছিলেন যে, একটা মৃত প্রায় অবস্থা, দুর্নীতি-পরায়ণ ব্যবস্থা গ্রাম্য জীবনকে কলুষিত করছে, সুতরাং সরকারের সেখানে অবিলম্বে নির্বাচনের ব্যবস্থা করা দরকার। এবং তারা ক্ষোভ প্রকাশ করেছিলেন যে, কেন নির্বাচন করা হচ্ছে না।

তারা কাতর-ভাবে কংগ্রেসি সরকারের কাছে আবেদন জানিয়েছিলেন অবিলম্বে নির্বাচন করার জন্য। আজকে আমি এখানে বলছি যে, ফ্রন্ট সরকার প্রথম সিদ্ধান্ত নিয়েছেন, যেটা আপনারা শুনেছেন যে, দীর্ঘ ১৩ থেকে ১৯ বছর ধরে যে সব জায়গায় নির্বাচন হয়নি, সেখানে অবিলম্বে নির্বাচন করা হবে। ১৯৫৮ সালে কোনও কোনও জায়গায় নির্বাচন হয়েছিল এবং সর্বশেষ নির্বাচন হয়েছিল ১৯৬৪ সালে। আমাদের গণতান্ত্রিক জীবনের যে মূল ভিত্তি, সেটা হচ্ছে ক্ষমতার বিকেন্দ্রীকরণ। ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে শাসন ব্যবস্থায় জনগণের প্রত্যক্ষ হস্তক্ষেপ, জনতার প্রত্যক্ষ সহযোগিতা আনতে চাই। আমরা এখানে কোনও বিপ্লবের কথা বলছি না। কিন্তু তবুও বলব বিপ্লবের প্রধান অধিনায়ক যে কথা বলেছেন Revolution is the conscious intervention and active participation of the masses in the political affairs of the state. যদি জনগণের গ্রামীণ জীবন এবং শহর জীবনকে সচল করতে হয়, প্রাণপ্রবাহ যদি সঞ্চারিত করতে হয়, প্রাণোজ্জ্বল করতে হয়, গণতন্ত্রকে সত্যিকারের অর্থ-পূর্ণ করতে হয়, মিনিং ফুল করতে হয় তাহলে অ্যাক্টিভ পার্টিসিপেশন অফ দি মাসেস দরকার। বৈজ্ঞানিক সমাজবাদের প্রবক্তা কমরেড লেনিন বলেছেন serious politics begins where masses are not in thousands but in millions. অন্য দিকে বিশেষ করে গান্ধীজীর কথা যদি ধরা যায় এবং বিশেষ করে আজকে জনতা দলের যিনি প্রধান স্থপতি, চিফ আর্কিটেক্ট জয়প্রকাশ নারায়ণ একই কথা বলেছেন যে, ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করতে হবে। হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষের মধ্যে ক্ষমতাকে ছড়িয়ে দিতে হবে। বিশেষ করে গ্রামের মানুষের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হবে। আমরা আজকে সেই ব্যবস্থা করছি। প্রত্যক্ষ নির্বাচনের ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠান করতে চলেছি।

২য় কথা হচ্ছে, দফাদার এবং চৌকিদারদের কথা উঠেছে। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে, প্রায় ২ দশক ধরে প্রয়াত নেতা বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন এবং পরবর্তীকালে প্রফুল্লচন্দ্র সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন সেই আমল থেকে একটা হিসাব আমি দিতে চাই আপনাদের সামনে যে, আমরা যে কথা বলি—হোয়াট উই সে উই মিন দ্যাট আমরা বিশ্বাস করি যে, সর্বপ্রকারের অবহেলিত যে মানুষরা গ্রামে রয়েছে তাদের জন্য সেই সময় থেকে কখনও কোনও চিন্তা করা হয়নি। গত দু'দশক ধরে তাদের সম্বন্ধে কোনও চিন্তা করা হয়নি। আমাদের আর্থিক সীমাবদ্ধতার মধ্যে আমরা যেটুকু চিন্তা করেছি, তার জন্য আজকে ফ্রন্ট সরকার গৌরব-বোধ করতে পারেন। প্রয়াত নেতা বিধানচন্দ্র রায়ের আমলে, প্রফুল্লচন্দ্র সেনের আমলেও তাদের সম্বন্ধে চিন্তা করা হয়নি। ১৯৫৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ৫ বার দফাদার, চৌকিদারদের বেতন বা অনুদানকে রিভাইস করা হয়েছে। ১৯৫৭ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত যে অবস্থা ছিল তাতে চৌকিদাররা ১১ টাকা এবং দফাদাররা ১৪ টাকা পেতেন। অনেকেই তখন অনেক মায়া-কান্না করতেন যারা এদিকে বসতেন। কিন্তু তখন ছিল মাত্র ১১ টাকা আর ১৪ টাকা। তারপর ১.৫.৬৫ সাল থেকে যে ব্যবস্থা হল তাতে ৪ টাকা বাড়িয়ে চৌকিদারদের করা হল ১৫ টাকা, আর দফাদারদের করা হল ২০ টাকা। ১.৬.'৬৭ সালে সেটাকে করা হল ২০ টাকা এবং ২৫ টাকা। এরপর ১.৪.'৭০ সালে সেটাকে আবার বাড়িয়ে করা হয়েছিল চৌকিদারদের ক্ষেত্রে ২৭ টাকা ৫০ পয়সা প্রতি মাসে, আর দফাদারদের ক্ষেত্রে ৩২ টাকা ৫০ পয়সা প্রতি মাসে। বর্তমানে আমাদের সরকার

নিশ্চয়ই গর্ববোধ করতে পারেন যে আজকে সেটা বাড়িয়ে উভয়ের ক্ষেত্রেই করেছেন ৫৫ টাকা করে প্রতি মাসে। অর্থাৎ চৌকিদারদের ক্ষেত্রে বাড়ানো হয়েছে ২৭ টাকা ৫০ পয়সা আর দফাদারদের ক্ষেত্রে বাড়ানো হয়েছে ২২ টাকা ৫০ পয়সা।

[7-00 — 7-10 p.m.]

হাসানুজ্জামান সাহেব এবং আরও অনেকে সংশোধনের কথা বলেছেন। আমি সেই প্রসঙ্গের অবতারণা একটু পরে করছি। সুধীর দাস মহাশয়, সি. পি. এম. বন্ধু রবীন মন্ডল এবং অনেকে বলেছেন যে পঞ্চায়েতের হাতে ক্ষমতা তুলে দেওয়া দরকার। যদি সত্যি সত্যিই আমাদের এই গণতান্ত্রিক পদ্ধতিকে অর্থবহ করে তুলতে হয় তাহলে প্রথমেই আমাদের হাতে যেটুকু সীমাবদ্ধ ক্ষমতা আছে তা আগে প্রয়োগ করা দরকার। সেইজন্য যে চলতি আইন রয়েছে তার দ্বারা অঞ্চল পঞ্চায়েতকে অর্থবহ করার জন্য কয়েকটি ব্লকে কমিউনিটি ইরিগেশনের কাজ ধরা হয়েছে। সাম্প্রতিক পরিকল্পনায় স্যোশাল ফরেস্ট্রির কথা আপনাদের সামনে বলছি। এখন সেখানে আইনকে সংশোধন না করলে গ্রাম পঞ্চায়েতের হাতে যে সামান্য ক্ষমতা আছে সেই ক্ষমতা যদি অঞ্চল পঞ্চায়েতের হাতে না দিতে পারি এবং যদি ভায়াবেল সংগঠন গড়ে তুলতে না পারি তাহলে কিছু হবে না। সেইজন্য সেই প্রসঙ্গে কিছু সংশোধনীর প্রস্তাব বিবেচনার মধ্যে রয়েছে। ব্যাপকভাবে সংশোধন করতে পারলে ফ্রন্ট সরকার খুশি হতেন। বাস্তুঘুঘু যারা বিশ বছর, বাইশ বছর ধরে দুর্নীতির বাসা বেঁধে রয়েছে তাদের বাসাকে অবিলম্বে ভাঙ্গা দরকার এবং সেইজন্য আশু নির্বাচনের স্বার্থে আমরা যতটকু প্রয়োজন ততটুকু সংশোধন করব। সংশোধন করার প্রয়োজনীয়তা আছে—বিশেষ করে যিনি বলেছেন ন্যায় পঞ্চায়েতের ক্ষমতা বাড়ানো, সেই সংশোধনের কথা নিশ্চয় আমরা পরবর্তীকালে চিন্তা করব। আমার শ্রদ্ধেয় বন্ধু কমরেড অরবিন্দ ঘোষাল, সুধীর দাসশর্মা এবং আরও অনেকে অঞ্চল সচিব সম্পর্কে বলেছেন। অঞ্চল সচিবরা বিভিন্ন কাজ করেন অথচ তারা কাদের কর্মচারী তা এখনও পর্যন্ত স্থিরীকৃত হয়নি। এ বিষয়ে তুমুল তর্ক বিতর্ক হয়ে গেছে, এরা একদিক থেকে টাকা পান কিন্তু এদের অন্য লোকের আজ্ঞাবহ হতে হয়। ডিসিপ্লিন অফিসাররা অন্যরকম থাকে। সুতরাং তার ফলে তাদের অবস্থা দোদুল্যমান জায়গায় রয়ে গেছে। সেইজন্য প্রশ্ন উঠেছে, আজকে অঞ্চল সচিবদের যে বিভিন্ন ধরনের কাজ করতে হয় তা প্রায় সরকারি কর্মচারিদের পর্যায়ভুক্ত কাজ। সুতরাং তাদের প্রশ্ন সক্রিয় বিবেচনার মধ্যে আছে। আজকে দেখা যাচ্ছে যে একটার পর একটা জেলা পরিষদ সুপারসিডেড হয়ে গেছে। চোখের সামনে দেখলাম ছয়টি জেলা পরিষদ সুপারসিডেড হয়ে গেছে, এ অভিযোগ আমার কাছে এসেছে যে সেই সমস্ত জায়গায় বিশেষ করে পঞ্চায়েত থেকে নির্বাচিত যারা রয়েছেন, স্বায়ত্বশাসন বিভাগে যারা রয়েছেন তারা ঠুটো জগন্নাথের মতো রয়েছেন। অ্যাডমিনিস্ট্রেটার সেখানে আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে কাজ চালিয়ে যাচ্ছে। এই অভিযোগ জলপাইগুড়ি থেকে, এবং হাওড়া থেকে এসেছে। কাজেই এটার পরিবর্তনের জন্য আমরা গভীরভাবে চিন্তা করছি এবং সেই পরিবর্তন আনার জন্য আমরা আশু নির্বাচনের ব্যবস্থা করছি। এখানে বিশেষ করে ক্ষমতার কথা উঠেছে—প্রত্যক্ষ নির্বাচন করে তাদের হাতে ক্ষমতা তুলে দিলাম। এবং বিশেষ করে সেই প্রসঙ্গে গণেশ মন্ডল তামিলনাড়ুর কথা বলেছেন। অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে সেখানে দেখা গেছে আমরা প্রায় ১০০ কোটি টাকা ঋণের দায় নিয়ে বসেছি।

আমার খাতে ৩০ থেকে ৪০ কোটি টাকা বরাদ্দ করেছি—আরও ভাল হোত যদি আরও বেশি করতে পারতাম। আমাদের এম. এল. এ-দের সেখানে পাঠাবার চেষ্টা করব। তামিলনাড়ুতে দেখা গেছে পঞ্চায়েতকে প্রাণবন্ত করার জন্য বিভিন্ন দপ্তরের কাজ এর মাধ্যমে agency হিসেবে করা হয়। বিশেষ করে পূর্ত বিভাগের রাস্তা নির্মাণের কাজ, স্বাস্থ্য, শিক্ষা, বন ইত্যাদি দপ্তরের কাজ—এই পঞ্চায়েতের মাধ্যমে করা যায় তাহলে খরচ অনেক কম হয়, সাধারণ মানুষ গণতন্ত্রের আস্বাদ পায় এবং গণজীবনের কাজে তাদের লিপ্ত করা যায়। সেজন্য এই প্রস্তাব আমাদের বিবেচনার মধ্যে আছে। অর্থাৎ P. W. D. শিক্ষা, Health-এর কাজ এর মাধ্যমে করা যায় কিনা সেটা দেখতে হবে। হোমিওপ্যাথিক চিকিৎসা Rural Pharmacy পঞ্চায়েতের মাধ্যমে করা যায় কিনা সেটা আমরা বিবেচনা করছি। এই কথা বলে পুনরায় আবেদন করব আমি যে ব্যয় বরাদ্দ দাবি আপনাদের সামনে রেখেছি সেটা আপনারা অনুমোদন করবেন এবং আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ডাঃ জয়নাল আবেদিন এই হাউসে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে চোর বলেছেন এবং সমস্ত হাউসকে তিনি তাতে অপমানিত করেছেন এবং আমাদের প্রিভিলেজ তিনি নষ্ট করেছেন। অতএব আমরা চাই এটা প্রিভিলেজ কমিটিতে যাক।

**শ্রী দীনেশ মজুমদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই বিষয়ে আপনি রুলিং দেবেন এটা আশা করে পয়েন্ট অব প্রিভিলেজ আপনার কাছে দিয়েছিলাম। এখন দু একজন মাননীয় সদস্য যে প্রস্তাব করলেন, এই বিষয়টা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক, আমি সেটা গ্রহণ করছি এবং আপনাকে অনুরোধ করছি, এটা গ্রহণ করবার জন্য।

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced to Re. 1/-, was then put and lost.

The motion of Shri Debabrata Bandyopadhyay that a sum of Rs. 5,42,50,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads : "314—Community Development (Panchayat), 363—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayat), and 714—Loans for Community Development (Panchayat)", was then put and agreed to.

**Mr. Dy. Speaker :** The House stands adjourned till 1 p.m on Monday the 19th September, 1977.

## Adjournment

The House was accordingly adjourned at 7.10 p.m. till 1 p.m. on Monday the 19th September, 1977, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 19th September, 1977 at 1.00 p.m.

### PRESENT

Mr. Deputy Speaker (Shri Kalimuddin Shams) in the Chair, 19 Ministers, 6 Ministers of State and 168 Members.

[1-00 — 1-10 p.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Deputy Speaker :** Honourable members, with a heartfelt grief I have to refer to the sad demise of Shri Sudhiranjan Das, former Chief Justice of India, and former Vice-Chancellor of Visva Bharati. Shri Das passed away at his residence in Calcutta on Friday, September 17th, 1977, at the age of 83. Shri Das was one of the outstanding legal luminaries of our time and both as a lawyer and as a Judge he displayed a rare legal acumen He was appointed Additional Judge of Calcutta High Court in 1942 and Puisne Judge in 1944. In 1949 he was appointed as the Chief Justice of East Punjab High Court, and the following year he was elevated to the Supreme Court. In 1955 he became the Chief Justice of India. Four year later he was appointed Vice-Chancellor of Visva Bharati. He was also made a Fellow of the University College of London. Shri Das was also a great philanthropic. He worked in the Bengal Famine of 1942 He was associated with many organisations which were involved in social work among the impoverished people of the country. Shri Das was an eminent educationist and his contribution in the field of education in this country will be long remembered. In his death the county lost a great soul. May his soul rest in peace.

I request the honourable members of the House to stand in silence for two minutes as a mark of respect to the departed soul.

(The members then stood in silence for two minutes)

Thank you, honourable members, please take your seats.

Secretary will please send the message of condolence to the members of the bereaved family.

## POINT OF ORDER

*[1-10 — 1-20 p.m.]*

**শ্রী কাশীকান্ত মৈত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, একটা জরুরি বিষয়ে বলবার জন্য আমি আপনার অনুমতি প্রার্থনা করছি এবং আশা করছি আপনি মঞ্জুর করবেন। আমি এ প্রশ্নটি তুলছি প্রশ্নটি বিতর্কিত, হাউসে সে সম্বন্ধে অলোচনা হয়েছে। গত ১২ই সেপ্টেম্বর শিক্ষা খাতে ব্যয়-বরাদ্দ নিয়ে বিতর্ক হয়, বিতর্কে তিন জন মাননীয় মন্ত্রী অংশগ্রহণ করেন, দু'পক্ষের বহু মাননীয় সদস্য ভাষণ দেন। তারপর বুধবার আমরা জানতে পারলাম যে মধ্যশিক্ষা পর্ষদ বাতিল হয়ে গেছে, সুপারসিডেড হয়ে গেছে, তারপর মাননীয় সত্যপ্রিয় রায় যিনি প্রাক্তন মন্ত্রী ছিলেন তাকে অ্যাডমিনিস্ট্রেটর প্রশাসক রূপে নিয়োগ করা হয়েছে। এটা আমরা সংবাদপত্র থেকে জানতে পারলাম। এই সম্বন্ধে হাউসকে জানানো হয়নি। এটা অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের বিষয়। হাউসকে এটা জানানো উচিত ছিল। এই হাউসে ১৫ বছর বাদে মাননীয় মুখ্যমন্ত্রী যখন সাধারণ প্রশাসন খাতে বক্তৃতা রেখেছিলেন তখন আমরা তাকে অভিনন্দন জানিয়ে ছিলাম, নিরপেক্ষভাবে প্রশাসন ব্যবস্থা চালু রাখবার জন্য তিনি যে মূল্যবান বক্তব্য রেখেছিলেন তাতে অত্যন্ত আমাদের আনন্দ হয়েছিল। কারণ, ১৫ বছরে যে চেষ্টা হয়নি সেই চেষ্টা শুরু করবেন বলে আমরা আশ্বস্ত হয়েছিলাম। কিন্তু মধ্যশিক্ষা পর্ষদ একটা স্ট্যাটুটরি বডি, তাকে সুপারসিড করে যেভাবে একজন পুরানো মাননীয় সদস্যকে প্রশাসক রূপে নিয়োগ করা হয়েছে তাতে এটা খুব দুঃখের এবং ক্ষোভের বিষয়। অথচ তিন জন বিশিষ্ট মাননীয় মন্ত্রী এই হাউসে ভাষণ রাখার সময় কোনও রকম হুইসপারিং আমাদের কাছে রাখেননি। বোর্ডের বিরুদ্ধে যে সব অভিযোগ আছে তার তদন্ত হওয়া দরকার একথা আমরা অকপটে স্বীকার করি। কিন্তু এটা যদি আমাদের জানানো হত, মাননীয় মুখ্যমন্ত্রী ইমপার্সিয়াল অ্যাডমিনিস্টেশন সম্বন্ধে যে উল্লেখযোগ্য বক্তব্য রেখেছিলেন তাহলে সেই বক্তব্য মর্যাদাপূর্ণ হত, টলারেন্ট হত, সুরক্ষিত হত বলে আমরা বিশ্বাস করি। তাছাড়া মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে দুঃখের সঙ্গে এই বিষয়ে বলতে চাই জরুরি অবস্থা চলা কালে ১৯৭৭ সালে ফেব্রুয়ারি মাসে এই হাউসে কংগ্রেসের মাননীয় মন্ত্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় এই আইনটি এনেছিলেন। জরুরি অবস্থায় যে আইন তৈরি হল, যে আইনের বলে এই সুপারসেশন ব্যবস্থা তৈরি করা হয়েছিল সেই আইনের সুযোগ আজকে এই সরকার কেন নেবেন এটা বুঝতে পারছি না, বিশেষ করে যখন আমরা এবং শাসক দল, বামফ্রন্টের প্রত্যেক শরিক দল এবং মার্কসবাদি বন্ধুরা সবাই একমত যে ৪২তম সংশোধন বাতিল হোক, জরুরি অবস্থা আইনের কোনও সুযোগ নেব না এই যখন আমাদের দু'পক্ষের অভিমত তখন এই রকম ব্যাপারে ঘটবে আমরা আশা করতে পারি না। সেজন্য আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি। আমি অনুরোধ করব এই ব্যাপারে আমাদের সভার যিনি নেতা লিডার অব দি হাউস মাননীয় মুখ্যমন্ত্রী হাউসকে আশ্বস্ত করুন এবং সমস্ত বিষয়টা আমাদের জানান। আমি দিল্লি থেকে কাগজে পড়েছি যে মন্ত্রিসভায় এই নিয়ে আলোচনা হয়নি, বিভিন্ন মন্ত্রীরা জানতেন না, এমন কি কাগজে দেখেছি মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুও জানতেন না যে এই রকম একটা ফার-রিচিং কনসিকোয়েন্সের সিদ্ধান্তে যাওয়া হচ্ছে।

এই যখন পরিস্থিতি আমি অনুরোধ করব আপনার মাধ্যমে এখানে পরিষদীয় মন্ত্রী মাননীয় ভবানী মুখোপাধ্যায় আছেন এবং দুজন শিক্ষামন্ত্রীও আছেন এবং মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় বিনয় চৌধুরির মতো মন্ত্রী এখানে রয়েছেন। আমি অনুরোধ করছি এই বিষয়টা এত গুরুত্বপূর্ণ এবং এই ব্যাপারে আমাদের প্রত্যেকের ক্ষোভ এবং দুঃখ যে, আমাদেরকে কনফিডেন্সে নেওয়া হয়নি এবং ডেমোক্রেটিক নর্মস-এ এটা হয়নি। অতীতে ভুল ভ্রান্তি যা হয়েছে সেগুলি ভুলে যেয়ে আমরা একটা নূতন পদক্ষেপ নেব এই আশা আমরা রেখেছিলাম। বিশেষ করে উৎসাহিত বোধ করেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রীর গত দিনের ভাষণে। কাজেই অনুরোধ করছি এই রকম একটা ব্যাপারে এতবড় একটা সিদ্ধান্ত নেওয়া হল কিন্তু আমি মনে করি এই সিদ্ধান্ত অগনতান্ত্রিক সিদ্ধান্ত হয়েছে এবং হাউসের প্রতি পূর্ণ মর্যাদা দেখানো হয়নি এবং হাউসকে কনফিডেন্সে নেওয়া হয়নি। আমাদের আশঙ্কা হচ্ছে এরূপ বিপুল সংখ্যক স্কুলের ম্যানেজিং কমিটিকে সুপারসিড করা হবে এবং আমি অকপটে বলছি এই ধরনের আশঙ্কা বহু ব্যক্তি আমাদের কাছে প্রকাশ করেছেন যে এটা একটা স্টে পিং স্টোন হয়ে যাবে। এই ব্যাপারে আমি সবিনয় অনুরোধ করছি এই হাউসের সেন্টিমেন্ট আপনি বুঝুন এবং হাউসকে মর্যাদা দিয়ে আপনি—As a custodian of the rights and privileges of the members of the House you should request through the Hon'ble Minister of Parliamentary Affairs the Hon'ble Chief Minister to make a statement on this very important question.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খবরের কাগজে আর একটা সবচেয়ে গুরুত্বপূর্ণ খবর বেরিয়েছে যে, এটা নিয়ে মন্ত্রিসভা ও বামফ্রন্ট কমিটি যেটা আছে তাদের মধ্যে অনেক বিতর্ক হয়েছে। তাদের সন্তুষ্ট করবার জন্য ৫ জনকে নিয়ে একটা কমিটি হয়েছে। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শরিক দলের ৫ জনকে নিয়ে কমিটি করলে পশ্চিমবাংলার লোকের গণতান্ত্রিক ক্ষমতাকে খর্ব করা হয়েছে এই বিষয় আমি নিঃসন্দেহ। শরিক দলের ৫ জনকে নিয়ে একটা কমিটি করা হয়েছে তাতে হয়ত শরিক দলরা তুষ্ট হলেন কিন্তু পশ্চিমবাংলার মানুষের মনে সবচেয়ে দুঃখ এবং ক্ষোভের কথা কারণ সত্যপ্রিয় রায় মহাশয় যখন মন্ত্রী ছিলেন তিনি একদিনে ৩৬২টি কমিটি সুপারসিড করেছিলেন। এই পশ্চিমবাংলার লোকের মনে একটা ক্ষোভ এবং দুঃখ রয়ে গেছে সেই ঘটনা। যেহেতু এটা একটা শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাপার যে যাই বলি না কেন আজকে যখন এটা শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত তখন নিশ্চয়ই আমরা এবং সারা পশ্চিমবাংলার মানুষের কাছে এটা বড় প্রশ্ন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অগণতান্ত্রিক কাজের জন্য আমরা তীব্র প্রতিবাদ করছি এবং আমি দাবি করছি অবিলম্বে এই অগণতান্ত্রিক কাজ বন্ধ করুন।

**Mr. Deputy Speaker :** I shall convey your feelings to the Chief Minister.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সংবাদ পেয়ে আমি অত্যন্ত স্তম্ভিত। মধ্যশিক্ষা পর্ষদ সম্বন্ধে আমাদের অনেক অভিযোগ আছে। এডুকেশন বাজেটের সময় মধ্যশিক্ষা পর্ষদের দুর্নীতি সম্বন্ধে আমিও এখানে বক্তব্য রেখেছি। কিন্তু মধ্যশিক্ষা পর্ষদকে

*যেভাবে বাতিল করা হল এবং দলীয় নেতাকে সেখানে বসানো হল তাতে পশ্চিমবাংলার মানুষ অত্যন্ত ব্যথিত হয়েছে সরকারের কাজে। আমরা যেখানে প্রশাসনিক নিরপেক্ষতা আশা করেছিলাম, যেখানে মাননীয় মুখ্যমন্ত্রী এই প্রশাসনিক নিরপেক্ষতা সম্বন্ধে হাউসে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই প্রতিশ্রুতি দেখলাম এখানে ভঙ্গ করা হল। সমস্ত ডেমোক্রেটিক নর্মস-কে ভায়লেট করে এটা করা হয়েছে। এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। আমি আশা করছি লিডার অব দি হাউসে এ সম্বন্ধে এখানে বক্তব্য রাখবেন।*

**শ্রী ভবানী মুখোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিরোধীদলের মাননীয় নেতা এবং মাননীয় সদস্যগন হাউসে প্রশ্ন রেখেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এখন হাউসে নেই। আমি আপনাদের ফিলিংস তার কাছে কনভে করব এবং তিনি প্রয়োজন বোধ করলে নিশ্চয়ই একটা বিবৃতি হাউসে রাখবেন আশা করি।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, হাউসের কনভেনশনও এই। মাননীয় ভবানী মুখোপাধ্যায় পরিষদীয় মন্ত্রী তিনি ব্যক্তিগতভাবে আমাদের কাছে শ্রদ্ধাভাজন ব্যক্তি। তিনি নিজেও জানেন এবং মাননীয় মন্ত্রী কৃষ্ণপদ ঘোষ এবং মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি তারাও জানেন যে, এই হাউসের কনভেনসন আছে, এবং এর আগে এখানে অনেক ঘটনা ঘটেছে এবং একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে হাউসে যদি কথা ওঠে তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানানো হয় সে সম্বন্ধে বিবৃতি দেবার জন্য এবং হাউসের এটা একটা অধিকার এই ব্যাপারে জানার। আমি বলছি না যে মাননীয় মুখ্যমন্ত্রী যেহেতু এখন একটা সম্মেলনে ব্যস্ত বা কোনও ডেলিগেশন মিট করছেন জরুরি প্রয়োজনে কাজেই তাকে এখনই হাউসে আসতে হবে বা এই বিষয় নিয়ে তিনি এখনই একটা স্টেটমেন্ট করুন, আমি সেটা বলতে পারব না, কিন্তু আমি এটুকু জানাতে চাই পরিষদীয় মন্ত্রী মাননীয় ভবানী মুখোপাধ্যায়কে আপনার মাধ্যমে যে, তিনি এই অ্যাসিউরেন্সটুকু আমাদের দিন যে, মাননীয় মুখ্যমন্ত্রী আফটার দি রিসেস এই হাউসে স্টেটমেন্ট করবেন। এই অ্যাসিউরেন্স-টুকু আমরা চাই এবং আমরা যে প্রশ্নটা তুলেছি মাননীয় মুখ্যমন্ত্রী তার উত্তর দেবেন এবং তাহলে আমরা সন্তুষ্ট হব। তা না হলে আমরা রিসেসের পরে এটা তুলব।

**Mr. Deputy Speaker :** I will look into the matter.

[1-20 — 1-30 p.m.]

## Adjournment Motion

**Mr. Deputy Speaker :** I have received a notice of Adjournment Motion given by Shri Rajani Kanta Doloi on the subject of controversy due to appointment of Shri Satya Priya Roy as Administrator of the West Bengal Board of Secondary Education to which I have withheld consent on the following grounds :

The urgency which has been alleged in the motion is not such as to warant an Adjournment Motion to be brought. The member is at

liberty to raise the matter in a distinct motion under the normal rules of the business of the House. Again, the alleged public controversy is narrated in the motion is purely anticipatory in nature. The member has not specified if any serious happening has actually taken place on the lines of his apprehension. So, at this stage the contention of the member tabled in the motion is only inferential and a matter of opinion. Therefore, the notice of the Adjournment Motion is rejected. The member, may, however, read the text thereof.

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা অ্যাডজোর্নমেন্ট মোশন আনতে চেয়েছিলাম এবং আপনি আমাকে অ্যালাউ করেছেন এটা পড়ে দেবার জন্য। আমার স্টেটে যেটা ছিল সেটা আমি পড়ে দিচ্ছি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, একটু আগে আমাদের এখানে বিরোধীদলের নেতা এই ব্যাপারে তার বক্তব্য রেখেছেন সত্যপ্রিয় রায় সম্বন্ধে public controversy arising out of the appointment of Shri Satyapriya Roy as administrator after dissolution of the West Bengal Board of Secondary Education.

**Mr. Deputy Speaker :** Mr. Doloi, you have been allowed to read only the text of the motion. So, please read out the text.

**Shri Rajani Kanta Doloi :** The public controversy arising out of the appointment of Shri Satyapriya Roy as administrator after dissolution of the West Bengal Board of Secondary Education. The arbitrary decision taken by the Hon'ble Minister, Shri Partha Dey without consulting the Hon'ble Chief Minister and without making any reference to the Cabinet.

The appointment of Shri Satyapriya Roy is likely to :

i) promote corruptions in the Board's administration,

ii) collapse the normal atmosphere of administration,

iii) create chaos in the sphere of Secondary Education all total.

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই হুগলি জেলায় কেন্দ্রীয় সরকারের পরিচালিত ব্রেথওয়েট কারখানার দু-হাজার শ্রমিক ধর্মঘট করে আছে।

**Mr. Deputy Speaker :** Mr. Chatterjee, I have allowed you to raise the matter during the mention hour. So, please take your seat now and mention the matter at that time.

Now, Calling Attention.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker** : The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of lockout by the management of the Peerless General Finance and Investment Company Limited, attention called by Shri Abul Hasan and Shri Ashoke Kumar Bose on the 12th September, 1977.

**Shri Krishna Pada Ghosh** : With the permission of the Hon'ble Speaker I would like to make the following statement in connection with the Calling Attention Notice given by Shri Abul Hassan and Shri Ashoke Kumar Bose, on the subject of Lockout in the Peerless General & Investment Co. Ltd.

The Peerless General Fisnance & Investment Co. Ltd., in their letter dated 25.7.77 addressed to the Labour Commissioner, West Bengal, threatened lock out unless their employees working in their office at 3, Esplanade East refrained from what they alleged to be indisciplined behaviour on their part. On receipt of the complaint a joint conference was convened by the Conciliation machinery of the Labour Directorate on 2.8.77 with the Management and the two Labour Unions, namely, Employees' Union and Karmachari Samity. At the same time the Unions were also requested to co-operate with the Management for the purpose of maintaining discipline. Management did not attend the meeting on 2.8.77. Instead an Officer of the Company met the Conciliation officer on 1.8.77 and informed him that the Management would start bipartite negotiation with the concerned Unions for an overall settlement on all issues pressed by the employees. The Conceliation Officer had meeting on 6.8.77 with the Administrative Officer of the Company and he was requested tc conclude bipartite negotiation within ten days and inform the Concilia.ion Officer of the result. Meanwhile the Union informed the Conciliation Officer that the Company had also locked out the Howrah Office.

The Employees' Union were agitating over a number of issues. The Karmachari Samity had also submitted its charter of demands. But the main demand of the Employees' Union relates to the reinstatement of 14 workmen who, according to them, were removed service since 1972 by taking advantage of the political situation prevailing them. The Karmachari Samity also leant support to this demand.

Several attempts have been made by the Conciliation machinery, but the dispute could not be settled owing to the Management's non-

co-operation. In fact the Management did not attend a number of conciliation meetings called by the Labour Commissioner himself and other Conciliation Officers.

Efforts at settlement through conciliation are still continuing. In case no settlement is possible action as per provisions of the Industrial Disputes Act, 1947 will be taken.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** The Minister-in-charge of the Agriculture and Community Development Department will now please make a statement on the subject of strike notice by the staff of the Kalyani Krishi University (Attention called by Shri Saral Deb on the 14th September, 1977.)

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়ের ধর্মঘট সম্পর্কে সরকারের কাছে কোনও নোটিশ আসেনি। বিদ্যালয়ের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে জানা যায় যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র, ও কর্মচারী দ্বারা গঠিত সংগ্রাম কমিটি বিভিন্ন দাবি আদায়ের জন্য ১৩/৯/৯৭ তারিখ থেকে ধর্মঘটের ডাক দিয়েছিলেন। তাঁদের মূল দাবি ছিল উপাচার্য ও রেজিস্ট্রারের অপসারণ, বিশ্ববিদ্যালয়ের পরিচালন পর্ষদের গণতন্ত্রীকরণ, বিশ্ববিদ্যালয়ের দুর্নীতির বিষয়ে বিচার বিভাগীয় তদন্ত এবং কৃষি বিশ্ববিদ্যালয়কে কৃষি বিভাগ থেকে উচ্চ শিক্ষা বিভাগের অধীনে আনা। জানা যায় সংগ্রাম কমিটি তাদের ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছেন।

[1-30 — 1-40 p.m.]

## CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** I have received seven notices of Calling Attention on various subjects which are as follows :

1. Constant rises in prices of Essential Commodities — Shri Rajani Kanta Doloi.

2. Public controversy due to appointment of Shri Satya Priya Roy as Administrator of West Bengal Board of Secondary Education — Shri Rajani Kanta Doloi.

3. Deplorable condition of Bidi workers of West Bengal — Shri Anil Mukherjee.

4. Defalcation of Barasat Gustia Kshetranath Secondary School Fund — Shri Saral Deb.

5. Complaint about the management of the Bangiya Sahitya Parishad — Shri A. K. M. Hassan Uzzaman.

6. Reported Sale of a jute mill at 24-Parganas — Shri Probodh Purkait.

7. Reported Submarine Station at Sunderban — Shri Proodh Purkait.

Out of these I have selected the notice of Shri Anil Mukherjee on the subject of deplorabale condition of Bidi Works of West Bengal. The matter of the notice runs as follows : The present deplorable condition of Bidi Workers in West Bengal with special reference to the Bankura district and the measures adopted by the present Government to ameliorate the said condition.

The Minister-in-charge will please make a statement on the subject today, if possible, or give a date for the same.

**শ্রী কৃষ্ণপদ ঘোষ ঃ** ডেপুটি স্পিকার মহাশয়, ব্যাপারটা হচ্ছে এই কলিং অ্যাটেনশন যে মোশন এসেছে, তার জবাব দেবার ইচ্ছা ছিল যত তাড়াতাড়ি সম্ভব। কিন্তু আমি ২৩ তারিখে দিল্লি চলে যাচ্ছি, আর ফিরছি ২৮ তারিখে। ২৮ তারিখের পর ছাড়া এর উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়। ২৮ তারিখের পর ২৯শে হতে পারে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, একটু আগে আমাদের হাউসে আলোচনা হল অগণতান্ত্রিক উপায়ে বোর্ড ভেঙে যাওয়া সম্বন্ধে, আমি সেই আলোচনায় যাচ্ছি না, আমি আরও সিরিয়াস ব্যাপারে আলোচনা করছি। আজকে বিদ্যুৎ ভীষণভাবে ঘাটতি যাচ্ছে এটা সকলেই স্বীকার করবেন।

(নয়েজ)

**Mr. Deputy Speaker :** I do not find any point of order in it.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমি অত্যন্ত শঙ্কিতচিত্তে জানাতে বাধ্য হচ্ছি যে আজকে আলিমুদ্দিন স্ট্রিটে.....

**Mr. Deputy Speaker :** No, no Mr. Chattoraj, it is not a point of order please take your seat.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** আমি শুনলাম স্যার, ডায়মন্ড হারবারে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড যেটা আছে, সেটাকে উঠিয়ে দিয়ে সেটাকে মোম বাতির কারখানাতে কনভার্ট করার সিদ্ধান্ত হয়েছে।

**Mr. Deputy Speaker :** Please make your statement during the Mention hours. Please take your seat.

## MENTION CASES

**শ্রী বঙ্কিমবিহারী পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর নিকট নিবেদন করছি যে মেদিনীপুর সদর ব্লককে কংসাবতী পরিকল্পনায় সেচ এলাকা বলে ঘোষণা করা হয়েছে। অথচ এই সদর ব্লক কংসাবতী পরিকল্পনার শেষ প্রান্তে। এই ব্লক কোনও দিনই জল পায়নি এবং পাবে বলে আশাও নাই।

এই এলাকা কমান্ড এরিয়া ঘোষিত হওয়ায় চাষীদের উপর নিম্নলিখিত অপারেশনগুলি ধার্য হয়েছে। (১) জমির সিলিং কমানো হচ্ছে, (২) জল কর ধার্য হচ্ছে, (৩) খাজনা সার চার্জ বৃদ্ধি হচ্ছে, (৪) অতিরিক্ত লেভি ধার্য হচ্ছে। মন্ত্রী মহোদয়ের নিকট নিবেদন একটি জেলা বা মহকুমা ভিত্তিক কমিশন গঠন করে সেচ না অসেচ সঠিক সিদ্ধান্তে না আসা পর্যন্ত জমি ভেস্ট ও কর বৃদ্ধি ব্যবস্থাকে বন্ধ রাখার নির্দেশ দেন।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে বলতে চাচ্ছি যে হুগলি জেলার কেন্দ্রীয় সরকার পরিচালিত ব্রেথওয়েট কারখানার দু হাজার শ্রমিক আজকে ধর্মঘট করে অ্যাসেম্বলিতে এসেছে, তারা অপেক্ষা করছে, তাদের কিছু বক্তব্য আছে, বিগত দু বছর ধরে তাদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে কর্তৃপক্ষ কোনও রকম দৃষ্টিপাত করছে না। সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে গত বছর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে দুশ টাকা করে শ্রমিকদের নামে বোনাসের বিকল্প হিসাবে কর্তৃপক্ষ এনেছিলেন কিন্তু কর্তৃপক্ষ এই টাকা শ্রমিকদের না দিয়ে নিজেদের খুশি মতো খরচ করেছে। গত জরুরি অবস্থার সময় যে সব শ্রমিককে ছাঁটাই করা হয়েছিল, তারা আজকেও কারখানায় ফিরে যেতে পারেনি। শ্রমিকরা ধর্মঘট করে এখানে এসেছে, আমি অনুরোধ করছি যে মন্ত্রিসভার পক্ষ থেকে কোনও একজন স্পেসালি কোনও মন্ত্রী তাদের কাছে উপস্থিত হয়ে তাদের বক্তব্য শুনুন, এটুকুই আমি আপনার মাধ্যমে হাউসের কাছে রাখলাম।

**শ্রী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় সহকারি উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা প্রশ্ন এই সভায় রাখতে চাই। আজ কয়েকদিন বিভিন্ন সংবাদপত্রে একটা সংবাদ প্রকাশিত হওয়ায় আমরা অত্যন্ত উদ্বিগ্ন। গত ৯ই সেপ্টেম্বর কলকাতা মেডিক্যাল চক্ষু হাসপাতালে বিদ্যাসাগর মহিলা কলেজের একাদশ শ্রেণীর ছাত্রী অর্চনা রায়চৌধুরীর মৃত্যু অত্যন্ত মর্মান্তিক। এই কারণে দৃষ্টি আকর্ষণ করছি যে, যে কোনও মৃত্যুই দুঃখজনক ঘটনা। কিন্তু ডাক্তারের অসতর্কতার জন্য যদি মৃত্যু ঘটে সেটা আরও দুঃখজনক। তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এটার তদন্ত করা উচিত। আজকে মৃত্যুর জন্য যে অমূল্য জীবন ঝরে গেলে ডাক্তারের অসতর্কতার জন্য তার কৈফিয়ত কে দেবে এবং এই ভাবে যেন ভবিষ্যতে কোনও জীবন না যায়। আমাদের কাছে মৃত্যুর ঘটনা সম্পর্কে এবং হাসপাতালের ঘটনা সম্পর্কে যেসব তথ্য আসছে তা অত্যন্ত মর্মান্তিক এবং দুঃখজনক। তাই স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এটা তদন্ত করা হোক এবং ভবিষ্যতে অমূল্য জীবন যাতে নষ্ট না হয় তারজন্য ব্যবস্থা করতে আবেদন রাখছি।

**ডাঃ হরমোহন সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে হাসপাতালে যেভাবে চিকিৎসা ব্যবস্থা চলছে তা অত্যন্ত দুঃখের কারণ হয়ে দাঁড়াচ্ছে। মানুষ যেখানে তার রিলিফের জন্য যায় সেখানে তার রিলিফ পাচ্ছে না। ঔষধপত্র অত্যন্ত অনিয়মিত। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তরকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। সেখানে প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়ার মুখে পড়েছে। এটা অবিলম্বে কঠোরভাবে না দেখলে আওতার বাইরে চলে যাবে। এইজন্য এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় ত্রাণ মন্ত্রীর উদ্দেশ্যে নিবেদন করতে চাই। আমি দুদিন আগে আমার নির্বাচন কেন্দ্র ছাতনা থেকে ঘুরে এলাম। সেখানে হাজার হাজার কৃষি শ্রমিক কাজের জন্য হন্যে হয়ে ঘুরছে এবং তাদের কাজ নেই। আজ যে অবস্থা তা গত দশ বছরে হয়েছে বলে দেখিনি। এক একটা অঞ্চলে হয়ত একটা বা দুটো প্রোজেক্ট নেওয়া হয়েছে এবং সেখানে বেশির ভাগ লোক যেয়ে ভিড় করছে। কিন্তু সবাই তো কাজ পাচ্ছে না। আমি জেলা অফিসে খোঁজ নিয়ে জানলাম, জি. আর. টি. আরের টাকা-পয়সা নেই। যদি এই অবস্থা থাকে তাহলে লোক মারা যাবে। সেইজন্য অবিলম্বে দৃষ্টি দেওয়া দরকার।

**শ্রী প্রবোধ পুরোকাইত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রী এবং কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা সুন্দরবন এলাকায় ক্ষেত মজুরদের কোনও কাজ নেই। যার ফলে হাজার হাজার ক্ষেত মজুর কাজ না পাওয়ার জন্য দুঃসহ অবস্থার মধ্যে আছে এবং অবিলম্বে রিলিফ প্রয়োজন। যে কৃষি ঋণ দেওয়া হচ্ছে তা পূর্বে শর্ত অনুযায়ী হওয়ায় সাধারণ কৃষকরা কৃষিঋণ পাচ্ছেন না। এইজন্য কৃষিমন্ত্রী এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সহজ শর্তে তারা ঋণ পেতে পারেন তার ব্যবস্থা করুন এবং ব্যাপক রিলিফ যাতে সুন্দরবন এলাকার মানুষদের দেওয়া যায় সেদিকে দেখবেন। এই অনুরোধ আপনার মাধ্যমে রাখছি।

[1-40 — 1-50 p.m.]

**ডাঃ শাশ্বসীপ্রসাদ বাগ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রীর একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। কলিকাতা ফুটপাতে নতুন করে হকার্স কর্ণার গড়ে উঠবে না এই কথা তিনি মন্ত্রিত্বে আসার কিছুদিন পরেই রেখেছিলেন। কিন্তু সম্প্রতি দেখা যাচ্ছে বিশেষ বিশেষ স্থানে নতুন করে হকার্স কর্ণার গড়ে উঠছে। হকার্স কর্ণার হয়ে বেকার সমস্যার সমাধান হচ্ছে এটা আমার মনে হয় না। আমার মনে হয় বড়বাজারের এবং বাগরি মার্কেটের বড় বড় ব্যবসায়ীরা এস্টাবিলসমেন্ট খরচা না দিয়ে এইসব ব্যবসাগুলি করছে। যারা এই হকার্স কর্ণারেব কাজ করছে তাদের এক রকম দোকান কর্মচারী হিসাবে তারা গণ্য করে। এতে গভর্নমেন্টকে ইনকাম ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে। এবং অন্যদিকে ফুটপাত দখল করায় সাধারণ মানুষের রাস্তা চলার খুব কষ্ট হচ্ছে। এবং এর ফলে সেদিন গড়িয়াহাটার মোড়ে এক মর্মান্তিক ঘটনা আমার চোখে পড়ে—এক মাতা তার সন্তান হারিয়ে কাঁদছে। যাতে এই ঘটনা আর না ঘটে তারজন্য আমি পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিম দিনাজপুরের বালুরঘাট মিউনিসিপ্যালিটির ব্যাপারে একটি সংবাদ কাগজে বেরিয়েছে। এবং সেই সংবাদ আমাকে বিস্মিত করেছে। এখানে যে মাননীয় সদস্যরা আছে তাঁরাও বিস্মৃত হবেন। পশ্চিমদিনাজপুরের বালুরঘাটে যে মিউনিসিপ্যালিটি আছে সেই মিউনিসিপ্যালিটিতে একটি টেবিল ও একটি চেয়ার কেনা হয়েছে যার জন্য টাকা লেগেছে ১৬,৫০০ টাকা। যে মিউনিসিপ্যালিটিতে রাস্তাঘাটের অভাবে সাধারণ মানুষ চলাফেরা করতে পারছে না সেখানে ঐ সরকারি অফিসার এইসব নক্কারজনক কাজ করছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে জানাচ্ছি যে এ সম্পর্কে তদন্ত করে উপযুক্ত শাস্তি বিধানের ব্যবস্থা করা হোক।

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে অবতারণা করছি। মুর্শিদাবাদ জেলায় মোটর শ্রমিকদের বেশ কয়েকটি ইউনিয়ন আছে। এই রকম একটা ইউনিয়ন বহরমপুর শহরে ঠিক কংগ্রেসি কায়দায় জোর করে বিশ্বকর্মা পূজার জন্য চাঁদা আদায় করতে শুরু করে। একজন ট্রাক ড্রাইভার ঐ ইউনিয়নের চাঁদা আদায়কারিদের দাবির থেকে কম টাকা দিলে বচসা হয় এবং ফলে ট্রাক ড্রাইভারটি প্রচণ্ডভাবে প্রহৃত হয়। ঐ সংবাদ রটিয়া গেলে কিছু ট্রাক ড্রাইভার রাস্তা আটকে পথ অবরোধ করে বিক্ষোভ জানান এবং জুলুমের প্রতিকার দাবি করেন। পুলিশ কয়েকজন দুষ্কৃতকারিদের গ্রেপ্তার করতে বাধ্য হন। গত ১৬ই সেপ্টেম্বর পবিত্র ঈদের দিন ঐ ইউনিয়ানের লোকরা গ্রেপ্তারের প্রতিবাদে হঠাৎ বাস ধর্মঘট ডাকেন এবং যে সব বাস স্ট্যাণ্ডে ছিল তাদের বাস না চালাতে বাধ্য করেন। সাধারণ বাস শ্রমিকদের এই ধর্মঘটে সমর্থন ছিল না—যে সব বাস স্ট্যাণ্ডে আসেনি তাদের শ্রমিকেরা স্ট্যাণ্ডের কয়েক কিলোমিটার দূরে বাস রেখে বাস চালু রাখেন। কিন্তু ঐ ধর্মঘটের জন্য ঈদের দিন সাধারণ মানুষের অযথা সময় নষ্ট এবং অর্থ ব্যয় করতে বাধ্য হয়েছেন। আমি মন্ত্রিসভার কাছে বিনীতভাবে প্রশ্ন রাখছি যে এখনও কি জোর জুলুম করে চাঁদা আদায় চলবে? চাঁদা না দিলে মারধোর চলবে? দুষ্কৃতকারিদের গ্রেপ্তার করলে জোর করে ধর্মঘট করিয়ে কি জনসাধারণকে বিব্রত অযথা অর্থব্যয় প্রভৃতি ঘটনা চলবে? এই কটি বিনীত প্রশ্ন রেখে ঘটনাটির পূর্ণ তদন্ত এবং ভবিষ্যতে এই সব ঘটনা যাতে না ঘটে তার ব্যবস্থা করার জন্য দাবি রাখছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার বিস্তৃত অঞ্চলে ধানে ভীষণভাবে পোকা লেগেছে। স্থানীয় এগ্রিকালচার ডিপার্টমেন্টের লোকের কাছে জানালে তারা বলেন এটা ক্যানসার রোগ ভাল করা যাবে না। এ বিষয়ে বিশেষ ব্যবস্থা নেবার জন্য কলকাতা থেকে উপযুক্ত লোক পাঠাবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। তা না হলে হাজার হাজার কৃষকের ক্ষতি হবে এবং বহু ফসল নষ্ট হবে।

**Shri A. H. Besterwitch :** Mr. Deputy Speaker, Sir, with regert I have got to bring to your notice as well as to the notice of the members of the House Committee the fact that the food supplied by the contractor to the members of this House in the MLA Hospital is so bad that I think in a very short time the members living there will

be falling sick. There are lots of stones in the rice and the food given is absolutely rubish. I think the honourable members of the House Committee should take proper interest, about and see what is happening in the MLA Hostel. Simply money making is going on there. The food is going from bad to worse everyday. I think many of the members of this House will also agree with me in this matter. I hope, Sir, you will take proper action in the matter. I think this contractor should be removed at once and somebody else should be appointed in his place.

**Mr. Deputy Speaker :** This is a matter which concerns the House Committee. However, I shall look into it.

**শ্রী মনোহর তিরকি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ারের মধ্যে জনসাধারণের যানবাহনের ভীষণ অসুবিধা হচ্ছে। তাই আমার অনুরোধ এই লাইনের বিভিন্ন রুটে জনসাধারণের যাতে কোনও অসুবিধা না হয় তার জন্য যানবাহনের বিশেষ ব্যবস্থার দাবি জানাচ্ছি।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল এই, চিত্তরঞ্জন হাসপাতাল যাকে ন্যাশন্যাল মেডিকেল কলেজ বলা হয়, গত ১৫ তারিখে সেখানকার ফার্মাসিস্ট প্রায় ১০০ ফাইল ওষুধ চুরি করার সময় হাতে-নাতে ধরা পড়ে। এই ওষুধের দাম ৩ হাজার টাকার মতো। কিন্তু সেখানকার যিনি ডেপুটি সুপারিনটেনডেন্ট, ডি. কে. মিত্র, তিনি ব্যাপারটি হস্তক্ষেপ করেন এবং পুলিশের হাত থেকে উদ্ধার করেন। এখন তিনি বহাল তবিয়তে চাকরিতে আছেন। আমি আশা করব মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বিষয়টি গুরুত্ব দিয়ে তদন্ত করে শাস্তির ব্যবস্থা করবেন। শুধু সেই নয়, ডেপুটি সুপারিনটেন্ড এই চুরির ভিতর জড়িত আছে বলে আমি মনে করি।

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মুসলমানদের সর্বশ্রেষ্ঠ উৎসব ইদলফেতর গত শুক্রবার দিন উদ্যাপিত হয়ে গেছে। তারপর আজ এই প্রথম হাউস বসছে। সেই উপলক্ষ্যে আমি আপনাকে, আপনার মাধ্যমে বিধানসভার সকল সদস্য এবং পশ্চিমবাংলার হিন্দু, মুসলমান আপামর সকল জনসাধারণকে ইদলফেতর ঈদ মুবারকের অভিনন্দন জানাচ্ছি। ঈদ মুবারক জানাবার উপলক্ষ্যে আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—এর আগে আমি রুইয়েৎ-ই-হেলাল কমিটি করার জন্য আবেদন জানিয়েছিলাম, কিন্তু সেটা হয়নি। বৃহস্পতিবার দিন যুগান্তর কাগজে বেরিয়েছে এইদিন চাঁদ হয়েছে—অবশ্য পরের দিন ভুল সংশোধন হয়েছে। তার ফলে বৃহস্পতিবার দিন অনেক জায়গায় রমজানে ঈদের নামাজ হয়ে গেছে, অনেক জায়গায় ঈদ করার প্রস্তুতিও নেওয়া হয়েছিল। কাজেই ভবিষ্যতে যাতে এই ধরনের অসুবিধা আর না হয় সেইজন্য রুইয়েৎ-ই-হেলাল কমিটি করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৬১ সালে অ্যাপ্রেনটিসসিপ আক্ট চালু হয়। তারপরে দেখা গেল প্রতি বছর হাজার হাজার যুবক ঐ অ্যাপ্রেনটিসসিপ আক্ট আইন অনুসারে বিভিন্ন কারখানায় অ্যাপ্রেনটিস হিসাবে নিয়োজিত হয়েছে। অ্যাপ্রেনটিস পিরিয়ডে নেবার পর ২/৩ বছর বাদে তাদের যখন অ্যাপ্রেনটিস পিরিয়ড ওভার হয়ে যায় তখন সামনে নেমে আসে বেকারির অন্ধকারময় জীবন। কাজেই তাদের কিভাবে কাজে নিয়োগ করা হবে সে সম্পর্কে আমি মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাজেই তাদের জন্য একটা আইন চালু করা হোক। এই ৬০ হাজার শিক্ষিত যুবককে কিভাবে নেওয়া হবে, সে বিষয়ে আমি শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সন্তোষকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সমাজের সর্বস্তরে যে নীতিবোধের অভাব আমরা লক্ষ্য করছি তা অত্যন্ত পীড়াদায়ক। স্যার, এখানে শিক্ষা দপ্তরের তিনজন মন্ত্রী মহাশয়ই উপস্থিত আছেন, আমরা শুনেছি তাঁরা পাঠক্রম পরিবর্তনের জন্য চিন্তা করছেন, তাঁদের কাছে আমার অনুরোধ, সর্বধর্ম সমন্বয় করে নীতি শিক্ষা বা মর‍্যাল এডুকেশন আমাদের প্রাইমারি ও সেকেণ্ডারি এডুকেশনের সিলেবাসের অন্তর্ভুক্ত করা হোক।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ইতিপূর্বে এখানে কয়েকজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন যে, কিভাবে পশ্চিমবাংলার বিভিন্ন হাসপাতালে ডাক্তারদের অবহেলার ফলে রোগীরা প্রাণ হারাচ্ছেন। আমি স্যার, আমার এলাকার এইরকম একটি ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ওন্দা থানার কৃষ্ণনগর হাসপাতালে একটি বিষ খাওয়া রোগীকে যখন মৃতপ্রায় অবস্থায় ভর্তি করা হয় তখন সেখানে কোনও ডাক্তার থাকেন না। সারাদিন ধরে কোনও ডাক্তার বা ডাক্তারের পরিবর্তে আর কেউ সেখানে ছিলেন না, এর ফলে রোগীটি মারা যায়। ডাক্তারদের এই অবহেলার প্রতি আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অবিলম্বে এদিকে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি।

[1-50 — 2-00 p.m.]

## LEGISLATION

### The Bengal Agricultural Income-Tax (Amendment) Bill, 1977

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the Bengal Agricultural Income-Tax (Amendment) Bill, 1977.

(Secretary then read he title of the Bill)

**Dr Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Agricultural Income-Tax (Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই বিলের প্রসঙ্গে আমি ২/৪টি কথা বলতে চাই। আমি যখন বাজেট পেশ করেছিলাম তখন মাননীয় সদস্যরা জানেন, আমি সেখানে কয়েকটি রাজস্বের প্রস্তাব এনেছিলাম। এই রাজস্বের প্রস্তাবগুলির কিছু কিছু নোটিফিকেশন মারফত ২৫এ আগস্ট থেকে চালু করা হয় এবং কিছু কিছু অন্য নোটিফিকেশন মারফত ১লা সেপ্টেম্বর থেকে ঘোষণা করা হয়। কিন্তু তা ছাড়াও আরও কিছু কিছু প্রস্তাব আছে যেটা আইন না বদলালে চালু করা সম্ভব নয়। সেই কারণে আজকে আমি পর পর ৫টি বিল নিয়ে আসছি আপনাদের অনুমোদনের জন্য। প্রথমে যে বিলটি এনেছি এবং এই মুহূর্তে যেটা পাঠ করা হল সেটা হচ্ছে, আমাদের কৃষি আয়করের একটা সংশোধনী প্রস্তাব। এটাতে প্রধানত দু-তিনটি বিষয়ের উপর নজর দেওয়া হয়েছে। আমরা আগেই ঘোষণা করেছি যে, আগামী বছর বাংলাদেশে কৃষি আয়কর সম্পূর্ণ পরিমার্জন করবার ইচ্ছা আমাদের আছে যাতে একটা প্রগতিশীল কৃষি আয়কর এখানে প্রবর্তন করতে পারি। কিন্তু উপস্থিত এ বছরে আমরা দুটি-তিনটি বিষয়ের প্রতি নজর দিয়েছি। তার একটা হল, গত কয়েক বছর ধরে এখানে যে সমস্ত প্লানটেশন আছে—চা বাগান ইত্যাদি, তারা প্রচুর টাকা রোজগার করেছে—কোটি কোটি টাকা রোজগার করেছে, কিন্তু তাদের করের মাত্রা মোটামুটি একই জায়গায় দাঁড়িয়ে আছে। তারা প্রচুর উপার্জন করেছে কিন্তু সেটা সাধারণ মানুষের সঙ্গে এখনও পর্যন্ত তারা ভাগ করে নিতে রাজি হননি। অনেক ক্ষেত্রে আমরা দেখতে পাই যে, চা বাগানে মালিকরা শ্রমিকদের মজুরি, বোনাস ইত্যাদি দিতেও কার্পণ্য করেছেন, কিন্তু সেটা করার কোনও হেতু নেই। একটা সামান্য হিসাব নিয়ে যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে, পশ্চিমবাংলার যে সমস্ত চা বাগান আছে তার মালিকরা বছরে ৪০/৫০ কোটি টাকা বাড়তি রোজগার করেছে। আমাদের যে প্রস্তাব আছে তা হচ্ছে, তা থেকে এ বছর আমরা সরকারের রাজস্ব খাতে ৭৫ লক্ষ টাকা আনতে চাই। সেইজন্য আমরা প্রস্তাব করেছি, এক লক্ষ টাকা পর্যন্ত যে সমস্ত কোম্পানির বছরে উপার্জন ছিল তাদের ক্ষেত্রে যেখানে করের পরিমাণ ছিল শতকরা ৫৫ ভাগ সেখানে সেটা বাড়িয়ে ৬৫ ভাগ করা হোক এবং যে সমস্ত কোম্পানির উপার্জন বছরে এক লক্ষ টাকার উপরে তাদের করের পরিমাণ যেখানে ছিল ৬০ ভাগ সেটা বাড়িয়ে ৭৫ ভাগ করা হোক। যেখানে এরকম প্লানটেশন আছে যেমন কফি বাগান—ধরুন কেরালায়, সেখানে এই করের পরিমাণ ঠিক এই পর্যায়ে।

তাছাড়া আমি আর একটা ব্যাপারে প্রস্তাব রেখেছি। সেটা হচ্ছে বিদেশি কোম্পানিগুলি তাদের উপর শতকরা ৮০ ভাগ কর আরোপ করা হোক। কেরালায়ও এই ধরনের একটা তফাত টানা হয় দেশি এবং বিদেশি কোম্পানির মতো যেমন আমাদের ভারতীয় আয়কর আইনে করা হয়। তাছাড়া আর একটা বিষয়ে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে, আমাদের যে ধরনের কৃষি আয়কর ব্যবস্থা আছে তাতে অনেক সময় নানা রকম ফাঁকির ব্যবস্থা থাকে যেমন ধরুন ব্যক্তিগত আয়। ব্যক্তিগত আয়ে অনেক সময় স্ত্রীর আয় বাদ পড়ে যায়, নাবালিকা সন্তানের আয় বাদ পড়ে যায়, অবিবাহিতা মেয়ের আয় বাদ পড়ে যায়। সেখানে একটা প্রস্তাব রাখা হয়েছে যে ব্যক্তিগত আয় দিয়ে যে আয় বোঝাবে তাতে নাবালিকা সন্তান এবং অবিবাহিতা কন্যার আয়ও বোঝাবে। কাজেই সামান্য দু-একটা সংশোধন আছে—যেমন একটা জায়গায় আইনে ছিল হিজ ম্যাজেস্টি-র প্লেজার—সাম্রাজ্যবাদী একটা

ব্যাপার ছিল সেই জিনিসটাকে কেটে বাদ দেওয়া হয়েছে, সামান্য কিছু পরিমার্জনা করা হয়েছে, এটা করতে হবে। আমি আশা করছি করের যে ব্যবস্থা করা হচ্ছে তাতে সুষ্ঠুভাবে কর আদায় করা যাবে। আমি প্রথমে যে কথা বলেছি যে আমাদের পশ্চিমবাংলায় কৃষি আয় কর সম্পূর্ণ পাল্টে দিয়ে প্রগতিশীল একটা ব্যবস্থা চালু করার জন্য এই রকম একটা ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে আমার বিশেষ কিছু বলার নেই। আমি সেই অ্যামেন্ডমেন্টকে সমর্থন করছি। আমি শুধু দুটি বিষয়ে এই বিল সম্পর্কে বলতে চাই। এক জায়গায় তিনি বলেছেন যে ইচ্ছা করলে কমিশনার অ্যাসেসির বক্তব্য নাও শুনতে পারেন। "Provided further than an order declining to interfere shall not be deemed to be an order Prejudicial to the assessee". এটা ছোট ছোট অ্যাসেসির ক্ষেত্রে সাধারণ মানুষ যদি তাদেরকে ডিকলাইন করে দেন তাহলে হাইকোর্টে যাওয়া ছাড়া কোনও উপায় থাকবে না। কিন্তু ছোট ছোট চাষীর পক্ষে হাইকোর্টে যাওয়া অত্যন্ত অসুবিধাজনক, এটা আপনি বিবেচনা করে দেখবেন। আর দ্বিতীয় কথা যেটা আমি বলতে চাই, আমার কোনও আপত্তি নেই তবে আইনে কোনও বাধা আসবে কিনা, সংবিধানগত কোনও বাধা আসবে কিনা বিদেশি কোম্পানি এবং আমাদের দেশি কোম্পানির মধ্যে পার্থক্য করলে—এটা আপনি ভেবে দেখবেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন যে আগামী দিনে একটা ভাল বিল আনবেন, একটা প্রোগ্রেসিভ বিল আনবেন সে জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি সেই পর্যন্ত অপেক্ষা করব তবে তার কাছে এই প্রসঙ্গে দু-একটি কথা বলব এবং তাকে আমি দুটি কথার উপর দৃষ্টি দিতে অনুরোধ করব। একটা কথা হচ্ছে এই কৃষি আয়কর আইন ১৯৪৪ সালে চালু হয়। যখন কৃষি আয়কর আইন চালু হয় তখন ইনকাম ট্যাক্স ৩।। হাজার টাকা পর্যন্ত ছাড় পেতেন একজন অ্যাসেসি। কিন্তু এখন দেখা যাচ্ছে যে কৃষি আয়করের ক্ষেত্রে ৩।। হাজার টাকার স্তরে আয়কর দিতে হয়। অথচ অকৃষি আয় করের ক্ষেত্রে বাড়তে বাড়তে ১০ হাজার টাকা পর্যন্ত স্তরে উঠেছে। কিন্তু কৃষি ক্ষেত্রে আয়কর ৩।। হাজার টাকা দিতে হচ্ছে। এই পার্থক্যটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এটা ন্যায্য কিনা আপনি বিবেচনা করে দেখবেন। এর আগেও ১৯৭৫ সালে অ্যামেন্ডমেন্ট হয়েছে। তখন প্রাক্তন অর্থমন্ত্রী শঙ্করবাবু এটা টেনে এনেছেন, এই ইনকাম-এর স্ল্যাবটা বাড়াবার জন্য ইন্ডিয়ান ইনকাম ট্যাক্সে যেটা দেবেন, সেটা এর সঙ্গে যুক্ত হয়ে স্ল্যাবটা বাড়বে। কাজেই সাধারণ ছোট চাষীর পক্ষে অনেক কষ্টকর হয়ে পড়বে। সে জন্য এটা আপনি ভেবে দেখবেন। আর একটা জিনিস হচ্ছে, আমরা দেখেছি যে ছোট ছোট চাষীর ক্ষেত্রে কৃষি আয়কর আইন যখন চালু হয় ১৯৪৪ সালে তখন বেঙ্গল টেন্যান্সি অ্যাক্ট ছিল। সেই অ্যাক্টে ৫০ পারসেন্ট জমির মালিক এবং ৫০ পারসেন্ট আধিয়ার ফসল পাবে—এই নির্দেশ ছিল। সেটা বদল হয় ১৯৫৫ সালে এবং তখন ৬০ পারসেন্ট বর্গাদার ও ৪০ পারসেন্ট মালিক পাবেন এটা ঠিক হয়।

তারপর ১৯৭০ সালে যে অ্যামেন্ডমেন্ট হয় তাতে শতকরা ৭৫ ভাগ পাবে বর্গাদার এবং ২৫ ভাগ পাবে জমির মালিক, এটা স্থির হয়। কিন্তু এখন যে অ্যাসেসমেন্ট হয়, সেই

অ্যাসেসমেন্ট এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসাররা ফিফটি ফিফটি হিসাব করে সেই অ্যাসেসমেন্ট করেন। এই অ্যাসেসমেন্টা ফিফটি ফিফটি করে হওয়া উচিত কি না, যখন আইন হয়ে গেছে, প্রকৃতপক্ষে যখন আইন হয়ে গেছে, যখন আমরা পাচ্ছি না বা বর্গাদাররা পায় না ২৫ পারসেন্টের বেশি, তখন ফিফটি পারসেন্ট হবে কেন, এটা আমি বিবেচনা করতে বলছি। হাইকোর্ট থেকে ডজন খানেক মামলায় এর বিরুদ্ধে রায় দিয়েছে, কোনও কিছু হয়নি। আমি আর একটা জিনিস বিবেচনা করতে বলছি, আমি মালদহ জেলা থেকে নির্বাচিত হয়ে এসেছি, মালদহ জেলায় একটা অংশ আছে বাগড়ি বলে, সেখানে একটার বেশি ফসল হয় না, এবং বৃষ্টির জল সেখানে একমাত্র ভরসা চাষের জন্য। সেখানে ১০ মনের বেশি ফসল হয় না। মালদহ জেলার গেজেটিয়ারও বলেছে the average out turn in the danga or this land cannot be taken at more than 10 mds per acre. এটা ওরা স্বীকার করেছে। সেখানে যখন ক্যালকুলেশন করা হয়—আজকে জমি যেটা কমে গেছে, সেই জমি কমে যাবার ফলে ৫১ বিঘার মতো হয়েছে, ১৭ একর, ১৭ একরে যদি ১০ মন করে ফসল হয় এবং তার দাম যদি ৪০ টাকা করে ধরা যায় তাহলে একটা পরিবারের আয় ১,৮০০ টাকার বেশি হয় না এবং গড়ে মাথা পিছু আয় ৩৬০ টাকা হয় বছরে এবং এই অবস্থার মধ্যে আমাদের এই সব লোককে এতে টেনে আনার কোনও প্রয়োজন আছে কি না সেটা বিবেচনা করবেন। বরং উৎপাদন থেকে কিছু ট্যাক্স আদায় করা যায় কিনা সেটা দেখুন। আমি যতদুর জানি এই যৌথ পরিবার বাদ দিলে সাধারণত এস্টাব্লিশমেন্টেই ১,৮০০ টাকা খরচ হয়ে যায়। কাজেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স এর বিষয়টা বিশেষ ভাবে বিবেচনা করে দেখবেন। মিছিমিছি কতগুলো গরিব লোককে, সাধারণ কৃষককে টেনে এনে উকিলের কাছে কিছু টাকা দেবার ব্যবস্থা করে গভর্নমেন্টের কত লাভ হচ্ছে এটা বিবেচনা করার বিষয়, যখন আইন আনবেন তখন এটা বিবেচনা করে দেখবেন। আর একটা জিনিস আমি আপনার কাছে বলতে চাই যে গ্রামে গ্রামে ভীষণ দুর্নীতি চলছে এই ছোট চাষীদের নিয়ে। একটা নোটিশ দিয়ে দেওয়া হল, তারা এলেন এবং উকিল বাবুকে ধরতে হল, উকিলবাবুকে ধরে শেষ পর্যন্ত তিনি খালাস পাবেন, কিন্তু এর মধ্যে তার হাজার টাকা খরচ হয়ে গেছে। আবার আপিল করলে হাইকোর্টে যেতে হয়, এই সব বিষয়গুলো বিবেচনা করে দেখবেন। আজকে নুতন ল্যান্ড রিফর্মস অ্যাক্টের পরে ছোট চাষী ১৭ একরের মধ্যে যারা পড়ে, যারা ইরিগেটেড এলাকার মধ্যে থাকে না, তাদের আওতা থেকে বাদ দিয়ে অন্য কোনও ট্যাক্স আদায় করতে পারেন কি না সেটা ভেবে দেখবেন। এতে আপনাদের কত ইনকাম বাড়ছে সেটা ভেবে দেখবেন। আপনাদের এই বিল সম্পর্কে কোনও বক্তব্য নেই, আমার বক্তব্য হচ্ছে ভবিষ্যতে আপনি যখন আইন তৈরি করবেন সেই সময় আপনি যেন আমাদের সঙ্গে একটা পরামর্শ করেন হাউসের বাইরে বসে, আমরা যেন আমাদের সাজেশন দিতে পারি, তার ফলে সরকারের ইনকাম বাড়বে এবং সাধারণ লোক হয়রানির হাত থেকে বাঁচবে, এই অনুরোধ জানিয়ে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-00 — 2-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অ্যামেন্ডমেন্ট বিল যেটা এসেছে, আমি এটার পূর্ণ বিরোধিতা করছি। তার একটা কারণ

নয়, বহু কারণ আছে। ১৯৪৪ সালের এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সকে নুতন করে যে রূপ দেবার চেষ্টা হয়েছে, সেটা কিছু টাকা তোলার জন্য। মন্ত্রী মহাশয় বাজেটের সময় বলেছেন যে ৭৫ লক্ষ টাকা তুলতে হবে। তাড়াতাড়ি তোলবার জন্য তিনি ভাল করে না দেখে, কি করে টাকা তোলা যায় সেই চেষ্টা করেছেন। সুতরাং এটা দুরদর্শিতার অভাব এবং বাস্তব জ্ঞানের অভাব বলে মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় যারা কৃষিজীবী, যারা চাষের উপর নির্ভর করে জীবন যাপন করে, তারা দিনের পর দিন কর ভারে জর্জরিত। নানা দিক দিয়ে তাদের কর দিতে হয়। তারপর তাদের যে ইনকাম সেই ইনকামের ওপর আবার যদি অ্যাডিশনাল ইনকাম ট্যাক্স এভাবে ধরা হয় তাহলে তাদের ওপর একটা চাপ সৃষ্টি করা হবে। এটা সম্পূর্ণ গণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে বলে আমি বিশ্বাস করি না। এটা সম্পূর্ণ জোর করে চাপিয়ে দেওয়া হচ্ছে। এটা মাননীয় মন্ত্রী ভেবে দেখেছেন কিনা জানি না। আর একটা ব্যাপার আমি দেখতে বলব যে, ওড়িষ্যা, বিহার, রাজস্থানে কিভাবে এটা করা হয়েছে। যদিও সেখানে ট্যাক্সের স্লাব সিস্টেম সম্পূর্ণ অন্য, আমাদের সঙ্গে সেটার মিল নেই। হঠাৎ এই ট্যাক্সটা চাপিয়ে দেওয়ার ফলে যারা চাষের ওপর নির্ভরশীল তাদের গলা চেপে ধরা হবে। বামফ্রন্ট সরকার কি উদ্দেশ্যে এটা করছেন, তা আমি বুঝতে পারছি না।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার যে মাননীয় সদস্য আমাকে বাধা দিচ্ছিলেন, তিনি বোধ হয় এই বিলটি পড়ে দেখেননি। না পড়েই বলেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার মানুষ ভেবেছিল বামফ্রন্ট সরকার তাদের বোধ হয় কিছু দেবে। কিন্তু একটার পর একটা যা দিচ্ছে, তাতে পশ্চিমবাংলার লোকেরা নিশ্চয়ই কিছু দিন পরে রোগগ্রস্ত হয়ে যাবে। নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধি এমন ভাবে আরম্ভ হয়ে গেছে যে তারা আর কিছুতে হাত দিতে পারছে না। এর ওপরে আবার এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যেভাবে ধরা হচ্ছে এবং সেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আদায় করার ক্ষমতা এত বেশি আমলাদের ওপর দেওয়া হয়েছে যে, এতে সাধারণ মানুষের সর্বনাশ হয়ে যাবে।

তারপর এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে ফ্যামিলি কম্পোজিশন করেছেন, সেটা সম্পূর্ণ অবাস্তব। এই রকম ফ্যামিলি কম্পোজিশন হতে পারে না। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের আরও ভাবা উচিত ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে, ৩৮(এ)-টা অ্যামেন্ড করে বলেছেন যে, ইনকাম ট্যাক্স অফিসার ইচ্ছা করলে অন হিজ ওন মোশন, তিনি সেটা রিভাইস করে আবার অ্যাডিশন করে দিতে পারেন। সুতরাং একে আমলাদের দ্বারা মানুষের জর্জরিত অবস্থা, আবার আজকে এই অ্যামেন্ডমেন্টের ফলে আরও বেশি ক্ষমতা আমলারা পাবে। এই আইনে তাদের বেশি করে ক্ষমতা দেওয়া হচ্ছে। এখানে ১১(বি) ধারায় আছে (এ) ইন এ কেস where the total agriculture income does not execeed one lakh rupees. কিন্তু এটা আমি বুঝতে পারলাম না—১ লক্ষ টাকা ইনকামে একটা জয়েন্ট ফ্যামিলি ছেলে মেয়ে, বাবা-মা, সমস্ত একটা মাস আছে, ওনার কম্পোজিশন অনুযায়ী

এ-ক্ষেত্রে কত করে দিতে হবে? না, টাকায় ৬৫ পয়সা। আমি বুঝতে পারলাম না, এটা কোথাকার অর্থনীতি? টাকায় ৬৫ পয়সা এগ্রিকালচাল ইনকাম ট্যাক্স দিতে হবে। যেখানে ইনকাম ১ লক্ষ টাকার উপরে চলে যাবে সেখানে বাড়বে। এই যে স্লাব সিস্টেম, এতে মিডিল ক্লাশ এবং আপার মিডিল ক্লাস-এর ওপর চাপ সৃষ্টি করা হচ্ছে। তারপর আমি বলব যে, টাকায় ৬৫ পয়সা ১ লক্ষ টাকা ইনকাম পর্যন্ত। কিন্তু এর মধ্যে যাদের ৮ হাজার, ১০ হাজার টাকা থেকে আরম্ভ করে ৫০ হাজার, ৬০ হাজার টাকা ইনকাম তারা এর ফলে জমি চাষ করতে পারবে না। আপনারা জমি নিয়ে নিন। এই ভাবে না করে, আপনারা পশ্চিমবাংলার মানুষকে বলুন যে, আমরা সমস্ত জমি নিয়ে নেব। জমি দিয়ে দেওয়া ছাড়া তারা এই টাকা দিয়ে জমি রাখতে পারবে না। কোন উর্বর মস্তিষ্কের চিন্তার সাহায্যে টাকায় ৬৫ পয়সা ট্যাক্স করা হচ্ছে, এটা আমি জানি না।

আর একটা করেছেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স এক্সিডিং ওয়ান ল্যাক—এটার সম্বন্ধে বিশেষ কিছু বলব না। কিন্তু তার আগে পর্যন্ত যেটা করেছেন সেটা সম্বন্ধে আপনি একটু চিন্তা করুন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বিলটি উইথড্র করে নিতে অনুরোধ করছি। Withdraw this Bill this ineffective Bill and Bad Bill It is bad for the interest of the people.

যখন কম্প্রিহেনসিভ অ্যাক্ট আসবে তখন আপনারা ভাবনা-চিন্তা করবেন বললেন। কিন্তু এই ভাবনা চিন্তা করবার আগে তাদের যে আপনারা ফাঁসিতে ঝুলিয়ে দেবেন। এই কি আইনের পদ্ধতি? আমার মনে হয় এই বিলটা পাস না করানো ভাল। আপনি নিজে যখন সন্তুষ্ট নন তখন কেন সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি করছেন। একজন মাননীয় সদস্য বললেন যে পশ্চিমবাংলায় ফলন কমে যাচ্ছে, আমার মনে হয় সত্যিই কমে যাচ্ছে এবং আজকে যখন এই বিলটা অ্যাসেম্বলি থেকে পাশ হয়ে যাবে তখন যাদের কিছু জমি-জমা আছে তাদের মনে কি রিঅ্যাকশন হবে তা আপনি কি চিন্তা করেছেন? শতকরা ৪০ ভাগ লোক এই জমির উপর নির্ভরশীল। তাদের মনে হতাশা নেমে আসবে। টাকায় ৬৫ পয়সা করে এডিশনাল ইনকাম ট্যাক্স দিতে হবে। আমি বলব এটা অত্যন্ত খারাপ এবং এ বিষয়ে নিশ্চয়ই মাননীয় মন্ত্রী মহাশয় অনুধাবন করতে পারছেন। আমি বলব এই বিলটার সম্বন্ধে পুনর্বিবেচনা করুন এবং তারপর নিয়ে আসুন। সাধারণ, মধ্যবিত্ত মানুষের টুটি চেপে ধরবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এখানে এই বিলে কতকগুলি নতুন পরিবর্ধন করা হয়েছে। আপনারা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ওয়াকফ প্রপারটির উপর বসিয়েছেন। আপনি জানেন এই ওয়াকফ প্রপারটি হল সাধারণত মুসলিম বা সংখ্যালঘু তাদের। তারা এই ওয়াকফ প্রপারটিতে স্কুল করে, কলেজ করে, মাদ্রাসা চালায়। তারা বহু টাকা খরচ করে। গোটা পশ্চিমবালায় যে ওয়াকফ প্রপারটি আছে এবং তার যে আয় হয় তার দ্বারা তারা অনেক ভাল কাজ করেন সুতরাং তার উপরও আপনারা ট্যাক্স চাপালেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অত্যন্ত বিনয়ের সাথে বলব যে, যে বিল আপনি পেশ করেছেন তা উইথড্র করে নিন। ভাল করে পুনর্বিবেচনা করে নতুন করে নিয়ে

আসুন তাহলে আপনারা আমাদের সমর্থন পাবেন। সেইজন্য আমি এই বিলের বিরোধিতা করছি এবং উইথড্র করে নিতে অনুরোধ করছি।

[2-10 — 2-20 p.m.]

**শ্রী জয়কেশ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি এই বিলকে পরিপূর্ণ সমর্থন করছি। এই বিলটা সমর্থন করতে গিয়ে একটু আগে যা শুনলাম বিশেষ করে তা সত্যবঞ্জন বাপুলির কথা তা শুনে মনে হল অদ্ভুত ব্যাপার। ১ লক্ষ টাকা বা তার উপরে যাদের আয় তাদের জন্য ওদের খুব দরদ। কিন্তু যারা চাষী বিশেষ করে গ্রামের শতকরা ৭৪ জন লোক তারা দারিদ্র সীমার নিচে বাস করে অর্থাৎ মাথা পিছু যাদের ২০ টাকা পর্যন্ত আয় হয় না তাদের জন্য এদের দরদ হোল না। ওরা বড় লোকদের রক্ষা করবার জন্য সাংঘাতিকভাবে চেষ্টা করছেন। কংগ্রেস পক্ষ যদি বক্তব্য না রাখেন তাহলে খুব ভাল হয় কিন্তু যখন বক্তব্য রাখেন তখন ওদের চেহারা সাধারণ মানুষের সামনে তুলে ধরে ফেলেন, সেটাই হচ্ছে বিপদ।

আপনাদের ভুঁড়ি মোটা হয়েছে, গাড়ি, বাড়ি হয়েছে সেইজন্যই আপনারা এরকম কথা বলতে পারেন। কিন্তু আমি এটাকে সমর্থন করতে গিয়ে একটু বিপদে পড়েছি কারণ আজকাল হাজার হাজার বিঘা কৃষকের জমি কেড়ে নিয়ে জলে ডুবিয়ে দিয়ে মাছ চাষ করা হচ্ছে এবং তা থেকে প্রচুর পয়সা লাভ করছে। চিংড়ি মাছ তো বাজারে পাওয়াই যায় না। সুতরাং এই জমির উপর কেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ধার্য করা হবে না? কোল্ড স্টোরেজে বিভিন্ন রকম সবজি ও আলু রাখা হয়। সেখানেও তার উপর কোনও ট্যাক্স ধার্য করা হয় না। কৃষক ৩০/৩২ টাকা কুইন্টাল আলু বিক্রি করল, আর আমি কিনতে গেলেই তার দাম হয়ে গেল ১৮০ টাকা। এই ভাবেই কোল্ড স্টোরেজের মাধ্যমে বিপুল লাভ হচ্ছে। সুতরাং তার উপরে কেন এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ধার্য হবে না সেটা আমি বুঝতে পারছি না। আগামী বারে কোল্ড স্টোরেজ এবং মেছো ভেড়ির উপর ট্যাক্স করা যায় কিনা সেটা আপনারা চিন্তা করবেন। অর্থাৎ যারা কৃষককে ফাঁক করে দিচ্ছে তাদের উপর কেন ট্যাক্স করা হবে না? আজকে দেখা যাচ্ছে নামে, বেনামে জমি সব রাখা হয়ে আছে এবং সেদিন শুনলাম শতকরা ৪ জন মানুষের হাতে ৪০ ভাগ জমি আছে। কিন্তু তাদের হাতে এই পরিমাণ জমি কেন থাকবে? এই জমি পেলে ২০ লক্ষ ভূমিহীন কৃষককে ২ একর করে জমি দিয়ে দেওয়া যায় এবং তাহলে ১ কোটি মানুষের কিছু পরিমাণে খাদ্যের সংস্থান হতে পারে। এইভাবে যদি ভূমি সংস্কার করা হয় তাহলে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ইত্যাদির যে সমস্যা আছে সেগুলি দূর হবে। এইসব কথা যদি বাপুলি সাহেব বুঝতে পারতেন তাহলে তিনি এই বিলকে সমর্থন করতে পারতেন। কিন্তু যেহেতু তিনি শ্রেণী স্বার্থে অন্ধ, সেহেতু তিনি এটা করতে পারছেন না। আজকে কৃষকদের দেখার ব্যাপারে সবটাই আমাদের সরকারের হাতে নয়, এরজন্য কেন্দ্রীয় সরকারের কিছু করণীয় আছে—আশা করি তারা সেটা করবেন আমাদের পশ্চিমবাংলায় খাদ্যসংকট আছে। এর কারণ আমাদের অসংখ্য জমি যেখানে ধান ও পাট হোত বাংলাদেশ ভাগ হওয়ার পর ধান ও পাটের জমিগুলো বেশির ভাগই ঐদিকে চলে গেছে। আমাদের এখানে চটকল আছে সেইজন্য পাটের প্রয়োজন এখানে বেশি। সেই হিসাবে কেন্দ্রীয় সরকার থেকে বার বার হ্যান্ড বিলের মারফত প্রচার করা হয়েছে পাট

উৎপাদন কর এবং বলা হয়েছে খাদ্যের যদি ঘাটতি হয় তাহলে কেন্দ্র থেকে সেটা সরবরাহ করা হবে।

কিন্তু পাট যে করা হচ্ছে তারজন্য কৃষকরা দাম পাচ্ছে না, অথচ অর্থকরি ফসল হিসাবে পাট তারা করছে সেখানে দেখা যাচ্ছে পাট ব্যবসায়ী এবং পাটকল ওয়ালারা প্রচুর মুনাফা করছে, কেন্দ্রীয় সরকার বৈদেশিক মুদ্রা অর্জন করছেন কিন্তু যারা পাটচাষী তারা ন্যায্য মূল্য পাচ্ছে না। এই রকমভাবে আখ ও তামাক আমাদের এখানে খুব কম হলেও তার দাম কৃষক পায় না। এটা কেন হবে? সুতরাং কৃষক যাতে ন্যায্য মূল্য পায় তার দিকে দৃষ্টি দেওয়া উচিত। সেই হিসাবে আমি বলব আজকে যাদের বেশি আয় তাদের উপর বেশি বেশি ট্যাক্স করতে পারেন এবং তাদের কাছ থেকে টাকা নিয়ে কৃষকদের রক্ষা করতে পারেন। এইভাবে আমি বলছি ঐ টাকা দিয়ে সেচ ব্যবস্থা করা যায় খাল বিল কাটা যায়, ঋণের ব্যবস্থা করা যায়, ভাল বীজের ব্যবস্থা করা যায়। এইসব করতে পারলে কৃষকেরা বেশি ফসল ফলাবে তাদের হাতে টাকা আসবে, ক্রয় ক্ষমতা বৃদ্ধি হবে, তাদের আর প্রভার্টি লাইনের নিচে থাকতে হবে না, কলকারখানা যা বন্ধ হয়ে আছে সেগুলি খুলে গিয়ে লোকেরা চাকরি পাবে। সেইজন্য অর্থমন্ত্রীকে অনুরোধ করব আপনি মেছোভেড়ি ইত্যাদির দিকে একটু দৃষ্টি দিন এবং কৃষকের দিকে লক্ষ্য রাখুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-20 — 2-30 p.m.]

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী সদস্য সত্য বাপুলি মহাশয় বললেন যে এটা দূরদর্শিতার অভাব, তাড়াতাড়ি করে এটা করেছেন, ইত্যাদি, তিনি বোধ হয় পুরো বিলটা পড়েননি, অরিজিন্যাল অ্যাক্টটা পড়েননি। কংগ্রেস আমলে ফ্যামিলির ডেফিনেশন এগ্রিকালচারাল ইনকাম-ট্যাক্সে দেয়নি। সেকশন ২ যদি উনি পড়ে দেখেন তাহলে দেখবেন সেকশন ২-তে যেখানে বিভিন্ন ডেফিনিশন দেওয়া হয়েছে তার ভেতর কোনও জায়গায় ডেফিনেশন অব ফ্যামিলি দেওয়া নেই। যেটা বেসিক কনসেপশন, আইনে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স হবে অন দি বেসিস অব ফ্যামিলি, এই ফ্যামিলি ইউনিট, এতদিন পর্যন্ত ফ্যামিলি ডেফিনেশন কংগ্রেস আমলে না থাকার ফলে, এমন কি ১৯৪৪ সালের আইনে কোম্পানি ডেফিনেশন, ফরেন কোম্পানি সম্বন্ধে সেখানে কিছু বলা নেই। সেই জায়গায় এখানে ফরেন কোম্পানির যেটা ডেফিনেশন আনা হয়েছে সেখানে ফরেন কোম্পানি, ডোমেসটিক কোম্পানির ডেফিনেশন ইনকরপোরেট করা হয়েছে। ৬এ নতুন যে সেকশন ইনকরপোরেট করা হয়েছে সেই ইনকরপোরেশনের ভেতর ডেফিনেশন অব ফ্যামিলি দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব এখানে যেটা বলেছেন—Family in relation to an individual shall be deemed to consist of his or her spouse, minor sons, unmarried daughters, as also major sons, daughters-in-law, son's minor sons and unmarried daughters in common mess. এই কমন মেস এর ডেফিনেশন যদি এই ইনকাম ট্যাক্স অ্যাক্টের রুলসে দেন তাহলে ভাল হয়। কারণ, এরপরে ফ্যামিলি ডেফিনেশন, কমন মেসকে কেন্দ্র করে ইভেশন অব ট্যাক্স হয়ে যাবে। যে কেউ বলবে আমি কমন মেসে আছি যেটা আমরা

শভি কেসে বিভিন্ন কেসে দেখেছি। ইনকাম ট্যাক্স অ্যাক্ট অনুযায়ী উনি করেছেন। এই কমন মসকে কেন্দ্র করে অনেক জায়গায় ইভেশন হয়, রেশন কার্ড থাকলে কমন মেস হয়ে যায়, াড়িতে এক সঙ্গে থাকলে কমন মেস হয়ে যায়। সুতরাং এই কমন মেসের ডেফিনেশন ল্লসের মধ্যে ইনকরপোরেট করা যায় কিনা সেটা দেখবেন, তাতে ইভেশনটা বন্ধ হবে। পরে মার একটা অ্যামেন্ডমেন্ট তিনি এনেছেন, এজন্য তাকে ধন্যবাদ জানাই। ইভেশন অব ট্যাক্সের ম্পুটেশন করতে গেলে এখানে যেমন সেকশন ১২ এর অ্যামেন্ডমেন্টে তিনি বলেছেন—In omputing the total agricultural income of an individual for the purpose ıf assessment there shall be included—(a) the total agricultural income ıf his or her family;" এটা দরকার। এটা যদি না থাকে তাহলে এগ্রিকালচারাল নকাম ট্যাক্স যেভাবে ফাঁকি দিচ্ছে ফ্যামিলি ডেফিনিশ না থাকার জন্য এই ফাঁকিটা বন্ধ করা াবে না। এই যে সমস্ত রাজকে সুযোগ দিয়েছে ট্যাক্স ফাঁকি দেওয়ার জন্য এবং ট্যাক্স ফাঁকি য়ে উদ্বৃত্ত জমি তারা ব্যবহার করে যাচ্ছে সেটাকে প্রিভেন্ট করার যে ব্যবস্থা মন্ত্রী মহাশয় য়েছেন তার প্রয়োজনীয়তা আছে। আর একটা নতুন সেকশন যোগ করেছেন সেকশন ৩৭- । যেখানে হিয়ারিং অব অ্যাপিল সুপ্রিম কোর্ট পর্যন্ত হবে। এই সুপ্রিম কোর্ট পর্যন্ত অ্যাপিল ভিসন দেওয়ার ফলে প্রেজেন্ট ইনকাম ট্যাক্স অ্যাক্টে অ্যাগ্রিভড হলে রেফারেন্স করা যাবে। ই যে অ্যাগ্রিভড হলে অ্যাসিস্ট্যান্ট কমিশনারের কাছে, সেখান থেকে হাইকোর্ট, সেখান থেকে প্রিম কোর্ট এই যে প্রসেস রেফারেন্সের এটা এতদিন ছিল না, এখন এই আইনের আশ্রয় য়ে হাইকোর্ট থেকে সুপ্রিম কোর্ট পর্যন্ত যেতে পারবে। শুধু তিনি যে ইভেশন অব ট্যাক্স ন্ধ করার ব্যবস্থা করেছেন তা নয়, নতুন করে কর বৃদ্ধিরও প্রস্তাব করেছেন। আর একটা রুত্বপূর্ণ কাজ এর মধ্যে করা হয়েছে সেটা হল রিকভারি। অনেক সময় দেখা গেছে ইনকাম ্যাক্স দিনের পর দিন জমা হয়েছে, পাওনা টাকা আদায়ের কোনও ব্যবস্থা নেই। সেজন্য নতুন কটা সেকশন ৪৫ এ ইনকরপোরেট করে ঐ করগুলি আদায় করার যে ব্যবস্থা তিনি এই সকশনে করেছেন সেটা প্রশংসাযোগ্য। শুধু সমালোচনার জন্য সমালোচনা না করে তিনি যদি লতেন, কনক্রিট সাজেসন দিয়ে যদি বলতেন তাহলে একটা মানে হত, কিন্তু তা না করে তনি বললেন যে তাড়াহুড়া করে আইনটি তিনি করেছেন।

বিরোধীপক্ষ থেকে একটা কথা বলা হয়েছে যে, এই সেকশনটা ডিফেক্টিভ এবং এটার ারা আপনারা বড়লোকদের স্বার্থ রক্ষা করছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করছি মন্ত্রী মহাশয় কি মন জিনিস করেছেন যাতে বড় লোকদের স্বার্থ রক্ষা হয়? মন্ত্রী মহাশয় সেটা করেননি, বরং ড়লোকরা যাতে সুবিধা না পায় সেই ব্যবস্থাই তিনি করেছেন। এতদিন পর্যন্ত ওদের সামন্ত ভুরা, জোতদাররা কৃষিকর ফাঁকি দিয়ে দানব হচ্ছিল এবং সেই স্ফিতকায় দানবদের তিনি াঘাত করবার চেষ্টা করেছেন। কাজেই ওই ধরনের সুইপিং রিমার্কস অ্যাসেম্বলিতে বসে রা উচিত নয়। সত্যবাবুরা যারা দানবের প্রতিনিধি, ওই স্ফিতকায় দানবদের প্রতিনিধি াদের এখন ওই দানবদের হয়ে অ্যাডভোকেসি করা ছাড়া আর কিছু করার নেই। তারা যদি নস্ট্রাক্টিভ ওয়েতে বলতেন তাহলে ভাল হোত। তারা যদি বলতেন এই আইন অ্যামেণ্ডমেন্ট রার ফলে এত লক্ষ টাকা যা বড়লোকরা এতদিন ধরে ফাঁকি দিচ্ছিল সেটা আর তারা িতে পারবে না তাহলে বলতাম তারা কনস্ট্রাক্টিভ কথা বলেছেন। আমি মন্ত্রী মহাশয়ের

অ্যামেন্ডমেন্ট সমর্থন করছি এবং কেন সমর্থন করছি সেটা আগেই বলেছি যে, ফ্যামিলির কোনও ডেফিনেশন আগে ছিল না। এই ফ্যামিলি ডেফিনেশন না থাকার জন্য ইভেশন অব ট্যাক্সেশন এতদিন ধরে যেটা হয়েছে তারজন্যও ব্যবস্থা হয়েছে। কাজেই এই অ্যামেন্ডমেন্টের প্রয়োজন ছিল এবং মন্ত্রী মহাশয় এটা এনে শুধু যে রাজস্ব খাতে টাকা বাড়াচ্ছেন তা নয়, বড়লোকরা এতদিন ধরে যে টাকা ফাঁকি দিতেন সেটা আদায় করবার ব্যবস্থা করেছেন। এটা গরিব লোকেরা দেবে না, এটা বড়লোকদের কাছ থেকে আদায় হবে এবং সেই টাকা গরিবদের জন্য খরচ করা হবে এই যে ব্যবস্থা সংশোধনীর মাধ্যমে করা হয়েছে আমি তার প্রশংসা করি এবং সেইজন্যই আমি একে সমর্থন করছি। এই সংশোধনী সমর্থন করে মন্ত্রী মহাশয়কে একটা কথা বলব একটা যে ল্যাকুনা রয়েছে সেটা আপনি দেখবেন। অর্থাৎ কমনপ্লে-এর ডেফিনেশনে হয়ত অনেকেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স-এর আওতার বাইরে যাবে কাজেই একটা বাড়িতে ভাত খেলেই হবে কিনা, রেশন কার্ড থাকলেই হবে কিনা সেটা আপনি দেখবেন। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী দেবসরণ ঘোষ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন করে আমি বক্তব্য রাখছি। বিলে মূলত বৃহত্তর কোম্পানিগুলির ক্ষেত্রে ট্যাক্স বৃদ্ধির একটা প্রস্তাবনা রাখা হয়েছে। ট্যাক্স অ্যাসেসমেন্টের যে পদ্ধতি আছে তাতে দেখছি সরকারি কর্মচারিদের মাধ্যমেই এই ইনকামের অ্যাসেসমেন্ট হয় এবং স্বভাবতই বড় বড় কোম্পানিগুলি এই অ্যাসেসমেন্টের মাধ্যমে প্রভূত অর্থ রোজগার করে। যে সমস্ত এগ্রিকালচারাল ফার্ম আছে তারা ক্ষেত মজুরদের সরকারি নির্ধারিত মজুরি থেকে বঞ্চিত করে এবং সরকারি ট্যাক্স ফাঁকি দেবার জন্য তাদের মধ্যে একটা প্রবণতা রয়েছে। কাজেই এই আইনের মাধ্যমে অ্যাসেসমেন্টের ক্ষেত্রে যদি কড়া ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে ট্যাক্সের হার বৃদ্ধি করা সত্ত্বেও মূল যেটা লক্ষ্য অর্থাৎ তাদের কাছ থেকে বেশি টাকা আদায় করতে হবে সেটা কিন্তু সম্ভবপর হবে না। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অ্যাসেসমেন্টের ক্ষেত্রে ভালভাবে লক্ষ্য রাখা উচিত।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে অ্যাসেসমেন্ট সংক্রান্ত বিষয়ে। আমরা দেখেছি একদিকে বড় বড় কোম্পানিগুলি সরকারি অফিসারদের নানা রকম উপঢৌকন দিয়ে নানা কারচুপি করে, ইনকাম ট্যাক্স কম দেয় এবং অন্যদিকে নিম্ন মধ্যবিত্ত চাষীদের ক্ষেত্রে জুলুম করা হয়। প্রাকৃতিক বিপর্যয় যখন ঘটে তখন দেখেছি জমির যে আয় সেটা এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে কমে যায়। কিন্তু এমন ঘটনা দেখা গেছে পূর্ববর্তী বছরে যে হারে অ্যাসেসমেন্ট হয়েছে পরবর্তী বছরে সেই জমির উৎপাদন হার কমে যাওয়া সত্ত্বেও ইনকাম ট্যাক্সের পরিমাণ কিন্তু আগের মতোই থেকে যাচ্ছে এবং তার ফলে নিম্ন মধ্যবিত্ত চাষীদের অনেক অসুবিধা হয়, বিপদ হয়। আপনারা জানেন একটা নির্দিষ্ট পরিমাণ জমির হিসেব করে ইনকাম ট্যাক্স ধরা হয়। কিন্তু অন্তর্বর্তীকালে সেই কৃষক যদি তার জমি বিক্রি করে দেয় বেং তার কাগজপত্র যথাসময়ে ঠিক না হয়ে থাকে তাহলে আগে যে জমি ছিল সেই হিসেবেই ধরা হয়। এতে দেখেছি নানা রকম অসুবিধা হয়। মন্ত্রী মহাশয় নিজেই স্বীকার করেছেন যে, ল্যান্ডের উপর

নানা রকম ট্যাক্স, খাজনা, ইনকাম ইত্যাদি রয়েছে কাজেই এগুলি সম্বন্ধে একটা আইনের ব্যবস্থা করা উচিত। অনেক সময় জমিতে ফসল না হলেও চাষী খাজনা দিতে বাধ্য হয় সেইজন্য আমার বক্তব্য হচ্ছে সমস্ত জমির হিসেবে নয়, কৃষকের মোট যেটা ইনকাম হয় জমি থেকে তার উপর একটি সুসংবদ্ধ ট্যাক্স ধার্য করা উচিত। এই ব্যবস্থা হলে আমার মনে হয় আইনের জটিলতা এবং সাধারণ কৃষক ট্যাক্সের জটিলতা থেকে রেহাই পাবে এবং সরকারও একটা নির্দিষ্ট পরিমাণ ট্যাক্স পাবেন। কাজেই এই দিকে নজর রেখে পরবর্তী পর্যায়ে তিনি যে আইন আনতে চাচ্ছেন বলে ঘোষণা করেছেন সেই দিকে সচেষ্ট হবেন। কোম্পানিগুলিব ক্ষেত্রেও এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ধরেছেন দেখছি। আমি এই ব্যাপারে একটা কথা বলব—অবশ্য আমার ভুল হতে পারে—পশ্চিমবাংলায় চা বাগান আছে, ফার্ম আছে, আয়ের জমি আছে এবং পশ্চিমবাংলায় সুগারকেইন মিলও আছে এবং তাদের বোধহয় ২৫ হাজার একর জমি আছে এবং তারা ইনকাম ট্যাক্স দেয়। কিন্তু বোনাস অ্যালোটেবেল সারপ্লাস-এর উপরে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাদ দেওয়া হয়। কাজেই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে সমস্ত কোম্পানির ক্ষেত্রে তিনি বর্ধিত হারে ট্যাক্স ধরেছেন সেই সুযোগ নিয়ে কোম্পানিগুলি কর্মচারিদের প্রাপ্য বোনাসের যে আইন আছে যে অ্যালোটেবেল সারপ্লাসের উপর থেকে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বাদ দেওয়া হয়, এই ট্যাক্স ধার্য করার জন্য কোম্পানিগুলির মালিকরা, চা বাগানের মালিকরা, চিনির কলের মালিকরা বা অন্যান্য ক্ষেত্রে কর্মচারিদের বোনাসের থেকে এই সুযোগ নিয়ে বঞ্চিত না করে সেটা তিনি দেখবেন। এই বলে আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী বিনয় কোনার ঃ** উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল পেশ করেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি ভেবেছিলাম যে আমার কংগ্রেসি বন্ধুরা অন্তত কৌশলগত কারণেও এটাতে আপত্তি করবেন না। আমরা জানি বহু ভাষাবিদ লোককে ধাক্কা মারলে তার মাতৃভাষা বেরিয়ে পড়ে, আমরা দেখেছি রেকর্ডে যখন পিনটা চাপিয়ে দেওয়া হয় গলা তার ধরা পড়ে যে কে গান করছে, তার গলা স্পষ্ট বোঝা যায়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এমন কিছু কাজ করেননি, বাংলা দেশের মানুষ আরও অনেক দাবি করবে এবং আরও অনেক কিছু করতে হবে। তিনি এগ্রিকালচার ইনকাম ট্যাক্স, যা গ্রামের দিকের জোতদাররা প্রায়ই ফাঁকি দেয় এবং বড় বড় বাগিচার মালিক যাদের ঘাড়ে সেটা পড়ে সেটাকে যাতে পরিবারের নাম করে ফাঁকি দিতে না পারে বা টাকায় এক লক্ষের উপর আয়ে সেটা যাতে ৬০ পারসেন্টের জায়গায় ৭৫ পারসেন্ট হয়, তার নিচে উচ্চ আয়ের ক্ষেত্রে ৫৫-র জায়গায় যাতে ৬৫ পারসেন্ট হয়, ট্যাক্স যেটা ফাঁকি দেওয়া হয় সেটা যাতে খানিকটা এড়ানো যায়, তিনি সেই রকম একটা বিল এনেছেন। কিন্তু আমরা দেখছি কণ্ঠ স্বরে কংগ্রেসি চেহারা ধরা পড়ে যাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানেন আমাদের দেশের গোটা অর্থনীতি মুষ্টিমেয় কিছু লোকের কব্জার মধ্যে রয়েছে। শিল্প ক্ষেত্রে রয়েছে অল্প কিছু উপরতলার লোক, বিদেশি এবং আমাদের দেশের কিছু একচেটিয়া গোষ্ঠী, আর গ্রামের দিকে হচ্ছে জমির ক্ষেত্রে বৃহৎ জোতদারবর্গ, স্বনামে বেনামে, কত জমি ফাঁকি দিয়ে রাখছে এবং তারা শুধু কৃষককেই বঞ্চনা করছে তা নয়, আমাদের অর্থমন্ত্রীকেও বঞ্চনা করছেন এবং তাদের হাতেই আমাদের

দেশের অর্থনৈতিক চাবিকাঠি, শতকরা ১০ জন লোকের হাতে প্রায় ৬০ ভাগ জমি আছে। যদিও আসল তথ্য এর থেকে অনেক বেশি কারণ তথ্য যখন এর থেকে নেওয়া হয় তখন রমাপদ সেন ও হরিপদ সেন তারা যে পরস্পর পিতা-পুত্র তা ধরা হচ্ছে না, পৃথক হিসাবে ধরে নেওয়া হচ্ছে এবং সেইভাবে কত পারসেন্ট লোকের হাতে কত পারসেন্ট জমি আছে তা হিসাব করা হয়।

কার্যত আমরা জানি গ্রামের দিকে শতকরা ৩৫ ভাগ ক্ষেতমজুর এবং অল্প কিছু লোকের হাতে বেশির ভাগ জমি। আমরা ২৪-পরগনায় দেখছি কি বিপুল কান্ড ঘটছে চাষের জমি সিলিংকে ফাঁকি দেবার জন্য এবং অন্য দিকে অতি সহজে মুনাফা করার জন্য। মেছোঘেরি যেহেতু চাষের জমি থেকে বাদ থেকে যাচ্ছে, সেজন্য রাতারাতি চাষের জমিকে মেছোঘেরিতে পরিণত করা হচ্ছে। এটা যে শুধু গোটা অর্থনীতির উপর কব্জা করছে তা নয়, আমাদের দেশের গ্রামাঞ্চলের এমপ্লয়মেন্ট পোটেন্সিয়েলিটিজ-এর, গ্রামে লোক নিযুক্তির সম্ভাবনার পর্যন্ত সর্বনাশ করছে। যে জমি চাষের উপযোগী নয় তাকে যদি মেছোঘেরিতে পরিণত করা হয়, তাহলে তার যুক্তি থাকে। কিন্তু চাষের জমিতে যে পরিমাণ লোককে কাজ দেওয়া যায়, তা যখন মেছোঘেরিতে পরিণত করা হয়, তখন সে পরিমাণ নয়, অনেক কম কাজ পায় এবং এরাই গ্রামের দিকে সব কিছুর মালিক, এরা যে একা অনেক বেশি জমির মালিক শুধু তাই নয়, গ্রামের যতগুলি অর্থনৈতিক দরজা আছে, তার উপর এরা কর্তৃত্ব করে, আলু কিনে নিয়ে কোল্ড স্টোরেজে জমা রাখে, এরাই গরিব চাষীর ধান কিনে নিয়ে গোলায় মজুত করে এবং সরকারি আইনকে ফাঁকি দিয়ে সর্বোচ্চ দরে বিক্রি করে, এরাই হচ্ছে গ্রামের স্কুল কমিটির কর্তা। কোনও কোনও সদস্য আশঙ্কা প্রকাশ করেছেন যে আমার আগে বক্তৃতায় যে সত্যপ্রিয়বাবু হয় স্কুল কমিটি বাতিল করে দেবেন। বাতিল করলে আমি খুশি হব এজন্য যে গত কয়েক বছরে গণতন্ত্রের নামে স্কুলে অরাজকতা চলেছে স্কুলে ফ্রিশিপ দেওয়ার ক্ষমতাসহ মানুষর জীবনে যতগুলি দরজা আছে—মরা থেকে জন্ম পর্যন্ত—এর প্রত্যেকটি দরজাতেই এই জমিদার জোতদার মহাজন গোষ্ঠী তারা পাহারা বসিয়ে রেখে দিচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী তাদের গায়ে সামান্য আঁচড় দিয়েছেন মাত্র এবং তাতেই গেল গেল রব উঠেছে। মায়া কান্না উঠেছে মধ্যবিত্তদের জন্য, মধ্যবিত্তদের নাকি সর্বনাশ হয়ে যাচ্ছে, কিন্তু কোন মধ্যবিত্ত এগ্রিকালচারাল ইনকামট্যাক্স দেয়? অবশ্য তারা কাকে ভারতীয় মানেতে মধ্যবিত্ত বলে সেটা ভাবতে হবে। কারণ ধনী কথাটা গায়ে লাগে আমাদের দেশে, সেজন্য দেখা যাবে লক্ষ লক্ষ টাকার মালিক কৃষকদের উচ্ছেদ করছে এবং স্বনামে এবং বেনামে জমি রাখে এবং এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ফাঁকি দেয় এবং অন্যদিকে কৃষকদের বঞ্চিত করে! তাদের মধ্যবিত্ত বলছে। আমার নির্বাচন ক্ষেত্রে একটা অদ্ভুত ব্যাপার—এক ভদ্রলোক ১৯৭০ সালে জমি খাস হল, ধরা পড়ল, যেই যুক্তফ্রন্ট চলে গেল, সঙ্গে সঙ্গে ১৯৭১ সালে কমলা সামন্তকে খাড়া করে ব্রজ পাঁজা বললেন যে জমি আমার নয়, কমলা সামন্তের এবং সেকথা কোর্টে গিয়েও বললেন—হুজুর এই জমি আমার নয়, কোনও সাক্ষী প্রমাণ নাই, ভাগচাষী হিসাবে তাকে কোর্টে ব্রজবাবুর জমি বলে দিলেন, যারা সাক্ষী দিত, তাদের তাড়িয়ে দেওয়া হল, এক তরফা তাই কোর্ট জমি কমলা সামন্তের নামে ডিক্রি হয়ে গেল। পরবর্তীকালে কমলাবাবু মারা যাবার সময়, তার কোনও বিবেকের যন্ত্রণাতেই হোক, অথবা অন্য কারণেই হোক তিনি সোজা ৭(ক) ধারায়

রিটার্ন দিয়ে বললেন যে আমার এই জমি আমি রাখতে চাই না, সরকারে দিয়ে দিতে চাই। তার আগে কোর্ট থেকে রায় হয়ে গেল, ব্রজবাবু নিজে থেকে সাক্ষী, দিয়ে প্রমাম করেছেন যে বেনামটা বেনাম নয়, ওটা কমলাবাবুর। এবার ৭(ক) ধারায় জমিটা খাস করিয়ে দিলে ব্রজবাবুর ছেলে কোর্টে মামলা করলেন এই বলে যে এই জমিটা আমার বাবার কাছ হতে আমার মামা আমার জন্য কিনেছিলেন, কিন্তু আমার সৎমা পাছে হিংসা বোধ করেন সেইজন্য আমার বা মামার নিজের নামে না কিনে জমিটা কমলাবাবুর নামে আমার মামা সেটা কিনে রেখেছিলেন। যে কোর্ট এক তরফা ডিক্রি হয়ে গেছে, ব্রজবাবু নিজে বলেছেন যে সেটা কমলাবাবুর জমি এবং সেই জমি কমলাবাবুর সাব্যস্ত হওয়ার পর ৭(ক) ধারায় তিনি জমিটা যখন দিয়ে দিলেন, তখন দেখতে পাচ্ছি ব্রজবাবুর ছেলে সেই জমিটা আবার দাবি করছেন। এবং কোর্ট থেকে আবার ইঞ্জাংকশন পেয়ে গিয়েছে। দুঃখের কথা, আমাদের দেশের গরিব মানুষ সংগঠিত না থাকার জন্য জোতদার-জমিদারেরা আইনের সুযোগ পায়। অর্থমন্ত্রী বলেছেন, পরে ব্যাপক আইন আনবেন। কিন্তু বর্তমানে কিছু বাড়তি সম্পদ যদি নেওয়া যায় ওদের প্রতি কি মমতা আছে কংগ্রেসিরা এমন করছেন? বরং কংগ্রেস সদস্যরা যদি বলতে পারতেন যে আইনটিকে আরও কিভাবে উন্নত করা যায় বা ফাঁকগুলো কিভাবে দূর করা যায় তাহলে বুঝতাম ইন্দিরা গান্ধী এতদিন মুখে যেকথা বলে এসেছেন সেটা অন্তত বাইরেও করতে চান। যার এক কাণ কাটা তার বাইরে দিয়ে যায়, আর দু কান কাটা তারা গাঁয়ের মধ্য দিয়ে যায়। (**শ্রী সুনীতি চট্টরাজ ঃ—তাই আপনি গাঁয়ের মধ্যে দিয়ে যান।**) তাই কংগ্রেস সদস্যরা তারা কেউ খেয়াল করেননি এইটা করতে গিয়ে নিজেদের শ্রেণী চরিত্র বরং উলঙ্গ করে ফেলছেন। মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন এটা সময়োপযোগী হয়েছে। এটাকে আমি সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-30 p.m.] (Including adjournment)

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে এগ্রিকালচারল ইনকাম ট্যাক্স বিল এনেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি দু-একটি বিষয়ের প্রতি আকর্ষণ করছি। মাননীয় অর্থমন্ত্রী যারা জমি চুরি করে রেখেছে, বা যারা বড় জোতদার তাদের জন্য যে বেশি ট্যাক্স বসাবার প্রস্তাব করেছেন, সেখানে আমার আপত্তি নেই। যেখানে ডোমেস্টিক কোম্পানি, অথবা ফার্ম, অথবা ফরেন কোম্পানিকে করের প্রস্তাব করেছেন, আমি সে প্রস্তাব সমর্থন করছি। অথবা এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স বছরের পর বছর যে বাকি থাকে, সেটা ইজিলি রিকভারি করার নজ্য যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন তাকেও সমর্থন জানাই। কিন্তু আমি দু-একটি কথা বলতে চাই, যারা ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তাদের পক্ষ থেকে দু-একটি কথা বলতে চাই। যারা ট্রিলারস অব দি সয়েল, যারা আমাদের মতো মাথার ঘাম পায়ে ফেলে লাঙ্গল চালায় তাদের হয়ে দু-একটি কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যারা হাজার হাজার বিঘা জমিকে ফলের বাগান বা চা বাগান করে রেখে দিয়েছে বা সেখান থেকে লক্ষ লক্ষ টাকা রোজগার করছে তাদের উপর মাননীয় অর্থমন্ত্রী ট্যাক্স বেশি করে বসান, সেটা সমর্থন করছি। কিন্তু এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্সের মিনিমাম যেটা ৩ হাজার করে রাখা হয়েছে অর্থাৎ মাসে ২৫০ টাকার বেশি ইনকাম হলেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হচ্ছে,

যেখানে সর্ব ভারতীয় ভিত্তিতে ইনকাম ট্যাক্সের হার ১০ হাজার টাকা করা হয়েছে। সেখানে যারা চাষ করে মাথার ঘাম পায়ে ফেলে ফসল করে, কলকাতার সফিসটিকেটেড লোককে খাওয়ায়, সেই সমস্ত চাষীকে ২৫০ টাকার বেশি হলেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হবে। এইটা অর্থমন্ত্রীর দৃষ্টি এড়িয়ে গিয়েছে। অথচ পশ্চিমবঙ্গে বহু ফ্যামিলি আছে, যারা চাষের উপর নির্ভরশীল। যাদের ছেলেদের পড়াশোনার খরচ, চিকিৎসার খরচ সব কিছুই এই চাষ থেকে নির্বাহ করে থাকে। এমন বহু ফ্যামিলি আছে, যারা শুধু ধান উৎপন্ন করে। কিন্তু তেল, ডাল অন্যান্য জিনিস তাদের কিনে খেতে হয়। একজন কেরানিও ২৫০ টাকার বেশি মাইনে পান। যেখানে ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে ১০ হাজার টাকা করে দেওয়া হয়েছে সেখানে যারা জমি চাষ করে তাদের ২৫০ টাকার বেশি আয় হলেই এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হয়। এতে আমার মনে হয় ডিসপারিটি রয়ে যাচ্ছে এটা সামঞ্জস্যবিহীন এতে ক্ষুদ্র প্রান্তিক চাষীরা বেশি সাফার করবে। এই ক্ষুদ্র প্রান্তিক চাষীদের সম্বন্ধে বহু আলোচনা হয়েছে, ভূমি রাজস্ব খাতে হয়েছে অন্যান্য বাজেট আলোচনার সময় এই কৃষকদের সম্বন্ধে কথা হয়েছে। আমার মনে হয় এটা ঠিকমতো হয়নি। আমি জানি জমি নিয়ে বিভিন্ন ভাবে পলেটিক্স হয়। কিন্তু সত্যিকারের কৃষির উন্নতি করতে গেলে চাষীদের সমস্যার দিকে দৃষ্টি দিতে হবে। আমাদের দেশে মাটিতে যারা ফসল উৎপন্ন করে সেই ক্ষুদ্র প্রান্তিক চাষী তাদের অবস্থার পরিবর্তন না করতে পারলে উৎপাদন বৃদ্ধি হবে না। জমিকে উৎপাদনমুখী যদি করতে হয় তাহলে অন্তত ক্ষুদ্র কৃষক প্রান্তিক চাষী তাদের ছাড় দিতে হবে। তাদের থেকে খাজনা নেব, লেভি নেব, আবার এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স নেবত একটা মুরগিকে কতবার জবাই করা হবে? যে ক্ষুদ্র প্রান্তিক চাষী তাকে ৩ হাজার টাকার ক্ষেত্রে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স দিতে হবে। তাহলে তারা জমি বিক্রি করে অন্য ব্যবসা করবে যেখানে ১০ হাজার টাকা সিলিং করা আছে। আমরা চাষীর ঘরের ছেলে আমরা আর চাষে উদ্যোগী হব না অন্য প্রচেষ্টা চালাব। এই পয়েন্টের দিকে আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর সেকশন থ্রি-তে যেখানে বলা হয়েছিল any agricultural income derived from property held under trust or other legal obligation wholly for religious or charitable purposes and in case of property so held in part only for such purposes or in the case of Muslim trusts, known as Wakf-al-al-aulad, the income applied there to. যেখানে অর্থ মন্ত্রী সংশোধন করতে চেয়েছেন any agricultural income derived from property held under trust including Muslim trusts commonly known as Wakf-al-al-aulad or other legal obligation wholly or in part for religious or charitable purposes, to the extent to which such income is applied to such purposes. এই বিষয়ে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে ওয়াক-উল-উল-মুসলিম সুলদ মানে এমন সম্পত্তি আছে যেখানে বহু ওয়াকফ-উল-আওলাদ আছে যার বেনিফিসিয়ারির সংখ্যা কম নয়। এই সংখ্যা বেড়ে ৫০/৬/১০০/১৫০। আমি এ রকম উদাহরণ দিতে পারি যেমন রহিমুদ্দিন ওস্তাগার ওয়াক-উল-আউলাদ স্টেট। এর বহু বেনিফিসিয়ারি রয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তিন হাজার টাকা পর্যন্ত ছাড় দিয়েছেন। ইউনিট হয়ত একটা আপনি তার উপর ট্যাক্স ধরবেন। অথচ প্রত্যেক বেনিফিসিয়ারি ১৫/২০/২৫ টাকা হিসাবে পাবেন। এই দিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব যে প্রত্যেক বেনিফিসিয়ারিকে আলাদা করে ধরা

হোক না হলে ওয়াক-উল-আউলাদ ডিড যে রয়েছে তাকে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স থেকে একজেমড করা হোক। ফ্যামিলি সিলিং, ইন্ডিভিজুয়াল সম্বন্ধে কথা হয়েছিল। ঠিক কথা ইন্ডিভিজুয়াল সিলিংয়ে কিছু লোক আছে যারা বেনাম করে জমি রাখে। আমি বলব ইন্ডিভিজুয়াল বেসিসে ইনকাম ট্যাক্স ধরা উচিত কারণ এটা আমাদের কনস্টিটিউশনের ফান্ডামেন্টাল রাইট—এটা হওয়া উচিত। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 3-30 p.m )

[3-30 — 3-40 p.m.]

**(After Adjournment)**

**Statement under rule 346**

**Mr. Deputy Speaker :** Hon'ble Chief Minister will make a statement under rule 346.

**শ্রী জ্যোতি বসু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এখানে যখন ছিলাম না তখন শুনলাম যে সেকেন্ডারি এডুকেশন বোর্ড ভেঙ্গে দেওয়া হয়েছে এবং অ্যাডমিনিস্ট্রেটর বসানো হয়েছে, সে সম্বন্ধে এখানে কিছু কথাবার্তা হয়েছে, সমালোচনা হয়েছে এবং ওরা এই বিষয়ে কিছু জানতে চাচ্ছেন, যারা সমালোচনা করেছেন। আমি সমালোচনাটা ঠিক কি বুঝতে পারলাম না। অ্যাডজোর্নমেন্ট মোশনের ভাষাটা দেখেছি, আর বক্তৃতাটা সেখানে শুনলাম, কিন্তু সঠিকভাবে আমার পক্ষে বোঝা সম্ভব না যে কি বিষয় জানতে চাচ্ছেন। বলা হচ্ছে এটা অগণতান্ত্রিক হয়েছে। তাহলে গণতান্ত্রিক কি জানি না—তো এই আইনের মধ্যে আছে এই রকম যদি প্রয়োজন মনে করা হয় তাহলে এই রকম একটা বোর্ড ভেঙ্গে দেওয়া যায়। এটা কি বেআইনি হয়েছে? বেআইনি হয়নি। প্রয়োজন আমরা মনে করেছি—কারণগুলি আমাদের মন্ত্রী সেদিন শ্রী পার্থ দে খুব ভাল করে এখানে বলেছেন এবং সেই কারণের জন্যই আমরা ভেঙ্গে দিয়েছি প্রয়োজন হয়েছে বলে। শিক্ষার মঙ্গলের জন্য, ছাত্রদের মঙ্গলের জন্য, শিক্ষকদের মঙ্গলের জন্য, সবার মঙ্গলের জন্য এটা করা হয়েছে। কারণ, খুব অমঙ্গল হচ্ছিল। কয়েক বছর ধরে, বহু বছর ধরে বিভিন্ন রকম অভিযোগ শুনে আসছি সমস্ত দিক থেকে এই বোর্ড সম্বন্ধে, সেই জন্য ভেঙ্গে দেওয়া হয়েছে। তারপর এখানে বলা হচ্ছে কি? সংবাদপত্রে কি কথা বার্তা আছে না আছে সেসব জানি না, এক একটা সংবাদপত্রে এক এক রকম লিখতে পারে, সে সব এখানের কোনও বিষয়বস্তু না। তারপরে এখানে বলা হচ্ছে—আশঙ্কা প্রকাশ হয়ত কিছু করা হয়েছে। একজন বলেছেন যে এতে খারাপ হবে। তো যিনি বলেছেন আমি খুব গুরুত্ব দিই না তার কথার—কারণ এতদিন যেটা ছিল ওদের আওতায়—কংগ্রেসের আওতায় এইসব ছিল এবং ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে, সংকট সৃষ্টি তারা করে গেছেন আমাদের শিক্ষা ক্ষেত্রে সমস্ত দিক থেকে। এটা বলে দিতে লজ্জা হয় যে পরীক্ষা কবে হবে কেউ জানে না, কবে রেজাল্ট বেরোবে কেউ জানে না, প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়, নানা ভাবে গন্ডগোল, একটা সৃষ্টি সেখানে হয়েছে, এই তো আমরা দেখতে পাচ্ছি। কাজেই তারপরে যদি এই পথে আমরা যাই—যারা ঐ পথ পছন্দ করতেন তারা এই পথটা অপছন্দ করবেন, এত

স্বাভাবিক কথা। তার গুরুত্ব কি আছে? কাজেই গুরুত্ব কিছু নেই। সেই জন্য আমি তাদের সেই কথা বলতে আর চাচ্ছি না। তারপরে বলা হচ্ছে এটা প্রকৃত ইমার্জেন্সি পিরিয়ডের স্বপক্ষে ব্যবহার করে করা হয়েছে। আইনে যদি সেটা থাকে তাহেল সেটা আমরা ব্যবহার করব—এই রকম একটা ক্ষেত্রে আমরা ব্যবহার করেছি। কাজেই কথা হচ্ছে লক্ষ্যটা কি, কেন ব্যবহার করেছি—সেটার প্রয়োজন, লক্ষ্য সেসব বিষয়ে আজকে আলোচনা করে লাভ নেই—কি ফল হবে, কি দাঁড়াবে এর পরে সেটা আমরা সবাই দেখব—এর থেকে খারাপ হবে কি ভাল হবে, সেটা আজকে আলোচনা করে লাভ নেই।

তবে এটা ঠিক যে একটা জিনিস ভেঙ্গে দেবার পর, নতুন একটা কিছু গঠন করবার পর, নতুন একটা পথ নেবার পর আমাদের অত্যন্ত সতর্ক থাকতে হবে। আমাদের দেখতে হবে ঐ পুরানো দিনের যে অভিযোগগুলি সেগুলি যেন না আসে, কোনও সুযোগ যেন না পায় আসবার। সেই ভাবে আমাদের সমস্ত ব্যবস্থা—সমস্ত সংগঠন, সাধারণ মানুষ, শিক্ষক, ছাত্র, রাজনৈতিক দল এবং গণসংগঠনগুলি যারা যে দিকেই থাকুন না কেন, তাদের সহযোগিতা নিয়ে, তাদের সমালোচনা শুনে আমাদের কাজ করতে হবে। সেখানে আমরা ব্যর্থ হব কি সফল হব সেটা পরে বলবেন এখন সেসব বিষয় আলোচনা করে লাভ নেই। তারপর কথা উঠেছে এই বলে যে, মুখ্যমন্ত্রী জানতেন না এই ঘোষণাটা হচ্ছে। তিনি জানতেন, আমাকে বলেই তিনি ঘোষণা করেন। আমি তখন বলি, যখন অ্যাসেম্বলির অধিবেশন চলছে এবং আমরা যখন এই সিদ্ধান্ত নিতে পেরেছেন, তখন এই ঘোষণা অ্যাসেম্বলিতে করে দিন। তিনি করে দিয়েছেন সেটা। কাজেই সে সব বিষয় প্রশ্ন তুলে কোনও লাভ নেই। আর আমরা ক্যাবিনেটে কি করেছিলাম বা বামপন্থী দলগুলি কি করেছিলেন সেসব এখানকার আলোচনা বিষয়বস্তু নয়, সেসব আমাদের ক্যাবিনেটের বিষয়বস্তু, বামপন্থী দলগুলির বিষয়বস্তু। কাজেই তা নিয়ে আমি এখানে কোনও আলোচনার অবতারণা করতে চাই না বা জবাব দেবার প্রয়োজন আছে বলে মনে করি না। তবে আপনাদের কাছে আবার বলছি, আমরা যে পদক্ষেপ নিয়েছি সেটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ, প্রয়োজনীয় পদক্ষেপ আমাদের মতে তবুও আমি বলছি, যা হয়ে এসেছে এত বছর ধরে সেটা শুধু ঐ একজন অ্যাডমিনিস্ট্রেটার বসিয়ে বা পরিবর্তন করে তাকে পরিবর্তন করা যায় না, আমি তা মনে করি না। সেইজন্য আমাদের সতর্ক দৃষ্টি রাখতে হবে, সমস্ত রকমের ব্যবস্থা করতে হবে। আমাদের আটঘাট বেঁধে চলতে হবে এবং দ্রুতগতিতে সব ব্যবস্থা গড়ে তুলতে হবে যাতে সাধারণ মানুষ অচিরেই দেখতে পান এটা উন্নতির দিকে যাচ্ছে, সংকট থেকে মুক্ত হতে পারছে। আমি যতটা সংবাদপত্রগুলি পড়েছি সম্পাদকীয়, তাতে এমন কি যারা আমাদের বেশি সমালোচনা করেন এমন সংবাদপত্রেও আমি দেখেছি, তারা বলেছেন—প্রায় সবাই বলতে গেলে, যে এটা ঠিক যে এটা ভেঙ্গে দেওয়ার কথা তার মধ্যে আমরা যাচ্ছি না, এটা বদলানো দরকার তার মধ্যেও আমরা যাচ্ছি না কিন্তু তারা এরকম ২/১টি কথা বলেছেন, নানান প্রশ্ন উঠেছে পদ্ধতিগত, সেগুলি নিয়ে কিছু সমালোচনা বা কিছু মন্তব্য তারা করেছেন। তারা যা ভেবেছেন তাই করেছেন, তাদের অধিকার আছে, আর আমাদের অধিকার ছিল আমরা সেটা প্রয়োগ করে এই ব্যবস্থা করেছি। আমি আশা করি অল্পদিনের মধ্যেই মানুষ দেখতে পাবেন, বুঝতে পারবেন যে, খুব সঠিক

পথ আমরা নিয়েছি এবং তাতে শিক্ষার জগতে মানুষের উপকার হচ্ছে এটা আমরা মানুষকে দেখাতে পারব।

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি রাখলেন তাতে আমরা সন্তুষ্ট হতে পারলাম না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে ছিলেন না, মনে হচ্ছে তিনি তার ঘরে বসে খানিকটা খানিকটা বক্তৃতা শুনেছেন। ক্যাবিনেটে সিদ্ধান্ত হয়েছিল কিনা সেটা আমাদের বক্তব্য ছিল না। সেটা ক্যাবিনেটের নিজেদের ব্যাপার—ক্যাবিনেটের হেঁসেল ঘরের ব্যাপার, বিরোধীদলের কারুর এ ব্যাপারে নাক গলাবার কোনও দরকার নেই।

**Mr. Deputy Speaker :** Mr. Maitra, you are a seniormost member of the House. You know that after the statement of the Hon'ble Chief Minister there cannot be any discussion.

**শ্রী কাশীকান্ত মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিসকাশন আমি করছি না। ব্যাপারটা খুব গুরুত্বপূর্ণ বলে—আমি এই প্রসঙ্গে আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী শ্রী ভবানী মুখার্জিকে ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে, তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে আমাদের বিরোধীদলের সদস্যদের যে উদ্বেগ এবং আশঙ্কা সেটা জানিয়েছেন এবং তারজন্য মাননীয় মুখ্যমন্ত্রী এখানে ৩।। টার সময় তার বক্তব্য রাখলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার বোধহয় স্মরণ আছে যে, তখন আমি বলেছিলাম যে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি না তিনি এখনই এসে বিবৃতি দিন। আমরা এরকম অযৌক্তিক দাবি রাখি না, কারণ তিনি ব্যস্ত থাকতে পারেন। আমি বলেছিলাম, তার সুবিধামতো রিসেসের পর তিনি বিবৃতি দিন এবং তখন কিন্তু আমাদের বক্তব্য রাখার সুযোগ দেবেন। আমরা বলেছিলাম—পরবর্তীকালে আপনার ঘরে আপনি টেপ রেকর্ডার বাজিয়ে শুনে নিতে পারেন, এ ব্যাপারে আমরা খুব সজাগ, আমি জানি, সেখানে সুযোগটা আমরা রেখে এসেছি, সেইজন্য তার ভিত্তিতে বলছি, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন বলছেন এটা কোনও গুরুত্ব দেবার ব্যাপার নয়, এখানে আমি কিন্তু তার সঙ্গে একমত হতে পারছি না।

জরুরি অবস্থার সমর্থনে যারা জরুরি অবস্থার প্রবক্তা ছিলেন তারা দেশের ভাল করবেন বলে মনে করেছিলেন কিন্তু তা হয়নি। আমরা সকলেও তার বিরুদ্ধে ছিলাম। দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট ১৯৬৩—এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী জানেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীও জানেন যে এই সেকশন ২৮ এর Sub-section 2 of that Act provides for exercise of emergency power in an emergent situation by the President of the Board with convening regular meeting of the Board to short circuit the time-consuming process. অর্থাৎ যাতে সময় না লাগে দ্রুত গতিতে কোনও বিশেষ জরুরি অবস্থায় পদক্ষেপ নিতে হলে প্রেসিডেন্ট অব দি বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন ক্যান টেক সাচ একশন ইন অ্যান এমারজেন্সি। সুতরাং সেই পাওয়ারতো অ্যাক্টে ছিল। কিন্তু আপনি যদি মনে করতেন যে প্রেসিডেন্টকে দিয়ে হচ্ছে না তাহলে আপনি আপনার নূতন প্রেসিডেন্ট অব দি বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন করতে পারতেন এবং দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন-এর ২৯ জন মেম্বারের মধ্যে ৬/৭ জন ছাড়া বাকি সবই হচ্ছে গভর্নমেন্টের নমিনি। সুতরাং প্রেসিডেন্ট যদি আপনার

মন মতো—যদি বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন-এর প্রেসিডেন্ট হতেন সুপারসিড না করে তাহলেও আইন অনুযায়ী পরবর্তীকালে প্রেসিডেন্ট করাতে পারতেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে শিক্ষক সমাজ, অধ্যাপক, ছাত্র, অভিভাবক, সকলের ইন্টারেস্টের দিকে লক্ষ্য রেখে, সকলের ভাল হবে বলে এটা আমরা করেছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে যে মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বললেন, সেটা মাননীয় শিক্ষা মন্ত্রী অধ্যাপক শম্ভু ঘোষ, অধ্যাপক পার্থ দে, প্রফেসর আব্দুলবারি এরাতো বলতে পারতেন। ১২ তারিখের ডিবেটে কিন্তু এর কোনও হুইসপার ছিল না। এটা ভালর জন্য করা হয়েছে, এটা করা দরকার এবং যে অভিযোগের কথা বলা হয়েছে সে সম্পর্কে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে একমত। বহু অভিযোগ এসেছে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের বিরুদ্ধে, বহু সুপারসিড হয়েছে ইললিগ্যাল ভাবে এবং তার বিরুদ্ধে হাইকোর্টে বহু কেস হয়েছে। এই অভিযোগ আমরাও করেছি এবং ওরাও করেছেন। কিন্তু এই অভিযোগ সম্পর্কে একটা আলোচনা হওয়া এবং একটা রেখাপাত যদি মাননীয় তিন জন শিক্ষা মন্ত্রী যারা হাউসে আছেন তারা রাখতেন তাহলে হাউসের কনফিডেন্স পেতেন যে মাননীয় মন্ত্রী মহাশয় এটা বলছেন, আমরা বুঝতে পারতাম যে পদক্ষেপ নেবেন। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি জোরের সঙ্গে বলছি যে এই আইনটা, এই অগণতান্ত্রিক আইনে, এই যে হোল বোর্ডকে সুপারসিড করা হবে—যেটা হয়েছিল জরুরি অবস্থার সময়ে প্রাক্তন শিক্ষামন্ত্রী অধ্যাপক মৃত্যুঞ্জয় ব্যানার্জি, এই আইন করেছিলেন। কিন্তু দুঃখের বিষয়, এই রকম একটা কালাকানুন, যেটাকে আমরা আনডেমোক্রাটিক বলে সকলে বলেছিলাম, সেই আইনের সুযোগ নিয়ে আজকে এই রকম একটা পদক্ষেপ নেওয়া হবে এটা দুর্ভাগ্য জনক, দুঃখজনক এবং সর্বপরি শিক্ষা ক্ষেত্রকে সকল রকম রাজনৈতিক উর্দ্ধে রাখার প্রয়াস আমাদের সকলেরই। অতীতে যা ভুল ত্রুটি হয়েছে আমরা তার পুনরাবৃত্তি চাই না। সে জন্য আমি অন্তত বলব যে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আশা করেছিলাম যে তিনি এটাকে গুরুত্ব দেবার প্রয়োজন মনে করছেন না, এটা অগণতান্ত্রিক নয়, জরুরি অবস্থায় এই রকম কাজ করা যেতে পারে দেশের ভালোর জন্য। এখানে আমি বলব যে আমাদের মৌল এবং নীতিগত পার্থক্য এবং বিরোধিতা রয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী যখন এটাকে মনে করছেন যে এটা অগণতান্ত্রিক নয়, এই কাজটা ঠিক হয়েছে এবং উনি এটার সম্মতি দিয়েছেন তখন আমরা বিরোধীদলের পক্ষ থেকে এর প্রতিবাদ জানিয়ে আমাদের জনতা দলের সদস্যরা ওয়াক আউট করছি।

(At this stage the members of the Janata Party walked out of the chamber)

(Several members rose to speak)

[3-40 — 3-50 p.m.]

**Mr. Deputy Speaker :** Honourable members, please take your seats. Hon'ble Chief Minister will speak.

**শ্রী জ্যোতি বসু :** আমি এখনও জরুরি অবস্থার ব্যাপারটা বুঝতে পারলাম না। উনি তো চলে গেলেন, এখন কে বোঝাবে। জরুরি অবস্থায় একটা আইন পাশ হয়েছে। জরুরি

অবস্থা না থাকলে বা সংবিধান পরিবর্তিত না হলে এই আইন কি করা যায় না? সংবিধান সম্মত না, পুরানো যে সংবিধান ছিল সেই সম্মত না? এটা কোনও আইনজীবী আছেন আমাকে বুঝিয়ে দেবেন? যে ক্লজ এর মধ্যে আছে, জরুরি অবস্থা না থাকলে, সংবিধান সংশোধিত না হলে সেই ক্লজ রাখা যায় না একটা আইনের মধ্যে? সব সময় রাখা যায়। এর সঙ্গে জরুরি অবস্থার সম্পর্ক কি আছে? এটা আমরা প্রয়োগ করব কিনা সেটা কি প্রেসিডেন্ট অব দি বোর্ড ঠিক করবেন? সরকারের কোনও অধিকার থাকবে না ঠিক করার? তছনছ করে দেবে আমাদের শিক্ষা ব্যবস্থা, সমস্ত সংকট তারা সৃষ্টি করবে, আর আমরা তাদের দুর করে দিতে পারব না, পরিবর্তন করতে পারবে না সরকার এবং এই রকম প্রেসিডেন্ট-এর উপর নির্ভর করতে হবে—এই আইন হবে এবং সেটা গণতান্ত্রিক হবে? এটাকে যদি গণতন্ত্র বলে যে সমস্ত কিছু শেষ করে দেওয়া আমাদের শিক্ষা ব্যবস্থাকে এবং তাদের হাতে সেই ক্ষমতা রাখতে হবে যতদিন তারা থাকবে তাহলে এই রকম গণতন্ত্র আমরা কখনই মানতে পারি না, এটাকে গণতন্ত্র বলে না। এই রকম গণতন্ত্র কখনও আমরা রাখতে পারি না, এটাকে গণতন্ত্র বলে না, এটা গণতন্ত্রের চরম বিরোধী। সেই জন্য আমরা এই ব্যবস্থা করেছি। কাজেই এই জরুরি অবস্থা আছে কি নেই এবং কোনও সময় পাশ হয়েছিল তা আসে যায় না। কেন্দ্রীয় সরকারে জরুরি অবস্থার সময় যে সব আইন পাশ হয়েছিল, কোনওটা ব্যবহার করছি না—ওরা তো বলছে, কতকগুলো বদলাব—সংশোধন করবেন আমাদের সংবিধানকে, আমরাও সুপারিশ করছি,—সবাই মিলে করবেন। কিন্তু কতকগুলো আইন যেখানে পাশ হয়েছে ঐ সময়, সেইগুলো সব অগণতান্ত্রিক, কোনওটা ব্যবহার করা চলবে না, এটা করে দেখতে হবে যে কোনওটা গণতন্ত্রের বিপক্ষে এবং কোনওটা গণতন্ত্রের পক্ষে, এটা দেখে আমরা সেই বিষয়ে আলোচনা, পর্যালোচনা করে সিদ্ধান্ত করব, এটাই আমি বুঝি। সেই জন্য আমার মনে হয় কাশীবাবু যা বলে গেলেন, এটা অবাস্তব, অবান্তর কথা, এর সঙ্গে এটা আসে না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের এক্তিয়ার আছে কোথাও কোনও ত্রুটি থাকলে সেই ত্রুটি সংশোধনের। কিন্তু বিধানসভারও এক্তিয়ার আছে সরকারের প্রতিটি কাজের আলোচনা করা। আমি আতঙ্কিত মুখ্যমন্ত্রী মহাশয় বললেন বিধানসভায় জবাব দেবার কোনও প্রয়োজন পড়ে না, এই রকম বক্তব্য শুনিনি আমরা কখনও। আজকে সেকেন্ডারি বোর্ড এবং সারা দেশের শিক্ষা, পরীক্ষা ব্যবস্থার অবনতি হতে শুরু করেছিল তখনই, যখন এখানে প্রথম এবং দ্বিতীয় যুক্ত ফ্রন্ট আসীন ছিল।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভিমরুলের চাকে খোঁচা পড়েছে, তাই সবাই চিৎকার শুরু করেছে। দ্বিতীয় যুক্ত ফ্রন্ট সরকার এর শিক্ষামন্ত্রী মহাশয় যিনি ছিলেন, তিনি আজকে বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের প্রশাসক নিযুক্ত হয়েছেন এবং তিনি আজকে শিক্ষা জগতে যে অরাজকতা তার প্রবক্তা, তা অস্বীকার করার উপায় নেই, বাংলার ইতিহাসই তার প্রমাণ। দু নং কথা, বোধ হয় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করবেন, এরা স্বৈরতন্ত্রের বিরোধী, ব্যক্তিতন্ত্রের বিরোধী এবং গণতন্ত্রের সপক্ষে যদি বোর্ড অকেজো হয়ে থাকে, তার দায় দায়িত্ব

পালনে যদি ব্যর্থ হয়ে থাকে তাহলে তারা সেখানে বোর্ড রিকনস্টিটুট করতে পারতেন, তা না করে, আজকে সেখানে গোটা বোর্ডকে বাতিল করে দিয়ে একজন মাত্র প্রশাসক নিযুক্ত করার পিছনে আমি গভীর রাজনীতি এবং দলবাজির চিহ্ন দেখতে পাচ্ছি।

(গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও জানেন, এই অভিযোগ আমরা বিধানসভায় করেছি, এখানে কেবিনেট কি করবে সেই প্রশ্ন তুলছি না, যদিও বিধানসভার পুরো এক্তিয়ার আছে কেবিনেটের কাজের সমালোচনা করা, আমি মনে করি কেবিনেট ছাড়াও সুপার কেবিনেট—একটা একস্ট্রা কনস্টিটিউশনাল পাওয়ার বাংলার প্রতিটি ক্ষেত্রে কাজ করছে, দলবাজির একটা প্রয়াস পাচ্ছে, এটা কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। শুধু বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন নয়, আমরা দেখছি স্কুলে, আমরা দেখছি কলেজে, আমরা দেখছি বহু প্রতিষ্ঠানে—বহু গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে বাতিল করে দেওয়া হয়েছে। এরা তাকে নিন্দা করেছেন কি?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নো ডিসকাশন প্লিজ—

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** শিক্ষা খাতে আলোচনার সময়, সেকেন্ডারি এডুকেশনে যে অরাজকতা চলছে, তার কোনও আভাস এরা দেননি। তা সত্ত্বেও অগণতান্ত্রিক উপায়ে স্বৈরাচারি পদ্ধতিতে এই যে শাসন করার চেষ্টা করা হচ্ছে তার প্রতিবাদ করার জন্য আমরা আমাদের দলের পক্ষ থেকে এদের ধিক্কার, নিন্দা জানিয়ে ওয়াক আউট করছি।

(গোলমাল)

[3-50 — 4-00 p.m.]

(At this stage the members of the Congress Bench walked out of the chamber)

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আজকে যে বিষয়ের উপর এই হাউসের নেতা মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্য জানতে চেয়েছিলাম, সেই বিষয়ের উপর তিনি তার বিবৃতি দিয়েছেন। কিন্তু তার বিবৃতিতে আমি সন্তুষ্ট হতে পারিনি। কারণ আমার বক্তব্য বাম-ফ্রন্ট মন্ত্রিসভায় কি হয়েছে, না হয়েছে, সেকথা আমি বলতে চাই না এবং সেটা আমার বক্তব্যের বিষয় নয়। আমার বক্তব্যের বিষয় হচ্ছে, মধ্য-শিক্ষা পর্ষদ-এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আমাদেরও ছিল, বিধানসভার প্রসিডিংস দেখলেই দেখতে পাবেন। এডুকেশন বাজেটের উপর আলোচনার সময় আমি এখানে ওখানকার দুর্নীতি সম্পর্কে বলেছি অভিযোগ করেছি। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, যেভাবে মধ্যশিক্ষা পর্ষদকে গণতন্ত্রের নাম করে বাতিল করা হয়েছে, সেটা সবচেয়ে অগণতান্ত্রিক পদ্ধতি। কারণ এডুকেশন বাজেটের সময় শিক্ষা সংক্রান্ত বিষয়ে এই হাউসে প্রায় ৫ ঘন্টা আলোচনা হয়েছে, কিন্তু সেই সময় তার মধ্যে মধ্যশিক্ষা পর্ষদ বাতিল সম্পর্কে কোনও কথা আলোচনা হয়নি। এটা বাতিল করা সম্পর্কে সেই সময়ে হাউসের কোনও মতামতও নেওয়া হয়নি। এটা কি কারণে হয়নি তা আমি

ঝেতে পারলাম না। শুধু তাই নয় যেভাবে বাতিল করা হয়েছে এবং যেভাবে দলীয় ব্যক্তিকে প্রশাসক নিযুক্ত করা হয়েছে সেটা ক্ষমতার দারুণ অপ-ব্যবহার বলে আমি মনে করি। এই হাউসের নেতা যেটাকে গণতন্ত্র সম্মত বলেছেন সেটাকে আমি গণতন্ত্র সম্মত বলে মনে করতে পারছি না, এ ব্যাপারে তার সঙ্গে একমত হতে পারছি না। তাই তার বক্তব্যের বিরোধিতা করে আজকে পশ্চিমবাংলার সম্মত গণতান্ত্রিক মানুষের কণ্ঠকে সোচ্চার করার জন্য আমাদের দলের পক্ষ থেকে আমি এড এ মার্ক অফ প্রোটেস্ট হাউস থেকে ওয়াক আউট করছি।

(এই সময় এস. ইউ. সি. সদস্যের সভা পরিত্যাগ)

(গোলমাল)

(**শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান** এই সময় কিছু বলবার জন্য দাঁড়ান)

**Mr. Deputy Speaker :** I am on legs. Please take your seat. I vant allow you to speak.

**শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান :** স্যার, সব দলের সদস্যরা এই হাউসের বিষয়টির পর বিবৃতি দেবার সুযোগ পেলেন। কিন্তু আমাদের কি অধিকার নেই বক্তব্য রাখবার? আপনি আমাকে সেই অধিকার না দেওয়ার জন্য—ডেপুটি স্পিকারের আচরণের প্রতিবাদে আমি হাউস থেকে ওয়াক আউট করছি।

(গোলমাল)

(এই সময় মুসলিম লিগ সদস্যের সভা পরিত্যাগ)

## LEGILSLATION

### The Discussion onThe Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1977 resumed again

**শ্রী অশোক মিত্র :** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, ১ ঘন্টার বেশি সময় ধরে াননীয় সদস্যরা এই সংশোধনী বিলটির উপর আলোচনা করলেন। আমি অত্যন্ত আগ্রহের ঙ্গে সেই আলোচনা শুনেছি এবং তারা নানা ধরনের পরামর্শ এবং উপদেশ দিয়েছেন, এর ন্য আমি তাদের কাছে কৃতজ্ঞ। আমি সব চেয়ে বেশি কৃতজ্ঞ কংগ্রেস সভ্যদের কাছে। ারণ তারা এই বিলের বিরোধিতা করেছেন। বিরোধিতা না করলে লজ্জায় লোকের কাছে খ দেখানো যেত না। তারা যে বিরোধিতা করেছেন, তাতে তাদের শ্রেণী চরিত্র খুব পষ্টভাবে ফুটে উঠেছে। তারা বলেছেন, ছোট চাষীদের ওপর কর চাপানো হচ্ছে। কিন্তু মূল রটা কাদের ওপর চাপানো হচ্ছে? ৭৫ লক্ষ টাকা কর আদায় করা হবে চা-বাগিচার ালিকদের ওপর থেকে। এখন কথা হচ্ছে, ওরা চা-বাগিচার মালিকদের অখন্ড বন্ধু। চা-াগিচার মালিকরা চা-বাগিচা থেকে কোটি কোটি টাকা উপায় করেছে। তারা পশ্চিমবাংলায় ছরে ৫০ কোটি টাকা নিট প্রফিট করছে। যাদের বছরে ৫০ কোটি টাকা রোজগার তারা

হয়ে গেল ছোট চাষী? ঐ সমস্ত চা বাগিচার মালিকরা কোটি কোটি টাকা ইন্দিরা গান্ধীকে দিয়েছিল এই বছরই, তাদের জন্য আমাদের কোনও মাথা ব্যথা নেই। সরকার আজকে তাদের কাছ থেকে ৭৫ লক্ষ টাকা আদায় করতে যাচ্ছে এবং এর দ্বারা সরকার গ্রামের গরিব মানুষের জন্য পাঠশালা করবে, সেচের ব্যবস্থা করবে, পানীয় জলের ব্যবস্থা করবে। সাধারণ কৃষকদের, ছোট চাষীদের উপকারে এই টাকা আদায় করা হচ্ছে। সেই জন্য আজকে কংগ্রেসের কান্না উতলে উঠেছে।

সুতরাং এটা লজ্জা বা খারাপ কাজ বলে আমার মনে হয় না। আমি কংগ্রেস দলের কাছে কৃতজ্ঞ যে তারা এই বিলের বিরোধিতা করে তাদের ভাবমূর্তি ফুটিয়ে তুলেছেন। এরা কাদের বন্ধু, কাদের শত্রু সাধারণ লোকের কাছে তা পরিস্ফুট হয়েছে। এখানে কয়েকজন বলেছেন যে ফ্যামিলি ডেফিনেশন বদলানো হোল কেন? জমি থেকে যে উপার্জন চুরি করা হয় এবং চুরি করে কর ফাঁকি দেওয়া হয় তা বন্ধ করতে যাওয়ায় কংগ্রেস দলের ভীষণ আপত্তি। ওনারা বলছেন কেন কর থাকি দিতে দেওয়া হবে না? যারা এত যুগধরে সাধারণ লোককে শোষণ করে এসেছে এবং শোষণ করছে আমি নিশ্চয়ই চেষ্টা করব যে এই কর কি করে ফাঁকি বন্ধ করা যায় এবং আটকানো যায়। সেইজন্য একটু আধটু আইনের পরিবর্তন করতে চাইছি। দু-একটা সংজ্ঞা পরিবর্তন করতে চাইছি। কিছুদিন আগে জয়নাল আবেদিন সাহেব বলে গেছেন যে আমরা যেন রাজ কমিটির Report আলোচনা করি। তারা যে কৃষি আয়কর সম্বন্ধে সলাপরামর্শ দিয়েছেন সেগুলি ভাল করে বুঝি এবং তা মেনে চলি। এই প্রসঙ্গে আমি বলতে চাই ঐ রাজ কমিটির যিনি সভাপতি, তিনি আমার ঘনিষ্ট বন্ধু। তার সঙ্গে আলোচনা করেছি এবং তিনি ভূমি নীতি কি রকম হওয়া উচিত তার সংজ্ঞা নিরূপন করে দিয়েছেন। আমি ঠিক সেই রকমভাবেই ব্যবহার করেছি; সুতরাং কংগ্রেস কেন কুপিত হয়েছেন তা আমি বুঝতে পরছি না। ধর্মীয় ট্রাস্ট বা দাতব্য সম্বন্ধে কয়েকজন বন্ধু বলেছেন যে কেন আমরা এর সংজ্ঞা পাল্টিয়েছে। এতদিন পর্যন্ত ব্যবস্থা ছিল যে যদি দেবত্তোর সম্পত্তির জমি হয় এবং সেই জমি থেকে যে উৎপাদন হয় সেই উৎপন্ন জিনিস বিক্রি করে যে আয় হয় সেটা ছিল দেবোত্তর আয় এবং তার খাজনা মুকুব করা হোত। কৃষি আয়কর থেকে মুকুব করা হোত। কিন্তু এটা একটা বিচারের ব্যাপারে আছে। আমরা দেখব দেবোত্তর সম্পত্তি থেকে যা আয় হয় তা কিভাবে ব্যয় হচ্ছে। আমরা অনেক সময় দেখেছি এই আয়ের টাকা দিয়ে গুন্ডা বাহিনী শোনা হয় এবং তারা সাধারণ চাষীদের পেটায় সুতরাং সেক্ষেত্রে কেন খাজনা মুকুব করা হবে। আমরা ঠিক করব এটা আয়করের আওতার কোম্পানিগুলিকে আলাদা করে আয়কর চাপানো কি ভাল হবে? সেটা আইনে কি টিকবে? আমি বলব হ্যাঁ টিকব। এটা কেরালায় হয়েছে। এটা আদালতে গিয়ে দেখা গেছে এটা বৈধ্য। অনেকে বলেছেন যে সাধারণ আয়করে ১০ হাজার টাকা পর্যন্ত আয় মকুব করা হয়। কৃষি আয় করের ক্ষেত্রে ৩ হাজার টাকার উপর হলে সেটা আয় করে এসে যায়। সেটা কৃষি আয় করের আওতায় এসে যায়।

এটা অবশ্য লিখিত পড়িত ভাবে ঠিক, কিন্তু মোটামুটি ভাবে বলা চলে খুব কম ক্ষেত্রে ১০ হাজার টাকার নিচে নিট উপার্জন এমন চাষীর উপর কৃষি আয়কর পড়েছে বলে জানি না। এতবড় দেশে যেখানে ৩০ হাজার কোটি টাকা আয় সেখানে মাত্র ১৪ কোটি টাকা কৃষি

আয়কর থেকে উপার্জিত হয়। কিন্তু আপনারা যে কথা বলছেন সেটা খুবই ন্যায্য এবং আমরা আগামী বছরে যখন পুরোপুরিভাবে কৃষি আয়কর আইন করব এবং যেটা প্রগতিশীল হবে তখন দেখব কতটা ছোট চাষীদের ক্ষেত্রে মকুব করা যায়। এটা আমরা বৈজ্ঞানিক পদ্ধতিতেই করব। অনেকে বলেছেন আমরা যখন আয়কর পরিবর্তন আগামী বছরে করব তখন ভেড়ি ইত্যাদি থেকে নানাভাবে যারা বাড়তি উপার্জন করছেন তাদেরটাও আমরা যেন দেখি। সুতরাং সাধারণ চাষীর ক্ষেত্রে যে ধরনের কর আদায় করা হয় ভেড়ির ক্ষেত্রে সেটা আরও বেশি করা উচিত। আমরা এ বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করে আগামী বছরে যখন আনি পরিবর্তন করব তখন একটা ব্যবস্থা গ্রহণ করব। মোটামুটিভাবে মনে হল মাননীয় সদস্যরা এই সংশোধন বিলকে সমর্থন করছেন বলে আমি তাদের কাছে কৃতজ্ঞ। আর একটি কথা বলব সামান্য টাকা যেটা আমরা বিলের মাধ্যমে পাব তার পুরোটাই গ্রামাঞ্চলের সাধারণ মানুষের জন্য ব্যয়িত করা হবে।

[4-00 — 4-10 p.m.]

The motion of Shri Briendra Kumar Moitra that the Bill be circulated for eliciting public opinion thereon, was then put and lost.

The Motion of Dr. Ashok Mitra that the Bengal Agricultural Income Tax (Amendment) Bill, 1977, be taken into consideration was then then put and agreed to.

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause 2

The question that clause 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clauses 3 to 11

The question that clauses 3 to 11 do stand part of the Bill, was then put and agreed to.

### Preamble

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Agricultural Income-Tax (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1977

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the West Benga Taxation Laws (Second Amendment) Bill, 1977.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** I beg to move that the West Bengal Taxatior Laws (Second Amendment) Bill, 1977, be taken into consideration.

[4-10 — 4-20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি এই বিল সম্বন্ধে সামান্য দু· একটি কথা বলতে চাই। এ বিষয়ে বাজেট বিবৃতির সময় আমি উল্লেখ করেছিলাম। আমি বলেছিলাম যে আমদের কিছু বাড়তি রাজস্ব আদায় করতে হবে। সাধারণ মানুষের জন্য যে কাজ আমরা হাতে নিয়েছি তা আমাদের সম্পন্ন করতে হবে। আমরা হিসাব করে দেখেছি যে শহরের বহুতল বিশিষ্ট অট্টালিকার উপর বাড়তি কর প্রয়োগ করা যায়, তা ছাড়া নগর ও শহরাঞ্চলে জমির উপর কিছু কিছু বাড়তি কর আরোপ করা যায় যাতে আমরা টাক আদায় করতে পারি। এবং এই বিল মারফত তার ব্যবস্থা নিয়েছি। এই বিলে যা করা হয়েছে আমি মোটামুটি বলছি। ১৯৬৯ সালের আগে যে সমস্ত মাল্টিস্টোরিড দালান কলকাতা শহরে কিংবা পশ্চিমবঙ্গের সর্বত্র তোলা হয়েছে তার উপর কোনও বাড়তি কর বসত না। সেই যে শ্রেণী বিভাগ সেটা সম্পূর্ণ বিলোপ করে দেওয়ার প্রস্তাব করেছি। ১৯৭৭ সালের এপ্রিল মাসের আগে বা পরে হোক সমস্ত মাল্টি স্টোরিডের মালিকদের এই কর দিতে হবে। তারপর আমি যা করেছি এই কর প্রয়োগের ব্যাপারে প্রগতিশীলতার চেষ্টা করেছি। যেমন ধরুন এখন পর্যন্ত যারা ৫০ স্কোয়ার মিটার ফ্ল্যাটের মালিক তারা যে কর দিতেন তার থেকে সামান একটু কর দেবেন। ১০০ স্কোয়ার মিটার পর্যন্ত যারা ফ্ল্যাটের মালিক তারা আগে যা দিতেন তাই দেবেন। কিন্তু ১০০ স্কোয়ার মিটারের বেশি রাফলি ১,১০০ স্কোয়ার মিটার পর্যন্ত যে সমস্ত ফ্ল্যাট তার মালিকদের এখন থেকে বেশি কর দিতে হবে। কতটা বেশি দিতে হবে সেটারও মোটামুটি একটা অন্দাজ দিয়ে দিচ্ছি। আগে যারা ৫০ থেকে ১০০ স্কোয়ার মিটার· এর জন্য ১ টাকা করে দিতেন, এখন কম দেবেন, এখন ৫০ পয়সা দেবেন। কিন্তু ১০০ স্কোয়ার মিটার থেকে ১,১০০ স্কোয়ার মিটার পর্যন্ত যারা তারা দেবেন এখন মোটামুটি ১ টাকার বেশি—কেউ দেবেন ১.২৫ কেউ দেবেন ১.৫০, কেউ দেবেন ২ টাকার মতো। তার উপরে যারা তাদের আরও বেশি দিতে হবে। তাছাড়া যে সমস্ত ফ্ল্যাট ব্যবসা, শিল্পের প্রয়োজনে ব্যবহৃত হয় তাদের উপর প্রতি স্কোয়ার মিটারে ১ টাকা কর ধার্য হত, সেটাকে বাড়িয়ে ৭।। টাকা করে দিয়েছি। এই কর সরকারকে দিতে তাদের আপত্তি হবার কথা নয় অনুরূপভাবে কিছু পরিবর্তন শঙরাঞ্চলে যে জমি সেই জমির উপর আরোপ করেছি। এখন পর্যন্ত যে ব্যবস্থা ছিল বৃহত্তর কলকাতা এলাকায় প্রথম ৪০০ স্কোয়ার মিটার ছেড়ে দিলে প্রতি বাড়তি ১০০ স্কোয়ার মিটারে ১ টাকা কর আরোপ করা হত। এখন ৫০০ স্কোয়ার মিটারের ওপর বাড়তি কোনও জমি থাকলে ১ টাকার পরিবর্তে ৫ টাকা কর বসবে কলকাতার বাইরে যে সমস্ত জায়গা জমি পড়ে আছে নোটিফায়েড শহরাঞ্চলে, আমি আসানসোল

দুর্গাপুর, অঞ্চলের কথা বলছি, সেখানে প্রথম ৫০০ স্কোয়ার মিটারে এখন যেমন ধার্য আছে সেই ধার্য থাকবে, তারপর বাকি যে ১০০ স্কোয়ার মিটার সেখানে ৩৫ পয়সা হিসাবে বসবে। ৬০০ স্কোয়ার মিটারের উপর ২ টাকা কর বসবে। এই পর্যন্ত দুটো প্রস্তাব আছে, এই প্রস্তাবের ফলে বাড়তি ২ কোটি টাকা রাজস্ব সংগ্রহ করবার একটা প্রস্তাব আছে, এর প্রস্তাবের ফলে বাড়তি ২ কোটি টাকা রাজস্ব সংগ্রহ করবার একটা প্রস্তাব আছে, এর বাইরে যেটা বাড়তি রাজস্ব যেটা বিত্তশালী লোকের উপর পড়বে সেটা তারা দিতে দ্বিধা করবেন না, কারণ, এই টাকাটা আমরা অন্যায়ভাবে খরচ করব না, আমরা গ্রামের এবং শহরের সাধারণ লোকের পরিচর্চায় এই টাকাটা ব্যবহার করব।

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1977, be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 3 and the Preamble**

The question that clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977**

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** I beg to move that the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়ের অনুমতি নিয়ে আমি এই বিল আপনাদের সামনে উপস্থিত করছি এবং এই ব্যাপারে আরও দু-একটি কথা যোগ করতে চাচ্ছি। আমি আমার বাজেট বক্তৃতায় বলেছিলাম বিক্রয় কর পরিবর্তন এবং পরিশোধনের জন্য কোনও কোনও ক্ষেত্রে নোটিফিকেশনই যথেষ্ট। কিন্তু অন্য কোনও জায়গা পরিবর্তন করতে হলে আমি তখন বলেছিলাম পশ্চিমবাংলায় বিক্রয় কর সম্পর্কিত যে দুটি আইন প্রযোজ্য আছে, ১৯৪১ সাল এবং ১৯৫৪ সালের আইন, তার পরিবর্তন করবার জন্য আমি একটা বিল আনব এবং সেই প্রতিশ্রুতি অনুযায়ী আমি এটা এনেছি। মোটামুটি যে ৪টি সংশোধনের কথা এই বিলের মাধ্যমে ঘোষণা করা হয়েছে এবং যেটা আমি আমার বাজেট বক্তৃতাতেও বলেছিলাম সেটাই আবার বলছি। প্রথম পরিবর্তন হচ্ছে কাঁচামাল এবং প্যাকিং দ্রব্যাদি বা যে কোনও তৈজসপত্র

পশ্চিমবাংলায় ব্যবহৃত হবে তার উপর এতদিন পর্যন্ত বিভিন্ন ধরনের যে কর প্রযোজ্য ছিল আমরা সেখানে সর্বক্ষেত্রে শতকরা ৩ ভাগ কর করবার প্রস্তাব নিয়েছি এই বিলের মাধ্যমে। অর্থাৎ কাঁচামাল এবং প্যাকিং দ্রব্যাদি যেটা দিয়ে তৈজসপত্র আমাদের পশ্চিমবাংলার কারখানায় তৈরি হয় তার উপর শতকরা ৩ ভাগ হারে একটা কর বসবে। আমাদের দু নম্বর প্রস্তাব হচ্ছে পশ্চিমবাংলায় কিছু কিছু লোক আছে যারা রেজিস্টার্ড ডিলার নয় তারা অনেক ক্ষেত্রে কর ফাঁকি দিতে পারে এবং নানা রকম অসাধু ব্যবস্থা অবলম্বন করতে পারে এবং সেইজন্য সেখানে কিছু ব্যবস্থা নেওয়া দরকার। যেমন দেখা যায় অনেকে রেজিস্টার্ড ডিলারের কাছ থেকে কেনেন কিন্তু দেখান যে আনরেজিস্টার্ড ডিলারের কাছ থেকে কিনেছেন। এর ফলে আমরা অনেক ক্ষেত্রে কর হারাই। কর ফাঁকি দেবার এই যে প্রবণতা রয়েছে, আইনের ক্ষেত্রে এই যে ফাঁকি রয়েছে সেটা দূর করবার জন্য আমরা বলেছি শুধু বিক্রয়ের উপরেই নয়, ক্রয়ের উপরেও প্রকট কর আরোপ করব এবং যদি কেউ আনরেজিস্টার্ড ডিলারের কাছ থেকে তৈজসাদি কেনে তাহলে তাকে শতকরা ৪ ভাগ হারে কর দিতে হবে। অর্থাৎ যিনি ক্রেতা তার উপর এটা আমরা আরোপ করব। তারপর, আমাদের পশ্চিমবাংলায় দেখছি কাঁচামাল কিনে পশ্চিমবাংলায় সেই কাঁচামাল ব্যবহার করে। যে তৈজসাদি প্রস্তুত করা হয় সেই প্রস্তুত তৈজসাদি পশ্চিমবাংলার বাইরে অন্যত্র কনসাইনর ট্রান্সফারি হিসেবে নিয়ে যাওয়া হোত এবং এতদিন পর্যন্ত এই রকম কাঁচামাল ক্রয় এবং বিক্রয়ের উপরে কোনও কর আরোপ করা হোত না।

[4-20 — 4-30 p.m.].]

এখন আমরা প্রস্তাব করছি যার পরিমাণ হবে—যদি এখানে কাঁচামাল কেনা হয় এবং সেই কাঁচামাল দিয়ে এখানে তৈজসপত্র তৈরি করা হয় কিন্তু সেই তৈজস নিজেদের বা ভারতবর্ষের অন্যত্র শাখায় ট্রান্সফার করিয়ে দেয় তাহলে সেই সব থেকে কাঁচামাল এই যে ট্রান্সফারড তৈজসাদি তৈরি করতে ব্যবহার করা হয়েছিল তার উপর অর্থাৎ কাঁচামালের উপর ট্যাক্স বসবে। তৃতীয় প্রস্তাব যেটা করেছি যে ১৯৪১ সালের আইনে যে সাধারণ বিক্রয় কর আছে, এতদিন পর্যন্ত আমাদের এখানে ছিল শতকরা ৬ ভাগ সেটাকে এবার শতকরা ৭ ভাগ করা হচ্ছে। এটা ভারতবর্ষের অধিকাংশ স্টেট-এ শতকরা ৭ ভাগ বা তার বেশি আছে। সুতরাং আমি যেটা করছি সেটা ভারতবর্ষের অন্যান্য জায়গার সঙ্গে সমতা রেখে এবং সর্বশেষ আমার যে প্রস্তাব সেটা হচ্ছে যে মাদক দ্রব্য সম্বন্ধে—বিলাতি মদ দেশে তৈরি এবং বিলাতি মদ বিদেশে তৈরি—এই দুটো ক্ষেত্রেই বিক্রয় করের হার বদলানো হচ্ছে। দেশে তৈরি বিদেশি মদ সেটা শতকরা ১২ ভাগ ট্যাক্স ছিল এখন সেখানে শতকরা ২১ ভাগ করা হচ্ছে এবং বিদেশে তৈরি বিদেশি মদ সেটাকে করা হচ্ছে শতকরা ৫০ ভাগ। এরও বাহিরে আমার একটা প্রস্তাব আছে সেটা হচ্ছে—আমি আগেই ঘোষণা করেছিলাম যে ১৯৫৪ সালের আইনে প্রথম বিন্দুতে তদারক করা যায় বিক্রয় কর তার আওতায় এতদিন পর্যন্ত ২২টি দ্রব্যসামগ্রি ছিল, আমি নোটিফিকেশন দিয়ে আরও ১৪টি দ্রব্যসামগ্রি এই করের আওতায় নিয়ে এসেছি ১লা সেপ্টেম্বর থেকে, কিন্তু আরও ৬/৭টি ক্ষেত্রে আমি এই আইন প্রয়োগ করতে চাই, কিন্তু মুশকিল হচ্ছে যে ১৯৫৪ সালের আইনে সর্বোচ্চ হারের পরিমাণ হচ্ছে শতকরা ১২ ভাগ। কিন্তু ১৯৪১ সালের আইনে সর্বোচ্চ হারের পমিরাণ শতকরা ১৫ ভাগ। সুতরাং আমরা যদি

করের হারের পরিমাণ সামান্য একটু বাড়িয়ে না দিই ১৯৫৪ সালের আইনের ধারা অনুযায়ী শতকরা ২০ ভাগ পর্যন্ত হতে পারবে। এর ফলে আমাদের রাজস্বর ক্ষতি হওয়ার কোনও আশঙ্কা থাকবে না। এই হচ্ছে মোটামুটি বিক্রয় কর এবং ক্রয় কর সম্বন্ধে আমার প্রস্তাব। কিন্তু এর সঙ্গে আমি আরেকটি ব্যাপার যোগ করতে চাই, আপনারা ২৫এ আগস্ট বাজেট প্রস্তাব পেশ করার পর নানান ধরনের আলোচনা হয়েছে, আমাদের বিধানসভার ভিতরে হয়েছে ৪ দিন ধরে এবং বিধানসভার বাহিরে আলোচনা হয়েছে, সাধারণ গৃহস্থের ঘরে আলোচনা হয়েছে এবং সংবাদপত্রেও আলোচনা হয়েছে এবং এই আলোচনা থেকে মোটামুটি কতকগুলি সিদ্ধান্ত আমরা নিয়েছি। আমাদের যা সংবিধানগত অবস্থা তাতে কোনও রাজ্য সরকারের ক্রয় বিক্রয় করের স্মরণাপন্ন হওয়া ছাড়া গতি নাই। কারণ কোনও প্রত্যক্ষ কর আমরা আরোপ করতে পারি না। একমাত্র আয় করের ব্যাপার ছাড়া অথচ আমাদের উপরে আর্থিক দায়িত্ব পুরো এসে পড়ছে এবং আমাদের যে করেই হউক রাজস্ব সংগ্রহ করতেই হবে সুতরাং শেষ পর্যন্ত বাধ্য হয়েই বিক্রয় এবং ক্রয় করের আওতায় আসতে হয়। এবং এর মারফতেই আমরা এটি এক হিসাবে যে কোনও অর্থমন্ত্রীর পক্ষে একটা দুরূহ এবং অপ্রিয় কর্তব্য, কারণ পরোক্ষ করের ধর্মই হচ্ছে জিনিসপত্রের দাম বাড়িয়ে দেয়। কিন্তু আমাদের দেখতে হবে সাধারণ মানুষের উপর খুব বেশি চাপ না পড়ে।

আমার বিবেক অত্যন্ত পরিষ্কার, আমি খুব যত্নসহকারে দেখেছি যে এই বিক্রয় কর মারফত এই যে প্রায় ১৫ কোটি টাকা বাড়তি আয়ের ব্যবস্থা করেছি তার অতি সামান্য ভারই সাধারণ মানুষের উপর পড়বে এবং এটা আরও সাহস করে বলতে পারি যে বিন্দুমাত্রও পড়বে না। কারণ, প্রধানত এই করের দায়ভার পড়ছে ঐ কনসাইনমেন্ট ট্রান্সফারের উপর, যার কোনও রকম চাপ পশ্চিম বাংলার অধিবাসীদের উপর পড়বে না, এবং কিছুটা পড়ছে সেই অসাধু ব্যবসায়ী যারা এতদিন পর্যন্ত কর ফাঁকি দিচ্ছিলেন, আনরেজিস্টার্ড ডিলার, তাদের উপর। সুতরাং আমরা বলতে পারি যে আমরা ১৫ কোটি টাকা বিক্রয় কর মারফৎ পাব যার চাপ সাধারণ মানুষের উপর পড়বে না। তাহলেও এখানে কথা উঠেছিল যে চায়ের উপর কেন এই কর আরোপ করছি। এই ব্যাপারে আমি আপনাদের বলব যে আমরা যেন মাত্রাজ্ঞান ছাড়িয়ে না যাই। প্রতিদিন সকালে খবরের কাগজ যখন আমি পড়ি তখন দেখি যে নীলামে কি দরে চা বিক্রয় হচ্ছে ১৩/১৪ টাকায় আর খুব সরেস চা হলে ১৬ টাকা কিন্তু সেই চা আপনি খুচরা কিনতে যান তার দর হয়ে যায় ৩০ টাকা অর্থাৎ ১৫/১৬ টাকা কিলো প্রতি তারা লাভ করছে, ব্যবসায়ীরা বছরের পর বছর ধরে এই লাভ করছে যার সামান্য প্রতিবাদ পর্যন্ত কেউ করেননি। কারণ কংগ্রেসি জামানা ছিল ব্যবসায়ীদের জামানা যার জন্য আজ পর্যন্ত তার কোনও প্রতিবাদ হয়নি কিন্তু যে মুহূর্তে শতকরা এক ভাগ কর ধরা হল—যেখানে এতদিন ধরে কোটি কোটি টাকা মুনাফা করেছে, তার কোনও প্রতিবাদ হল না, এই এক পয়সার জন্য মাথা ব্যথা আরম্ভ হল। আমরা যদি এই বিধানসভায় সম্মিলিতভাবে দাবি করি, অসাধু ব্যবসায়ীদের সাবধান করে দিই যে বছরের পর বছর বহু মুনাফা তোমরা লুঠেছ এখন ১২/১৩ টাকায় নীলামে চা কিনে ১৫/১৬ টাকার বেশি বিক্রি করতে পারবে না তাহলে চায়ের দাম এক ধাক্কায় ৩০ টাকা থেকে নেমে আসবে এবং এই যে এক ভাগ কর আরোপ করেছি তার সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। আমাদের আলাদা করে এদের

কাছে জানাতে হবে যে এই যে কৃত্রিমভাবে খোলা বাজারে দর উঁচু করে রেখেছে এবং যে সব মাল্টি-ন্যাশনাল কোম্পানি—আমি তাদের নাম করতে চাই না, এর মধ্যে আছে, তারা ১২/১৩ টাকায় কিনে আমাদের দেশের লোককে শোষণ করে খোলা বাজারে ৩০ টাকা করে বিক্রি করছে। এই ব্যবস্থাকে পাল্টাতে হবে। আমরা যদি সম্মিলিত দাবি এই বিধানসভা থেকে করি তাহলে এটা পাল্টান যাবে এবং ব্যবসায়ীরা এই রকমভাবে সাধারণ লোকের সঙ্গে জুয়াচুরি করবে না। তাছাড়া আরও একটা বক্তব্য আছে, ধরুন এই চায়ের ব্যাপারে শিলিগুড়িতে বছর খানেক আগে একটা নীলামের বাজার খোলা হয়েছে এবং আমরা চাই যে প্রত্যেকটি চা এই নীলামের বাজারে আসুক এবং এটা বেড়ে উঠুক। কারণ উত্তরবঙ্গ একটা অনুন্নত জায়গা সুতরাং আমরা যতটা পারি তাকে সুযোগ সুবিধা দেব এবং এখানে কর্মসংস্থানেরও একটা সম্ভাবনা আছে। সেইজন্য শিলিগুড়িতে যাতে এই নীলাম কেন্দ্রটি বেড়ে উঠে সেইজন্য আমরা একটা সিদ্ধান্তে পৌছেছি যে কেন্দ্রীয় বিক্রয় কর যেটা শতকরা ৪ ভাগ আছে সেটা শিলিগুড়ি ক্ষেত্রে কমিয়ে শতকরা দুই ভাগ করে দেব। এতে দুটি সুবিধা হবে, একটা হচ্ছে অনেক চা বাগানের মালিক বা যারা চা বাগান থেকে চা নীলামের মারফৎ না এনে সোজা অন্য ক্ষেত্রে পাঠিয়ে দেয় যার ফলে নীলাম কেন্দ্রটি ক্ষতিগ্রস্ত হয় এবং যদি আমরা এটা কমিয়ে দিই তাহলে এই ধরনের এক্স-ফ্যাক্টরি সেলস যেটা বলি সেটার পরিমাণও কমে যাবে এবং অধিকতর চায়ের পরিমাণ শিলিগুড়িতে আসবে এবং এমনও হতে পারে যে আসাম থেকেও কিছু বাড়তি চা শিলিগুড়িতে আসতে পারে এবং আরও একটা যা হতে পারে এই ব্যবস্থা নেবার পর শিলিগুড়ি নীলামের ক্ষেত্রে কিছু বাড়তি কর্ম সংস্থান হতে পারে যার ফলে উত্তরবঙ্গ লাভবান হবে এবং এটা করার ফলে শুধু শিলিগুড়িই উপকৃত হবে না সাধারণভাবে চায়ের ক্ষেত্রে আমাদের একটা স্থিতিশীলতা আসবে, চা শিল্পের বিকাশ হবে এবং সব মিলিয়ে পশ্চিমবাংলা কিছুটা সমৃদ্ধি লাভ করবে। আর একটা কথা বলে চিৎকার করলেন, আমাদের দেশে আর একটা লবি আছে, যারা মদ্যপায়ী তাদের লবি।

[4-30 — 4-40 p.m.]

তারা বলেছেন মদ্যপায়ীদের আমরা চার্জ করেছি। আমরা তো বলেছি মদের দাম বাড়িয়েছি। সমস্ত দেশেইত মদ্যপান নিষিদ্ধ হয়ে যাবে, তাই মদ্যপায়ীরা আস্তে আস্তে তাদের অভ্যাস ছাড়ুক, এতটা উতলা হয়ে গেছেন কেন? দু নম্বর কথা হচ্ছে মদের দাম বাড়িয়েছি রাজস্ব বাড়ানোর জন্য, এতে তারা অর্থাৎ মদ্যপায়ীরা তাদের অভ্যাস থেকে বিরত হতে পারেন। এ ছাড়া লবিতে আর একটা কথা উঠেছে মদের ব্যবসায়ীরা বিক্রিতে চুরি করে, বারে যে সব মদ বিক্রি করে তার সর্বোচ্চ দাম বেঁধে দিয়েছে, অনেকে আবেদন জানিয়েছে যে নিরেস মদ বেশি দামে বিক্রি করছে, তাদের বলি তাহলে অন্য কোনও বারে গিয়ে দেখুন, মদ্যপান আপনারা সুরীরা এবং মাতালরা বন্ধ করুন।

**শ্রী সমর রুদ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী বিলটা আমাদের অর্থমন্ত্রী এনেছেন, সেই বিলটা আমি সম্পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এজন্য যে যারা রাজস্বকে কমিয়ে রেখেছিল সেটা বন্ধ হতে চলেছে এবং বন্ধ করার সুযোগ গ্রহণ করা হচ্ছে। যারা সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে যাদের দেওয়া উচিত ছিল, তাদের কাছ থেকে আদায় করা

হবে। রেজিস্টার্ড ডিলার যারা তারাই শুধু সেলস ট্যাক্স দিত কিন্তু আনরেজিস্টার্ড ডিলাররা দিত না, এখন যে আনরেজিস্টারড জিলার আছে তাদের কাছ থেকে যে জিনিস কিনবে রেজিস্টারড ডিলাররা তার জন্যও ট্যাক্স দিতে দায়ী থাকবে। সেজন্য সাব সেকশন সিক্স এনেছেন যাতে সেগুলি বন্ধ করা যায়। এখানে বলা হয়েছে (6) Every dealer, who has become liable to pay tax under sub-section (1) or sub-section (2) or sub-section (4) of this section or sub-section (3) or section and is registered under this Act, shall, in addition to the tax referred to herein, be also liable to pay tax under this Act on all his purchases from a dealer who is not registered under this Act, of goods than gold and fertilisers etc. অর্থাৎ রেজিস্টারড নয় যারা তাদের কাছ থেকেও নেওয়ার পর ট্যাক্স দিতে হবে এবং এ সম্বন্ধে না বলার কারণ তাই। আনরেজিস্টারড ডিলাররা ট্যাক্স ফাঁকি দিয়ে রেজিস্টারড ডিলারের উপর দিয়ে পার পেয়ে যেত, এখন যদি কেউ অন্যায় করে তাহলে কারণ দেখাতে পারবেন। আর একটা ব্যাপার হচ্ছে এই যে অন্যান্য জায়গায় গুজরাটে, মহারাষ্ট্রে ট্রান্সফার বাই কনসাইনমেন্ট-এর ক্ষেত্রে, এই রকম ট্যাক্স আদায় করা হয়। এখানে পশ্চিমবাংলাতে সেটা প্রয়োগ করা যায়, সেটা করা হয়েছে। এতে তাদের বিরোধিতা করার কারণ নাই। তৃতীয় ব্যাপার হচ্ছে ফরেন লিকার যেখানে বিক্রি হচ্ছে সেখানে দিশি ফরেন লিকার এবং বিদেশি ফরেন লিকার, তার উপর ট্যাক্স বাড়ানো হবে, তাতো নিশ্চিত। যারা মদ্যপান করেন তাদের স্বার্থেই, কেননা তারা মদ্যপান করে অর্থের অপচয় করেন, মানুষের মনেও বিভ্রান্তি আনেন, সেখানে যদি ট্যাক্স ধার্য করা যায়, তাতে সকলেরই উপকার হবে। এতে মদ্যপায়ীদের বিরোধিতা করার কারণ নাই। এদিক থেকে যে সংশোধনী বিল এনেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে তৃতীয় সংশোধনী বিলটা এসেছে এটাকে আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্দেশ্যে বিলটা এনেছেন সেই উদ্দেশ্যকে সমর্থন করছি। বিভিন্ন জায়গায় ট্যাক্স বাড়ানো শুধু এর উদ্দেশ্য নয়। ট্যাক্স বাড়বে এটা ঠিক এবং প্রয়োজন অনুযায়ী বাড়বে। তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন, যেভাবে কংগ্রেস সরকার বহু গ্যাপ, বহু ডেফিসিট, বহু আন-অথরাইজড রেখেছেন যার ফলে রাজ্য সরকারের একটা অর্থনৈতিক সংকট এসেছে যার জন্য বিক্রয় কর বর্ধিত করার প্রয়োজন আছে। এটা অনস্বীকার্য। কিন্তু তাছাড়া আমরা দেখেছি, ১৯৪১ সালের পর এই পশ্চিমবাংলায় বিগত সরকার ১৯৪৪, ১৯৪৮, ১৯৪৯, ১৯৫৪, ১৯৫৫ এই রকম করে ১৯৬৩ সাল পর্যন্ত এবং তারপরেও বিভিন্ন সময়ে সেল ট্যাক্স অ্যাক্ট সংশোধন করেছেন। কিন্তু সেলস ট্যাক্স অ্যাক্ট সংশোধন করে মাল্টিপ্লাই করে অর্থাৎ বিভিন্ন স্টেজে বিক্রয় কর আরোপ করেছেন। ফলে দেখা দিয়েছে, এই করের একই ব্যবস্থা। যেমন আমরা কয়েকদিন আগে ফার্টিলাইজার ডিলারদের সঙ্গে আলোচনা করেছিলাম এবং সেই ফার্টিলাইজার ডিলারসরা আমাদের বললেন তাদের বিভিন্ন স্তরে সেলস ট্যাক্স দিতে হয় এবং এই বিভিন্ন স্তরে সেলস ট্যাক্স দেওয়ার ফলে বিভিন্ন জায়গায় সারের দাম বিভিন্নরকম হয়ে যায় এবং দামও বাড়তে থাকে। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় সমস্ত স্তরে ইউনিফরম ৩ পারসেন্ট রাখার ব্যবস্থা

করেছেন। যেমন কয়লা থেকে কনটেনারস, প্যাকিং মেটিরিয়ালস আছে। সেই সমস্ত স্তরে ইউনিফরম একই রেট করে বিক্রয়কর-এর জন্য জিনিসের দাম উঁচু বেড়ে যাওয়ার হাত থেকে রেহাই দিয়েছেন। শুধু তাই নয়, বিক্রয় কর আদায়ের এতে সুবিধা হবে। সেই পরিপ্রেক্ষিতিতে মাননীয় অর্থমন্ত্রীকে শুধু সমর্থন করছি না, প্রশংসাও করছি। দ্বিতীয়ত দেখছি, নানা প্রদেশে বিভিন্ন কর আরোপ হবে এই রকম পদ্ধতি তারা রাখে নি। পশ্চিমবঙ্গের এইরকম সেলস ট্যাক্স অর্থাৎ প্রত্যেক স্তরে ২/৩/৪ ট্যাক্স দিতে হবে এটা এই প্রদেশেই ছিল এবং কংগ্রেস সরকারই রেখেছিল এবং এটা বৈজ্ঞানিক পদ্ধতিও নয়। দ্বিতীয়ত, তিনি আর একটা করেছেন যে শতকরা ৪ পারসেন্ট পারচেজ ট্যাক্স সেটাও ধার্য করেছেন যাতে করে আনরেজিস্টারড ডিলারস এবং যারা ম্যানুফ্যাকচারার-এর কাছ থেকে কেনে তাদের উপর তিনি কর ধার্য করেছেন এবং এটা সোজাসুজি পারচেজারের কাছ থেকে নেওয়া হবে। সাধারণ মানুষের কাছ থেকে নেওয়া হবে না। কাজেই বৈজ্ঞানিক পদ্ধতিতে সেলস ট্যাক্সের ব্যবস্থা তিনি করেছেন। আর ৬ পারসেন্ট থেকে বাড়িয়ে ৭ পারসেন্ট করেছেন এবং উদ্দেশ্য যে যে কর বিভিন্ন জিনিসের দামের উপর প্রতিষ্ঠিত হবে তা থেকে এক পারসেন্ট বাড়িয়ে এবং সেই কর আদায় করে আমাদের ডিফিসিট আছে সেটা মিট করবার চেষ্টা করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলতে চাই, এই যে বিক্রয় কর যা বসানো হয়েছে, তাতে বিভিন্ন সময়ে সাধারণ মানুষ আলোচনা করে বলেছেন এতে চায়ের দাম বেড়ে যাবে। মন্ত্রী মহাশয় বলেছেন চায়ের দাম বেড়ে যাবার কোনও কারণ নেই। এবং এটা প্রথমে যেভাবে এই স্টেট অকসন হচ্ছিল তাতে ট্যাক্স ফাঁকি দেবার সুযোগ ছিল—বিভিন্নভাবে টাকা দেবার না দেবার সুযোগ ছিল। এখন সেটা বাধ্যতামূলকভাবে ট্যাক্স দিতে হবে। সেলস্ ট্যাক্সের মধ্যে ট্যাক্স ইম্পোজ করার ব্যাপারে বিভিন্ন অ্যানোমালিজ অব ট্যাক্স ছিল। সারের ব্যাপারে এই যে এনহ্যান্সমেন্ট হয়েছে তা বিভিন্ন স্টেজে ট্যাক্স দিতে হয় বলে। সেটা না করে শুধু সরষের উপর ট্যাক্স করলে আর সেরকম হবে না। এই বিক্রয় কর বৃদ্ধি হবার সম্ভাবনা থাকবে না। বিভিন্ন ডিলার যেমন ধরুন একটা ছোট ডিলার নিজে অনেক সময় রসিদ দেন না—তাকে অ্যাকাউন্টস মেনসেন করতে হবে। সে হয়তো ফার্টিলাইজারের সামান্য ডিলার—একটা বেকার যুবক সে হয়তো সবেমাত্র ডিলারসিপ পেয়েছে ব্যাঙ্ক থেকে ক্রেডিট নিয়ে তাকেও বিক্রয় করের আওতায় আসতে হয় অ্যাকাউন্টস মেন্টেন করতে হয় এবং তারজন্য তাকে একটা লোক রাখতে হয় এবং তাতে তার খরচ বেড়ে যায়। তাই কর বৃদ্ধি এমনভাবে হবে তার উপর ভার যেন না পড়ে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় এই কর আরোপ করার সময় এগুলি লক্ষ্য রেখেছেন। কর বাড়বে এ্যাট দি সেম টাইম তার উপর যাতে ভার না পড়ে তার ব্যবস্থাও তিনি করেছেন। তারপর বিভিন্ন পারচেজ প্রাইস যেটা তিনি সেকশন ২ ক্লজ-ই-তে ডেফিনেশন দিয়েছেন যার ফলে দেখা যাবে বিভিন্ন জায়গায় ডেফিনেশনে অ্যানোম্যালিজ থাকার জন্য সেটা সরকারের বিপক্ষে চলে গেছে—কিন্তু এখানে সেটা হবে না। আমরা অনেক কেসে এই রকম দেখেছি। এখানে ডেফিনেশন ক্লিয়ার করে দেওয়া আছে স্পেসিফায়েড পারচেজ প্রাইস করে দেওয়া হয়েছে যার ফলে দেখা যাবে আগামী দিনে সরকার অনেক মামলার হাত থেকে রেহাই পাবেন। এই কথাগুলি বলে আমি মন্ত্রী মহাশয়ের বিলকে সমর্থন জানাচ্ছি।

**শ্রী রাধিকারঞ্জন প্রামাণিক :** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আমাদের বিখ্যাত অর্থনীতিবিদ অর্থমন্ত্রী তিনি যে বিল এনেছেন দি ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেসান লজ (থার্ড অ্যামেন্ডমেন্ড) বিল, ১৯৭৭, সেই বিলকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই বিল সমর্থন করা প্রসঙ্গে আমি দু-চারটি কথা বলতে চাই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি তাঁর বাজেট ভাষণে বলেছেন আমাদের পশ্চিমবাংলার অর্থনীতিতে বিরাট এক সংকট সৃষ্টি করে গেছে বিগত ৫ বছর ধরে যে সরকার পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত ছিল তারা এবং শুধু পশ্চিমবঙ্গের লোক নয়, সারা ভারত, এমন কি সারা বিশ্বের লোক জানে যে পুরো জালিয়াতির ভিতর দিয়ে ১৯৭২ সালে পশ্চিমবাংলায় কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত হয়েছিল এবং জালিয়াতির ভিতর দিয়েই তারা কলেবর বৃদ্ধি করেছেন। জালিয়াতির মধ্যে এখন হাবুডুবু খাচ্ছে, ভবিষ্যতেও খাবে। জালিয়াতি করে পশ্চিমবাংলার অর্থনীতিকে জলে ফেলে দিয়ে গেছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি প্রখ্যাত অর্থনীতিবিদ। তিনি বলেছেন কংগ্রেস সরকার ৫ বছর ধরে জালিয়াতি করেছে এবং জালিয়াতি করে যাবার সময় তারা হিসাব করে দিয়ে গিয়েছিলেন ৬০ কোটি টাকার ঘাটতি। আমাদের প্রখ্যাত অর্থনীতিবিদ অর্থমন্ত্রী তিনি জানিয়েছেন ৫৬ কোটি টাকা ওপেনিং ডেফিসিট। তারা আনঅথারাইজড় এক্সপেন্ডিচার খরচ করে গেছেন তার পরিমাণ হল ৪৫ কোটি টাকা এবং তারা যেসব সিদ্ধান্ত ক্যাবিনেটে অন্যায়ভাবে নিয়ে গেছেন তার পরিমাণ হল ৫০ কোটি টাকা, যেটা উনি কমিয়ে ৩৭ কোটিতে আনতে পেরেছেন। এখন দায় দায়িত্বটা নিতে হবে। সর্বসাকুল্যে ১৩১ কোটি টাকা দেখিয়েছিলেন এবং কিছু বাকি আদায় পাওনা মিলিয়ে মোট ঘাটতি ৭৪ কোটি টাকা আমাদের ঘাড়ে চাপিয়ে জালিয়াতি সরকার চলে গেছেন। তাদের জালিয়াতির কথাও বলতে চাচ্ছি না, কর্মদক্ষতার কথাও বলতে চাচ্ছি না, শুধু একটি কথা না বললে নয় তাই বলছি। পশ্চিমবাংলার যিনি মুখ্যমন্ত্রী ছিলেন, সুবেদার আমাদের অর্থনৈতিক সংকট থেকে মুক্তির জন্য অর্থমন্ত্রীকে অনেক বাস্তব পদ্ধতি, পরিকল্পনা দেখিয়েছেন। আমরা জানি আগে যিনি মুখ্যমন্ত্রী ছিলেন তার কথাবার্তা, কাজকর্মে অনেক ভাঁড়ামি ছিল। তিনি পশ্চিমবাংলার দুরবস্থা দূর করবার জন্য বিংশ শতাব্দীতে যেখানে মানুষ চাঁদে যাচ্ছে সেখানে তাঁর বাড়িতে পেঁচাকে দিয়ে ডিম পাড়ালেন। পশ্চিমবঙ্গবাসির উদ্দেশ্যে ঘোষণা করলেন পেঁচা যখন তাঁর বাড়িতে ডিম পেড়েছে, অতএব পশ্চিমবঙ্গের ভাগ্য ফিরে যাবে। তিনি ভাঁড়ামির মন্ত্রী ছিলেন, যাকে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ আদর করে ভাঁড়বাবু বলতেন। এই ভাঁড়বাবু পশ্চিমবাংলার অর্থনীতিতে চরম দুরবস্থা করে গেছেন। আর ঐ কাটছি মাটি দেখব এসো-র মন্ত্রী ভোলানাথ সেন, তিনি প্রচেষ্টা চালিয়ে গেছেন কি করে ভোলে বাবা পার করে গা' হওয়া যায়। সাধারণ মানুষের অজস্র পয়সা ব্যয় করে কাটছি মাটি দেখবে এসো সৃষ্টি করে, ভোলে বাবা পার করে গা এইভাবে কোটি কোটি টাকা খরচ করে গেছেন সি.এম.ডি.এ.-র মাধ্যমে—এর ফলে কলকাতার মানুষ হাবুডুবু খাচ্ছে। জল থেকে তাদের পার করতে পারেন নি, মানুষ জলে হাবুডুবু খাচ্ছে, পার করতে পারেন নি। মানুষ ওদের বাতিল করেছে। আর ঐ দপ্তরে গিয়ে ভোলাবাবু নিজের কেন্দ্র ভাতারে কোটি কোটি টাকা খরচ করে বহাল তবিয়তে পার হয়ে বিধানসভায় চলে এসেছেন। উনি কোটি কোটি টাকা খরচ করেছেন এবং মেরেছেন। এছাড়া বিয়ারবাবা আছে, ঠিকাদারবাবা আছে। আপনারা জানেন মদের উপর ট্যাক্স চাপিয়েছে, বিয়ারের উপর চাপান নি। তো তিনি বিয়ারে বিভোর হয়ে থাকতেন কোথায় সই করতে কোথায় সই করে দিলেন—তাদের পার্টির প্যাডেই বিয়ার চেয়ে পাঠালেন। এই

*রকম বিয়ার মন্ত্রী থাকেন, কোথায় বিয়ার আনতে হবে—এইভাবে পশ্চিমবাংলার কোটি কোটি* মানুষের ভাগ্য নিয়ন্ত্রণ করতে তাকে সই করতে হয়েছে বহু জায়গায়। এইসব ভোলাবাবা, বিয়ারবাবা এদের অনাচার, কোটি কোটি টাকা আমাদের ফাঁক করে পশ্চিমবাংলাকে ডুবিয়ে দিয়ে গেছে।

[4-50 — 5-00 p.m.]

৭৪ কোটি টাকা ঘাটতি নিয়ে আমার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর বাজেট পেশ করেছেন। আজকে এই সীমিত ক্ষমতার মধ্যেই আমাদের পশ্চিমবাংলার মানুষদের কল্যাণ করতে হবে। বিপ্লব এখনও হয়নি, আমূল পরিবর্তনও হবে না, গরিব লোকেদের দুরাবস্থা কতটা দূর হবে তাও আমরা জানি না। আজকে যে সীমিত ক্ষমতা আমাদের রাজ্যের হাতে রয়েছে সেই সীমিত ক্ষমতার মধ্যেই আমাদের কাজ করতে হবে। পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য, ভারতবর্ষের সমস্ত টাকা পয়সাই দিল্লিতে, কাজেই এই সীমিত ক্ষমতার মধ্যে যতটা পাবা যায় ততটাই মাননীয় অর্থমন্ত্রী করবার চেষ্টা করেছেন এবং সেই কাজ করবার জন্য বাধ্য হয়ে তিনি কতকগুলি ট্যাক্স বাড়াবার প্রস্তাব করেছেন। অবশ্য কয়েকটি ক্ষেত্রে তিনি ট্যাক্স কমিয়েও দিয়েছেন। স্যার, এই ট্যাক্স বাড়াবার প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যা বলেছেন একজন অর্থনীতিবিদ হিসাবে তাকে সাধারণ মানুষ সমর্থন না করে পারবে না। সাধারণ মানুষের কল্যাণ আমাদের করতেই হবে সেকথা তিনি বলেছেন, সেইজন্যই আমরা এসেছি এবং সাধারণ মানুষ সেইজন্যই আমাদের পাঠিয়েছেন। রাস্তাই বলুন বা হাসপাতাল, চাকরি, টিউবওয়েল যাই বলুন না কেন তা করতে গেলে টাকার দরকার। ওরা তো টাকা মেরে চলে গিয়েছেন, ওদের কাছ থেকে তো আর আমরা আদায় করতে পারব না, কাজেই আমাদের অর্থমন্ত্রী মহাশয়কে টাকার যোগাড় করবার জন্য বিভিন্ন সোর্স খুঁজতেই হবে। সেই সব সোর্স খুঁজতে গেলে এইসব দিকে ট্যাক্স না বাড়িয়ে কোনও উপায় নেই। তার কারণ ভূমি-রাজস্ব যা আদায় হয় তা আদায় করতেই সেটা ব্যয় হয়ে যায়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই ট্যাক্স বাড়াবার প্রসঙ্গে যেটা বলেছেন, সেটা হচ্ছে, ৩ পারসেন্ট ট্যাক্স যেটা প্রস্তাব করেছেন সেলস ট্যাক্স-এর আগে এক পারসেন্ট, টু পারসেন্ট—১৯৪১ সালের আইনে, ১৯৫৪ সালের আইনে অনেক গোলমাল ছিল সেটা উনি বলেছেন। এর আগের কংগ্রেসি মন্ত্রীদের নজরে সেটা কেন আসে নি সেটা বোঝা যাচ্ছে। তাদের নজরে এটা আসে নি তার কারণ অর্থনীতি সম্বন্ধে তাদের এ. বি. সি. ডি জ্ঞানও ছিল না। এই জ্ঞান না থাকার জন্য অনেক গোলমেলে ব্যাপার তারা করে গিয়েছেন। এখন মাননীয় অর্থমন্ত্রী সেটাকে সায়েন্টিফিক এবং র‍্যাশানালইজ করেছেন, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি এই ট্যাক্স আদায়ের সম্ভাবনার কথাও জানিয়েছেন। এটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও আছে। এক পারসেন্ট, দু পারসেন্ট এইরকম ছিল, তাকে তিনি তিন পারসেন্ট করেছেন, এটা নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। এটা তিনি করেছেন ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সঙ্গে সঙ্গতি রেখেই। তারপর তাঁর স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যাণ্ড রিজনসে যেটা রেখেছেন সেখানে দুনং যেটা আছে পারচেস ট্যাক্স সে সম্বন্ধে মাননীয় অর্থমন্ত্রী যেটা বলেছেন, সেটা হচ্ছে, রেজিস্টার্ড কোম্পানি যদি আনরেজিস্টার্ড ডিলারদের কাছ থেকে মাল কেনে তাহলে সেখানে ট্যাক্স ইভেসান হয়। ট্যাক্স ইভেসান যেটা হয় সেটা

বেশিরভাগ আনরেজিস্টার্ড ডিলারদের মারফতই হয়। এই ট্যাক্স ইভেসান বন্ধ করার জন্য তিনি পারচেস ট্যাক্সের প্রবর্তন করেছেন। এটা নিশ্চয় অভিনন্দনযোগ্য। তবে এই প্রসঙ্গে তাঁকে শুধু এইটুকু বলতে চাই—তিনি অর্থনীতিতে সুপণ্ডিত, তাঁকে বলা মানে ক্যারিং কোল টু নিউ ক্যাসেল, তবুও বলছি, আনরেজিস্টার্ড ডিলারদের কাছ থেকে যদি কোনও রেজিস্টার্ড কোম্পানি মাল কেনেন তাহলে সেখানে ৪ পারসেন্ট পারচেস ট্যাক্স বসানোর তিনি প্রস্তাব দিয়েছেন—এই প্রসঙ্গে আমি তাঁকে বলব, এই সমস্ত আনরেজিস্টার্ড কোম্পানির কাছ থেকে গভর্নমেন্টের অনেক ডিপার্টমেন্ট মাল কেনেন, এসব ক্ষেত্রে আপনি কি করবেন? সেখানে তো ট্যাক্স ইভাসান হবে। তাহলে হয় প্রত্যেকটি গভর্নমেন্ট ডিপার্টমেন্টকে কড়াকড়িভাবে বলে দিতে হবে যে তোমরা আনরেজিস্টার্ড ডিলারদের কাছ থেকে মাল কিনবে না, আর তা নাহলে এ ক্ষেত্রে অন্য ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে আমার প্রস্তাব, যে আনরেজিস্টার্ড ডিলারের কাছ থেকে গভর্নমেন্টের ডিপার্টমেন্ট মাল কিনবেন সেই আনরেজিস্টার্ড ডিলারদের টাকা থেকে ফোর পারসেন্ট ডিডাক্ট করে গভর্নমেন্টের ঐ ডিপার্টমেন্ট সেলস ট্যাক্স ডিপার্টমেন্টে জমা দিক।

৪ পারসেন্ট কাটা যাবে আনরেজিস্টার্ড ডিলারের কাছ থেকে তাতে টাকা কিছু আসবে। না হয় আনরেজিস্টার্ড ডিলারদের কাছ থেকে গভর্নমেন্ট ডিপার্টমেন্ট কিনবে না। এটা ভেবে দেখার জন্য মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, যদি গভর্নমেন্ট ডিপার্টমেন্ট কেনে, বা অন্য কোনও আনরেজিস্টার্ড ডিলার যদি কেনে—এ ছাড়া যেটা ৬ থেকে ৭ পারসেন্ট করেছেন সেটা যুক্তি সংগত হয়েছে। আর মদের ব্যাপারে কিছু বলার নেই, এটা ঠিকই করেছেন। তবে সম্ভবত বিয়ারে করেন নি বোধহয় ওদের দিকে তাকিয়ে। আর শেষে এ কথা বলব যে মোটর পার্টসের উপর ট্যাক্স কমাবার প্রসঙ্গে যে কথা বলেছেন যে ১৫ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট করেছেন এবং ভেসজের উপর ট্যাক্স কমিয়েছেন সেটা অভিনন্দনযোগ্য। কিন্তু মাননীয় অর্থমন্ত্রীকে আমি অনুরোধ করব যে ট্রাক আমাদের পশ্চিমবাংলায় ১২ পারসেন্ট আছে, বিহারে ১১ পারসেন্ট এবং ইউ. পি-তে ৮ পারসেন্ট। পশ্চিমবাংলায় একটা ট্রাকের দাম এক লক্ষ, কি এক লক্ষের উপরে তারা ৩ পারসেন্ট লেস পাবার জন্য, একটা ট্রাকে ৩ হাজার টাকা কম পাবার জন্য অনেক পশ্চিমবাংলার বাসিন্দা ইউ. পি. থেকে ট্রাক কিনে আনে যেহেতু ভারতবর্ষের সর্বক্ষেত্রে বিক্রয় হতে পারে। এটা একটা ন্যাশানাল কোয়েশ্চেন, একটা ন্যাশান্যাল ইসু, অতএব এখানে কম্পিটিশন না করে আমাদের ট্যাক্স কমিয়ে না দিয়ে দিল্লি এবং বিভিন্ন প্রদেশের মুখ্যমন্ত্রীদের সঙ্গে আলোচনা করে ঠিক করা হোক যে সারা ভারতবর্ষে মোটর ট্রাক চেসিস-এর উপর ট্যাক্স করা হোক তাতে আমাদের রেভিনিউ অনেক বেশি আর্ন হবে। তাই মাননীয় মহাশয়কে অনুরোধ করবো যে আপনি মোটর পার্টসের উপর ট্যাক্স কমিয়েছেন ১৫ পারসেন্ট থেকে ১২ পারসেন্ট করেছেন কিন্তু মোটর ট্রাক, চেসিস-এর উপর গাড়ির উপর যে অ্যানোমেলি আছে, যার জন্য আমরা অনেক টাকা লোকসান খাচ্ছি, সেটা যাতে না হয়। সে জন্য সারা ভারতবর্ষে যাতে একই রেট হয় তার জন্য আপনার কাছে অনুরোধ করব। আর পরিশেষে মাননীয় অর্থমন্ত্রীকে বলব, আমি জানিনা এর মধ্যে আছে কিনা, তবে আমি বলব যে আমি ওঁনার সমস্ত কিছুর সঙ্গে এক মত। শুধু দুঃখের সঙ্গে এবং অকপটে এ কথা বলতে চাই যে গঞ্জিকা সেবনকারিদের উপর আমার পক্ষপাতিত্ব আছে। কারণ পশ্চিমবাংলায় গত ৫ বছর যারা দেশ সেবা করে গেছেন কংগ্রেসিরা তারা বেশির

ভাগ গঞ্জিকা সেবন করেন বলে আমার ধারণা। উনি গাজার দাম একটু বাড়িয়েছেন, আমি তার জন্য খুব দুঃখিত। কারণ গাঁজার দাম বেড়ে গেলে ঐসব কংগ্রেসিরা গাঁজা খাবে কি করে, আর দেশ শাসন করবে কি করে? কাজেই এটা একটু ভেবে দেখতে বলছি। পরিশেষে উনি যে অ্যামেণ্ডমেন্ট এনেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানাই এবং অভিনন্দন করি এবং সাধারণ মানুষের কল্যাণের জন্য যে ব্যবস্থা করেছেন তাঁকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অশোক মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার চার সহযোগী সভ্য এই সংশোধনীর উপর বক্তব্য রেখেছেন আমি তাদের কাছে কৃতজ্ঞ এবং কতকগুলি মোটামুটি তারা সমর্থন জানিয়েছেন এবং দু-একটা ব্যাপারে আমার দৃষ্টি আকর্ষণ করেছেন তারজন্য অধিকতর কৃতজ্ঞ। একটা ব্যাপারে এখানে আমার স্বীকার করে নেওয়া ভাল যে আমরা কেউই সর্বজ্ঞ নই। আমাদের কতকগুলি বিচারে পৌঁছুতে হয়—যেমন ধরুন কোনটা ভাল, কতটা কর কার উপর প্রয়োগ করতে হবে ইত্যাদি ইত্যাদি। এই বিচারগুলি কোন কোন সময় ঠিক হয়, আবার কোন কোন সময় ভুল হয়। তবে যখন আমাদের উপর দায়িত্ব পড়েছে, আমরা এই বছর কতকগুলি সিদ্ধান্তে এসেছি। এমনও হতে পারে আমরা যখন দেখব যে এই কর কিভাবে প্রযুক্ত হতে পারবে, আগামী ৫/৬ মাস দেখার পরে আর একটা সুযোগ আমাদের ফেব্রুয়ারি মাসে আসবে তখন আবার নতুন করে কর ব্যবস্থা বিন্যাসের জন্য যে সমস্ত আলাপ-আলোচনা হল তা থেকে কিছু কিছু গ্রহণ করবার চেষ্টা করতে পারব। একটা ব্যাপারে মাননীয় সদস্যদের বলি, কেউ কেউ বলেছেন যে সরলীকরণ করা প্রয়োজন এই বিক্রয় কর ব্যবস্থা। আমি এটা সর্বান্তকরণে সমর্থন করি। ১৯৪১ সালের আইন, ১৯৫৪ সালের আইন, এই যে বিক্রয় ব্যবস্থার দুটো আইন পাশাপাশি যা আছে, এটাতে নানারকম পরিস্থিতির উদ্ভব হচ্ছে। কোনও কোনও ক্ষেত্রে সাধারণ মানুষেরাই ভুক্তভোগী হন। ব্যবসায়ীরা এখান থেকে ওখানে ঘুরিয়ে-ফিরিয়ে নানারকমভাবে ঠকিয়ে পর্যদস্ত করেন।

[5-00 — 5-10 p.m.]

এবং এটা করে, এই যে একটা অনাচার চলছে আমাদের দেশে এটা হয়তো পুরোপুরি বন্ধ করা যেতে পারে। এমন একটা দিন আসবে, যেদিন আমরা এই দুটো আইনকে একই আইন করতে পারব। আগামী বছর করতে পারব কিনা সেটা আমি প্রতিশ্রুতি দিতে পারছি না, তবে আমি চেষ্টা করব একটা কমিটি করে—আমি এটা দেখবার চেষ্টা করব একত্রিত করা যায় কিনা। তাহলে হয়তো সবদিক দিয়ে সুবিধা হবে। মাননীয় সুভাষবাবু বলেছেন আমাদের দৃষ্টি দেওয়া উচিত, অনেক বকেয়া কর পড়ে আছে। বিক্রয় করের ব্যাপারে প্রায় ৯০ কোটি টাকা বাকি পড়ে আছে। কতটা আদায় করা যাবে, কতটা তামাদি হয়ে গেছে, এই অবস্থায় বোঝা মুস্কিল। তবে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। কিছুটা আমাদের যে বিক্রয় কর ব্যবস্থা আছে, তার কিছুটা সম্প্রসারণের চেষ্টা আমি করছি। সব কথার শেষ কথা হচ্ছে, এই যে আমাদের প্রশাসন ব্যবস্থা, তাতে এক ধরনের সততা ফিরিয়ে আনা। আর তার যে নৈতিক মান, সেটা আরও উপরে তুলে ধরা। আমাদের দেশে যে ধরনের স্বৈরাচার চলছে, নৈরাজ্য চলছে, নীতিহীনতা চলেছে, মন্ত্রীরা যেখানে নীতিহীন, সেখানে আপনারা কি করে

আশা করতে পারেন শাসন ব্যবস্থায় নীতি থাকবে? সমস্ত কিছুতে মরচে পড়ে গেছে। আস্তে আস্তে করে আমাদের নীতির মানটাকে তুলতে হবে। সেটা সর্বক্ষেত্রেই যেমন তুলতে হবে, তেমনি বিক্রয় কর ব্যবস্থা এবং বিক্রয় কর সংগ্রহের ব্যাপারেও সেটা করতে হবে। সেটা অত্যন্ত দুরূহ ব্যাপার, তবে এই বিশ্বাস আমার আছে যে আমাদের পশ্চিমবাংলার যে অধিবাসী, তারা সবাই যখন প্রতিজ্ঞা নিয়েছেন নীতিতে ফিরব, আদর্শে ফিরব—যারা এই কর আদায় করেন, তাদের মধ্যে আমি সম পরিমাণ আদর্শ ফিরিয়ে আনতে পারব, তারা আমাদের সঙ্গে সহযোগিতা করবেন, কি করে এই যে কর ব্যবস্থা, এই করের হার না বাড়িয়ে, কি করে রাজস্ব বাড়ানো যায়। তা যদি হয় তাহলে সাধারণ মানুষ সামান্য একটু আশা পায়, সেই সুযোগটা আমি যে আশা করছি, আমাদের যে সহযোগী কর্মচারীরা রয়েছেন, তারা তৈরি করে দেবেন। তারা বকেয়া যে করটা আছে, সেটা যাতে ভালভাবে আদায় করা যায় তার ব্যবস্থা করে দেবেন। আর একটা ব্যাপার মাননীয় সদস্যরা বলেছেন যে অনেক সময় করের ভার যখন অত্যন্ত সামান্য হয়, ব্যবসায়ীরা তার সুযোগ নেয়। সাধারণ লোকেরা জানতে পারে না, তারা ভাবছে সরকারের কর বেড়েছে তাই ব্যবসায়ীরা দাম বাড়িয়েছে। কিন্তু এটা সাধারণকে বলবার দায়িত্ব আমাদের, আপনাদের সকলের। নগরে, গঞ্জে, গিয়ে আমাদের সাধারণ লোককে বোঝাতে হবে সরকার কতটা কর নিচ্ছে। আর অসাধুরা কতটা নেবার চেষ্টা করছে। সেই চেষ্টা তারা করে যাবেন। যতদিন তারা নিজেরা না ফেরেন যতদিন তাদের মুনাফার চোখ চকচক করে থাকবে, ততদিন তারা সাধারণ লোকের সঙ্গে শঠতা করে যাবে। তারা যাতে সফল না হয় সেই দায়িত্ব আমাদের এবং সেই দায়িত্ব আমাদের পুরোপুরি নিতে হবে। সাধারণ লোকের সঙ্গে, আমাদের যখন এই বিধানসভা শেষ হয়ে যাবে, আমাদের প্রত্যেকটি অঞ্চলে, কেন্দ্রে ফিরে গিয়ে সাধারণ লোককে বোঝাতে হবে যে সরকার কতটা নিচ্ছে, কেন নিচ্ছে এবং কতটা ব্যবসায়ীরা ফাঁকি দিয়ে নেবার চেষ্টা করছে। এছাড়া কোনও উপায় নেই। আর দু-একটা কথা রাধিকাবাবু বলেছেন ট্রাকের ব্যাপারে, আমাদের এখানে এখন মোটর গাড়ির ক্ষেত্রে করের হার কম। ট্রাকের হার অন্যান্য রাজ্যের তুলনায় সামান্য একটু বেশি, এই ব্যাপারটা একটু পর্যালোচনা করে দেখছি। আপনারা হয়তো জানেন মোটর গাড়ির যন্ত্রপাতি, ট্রাকের যন্ত্রপাতির ক্ষেত্রে আমরা এবার করের হার একটু কমিয়ে দিয়েছি, রাধিকাবাবু সেটা নিজে উল্লেখ করেছেন, যাতে করে প্রতিযোগিতায় পশ্চিমবাংলা দাঁড়াতে পারে, এখানে যাতে বিক্রয় ব্যবস্থা কমে না যায় এবং রাজস্ব ব্যবস্থা কমে না যায় এবং ট্রাকের ক্ষেত্রে আমি খানিকটা নিশ্চয়ই দেখব, এই বছর যে ধরনের সংশোধনী আনা হলো, তার ফল কি হয়, যদি প্রয়োজন দেখা দেয় তাহলে ফেব্রুয়ারি মাসে নিশ্চয়ই বিবেচনা করব। সবশেষে আমার পুরানো কথাতে ফিরি, ধরুন এটাতো কোনও নিষিদ্ধ ব্যাপার নয়, এটা হচ্ছে এক ধরনের প্রস্তাবাদি থেকে আপনারা কিছু পর্যালোচনা করেন, আপনাদের যে আলোচনা, পর্যালোচনা, সমালোচনা ছিল, সেটা শুনে আমরা কিছুটা শোধরাবার চেষ্টা করি, কিন্তু কিছুটা ভুল ত্রুটি নিশ্চয় আছে, সেটা থেকে যাবে এবং সেই ভুল ত্রুটি কিছুটা আছে, সেটা আমরা অভিজ্ঞতার ভিতর থেকে বুঝতে পারব। কিন্তু সেই অভিজ্ঞতার ভিতর দিয়ে আমরা যখন যাব, তার ফল নিশ্চয়ই আমরা ফেব্রুয়ারি মাসে পাব, সেই সময় বিক্রয় কর ব্যবস্থার দিকে আর একবার পর্যালোচনা করে নতুন করে যদি কোন সংশোধনী আনার প্রয়োজন হয় তাহলে সেটা ফেব্রুয়ারি মাসের বাজেটে আনব। এই সঙ্গে আর একটা কথা যোগ করে আমার বক্তব্য শেষ

করব, সেটা হচ্ছে প্রবেশ পণ্য কর সম্পর্কে এখানে আমাদের এই শেসানে কোনও কথাবার্তা হয়নি। কিন্তু এর আগের শেসানে কিছু পর্যালোচনা হয়েছিল। এই পণ্য প্রবেশ কর সম্পর্কে কিছু কিছু আশংকা আছে ; কর প্রয়োগের ব্যাপারে, হারের ব্যাপারে, ইত্যাদি ইত্যাদি ব্যাপারগুলি আমরা পর্যালোচনা করে দেখছি এবং আমরা এ বিষয়ে যথা সম্ভব ব্যবস্থা নেব। অনেক ক্ষেত্রে আইনের সংশোধন না করেই নোটিফিকেশনের মাধ্যমেই ব্যবস্থা গ্রহণ করা সম্ভব এবং এই বিষয়গুলির ক্ষেত্রেও সেরকম কিছু করা হবে। এই কয়টি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 p.m.]

The motion of Dr. Ashok Mitra that the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977, be taken into Consideration was then put and agreed to.

## Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra** : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977

**Dr. Ashok Mitra** : Sir, I beg to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra** : Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977, be taken into consideration. এই বিলটি মুভ করতে গিয়ে সামান্য একটি দুটি বাক্য আমি বলব। আমাদের দলিল-দস্তাবেজের উপর স্ট্যাম্প ডিউটি যেটা বসানো হয় সেটার ১৯৬৪ সাল-এর পর থেকে বিশেষ কোনও পরিবর্তন হয়নি। একমাত্র সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে কিছু পরিবর্তন করা হয়েছিল কয়েক বছর আগে। তাছাড়া অন্যান্য দলিল-দস্তাবেজের স্ট্যাম্প ডিউটি অপরিবর্তিত রয়েছে। অথচ মূল্যমান বেড়েছে, সরকারি খরচ বেড়েছে। সেইজন্য আইনমন্ত্রীর সঙ্গে পরামর্শ করে আমি এই বিল উত্থাপন করেছি এবং এ ব্যাপারে বাজেটেও উল্লেখ করেছি। যে পরিবর্তন হবে তাতে বাড়তি ৩ কোটি টাকার রাজস্ব পাওয়া যাবে। আমি দুটো একটা বিষয়ে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে আমরা বিশেষ দৃষ্টি রেখেছি। ৫০ হাজার টাকা পর্যন্ত মূল্যের সম্পত্তির স্ট্যাম্প ডিউটি বাড়ছে না। ৫০ হাজার টাকার বেশির ক্ষেত্রে

প্রগতিশীলহারে কিছু কিছু হার বাড়ানো হচ্ছে। তা ছাড়া অন্যান্য যে সমস্ত দলিল-দস্তাবেজের উপরে কিছু কিছু পরিবর্তন করা হচ্ছে, সেগুলি বিলের যে সূত্র তার ভেতরে মাননীয় সদস্যারা দেখতে পাবেন। অধিকাংশ ক্ষেত্রেই আমরা নজর রেখেছি যাতে সাধারণ লোকের অসুবিধা না হয়।

**শ্রী পতিতপাবন পাঠক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে স্ট্যাম্প অ্যাক্ট সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলতে চাই যে যাঁরা নিম্ন-মধ্যবিত্ত সম্পন্ন মানুষ তাঁরা এই স্ট্যাম্প অ্যাক্টের আওতার মধ্যে আছে এবং সেখানে কিছু কিছ ক্ষেত্রে বৃদ্ধি করা হয়েছে। আমার মনে হয় যদি উপর তলায় পরিবর্তন করে নীচুর তলায় কমানো যায় তাহলে খুব ভালো হয় মাননীয় অর্থমন্ত্রী যখন পুনরায় এ বিষয়ে পুনর্বিন্যাস করবেন তখন বিবেচনা করে দেখবেন। আমি আর একটা বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি, আমরা যারা ট্রেড ইউনিয়নের সাথে যুক্ত আছি বিশেষ করে যাঁরা শ্রমিক তাঁদের এফিডেফিট বা অন্য কাজের জন্য স্ট্যাম্প ডিউটি দিতে হয়। সেই সমস্ত বেকার শ্রমিক যাঁরা মালিকদের বিরুদ্ধে সংগ্রাম রত অবস্থায় আছে তাদের যদি এই স্ট্যাম্প অ্যাক্টের আওতা থেকে রেহাই দিতে পারেন তাহলে আমার মনে হয় এটা আরও জনপ্রিয় হবে। পরিশেষে এই যে অ্যামেণ্ডমেন্ট এনেছেন তাঁকে পরিপূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সিদ্ধেশ্বর মণ্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় মন্ত্রী মহাশয় যে ইণ্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট বিল এনেছেন তা আমি সমর্থন করছি। মন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতায় বলেছিলেন যে কিছু কিছু ক্ষেত্রে ট্যাক্স বসানো হবে এবং তা বিশেষ করে ধনিক শ্রেণীর উপর পড়বে। তিনি বলেছিলেন প্রোগ্রেসিভ ট্যাকসেশন আনা হবে। আমি দেখছি তিনি তাই করেছেন। এই বিলের মধ্যে আমি দেখছি অ্যাডমিনিস্ট্রেটিভ বণ্ড একটা রয়েছে সেখানে দেখা যাচ্ছে এই বণ্ডের মধ্যে অধিকাংশই ধনিক শ্রেণীর লোক এই আওতার মধ্যে পড়ে, গরিব নয়। যদি প্রোগ্রেসিভ ট্যাকসেশান কিছু বাড়ে তাতে গরিব লোকের কোনও ক্ষতি হবে না। এই প্রোগ্রেসিভ ট্যাকসেশানের দ্বারা আমাদের বাজেটে যে ডেফিসিট রয়েছে তা কিছুটা মেক্ আপ করা যাবে।

আর একটা জিনিস হচ্ছে অ্যাডপশন বিল সম্বন্ধে। এতে দেখা যাচ্ছে অপেক্ষাকৃত ধনী লোক যারা তাদের উপরই এটা পড়বে, গরিবদের উপর নয়। তারপর এফিডেফিট যেটা ছিল তাতে আগে ২ টাকা লাগত এখন ৫ টাকা করে একটু বেশি করা হয়েছে। কিন্তু তাহলেও মোটামুটিভাবে আর্থিক মান কমে গেছে তাতে মনে হয় এটা ঠিকই আছে। এই বিলের অ্যামেণ্ডমেন্ট বহুদিন পরে হচ্ছে, এর ফলে আর্থিক যে ডিভ্যালুয়েশন হয়েছে তাতে ২ টাকার জায়গায় ৫ টাকা হলে গরিবদের তিনি যে স্ট্যাম্প অ্যাক্ট এনেছেন তার ফলে যে প্রোগ্রেসিভ ট্যাকসেশন হবে তারজন্য তাঁকে ধন্যবাদ দিয়ে আমি শেষ করছি।

**ডঃ অশোক মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বক্তব্য আমি খুব শ্রদ্ধার সঙ্গে শুনেছি, যে ধরনের পরিবর্তনের হার স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে করা হয়েছে সেটা আমরা বিচার করেই করেছি। ১২/১৩ বছর এর কোনও পরিবর্তন হয়নি। দু-একটি ক্ষেত্রে

অসুবিধা দেখা যেতে পারে যেমন এফিডেফিটের ক্ষেত্রে ৩-এর জায়গায় ৫ টাকা করা হয়েছে। মাত্র ৪/৫ মাস আমাদের সামনে আছে—ফেব্রুয়ারি আমরা আবার নতুনভাবে এটা বিচার করব। তখন যদি দেখা যায় অসুবিধা হচ্ছে আবার কিছু পরিবর্তন করা যাবে। উপস্থিত ক্ষেত্রে ৫ টাকাই রেখে দিচ্ছি। এটা পরিবর্তন সাপেক্ষ, তবে যদি খুব অসুবিধা হয় তাহলে সাময়িকভাবে যারা অসুবিধা ভোগ করবেন তাঁদের সেই অসুবিধার হাত থেকে অব্যাহতি দিতে পারি এর বেশি কিছু বলার নেই আমি খুব কৃতজ্ঞ আপনারা সমর্থন করেছেন বলে।

The motion of Dr. Ashok Mitra that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 3 and Preamble**

The question that Clauses 1 to 3 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1977, as settled in the Assembly, by passed.

The motion was then put and agreed to.

[5-20 — 5-30 p.m.]

**The Bengal Amusements Tax (Amendment) Bill, 1977**

**Dr. Ashok Mitra :** Sir, I beg to introduce the Bengal Amusements Tax (Amendment) Bill, 1977.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Amusements Tax (Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পঞ্চম বিল আপনার সামনে উপস্থাপিত করছি। কথায় আছে সব ভাল যার শেষ ভাল। সেই হিসাবেই আমি আশা করছি যে এই বিলকে বিশেষ কিছু আপত্তি হবে না। এই বিল সম্বন্ধে আমি বাজেটে উল্লেখ করেছিলাম যে পশ্চিমবাংলায় সিনেমা শিল্প একটা মস্ত বড় সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। এর ফলে যাঁরা শিল্পী তাঁরা দুর্দশার মধ্যে আছেন, যাঁরা প্রযোজক, ডাইরেক্টর, তাঁদের অবস্থাও সঙ্গীন। সাদা-কালো পশ্চিমবাংলায় যে ছবি তৈরি হয় তারাও মস্ত বড় একটা সংকটের মধ্যে থাকে। এবং কিভাবে যে তারা মুক্তি পাবেন সেটা বুঝতে পারছি না। আমাদের সংবিধানের যে ব্যবস্থা তাতে এটা করা সম্ভব নয়। অর্থাৎ পশ্চিমবাংলায় যে ছবি তৈরি হচ্ছে তার জন্য বিশেষ ব্যবস্থা করব এবং বাইরের ছবির জন্য অন্যরকম ব্যবস্থা হবে। সংবিধানের ধারা অনুযায়ী যদি কোনও ব্যবস্থা নিই তাহলে

মুশকিল হবে। সেজন্য আমাদের চেষ্টা করতে হচ্ছে কিভাবে এই মুহূর্তে পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্পকে সামান্য একটু বাড়তি সাহায্য দিতে পারি। ১৯৭৪, ৭৫, ৭৬ এই তিন বছরের পশ্চিমবাংলায় চলচ্চিত্র তৈরি হয়েছে ১০৩টির মতো—১০১টি সাদা-কালো, এবং দুটি রঙিন ছবি। অথচ পশ্চিমবাংলায় গত তিন বছরে যে ছবি দেখানো হয়েছে তার শতকরা ৬৫ ভাগই হচ্ছে রঙিন ছবি। এবং এর বেশিরভাগই বাংলাদেশের বাইরে থেকে এসেছে। সেজন্য এই মুহূর্তে রঙিন চিত্রের উপর যদি বাড়তি সারচার্জ আরোপ করি তাহলে সাদা-কালো ছবি যাঁরা পশ্চিমবাংলা তৈরি করছেন তাঁরা খানিকটা সুবিধা পাবেন। সেজন্য এই প্রসেস আমি এনে বলতে চাই এই রঙিন ছবি তৈরি করার উপর কেন কর আরোপ করা হয়েছে? কাঁচা ফিল্মের উপর কোনও কর আরোপ করা হচ্ছে না। রঙিন ছবি যাঁরা দেখতে যাবেন তাদের উপরই এটা আরোপ করা হচ্ছে। ছবি দেখার জন্য দীর্ঘ কিউ আছে দেখেছি—অনেক সময় ২০০, ৩০০ গজ এটা হয়ে থাকে। আমি যে সারচার্জ করছি তাতে তাঁদের কিছু বাড়তি ট্যাক্স দিতে হবে। অর্থাৎ যে মোহ আছে তা নির্ভর করেই আমি এটা করেছি। এই বাড়তি সারচার্জ সম্বন্ধে আমি একটা ধারণা আপনাদের দিচ্ছি—যে টিকিট ৭৫ পয়সা ছিল সেটা ১.০০ টাকা হবে, ১.৪০ পয়সারটা ১.৯০, ২.০৫ টা ২.৫৫, ৪.৪০ টা ৫.৭৫, ৫.৪০ টা ৬.৪০। ৫.৪০ পয়সা দিয়ে যাঁরা সিনেমা দেখতে পারেন তাদের ৬.৪০ পয়সা দিয়েও দেখতে কোনও অসুবিধা হবেনা। সুতরাং এটা নিয়ে মাথা-ব্যথার কোনও কারণ নেই। তবে এই সঙ্গে যোগ করতে চাই যে এটা স্থায়ী ব্যবস্থা নয়, যে আমরা চিরকালই দু-একটা রঙিন ছবি করব। আমাদের অন্য রকম সংকল্প আছে, বাংলা দেশের চলচিত্রের মান যাতে উন্নত করা যায় সেই বিষয়ে আমরা চিন্তা-ভাবনা করছি। সেজন্য আমার বাজেট ভাষণে বলেছিলাম এই যে আমরা আনুমানিক ৫ কোটি টাকা পাব তার কিছুটা আমাদের যে দুর্গত শিল্পী এবং কারিগর তাদের জন্য ব্যয় করা হবে। আমরা একটা আলাদা বরাদ্দ রেখে দেব যাতে পশ্চিমবাংলায় একটা রঙিন ফিল্ম ল্যাবোরেটরি গড়ে তুলতে পারি। আমরা এমন একটা ফিল্ম ল্যাবোরেটরি গড়ব যেখানে ভারতবর্ষের অন্যান্য জায়গায় যেমন বোম্বে, দিল্লি, মাদ্রাজ এই সমস্ত জায়গায় লোক আমাদের পশ্চিমবাংলার ফিল্ম ল্যাবোরেটরিতে রঙিন ছবি প্রসেস করতে নিয়ে আসবে। আমরা সেই ব্যাপারে চিন্তা-ভাবনা শুরু করে দিয়েছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রদ্ধেয় অর্থ মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। কারণ, বাংলার চলচিত্র শিল্প অত্যন্ত সংকটের মুখোমুখি, খুব স্বাভাবিকভাবেই তার বাজার সংকুচিত, সমগ্র ভারতবর্ষে তার বাজার নেই, তাই রঙিন চিত্রের উপর ট্যাক্স বসিয়ে বাংলা চলচিত্র শিল্পের উন্নয়ন-এর প্রস্তাব খুব ভাল। গুণগত বিচারে বাংলা চলচিত্র শিল্পের উৎকর্ষ সম্পর্কে কোনও প্রশ্ন উঠে না, আর্থিক সাহায্য পেলে সেগুলি উন্নতি লাভ করতে পারে এবং আন্তর্জাতিক ক্ষেত্রেও যেখানে পশ্চিমবাংলার বড় বড় প্রযোজকরা খ্যাতি অর্জন করে এসেছেন, সম্মানের শিরোপা নিয়ে এসেছেন, ঋত্বিক ঘটকের মতো শিল্পি পশ্চিমবাংলায় জন্মগ্রহণ করেছেন, আরও প্রোথিত যশা প্রযোজকরা থাকা সত্ত্বেও এখানে ভাল ছবি বেশি উৎপন্ন করতে পারেন না আর্থিক আনুকূল্যের অভাবে। আমি তাই মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব রাখব যদি সিনেমার ব্যাপক প্রসার গ্রামাঞ্চলে ঘটানো যায়, টেম্পোরারি সিনেমা যদি ব্যাপকভাবে গ্রামাঞ্চলে ছড়িয়ে দেওয়া যায়, গ্রামাঞ্চলে

সাধারণ মানুষের আনন্দ বিনোদনের সুযোগ অত্যন্ত কম, সেখানে ব্যাপকভাবে যদি টেম্পোরারি সিনেমা খোলা হয় তাহলে সেখান থেকে ট্যাক্স আদায় হতে পারে এবং তা দিয়ে সিনেমা শিল্পের উন্নয়ন ঘটতে পারে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যেন এটা বিবেচনার মধ্যে রাখেন। গ্রামাঞ্চলে যদি সিনেমা হয় তাহলে সেখানকার কর্মক্ষম যুবকদের সহায়তা করা যায়, তাদের ব্যবসা করার সুযোগ তৈরি করা যায়। আমাদের বাঙালিদের পুরানো বদনাম আছে যে বাঙালিরা ব্যবসায় বিমুখ। আজকের দিনে ছেলেরা চাকরি না পেয়ে ব্যবসা করতে চায়। গ্রামাঞ্চলে যে সিনেমার লাইসেন্স দেওয়া হয় সেক্ষেত্রে যারা বিত্তশালী লোক তারাই এই লাইসেন্স পায়। আমার প্রস্তাব হচ্ছে গ্রামের বেকার যুবকদের অগ্রাধিকার দিয়ে গ্রামাঞ্চলে সিনেমার বিকাশ ঘটানো হোক। তাতে আমার মনে হয় সিনেমা হ্যাবিট গড়ে উঠবে এবং তাতে প্রভূত ট্যাক্স আদায় হতে পারে এবং চলচিত্রে শিল্পের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে সেটা ব্যয় হতে পারে। এই ট্যাক্স সমর্থন করতে গিয়ে বলতে হচ্ছে আদতে কিন্তু এটা পড়ছে জনসাধারণের উপর। সিনেমা সর্ব স্তরের মানুষ দেখেন, সাধারণ মানুষ, মধ্যবিত্ত মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষ। তারা সিনেমা হলকে তাদের মুখ্য সময় কাটানোর উপায় হিসাবে গ্রহণ করেন। কার্যত এই ট্যাক্সটা একটা নতুন বোঝা হিসাবে জনগণের উপর পড়ল, তা সত্ত্বেও সর্ব ভারতীয় ক্ষেত্রে রঙিন চলচিত্র ছাড়া প্রযোজনা হচ্ছে না, রঙিন ছবিতে বাজার ছেয়ে যাচ্ছে, রঙিন ছবি দিয়ে যে মোহময় পরিবেশ রচনা করা হয় তাতে দর্শকদের সহজে আকৃষ্ট করা যায়, সেজন্য বাংলা চলচিত্র মার খাচ্ছে, সেদিক থেকে তার এই প্রচেষ্টাকে সাধুবাদ জানাতে হয়। আমি তাকে অভিনন্দন জানিয়ে এই বিলকে সমর্থন করছি, সঙ্গে সঙ্গে কিন্তু যে মুখ্য উদ্দেশ্যে এই বিলটা আনা হল সেই মুখ্য উদ্দেশ্যকে আরও সাফল্যমন্ডিত করে তুলতে হলে গ্রামাঞ্চলে সিনেমা শিল্পের আরও ব্যাপক প্রসার ঘটিয়ে বেকার কর্মক্ষম যুবকদের ব্যবসা করার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হোক। এই প্রচেষ্টা তাকে নেওয়ার অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-33 p.m.]

**ডঃ অশোক মিত্র :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় সদস্য জয়ন্তবাবু যে কথা বললেন আমি তা মন দিয়ে শুনেছি এবং তার বক্তৃতা আমার খুব ভাল লেগেছে। আমি মাত্র কয়েক দিন আগে আমাদের তথ্য মন্ত্রী মহাশয়ের সঙ্গে আলাপ করছিলাম যে, যুদ্ধের সময় আমরা দেখেছি সৈন্য সামন্তদের জন্য অনাড়ম্বর কুটিরের মধ্যে সিনেমা দেখানো হোত। আমরা সেই রকম সিনেমা দেখাবার ব্যবস্থা গ্রামাঞ্চলে ছড়িয়ে দিতে না পারলেও সংক্ষিপ্ত ব্যয়ে সাধারণ মানুষের কাছে কিছু আনন্দের খোরাক পৌঁছে দেবার চেষ্টা করছি এবং সেই কথার প্রতিধ্বনি আমরা জয়ন্তবাবুর বক্তব্যের মধ্যে পেলাম। এই ব্যাপারে তিনি যে আমাদের সমর্থন জানাচ্ছেন তাতে আমি খুবই আশার আলো পেলাম এবং তাকে এটা বলতে পারি এটা নিয়ে আমরা ভাবি এবং আশা করি ৬ মাসের মধ্যে এই বিষয়ে আমরা একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে পারব। আমরা যদি বাংলাদেশের কিছু কিছু গ্রামাঞ্চলে এই ধরনের সিনেমা সংক্ষিপ্ত ব্যয়ে ছড়িয়ে দিতে পারি তাহলে কিছু বেকার যুবকের কর্মসংস্থানের যারা প্রবর্তন করেছিলেন তাদের কারও কারও সম্বন্ধে আমরা গর্ব অনুভব করি এবং শুধু আমরাই গর্ব

অনুভব করি না সারা ভারতবর্ষের লোকের মুখে মুখে তাদের না করি তাহলে ওই পুরানো ঐতিহ্যে আমরা ফিরে যেতে পারব না কাজেই সেই মনঃসংযোগ আমাদের করতেই হবে। তারপর রঙিন ছবির ব্যাপারে নূতন একটা জিনিস দেখা দিয়েছে। এটাকে সম্পূর্ণরূপে গ্রহণ করে তার উপর নির্ভর করে যাতে আমরা ব্যবসায়িক দিক থেকে সফল হতে পারি সেই দিকে আমাদের নজর দিতে হবে এবং তার প্রাথমিক সোপান হচ্ছে ফিল্ম লেবোরেটরি। আমি আশা করি আপনাদের সকলের সহযোগিতা পাব এই ফিল্ম লেবোরেটরি প্রতিষ্ঠার ব্যাপারে।

The motion of Dr. Ashoke Mitra that the Bengal Amusements Tax (Amendment) Bill, 1977, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1 to 2 and the Preamble

The question that clauses 1 and 2 and the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Ashok Mitra :** Sir, I beg to move that the Bengal Amusements Tax (Amendment) Bill, 1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 5.33 p.m. till 1 p.m. on Tuesday, the 20th September, 1976, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 20th September, 1977 at 1-00 p.m.

### PRESENT

Mr. Dy. Speaker (Shri Kalimuddin Shams) in the Chair, 9 Ministers, 5 Ministers of State and 217 Members.

[1-00 - 1-10 p.m.]

### Held over Starred Questions (to which oral Answers were given)

### State Buses and Trams in Calcutta

*107. (Admitted question No. *174) **Shri Suniti Chattoraj** : Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the average number of State buses and trams put daily on the roads in Calcutta during the months of June, July and August, 1977 and during the corresponding months in 1976, 1975 and 1974 ; and

(b) the average daily earnings of C.S.T.C., and C.T.C. during the periods mentioned above?

**Shri Mohammad Amin** : A statement is laid on the Table of the Library.

### Calcutta State Transport Corporation.

A. Average number of State buses daily put on road in Calcutta.

| Year | June | July | August |
|---|---|---|---|
| 1977 | 503 | 431 | 455 |
| 1976 | 553 | 568 | 523 |
| 1975 | 473 | 509 | 516 |
| 1974 | 465 | 497 | 474 |

B. Average daily earnings (in rupees)

| Year | June | July | August |
|---|---|---|---|
| 1977 | 1,54,518 | 1,41,722 | 1,49,683 |
| 1976 | 1,95,881 | 2,06,138 | 1,91,278 |
| 1975 | 1,15,226 | 1,32,132 | 1,69,969 |
| 1974 | 1,13,138 | 1,25,283 | 1,18,307 |

**Undertaking of the Calcutta Tramways Company Limited**

A. Average number of tram cars daily put on road in Calcutta.

| Year | June | July | August |
|---|---|---|---|
| 1977 | 279 | 268 | 276 |
| 1976 | 255 | 241 | 265 |
| 1975 | 269 | 261 | 286 |
| 1974 | 296 | 290 | 294 |

B. Average daily earnings (in rupees)

| Year | June | July | August |
|---|---|---|---|
| 1977 | 1,23,991 | 1,28,972 | 1,35,326 |
| 1976 | 1,29,658 | 1,23,806 | 1,30,056 |
| 1975 | 89,948 | 94,059 | 1,34,708 |
| 1974 | 95,819 | 96,448 | 1,00,973 |

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের ১৯৭৬-৭৭ এর রিপোর্টটা কি দয়া করে পড়ে দেবেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** লিখিত ভাবে উত্তর দিয়েছি, সেটা পড়ে নেবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ৭৬ সালের অনুপাতে ৭৭ সালে ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টের বাসের সংখ্যা অত্যন্ত কমে গিয়েছে সেটা কি মাননীয় মন্ত্রিমহাশয় জানেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** আমি তো বললাম যে লিখিত ভাবে জবাব দিয়েছি সেটা পড়ে নেবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে ৭৬ সালে এ্যাভারেজ ব্রেকডাউন ছিল ৪০.৯ আর ৭৭ সালে সেটা বেড়ে গিয়ে ৪৫.৮ পারসেন্ট হয়েছে এটা কি ঠিক?

**শ্রী মহম্মদ আমিন :** না সেটা ঠিক নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ :** কোন তথ্যের বেসিসে আপনি বলছেন এটা ঠিক নয়, সেটা জানাবেন কি?

**শ্রী মহম্মদ আমিন :** আমি যে স্টেটমেন্ট লিখিত ভাবে দিয়েছি সেটা পড়লেই বুঝতে পারবেন।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে ৭৭ সালে অ্যাভারেজ ডেইলি ইনকাম ৫০ হাজারের মতো কমে গেছে এটা কি ঠিক?

**শ্রী মহম্মদ আমিন :** আমি ডিটেলস সমস্ত প্রশ্নের জবাব লিখিত ভাবে দিয়েছি।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি যে বাসের ইনকাম এবং বাসের সংখ্যা কম হওয়ার জন্য স্টেট ট্রান্সপোর্ট দায়ী না অযথা সরকারি হস্তক্ষেপ এর জন্য দায়ী, কোনটা সত্যি?

**(নো রিপ্লাই)**

**শ্রী সুনীতি চট্টরাজ :** মন্ত্রী মহাশয় তাহলে কি জানাবেন, এই যে বাসের সংখ্যা কমে যাচ্ছে, ইনকাম কমে যাচ্ছে, এরজন্য স্টেট ট্রান্সপোর্ট অথরিটি দায়ী, না সরকারের অবাঞ্ছিত হস্তক্ষেপ দায়ী? জুন, জুলাই, আগস্ট থেকে আমরা দেখছি, এরজন্য কি বামফ্রন্ট সরকারের নীতি দায়ী?

**মিঃ ডেপুটি স্পিকার :** ইট ইজ এ ম্যাটার অব ওপিনিয়ন।

## Starred Questions
## (to which oral Answers were given)

### Re-organisation of Block level administration

*144. (Admitted question No. *60.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that the present Government is contemplating to reorganize the Block level administration; and

(b) if so, how the block level administration is proposed to be reorganised?

**শ্রী কমলকান্তি গুহ :**

(১) এবং (২) ব্লকস্তরে কৃষি বিভাগীয় কর্মচারীগণ অর্থাৎ এগরিকালচারাল একসটেনশন

অফিসার, অ্যাসিস্ট্যান্ট এগরিকালচারাল এক্সটেনশন অফিসার এবং গ্রামসেবকগণ বহু বৎসর যাবৎ কৃষি ছাড়াও ব্লকের অন্যান্য কাজকর্মে নিয়োজিত থাকিতেন।

নূতন ব্যবস্থায় ব্লকের উপরিউক্ত কর্মচারীগণ এবং গ্রামসেবকদের শতকরা পঁচাত্তরজন শুধু কৃষিকার্যের জন্যই সমস্ত সময় নিয়োজিত আছেন।

**শ্রী রজনীকান্ত দলুই :** মন্ত্রী মহাশয় বললেন যে শতকরা ৭৫ জন গ্রামসেবক কৃষি কার্যের ব্যাপারে নিয়োজিত আছে, কৃষিকার্যের ব্যাপারে কি রকমের সাহায্য গ্রামের কৃষকদের তাঁরা করেন দয়া করে জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** সাধারণত ৮০০ থেকে ১২ শত কৃষক পরিবারের মধ্যে প্রতি গ্রামসেবকের এলাকা সীমাবদ্ধ রাখা হয়েছে। প্রতিটা এলাকাকে ৮টি ভাগে বিভক্ত করে প্রতি ১৪ দিনে একটি নির্দিষ্ট স্থানে কৃষক প্রতিনিধিদের সঙ্গে গ্রাম সেবকদের যোগাযোগের ব্যবস্থা রাখা হয়েছে। সেইদিন গ্রামসেবকরা একবেলা কৃষক প্রতিনিধিদের প্রশিক্ষণ দেন এবং অপর বেলায় প্রত্যক্ষভাবে পরিদর্শন করে কাজ বুঝিয়ে দেন। এছাড়াও কার্যসূচী অনুযায়ী কৃষি সম্প্রসারণ আধিকারিক এবং উর্দ্ধতন সম্প্রসারণ আধিকারিকদের নির্দিষ্ট সময় অন্তর প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হয়েছে। প্রদর্শন ও প্রশিক্ষণের কিছু পরিবর্তনের কথা সরকার চিন্তা করছেন।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এটা পূর্বতন কংগ্রেস সরকারের নীতি, তারাই এটা করে দিয়েছিলেন তাহলে আপনারা নূতন কিছু সংযোজন ও পরিবর্তন করবেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ :** একটা জিনিস আমরা লক্ষ্য করেছি যে প্রথমত এই ৮শত থেকে ১২ শত এটা কমানোর কথা আমরা চিন্তা করছি। কারণ এটা অবাস্তব হয়ে দাঁড়িয়েছে, গ্রাম সেবকদের পক্ষে এটা সম্ভব নয় এত পরিবারের সঙ্গে যোগাযোগ রাখা এবং এই যে প্রদর্শন ও প্রশিক্ষনের যে পদ্ধতিটা রাখা হয়েছে এই ব্যবস্থার পরিবর্তন করার কথাও আমরা চিন্তা করছি যেটা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে সুপারিশ করা হয়েছিল। সেটা আমেরিকার ধনিক খামারের মালিকদের পক্ষে সম্ভব কিন্তু আমাদের দেশের গরিব কৃষকদের পক্ষে তাদের কাজকর্ম ছেড়ে ঐ শিক্ষণ কেন্দ্রে এসে বসে থাকা সম্ভব নয়। এর পরিবর্তনের কথা আমরা চিন্তা করছি।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এক্সটেনশন অফিসার বা অন্যান্য এগরিকালচারের যে সব স্টাফ আছে তাদেরকে একই অফিস বিল্ডিংএ বসতে হয় তাতে তাদের কোনও অসুবিধা হচ্ছে কি? আপনাদের নূতন কোনও বিল্ডিংএ বসানোর জন্য কোনও স্কীম আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** হ্যাঁ, এ.ই.ও. এবং অ্যাসিস্ট্যান্ট এ.ই.ও. এবং গ্রাম সেবকদের

জন্য কোয়ার্টার কাম অফিস আমরা শীঘ্রই শুরু করছি।

**Edible Oil**

*145. (Admitted question No. *330.) **Shri Naba Kumar Roy** and **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the State Government has received any communication from the Central Government informing the State Government of a racket for sale of substandard imported edible oil, and

(b) if so, what steps the State Government has taken in the matter?

**Shri Sudhin Kumar :**

(a) No.

(b) Does not arise.

**শ্রী রজনীকান্ত দলুই :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, ইকনমিক টাইমস্, ফ্রাইডে, জুলাই ২৯,১৯৭৭, তাতে দেখতে পাচ্ছি "Sub standard imported edible oil is being sold in place of Vanaspati. The Union Government has come to know about the racket and a circular has been issued to the State Government." একটা সার্কুলার সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে দেওয়া হয়েছে।

**মিঃ ডেপুটি স্পিকার :** Mr. Doloi, speak to your point I won't allow you to put supplementary in this way.

**শ্রী রজনীকান্ত দলুই :** আমি প্রশ্নটাই করছি, স্যার, সেই সার্কুলার আপনি পেয়েছেন কিনা?

**শ্রী সুধীন কুমার :** উনি শোনেননি উত্তরটা। উত্তরে ছিল যে না, কোনও সার্কুলার আসেনি।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রীমহাশয় Mr. Sudhin Kumar, Minister for Food said on Wednesday that he has received complaints that such mixed oil had been sold as mustard oil. অমৃতবাজার কাগজে যেটা বেরিয়েছে সেটা ঠিক না উনি যেটা বলছেন সেটা ঠিক?

**শ্রী সুধীন কুমার :** খবরের কাগজে কি লেখা আছে আমি জানিনা, খবরের কাগজের কথা, আমার কথা নয়।

[1-10—1-20 p.m.]

### মিসা হইতে মুক্তিপ্রাপ্ত দুর্বৃত্তের সংখ্যা

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১০।) **শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৭৬ সালের ২০ শে জুন থেকে ২৭শে অগাস্ট এবং ১৯৭৭ সালের ২০শে জুন থেকে ২৭শে অগাস্ট পর্যন্ত বিভিন্ন কারণে যেসকল দুর্বৃত্তকে গ্রেপ্তার করা হইয়াছিল তাদের মধ্যে সাম্প্রতিককালে মিসামুক্তিপ্রাপ্ত কতজন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ৩৬০ জন, আমি এখানে একটু বলে রাখি। মাননীয় সদস্য তাঁর প্রশ্নে জিজ্ঞাসা করেছেন ১৯৭৬ সালের ২০শে জুন থেকে ২৭শে আগস্ট এবং ১৯৭৭ সালের ২০শে জুন থেকে ২৭শে আগস্ট পর্যন্ত বিভিন্ন কারণে যে সকল দুর্বৃত্তকে গ্রেপ্তার করা হয়েছিল, তাদের মধ্যে সাম্প্রতিককালে মিসামুক্তিপ্রাপ্ত কতজন, এখন তারা দুর্বৃত্ত নয়- সন্দেহ করে তাদের গ্রেপ্তার করা হয়েছিল, বিনা বিচারে রাখা হয়েছিল, আমি উত্তরে বলেছি ৩৬০ জনকে সন্দেহ করে গ্রেপ্তার করা হয়েছিল।

**শ্রী বলাই বন্দ্যোপাধ্যায় :** আমার প্রশ্নটা এভাবে ঠিক ছিলনা সেক্রেটারিয়েট থেকে এই রকম করে দিয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় এটা জানাবেন কি ২০শে জুন এবং ২৭শে আগস্টের মধ্যে যাদের মুক্তি দেওয়া হয়েছে, এদের সম্পর্কে যে সমস্ত খবর কংগ্রেসিরা বলবার চেষ্টা করছে যে মিসা কেস মুক্তি দেবার জন্যই নাকি খুন জখম বেড়ে যাচ্ছে, এটা ঠিক কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই প্রশ্নটা স্বরাষ্ট্র বিভাগের সঙ্গে জড়িত, আমার বিভাগের সঙ্গে নয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** রাজনৈতিক মিসা বন্দীদের অ্যালাউয়েন্স দেবার কথা শুনা যায়, তাই প্রশ্নটা হচ্ছে এ সম্পর্কে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা দয়া করে জানাবেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** এই প্রশ্নের সঙ্গে এটা জড়িত নয় তাই সাপ্লিমেন্টারি কি করে উঠছে বুঝতে পারছিনা, নোটিশ দিলে উত্তর দিতে পারি।

**শ্রী রজনীকান্ত দলুই :** এই ৩৬০ জনের মধ্যে নকশাল বন্দী কতজন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় সদস্য প্রশ্নটা ধরতে পারেননি মনে হচ্ছে, প্রশ্নটা ছিল কতজনকে ছাড়া হয়েছে, তার উত্তরে আমি বলেছি ৩৬০ জন।

### রেশনে আতপ চাউল সরবরাহ

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭৯।) **শ্রী অশোককুমার বসু :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত কয়েক বছর ধরে রেশনে অধিক পরিমাণে আতপ চাউল দেওয়া হচ্ছে ; এবং

(খ) সত্য হলে, তার কারণ কি?

**শ্রী সুধীন কুমার :**

(ক) হ্যাঁ।

(খ) চালের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি ঘাটতি রাজ্য। সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে বিলি করার জন্য কোনও এক বৎসরে যে পরিমাণ চালের প্রয়োজন হয়, তাহার অধিকাংশই পাওয়া যায় কেন্দ্রীয় ভান্ডার হইতে। সিদ্ধ চালের অভ্যন্তরীন সংগ্রহের দ্বারা এই প্রয়োজনের অর্ধাংশও প্রায়শ মেটানো সম্ভবপর হয় না। কেন্দ্রীয় ভান্ডার হইতে যে চাল পাওয়া যায়, তাহার প্রায় সবটাই আতপ চাল। এই কারণে বিধিবদ্ধ ও সংশোধিত রেশনে যে চাল বিলি করা হয়, তাহার বেশির ভাগই আতপ চাল।

**শ্রী দেবশরণ ঘোষ :** মন্ত্রী মহাশয় জানাবেন কি সরকার এমন কোনও সিদ্ধান্ত নিয়েছেন কিনা যে আতপ চাল সংগ্রহ করার পরিবর্তে বাইরে থেকে ধান কেনা হবে কিনা?

**শ্রী সুধীন কুমার :** ধান কেনা আমাদের হাতে নয়। যে রাজ্য থেকে ধান কেনা হবে তাদের রাজ্যে চাল কল আছে। অতএব তারা তাদের রাজ্যের চালকলগুলির স্বার্থ দেখবে। যদি কোনও রাজ্য ধান বিক্রি করতে রাজী থাকে তাহলে নিশ্চয় আমরা সেটা ভেবে দেখব।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** যে রাজ্য থেকে আতপ চাল আমদানি করা হয় তাদের অনুরোধ করবেন কিনা যে আতপ চাল না দিয়ে সিদ্ধ চাল দেবার জন্য?

**শ্রী সুধীন কুমার :** অনুরোধ করলেই আতপ সিদ্ধ হয় না।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** অনুরোধ করলে কি হবে সেটা পরে জানা যাবে, কিন্তু এই সম্পর্কে সিদ্ধান্ত করেছেন কিনা?

**শ্রী সুধীন কুমার :** বিবেচনা করে অনুরোধ করতে হয়। যেখানে আতপ চাল ছাড়া নেই সেখানে সিদ্ধ চাল দিন একথা বলা অর্থহীন। এই রকম অনুরোধও তাই অর্থহীন হয়ে পড়ে।

## হাওড়া দেওয়ানি আদালতের নথী

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০২।) **শ্রী অরবিন্দ ঘোষাল :** বিচার বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া দেওয়ানি আদালতের নথী বর্তমানে কোথায় রাখা হয় ;

(খ) উক্ত আদালতের সংলগ্ন কোনও স্থানে এতদুদ্দেশ্যে একটি রেকর্ডরুম স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(গ) থাকিলে, উহা কি অবস্থায় আছে?

**শ্রী হাসিম আবদুল হালিম ঃ**

(ক) ডিস্ট্রিক্ট রেকর্ড রুম, চুঁচড়া, হুগলি।

(খ) হাওড়া দেওয়ানি আদালতের জন্য একটি রেকর্ড রুম তৈরি করা হয়েছিল। কিন্তু স্থানাভাবের জন্য ঐ বাড়িটিতে কোর্টের বিভিন্ন অফিস বর্তমানে অবস্থিত আছে ;

(গ) নিচের তলা খালি করে সেখানে নথিগুলি রাখার উদ্দেশ্যে উক্ত বাড়িটির ছাদের উপর অতিরিক্ত ঘর নির্মানের একটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

**মুর্শিদাবাদ জেলায় গৃহহীনদের বাস্তুজমি প্রদান**

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮০৭।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলায় কিছু গৃহহীনদের গৃহনির্মানের জন্য বাস্তু জমি দেওয়া হইয়াছে ;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয় তবে উহাদের সংখ্যা কত ;

(গ) উহাদের মধ্যে কতজন গৃহনির্মান করিয়া বসবাস কবিতেছেন ; এবং

(ঘ) কতগুলি গৃহ পরিত্যক্ত অথবা ভগ্ন অবস্থায় পড়িয়া আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) হাঁ।

(খ) ২৩৭২০।

(গ) ৪০৫৪

(ঘ) ২৯৪টি গৃহ পরিত্যক্ত এবং ২৯৮টি ভগ্ন অবস্থায় পড়িয়া আছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি এই সব গৃহ নির্মান করতে গিয়ে আমরা সাদা চোখে দেখতে পাই প্রচুর টাকা কারচুপি হয়েছে। এই সম্পর্কে কোনও

তদন্তের পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** কারচুপি কন্ট্রাকটরদের হয়েছে। আর গত সরকার-এর অবাস্তব পরিকল্পনার জন্য কিছু অপচয় হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মন্ত্রী মহাশয় কি জানাবেন গত সরকারের অবাস্তব পরিকল্পনা কি কি?

**শ্রী কমলকান্তি গুহ :** অবাস্তব পরিকল্পনা এই যে এমন জায়গায় বাড়ি করা হয়েছে যেখানে গেলে গরিব লোকেরা কাজ পাবে না। যেখানে জীবিকার ব্যবস্থা নেই, জল নেই। অনেক জায়গায় ধানের জমিতে করা হয়েছে যেখানে এক বুক জল থাকে। সিদ্ধার্থবাবুর ঘোষনা যে ২রা অক্টোবরের মধ্যে বাড়ি করে দিতে হবে সেই শুনে সেখানে বি.ডি.ও সাহেবরা কাঁচা খুলে দিয়ে বাড়ি করে দিয়েছে।

[1-20—1-30 p.m.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কোন জেলা থেকে এই রকম কোনও স্পেসিফিক কমপ্লেন পেয়েছেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি আমার জেলার কথা বলতে পারি এবং আমি মাননীয় সদস্যকে সাথে করে নিয়ে যেতে পারি ও দেখাতে পারি কি রকম অবাস্তব পরিকল্পনা নেওয়া হয়েছে।

**শ্রী সুনীতি চট্টরাজ :** কবে নিয়ে যাবেন?

**শ্রী কমলকান্তি গুহ :** আমি ৩০ তারিখে যাচ্ছি।

**শ্রী প্রদ্যোৎকুমার মহান্তি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বিগত সরকারের অবাস্তব পরিকল্পনার জন্য এই অবস্থা হয়েছে। এবং এই অবাস্তব পরিকল্পনা কার্যকর করা যায় নি, ঐ গরিবদের জন্য যে গৃহ সেগুলি খারাপ অবস্থায় পড়ে আছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি তিনি দয়া করে বলবেন কি যে সেই অবাস্তব পরিকল্পনা পরিবর্তন করে যেখানে যেখানে হয়ে গেছে এবং সেগুলি যদি হয়ে গিয়ে থাকে তার মধ্যে কিছু কিছু মেরামত করে বাস্তবায়িত করবার জন্য তিনি কি পরিকল্পনা নিয়েছেন?

**শ্রী কমলকান্তি গুহ :** আমরা এই পরিকল্পনা নিয়েছি এবং জেলা শাসক বি.ডি.ও.-দের বলে দেওয়া হয়েছে যে যেখানে বাড়ি করা হবে সেটা যেন বাসযোগ্য জায়গা হয় এবং যেখানে এই ঘরগুলি হবে সেখানে যেন ঐসব মানুষরা গেলে একটা জীবিকার ব্যবস্থা করতে পারে। আর যে টাকা ধরা ছিল ঐ ৫০০ টাকা তাতে একটা ছাগলেরও ঘর হয় না। এর মধ্যে আবার কন্ট্রাক্টরদের চুরির অংশ আছে। আমরা সুন্দরবন, দার্জিলিং ও ডুয়ার্স এই তিনটি এলাকার জন্য দেড় হাজার টাকা খরচ করবো এবং অন্য জায়গার জন্য ১০০০ টাকা

খরচ করব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন আগের সরকার যে ৫০০ টাকা করে ধরেছিলেন তাতে কন্ট্রাকটরদের ওর মধ্যে চুরির পয়সাও ধরা ছিল। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করি তাঁরা বর্তমানে কন্ট্রাকটরদের চুরির জন্য ঐ ১০০০ ও ১৫০০ এর মধ্যে কত ধরেছেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা কন্ট্রাকটর বাদ দিয়ে কৃষক সংগঠন, গণসংগঠন এম.এল.এ.-দের মাধ্যমে এগুলি করব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই অবাস্তব পরিকল্পনার বিরুদ্ধে কোনও তদন্ত কমিটি গঠন করবেন কিনা? এবং যারা এই দুর্নীতি করেছিল তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কম্বলের লোম বাছা যায় না।

**শ্রী বিমলকান্তি বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা আছে কি যে অভাবের তাড়নায় এইসব ঘরগুলি বিক্রি করে দিচ্ছে সেগুলি সব কিনে নিচ্ছে ঐ স্থানীয় কংগ্রেসের নেতারা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অভাবের তাড়নায় যাদের নামে নির্ধারিত বাসগৃহ তারা বিক্রি করে দিচ্ছে এবং সেগুলি কিনে নিচ্ছে কিছু অসাধু লোক এবং আপনি যাদের কথা বললেন তারাও কিছু সরিয়ে ফেলেছে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যদি সুবিধা জনক জায়গায় খাস জমি না পাওয়া যায় তাহলে সেখানে জমি অ্যাকুইজিশন করে তাদের বসবাসের ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কিছু কিছু জায়গায় এই রকম ব্যবস্থা নিয়েছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সমস্ত গরিব মানুষ যারা যেখানে বাস করছে সেই তাদের ঐ টাকা সাহায্য দিয়ে বসবাস করাবার ব্যবস্থা করবেন কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেখানে যদি জায়গা পাই তাহলে সেই ব্যবস্থাই করে দেব।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে গণ সংগঠন দিয়ে এবং এম.এল.এ-দের মাধ্যমে ঐ বাড়ি তৈরি করবার ব্যবস্থা করবেন, আমি জিজ্ঞাসা করি এই রকম কোনও গণ সংগঠন তৈরি হয়েছে কিনা এবং হয়ে থাকলে তাদের কত পারসেন্ট করে দেওয়া হবে।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের গণসংগঠন তৈরি আছে বলেই আমরা ঐ বাড়িগুলি

ভাঙতে পেরেছি।

## গ্রামাঞ্চলে রেশনে চিনির পরিমাণ

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯১।) **শ্রী সরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গ্রামের রেশনে সাপ্তাহিক মাথাপিছু চিনির পরিমাণ বাড়ানোর কোনও প্রস্তাব সরকারের আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ**

কেন্দ্রের বরাদ্দ বাড়ানোর অপেক্ষায় আছি।

**শ্রী সরল দেব ঃ** আমি আপনার কাছে প্রশ্নটা রেখেছি যে পশ্চিমবাংলার গ্রাম এবং শহরে চিনি দেবার ক্ষেত্রে কংগ্রেস আমল থেকে একটি পৃথক পৃথকীকরণের কারণ জানাবেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** পৃথকের কারণ আমার কাছে জানার কোনও সার্থকতা আছে বলে আমি মনে করি না, সেটা তাদের প্রশ্ন করুন।

**শ্রী সরল দেব ঃ** বাড়াবার কথা ভাবছেন কি?

**শ্রী সুধীন কুমার ঃ** আমি তো আপনাকে বলেছি কেন্দ্র থেকে চিনির বরাদ্দ বাড়ালে আমরা প্রথমে গ্রামে বাড়াব।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কংগ্রেস আমলে গ্রামের মানুষ, শহরের মানুষ এই রকম পার্থক্য রেখে যে চিনি বন্টন ব্যবস্থা করেছিলেন, এই সরকার কি গ্রামের মানুষদের ৫০ গ্রাম আর শহরের মানুষদের ২০০ গ্রাম করে চিনি দেবার পার্থক্যটা দূর করবেন?

**শ্রী সুধীন কুমার ঃ** এই প্রশ্নের উত্তর ইতিমধ্যেই দিয়েছি যে একজন যারা পান তাদের কেটে আর একজনকে না দেবার চেষ্টা করে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বরাদ্দ বেশি করে আদায় করে সেটা গ্রামে দেবার পরিকল্পনা আমাদের আছে।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** কেন্দ্রীয় সরকার থেকে দিলে তবেই আমরা করব। আমাদের রাজ্য সরকার থেকে কেন্দ্রীয় সরকারের উপর এইভাবে কোনও চাপ দিচ্ছেন কিনা বা দেবার কোনও পরিকল্পনা করেছেন কিনা?

**শ্রী সুধীন কুমার ঃ** পরিকল্পনার কথা নয়। আমরা বারে বারে জানিয়েছি যে চিনি বিদেশে রপ্তানি করে আর বিক্রী করা যায় না। অতএব কেন্দ্রীয় সরকার চিনি রপ্তানি বন্ধ

যেহেতু করে দিয়েছেন এবং চিনি উৎপাদন যেহেতু আমাদের বেড়েছে অতএব আমা বরাদ্দ বাড়ানো উচিত- এই নিয়ে তাদের সঙ্গে নিয়মিত ভাবে তর্কাতর্কিই বলুন বা বিবেচনাই বলুন, চলেছে, কিন্তু এখন পর্যন্ত এর কোনও সুরাহা হয়নি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি পশ্চিমবঙ্গে যে কটা চিনি আছে সেই চিনিকলগুলি থেকে কেন্দ্রীয় সরকার কতটা চিনি লেভি হিসাবে গ্রহণ করে

**শ্রী সুধীন কুমার ঃ** নোটিশ দিলে বলতে পারব।

**Deep Tube Wells and River Lift Irrigation Schemes**

*151. (Admitted question No. *841) **Shri Atish Chandra Sinha** Will the Minister-in-charge of the Agriculture and Community Developme Department be pleased to state—

(a) whether the Government has any proposal to sink Deep Tu Wells and instal River Lift Irrigation Schemes in West Bengal the current year;

(b) if so, the number of each scheme proposed to be implement in different Districts; and

(c) if the answer to (a) be in the negative, what alternative measur the Government proposes to take for expanding minor irrigati facilities in different districts?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) সরকারি বাজেট বরাদ্দ থেকে বর্তমান বৎসরে নতুন কোনও গভীর নলকূপ নদী সেচ প্রকল্প সংস্থাপনের পরিকল্পনা নেই;

(খ) উপরের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন ওঠে না;

(গ) বিকল্প ব্যবস্থা হিসাবে বিভিন্ন জেলায় বিভিন্ন ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়ণের জ সরকার পশ্চিমবঙ্গ রাষ্ট্র ক্ষুদ্রসেচ কর্পোরেশন এবং সামগ্রিক অঞ্চল উন্নয় কর্পোরেশন নামক দুটি সংস্থা গঠন করেছেন। প্রথমোক্ত কর্পোরেশনটি নিয়মি কর্মসূচি ছাড়াও, বিশ্বব্যাঙ্কের সহায়তায় হুগলি, বর্দ্ধমান, নদীয়া, মুর্শিদাবাদ, মালদ ও পশ্চিমদিনাজপুর জেলায় বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন। এছাড়া রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগু ও ভূমি উন্নয়ন ব্যাঙ্কগুলি সমস্ত জেলায়, বিশেষত উক্ত ছয়টি জেলায়, অগভী নলকূপ স্থাপনের কাজও গ্রহণ করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যেসমস্ত গভীর নলকূপ খারাপ হয়ে আছে সেগুলি অবিল মেরামতের ব্যবস্থা হবে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি দপ্তরে নির্দেশ দিয়েছি যে ১লা নভেম্বরের মধ্যে যেসমস্ত গভীর নলকূপ বা রিভার লিফ্‌ট ইরিগেশন খারাপ হয়ে আছে সেগুলি মেরামত বা ভাল করে তুলতে হবে।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** যদি ছোটখাট খারাপ হয়ে যায় তাহলে সেগুলি মেরামতের জন্য সেখানকার স্থানীয় টেকনিসিয়্যানস যারা আছে তাদের উপর ভার দেওয়া হবে কিনা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ছোটখাট ক্রটির ফলে যেগুলি অকেজো হয়ে পড়ে আছে সেগুলি ঠিক করবার জন্য ব্লক পর্যায়ে ইউনিট তৈরি করছি যাতে যখনই খারাপ হবে তখনই সঙ্গে সঙ্গে তারা মেরামত করে দেবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** যেসমস্ত রিভার লিফ্‌ট ইরিগেশনে বিদ্যুৎ না পৌঁছানোর ফলে চালু হতে পারে নি অন্যান্য সমস্ত সাজসরঞ্জাম প্রস্তুত আছে, সেখানে বিদ্যুৎ পৌঁছে দেবার কোনও পরিকল্পনা করছেন কিনা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

[1-30—1-40 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** বিদ্যুৎ দপ্তরের কাছে আমরা অনুরোধ রেখেছি, তাদের সাথে যোগাযোগও রেখেছি যাতে তাড়াতাড়ি বিদ্যুৎ সংযোজন হয়ে যায়।

**শ্রী বিমলেন্দু মুখার্জি ঃ** এই ডিপার্টমেন্টের সরকারি কর্মচারীরা কিছু কিছু ভাতা পান নি- তাদের টি.এ. বিল পান নি বলে মেরামতের কাজ করতে পারছেন না। সেগুলি তাদের অবিলম্বে দেবার ব্যবস্থা করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি নির্দেশ দিয়েছি, অবিলম্বে ভাতা এবং মাহিনা যা বাকি আছে সেগুলি যেন চলে যায় ঠিক সময়মতো এবং এখন থেকে যেন তারা প্রত্যেক মাসে নিয়মিত ভাবে মাহিনা এবং ভাতা পায়।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** গত ৫ বছরে এই রিভার লিফ্‌ট ইরিগেশনে বেশিরভাগ কংগ্রেসি ছেলেদের বা মাস্তানদের চাকরি দেওয়া হয়েছে। তারা সব সময় অনুপস্থিত থাকে এবং মাসের পয়লা তারিখে বি.ডি.ও. অফিস থেকে মাহিনা নিয়ে চলে যায়- মাননীয় মন্ত্রিমহাশয় এটা জানেন কি এবং কোনও ব্যবস্থা করা যাবে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** তারা কংগ্রেসি ছেলে কিনা জানিনা, তবে কিছু কিছু জায়গায় শুনেছি এই অপারেটাররা ঠিকমতো কাজে যায়না। এ ব্যাপারে তাদের অফিসারদের তারা বলেছে, বি.ডি.ও.দের বলেছে, আমরা এখানে কাজ করার জন্য আসি নি, মিছিলের জন্য, হরতাল ভাঙ্গার জন্য আমাদের চাকরি হয়েছে-এই উত্তর তারা দিয়েছেন।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, বর্তমান বাজেটে নতুন কোনও

*ডিপ টিউবওয়েল বা রিভার লিফটের পরিকল্পনা নেই। আপনি বললেন, ৬টি জেলার ভ ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা নেওয়া হয়েছে সেখানে এই ডিপ টিউবওয়েল এবং রিভ লিফটের জন্য। সেখানে মেদিনীপুর জেলার কথা নেই।* এই মেদিনীপুর জেলা একটা কৃ ভিত্তিক জেলা-উদ্বৃত্ত জেলা। আমার জিজ্ঞাস্য, এই জেলাতে ডিপ টিউবওয়েল এবং রিভা লিফট করার জন্য আপনি কোনও পরিকল্পনা নেবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মেদিনীপুরের জন্য ক্ষুদ্র সেচ কর্পোরেশন গভীর নলকূপ এব রিভার লিফটের পরিকল্পনা নিয়েছেন।

**শ্রী দেবশরণ ঘোষ ঃ** বিভিন্ন জায়গায় ডিপ টিউবওয়েলের যে ট্রান্সফরমার বা অন্যান যন্ত্রপাতি চুরি হয়ে গিয়েছে সেখানে পূর্ববর্তী সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন যে, ৫শো টাব থেকে এক হাজার টাকা পর্যন্ত জরিমানা না দিলে সেই সমস্ত টিউবওয়েল চালানো হে না। আমার জিজ্ঞাস্য, চুরির কারণে যে সমস্ত টিউবওয়েল বন্ধ হয়ে আছে সেই সমস্ত টিউবওয়েল সম্পর্কে বর্তমান সরকারের সিদ্ধান্ত কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ৫শো টাকা জরিমানার ব্যাপারে যে নির্দেশ আগের সরকা দিয়েছিলেন সেটা আমরা নাকচ করে দিয়েছি। সেখানে মেশিনপত্র যাতে তাড়াতাড়ি কেন হয়ে যায়- ১লা নভেম্বরের আগে, সেইজন্য আমি নির্দেশ দিয়েছি।

**শ্রী বিমলেন্দু মুখার্জি ঃ** পুরুলিয়া জেলাতে গভীর নলকূপ করার কোনও পরিকল্পন নেওয়া হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** পুরুলিয়া জেলাতে গভীর নলকূপ হতে পারে কিনা সেজন সমীক্ষা চলেছে। আমরা আশা করছি, ওখানে ২/১ টা অঞ্চলে আমরা এই কাজ করতে পারব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, গত ৫ বছর ধরে ঐ ডিপ টিউবওয়েল এবং রিভার লিফট ইরিগেসনে যে সমস্ত অপারেটর এবং নাইট গার্ডদের চাকরি দেওয়া হয়েছিল তাদের বে-আইনি ভাবে খতম করে লাল রুমাল বাঁধা কিছু ছেলেবে চাকরি দেবার ব্যবস্থা করা হচ্ছে কিনা?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমাদের বামফ্রন্ট সরকার এই সিদ্ধান্ত নিয়েছেন, যে বে-আইনি ভাবেই হোক বা যে ভাবেই হোক যাদের চাকরি হয়েছে তাদের ভাত আমরা মারব না নতুন করে বেকারদের চাকরি দেবার জন্য আমরা সচেষ্ট।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** কাটোয়া মহকুমাতে যে সাবসয়েল ওয়াটার ওখানে রয়েছে সেটার জন্য কোনও বোর্ড যাচ্ছে কি বা কাজ করছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** সেটা খোঁজ নিয়ে আপনাকে জানিয়ে দিতে পারি।

**শ্রী অহীন্দ্র সরকার ঃ** রোপাহাটায় যে আর.এল.আই. সেন্টার আছে তাতে প্রাক্তন মন্ত্রী বরকত গনি খান চৌধুরি সাহেব একটি ২২ বছরের মহিলাকে নাইট গার্ড হিসাবে চাকরি দিয়েছিলেন- এটা কি সত্য?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি সেটা খোজ নিয়ে বলতে পারব।

**শ্রী নবকুমার রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ৩ মাসের মধ্যে বর্তমান সরকার কৃষিবিভাগে কত বেকার ছেলেকে চাকুরি দিয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা ঠিক করেছি যে সিগারেটের প্যাকেটে নাম লিখে চাকুরি দেবনা। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি আমরা সকলকে দেব সে জন্য একটু দেরি হচ্ছে।

## কাঁথি মহকুমায় ফসলহানি

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫।) **শ্রী কিরণময় নন্দ ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সাল হইতে ১৯৭৭ সাল পর্যন্ত কয়বার কাঁথি মহকুমায় প্রাকৃতিক বিপর্যয় ঘটিয়াছে।

(খ) তাহার জন্য কোনও ফসলহানি হইয়াছে কি ;

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে কত টাকার ফসলহানি হইয়াছে ,

(ঘ) প্রাকৃতিক বিপর্যয়ে শস্যহানির জন্য সরকার শস্য বীমার কথা চিন্তা করিতেছেন কি না ; এবং

(ঙ) ভারতবর্ষের অন্য কোনও প্রদেশে শস্য বীমা প্রবর্তন হইয়াছে বলিয়া সরকারের নিকট কোনও সংবাদ আছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ১৯৬৭-৬৮ সাল হইতে ১৯৬৯-৭০ সাল পর্যন্ত তথ্য সংগ্রহ করা হইতেছে. ১৯৭০-৭১ ও ১৯৭১-৭২ সালে প্রতিবার একবার করিয়া বন্যা হইয়াছে। ১৯৭২-৭৩ সালে সৌভাগ্যবশত বন্যা বা খরাজনিত ফসলহানি হয়নাই। ১৯৭৩-৭৪ সালে একবার বন্যা এবং ১৯৭৪-৭৫ সালে একবার বন্যা ও পুনরায় ঘূর্ণিঝড়ে ফসলহানি হয়, ১৯৭৫-৭৬ সালে ঘূর্নিঝড়ে কিছু এবং ১৯৭৬-৭৭ সালে বন্যা, খরা ও ঘূর্নিঝড়ে প্রভূত ফসলহানি হয়।

(খ) ও (গ) উপরোক্ত বৎসরগুলিতে ফসলহানির হিসাব নিম্নে দেওয়া হইল-

| বৎসর | ফসলহানির কারণ | কিকি ফসল চাষ হইয়াছে | ক্ষতির আর্থিক পরিমাণ (টাঃ) |
|---|---|---|---|
| ১৯৭০-৭১ | বন্যা | আমন ও শব্জী | ৫৭,৬০,০০০/- |
| ১৯৭১-৭২ | বন্যা | " | ১,৪০,০০,০০০/- |
| ১৯৭২-৭৩ | | " | X |
| ১৯৭৩-৭৪ | বন্যা | আমন ও শব্জী | ১০,৯৬,৫৮,০০০/- |
| ১৯৭৪-৭৫ | বন্যা ও ঘূর্নিঝড় | " | ৩,৬২,৪৪,৯০০/- |
| ১৯৭৫-৭৬ | ঘূর্নিঝড় | " | ১২,২০০/- |
| ১৯৭৬-৭৭ | বন্যা, খরা ও ঘূর্নিঝড় | আমন, পাট, শব্জী ও বোরো | ১০,৩৩,৯০,০০০/- |

(ঘ) এখনও পর্যন্ত এই রাজ্যে শস্যবীমার কোনও পরিকল্পনা সামগ্রিকভাবে চালু করা হয় নাই। ১৯৭৫-৭৬ সালে হুগলি জেলার ধনিয়াখালি ও অন্য কতিপয় আলু উৎপাদনকারী অঞ্চলে আলুর জন্য পরীক্ষামূলক বীমার ব্যবস্থা হইয়া ছিল। তারপরে এ সম্পর্কে আর অগ্রসর হওয়া সম্ভব হয় নাই।

(ঙ) শস্যবীমার পরিকল্পনা গুজরাট প্রভৃতি কতিপয় রাজ্যে চালু আছে, কিন্তু এতৎ সম্পর্কে বিস্তারিত তথ্য জানা নাই।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনেকটা হিসাব আছে। আপনি যদি অনুমতি দেন তাহলে এটা টেবিলে রেখে দেব।

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনি ঘ প্রশ্নের উত্তরটা দেবেন কি?

**শ্রী কমলবান্তি গুহ ঃ** এখনও পর্যন্ত এই রাজ্যে শস্যবীমার কোনও পরিকল্পনা সামগ্রিকভাবে চালু করা হয় নাই। ১৯৭৫-৭৬ সালে হুগলি জেলার ধনিয়াখালি ও অন্য কতিপয় আলু উৎপাদনকারী অঞ্চলে আলুর জন্য পরীক্ষামূলক বীমার ব্যবস্থা হইয়াছিল। তারপরে এ সম্পর্কে আর অগ্রসর হওয়া সম্ভব হয় নাই।

**শ্রী কিরণময় নন্দ ঃ** এই সরকার শস্যবীমা চালু করার কথা চিন্তা করছেন কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের অনিচ্ছা থাকার জন্য আমরা অগ্রসর হতে পারিনি।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কেন্দ্রীয় সরকারের যদি অনিচ্ছা থাকে তাহলে ভারতবর্ষের অন্যান্য প্রদেশে কিভাবে শস্যবীমা চালু আছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি খবর নিয়ে জানাব।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে শস্যবীমা করা হয়েছিল তার ফলাফল কি হয়েছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ১৯৭৫-৭৬ সালে হয়েছিল। কাজেই ফলাফল কি হয়েছে সেটা বুঝতে পারছেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কেন্দ্রীয় সরকারের অনিচ্ছার কথা বললেন। সেটা জানতে পারলেন কি করে? কেন্দ্রীয় সরকার কি জানিয়েছেন যে তারা এই বিষয়ে অগ্রসর হতে অনিচ্ছুক?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই সম্পর্কে আমাদের কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা হয়েছে, আলাপ-আলোচনা হয়েছে তাতে তারা অনিচ্ছা প্রকাশ করছে না।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে লম্বা লিস্ট বলে আপনি টেবিলে দিচ্ছেন আমি বলতে চাচ্ছি যে মোট ফসল হানি যেটা হয়েচে তার পরিমাণ কত সেটা বলবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় সদস্য, আপনি দেখেছেন যে ১৯৭০-৭১ সাল থেকে ১৯৭৬-৭৭ সাল, প্রতি বছরের হিসাব আছে। এক একটা ফসল ধরে হিসাব আছে। কাজেই এটা অনেক ব্যাপার আমি টেবিলে দিয়ে দেব।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** আপনি ক' প্রশ্নের ১৯৬৭ থেকে উত্তরটা দেবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ১৯৬৭ থেকে যদি জানতে চান এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যদি অনুমতি দেন তাহলে দিতে পারি। ১৯৬৭ থেকে আমি উত্তরটা দিয়ে দিচ্ছি। ১৯৬৭-৬৮ সাল থেকে ১৯৬৯-৭১ সাল পর্যন্ত তথ্য সংগ্রহ করা হচ্ছে, ১৯৭০-৭২ ও ১৯৭১-৭২ সালে প্রতিবার একবার করে বন্যা হয়েছে। ১৯৭২-৭৩ সালে সৌভাগ্যবশত বন্যা বা খরাজনিত ফসলহানি হয়নাই। ১৯৭৩-৭৪ সালে একবার বন্যা এবং ১৯৭৪-৭৫ সালে একবার বন্যা ও পুনরায় ঘূর্ণিঝড়ে ফসলহানি হয়। ১৯৭৫-৭৬ ঘূর্ণিঝড়ে কিছু এবং ১৯৭৬-৭৭ সালে বন্যা, খরা ও ঘূর্ণিঝড়ে প্রভৃত ফসলহানি হয়। ১৯৬৭-৬৮ সালের এগুলি নেওয়া হচ্ছে। এগুলি অনেক পুরানো বলে একটু আসুবিধা হচ্ছে।

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে কৃষি বিভাগ থেকে কত টাকা সাহায্য করা হচ্ছে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এটা আমি পরে দিতে পারব।

**শ্রী প্রদ্যোতকুমার মহান্তি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে এই শস্য বীমা চালু এই প্রদেশে করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের অনিচ্ছা আছে, যার জন্য এটা হয়নি।

বর্তমানে আমাদের কেন্দ্রীয় সরকার, জনতা সরকার এই অনিচ্ছা প্রকাশ করছেন না বিগত ইন্দিরা সরকার অনিচ্ছা প্রকাশ করেছেন। কারণ বর্তমানে জনতা সরকার এই শস্য বীমা চালু করার পক্ষপাতি। বর্তমান কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই শস্য বীমা সম্পর্কে আলোচনা করবেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমি বলেছি প্রধানতঃ কেন্দ্রীয় সরকারের অনিচ্ছার জন্য এই বিষয়ে পিছিয়ে যেতে হয়েছে এবং এটা ১৯৭৫-৭৬ সালের কথা বলেছি। বর্তমান কেন্দ্রীয় সরকারের সঙ্গে এখনও পর্যন্ত এই বিষয়ে আলোচনা করার জন্য যোগাযোগ হয়নি, তবে আমি যোগাযোগ করব।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে, বারবার বন্যা ইত্যাদি যে হচ্ছে এবং তার জন্য যে ফসল নষ্ট হচ্ছে, এই বন্যা অথবা খরা নিয়ন্ত্রনের দায়িত্ব কৃষি বিভাগের কিছু আছে কি না?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** কৃষি বিভাগের প্রথমত কিছু করার নেই। সেচ বিভাগ এইগুলো দেখবেন এবং অন্যান্যরা দেখবেন। আমরা কৃষকদের ফসল হানি হলে, তাদের শস্য ঋণ দিতে পারি, গ্রুপ লোন দিতে পারি এবং অন্যান্য সাহায্য দিতে পারি।

[1-40—1-50 p.m.]

**পশ্চিমবঙ্গে গ্রামসেবকের সংখ্যা**

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৫।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট গ্রাম সেবকের সংখ্যা কত ;

(খ) তাঁহাদের মধ্যে কতজন কৃষিশাখার সঙ্গে যুক্ত এবং কতজন উন্নয়নের সঙ্গে যুক্ত ; এবং

(গ) সকল গ্রামসেবককে উন্নয়নের সঙ্গে যুক্ত করিবার কোনও প্রস্তাব আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ**

(ক) ৩৮৩১

(খ) কৃষি শাখা ও উন্নয়নের সঙ্গে যুক্ত গ্রামসেবকের সংখ্যা যথাক্রমে ৩০৯০ ও ৭৪১ কিন্তু প্রশাসনিক ব্যাপারে এখন পর্যন্ত সমস্ত গ্রামসেবকই উন্নয়ন শাখার সহিত যুক্ত।

(গ) না।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে গ্রামসেবক আছেন, সেবিকা আছেন, ব্লকের বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত, এটা এক লাইনে করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** আমরা ৭০ ভাগ গ্রামসেবককে সমষ্টি উন্নয়ন থেকে সরিয়ে নিয়ে কৃষির সঙ্গে যুক্ত করেছি এবং বাকি ২৫ ভাগ কে আস্তে আস্তে নিয়ে আসার চেষ্টা করছি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** গ্রামসেবককে সম্পূর্ণ ভাবে আলাদা করে কৃষির সঙ্গে যুক্ত করলে, এটা ব্যয় বহুল হবে কি না?

**শ্রী কমলকান্তি গুহ :** ব্যয়বহুল হলেও, তাতে কৃষি উৎপাদন অনেক বেড়ে যাবে।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** এই সব গ্রাম সেবক যারা ব্লকে ব্লকে আছে, তাদের এক একটা অঞ্চলে অফিস করে দিয়ে যদি বসানো হয় তাহলে গ্রামের লোকেদের সরাসরি যোগাযোগ করতে সুবিধা হয়, এই বিষয়ে আপনারা কিছু চিন্তা করছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় সদস্যদের জানাচ্ছি, আমি আগের একটা প্রশ্নেও এর উত্তর দিয়েছিলাম। আমরা গ্রামসেবকদের জন্য কোয়ার্টার কাম অফিস করে দেব সেই সব অঞ্চলে, যাতে তারা সেই অঞ্চল থেকে কৃষকদের সঙ্গে যোগাযোগ রেখে কৃষি উৎপাদনে সাহায্য করতে পারেন।

**শ্রী পান্নালাল মাঝি :** গ্রামসেবকদের যে ওয়ার্কিং চেন আছে, সব চেনেই কি গ্রামসেবক আছে, যদি না থাকে তাহলে কত কম আছে।

**শ্রী কমলকান্তি গুহ :** প্রতি ব্লকেই গ্রামসেবকের সংখ্যা কম আছে, যা প্রয়োজন তার চেয়ে কম রয়েছে। এই বিষয়ে মন্ত্রিসভা যখন ঠিক করবেন যে লোক নিয়োগ করা হবে, তখনই আমরা সেই সব জায়গায় লোক নিয়োগ করতে পারব।

**শ্রী পান্নালাল মাঝি :** ইতিমধ্যে অ্যাপলিকেশন কল করা অথবা ইন্টারভিউ নেবার কোনও ব্যবস্থা হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এখনও সেই ধরনের কোনও সিদ্ধান্ত মন্ত্রিসভা থেকে পাওয়া যায় নি।

**শ্রী জনমেজয় ওঝা :** এখন কৃষি উৎপাদনে যে অ্যামেরিকান স্টাইলে চেন সিস্টেমের কথা বলা হয়েছে, সেটা পাল্টাবার ব্যবস্থা হয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ :** এটা পরিবর্তন করার আসু প্রয়োজন আছে।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র :** গ্রামসেবকদের আপনি দুই ভাগে ভাগ করেছেন। কৃষি

শাখার সঙ্গে যুক্ত যে গ্রামসেবকরা আছেন, তারা কি কাজ করবেন?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** যারা সমষ্টি উন্নয়ন-এর সাথে যুক্ত থাকবেন তারা সাধারণ উন্নয়নমূলক কাজ এবং ব্লক থেকে ত্রাণ বা অন্যান্য যেসমস্ত কাজ করতে হয় সেগুলি করবেন। আর যারা কৃষি শাখার সাথে যুক্ত থাকবেন তারা কৃষি শিক্ষা ব্যবস্থার দিকে নজর দেবেন, উৎপাদন ব্যবস্থার দিকে নজর দেবেন। কৃষকদের কিভাবে বৈজ্ঞানিক পদ্ধতির দিকে নিয়ে যাওয়া যায়, সেদিকে তারা লক্ষ্য রাখবেন।

**শ্রী জন্মেজয় ওঝা ঃ** এই নতুন ব্যবস্থা সম্পর্কে গ্রাম-সেবকদের রিয়্যাকশন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** এই সম্বন্ধে আমাদের সাথে তাদের আলোচনা চলছে।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, গ্রাম-সেবকদের যে প্রতিষ্ঠান আছে 'গ্রাম-সেবক সমিতি'- সেই সমিতির তরফ থেকে তাদের নানান দাবি দাওয়া নিয়ে আন্দোলন চলছে, সেই বিষয়ে তারা মন্ত্রী মহাশয়ের কাছে কোনও স্মারকলিপি দিয়েছে কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** গ্রামসেবকদের ব্যাপারে এত দিন যে ব্যবস্থা ছিল তার পরিবর্তন প্রয়োজন। ২য় কথা হচ্ছে তাদের চাকুরির নিরাপত্তার প্রয়োজন। এবং এই বিষয়গুলি নিয়ে আমরা চিন্তা করছি। তাদের কাছ থেকে স্মারকলিপি পেয়েছি।

**শ্রী অমলেন্দ্র রায় ঃ** ব্লকের অ্যাডমিনিস্ট্রেটিভ ব্যবস্থা যেভাবে চলছে, সে সম্বন্ধে তারা কোনও কোয়ালিটেটিভ প্রস্তাব রেখেছে কি অ্যাডমিনিস্ট্রেশন পরিবর্তন করা সম্পর্কে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** ব্লক সম্বন্ধে তাদের কোনও প্রস্তাব আমি পাইনি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, অনেক গ্রামসেবক কংগ্রেসি আমলে নিযুক্ত হয়েছেন এবং তারা তাদের নিজেদের বাড়িতেই আছেন, এসম্বন্ধে কোনও অভিযোগ আপনি পেয়েছেন কি এবং এসম্বন্ধে কোনও ব্যবস্থা গ্রহনের বিষয়ে বিবেচনা করছেন কি?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** আমরা সাধারণভাবে এই নীতি নিয়েছি যে, কোনও গ্রামসেবককে তার বাড়ি যে অঞ্চলে তাকে সেই অঞ্চলে রাখব না। কিন্তু তারা স্বল্প বেতন পান বলে তারা যাতে তাদের নিজেদের মহকুমায় বা জেলায় থাকতে পারেন সেদিকে আমরা লক্ষ্য রাখছি।

**শ্রী বিমলকান্তি বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কৃষি শাখার সঙ্গে গ্রামসেবকদের ৭৫ ভাগকে যুক্ত করে দেওয়া হচ্ছে। তাহলে গ্রামীণ উন্নয়ন এবং অন্যান্য কাজের দায়-দায়িত্ব কাদের ওপর দেওয়া হবে?

**শ্রী কমলকান্তি গুহ ঃ** অন্যান্য সাধারণ উন্নয়নমূলক কাজগুলি সমষ্টি উন্নয়নের সাথে যারা যুক্ত থাকবেন তাদের দেওয়া হবে।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** গ্রাম-সেবকরা যেকাজে নিযুক্ত আছেন তার জন্য তারা বেতন পান। কিন্তু তা ছাড়াও সেই গ্রামে বা অঞ্চলে যেসমস্ত সরকারি কাজ হয় সেই কাজে কন্ট্রাকটর হিসাবে নিযুক্ত হতে পারে কি? আইনত যদি না পারে তাহলে এই রকম যদি কোনও উদাহরণ থাকে এবং সেগুলি যদি আপনার কাছে দেওয়া হয় তাহলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন কি? কংগ্রেসি আমলে মন্ত্রিসভা থেকে আরম্ভ করে ব্লক পর্যায়ে পর্যন্ত এই জাতীয় দুর্নীতি হয়েছিল। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যারা এই কাজ করেছিল তাদের নাম আমি আপনার কাছে দিতে পারি।

(নো রিপ্লাই )

**বিভিন্ন এলাকার বিধিবদ্ধ রেশন এলাকায় অন্তর্ভূক্তি**

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯২।) **শ্রী সরল দেব ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—বারাসত পৌর এলাকা, নবপল্লী, নপাড়া অঞ্চল, মধ্যমগ্রাম, বসুনগর ও গঙ্গানগর অঞ্চলসমূহকে বিধিবদ্ধ রেশন এলাকার অন্তর্ভুক্ত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ**

উক্ত এলাকা এবং আরও কয়েকটি এলাকায় বিধিবদ্ধ রেশন ব্যবস্থা প্রবর্তনে সরকার আগ্রহী।

বর্তমানে এফ, আর ও এম, আর কোটা বাড়ানো হইতেছে।

**শ্রী সরল দেব ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে, বারাসাতের নবপল্লী বা মধ্যমগ্রামের বসুনগর-এর বিস্তীর্ণ অঞ্চলে উদ্বাস্তু অধ্যুষিত অঞ্চলে, এখানকাব সবাই ক্যালকাটা গোয়ার্স, চাকুরিজীবী মানুষ, শ্রমজীবী মানুষ, সুতরাং এই অঞ্চলকে বিধিবদ্ধ রেশন এলাকার অন্তর্ভুক্ত করতে বাধা কোথায়?

**শ্রী সুধীন কুমার ঃ** একমাত্র আমরা সরবরাহ নিয়মিত করতে পারলেই এটা করতে পারব। এই এলাকাকে বিধিবদ্ধ রেশন এলাকায় আনতে পারব। যতক্ষণ সরবরাহ নিয়মিত করা যাচ্ছেনা, ততক্ষণ এই কাজ করা যাচ্ছে না। তবে বর্তমানে তারা কিছু কিছু সুবিধা পাচ্ছে, রেশনে তাদের ১ কে.জি. করে চাল দেওয়া হচ্ছে। অতএব কিছু রিলিফ্ তাদের এখনই দেওয়া সম্ভব হয়েছে।

**শ্রী সরল দেব ঃ** সরবরাহ বৃদ্ধির ব্যাপারে আপনি কবে থেকে দেবার আশ্বাস দিতে পারেন?

**শ্রী সুধীন কুমার :** নতুন ফসল ওঠার পরেই আশ্বাস ·· ব্যবস্থা নিতে পারি।

**শ্রী কমল সরকার :** মন্ত্রী মহাশয় বলবেন কি নিউ ব্যারাকপুর রেশনিং এলাকার অন্তর্ভুক্ত হবে কিনা?

**শ্রী সুধীন কুমার :** আমি কয়েকটি এলাকার কথা আগেই বলেছি এবং তার মধ্যে মাননীয় সদস্য যে এলাকার কথা বললেন তা তার অন্তর্ভুক্ত।

[1-50—2-00 p.m.]

### কর্ডন ব্যবস্থার ব্যয়

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৫।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কর্ডন ব্যবস্থা চালু রাখার জন্য ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গ সরকারের কত টাকা খরচ হইয়াছিল ;

(খ) উক্ত সময়ে (১) রাইস্ মিল মালিকগণের নিকট হইতে কি পরিমাণ চাউল লেভি হিসাবে পাওয়া গিয়াছিল ; এবং (২) স্বেচ্ছা বিক্রয় হিসাবে সরকার কি পরিমাণ ধান সংগ্রহ করিয়াছিলেন?

**শ্রী সুধীন কুমার :**

(ক) কর্ডনিং ব্যবস্থা চালু রাখার জন্য গত ১৯৭৬-৭৭ আর্থিক বৎসরে পশ্চিমবঙ্গ সরকারের মোট ১ কোটি ৮৫ লক্ষ ৯২ হাজার টাকা খরচ হইয়াছিল।

(খ) চাল সংগ্রহের হিসাব খরিফ বৎসর

(১) নভেম্বর হইতে ৩১শে অক্টোবর অনুযায়ী রাখা হয়।

(১) ১৯৭৬-৭৭ খরিফ বৎসরে ৩১-৮-৭৭ পর্যন্ত চালকল মালিকগণের নিকট হইতে মোট ১,১৫,৮৬২ মেট্রিক টন চাল লেভি হিসাবে পাওয়া গিয়াছে।

(২) ঐ সময়ে ফুড কর্পোরেশন খোলা বাজার হইতে স্বেচ্ছা বিক্রয় বাবদ মোট ৪০৯১ মেট্রিক টন ধান সংগ্রহ করিয়াছিল।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে ১ কোটি টাকা খরচ হল তাতে চাষীরা কতটুকু লাভবান হয়েছে?

**শ্রী সুধীন কুমার :** এতে চাষীরা লাভবান হয়েছে। রেশন ব্যবস্থা যাতে বর্তমানে রাখা যায় তারজন্য এই সংগ্রহ এবং এই সংগ্রহের আরও একটা দিক আছে সেটা হচ্ছে ধানের

দাম যাতে একটা নির্দিষ্ট দামের নিচে না পড়ে যায় তা রক্ষা করা। এই দিক থেকে চাষীরা নিশ্চয়ই লাভবান হয়েছে। রেশন ব্যবস্থা না থাকলে গ্রামের সমস্ত ধান শহরাঞ্চলে চাল হয়ে চলে আসতো এবং গ্রামগুলি খালি হয়ে যেত। এই রেশন ব্যবস্থা রাখার জন্য এবং সংগ্রহ ব্যবস্থা রাখার জন্য ও কর্ডনিং করার জন্য পশ্চিমবঙ্গের জনসাধারনের বিশেষ করে চাষীদের অনেক সুবিধা হয়েছে।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি এই যে ১ কোটি টাকা খরচ করে সরকার মিল-মালিকদের নিকট হইতে ১ লক্ষ মেট্রিক টনের উপর যে লেভি পেলেন তাতে মিল-মালিকরা বেশি লাভবান হল নাকি?

**শ্রী সুধীন কুমার ঃ** আমাদের সরকারের যাঁরা এজেন্ট, এফ.সি.আই, তারা সংগ্রহ করেন। এতে মিল মালিকদের উপকার হয় না।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি আপনি এই যে ১ লক্ষ মেট্রিক টন চাল মালিকদের নিকট হইতে লেভি হিসাবে নেওয়ার জন্য চাষীদের ধানের দর নামিয়ে দিচ্ছেন এবং মিল মালিকদের ধান কিনতে সাহায্য করছেন এবং চাষীদের রেশন দিচ্ছেন না- এই যে রেশন ব্যবস্থা,-এর কোনও পরিবর্তন করার কথা আপনার বিবেচনার মধ্যে আছে কি?

**শ্রী সুধীন কুমার ঃ** চাষীরা যাতে ন্যায্য মূল্যে দর পান সেদিকে সরকার সচেষ্ট এবং দর যাতে না কমে যায় সেদিকেও সরকার নজর রাখছেন। আগামী দিনে যে চিফ মিনিস্টারস কনফারেন্স হবে তাতে আমি আশা করি কোনও কার্যকর ব্যবস্থা নেওয়া সম্ভব হবে।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, খাদ্য সঙ্কট প্রশমিত করার জন্য কর্ডনিং ব্যবস্থা চালু করা হয়ে থাকে কিন্তু তা সত্ত্বেও ১৯৭৬-৭৭ সালের আগে এবং পরে এই কর্ডনিং ব্যবস্থা চালু থাকাকালীন বহু লোক অনাহারে মারা গেছে খাদ্যের অভাবে এর কারণটা কি?

**শ্রী সুধীন কুমার ঃ** কর্ডনের ব্যবস্থা সঠিকভাবে চালানো হয় নি, সংগ্রহ ব্যবস্থা বিশেষ জোর দেওয়া হয়নি- সেইজন্য সংগ্রহ কম হয়েছিল। গত বৎসর উৎপাদন ভাল হওয়া সত্ত্বেও সংগ্রহ কম হবার জন্য দায়ী গত সরকার। কর্ডনিং তুলে দিলেই যে ভাল হবে তা নয়, বরং একে আরও কড়া করা দরকার এবং এর যা দোষ ত্রুটি আছে তা দূর করলে সংগ্রহ ভাল হবে বলে মনে করি।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** স্বেচ্ছায় বিক্রি যেটা হচ্ছে সেটা চাষী কত বিক্রি করে এবং ধনী কত বিক্রি করে?

**শ্রী সুধীন কুমার ঃ** ধান বিক্রি গরিবরাই বেশি করে, তারপর ধনীরা করে। এ বছর ধনীরা এখন সেই সংগ্রহের সুবিধা পাচ্ছেন না, কারণ চালের দাম খোলাবাজারে যথেষ্ট

পরিমাণে নেমে গেছে এবং এর দ্বারা দেশের লোকের যথেষ্ট উপকার হচ্ছে।

**শ্রী বলাইলাল দাসমহাপাত্র ঃ** যে দরিদ্র চাষী ২৭/২৮ টাকায় ধান বিক্রি করে তাকেই আবার ৫০/৬০ টাকা করে কিনতে হয় এটা কি জানেন?

**শ্রী সুধীন কুমার ঃ** এরজন্য এম.আর. র‍্যাশনের কোটা অনেক বৃদ্ধি করা হয়েছে, এবং প্রায় ১ কিলো মাথাপিছু পাবার মতো অবস্থা করা হয়েছে অবশ্য এরমধ্যে কিছু ত্রুটি আছে কিন্তু এক কিলো করে চাল মাথাপিছু যাতে সকলে পায় তার ব্যবস্থা করতে হবে।

**হাওড়া পৌরসভার জন্য উপদেষ্টা বোর্ড**

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৭।) **শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** পৌর কার্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া পৌরসভার কাজকর্ম তদারকী করার জন্য কোনও উপদেষ্টা বোর্ড (অ্যাড্‌ভাইজারি বোর্ড) করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে,

(১) কবে হয়েছে

(২) বর্তমানে উহার সদস্য কে কে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) একটি উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে।

(খ) (১) উক্ত উপদেষ্টা কমিটি গত ৩০শে আগস্ট ,১৯৭৭ সালে গঠন করা হয়েছে।

(২) উক্ত কমিটির সদস্যদের নাম-

(১) শ্রী অলোকদূত দাস।

(২) শ্রী দেবেশ সান্যাল।

(৩) শ্রী প্রলয় তালুকদার।

(৪) ডাঃ শৈলেন চট্টোপাধ্যায়।

(৫) শ্রী শান্তি হাজরা।

(৬) শ্রী সুশীল গোস্বামী।

(৭) শ্রী বিনয় রায়।

(৮) শ্রী গোপাল চট্টোপাধ্যায়।

(৯) শ্রী অজিত বোস।

(১০) শ্রী তপন ঘোষ।

(১১) শ্রী পঙ্কজ মুখোপাধ্যায়।

(১২) শ্রী হরকুসুম গাঙ্গুলি।

(১৩) শ্রী সমীর পাঁজা।

(১৪) শ্রী শঙ্কর মন্ডল।

(১৫) শ্রী লালতাপ্রসাদ আস্থানা।

(১৬) শ্রী সুহাস বোস।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** হাওড়া মিউনিসিপ্যালিটিতে কবে নাগাদ নির্বাচন হবে?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আশা করছি আগামী মার্চ মাসে।

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### ইন্দপুর-বেলুট রাস্তা

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪।) **ডাঃ বিনোদবিহারী মাঝি :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলার ইন্দপুর-বেলুট রাস্তাটি পাকা করিবার কাজ কবে শুরু হইবে এবং শেষ করিতে কতদিন সময় লাগিবে।

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** রাস্তাটির পাথর মাড়াই-এর কাজ শুরু হইয়াছে এবং উহার কাজ শেষ হওয়ার সময় প্রয়োজনীয় অর্থপ্রাপ্তির উপর নির্ভর করিতেছে।

### Supply of drinking water

**122.** (Admitted question No. 65) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of Health Department be pleased to state the district-wise break-up of the total number of villages in the State, without any source of supply of drinking water as on 1st May, 1977, 1st April, 1972, 1st April, 1967 and 1st April, 1969?

**Minister-in-charge of Health Department :** The information is not readily available. However, all the District Officers have been asked to furnish the required information quickly. They have been reminded. However, as per survey conducted by the District Officers during the period between 22nd June, 1975 and 28th June 1975 a number of 8,940 villages in West Bengal were without a single source of protected water supply.

**Shallow Tube-wells, Deep Tube-wells and River Lift Irrigation Units in West Bengal**

**123.** (Admitted question No. 84.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the total number of Shallow Tube-wells, Deep Tube-wells and R.L.I Units in West Bengal as on the 31st July, 1977 and the total area receiving Irrigation facilities therefrom; and

(b) the number of them provided during the tenure of the last Government and the total area irrigated therefrom.

**Minister-in-charge of Agriculture Department :**

(a) Up to the 31st July, 1977—77,520 Nos. of Shallow Tube-wells, 2,332, Nos. of Deep Tube-wells and 2,344 Nos. of River Lift Irrigation Units were installed.

Area irrigated by the said installations as on 31st July, 1977 was—

| | Acres |
|---|---|
| Shallow Tube-wells ... ... ... | 6,20,160 |
| Deep Tube-wells . . . | 2,14,930 |
| River Lift Irrigation Units .. .. | 2,21,625 |
| Total . | 10,56,715 |

(b) During the tenure of the last Government 34,731 Nos. of Shallow Tube-wells, 576 Nos. of Deep Tube-wells and 1,381 Nos. of River Lift Irrigation Units were Installed.

Area irrigated by the said installations was—

| | Acres |
|---|---|
| Shallow Tube-wells ... ... ... | 2,77,648 |
| Deep Tube-wells ... ... ... | 53,600 |
| River Lift Irrigation Units ... ... | 1,35,100 |
| Total . . | 4,66,348 |

## কোন্নগর এবং শ্রীরামপুর রেললাইনের নিচে কালভার্ট

**১২৪।** (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার কোন্নগর এবং শ্রীরামপুর রেললাইনের নিচে কালভার্টটির প্রয়োজনীয় সংস্কারের জন্য পশ্চিমবঙ্গ সরকার হইতে কেন্দ্রীয় সরকারের সহিত কোনও যোগাযোগ করা হইয়াছে কিনা ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে,—

(১) এই সম্পর্কে কেন্দ্রীয় সরকার কি পরিমাণ আর্থিক দায়িত্ব গ্রহণ করিতে সম্মত আছেন, এবং

(২) কবে নাগাদ এই সংস্কারের কাজ সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়?

**স্বরাষ্ট্র (পরিবহন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সাধারণভাবে সমস্ত সাবওয়ে এবং বিশেষভাবে কোন্নগর সাবওয়ের জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হইয়াছিল।

(খ) (১) কোনও আর্থিক দায়িত্বগ্রহণে কেন্দ্রীয় সরকার সম্মত হন নাই।

(২) প্রশ্ন ওঠে না।

## বীরভূম জেলায় সেতু হইতে টোল আদায়

**১২৫।** (অনুমোদিত প্রশ্ন নং ১৪১।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) বীরভূম জেলার ব্রাহ্মণী নদীর উপর সেতু হইতে টোল সংগ্রহের জন্য ১২ই ফেব্রুয়ারি, ১৯৭৭ তারিখে নীলাম ডাকা হয় এবং সর্বোচ্চ ১,৬০০ টাকা দর পাওয়া যায় ; এবং

(২) উক্ত নীলামের বিভাগীয় অনুদান না পাওয়ায় তৎপূর্ব দর ৮০০ টাকা বর্তমানে টোল আদায় হইতেছে ;

(খ) সত্য হইলে, অনুমোদন না দেওয়ার কারণ কি ; এবং

(গ) অনুরূপ নীলামের সাহায্যে অজয় ও ময়ূরাক্ষী নদীর উপর সেতুর টোল বাবদ আয় বাড়াবার কোনও সরকারি পরিকল্পনা আছে কিনা?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) হ্যাঁ। বর্তমান সরকার অধিষ্ঠিত হইবার পূর্বে নীলাম ডাকা হইয়াছিল।

(ক) (২), (খ) ও (গ) সরকারি সেতুর উপর টোল আদায়ের লক্ষ্য একদিকে রাজস্ববৃদ্ধি অন্যদিকে অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগসৃষ্টি। টোল সেতু নীলামে লিজ দিলে কিছু বেশি অর্থ পাওয়া যায় বটে, কিন্তু সরকারি ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ নষ্ট হয়। এইজন্য বর্তমান সরকার নীলামের প্রস্তাব অনুমোদন করেন নাই। অবশ্য সরকারি রাজস্বের যাহাতে ক্ষতি না হয় সেই দিকে লক্ষ্য রাখিয়া উপযুক্ত ব্যবস্থাদি নেওয়া হইতেছে।

**New Industries in Joint Sector**

**126.** (Admitted question No. 201.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the present Government has agreed to set up some new industries in the Joint Sector with some big industrial houses ; and

(b) if so, the details of such projects and the investment proposed to be made by the State Government and the industrial houses associated in the process.

**Minister-in-charge of Commerce and Industries Department :**

(a) Two Joint Sector Projects of the West Bengal Industrial Development Corporation Ltd., viz., (1) a cement project at Ramkanali in the district of Purulia and (2) a Polyester Fibre Project at Haldia in the district of Midnapore are proposed to be set up in collaboration with big industrial houses.

(b) **Cement Project.**—A new company called "Damodar Cement & Slag Limited" is being incorporated to implement the slag granulation and cement grinding project in the Joint Sector in collaboration with Ashoka Cements Limited of Sahu Jain Group at Ramkanali in the backward district of Purulia. The project cost will be about Rs. 9 crores.

**Polyester Fibre Project.**—West Bengal Industrial Development Corporation made an application to the Government of India on May 20, 1977 for the issue of a Letter of Intent for manufacture of Polyester Fibres by amending the letter of intent issued earlier for manufacture of Nylon filaments which was subsequently not extended. The project is proposed to be set up in the joint sector at Haldia with Messrs Gwalior Commercial Co. Ltd., of the Birla Group, as the collaborator. The Technical

know-how for the project will be provided by messrs ZIMER A. G. of West Germany. The total project cost is estimated at Rs. 36 crores.

The West Bengal Industrial Development Corporation's participation in these projects will be 26 per cent. of equity, the Joint Sector collaborator will contribute 25 per cent. of equity and the rest will be offered to the public.

The aforesaid Joint Sector proposals were approved by the previous Government and the large houses and foreign companies are eligible to participate in these industries as per the guidelines of the Government of India. The Joint Sector collaboration agreement with Messrs Ashoka Cement Ltd. for the cement project was signed on 24th February, 1977 and the decision to enter into Joint Sector collaboration agreement with messrs Gwalior Commercial Co. Ltd. of Birla Group was taken on 28th February 1977.

**Supply of rice by FCI to ration shops**

**127.** (Admitted question No. 276.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether it is a fact that the Food Corporation of India mainly supplies 'Atap' rice for Ration Shops in the State while most people in the State consume parboiled rice; and

(b) what action the State Government has taken in the matter?

**Minister-in-charge of Food and Supplies Department** :

(a) Yes.

(b) The State Government has demanded of the Government of India to supply as much quantity of parboiled rice as possible from the Central Pool to this State. The Food Corporation of India has also been told to set up modern rice mills with parboiling arrangements in each district of the State.

**Imported power generating**

**128.** (Admitted question No. 300.) **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether the State Government has reviewed and/or examined

the working of imported power generating sets installed in the State ;

(b) if so,

(i) what are the findings ;

(ii) the total number and location of such imported sets installed in the State ; and

(c) what is the performance of the generating sets produced by Bharat Heavy Electricals Ltd. (BHEL)?

**Minister-in-charge of Power Department :**

(a) Sizeable imported generating sets have been installed in the State under D.P.L. and WBSEB and the working of these sets has been reviewed.

(b) (i) Both thermal and hydel generating sets were imported for this State.

The thermal units have given reasonably satisfactory service. Some of these units had to be operated long extending the period of operation between two successive major overhauls prescribed for the units for meeting the system demand. The design of the Bandel units was optimised in respect of stand-by coal mill at the time when there was no oil crisis. Provision of adequate oil firing exist in these units to compensate constraint on the side of coal mills arising out of wear and tear of the grinding elements.

Imported hydel units have been installed at Jaldhaka Hydel Project. There is no major complaint against the working of these units except that due to the heavy silt content in the water of Jaldhaka high rate of wear and tear is caused as the machines are to be overhauled very frequently thereby reducing the plant ability. The matter has been taken up with the Central Electricity Authority and the BHEL.

(ii) There are five thermal units located at Durgapur (DPL) and four at Bandel (WBSEB). There are three hydel units of capacity 9 MW each located at Jaldhaka. There are also five small hydel units with an aggregate capacity of 1 MW located in North Bengal and two units of capacity 2 MW each located at Massanjore.

(c) The generating sets produced by the BHEL gave full output of 120 MW for a very short period. But the units cannot be operated at full capacity continuously due to frequent troubles of the units and auxiliaries. The reasons have since been investigated by the Engineers of the WBSEB,

Central Electricity Authority and the Suppliers M/s. BHEL and Instrumentation Ltd., Kota. Corrective actions are also being taken to obtain full output from these units.

**Stock of rice, wheat, sugar, cereals, mustard oil, etc.**

**129.** (Admitted question No. 342.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state the total stock of rice, wheat, sugar, cereals, mustard oil, etc. in the State as on 31st July, 1977 ?

**Minister-in-chage of Food and Supplies Department :**

It is not possible to furnish information regarding stocks held by producers, consumers and traders in this State. Only an account of stocks held on the State Government's account can be given.

The Food Corporation of India purchases, stores and distributes rice, wheat, sugar and other cereals on behalf of this State Government.

Commodity-wise stocks of foodgrains/foodstuffs as on 31st July, 1977 with the Food Corporation of India, West Bengal Region were as follows :—

| | | | (Figures in M.T.) |
|---|---|---|---|
| (A) Rice : | | | |
| (i) Bengal rice | .. | ... | 1,59,324 |
| (ii) Central pool rice | ... | ... | 1,46,532 |
| | | Total : | 3,05,856 |
| (B) Wheat | ... | ... | 6,28,533 |
| (C) Sugar | ... | ... | 25,098 |
| (D) Cereals (Coarse) : | | | |
| (i) Maize | ... | ... | 7 |
| (ii) Milo | ... | ... | 1,547 |

There was also a stock of 19,000 quintals of mustard seed on 31st July, 1977 with the West Bengal Essential Commodities Supply Corporation, an Undertaking of the Government of West Bengal.

There was no stock of mustard oil on Government account.

**বোলপুর-সিউড়ি ও বোলপুর-কীর্ণাহার রাস্তা**

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০১।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত :** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বোলপুর-সিউড়ি, বোলপুর-কীর্ণাহার রাস্তা দুইটি চওড়া করিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আপাতত কোনও পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**ছাঁটাই, লক-আউট, লে-অফ ও ক্লোজারের সংখ্যা**

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮৮।) **শ্রী অমলেন্দ্র রায় :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ সাল হইতে ১৯৭৬ সাল পর্যন্ত এই রাজ্যে জেলাওয়ারি কলকারখানা ছাঁটাই, লক-আউট, লে-অফ ও ক্লোজারের সংখ্যা কত ছিল ;

(খ) কোন্ ক্ষেত্রে শ্রমিক অশান্তি কতদিন স্থায়ী হইয়াছিল ; এবং

(গ) কোন্ ক্ষেত্রে কতজন শ্রমিক ও কতজন কর্মচারী কর্মচ্যুত বা ক্ষতিগ্রস্ত হইয়াছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) জেলাওয়ারি কোনও পরিসংখ্যান রাখা হয় না।

১৯৭১ থেকে ১৯৭৬ পর্যন্ত সারা রাজ্যে সংঘটিত ছাঁটাই, লক-আউট, লে-অফ ও ক্লোজারের বাৎসরিক সংখ্যা সম্পর্কে একটি স্বতন্ত্র বিবরণী এতৎসহ দেওয়া হ'ল।

(খ) শ্রমিক অশান্তি বলিতে ঠিক কি বোঝাতে চাওয়া হয়েছে তা স্পষ্ট নয় এবং সেজন্য উত্তর দেওয়া গেল না। তবে লক-আউটের গড় স্থায়িত্বকাল 'ক' অংশের উত্তরে উল্লিখিত বিবরণীতে দেওয়া হ'ল।

(গ) ঐসব ব্যাপারে সংশ্লিষ্ট কর্মীর সংখ্যা প্রশ্নের 'ক' অংশের উত্তরে উল্লিখিত বিবরণীতে দেওয়া হ'ল।

*Statement referred to in reply to clauses (ka), (kha) and (ga) of unstarred question No.131 (Admitted question No.588)*

**RETRENCHMENT**

| Year | No. of cases | No. of men involved |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 1971 ... ... ... ... | 76 | 864 |
| 1972 ... ... ... ... | 58 | 1,391 |
| 1973 ... ... ... ... | 67 | 3,898 |
| 1974 ... ... ... ... | 79 | 2,051 |
| 1975 ... ... ... ... | 121 | 3,830 |

(Provisional)

**LOCK-OUT**

| Year | No. of cases | No. of men involved | Average duration (In days) |
|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) |
| 1971 ... ... ... | 122 | 59,027 | 47.6 |
| 1972 ... ... ... | 133 | 90,373 | 29.6 |
| 1973 ... ... ... | 158 | 64,474 | 52.8 |
| 1974 ... ... ... | 173 | 41,467 | 74.3 |
| 1975 ... ... ... | 166 | 64,151 | 43.6 |

**LAY-OFF**

| Year | No. of cases | No. of men involved |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 1971 ... ... ... ... | 251 | 241,076 |
| 1972 ... ... ... ... | 285 | 3,84,224 |
| 1973 ... ... ... ... | 1,553 | 6,45,324 |

| | | |
|---|---|---|
| 1974 ... ... ... ... | 396 | 7,13,863 |
| 1975 ... ... ... ... | 727 | 2,20,077 |

(Provisional)

**CLOSURE**

| Year | No. of cases | No. of men involved |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 1971 ... ... ... ... | 119 | 44,374 |
| 1972 ... ... ... ... | 105 | 12,141 |
| 1973 ... ... ... ... | 88 | 11,015 |
| 1974 ... ... ... ... | 70 | 6,204 |
| 1975 ... ... ... ... | 88 | 10,904 |

(Figures are Provisional)

**সরকার পরিচালিত ও সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার**

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৭।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিক্ষা (প্রাথমিক, মাধ্যমিক এবং গ্রন্থাগার) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে সরকার পরিচালিত ও সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারের সংখ্যা কত ;

(খ) এইসকল গ্রন্থাগারে সরকার কি ধরনের আর্থিক ব্যয়ভার গ্রহণ করেন ; এবং

(গ) এই বিষয়ে সাহায্যের জন্য কতগুলি আবেদন নিষ্পত্তির অপেক্ষায় রহিয়াছে?

**শিক্ষা (প্রাথমিক এবং মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) সরকার পরিচালিত গ্রন্থাগারের সংখ্যা ৯।

(২) সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগারের সংখ্যা-৭৫৯।

(৩) অনাবর্তক অনুদানপ্রাপ্ত সাধারণ পাঠাগারের সংখ্যা পরিবর্তনশীল ; গত বৎসরের সংখ্যা—২৬২।

(খ) (১) সরকার পরিচালিত গ্রন্থাগারের সমস্ত ব্যয়ভার সরকার বহন করেন।

(২) সরকারি সাহায্যপ্রাপ্ত গ্রন্থাগার Maintenance grant (Pay of staff, Contingency, Books and journals) পায়।

(৩) সাধারণ পাঠাগার গৃহনির্মান, পুস্তক ও আসবাবপত্র ক্রয়ের জন্য মাঝে মাঝে সরকার থেকে অনাবর্তক অনুদান পায়।

(গ) বর্তমান বৎসরে গ্রন্থাগারের সরকারি অনুদানের জন্য ৬৫টি আবেদনপত্র নিষ্পত্তির অপেক্ষায় রহিয়াছে।

**ক্যালকাটা বিউটিফিকেশন এবং স্ক্যাল্পচারাল কমিটি**

**১৩৩।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৮।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ক্যালকাটা বিউটিফিকেশন অ্যান্ড স্ক্যাল্পচারাল কমিটি নামে একটি কমিটি গঠিত হইয়াছে ; এবং

(খ) অবগত থাকিলে, কাহাদের লইয়া ঐ কমিটি গঠিত হইয়াছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) উক্ত নামে কোনও কমিটি গঠিত হয় নাই। তবে মেট্রোপলিটন এলাকা সৌন্দর্যমন্ডিত করিবার কর্মসূচি রূপায়ণের ব্যাপারে উপদেশ দেবার জন্য সি.এম.ডি.এ.-তে একটি কমিটি অব আর্টিস্ট গঠন করা হইয়াছে। এই কমিটির সদস্যদের নাম—

(১) শ্রী চিন্তামণি কর,

(২) শ্রী পরিতোষ সেন, এবং

(৩) শ্রীমতী সানু লাহিড়ি।

(২) জাতীয় নেতা স্বাধীনতা সংগ্রামী এবং জীবনের বিভিন্নক্ষেত্রে লব্ধপ্রতিষ্ঠ ব্যক্তিদের স্মৃতিরক্ষার্থে মর্মর মূর্তি স্থাপনের নূতন প্রস্তাব বিচার বিবেচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণের জন্য পূর্ত বিভাগে ঐ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় এবং নিম্নলিখিত আধিকারিকদের নিয়ে একটি বিভাগীয় কমিটি গঠন করা হইয়াছে ঃ—

(১) পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়, সভাপতি।

(২) মুখ্য বাস্তুকার এবং (পদাধিকার বলে) সচিব, পূর্ত বিভাগ—সদস্য।

(৩) মুখ্য বাস্তুকার (চিফ ইঞ্জিনিয়ার), পূর্ত বিভাগ—সদস্য।

(৪) মুখ্যস্থপতি এবং (পদাধিকার বলে) মুখ্য বাস্তুকার, পূর্ত বিভাগ—সদস্য।

(৫) অধ্যক্ষ, গভর্নমেন্ট কলেজ অব আর্ট অ্যান্ড ক্র্যাপ্ট—সদস্য।

এই কমিটিকে সময়বিশেষে প্রয়োজনবোধে উপদেশদানে সম্মত হইবার জন্য পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় নিম্নলিখিত ব্যক্তিদের অনুরোধ জানিয়ে লিখেছেন ঃ—

(১) শ্রী সত্যজিৎ রায়,

(২) অধ্যাপক ডি আর কৌশিক,

(৩) শ্রী চিন্তামণি কর,

(৪) শ্রী রামকিংকর বেজ, এবং

(৫) শ্রী সুনীল পাল।

(৩) এতৎব্যতীত "ক্যালকাটা বিউটিফিকেশন সোসাইটি" নামে একটি বেসরকারি সোসাইটি আছে। এই সদস্যদের নামের তালিকা এতৎসহ দেওয়া হইল।

*(Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 133 (Admitted question No.748)*

**ক্যালকাটা বিউটিফিকেশন সোসাইটির সদস্যদের নামের তালিকা**

(১) কলিকাতার পুলিশ কমিশনার।

(২) অ্যাডমিনিস্ট্রেটর, কলিকাতা কর্পোরেশন।

(৩) চিফ ইঞ্জিনিয়ার, কলিকাতা কর্পোরেশন।

(৪) শ্রী ভি. মিশ্র, সেক্রেটারি, পূর্ত বিভাগ।

(৫) দি চিফ গভর্নমেন্ট আর্কিটেক্ট।

(৬) দি ট্রান্সপোর্ট কমিশনার।

(৭) দি টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং কমিশনার।

(৮) দি অ্যাডমিনিস্ট্রেটর, ক্যালকাটা ট্রামওয়েজ।

(৯) শ্রী ভি আর দেশাই, চেয়ারম্যান, ইউকো ব্যাঙ্ক।

(১০) শ্রী রুশি বি জিমি, সেলভেল।

(১১) শ্রী বি এন ভগৎ, ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স।

(১২) শ্রী ধীরেন দে, দেজ্ মেডিক্যাল স্টোর্স।

(১৩) শ্রী পি কে রোহাংগি, সেক্রেটারি, রোটারি ক্লাব।

(১৪) দি সেক্রেটারি জেনারেল, ওয়ার্লড ফেভারোলিস্ট অ্যাসোসিয়েশন।

(১৫) শ্রী আর এম কাপুর, ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স।

(১৬) শ্রী এস দত্ত, ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স।

(১৭) শ্রী যুগল শ্রীমাল, নেহরু মিউজিয়াম।

**মিসায় গ্রেপ্তারের সংখ্যা।**

**১৩৪।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৬।) **শ্রী অনিল মুখার্জি :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭৫ সালে জরুরি অবস্থা ঘোষনার সময় হইতে ১৯৭৭ সালের মার্চ মাস পর্যন্ত পশ্চিমবাংলায় মোট কতজন মিসায় গ্রেপ্তার হইয়াছিলেন ; এবং

(খ) এঁদের মধ্যে কতজনকে রাজনৈতিক কারণে গ্রেপ্তার করা হইয়াছিল এবং তাঁহাদের বিরুদ্ধে কি অভিযোগ ছিল?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৫,৫৩৭ জন।

(খ) পূর্বতন সরকারের মতে কোনও রাজনৈতিক বন্দী ছিল না, তবে জন-শৃঙ্খলা রক্ষা বা রাজ্যের নিরাপত্তার পক্ষে হানিকর কাজের অভিযোগে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সংযুক্ত নিম্নলিখিত সংখ্যক ব্যক্তিদের মিসায় আটক করা হয়েছিল :—

| **রাজনৈতিক দল** | | **আটক ব্যক্তির সংখ্যা** |
|---|---|---|
| রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ | ... | ৪৬ |
| জমায়েত-ই-ইসলামি | | ১৩ |
| ভারতের কমিউনিস্ট পার্টি (মাঃ লেঃ) | .. | ৩১২ |
| আনন্দমার্গ | ... | ১৪৯ |
| কংগ্রেস (শা) | .. | ৫৭ |
| কংগ্রেস (সং) | ... | ১ |
| ভারতীয় জনসংঘ | .. | ৬ |
| ভারতীয় লোকদল | .. | ১ |
| সমাজতন্ত্রী দল | ... | ১ |

| | | |
|---|---|---|
| সংযুক্ত সমাজতন্ত্রী দল | ... | ৩ |
| ভারতের কমিউনিস্ট পার্টি | ... | ১ |
| ভারতের কমিউনিস্ট পার্টি (মাঃ) | ... | ২০২ |
| মার্কসবাদী ফরওয়ার্ড ব্লক | ... | ১ |
| বিপ্লবী সমাজতন্ত্রী দল | ... | ১১ |
| পশ্চিমবঙ্গ জনসংঘর্ষ সমিতি | ... | ৭ |
| মোট | ... | ৮১১ |

**ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠন**

**১৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৪।) **শ্রী অশোককুমার বোস ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—কোন উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন গঠিত হয় এবং সেগুলি পূরণে উক্ত কর্পোরেশন কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রাজ্যের বিভিন্ন অঞ্চলে সু-পরিকল্পিতরূপে শিল্প ও বাণিজ্য সম্প্রসারনের উদ্দেশ্যে জমি অধিগ্রহণ, উন্নয়ন, বিদ্যুৎ ও জলসরবরাহের ব্যবস্থা, রাস্তাঘাট নির্মাণ এবং উন্নত জমি বিভিন্ন শিল্প সংস্থার মধ্যে বন্টনের জন্য ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন ১৯৭৩ সালের নভেম্বর মাসে স্থাপিত হয়।

ইতিমধ্যে কর্পোরেশন যে তিনটি নূতন শিল্প এলাকায় কাজ শুরু করেছে সেগুলি হ'ল হলদিয়া, খড়্গপুর এবং কল্যাণী। এই তিনটি শিল্প এলাকায় এ পর্যন্ত ১৬টি শিল্প সংস্থাকে মোট ২৬৭ একর জমি বিলি করা হয়েছে।

প্রথম পর্যায়ে হলদিয়াতে দৈনিক ২০ লক্ষ গ্যালন জলসরবরাহের কাজ আগামী অকটোবরে শেষ হইবে বলিয়া আশা করা যায় এবং দ্বিতীয় পর্যায়ে সমপরিমাণ জলসরবরাহের কাজ এই চলতি বছরেই শুরু হইবে। তা ছাড়া খড়গপুরে ১৫ লক্ষ গ্যালন এবং কল্যাণীতে ১০ লক্ষ গ্যালন জলসরবরাহের কাজ হাতে লওয়া হইয়াছে।

হলদিয়াতে তমলুক-দুর্গাচক রাস্তাটি দুর্গাচক রেলওয়ে স্টেশন পর্যন্ত বর্ধিতকরণের কাজ ত্বরান্বিত করা হচ্ছে এবং আরও ৩ কিলোমিটার রাস্তা এই শিল্পকেন্দ্রে নির্মিত হইয়াছে। হলদিয়া গ্রোথ-সেন্টারের দক্ষিণ দিকে একটি রেলওয়ে সাইডিং নির্মানের কাজ সমাপ্ত হইয়াছে।

হলদিয়াতে বিদ্যুৎ সরবরাহের কাজ, খড়্গপুরে ৩৩ কে.ভি. পাওয়ার স্টেশন এবং

কল্যাণীতে ৩৩/১১ কে.ভি. পাওয়ার স্টেশন স্থাপনের কাজ ত্বরান্বিত করার জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ উদ্যোগী হইয়াছে। বিভিন্ন কাজের পরিমাণ নিচে দেওয়া হইল ঃ—

| | হলদিয়া | খড়গপুর | কল্যাণী |
|---|---|---|---|
| জমি অধিগ্রহণ ... | ৩০৩ একর | ২২৬ একর | ৩৪৩ একর |
| বন্টন ... | ৯৭ একর | ৯৫.৫০ একর | ৭৪.৫০ একর |
| জলসরবরাহ ... | ২০ লক্ষ গ্যালন (১ম পর্যায়ে) এবং ২য় পর্যায়ে সমপরিমাণ। | ১৫ লক্ষ গ্যালন | ১০ লক্ষ গ্যালন। |
| রাস্তানির্মাণ ... | ৩ কিলোমিটার | ভিতরের রাস্তা তৈরির কাজ চলিতেছে। | ১০২ একর সেক্টারের রাস্তা নির্মাণ চলিতেছে। |
| বিদ্যুৎ সরবরাহ ... | হলদিয়ায় অবস্থিত পাওয়ার স্টেশন হইতে এইচ টি লাইন দ্বারা বিদ্যুৎ সরবরাহের কাজ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ গ্রহণ করিয়াছে। | ৩৩ কে.ভি. পাওয়ার স্টেশন নির্মিত হইয়াছে। | ২৪১ একর সেক্টরে পাকা রাস্তা রহিয়াছে।<br>৩৩/১১ কে.ভি. পাওয়ার স্টেশন নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কাছে প্রস্তাব পাঠানো হইয়াছে। |

## আসানসোল মাইনস্ বোর্ড অব হেল্‌থ্

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮১১।) **শ্রী বামাপদ মুখার্জি ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মাইনস্ বোর্ড অব হেলথ্-এর পরিচালকমণ্ডলী পুনর্গঠিত হবে কিনা ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, কবে নাগাদ পুনর্গঠিত হবে ;

(গ) মাইনস্ বোর্ড অব হেল্‌থ পরিচালনায় কোনও দুর্নীতির অভিযোগ সরকার পেয়েছেন কিনা ; এবং

(ঘ) "গ" প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, সরকার সে সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) আসানসোল মাইনস্ বোর্ড অফ হেল্থ-এ বর্তমান পরিচালকমন্ডলীর মেয়াদ ১৯৭৮ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত আছে। মেয়াদ শেষে আইন অনুযায়ী বোর্ড পুনর্গঠিত হবে।

(গ) ও (ঘ) বর্ধমান বিভাগের কমিশনারকে বোর্ডের বিরুদ্ধে কতকগুলি অভিযোগ সম্বন্ধে তদন্ত ক'রে রিপোর্ট দিতে বলা হয়েছে। ঐ রিপোর্টের প্রতীক্ষা করা হচ্ছে।

**২৪-পরগনা জেলা স্কুলবোর্ড কর্তৃক প্রাথমিক শিক্ষক ছাঁটাই**

**১৩৭।** (অনুমোদিত প্রশ্ন নং ৮৩২।) **শ্রী এ.কে.এম হাসান উজ্জামান ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৭৪ সালের ১লা সেপ্টেম্বর ২৪-পরগনা জেলা স্কুলবোর্ড কিছু প্রাথমিক শিক্ষককে ছাঁটাই করিয়াছিলেন ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হাঁ হইলে, তাহাদের সংখ্যা কত ; এবং

(গ) উক্ত ছাঁটাই শিক্ষকদের পুনর্বহাল করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। ১৯৭৪-৭৫ সালে ২৪-পরগনা জেলা জেলাস্কুল বোর্ড কিছু প্রাথমিক শিক্ষককে ছাঁটাই করিয়াছিলেন।

(খ) ৬০১ জন।

(গ) ছাঁটাই শিক্ষকদের পুনর্বহাল করার প্রশ্ন ওঠে না। উহাদের নাম প্যানেলের অন্তর্ভুক্তি ছিল না এবং উহারা সকলেই বেআইনিভাবে নিযুক্ত হইয়াছিলেন। বিষয়টি বর্তমানে হাইকোর্টের বিচারাধীন। মাননীয় হাইকোর্ট ৫৮টি কেসে এ পর্যন্ত রায় দিয়াছেন এবং ঐ রায় জেলা স্কুলবোর্ড ও সরকারপক্ষের অনুকূলে গিয়াছে। তবে কয়েকজন ছাঁটাই শিক্ষক ঐ রায়-এর বিরুদ্ধে 'আপীল' করিয়াছেন। বিষয়টি এখন কোর্টের বিবেচনাধীন।

**Amount sanctioned for Industries by All-India Financial Institutions**

**138.** (Admitted question No. 947.) **Shri Satya Ranjan Bapuli :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government is aware of the total amount sanctioned during the months of June, July and August, 1977 and the corresponding months in 1976 and 1975 by the All-India Financial Institutions for Industries in West Bengal ; and

(b) if so, what is the amount

**Minister-in-charge of Food and Supplies Department :** (a) No.

(b) Does not arise.

**জেলাওয়ারি নূতন কারখানার সংখ্যা**

**১৩৯।** (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৮।) **শ্রী অমলেন্দ্রলাল রায় ঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—১৯৭১-৭৬ সালে এই রাজ্যে জেলাওয়ারি কয়টি নূতন কারখানা স্থাপিত হইয়াছে এবং উহাদের কোনটিতে কতজন লোক নিযুক্ত আছেন?

**বাণিজ্য ও শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ১৯৭১-৭৬ সালে 'ফ্যাক্টরিজ অ্যাক্টে' নিবন্ধভুক্ত যে সকল নূতন কারখানা এই রাজ্যের বিভিন্ন জেলায় স্থাপিত হইয়াছে তাহার সংখ্যা ও তাহাতে কর্মসংস্থানের বিবরণ সহ একটি তালিকা এতৎসহ দেওয়া হইল।

*Statement referred to in reply to unstarred question No 139 (Admitted Question No.958*

| জেলা | | ১৯৭১ | | ১৯৭২ | |
|---|---|---|---|---|---|
| | | কারখানা | কর্মসংস্থান | কারখানা | কর্মসংস্থান |
| (১) কলিকাতা | .. | ৯ | ১২২ | ৬ | ৯২ |
| (২) ২৪ পরগণা | .. | ৫৩ | ২,৪৩৪ | ৫৩ | ২,১৯১ |
| (৩) হাওড়া | ... | ৩৯ | ১,৩২৬ | ২৯ | ১,২৭৪ |
| (৪) হুগলি | ... | .. | ... | ... | |
| (৫) বর্ধমান | ... | ৭ | ২৬৩ | ৫ | ১১৭ |
| (৬) বীরভূম | .. | ২ | ৭৮ | ১ | ২০ |
| (৭) নদীয়া | ... | ১ | ২০ | ১ | ১০ |
| (৮) মেদিনীপুর | ... | ... | ... | ২ | ৭৬ |
| (৯) বাঁকুড়া | ... | ... | ... | ১ | ২০ |
| (১০) পুরুলিয়া | ... | ... | ... | ... | .. |
| (১১) মুর্শিদাবাদ | ... | ... | ... | ... | ... |
| (১২) মালদা | ... | ... | ... | ... | ... |
| (১৩) পশ্চিমদিনাজপুর... | | ... | ... | ... | ... |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১৪) দার্জিলিং | ... | ... | ... | ১ | ৬০ |
| (১৫) জলপাইগুড়ি | ... | ২ | ২৭ | ১ | ১৬ |
| (১৬) কোচবিহার | ... | ... | ... | ... | ... |
| | মোট | ১১৩ | ৪,২৭০ | ১০০ | ৩,৮৭৬ |

*Statement referred to in reply to unstarred question No.139 (Admitted Question No.958*

| ১৯৭৩ | | ১৯৭৪ | | ১৯৭৫ | | ১৯৭৬ | |
|---|---|---|---|---|---|---|---|
| কারখানা | কর্মসংস্থান | কারখানা | কর্মসংস্থান | কারখানা | কর্মসংস্থান | কারখানা | কর্মসংস্থান |
| ৬ | ৯০ | ২ | ৫৩ | ৪ | ৭২ | ৫ | ৩৭০ |
| ৪২ | ১,৩৮৮ | ৫৯ | ২,৫৭১ | ৪৭ | ১,৯৫৭ | ৮৪ | ৩,২৮৪ |
| ১৪ | ৫৪২ | ২১ | ৯৯৭ | ৩১ | ১,২৬৪ | ৫৩ | ২,৩১৪ |
| ৪ | ১৬৮ | ১ | ১৪ | ১০ | ৯৮৪ | ৫ | ১৯৫ |
| ১ | ১৮ | ৪ | ৭৭০ | ৬ | ২৯৩ | ৬ | ২৩৭ |
| ১ | ৫০ | ১ | ৫০ | ... | ... | ২ | ১৫০ |
| ১ | ২৮ | ২ | ৩০০ | ৮ | ৭৩০ | ৩ | ১২৪ |
| ১ | ২২ | ২ | ৩০৯ | ৮ | ৮৮৬ | ৩ | ২৩০ |
| ... | ... | ৩ | ৮৬ | ... | ... | ১ | ১৪ |
| ... | ... | ... | ... | ২ | ৩১৯ | ৫ | ১,১৫৭ |
| ১ | ৪০ | ... | ... | ... | ... | ... | ... |
| ... | ... | ... | ... | ... | ... | ... | ... |
| ... | ... | ... | ... | ... | ... | ১ | ৫০ |
| ... | ... | ১ | ৪০ | ... | ... | ১ | ১০০ |
| ১ | ৩০ | ... | ... | ... | ... | ৬ | ১০৮ |
| ২ | ৮২ | ... | ... | ... | ... | ... | ... |
| ৭৪ | ২,৪৫৮ | ৯৬ | ৫,১৯০ | ১১৬ | ৬,৫০৫ | ১৭৫ | ৮,৩৩৩ |

### রেশনে চিনির পরিমাণে তারতম্য

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৬।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিধিবদ্ধ রেশন এলাকা ও পশ্চিমবঙ্গের অন্যান্য শহর ও গ্রামাঞ্চলের রেশনে সাপ্তাহিক মাথাপিছু চিনির পরিমাণে কোনও তারতম্য আছে কি ; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উহার কারণ কি?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) (১) গ্রামাঞ্চল অপেক্ষা শহরাঞ্চলের অধিবাসীদের মধ্যে চিনির ব্যবহার অপেক্ষাকৃত বেশি।

(২) গ্রামাঞ্চলের লোক অপেক্ষা শহর এলাকার লোকের ক্রয় ক্ষমতা বেশি।

(৩) গ্রামাঞ্চলে গুড়, তালগুড়, খেজুর গুড় ইত্যাদির ব্যবহার বেশি হওয়ায় চিনির প্রয়োজন কম।

## Statement under rule 346

**Mr. Deputy Speaker :** Hon'ble Shri Prasant Kumar Sur will now make a statement under rule 346 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

**শ্রী প্রশান্ত শূর :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি পরিস্থিতির দিকে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। গত রাত্রে ১২টা থেকে কলকাতা শহরে আবর্জনা পরিষ্কারের কাজ ব্যাহত হচ্ছে। আমি মধ্যরাত্রিতে শুনতে পেলাম এই রকম ধরনের একটা ঘটনা হতে যাচ্ছে। আপনাদের বোধহয় স্মরণ থাকতে পারে বামফ্রন্ট সরকার যেদিন এখানে ক্ষমতায় আসেন অর্থাৎ মুখ্যমন্ত্রী যেদিন শপথ গ্রহণ করেন সেইদিন থেকে ঠিক এই রকম ধরনের বিনা নোটিশে ধর্মঘট শুরু হয়ে যায়। তখনকার মতো মুখ্যমন্ত্রী এই সংস্থাকে ডেকে কথাবার্তা বলে এটা বন্ধ করান। পৌর প্রতিষ্ঠানে জানি ৯১ টি ইউনিয়ন আছে- অর্থাৎ বিভিন্ন সেকশন্যাল শ্রমিক ও কর্মচারিদের সংগঠন আছে। সুতরাং আমরা এবারেও ভেবেছিলাম প্রতিবছর যেমন পূজার আগে এইরকম ধরনের ধর্মঘট সংগঠিত করা হয় জনসাধারণের জীবনকে বিধ্বস্ত করার জন্য এবারেও হয়ত তাই হচ্ছে। সেইজন্য অনেক আগে থেকে শ্রমিক ইউনিয়নের সঙ্গে আমরা আলোচনা করেছিলাম।

[2-00—2-10 p.m.]

গত ৯ই সেপ্টেম্বর পৌরপ্রতিষ্ঠানে যেসব বৃহৎ সংস্থা আছে তাদের সঙ্গে দীর্ঘ সময় ধরে আমি আলোচনা করি এবং তারপর কতকগুলি সিদ্ধান্ত আমরা নিই। আপনারা জানেন আমাদের দেশে দ্রব্যমূল্যবৃদ্ধির ফলে শ্রমিক কর্মচারিদের নানান অসুবিধা হচ্ছে, এবং তাদের ক্রয় ক্ষমতাও কমে যাচ্ছে। আপনারা এটাও জানেন যে পৌর প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা

খারাপ। এখানে ১৪ কোটি টাকা আয়ের মধ্যে ১২ কোটি টাকা শুধু এস্টাবলিসমেন্টেই খরচা হয়। সুতরাং সাধারণ মানুষকে বিভিন্ন সুযোগ সুবিধা দেবার যে সুযোগ সেটা খুবই কম হয়। তা সত্ত্বেও আমরা দেখলাম নাগরিক জীবন যাতে ব্যাহত না হয়, শহর যাতে পরিষ্কার পরিচ্ছন্ন থাকে সেই চেষ্টা করা দরকার। তাই বিভিন্ন সংস্থাগুলোকে ডেকে আলোচনা করে তাদের বলি যে আমরা আগামী কিছুদিনের মধ্যেই একটা পে-কমিটি করব এবং তাঁরা যেমন সুপারিশ করবেন সরকার সেইমতো বিবেচনা করবেন। সেই পে-কমিটির সুপারিশ সাপেক্ষে মাসে ১০.০০ টাকা করে তাঁদের গত এপ্রিল মাস থেকে মজুরি বৃদ্ধি করা হয়। আপনারা এটাও জানেন ১৯৭২ সালের ২২শে মার্চ যখন পৌর প্রতিষ্ঠানকে সুপারসিড করা হয় তার পর থেকে এক্‌সগ্রেসিয়া বলে পৌরপ্রতিষ্ঠানে যেটা চালু ছিল সেটা বন্ধ হয়ে যায় এবং শ্রমিক কর্মচারিদের এরকম ধরনের কোনও অনুদান দেওয়া হয় না। প্রতি বছর অ্যাডভান্সের টাকা দেবার পর ঐ টাকা নিয়ে নানান রকম ধরনের ঝঞ্ঝাট হয়। পরবর্তী সময়ে কখনও কখনও সেগুলিকে এক্‌সগ্র্যাসিয়া হিসাবে কনভার্ট করা হয়। আমরা এবারে এসে দেখলাম গত বছর যে অ্যাডভান্স দেওয়া হয়েছিল সেই টাকা কেটে নেওয়া হবে বারে বারে বলেও কাটা হয়নি। কিন্তু শ্রমিক কর্মচারিদের মধ্যে খানিকটা দুশ্চিন্তা ছিল, আমরা এই কথা ভেবে বললাম গত বছর যে অ্যাডভান্স দেওয়া হয়েছিল সেটা কাটা হবে না, সেটা এক্‌সগ্র্যাসিয়া হিসাবে আমরা কনভার্ট করে নিলাম। এবছরে আমরা একথা বললাম যে প্রত্যেকটি শ্রমিক কর্মচারী ন্যূনতম ২০০ টাকা করে এবং সর্বাধিক ৫০০ টাকা করে তারা এক্‌সগ্র্যাসিয়া হিসাবে পাবে অর্থাৎ পূজার সময় যাতে তাদের খানিকটা সুরাহা হয়, যাতে তারা কিছু কেনাকাটা করতে পারে। আমরা একথাও বলি আপনারা জানেন যে একটা কমপালসারি রিটায়ারমেন্ট অ্যাক্ট চালু করেছিল ১৯৭৬ সালে এবং তার মধ্য দিয়ে অন্যায়ভাবে বহু শ্রমিক কর্মচারীকে ছাঁটাই করা হয়েছিল, সেই আইনটাকে বাতিল করে দেওয়া হোক এবং যাদের সেখানে ছাঁটাই করা হয়েছে তাদের পুনর্বহাল করা হবে এই ঘোষনা করা হবে। আমি আরও বলি যেসব দুর্নীতি পৌর প্রতিষ্ঠানে এই সময়ে দেখা দিয়েছে সেইসব রিপোর্ট বারে বারে আমাদের কাছে এসেছে, তারজন্য এনকোয়ারি কমিটি করব এবং এনকোয়ারি কমিটি যেমন সুপারিশ করবেন সেইমতো আমরা ব্যবস্থা গ্রহণ করব। আমরা আরও বলি অতীতে চাকরির জন্য অন্যায়ভাবে যেসমস্ত প্যানেল সৃষ্টি করা হয়েছে বিধি নিয়ম কানুন লংঘন করে সেই সমস্ত প্যানেল ক্যানসেল করে দিয়ে নতুনভাবে চাকরি দেওয়ার জন্য সরকারি নীতি অনুসারে আমরা সমস্ত কাজ করব। আমরা বলেছি এরপরে আপনাদের যে দাবি-দাওয়া আছে সেগুলি পে-কমিটিতে রেফার করে দেওয়া হবে, তাঁরা যে সুপারিশ করবেন সেটা সরকার বিবেচনা করে দেখবেন। এই সমস্ত আলোচনা করা সত্ত্বেও আমরা খুব আশ্চর্য হলাম যে দু'একটা সংগঠন তাঁরা সহযোগিতা করছেন না, বিশেষ করে হরিজন মজদুর সংঘ বলে একটা সংগঠন তাঁরা ৯ই সেপ্টেম্বর তাঁদের আহ্বান করা সত্ত্বেও আসলেন না। গতকাল যখন আমাদের পৌর প্রতিষ্ঠানের অ্যাডমিনিস্ট্রেটর, কমিশনার পৌর সংস্থা মিউনিসিপ্যাল ইউনিয়নগুলির সাথে আলোচনা করেছেন তখনও তাঁরা আসলেন না। এদিকে যে কমিটমেন্ট করেছি পৌর শ্রমিক কর্মচারিদের জন্য গত বছরের অ্যাডভান্সকে এক্‌সগ্র্যাসিয়ায়

কনভার্ট করা, এপ্রিল মাস থেকে ১০ টাকা করে দেওয়া তা নিয়ে আমাদের ২।।/৩ কোটি টাকার কমিটমেন্ট হয়ে গেছে, টাকার আর সংস্থান নেই, সরকারের কাছে পৌর প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ এসেছেন, আমরা বিবেচনা করছি, এই রকম একটা পরিস্থিতিতে আমরা দেখলাম হঠাৎ অদ্য রাত্রি থেকে হরিজন মজদুর সংঘ তাঁদের সংস্থা থেকে সেখানে কাজ বন্ধ করে দিলেন। কাজ বন্ধ করে দেওয়ার যে পদ্ধতি সেটা আমাদের পৌর প্রতিষ্ঠানে নতুন ঢঙের। পৌর প্রতিষ্ঠানের যে সেন্ট্রাল গ্যারেজ আছে যেখানে বেশির ভাগ গাড়ি থাকে, ডিস্ট্রিক্ট-৩ গ্যারেজ সার্কুলার রোডে, সেখানে তারা সামনের দরজা বন্ধ করে বেঞ্চ পেতে বসে থাকে যাতে গাড়ি বের করা না যায় এবং অন্যান্য আমাদের যে ডিস্ট্রিক্ট-২, ডিস্ট্রিক্ট ৪ গ্যারেজ আছে এইসব গ্যারেজগুলিতে এইভাবে কাজ বন্ধ করে দেয়, ফলে অন্যান্য জায়গায় ধর্মঘট চালু হয়ে যায়, লরি বের হতে পারে না, জঞ্জাল সাফাই হতে পারে না। আমরা এটা শুনেই যোগাযোগ করতে চেষ্টা করলাম, কিন্তু যোগাযোগ করতে পারলাম না। তখন একথা বললাম শ্রমিক কর্মচারী যাঁরা কাজ করতে ইচ্ছুক তাঁরা গ্যারেজের সামনে যাবেন এবং গ্যারেজের দরজা খোলার চেষ্টা করবেন, আমরা পুলিশকে জানিয়ে রেখেছি। আজকে সকাল ৫টা থেকে ৭টা পর্যন্ত অনেক চেষ্টা করেছিলাম, কিন্তু তাঁরা কথা শোনেননি তারপর পুলিশ পাহারায় গেটগুলি খুলে লরি বের করে দেওয়া হয়। যখন ডিস্ট্রিক্ট ১ গ্যারেজের গাড়ি বোঝাই করেছে তখন সেই বোঝাই লরিকে এনে আনলোড করা হয়েছে, সেখানে শ্রমিকদের মারধোর করা হয়েছে, শ্রমিকদের অনেকে হাসপাতালে গেছে। এই ভাবে বিক্ষিপ্তভাবে যখন শ্রমিকরা কাজ করছে তখন তাদের উপর আক্রমন হয়েছে, আমাদের বড় বড় লরীগুলি ক্ষত-বিক্ষত হচ্ছে। যেখানে আমরা কর্তৃপক্ষের পক্ষ থেকে, সরকারের পক্ষ থেকে একটা আলাপ আলোচনার মাধ্যমে কোনও সমস্যার সমাধান করতে যাচ্ছি এবং যে বক্তব্য তাঁরা হাজির করেছেন সেগুলিকে পে কমিটির সামনে রাখা হবে বলে বলেছি এবং অন্যান্য যদি কিছু থাকে পরবর্তী সময়ে সে সম্বন্ধে আলাপ আলোচনা করা হবে বলে বলেছি। সেখানে কিন্তু আমরা দেখছি এইভাবে কাজ শুরু হয়ে গেছে। সুতরাং আমি মনে করি এগুলি কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। এর পেছনে যড়যন্ত্র রয়েছে। যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিল তক্ষনি এরকম ধর্মঘট সংগঠিত হওয়ার চেষ্টা হয়েছিল। আবার যখন আলোচনা করে সমস্ত সংস্থার সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে ঘোষনা করি তার পরবর্তী সময়ে বিনা নোটিশে এই ধর্মঘট শুরু হয়ে গেল। আজকে কোনও কাজ প্রাকটিক্যালি হতে পারেনি, মাত্র ১০ ভাগ জঞ্জাল সাফাই হয়েছে। আমরা চিন্তা করছি আজকে রাত্রিবেলা কাজ করব। এবং সমস্ত ব্যবস্থা করেছি। আমি জানিনা কতটা কি হবে। শ্রমিকরা যখন কাজ করতে যায় তাদের বিক্ষিপ্তভাবে মারধোর করা হয়। পুলিশ সাহায্য করতে পারেনা। এরকম অবস্থায় নাগরিক জীবন বিপন্ন হতে চলেছে। আপনি জানেন কোলকাতা শহরে ২২০০ টন থেকে আড়াই হাজার টন পর্যন্ত ময়লা এরা সাফাই করে। জঞ্জাল সাফাই করতে গিয়ে জঞ্জাল নিয়ে ধাপার মাঠে ফেলবার জন্য ইউজেস্ রোড দিয়ে যখন যায় তখন সেই শ্রমিকদের উপরে মারধোর হয়েছে, এরকম ঘটনাও হয়েছে। সুতরাং মাননীয় সদস্য যাঁরা আছেন বিশেষকরে কোলকাতার সদস্য যাঁরা তাঁদের কাছে অনুরোধ করছি এটাকে যেন কোনও

রাজনৈতিক প্রশ্ন হিসেবে দেখা না হয়। নাগরিক জীবন যেভাবে বিপন্ন হতে যাচ্ছে তাতে সমস্যাকে সেইভাবে যেন দেখা হয় এবং এটাকে যেন রাজনীতির উর্ধে রাখা হয়। বিশেষত অর্থনৈতিক সীমিত ক্ষমতার মধ্যে শ্রমিক কর্মচারিদের দাবি দাওয়া মেনে নিতে আমরা চেষ্টা করছি। তা সত্ত্বেও যখন এরকম ঘটনা ঘটছে তখন আপনাদের এগিয়ে আসা দরকার এবং কোলকাতার নাগরিকদেরও এগিয়ে আসা দরকার এই অন্যায় ধর্মঘটের প্রতিবাদে। তাঁরা যাতে জঞ্জাল সাফাইয়ের কাজে সাহায্য করেন এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

[2-10—2-20 p.m.]

## Adjournment Motion

**Mr. Deputy Speaker :** I have received notice of an adjournment motion from Shri Naba Kumar Roy on the subject of sharp increase in the prices of essential commodities. The adjournment sought to be moved by Shri Naba Kumar Roy raises a subject which has been discussed from time to time in the current session both during question hour and general discussion on the budget. Moreover, there is ample scope for further discussion on the subject when the food budget would be taken up Apart from that rise in prices is a matter which has been a continuing topic and is not of that emergent character which occasions an adjournment motion. I, therefore, withhold my consent to the adjournment motion. The member may, however, read out the text of the motion.

**শ্রী নবকুমার রায় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, বিগত মার্চমাসে সাধারন নির্বাচন হবার পরে জনসাধারন আশা করেছিলেন যে, বর্তমান কেন্দ্রীয় সরকার দ্রব্যমূল্য রোধ করার জন্য সক্রিয় কতগুলি পন্থা অবলম্বন করবেন, কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে সম্পূর্ণ ভিন্ন চিত্র। অত্যন্ত ক্ষোভ ও দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে, পশ্চিমবঙ্গের বামপন্থী সরকার দ্রব্যমূল্য বৃদ্ধির সমস্যার প্রতি আদৌ দৃষ্টি দিচ্ছেন না। তাঁরা এই গুরুতর সমস্যা এড়িয়ে গিয়ে কেন্দ্রীয় সরকারের উপর দোষ চাপানোর চেষ্টা করছেন। অন্যদিকে কেন্দ্রীয় সরকার প্রাদেশিক সরকারকে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের জন্য সক্রিয় ভূমিকা নেবার জন্য নির্দেশ দিচ্ছেন। পক্ষান্তরে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের মূল্যবৃদ্ধির উর্ধগতি রোধ করার প্রতি চরম উপেক্ষা ও শোচনীয় ব্যর্থতা জনসাধারনের মনে হতাশা সৃষ্টি করেছে এবং তাদের জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। অন্যদিকে বর্তমান রাজ্য সরকারের ব্যর্থতার জন্যই অসাধু ব্যবসায়ীরা এবং মুনাফাশিকারীরা লুঠের রাজ্য প্রতিষ্ঠা করেছে। এমতাবস্থায় এই দ্রব্যমূল্য বৃদ্ধি জনসাধারনের চরম দুর্দশার কারণ হয়ে দাঁড়িয়েছে এবং জনগণ অতিষ্ঠ হয়ে পড়েছে। সেই কারণহেতু অদ্য উক্ত বিষয়ে আলোচনা হওয়া একান্ত প্রয়োজন। বর্তমানে দ্রব্যমূল্য আরও বৃদ্ধি হতে চলেছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে বাংলাদেশের প্রতিটি মানুষের পক্ষে, প্রতিটি পরিবারের পক্ষে যেটা দৈনন্দিন সমস্যা হয়ে দাঁড়িয়েছে সেটা হচ্ছে দ্রব্যমূল্য।

**Mr. Deputy Speaker :** No discussion please. You have read out the text of the adjournment motion. You please take your seat

(Dr. Zainal Abedin rose to speak)

**Mr. Deputy Speaker :** Dr. Abedin, I have already allowed him to read out the text of the motion. Please take your seat.

**ডাঃ জয়নাল আবেদিন :** আমি একটা সাবমিশন রাখতে চাই।

**Mr. Deputy Speaker :** Honourable Member might have missed. I have already informed the House that there is ample scope of further discussion when the Food Budget will be discussed, and it was also discussed in the general discussion of the budget.

**ডাঃ জয়নাল আবেদিন :** আমি স্যার, আপনার রুলিং এর উপর ডিসকাশন চাইনা।

**Mr. Deputy Speaker :** It has been discussed during question hour and was also discussed during the general discussion of budget

**ডাঃ জয়নাল আবেদিন :** স্যার আপনার রুলিং-এ দুটো কন্ট্রাডিকশন আমরা দেখছি সেজন্য বলতে চাইছি।

**Mr. Deputy Speaker :** Dr. Abedin, you are a senior member of this House. You should know that no discussion can be made after my ruling Kindly take your seat

Honourable Members, here is another Adjournment Motion I have received a notice of an adjournment motion from Shri Rajani Kanta Doloi to discuss the failure of the Government to inform the House of the latest development on the issue of Farakka waters.

The subject of the adjournment motion was discussed in the House and the motion was passed on being moved by the Hon'ble Minister Shri Pravas Roy in the matter of sending a delegation of this House to the Prime Minister and other Central Ministers at New Delhi on the issue of distribution of Farakka waters. Now it is primarily a responsibility of the Central Government to take appropriate action on the demands pressed by the delegation. Since any lapse in this matter does not involve any responsibility of the State Government no adjournment motion lies on this issue. As regards apprising the House of the outcome of the discussion it rests on the delegation to do so, if only they consider it fit and proper.

On all these considerations I withhold my consent to the adjournment motion. The member may however read out the text of the motion.

**Shri Rajani Kanta Doloi :** Mr. Deputy Speaker Sir, the text of my adjournment motion is- "Failure of the Government to inform the House the latest development in the issue of Farakka Waters.

"The House had authorised Shri Pravas Roy the Irrigation Minister to lead a deputation on behalf of the House and meet Central leaders in New Delhi. It is learnt that the deputation did meet Central leaders and had a thorough threadbare discussion on the issue. The House has not yet been taken into confidence by Shri Pravas Roy and the outcome of the discussions has not yet been made known to the House. This veil of secrecy is creating doubts and suspicions in the minds of the people.

"The Indo-Bangladesh talks on sharing Ganga waters are beginning in New Delhi today but the House is being deliberately kept in the dark by the Left Front Government. The latest developments in the matter are being suppressed and not made known to the House.

"It is necessary to make it firmly and categorically clear that under no circumstances people of West Bengal would accept or tolerate any agreement which would reduce the supply of Ganga waters for Calcutta and Haldia Ports to less than 40,000 cusecs during the lean months.

"We are not prepared to sacrifice the interest of West Bengal to satisfy the whim of anyone, in whatever high position he might be placed.

"We shall not yield to any pressure which is being exerted by the Sino American Axis to compel us to agree to sell out of our right on Farakka Waters. Any such act or deed would amount to the betrayal of the interest of the State as well as the nation.

"This is an issue of utmost public importance and as such should be discussed forthwith adjourning the other less important programmes of business, which can be taken up after this motion is discussed in the House."

[2-20—2-30 p.m.]

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Deputy Speaker :** I have received 6 notices of Calling Attention, viz.,-

(1) Reported defalcation of Gustia Khetranath Higher Secondary School fund- Shri Saral Deb.

(2) Inhuman torture upon the members of Harijan family at

Gobardhanpur in Midnapore- Shri Janmejoy Ojha

(3) Tension prevail in Nagrakata area of Jalpaiguri- Shri Rajani Kanta Doloi.

(4) Assault on Principal and Professors of Presidency College on 19.9.77- Shri Rajani Kanta Doloi.

(5) Intensive activity of C.I.A in Sunderban- Shri Amal Roy

(6) Representation of backward classes in Government jobs- Shri A.K.M. Hassanuzzaman.

Out of these I have selected the notice of Shri Janmejoy Ojha on the subject of 'Inhuman torture upon the members of Harijan family at Gobardhanpur in Midnapore. The text of the notice is as follows

Inhuman torture on 18.9.77 upon the members of poor Harijan family, viz., Jiban Shat, his wife Kiki and daughter Dula of village Gobardhanpur under Pataspur P.S. in Midnappre district by the members and hired men of a reactionary Jotdar family led by Gourhari Shaw of the same village. Inaction of the police who were duly informed and who finished their duty only by sending the injured persons (Harijan) to the local hospital.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible, or give a date.

**Shri Bhabani Mukherjee :** On the 27th

## MENTION CASES

**শ্রী সুনীতি চট্টোরাজ :** উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে বাধ্য হচ্ছি। আমি একটি টেলিগ্রাম একটু আগে পেয়েছি। আমাদের পাওয়ারলুম এমপ্লইজ ইউনিয়নের অফিসটি জোর করে সি.পি.এম.এর বন্ধুরা দখল করে নিয়েছে। এই ইউনিয়ন দখলের ব্যাপারটা হচ্ছে এটা একটা রিহার্সাল আগামী মরসুমে ধান কাটা নিয়ে। কিন্তু আমি বামফ্রন্টকে জানিয়ে দিতে চাই যে বাংলা দেশের মানুষ রক্ত দেবে তবু একফোটা ধান দেবেনা।

**শ্রী শচীন সেন :** উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে এই সভায় উপস্থিত করতে চাই। ওয়েস্ট বেঙ্গল কাউনসিল ফর চাইল্ড ওয়েলফেয়ার বলে একটা সংগঠন আছে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে এই সংগঠন টাকা পায় এবং রাজ্য সরকারও যথেষ্ট টাকা সরবরাহ করেন। কিন্তু চাইল্ড ওয়েলফেয়ারের নামে চাইল্ডের কিছু হয়না, শিশুদের দাদা দিদিমারাই সেই টাকা খায়। এখানে বছরে ৮ থেকে ১২ লক্ষ টাকা তচনছ

করা হচ্ছে। আমি মন্ত্রিসভার কাছে অনুরোধ করবো যে এই বিষয় তদন্ত করুন। বিগত কংগ্রেস সরকার, তারা এই সব দুর্নীতি পরায়ন কাজের সৃষ্টি করে গিয়েছেন এবং এইভাবে ১২ লক্ষ টাকা বছরে তচনছ করছে।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এখানে যদিও স্বাস্থ্যমন্ত্রী অনুপস্থিত আছেন তবুও হাউসকে জানাতে চাই রামপুরহাট মহকুমায় যে হাসপাতাল আছে তাতে যে সিডিউল্‌ড নাম্বার অফ ডাক্তার থাকার কথা তাঁর অর্ধেক মাত্র আছে। একথা আপনার কাছে তুলবার আগে ডিপার্টমেন্টের কর্তাদের কাছে বারেবারে বলেছি কিন্তু তা সত্ত্বেও কোনও রকম ব্যবস্থা হয়নি। সেখানে চিকিৎসার কোনও ব্যবস্থা নেই, নানা রকম অসুবিধার মধ্যে হাসপাতাল চলেছে। ডাক্তার নেই, ৩৫০ জন হচ্ছে রোগীর সংখ্যা। আমি আপনার মাধ্যমে এই সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রীর কাছে তুলে ধরছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি স্বাস্থ্য দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত দু সপ্তাহ ধরে বৈদ্যবাটি এলাকায় এনকেফ্যালাইটিস্ রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এই রোগের ফলে ইতিমধ্যে ৭/৮ বছরের একটি বালক মারা গিয়েছে এবং আরও ৮/১০ জন রোগী ইতিমধ্যেই হাসপাতালে জীবনমৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এস.এস.কে.এম. হাসপাতালের তথ্যও আমি আপনাকে দিতে পারি। আমি আপনাকে বলতে চাই এটা একটা গুরুতর সমস্যা হিসেবে দেখা দিয়েছে, এলাকার লোকেরা খুব ভীত হয়েছে। আমার অনুরোধ অবিলম্বে ডি.ডি.টি. স্প্রে করার ব্যবস্থা করুন এবং প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমাদের দেশে যদি এই রোগের ওষুধ না থাকে তাহলে জাপান থেকে এটা আনা দরকার। এটা অত্যন্ত জরুরি বিষয় কাজেই অবিলম্বে এর প্রতি দৃষ্টিপাত করুন।

**ডাঃ হরমোহন সিনহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুতর বিষয়ের প্রতি পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাটোয়া মহকুমার মধ্যে কাটোয়া শহরে আজকে মানুষের জীবন বিপর্যস্ত হবার মতো অবস্থা। একটা রাস্তা কালনা কাটোয়া নামে পরিচিত, এটা শহরের মধ্য দিয়ে গেছে। ১ থেকে দেড় কিলোমিটার রাস্তা যেটা আছে অবিলম্বে তার যদি ভাল ব্যবস্থা না করা যায় তাহলে সমস্ত ব্যবসা বন্ধ হয়ে যাবে। আমি এটাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করছি।

**শ্রী মহাদেব মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলার একমাত্র পুরাতন কলেজ জে.কে. কলেজ। এখানে এখনও পর্যন্ত অধিকাংশ বিষয়ে অনার্স ক্লাশ খোলা হয়নি, যথা, ইংলিশ, সংস্কৃত, অ্যাকাউন্টেন্সি, হিসট্রি। এরকম বিভিন্ন বিষয়ে কোনও ক্লাশ হয়নি, যদিও এটা অত্যন্ত পুরাতন কলেজ। এখানে যে অধ্যক্ষ আছেন তিনি অস্থায়ী হয়ে আছেন, আর পুরানো যে অধ্যাপক সমস্ত দুর্নীতির মূলে বলে প্রমানিত হয়েছে এবং তিনি ছাত্রদের সঙ্গে কোনও ভাল ব্যবহার করেননা। ছাত্র সংসদ বিভিন্ন দাবি দাওয়া উত্থাপন করতে গেলে জরুরি অবস্থার

সময় তাদের মিসায় ঢুকিয়ে দেবেন একথা বলতেন। এখনও তিনি বহাল তবিয়তে রয়েছেন। তিনি ততকালীন কংগ্রেস পান্ডাদের বিশেষ পরিচিত।

[2-30—2-40 p.m.]

**শ্রী শিবনাথ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর ভূমি এবং ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুতাহাটা থানার এক নম্বর ব্লকের জে.এল.আর. ও খড়িবেড়ে গ্রামের মাত্র ৩০ কাঠা জমির মালিক শ্রী দুঃশাসন মন্ডলের জমির উপর বলপ্রয়োগে অনধিকার দখলদারী এই গ্রামের শ্রী রাধানাথ দাসকে বর্গাদার করেছেন। ক্ষুদ্রচাষিদের উপর এই ধরনের বহু অত্যাচারের ঘটনা ঘটছে। সুতরাং ক্ষুদ্র চাষিদের রক্ষার জন্য অবিলম্বে অন্তত খাজনা মুক্ত শিলিংকে বর্গাদার মুক্ত থাকার সংস্থান রাখা হোক যাতে ঐ ধরনের ঘটনা ঘটার সুযোগ না থাকে।

**শ্রী বিমলকান্তি বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী শ্রী পার্থ দের দৃষ্টি আকর্ষণ করছি একটা ব্যাপারে। আমাদের কুচবিহারে বাণেশ্বর উচ্চ বিদ্যালয়কে সরকারি অনুদান বন্ধ করে দেওয়া হয়েছে। অপরাধ তারা নির্ধারিত পাশের হার বজায় রাখতে পারে নি। একটা সারকুলারে অনুমোদিত পদগুলি শিক্ষকদের দেওয়া হচ্ছে না। অনুমোদিত শিক্ষক দেওয়া হবে না অথচ পাশের হার ঠিক থাকবে এবং অনুদান বন্ধ করে দেওয়া হবে-এটা শিক্ষা সংহারের নামান্তর। অবিলম্বে ঐ সারকুলার বন্ধ করা হোক এবং অনুদান বন্ধের যে নির্দেশ দেওয়া হয়েছে সেটা তুলে নেওয়া হোক।

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত রবিবার সংবাদপত্রে সল্টলেকের জায়গা বন্দোবস্ত দেওয়ার জন্য যে বিজ্ঞাপন দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে জমির মূল্য নিরূপন করা হয়েছে কাঠা প্রতি ৫ হাজার টাকা থেকে ১২ হাজার টাকা। স্বর্গত মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় সাধারন আয়ের লোকদের কলিকাতার উপকণ্ঠে বসবাসের জন্য সল্টলেকের পরিকল্পনা করেছিলেন এবং তখন জমির দাম ধরা হয়েছিল ২৭০০ টাকা। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার দাম কমিয়ে ধার্যা করলেন ২২০০ টাকা। কিন্তু আজকের আবার বামপন্থী সরকারই সেই জমির কাঠা নির্ধারণ করেছেন ৫ হাজার টাকা থেকে ১২ হাজার টাকা পর্যন্ত। তাহলে বামপন্থী সরকার কি সল্টলেকে সাধারন মানুষের বাসস্থানের ব্যবস্থা করার নামে ব্যবসা করতে চান?

**শ্রী বিমলানন্দ মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জরুরি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার শান্তিপুরে একটা গ্রামীণ হাসপাতাল আছে- পশ্চিমবাংলার দুটির মধ্যে একটি। এক বছর আগে সেখানে একস-রে মেশিন স্থাপিত হয়েছে। কিন্তু সামান্য টুকিটাকি যন্ত্রপাতি বা মেসিনারি পার্টসের জন্য এবং সিমেন্টের অভাবে এক বছরের বেশি সেটা চালু হচ্ছে না। আশা করি স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহাশয় তৎপর হবেন। তা না হলে শান্তিপুরের বহু মানুষকে কৃষ্ণনগরে এবং বহুদূরে গিয়ে একস-রে করতে হচ্ছে। এটা যাতে অবিলম্বে করা হয় সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের উত্তরবঙ্গের মালদহে বিদ্যুৎ সঙ্কট চূড়ান্তভাবে দেখা দিয়েছে। বিদ্যুৎ ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করি তিনি অবিলম্বে তদন্ত করার ব্যবস্থা কলকাতা থেকে করুন। এমন জায়গা আছে যে দু মাস ধরে বিদ্যুৎ যাচ্ছে না। আমার কাছে খবর আছে কিছু কর্মচারী ইচ্ছাকৃতভাবে বিদ্যুৎ ব্যবস্থা ভেঙ্গে দেওয়ার ব্যবস্থা করছেন। এদের বিরুদ্ধে অবিলম্বে যাতে তদন্ত করার ব্যবস্থা হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার কংসাবতী প্রজেক্টে সেখানে মাস্টার রোলে যে সমস্ত শ্রমিক কাজ করে তাদের মধ্যে শ্রমিকদের যে বেতন দেওয়া হয় তাতে যথেষ্ট পার্থক্য। কংসাবতীর বিষ্ণুপুর শাখায় ৮.৪০ দেওয়া হয়, অথচ অন্যত্র সেখানে ৪ টাকা দেওয়া হয়। এইভাবে আমলারা কিভাবে একজন শ্রমিকের, আর একজন শ্রমিকের সঙ্গে পার্থক্য করে তাদের মাইনের বৈষম্যমূলক আচরন করছে জানি না। এই বৈষম্যমূলক শোষন যাতে বন্ধ হয় সেজন্য মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রী হরিপদ জানা (ভগবানপুর) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কাঁথি মহকুমার ভগবানপুর থানার বর্তমান অবস্থার কথা বলছি। বর্তমানে কৃষিকাজ শেষ হয়ে গিয়েছে। শতকরা ৬০ থেকে ৭০ ভাগ লোক তারা এখন অনাহারে অনিদ্রায় কালাতিপাত করছে। আমি রিলিফ মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যদি ইতিমধ্যে ঐ সমস্ত এলাকায় রিলিফের ব্যবস্থা করা না হয় তাহলে সেখানকার লোক চরম অর্থনৈতিক দূরবস্থার মধ্যে পড়বে। তাই আমি ত্রাণ মন্ত্রীকে ঐ সমস্ত এলাকায় রিলিফের ব্যবস্থা করার জন্য অনুরোধ রাখছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি পূর্বতন কেন্দ্রীয় সরকার বাঙ্গালি উদ্বাস্তুদের প্রতি চিরকাল অবিচার করে গেছেন। সম্প্রতি যুগান্তর পত্রিকায় ধারাবাহিকভাবে সংবাদ দেখতে পাচ্ছি দিল্লির বাঙ্গালি উদ্বাস্তুদের প্রতি অত্যাচার হচ্ছে। এসম্পর্কে আমি পশ্চিমবাংলার পুনর্বাসন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং সঙ্গে সঙ্গে জনতা বন্ধুদের জানাচ্ছি যে তারা তো পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের সমালোচনা করেন তারা তাঁদের দিল্লির নেতৃত্বের প্রতি দৃষ্টি আকর্ষণ করান যাতে এই বাঙ্গালি উদ্বাস্তুদের প্রতি অবিচার না হয়।

**শ্রী রাজকুমার মন্ডল ঃ** আমি আপনার মাধ্যমে শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত চার মাস হোল চটকল মালিকগুলি জোর করে থ্রি সিফ্‌ট বন্ধ করে দিয়ে প্রায় ৪০ হাজারের অধিক শ্রমিককে বেকার করে রেখে দিয়েছে। মালিকরা সরকারি নির্দেশ অমান্য করে এই কাজ চালিয়ে যাচ্ছে। সেইজন্য আমি শ্রম মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে ঐ মালিকরা থ্রি সিফ্‌ট চালু করেন তার জন্য সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করতে এবং ঐ সমস্ত শ্রমিকরা যাতে কাজ পায় তার সুব্যবস্থা করতে।

**শ্রী সুনীলকুমার রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সালামপুর থানার অন্তর্গত মনোহরপুর এলাকায় গ্রামে যাবার কোনও রাস্তা নাই। সেখানকার লোক যদি রুগ্ন হয়ে পড়ে তাহলে সেই রোগীকে খাটে চাপিয়ে বাইরের হাসপাতালে বা হেল্‌থ সেন্টারে নিয়ে যেতে হয়। ঐ দেড় দুই কিলোমিটার রাস্তাটি যাতে তাড়াতাড়ি তৈরি করা যায় তার ব্যবস্থা করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪ পরগনায় ৭৯এ, ৭৯সি এই কয়টি রুট একেবারে অকেজো হয়ে পড়েছে এবং তার জন্য সেখানকার যাত্রী সাধারনের চরম দুরবস্থা হচ্ছে। এবং এ ছাড়া বারাসত্‌ থানার গোলাবাড়ি থেকে গোয়ালঘাটা পর্যন্ত ২৩ নম্বর রুট যে রয়েছে সেখানে বাস প্রায় বন্ধ হয়ে গিয়েছে একটি মাত্র বাস চলছে। সেটাও নাকি শুনছি অন্য জায়গায় চালু করার ব্যবস্থা হচ্ছে। এই দিকে আমি পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জন্মেজয় ওঝা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পটাশপুর থানায় একটি স্টারভেসন ডেথের কথা বলছি। পটাশপুর থানা বন্যাগ্রস্ত এখনও এই সেপ্টেম্বর মাস পর্যন্ত সেখানে কোনও জি আর বিতরন করার ব্যবস্থা হয় নি। তার ফলে লোকে খেতে পাচ্ছে না এবং ইতিমধ্যে খবর পেয়েছি বালগোবিন্দপুর গ্রামে রাখাল বর্মন নামে এক দরিদ্র জেলে না খেতে পেয়ে মারা গেছে। তার স্টারভেসন ডেথ হয়েছে। তাই আমি অবিলম্বে সেখানে জি.আর. দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। তা না হলে সেখানে আরও অনেক স্টারভেসন ডেথ হতে পারে।

**শ্রী মনোহর তিরকি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালচিনি ব্লকের গ্রাম এলাকায় অত্যন্ত খাদ্যাভাব দেখা দিয়েছে। সেই এলাকায় খাদ্যাভাব দূর করার জন্য শীঘ্র টি.আর স্কীম চালু করা দরকার। টি.আর. স্কীমের মাধ্যমে গ্রামের রাস্তা বাঁধ ও আরও অনেক অন্যান্য কাজ হবে এবং সাথে সাথে সেখানকার খাদ্যাভাব দূর হবে। এই দিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মাধবেন্দু মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। পূজা এসে গিয়েছে। প্রতি বছর আমরা লক্ষ্য করেছি পূজার আগে ডি.আই অফিস থেকে এস.আই অফিসে দু মাসের বিল করার জন্য নির্দেশ দেওয়া হয়। কিন্তু আমি দেখছি নদীয়া জেলার বিভিন্ন এলাকায় এখনও পর্যন্ত এই নির্দেশ যায় নি। আমি শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করব যাতে তাড়াতাড়ি বিভিন্ন ডি.আই. অফিস থেকে এস.আই. অফিসে এই দুই মাসের বিল করার নির্দেশ চলে যায় তার ব্যবস্থা করার জন্য।

**শ্রী সরল দেব :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মারফৎ

পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সল্টলেক এলাকায় নিম্ন মধ্যবিত্ত বাঙালির বাসস্থানের জন্য যে জমি বিলি ব্যবস্থা ঠিক হয়েছিল তাতে দাম ২৫০০ টাকার কম ছিল। কিন্তু দেখা গেল এক বিঘা জমির দাম ৬ হাজার টাকা হয়েছে তার একটি মাড়োয়ারি শহর রূপান্তরিত করতে- সেই জন্য আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই সল্টলেক এলাকায় জমি কম রেটে পশ্চিমবাংলার নিম্ন মধ্যবিত্তদের মধ্যে বিলি হবে, এই সম্পর্কে আমি মুখ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী রাইচরণ মাঝি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কেতুগ্রাম থানায় একটি মাত্র পিচের রাস্তা, যেখান দিয়ে বাস চলে। কিন্তু তৈরি হবার পর থেকে সেই রাস্তার প্রতি আর নজর পড়ে নি। বর্তমানে সেই রাস্তাটির অবস্থা এমন যে বাস মালিকরা আর সেই রাস্তা দিয়ে বাস চালাচ্ছেন না, যে কোনও সময় বাস উল্টে যেতে পারে। সেই জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী এবং পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ঐ রাস্তাটি দিয়ে যাতে বাস চলে তার ব্যবস্থা করুন।

[2-40—2-50 p.m.]

## LIGISLATION

**The Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill, 1977.**

**Shri Sudhin Kumar :** Mr. Deputy Speaker, Sir, I beg to introduce the Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill, 1977, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

(Secretary then read the Title of the Bill)

**Shri Sudhin Kumar :** Sir, I beg to move that the Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill, 1977, be taken into consideration.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে আপনার সামনে কয়েকটি কথা বলে রাখা প্রয়োজন বোধ করছি। যে আইনটা রদ করার জন্য এই বিলটি আপনার সামনে আনা হয়েছে সেই বিলটির মধ্যে এমন কতকগুলি গুরুতর জিনিস আছে যেগুলি আপনাদের খুব বিস্ময়ান্বিত করা উচিত এবং এই আইন এমন একটা বেআইনি ব্যাপার যে গত মন্ত্রিসভা এবং অ্যাসেম্বলিতে অনেক দক্ষ আইনজীবী থাকা সত্ত্বেও কি করে এমন একটা সম্পূর্ণ বেআইনি আইন পাশ হতে পারল সেটা আমার পক্ষে খুব আশ্চর্য্য জনক ব্যাপার বলে মনে হচ্ছে। আপনি লক্ষ্য করে থাকবেন যে, ঐ আইনে বলা হয়েছে যেখানে হাসকিং মিলিং হচ্ছে সেখানে যারা চাষের, খাবার প্রয়োজনে ধান আনে তার জন্য মূল্য নিয়ে ধান ভেঙ্গে দেবে, এই বিষয়ে কিন্তু তাদের ব্যবসা করার কোনও অধিকার নেই। অথচ সেই সঙ্গে

তাদের বলা হয়েছে এই হার্সকিং মিল তাদের যে বানি সেই বানির ৬০ ভাগ অন্তত চালে নেবেন। এখন চাল যে লিগ্যাল টেন্ডার নয়, এইটুকু জ্ঞান গত সরকারের আইনজীবীদের মধ্যে, কি সরকারের মুখ্যমন্ত্রী, কি আইনমন্ত্রী, এদের কারো ছিল না। এ এক আশ্চর্য ব্যাপার- ধান যে লিগ্যাল টেন্ডার নয়, এই জ্ঞান তাদের ছিল না। কেউ বানির বদলে ধান দিতে পারেন না এবং ধান নিয়ে বানি হিসাবে নিতে পারেন না- এটা বেআইনি।

আপনারা হয়ত অনেকে এ বিষয়ে আর উদ্বিগ্ন বোধ করেন কিন্তু এই ব্যাপারটিতে আর কয়েকটি গুরুতর অভিযোগ আছে। এখানে ধান ভেঙ্গে তার থেকে ৬০ ভাগ- বানীর শতকরা ৬০ ভাগ তিনি চালে নেবেন। তার মানে যে লোক লেভি মুক্ত তাকেও এক হিসাবে লেভি দিতে হচ্ছে এবং যারা লেভি একবার দিয়েছেন তারা যদি ধান ভাঙ্গাতে যান তাহলে তাদেরও দ্বিতীয় দফায় লেভি দিতে হবে। এটাও একটা লেভি কারণ এটাতে ধরা হয়েছে যে তারা-হাসকিং মিল, তারা বানীর শতকরা ৬০ ভাগ লেভি হিসাবে নিয়ে নিতে পারবেন-এটা অত্যন্ত অবাস্তব ব্যাপার। ওবা লেভি পাবেন এই একটা সৎ উদ্দেশ্যে এই আইন প্রনয়ণ করেছিলেন, কিন্তু সেটা সম্পূর্ণ ভ্রান্ত, আজ পর্যন্ত এক দানা লেভি এই হার্সকিং মিলের কাছ থেকে তাবা পান নি। তারপর আর একটা কথা আছে যে, এই যে লেভিটা দেবেন, ৭ মেট্রিক টন এফ.এ.কিউ-ফেয়ার অ্যাভারেজ কোয়ালিটি, এই তারা দেবেন। কিন্তু তারা তো বিভিন্ন লোকের বিভিন্ন রকমের ধান ভেঙ্গে চাল করছেন তাহলে তারা একটা এফ.এ.কিউ কি করে করবেন- পালিশ না করে? কিন্তু পালিশ করার কথা তো হাসকিং মিলের নেই, হার্সকিং মিলের পালিশ করার অধিকারই নেই। কাজেই এটা সম্পূর্ণ অবাস্তব ব্যাপার, কোনও লেভি দেবার ব্যাপারই ছিল না। এখানে আসল ব্যাপারটা হচ্ছে, যারা দীর্ঘদিন ধরে বে-আইনিভাবে এই সমস্ত হার্সকিং মিলগুলি চালিয়ে এসেছেন একটা আইন করে তাদের সেই বে-আইনি কাজগুলি আইন সংগত করে চুরি করার রাস্তাটা সোজা করে দেওয়া-এটাই ছিল প্রধান উদ্দেশ্য। দেশের মানুষ এর থেকে কোনও উপকার পায়নি বরং এতে দেশের প্রভূত ক্ষতি হয়েছে চারিদিকে চালের চোরাকারবার চলার উৎস হচ্ছে এই হাসকিং মিলগুলি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এককালে যে পশ্চিম বাংলায় ৬শো বা ৬শোর উপরে চালকল ছিল আজকে সেই চালকলের সংখ্যা কমে হয়েছে ৪শো বা তারও কম। যত চালকল কমছে ততই এই হার্সকিং মিল বাড়ছে। এখানে কেন এটা হচ্ছে সেটা বোঝা স্যার, খুব সোজা। একটা চালকল করতে গেলে যেখানে কিছু ট্যাক্স দিতে হয়, কিছু লাইসেন্স ফিস দিতে হয়, তার হিসাব রাখতে হয়, লেভি দিতে হয়, ইনকাম ট্যাক্স দিতে হয় সেখানে এইসমস্ত হার্সকিং মিলের মাধ্যমে যে চোরাকারবার হয় তার কোনও হিসাব নেই, সেখানে কাউকে ফি দেবার ব্যাপার নেই, কোনও ব্যাপারই নেই। এমন কি তথাকথিত নতুন হাসকিং মিলগুলির লাইসেন্স পর্যন্ত নেই। ১৯৭৪ সাল থেকে তখনকার সরকার কাউকে লাইসেন্স দেন নি, পারমিট দেন নি। তা সত্ত্বেও ওরা সেই সমস্ত হাসকিং মিলগুলি চালিয়ে এসেছে এবং তার মাধ্যমে শহরে চালের যোগান দিয়েছে। এর ফলে রেশন থেকে লোকেরা গম কম নিচ্ছেন, কারণ চাল তারা পাচ্ছেন তাই তারা চাল কিনছেন। এই ভাবে গ্রাম থেকে চাল শহরে চলে আসছে এবং গ্রাম যাচ্ছে মরে। শহরের

লোকেরা হাসকিং মিলের পালিশ করা চাল পাচ্ছেন এবং সেই চাল কিনছেন। স্যার, এই হাসকিং মিলের মালিকরা যদি নিছক বানী নিয়ে কাজ করতেন তাহলে তাদের মাসিক ৫/৬শো টাকার বেশি আয় হত না আইনানুগভাবে। কিন্তু আজকে সেখানে যে অবস্থা চালিয়ে এসেছে তাতে মাসে কমপক্ষে ৫ হাজার টাকা উপার্জন করেন এবং এই উপার্জন সম্পূর্ণ বেআইনি ব্যবসা, চোরাকারবারির মধ্য থেকে। তারা বানি মিল হিসাবে যদি কাজ করতেন তাহলে তাদের এই আয় হওয়া সম্ভব ছিলনা। এই আয়ের জন্য আজকে একটা বানী মিল যদি হস্তান্তর হয় তার জন্য ২৫, ৩০, ৪০, ৫০ হাজার টাকা পর্যন্ত খরচ করতে

[2-50—3-00 p.m.]

রাজী এমন অনেক লোক আছেন, সেজন্য husking mill নিয়ে এত চেঁচামেচি। আজকে এই যে প্রচারপত্র চালু করেছেন যে, মুখ্যমন্ত্রী বলে দিয়েছেন যে husking mill যারা চালাতেন তারা চালিয়ে যেতে পারেন তাতে সরকারের কোনও আপত্তি নেই- এটা সম্পূর্ণ মিথ্যা কথা। কারণ এটা হতে পারেনা। যে বিল আমাদের মুখ্যমন্ত্রী সই করেছেন, যে বিল কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন department, রাষ্ট্রপতি এবং আমাদের রাজ্যপাল, সকলে সই করে সেটা এখানে ordinance করেছিলেন, সেই ordinance কে অগ্রাহ্য করে সকলে চালাবেন একথা মুখ্যমন্ত্রী বলতে পারেন না। তারা বলেছিলেন, আমাদের উপর অত্যাচার হচ্ছে। তাতে তিনি বলেছিলেন, অত্যাচার কারও উপরে হবেনা অতীতের কথা অতীত, কিন্তু ভবিষ্যতে আইন মেনে চলতে হবে। আইন মেনে চলতে গেলে তাদের একটা গন্ডীর মধ্যে থাকতে হবে। গন্ডীর মধ্যে যদি তারা না থাকেন তাহলে আইন তার পথ নেবে। কিন্তু কারও উপরে অত্যাচার হয় এটা সরকারের অভিপ্রায় নয়। একথা মুখ্যমন্ত্রী বলেছিলেন। আমি সেখানে উপস্থিত ছিলাম। সেই ঘটনাকে বিকৃত করে নানাভাবে প্রচার করা হয়েছে যে এদেরকে বলা হয়েছে তোমরা চালিয়ে যাও, তোমাদের চালাও licensed দেওয়া হবে। আসলে এই যে ৬ হাজার নাকি husking mill-এর কথা বলা হয়েছে, এটা নাকি নুতন। এসব ব্যাপার কিছু নয়। আপনারা সকলে জানেন যে, যারা খাদ্য বিভাগ পরিচালনা করেছেন এতকাল ধরে যে ৬ হাজার licensed ছিল, ৬ হাজার unlicensed ছিল সেটা ধরতে পারা যেত না। তার পিছনে আমাদের administration এর গলদ আছে, ধরতে পারা যেতনা। এই জিনিস আগে ছিল এবং তারপর এটা নুতন ৬(ক) ধারার সংযোজন করেছিলেন কেন্দ্রীয় আইনে তাতে আরও কিছু লোক দরখাস্ত করেছিলেন পুরানো যারা ছিলেন, ৬ হাজার তারাও করেছিলেন আর যারা unlicensed ছিলেন তারাও করেছিলেন। সব মিলিয়ে আমরা দেখেছি যে নুতন এমন দরখাস্তের পরিমাণ ১০ হাজার এবং তাতে দেখা যায় যে আগে যারা সকলে আইনে এবং বেআইনে husking mill চালাতেন তার উপর বড় জোর আরও কিছু husking mill এখন চালু হচ্ছে। আপনারা লক্ষ্য করবেন, কারণ এটা জানা একান্ত প্রয়োজন আছে যে এই পশ্চিমবাংলায় এতগুলি husking mill চালাবার মতো ধান উৎপন্ন হয়না এবং সেই ধান যারা আজকে মিল বন্ধ করে, মিলের সংগ্রহ বন্ধ করে, মিলের ধান husking mill-এ এনে পালিশ করে শহরে

চলে আসে, পাচার হয়, অন্য রাজ্যে চলে যায়। সেই অবস্থায় আজও রয়েছে। কাজেই সেই অবস্থা বন্ধ করা একান্ত প্রয়োজন। এই বন্ধ করার প্রয়োজনে আমরা ৬(ক) ধারাতে ordinance করে বন্ধ করার চেষ্টা করেছি। এখন তার অনুমোদনের জন্য আইন হিসাবে অনুমোদনের জন্য আপনাদের সামনে উপস্থিত করছি। এখানে কোনও কাড়া-কাড়ির ব্যাপার নেই। আমি জানি ঢেঁকি উঠে গেছে এবং ঢেঁকি যখন উঠে গেছে তখন সাধারন মানুষের ধান ভাঙ্গতে হবে খাবার প্রয়োজনে। তাদের সেখানে প্রত্যেকটি husking mill এর এক একটা এলাকার খাবার প্রয়োজন মেটাবার ক্ষমতা সম্পন্ন এলাকার মধ্যে আবদ্ধ থাকতে হবে। তাঁরা সেখানে এক একটি এলাকার খাদ্যর প্রয়োজন মেটাবেন। কিন্তু তারা যাতে বাইরে কাজ করতে না পারে তারজন্য আমরা কয়েকটি policy গভর্নমেন্টের তরফ থেকে ঠিক করেছি। সেই policyর copy প্রত্যেকে আপনারা পাবেন। এর মধ্যে সোজা কথা হচ্ছে, আমাদের রাজ্যের গন্ডির 10 kilometer-এর মধ্যে কোনও husking millকে licensed দেওয়া হবেনা। আমাদের statutory rationing এলাকার পরিধির 10 kilometer এর মধ্যে কোনও husking millকে licensed দেওয়া হবেনা। কোনও জেলার rice mill এর 10 kilometer-এর মধ্যে কোনও husking millকে licensed দেওয়া হবেনা এবং অন্যান্য এলাকায় একটা husking mill থেকে অন্য একটা husking mill-এর দূরত্ব, সেটার পার্থক্য থাকবে ৫ কিলোমিটার। এখন এই নীতি ঠিক করার মধ্যে এটা দেখা হচ্ছে যাতে smuggle হয়ে বাইরে চলে না যায়। নিজেদের এখানে যা উৎপন্ন হবে সেটা এখানে থাকে এবং গ্রামের ধান শহরে না চলে আসে সেটা দেখতে হবে। এবং এই হাস্কিং মিলগুলো কাজ করতে পারবে। তিনি ধান কিনে ধানের ব্যবসা করতে পারবেন না, তিনি পালিশ করতে পারবেন না, এই ধারণার বশবর্ত্তী হয়ে এই পলিশি আমরা নিয়েছি এবং এই পলিশির কপি আপনাদের প্রত্যেকের টেবিলে দেওয়া হয়েছে, অতএব এই সম্পর্কে আর বিশেষ কিছু না বলে আপনাদের অনুমোদন চেয়ে আমার বক্তব্য শেষ করছি। আমি আশা করছি আপনারা আমার এই বিল গ্রহণ করবেন।

**শ্রী প্রদ্যোত্‌কুমার মহান্তি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সামনে যে অ্যামেন্ডমেন্ট এসেছে, সেই অ্যামেন্ডমেন্টের স্টেটমেন্ট অফ অবজেকটস অ্যান্ড রিজন্সে বলা হয়েছে যে রাইস মিলিং ইন্ডাস্ট্রিজের যে অ্যাকট ছিল ১৯৫৮ সালে, তাতে বিগত সরকার ১৯৭৪ সালে একটা নূতন সেকশন অ্যাড করেছিলেন, ৬এ সেকশন। তাতে এটা বলেছিলেন যে হাস্কিং মিলগুলো যেগুলো চলছে, সেইগুলো থেকে কিছু লেভি আদায় করা। আমি সেই বিধানসভার সদস্য ছিলাম এবং ১৯৭৪ সালে এমনি আমি আমার বক্তব্য রেখেছিলাম, তাতে আমি আপত্তি করেছিলাম, এই যে ৬এ সেকশন এখানে জোড়া হচ্ছে লেভি আদায় করার জন্য এবং বেআইনি হাস্কিং মিলগুলো বন্ধ করবার জন্য, সেখানে স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজিন্সে বলা হয়েছিল যে চোরাকারবারি বন্ধ করতে গেলে হাস্কিং মিলের উপর একটা লেভি করা দরকার যাতে রেস্ট্রিকশন একটা আসতে পারে এবং চোরাকারবারি বন্ধ হবে। মূলত সরকার সেদিন ধরে নিয়েছিলেন উৎস হচ্ছে এই চোরাকারবারির মূল হাস্কিং মিলগুলো। আমি সেদিন আপত্তি করেছিলাম not from the point of legality,

but from the point of practical situation. সেই প্রাকটিক্যাল সিচুয়েশন ছিল যে হাস্কিং মিলগুলোতে যারা ধান ভাঙতে আসেন, অধিকাংশ হচ্ছে তারা কনজিউমার। মন্ত্রী মহাশয়ের সঙ্গে আমি কিছুটা একমত এই নিয়ে, যে স্টেট বর্ডার, বিশেষ করে বিহার বর্ডার, বাংলাদেশ বর্ডারে, উড়িষ্যা বর্ডারের কথা আলাদা, স্টেট বর্ডারে যেখানে হাস্কিং মিলগুলো আছে, সেই সব জায়গাতে হাস্কিং মিলগুলো চোরাকারবার করে, স্মাগলিং এর জন্য সেখানে ধান ভাঙ্গা হয়, এটা ঠিক, কিন্তু পাড়াগ্রামে অধিকাংশ ক্ষেত্রে এই বর্ডার এরিয়া বাদ দিলে, এইগুলো সাধারণত কনজিউমার্সরা ধান ভাঙ্গে। অতএব যে লেভিটা হাস্কিং মিলকে দিতে হবে সেটা প্রধানত কনজিউমার্সদের উপর বার্ডেন হবে। হাস্কিং মিলগুলোতে কত ধান ভাঙ্গা হচ্ছে, কত চাল হচ্ছে, ধান কত লেভি আদায় হচ্ছে, সেই সব হিসাব রাখার মধ্যে এত কারচুপি থাকবে যার ফলে সরকারি কর্মচারিদের মধ্যে দুর্নীতি বাড়বে, অথচ সরকারের যা লেভি পাওয়া উচিৎ তা পাবে না। কেন না অ্যাডমিনিস্ট্রেশন অত্যন্ত খারাপ, সব সময়েই খারাপ হয়ে আছে, তাকে কার্যকর করা অত্যন্ত শক্ত, সেদিক থেকে এই দুর্নীতি করবার স্কোপকে না বাড়িয়ে দিয়ে, কনজিউমার্সদের উপর হার্ডশিপ বাড়িয়ে না দিয়ে এই ৬এ সেকশন করা উচিৎ হবে না, from the practical point of view. আমি সেদিন আপত্তি করেছিলাম, এই সেকশন ৬একে অমিট করতে চাইছেন এই সরকার এবং মাননীয় মন্ত্রী মহাশয়, আমি তাঁর সঙ্গে একমত এবং এটাকে আমি সমর্থন করি। কিন্তু সমর্থন করার সঙ্গে সঙ্গে আমার কাছে যে স্টেটমেন্টটি মন্ত্রী মহাশয় রেখেছেন, ফিউচারে গভর্নমেন্টের এই হাস্কিং মিলগুলো পরিচালনা সম্পর্কে কি নীতি হবে, সেই নীতি কোনও স্পষ্ট নেই এবং সুস্পষ্ট নেই নীতিটা তৈরি করা হয়েছে, তার মধ্যে ভিত্তিটা অনেকটা অবাস্তব।

[3-00—3-10 p.m.]

কিন্তু মন্ত্রী মহাশয় একটা কথা বললেন না যে আজকে আমাদের এই স্টেটে ১৯৭৪ সালে ৬(এ) সেকশন অ্যাড হওয়ার পর বা অ্যাড হওয়ার আগে কত লাইসেন্সড হাস্কিং মিল ছিল এবং কত আনলাইসেন্সড হাস্কিং ছিল, আর ১৯৭৪ সালের পর থেকে আজ পর্যন্ত কত বেশি যুক্ত হয়েছে। উনি শুধু বললেন আজ পর্যন্ত যে দরখাস্ত জমা পড়ে আছে ওঁর দপ্তরে সেটা হচ্ছে ১০ হাজার। আমার জানা ছিল ঐ ১৯৭৪ সাল পর্যন্ত ৬ হাজার হাসকিং মিল, আনলাইসেন্সড মিল চলছিল। তারপর মন্ত্রী মহাশয়ের কথা ঠিক হলে ৪ হাজার অ্যাড হয়ে ১০ হাজার হয়েছে। ১৯৭৪ সালে আইন হওয়ার পর আমার জানা নেই সেই আইনের মধ্যে কোথাও ছিল কিনা যে, লেভি দিলে হাসকিং মিলের লাইসেন্স দেওয়া হবে। সরকার সেদিন একথা বলেননি। কিন্তু ফুড ডিপার্টমেন্ট থেকে সার্কুলার গিয়েছিল, তাতে বলা হয়েছিল যাদের আনলাইসেনসড হাসকিং মিল আছে তারা লেভি দিয়ে ১ নং ফর্ম ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের অফিসে জমা দিলে তাদের লাইসেন্স দেওয়া হবে এবং নতুন হাসকিং মিলের জন্য ১ নং ফর্ম জমা দিলে তাদের হাসকিং মিলের লাইসেন্সও দেওয়া হবে। কিন্তু তারপরে সেকশন ৬(এ) হাইকোর্টে চ্যালেঞ্জ হলো এবং লেভি দেওয়ার ব্যাপারে ইঞ্জাংশন হলো। তেমনি আবার যারা নতুন হাসকিং মিলের জন্য ১ নং ফর্ম জমা দিয়েছিলেন

তারা ১ বছর দেড় বছর অপেক্ষা করে আবার হাইকোর্টে গেল এবং সেখানে রুল ইসু হলো যে ১০ টাকা টোকেন হিসাবে যাদের কাছ থেকে নিয়েছে তাদের কেন লাইসেন্স দেবে না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এবং খাদ্য দপ্তরের অফিসাররা জানেন হাইকোর্টে যখন রুল ইসু হয় তখন কজ অফ অ্যাকসেপটেন্স-এর জন্য গভর্নমেন্টের কাছে কোনও সার্কুলার ছিল না। তা সত্ত্বেও কেন এতগুলি দরখাস্তকে এন্টারটেন করা হলো? সে-সম্পর্কে কি করা হবে, সেই দরখাস্তগুলিকে লাইসেন্স দেবেন, কি দেবেন না বা বাতিল করা হবে, এ-সম্পর্কে কোনও সুস্পষ্ট নীতির উল্লেখ মন্ত্রী মহাশয়ের স্টেটমেন্টে নেই। আমি শুধু এই বিল সমর্থন করতে গিয়ে বলব যে, সারা পশ্চিমবাংলায় একটা সার্ভে করা দরকার। উনি বললেন যেখানে বড় লাইসেন্সড রাইস মিল আছে সেখানে তার ১০ কি.মি. মধ্যে কোনও হাসকিং মিলের পারমিশন দেবেন না। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, পাড়াগায়ের লোকেরা ১ মন বা ২ মন বা ২।। মন ধান নিয়ে ভাঙার জন্য কোথাও কোনও বড় মিলে যেতে পারে না। কারণ অত অল্প ধান কোনও বড় মিলে ভাঙে না, নেয় না। কিন্তু এখন তাহলে সেই বড় মিলকে এব্যাপারে বাধ্য করতে হবে। তানাহলে সেই গরিব মানুষরা যারা ১ মন, ২ মন ধান ভাঙবে তাদের সেই ধান ভানাব জন্য ১০ কিঃমিঃ দূরের হাসকিং মিলে যেতে হবে। সুতরাং এব্যাপারে সরকারকে বিবেচনা করতে হবে যে সেখানে হাসকিং মিল দেওয়া যাবে কিনা। ১৬ হাজারেও যদি মিল হয় তাহলেও সারা পশ্চিমবাংলার ভিত্তিতে সেটা ফিড করতে পারব না। কিন্তু সেটা ফিড করতে হবে। যে লাইসেন্স আছে সেটা পর্যাপ্ত নয়, আরও কিছু দরকার এবং সেগুলি দিতে গেলে একটা সার্ভে করা দরকার এবং সেটা একটা প্র্যাকটিক্যাল ভিউ নিয়ে যদি করা হয় তাহলে সত্যিকারের গরিব লোকেদের উপকার হবে, কষ্ট লাঘব হবে। যারা স্মাগলিং করবে বর্ডার এরিয়ায় বা গ্রামের মধ্যে যদিও আমি বিশ্বাস করি না গ্রামের মধ্যে স্মাগলিং হয়, তাহলেও এক্ষেত্রে যদি হয়ও এবং যদি সরকারের কাছে খবর থাকে তাহলে তাদের জব্দ করতে হলে এবং কনজিউমার্সদের যাতে কষ্ট না হয়, বোনাফাইড কনজিউমার্সদের যাতে কষ্ট না হয় তার জন্য ৫ কিঃমিঃ বা ২ কিঃমিঃ-এর মধ্যে করতে হবে। এর জন্য সার্ভে করা দরকার। এব্যাপারে হার্ড অ্যান্ড ফাস্ট রুল না করে প্র্যাকটিক্যাল ভিউ নিয়ে সার্ভে করে, তার মধ্যে দুর্নীতি যাতে না থাকে সেই ভাবে ঠিক মতো সার্ভে করা দরকার। এবং এর মধ্যে জন প্রতিনিধিদের নিয়ে এটা করতে হবে, যাতে সরকারি অফিসাররা কোনও রকম দুর্নীতি না করতে পারে। ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত অনেকে হাসকিং মিলের লাইসেন্স নিয়ে স্মাগলিং ইত্যাদি চালাচ্ছে, সেগুলিকে বন্ধ করতে গেলে বাস্তব দৃষ্টিভঙ্গি নিয়ে আমাদের কাজ করতে হবে। শুধু দপ্তরে বসে ৫ বা ১০ কিঃমিঃ বলে দিলেই চলবে না। প্রতিনিধিদের নিয়ে একটা সার্ভে করতে হবে। পুলিশকে ঘুষ দিয়ে সমস্ত আনলাইসেন্সড মিল চলছে। খাদ্যদপ্তরের বিভাগীয় কর্মচারিদের ঘুষ দিয়ে সমস্ত রাইস মিল চলছে। সরকার এক ছটাকও তার থেকে লাভবান হচ্ছে না। আমি জানি, মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন, যদি আমি নিজের ব্যক্তিগত ধান ভানার জন্য কোনও হাসকিং মিল বসাই, তাহলে তার কোনও লাইসেন্স লাগেনা। এ একটা দুর্নীতির উৎস। ব্যক্তিগত ধান ভানার দোহাই দিয়ে পাড়া প্রতিবেশীদের ধান ভেঙে দিচ্ছে এবং টাকা

নিচ্ছে এবং ব্যক্তিগত মিল বলে চালাচ্ছে। যদি ব্যক্তিগত মিল হয়, তাহলে তার লাইসেন্স থাকা দরকার। সরকারের তাহলে জানা থাকবে কতগুলি ব্যক্তি তাদের ব্যক্তিগত ধান ভানার জন্যে ঘরে মিল বসিয়েছে। এটা সরকারের হিসাব থাকা দরকার। মিলগুলি ব্যক্তিগত ভাবেই চালাক আর কমার্সিয়াল বেসিসেই চালাক সমস্ত জিনিসের জন্য সরকার একটা পারমিশন বা লাইসেন্স ঠিক করে দেন। ব্যক্তিগত ভাবে সে ব্যবসার জন্য ৫ টাকা নেন বা যাই নেন সেটা আলাদা কথা কিন্তু একটা হিসাব থাকা দরকার যে কতগুলি ব্যক্তিগত ও কতগুলি কমার্সিয়াল মিল বসেছে। এই সমস্ত জেনে একটা সার্ভে করা দরকার। ২ কিঃমিঃ বা ৩ কিলোমিটারের মধ্যে কোনও জায়গায় বেশি মিল থাকা উচিত নয়। এই সরকার একটা সার্ভে করে যদি এরকম একটি নীতি নেন তবেই এ সম্বন্ধে সুষ্ঠু ব্যবস্থা হতে পারে। যে কারণে আপনারা সেকশন ৬(এ) অমিট করতে চাইছেন-গরিব লোকদের হার্ডসিফ্ থেকে বাঁচানোর জন্যে এবং কতকগুলি যে বে-আইনি কাজ হয়েছে এগুলিকে রদ করার জন্য সে বিষয়ে সিদ্ধ হবেন এই কথা বলে এই বিলটাকে সমর্থন করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় ধান ভানার আইন সংশোধন করতে গিয়ে শিবের গীত গেয়েছেন।

(গোলমাল)

তোমরা তো ভাই শোননা, শুধু গন্ডগোল করো, চিৎকার করো।

(গোলমাল)

যাইহোক শুভবুদ্ধি হয়েছে আমার কথা শুনে। একটু সংযত হলেই ভাল হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে কথা বলছিলাম এই ধান ভানার .....................

(তুমুল গন্ডগোল)

বীরেন তুমি হাঁড়িয়া পাবে, তুমি চুপ করো। ঐ মিনিস্টার দেবে।

(গন্ডগোল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই রকম চীৎকার করলে আমি বলব কি করে?

(গন্ডগোল)

**শ্রী বীরেন্দ্রনারায়ণ রায় ঃ** অন্ এ পয়েন্ট অব প্রিভিলেজ স্যার,

**ডেপুটি স্পিকার ঃ** আই ওন্ট অ্যালাও এনি পয়েন্ট অব প্রিভিলেজ নাউ।

(গন্ডগোল)

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় ধান

ভানার আইন সংশোধন করতে গিয়ে শিবের গীত গেয়ে বসে আছেন। কিন্তু এই গানের মধ্যে তিনি একটি কথা সত্য বলেছেন যে বাংলার ঢেঁকি শিল্প উঠে গেছে। 'প্রায়' বলাটা ভাল ছিল। আমি যদি ঠিক শুনে থাকি উনি 'প্রায়টা বলেননি। আপনি তো খাদ্য উৎপাদন বাড়াবেন বলেছেন কিন্তু কি ভাবে? আমরা যে ধান পেতাম এই ধান থেকে ৬০ লক্ষ টন চাল হোত। আপনাদের সাড়ে সাতশো মিল অপারেট করলেও সাড়ে সাত লক্ষ টন মিলিং ক্যাপাসিটি নেই। আপনি নিজেই বলেছেন যে সাড়ে সাতশো রাইস্ মিল অপারেট করে তাদের সাড়ে সাত লক্ষ মিলিং ক্যাপাসিটি নেই। কিন্তু রাইস মিল সিক্ই হোক কিংবা যে কোন কারনেই হোক রাইস মিল ইন্ডাস্ট্রিকে কন্ট্রাক্ট করে আপনি নিজেই বলেছেন ৭০০তে দাঁড়িয়েছে। তা যদি হয়, তাহলে মিলিং ক্যাপাসিটি বিগ্ রাইস মিলের কত আগে সেটা আপনি ঠিক করুন। এরপর আপনি দেখুন এই যে সারপ্লাস প্যাডি এগুলিকে মিলিং ক'রে কি উপায়ে। আপনি বলছেন ৬ হাজার হাসকিং মিল আছে। তাই যদি থাকে তাহলে এই ৬ হাজার হাসকিং মিল এর ক্যাপাসিটি কত? এফ.সি.আই. গোটা তিনেক জায়েন্ট রাইস্ মিল্ এসট্যাবলিস করেছে। যাইহোক আমি জানতাম ৩টি, কে একজন বললো ৪টি। যাই হোক ৪টির সঙ্গে যোগ দিন ৬ হাজার, তাহলে বাকি চাল কোথায় হয়? কমলবাবু বসে আছেন, আমায় বলেছেন যে ৯০ লক্ষ টন খাদ্য উৎপাদন হবে। তাই যদি হয় আমি তাঁকে সাধুবাদ জানাব আগাম কিছু দিচ্ছি না, লক্ষ্য রাখছি।

[3-10—3-20 p.m.]

আমি যেকথা বলছিলাম যে ধান থেকে চাল ভাঙ্গার উপায় কি? আপনি নিজেই স্বীকার করেছেন ঢেঁকি উঠে গেছে। তাহলে কি হবে? এখানে আপনি বিগত সরকারের প্রতি অনেক বক্রোক্তি করেছেন এবং বলেছেন এত আইনজীবি থাকতে এটা হল কি করে? আপনার ডিফারেন্স থাকলে থাক তবে তার মিলিংয়ের কি ব্যবস্থা করেছেন? এক্ষেত্রে বিগত সরকারের তিনটা ব্যবস্থা ছিল সেটার কি করেছেন? প্রকিওরমেন্ট টারগেট আপনার রেজিমে আপনিও ফুলফিল করতে পারেন নি।

**Mr. Deputy Speaker :** Honourable members, the time for the item of business now under discussion will expire at 3-12 p.m. It will take some time to complete the discussion of the Bill. Hence, under rule 290 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I propose to extend the time by half-an-hour. I hope the House agrees.

(Voices : Yes, Yes.)

The time for discussion is extended by half-an-hour.

**ডাঃ জয়নাল আবেদিন :** বিগত সরকারের উদ্দেশ্যে ছিল টু বুস্ট আপ প্রোডাকশন, টু ইমপ্রুভ মিলিং ক্যাপাসিটি, to rationalise establishment of rice milling industry

in the State. আপনি এখানে যে পলিশি স্টেটমেন্ট বিলি করেছেন তাতে বলছেন একটা মিল থেকে আরেকটা মিলের দূরত্ব ১০ কিলোমিটার হবেনা কিন্তু অনেক জায়গায় মিল এস্টাবলিশ হয়নি, হাসকিং মেশিন বা বিগ মিল নেই, আবার অনেক জায়গায় অনেকগুলি একসঙ্গে আছে, একটা জায়গায় আমি জানি ১৯টা আছে- সেখানে আপনি কি করবেন? এক্ষেত্রে হার্ড অ্যান্ড ফার্স্ট রুল করবার দরকার আছে। কিন্তু বিগত সরকারের যে ইচ্ছা ছিল to boost up procurement and help the farmer for husking their paddy into rice. এটা দরকার। আপনি একটা কথা বলেছেন যে আপনি বানী র‍্যাশনালাইজড করতে চান, মিলিং চার্জ সর্বত্র এক করার দরকার এবং এটা রিজিভলি এনফোর্স করার দরকার। কারণ যেখানে মিল নেই সেখানে একটা একজন পিটেন্ট রেট আছে এবং বিভিন্ন রকম ভাবে তারা এক্সপ্লয়েড করে। আপনাদের কাছে আমার শেষ কথা অনেক উৎসাহ নিয়ে বিগত সরকার এই ডিক্লারেশন করেছিল যার ফলে অনেক বেকার যুবক তাদের মা-বোনের সোনা-দানা ইত্যাদি অ্যাসেট বন্ধক দিয়ে, বিক্রি করে অনেক জায়গায় হাস্কিং মিল স্মল ক্যাপাসিটিতে করেছিল সেগুলোর কি হবে? যদি ১০ হাজার হয় এবং সেখানে ১ ঘন্টা করে যদি ৩জন মানুষ কাজ করে তাহলে ৩০ হাজার সেই যুবকের কি ব্যবস্থা করবেন সেটা ঠিক করবেন। তারপর আপনাদের কাছে বলব যে আপনারা যদি মিলিং লাইসেন্স না দিতে পারেন তাহলে ঢেঁকি শিল্পের পুনরুজ্জীবনের জন্য তাকে ইনসেনটিভ দেওয়ার কথা চিন্তা করবেন কি না অর্থাৎ এই শিল্পের মাধ্যমেই এমপ্লয়মেন্ট প্রোটেনশিয়ালিটি অফ দি রুরাল ফোক হয়। লাস্ট বাট নট দি লিস্ট হাস্কিং মেশিন দেবার নামে বরাবর আপনারা ব্যাপক ভাবে যে দলবাজি করেন সেটা করবার কথা চিন্তা করছেন কিনা পরিষ্কার ভাবে বলুন অর্থাৎ বলুন ডিস্ট্রিবিউসন অফ দি লাইসেন্স, এসটাবলিসমেন্ট অফ দি হাসকিং ইন্ডাস্ট্রি স্পেয়ার হবে কি না সেটা আমরা জানতে চাই। এর সঙ্গে জড়িত যে সাড়ে সাত হাজার মিল যেখানে ছিল সেটা আজকে চারশতে নেমে গেছে। আমাদের এখানে তার সম্বন্ধে আপনারা কি চিন্তা করছেন? এখানে মিলিং ক্যাপাসিটি বাড়াবার জন্য আপনাদের কোনও প্ল্যান আছে কিনা? এক্ষেত্রে আমি বলব যে কো-অপারটিভ সেক্টরের প্রাইভেট সেক্টরের সঙ্গে কমপ্লিট করতে পারেনি- সমস্ত ডিজিসড্ হয়ে গেছে। এগুলিকে চালু করবার কথা চিন্তা করছেন কিনা? এ বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি প্রকিওরমেন্ট মিলিং, ইত্যাদি সম্বন্ধে বিগত সরকারের যে সদিচ্ছা ছিল তার উপর বক্রোক্তি করে কিছু অবিচার করেছেন। আপনি লক্ষ্য করবেন প্রকিওরমেন্ট এবং সাধারন যুবকদের মিলিং করবার কাজে নিযুক্ত করার জন্য সেই এডুকেটেড আনএমপ্লয়েড ছেলেরা তাদের মা-বোনের অ্যাসেট বন্ধক রেখে যেগুলি মিল করেছিল সেগুলিকে কিভাবে আবার র‍্যাশানালাইজ করা যায় সেটা আপনি একটু দেখবেন। কমলবাবু যদি ঐ রকম কোনও টারগেটে পৌঁছতে পারেন তাহলে সে বিষয়ে তাঁকে পরে সাধুবাদ দেব। কিন্তু মার্কেটেবল্ সারপ্লাস সম্বন্ধে যে ডিফারেন্স সে সম্বন্ধে কি করবেন সেটা বলবেন। চতুর্থ হচ্ছে এ বিষয়ে কোনও ইউনিফর্ম কিছু থাকতে পারে না। আজকে আমরা সবটাই আতপ চাল খেতে বাধ্য হচ্ছি। সেজন্য এটা সম্বন্ধে আপনাদের একটু চিন্তা করার দরকার আছে। আর একটি কথা হচ্ছে এখন সমস্ত জায়গায় সমভাবে মেশিনগুলো চলছে না- কোথাও ডিজেলে চলছে

কোথাও পাওয়ারে চলছে। সেজন্য একটা ইউনিফর্ম রেট আপনারা বেঁধে দেবার কথা চিন্তা করছেন কি না সেটা আমাদের জানাবেন। কিন্তু সেটা রেসনালাইজড্ হওয়া উচিত। এই দিক থেকে আপনি যে বিল এনেছেন আজকে আইনের খাতিরে আপনাকে এটা আনতেই হবে কিন্তু আপনি যে শিবের গীত গেয়েছেন সেটা না করলেও পারতেন- তবে আপনাদের অভ্যাস ও স্বভাব কোনওদিনই পরিবর্তন হবে-না।

[3-20—3-30 p.m.]

**শ্রী সুধীন কুমার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সময় দীর্ঘ থাকলে সমস্ত বিষয়টা বিস্তারিতভাবে আলোচনা করা যেত। যাইহোক, আপনাদের সবাই সমর্থন করে গেছেন, কেবল সবাই বলেছেন আরো ভাল করে করতে হবে। আপনাদের সদিচ্ছা ছিল প্রোকিওরমেন্টের ব্যাপারে, কি প্রোকিওরমেন্ট করেছেন? আপনারা ৩ লক্ষ টন প্রোকিওরমেন্ট করবেন বলেছিলেন, কিন্তু ১ লক্ষ ৭০ হাজার কি ৭২ হাজার টন করেছেন, তার বেশি প্রোকিওরমেন্ট করতে পারেননি। তার কারণ হাসকিং মিলের বেপরোয়া চুরির রাস্তা খুলে দিয়ে ছিলেন, তারজন্য আমাদের ঘরে প্রোকিওরমেন্ট হয়নি বটে কিন্তু প্রোকিওরমেন্ট অন্য কারোর পকেটে হয়েছে। সেই রাস্তা খোলার জন্য আজকে আমাদের এই অবস্থা। আপনারা জানেন আজকে পশ্চিমবঙ্গে চালের দাম গত ৩০ বছরের মধ্যে একবার ১৯৬৯ সালে আর আজ আকালের দিনে বর্ষাকালে পড়তির মুখে। আপনারা জানেন আমরা গ্রামের জনসাধারনের দিকে তাকিয়ে আছি বলেই আমরা এই কাজ করতে বাধ্য হয়েছি। আমার বক্তব্য হচ্ছে আপনারা যে কথা রেখেছেন সেটা লক্ষ্য করে আমরা মুখবন্ধে শুরু করেছিলাম হাসকিং মিলের যে কাজ, যেহেতু ঢেঁকি আজকে দেশ থেকে উঠে গেছে, কোথাও কোথাও আছে, হাউসে হয়ত থাকতে পারে, তারা তো সহজে উঠে না, তারা চড়ে উঠে না, লাঠিতে ওঠাতে হয়, ঢেঁকির কথা যতদূর শুনেছি তাতে জেনেছি ঢেঁকি প্রায় দেশ থেকে উঠে গেছে, অথচ মানুষের খাওয়ার প্রয়োজন মেটাতে হবে, সেটা করতে গিয়ে আমরা দেখেছি এমন ছক তৈরি করতে হবে যার মধ্য দিয়ে এটা পরিচালনা করতে হবে। তার দৃষ্টিভঙ্গি কি হওয়া উচিত ক্লাসটার থাকবে না এটা একশো বার বলা হয়েছে, একটা থেকে আর একটার দূরত্ব থাকবে ১০ কিলোমিটার। আপনারা বলেছেন কয়টি ধানকল আছে, ধানকলগুলি উঠে গেছে, ধানকলগুলির মালিকরাই হাসকিং মিলের মালিক হয়েছে। ধানকলগুলি চালানো থেকে হাসকিং মিল চালানো ভাল, কারণ সেখানে পয়সা লোটা যায়। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের সমর পরিকল্পনা যেটা আপনাদের কাছে দিয়েছি সেটা একাট ছক মাত্র, ইট ইজ এ পলিসি স্টেটমেন্ট। কাউকে লাইসেন্স দেওয়া না দেওয়ার কথা নেই, একথা বলা আছে লাইসেন্স এমনভাবে দিতে হবে যাতে মানুষের খাওয়ার প্রয়োজন মেটে, তাদের খাওয়ার প্রয়োজন মেটাতে যদি পলিসি সম্বন্ধে কোনও কিছু চিন্তা করার দরকার হয় তাহলে বামফ্রন্ট সরকার চিন্তা করবেন সেই বিষয়ে কোনও সন্দেহ থাকতে পারে? এই যে হিসাব দিয়েছেন- ভদ্রলোকের যোগেও ভুল, যেমন আইন, তেমনি যোগ। মহাশয়, ৬ হাজার পুরানো লাইসেন্স ছিল, আর ৬ হাজার বেআইনি ছিল। ৬(ক) ধারা করার পর যত বেআইনি ছিল তারা আইনের দরজায়

এসে ধর্না দিল। দরখাস্তকারি নতুন করে ৬ হাজার হোল। পুরানো যারা ছিল তাদের মধ্যে ৩ হাজার নতুন ৬(খ) ধারা মতে দরখাস্ত করেছিল। ৬ আর ৩, ৯ হয়। আর বাকি ৩ হাজার তারা পুরানো ধারায় দরখাস্ত করেছিল, নতুন (ক) ধারায় করেন নি। তাহলে ৬ আর ৩, ৯ হয়। আর আমাদের এখান থেকে যে নতুন, এই যে ঘটি বাটি সোনা দানা বিক্রি করেছেন- সোনা দানা বিক্রি করতে হয় বটে, বেকার যুবকদের সোনা দানায় ঘর ভর্তি- এক একটা ট্রান্সফার এর জন্য শুনলে আপনার অবাক হবেন ২০/২৫/৩০ হাজার টাকা একজন আর একজনকে দেন। অতএব বুঝতে পারছেন কি চোরাকারবারের রাস্তা খোলা হয়েছিল। এই চোরাকারবারের রাস্তা বন্ধ করে জনসাধারনের উপকারের জন্য এটা করা হয়। শেষ কথা হচ্ছে মিলিং ক্যাপাসিটি বাড়াতে হবে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের সামনে কথা হয়েছিল প্রত্যেকটি জেলায় একটা করে নতুন মডার্ন রাইস মিল তৈরি করতে হবে যা আমাদের আছে তাকে সাপ্লিমেন্ট করে এবং তারপর যেহেতু কংগ্রেস গভর্নমেন্ট এসেছে সেই হেতু তাকে সিকেয় তোলা হয়েছে এই হাসকিং মিলের চোরাকারবার চালাবার জন্য। মাত্র চারটি এফ.সি.আই. এ খুঁড়িয়ে খুঁড়িয়ে চলে, এইভাবে আর চলবে না, তাকে ২ মাসের মধ্যে শক্ত পায়ে হেঁটে চলতে হবে। এফ.সি.আই. আগামী দিনে আরও ২টি করতে প্রতিজ্ঞাবদ্ধ এবং আমরা অন্তত একটা তো করবই এই বিষয়ে কোনও সন্দেহ নেই। আমাদের সমস্ত রাজ্যে মিলিং ক্যাপাসিটি বাড়বে, আর খাদ্য যদি বাড়ে তখন নিশ্চয়ই মিলের প্রয়োজন হবে যে মিলের উপর আমাদের কন্ট্রোল থাকবে, যার কাছ থেকে আমরা লেভি পাব, যার হিসাব-নিকাশ পাওয়া যাবে। হাসকিং মিল বাড়িয়ে আমাদের সমস্যার সমাধান হবে না। তাতে যত শস্য বাড়বে সেই প্রোপোর্সনে কত লোক বাড়বে সেই হিসেব ডাঃ জয়নাল আবেদিন দিতে পারবেননা। লোকের প্রয়োজন থাকবে এবং ৫ কোটির জায়গায় যদি সওয়া পাঁচ কোটি/সাড়ে পাঁচ কোটি লোক হয় তাতে হাসকিং মিলের প্রয়োজন বাড়েনা, তাতে বাড়ে রাইস্ মিলের ক্যাপাসিটি।

The motion of Shri Sudhin Kumar that the Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill,1977, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 5 and Preamble**

The question that clauses 1 to 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Sudhin Kumar :** Sir, I beg to move that the Rice-Milling Industry (Regulation) (West Bengal Amendment) Bill,1977, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No.12, 68, 69 & 71

### Major Head : 241-Taxes on Vehicles

**Shri Mohammed Amin** : Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs.45,00,000 be granted for expenditure under Demand No.12, Major Head : "241—Taxes on Vehicles".

(This is inclusive of a total sum of Rs.23,10,000 already voted on account in March and June,1977)

### Demand No.68

### Major Head : 335-Ports, Lighthouses and Shipping

**Shri Mohammed Amin** : Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs.29,45,000 be granted for expenditure under Demand No.68, Major Head : "335—Ports, Lighthouses and Shipping".

(This is inclusive of a total sum of Rs.14,73,000 already voted on account in March and June,1977)

### Demand No.69

### Major Head : 336-Civil Aviation

**Shri Mohammed Amin** : Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs.4,32,000 be granted for expenditure under Demand No.69, Major Head : "336—Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs.2,16,000 already voted on account in March and June,1977)

### Demand No.71

### Major Head : 338-Road and Water Transport Services, 538—Capital outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transport Services.

**Shri Mohammed Amin** : Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs.20,78,14,000 be granted for expenditure under Demand No.71, Major Head : "338—Road and Water Transport Services, 538—Capital outlay on Road and Water Transport Services, and 738—Loans for Road and Water Transport Services".

*(This is inclusive of a total sum of Rs.8,64,07,000 already voted on account in March and June, 1977)*

[3-30—3-40 p.m.]

**Shri Mohammed Amin :** Hon'ble Deputy Speaker Sir,

1. In moving the aforesaid Demands for expenditure I wish to assure the House that the Government is fully aware of the grave inadequacies in the mass transportation systems of West Bengal and particularly of the metropolitan area. While we remain totally alive to the distress of the travelling public, we cannot expect any dramatic improvement in the prevailing situation overnight. The present Government has inherited a chaotic transportation organisation comprising the three public sector Road Transport Corporations and the Calcutta Tramways Company. All these organisations are today patently unequal to the tasks facing them and are running at heavy losses. The situation is the result of years of neglect, total lack of careful investment and manpower planning and absence of a well-articulated policy of development of mass transportation for West Bengal.

2. I shall like to briefly mention, illustratively, the present position of Calcutta State Transport Corporation and what we propose to do to remedy the situation. The Corporation has a fleet strength of 1221 buses (645 double decker and 576 single decker) out of which 227 have become unserviceable requiring immediate replacement It employs approximately 13,000 workers and employees. Before the formation of the Left Front Government, the daily outshedding was about 503. Surprisingly enough with the change of the Government, this figure sharply came down to 352 on 28th July, 1977. The contributory factors to this decline were incessant rains that turned the roads from bad to worse raising the percentage of breakdown from 35 to 45 per cent. on an average and also the paucity of funds to undertake repairs and maintenance. This precarious condition continued for about a month. Travelling public were in serious difficulties. Taking advantage of this situation some elements from the interested quarters tried to foment troubles in order to discredit the newly formed Left Front Government forgetting the fact that those very people cannot be misled so easily who have voted the Left Front to power. The Left Front Government has adopted a crash programme of repairing and renovation of demobilised buses, streamlined the Calcutta State Transport Organisation and with the sincere help of workers and employees it swiftly implemented the programme as a result of which within a month the outshedding reached 540. This brought some relief to the travelling public

but there is much to be done. By March 1978, the outshedding is expected to cross the figure of 675 and then the services of the CSTC are expected to improve further. To enable the CSTC to achieve its target, the State Government, inspite of severe financial strains, has already sanctioned Rs.20 lakhs for repair and renovation of buses and 27 lakhs for purchase of 15 new single decker buses. Provision has also been made for an additional sum of Rs.50 lakhs for further renovation of buses. The Government hopes that the operational deficit, which was as large as Rs.50 lakhs for CSTC in July last, would to an extent, be bridged if we are able to fulfil the outshedding targets by the end of current financial year.

3. The Calcutta Tramways Company has a fleet strength of 438 tram cars. It employs approximately 10,000 workers and employees. It has now monthly deficit to the tune of Rs.23 lakhs. At the time of formation of the Left Front Government, the average outshedding was 278 The Left Front Government laid greater emphasis on repair and renovation of demobilised tram cars in order to made them trackworthy. It is to be noted that all 438 tram cars have outlived their life because re-investment was completely stopped long ago and work-schedule of Nonapukur Workshop was upset. 1974 a terrible incident of fire took place at midnight and 40 tram cars were burnt at Raja Bazar. The exact cause of the fire could not be ascertained What the Congress Government claimed to be new tram cars in the shape of "Sundari" is nothing but those burnt cars which were brought out with new bodies and glittering paints. This is how the Congress Government deceived the people. The C.T.C. at the instance of the Left Front Government has undertaken a crash programme to renovate 8 to 10 cars every month, renew overhead trolly wires, repair the badly damaged sections of tram tracks and augment breakdown vans and tower wagons. These efforts of the Left Front Government have already brought some results, and at present the average outshedding has reached the figure of 313. Thus it reflects a net increase of 35 cars during the period of 3 months since the formation of the new Government. The renovation work is estimated to be completed during a period of 18 months. The tramways workers in general and the workers of Nonapukur and other depots in particular are praise-worthy who have extended their hands of co-operation to expedite renovation and repairing work. Rupees one crore and fifty lakhs are proposed to be earmarked for building new tram cars during the current and next fiscal years from the annual plans. It is difficult to say how many cars will be built with this money. Government is making enquiries about the reported sale of second-hand tram cars in some European countries. Possibilities are being explored

to purchase those cars if the terms and conditions prove to be profitable to the Government. The people of Calcutta have love and afffection for the tram cars. Despite the various drawbacks, the tramways are still one of the principal modes of transport for the people of Calcutta. This useful industry is to be preserved and kept in good condition to serve the people better.

4. The North Bengal State Transport Corporation and Durgapur State Transport Corporation are equally in a very bad shape causing much difficulties to the travelling public. The NBSTC and DSTC have a monthly operational deficits of Rs.10 lakhs and 4 lakhs, respectively. The condition of the NBSTC which made profits in the late sixties deteriorated sharply on account of mass recruitment and promotion in that organisation which was most irregular and done with least regard to the wellbeing of that Corporation. Concerted efforts are required to improve things in these two organisations. Government have already taken some positive steps to serve the travelling public better.

5. In accordance with its declared policy to protect the interest of working class and toiling masses, the Left Front Government has decided to restore the right of bonus to all four transport organisations. This legitimate right of the workers was curtailed by the previous Government. Bonus will be paid to the workers at the rate of 8.33 per cent. The employees of the State Transport Undertakings, who were victimised on the ground of Trade Union activities and adverse police reports, are being reinstated. Some of the demands including the permanency of the employees are being favourably considered. The Government is sure that this will inspite the workers and employees of the four transport undertakings, who in their turn will spare no efforts to see that the services are improved and with that the collections will go up to reduce the existing huge monthly deficit.

6. Private buses have also a significant role to play. In view of the fact that the condition of the CSTC is not yet satisfactory, the private buses should be increased in almost all routes and new routes are also to be opened immediately. But Unfortunately some operators are creating obstructions in this regard. The Government is however dealing with the situation with restraint with the Co-operation of transport workers and travellintg public also. Some new routes in Calcutta and other districts and improvement of some existing routes are likely to be considered by the S.T.A. and R.T.A.s immediately after their reconstitution. The Government believes that there is ample scope for the private sector to operate on the basis of a meaningful complementarity rather than wasteful competition. Route rationalisation and assignment of work-areas has to be

done through the S.T.A. and R.T.A.s which are being re-constituted. We look forward to an understanding between the public and private sectors in the challenging task of providing the people with adequate, efficient and economic means of transportation.

7. Necessary amendments are under contemplation which will set the new guidelines for the issue of permits. Priority will be given to a group of nine persons including three drivers and two conductors with valid licences for two permits and to a group of four persons including one driver and one conductor with a valid licence for one permit. Necessary direction will be issued to the R.T.A.s to see that the minority community, Scheduled Castes and Tribes get a fair deal in obtaining permits.

8. There is ample scope for the development of inland water transport in West Bengal. It is difficult to understand why this aspect was neglected so far. Development of water transport will be helpful for the growth of the economy of the Sunderbans areas and the ferry services across the river Hooghly at several points will go a long way to solve the acute transport problems. A project report would be prepared in order to secure necessary funds from the Central Government

9. Flying Training Institute is in a deplorable condition West Bengal is lagging behind in this matter also The trainees have to pay heavy amount for training and even after their training is over, they are not sure to get a job of pilot. This matter is already receiving the attention of the Government. Paucity of funds is the main obstacle in undertaking any new scheme. Government has already decided to dispose of the beech aircraft, dakota and helicopter which the Congress Government had purchased for the use of Minister and VIPs and utilise the sale proceeds for the improvement of mass transportation systems

10. Hon'ble Deputy Speaker, Sir, I would take this opportunity to inform the House that we are simultaneously preparing a Co-ordinated Transport Project for consideration by the World Bank, which has as its principal element—substantial replenishment of the fleet of the Calcutta State Transport Corporation and the Calcutta Tramways Company We look forward to a positive response from the World Bank We are including in the Project Report, proposals for construction of ferries, jetties and other associate facilities in order to ease the strain on the buses and trams. We believe that the Hooghly river and other riverine systems can and should be more effectively utilised to meet the rapidly growing transportation needs of the State. We, accordingly, propose to significantly energise the Inland Water Transport sector in the coming years. During the brief time the present Government has been in office it has not been

›ssible to examine and analyse in depth the working of the Directorates Inland Water Transport and Aviation. Some re-structuring of the ganisations would, it appears, be necessary so that they can become fective instruments of public purpose and needs.

11. In the challenging tasks ahead, I seek through you, Hon'ble eputy Speaker, Sir, the co-operation and support of all sections of the ouse. As I have said earlier, we are alive to the gravity and complexities the situation and the need to provide quick relief to the millions of ›mmuters and this cannot be achieved without the co-operation of all ›ncerned. We are however confident to improve things with the love, fection and support from the people—those very people who have voted to power bringing to an end the semi-fascist terror in West Bengal. ith these words, Sir, I beg to move that the demand for expenditure ıder demand No.71 be passed.

[3-30—4-15 p.m.] (including adjournment)

**Mr. Deputy Speaker :** All the cut motions are in order and taken moved.

**DEMAND NO.12**

**Shri Habibur Rahaman** : I beg to move that the amount of the demand be reduced to Re.1/-

**Shri Rajani Kanta Doloi** : I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

**Shri Naba Kumar Roy** : —do—

**DEMAND NO.68**

**Shri Shaikh Imajuddin** : I beg to move that the amount of the demand be reduced to Re.1/-

**DEMAND NO.69**

**Shri Shaikh Imajuddin** : I beg to move that the amount of the demand be reduced to Re.1/-

**DEMAND NO.71**

**Shri Shaikh Imajuddin** : I beg to move that the amount of the demand be reduced to Re.1/-

**Shri Rajani Kanta Doloi** : I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

(At this stage the House was adjourned for half an hour)

[4-15—4-25 p.m.]

**শ্রী শিবেন্দ্রনারায়ণ চৌধুরি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, মাননীয় পরিবহনমন্ত্রী যে বাজেট বক্তৃতা এখানে উপস্থিত করেছেন তারই পরিপূরক হিসাবে আমি কয়েকটি বক্তব্য আপনার মারফত মাননীয় সদস্যদের কাছে আমি উপস্থিত করছি। খুব সংক্ষেপে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন এবং দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহন সম্পর্কে বাজেট বক্তৃতায় বলা হয়েছে। আমি সেই সম্পর্কে ইলাবরেটলি দু একটি ঘটনার উল্লেখ করতে চাইছি। তার আগে যেটা বলতে চাই যে আজকে পশ্চিমবঙ্গের পরিবহন সমস্যা জটিল আকার ধারণ করেছে। এটা আজকের নূতন ঘটনা নয়। বহু পূর্ব থেকে কংগ্রেস সরকার লক্ষ্যহীন এবং কর্ম পরিকল্পনাহীনভাবে একটা দপ্তর পরিচালনার জন্য যেমন কলকাতায় পরিবহনে নানাবিধ জটিল সমস্যার উদ্ভব হয়েছে তেমনি উত্তরবঙ্গে যেখানে রেল লাইন নেই, যেমন পশ্চিম দিনাজপুর একটি জেলা যেখানে কোনও রেল লাইন নেই, সুতরাং রাষ্ট্রীয় পরিবহন চালু করা দারুন ভাবে প্রয়োজন। এবং অন্যান্য জেলায় যেখানে রাস্তাঘাটের সংখ্যা খুবই কম ও পরিবহন ব্যবস্থা খুবই নগন্য সেখানে স্টেট বাস অর্থাৎ রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থার যে ভূমিকা যে বিশেষ উল্লেখযোগ্য সেই ভূমিকা পালন করতে উত্তরবঙ্গ পরিবহনের দুরবস্থায় দাঁড়ানোর কারণ হিসাবে বলা যায় কংগ্রেসি রাজত্বে উত্তরবঙ্গ পরিবহন ব্যবস্থাকে একটা ধ্বংস স্তুপে পরিণত করাই ছিল তাদের উদ্দেশ্য। রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা দুর্বল করে দিয়ে সেখানে প্রাইভেট এন্টারপ্রাইজকে অর্থাৎ ব্যক্তিগত মালিকানায় বাস চালাবার ব্যবস্থার প্রতি বেশি জোর দেওয়া হয়েছিল। এই দৃষ্টিভঙ্গি থেকে দেখা গিয়েছে ১৯৭৭ সালে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে একটা বিশেষ সঙ্কটের সৃষ্টি হয়। শুনলে অবাক হয়ে যাবেন যেখানে ২২০০ কর্মী উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনে কাজ করতো সেখানে প্রায় ২৪০০ কর্মী নিয়োগ করা হোল উইদাউট এনি ইনটারভিউ। তৎকালীন কংগ্রেসি মন্ত্রী মহাশয়রা টেলিফোন করে কিংবা চিরকুট পাঠিয়ে তৎকালীন জেনারেল ম্যানেজারকে দিয়ে কোনও পরিকল্পনা বিহীন অবস্থায় নন টেকনিক্যাল হ্যান্ডস যাদের মোটর ভিহিকলস সম্বন্ধে কোনও টেকনিক্যাল নলেজ নেই এই রকম ২৪০০ কর্মীকে নিয়োগ করা হোল যার কোনও প্রয়োজন ছিল না। প্রয়োজনের তুলনায় অনেক বেশি যা ছিল তার চেয়ে অনেক বেশি লোক নেওয়া হোল। এইভাবে একটা বোঝা স্বরূপ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের উপর চাপিয়ে দেওয়া হোল। যেহেতু বাসের সংখ্যা কম কর্মীর সংখ্যা বেশি তাই লোকসানের আধিক্য বেশ বেড়ে যাচ্ছে। ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত লোকসান ক্রমশ বেড়ে চলেছে। যার কোনও প্রয়োজন ছিল না-বিনা কাজে ঐ সব কর্মীদের টাকা দিতে হয়, মাইনা দিতে হয়, অন্যান্য সুযোগ সুবিধা দিতে হচ্ছে। আমি দেখেছি নানা ফাইল খুটিয়ে যে রিক্রুটমেন্ট যেটা করা হয়েছিল সেই রিক্রুটমেন্টের কোনও নীতি নিয়ম বা আইনের বালাই ছিল না। আপনারা আরও শুনলে আশ্চর্য হবেন এবং পশ্চিমবাংলায় কেন ভারতবর্ষের আর কোথায়ও এই রকম হয়েছে কিনা জানি না মাস স্কেলে প্রমোশন দেওয়া হয়েছে। ১০০০, ১৫০০ লোককে কোনও নিয়ম নীতি বর্হির্ভূত প্রমোশন দেওয়া হয়েছে। এবং এই প্রমোশন দিয়ে যে সমস্যা সেখানে রয়েছে সেটা আরও জটিল হয়ে

উঠেছে। কংগ্রেস এইভাবে দায়িত্ব জ্ঞানহীনের মতো কাজ করে গিয়েছে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন এই যে দুরবস্থার মধ্যে পড়েছে তার এটা প্রধান কারণ হয়ে দাঁড়িয়েছে। গাড়ি যা আছে তার রক্ষনাবেক্ষনের জন্য যে সমস্ত কিছু প্রয়োজন তার কিছুই নাই। বাস ডিপোর অভাব, আমি নিজে দেখেছি উত্তরবঙ্গ স্টেট বাস এবং দুর্গাপুরে যেভাবে বাস রাখা হয় যেভাবে গ্যারেজের অবস্থা এবং এটা ৭।৮ বছর আগে থেকেই এই দুরবস্থা ছিল যার ফলে বর্ষার সময় গাড়িগুলি মেরামত করবার কোনও সুযোগ নাই' গ্যারেজে জল উঠে আসে। যার মেনটেনেন্স ওয়ার্ক করা যাচ্ছে না। এই একটা অবস্থায় আছে। সেগুলি এখন ঢেলে সাজাবার পরিকল্পনা নিশ্চয় নিতে হবে। আরো দুরবস্থার কথা বলছি। শ্রমিক কর্মচারিদের পে-স্কেল- আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, ১/৪/৭৭ তারিখে যে রিভাইজড পে-স্কেল শ্রমিক কর্মচারিদের দেবার কথা ছিল- গত কংগ্রেসি মন্ত্রিসভা বিগত ৬ বছরের মধ্যে এদের কোনও রিভাইজড পে-স্কেল চালু করেন নি, সেটা এখন আমাদের করতে হবে। যার ফলে বছরে কয়েক লক্ষ টাকা আমাদের খরচ বেড়ে গেল, এই হচ্ছে অবস্থা। তারা শুধু পে স্কেল করল, কিন্তু সেটা কার্যকর বা চালু করবার ব্যবস্থা করল না। দুর্গাপুরের ক্ষেত্রেও তাই আমি দেখেছি দুর্গাপুরের বাসগুলি বসেছিল। আমি ১/১।। মাস আগে দুর্গাপুর গিয়েছিলাম সেখানকার শ্রমিক কর্মচারিদের সঙ্গে আলাপ আলোচনা করেছি। সেখানকার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে কিছু নতুন বাস বের করা হয়েছে এবং কিছু পুরানো বাস মেরামত করে অন রুট চালু করার ব্যবস্থা করা হয়েছে। যার ফলে আপনারা শুনলে খুশি হবেন যে গত মাস থেকে দুর্গাপুরের ইনকাম ২৫ হাজার টাকা দৈনিক বৃদ্ধি পেয়েছে সেখানে এই রকম হস্তক্ষেপ করার জন্য এবং যাবার জন্য এটা সম্ভব হয়েছে। আমাদের ফ্রন্ট সরকার যেটা ঠিক করেছে সেটা হল এই, দুর্গাপুর এবং উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট করপোরেশন এইগুলি খুব অবহেলিত, এই সব জায়গার দিকে আগের সরকারের নজর কম ছিল, এখন সেখানে নজর দিয়ে নতুন গাড়ি বাড়াবার জন্য চেষ্টা করা হচ্ছে- বিশেষ করে নর্থবেঙ্গল এবং তারপরে দুর্গাপুর, এই দিকে নজর দেওয়া হচ্ছে। বাসের অভাবে যেসমস্ত রুট থেকে বাস পরিত্যাগ করা হয়েছিল এখন সেই সমস্ত নতুন নতুন রুটে বা লং ডিসট্যান্স রুটে যাতে নতুন বাস দিতে পারা যায় সেই জন্য নতুন বাস তৈরি করা হচ্ছে এবং আগামী এক দেড় মাসের মধ্যেই বাসগুলি তৈরি হয়ে যাবে এবং রাস্তায় দিতে পারব। নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন এবং দুর্গাপুরে আরও কিছু বাস আমরা দিতে পারব। একটি সিদ্ধান্ত এইভাবে নিয়েছি প্রায় নৈরাশ্যজনক অবস্থায় শ্রমিকরা যে কাজ করতেন- তারা ভেবেছিলেন পশ্চিমবঙ্গ সরকার হয়ত দুর্গাপুর বা নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন তুলে দেবেন, এই রকম একটা আশঙ্কা তাদের মনের মধ্যে দেখা দিয়েছিল। ফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার শ্রমিক কর্মচারীদের সঙ্গে আলাপ আলোচনা করেছি যে আপনাদের কো-অপারেশন নিয়ে সরকার নতুনভাবে এই সমস্ত কর্পোরেশনের উন্নতি করতে চান এবং উত্তরবঙ্গ পরিবহন সংস্থাকে উন্নতির দিকে নিয়ে যেতে চান। এই সমস্ত আলাপ আলোচনার রেজাল্ট খুব ভাল হয়েছে। সেখানকার কর্মচারীরা আমাদের জানিয়েছে, দু বছরের মধ্যে, এখন প্রায় ১০ লক্ষ টাকা উত্তরবঙ্গ পরিবহন সংস্থাকে ঘাটতি বাবদ সরকার থেকে দিতে হয়, সেই টাকা আর দিতে হবে না। ২ বছর পরে

তারা সেই জায়গায় পৌঁছে যাবেন। এই উৎসাহ তাদের মধ্যে এসেছে। তাদের কতকগুলি দীর্ঘদিনের দাবি দাওয়া ছিল। সেই সমস্ত দাবি দাওয়া আমরা ইতিমধ্যেই পূরণ করেছি এবং ওখানে আমরা আরও উন্নতি লাভ করতে পারব, এই আশ্বাস আমাদের ওখানকার শ্রমিক কর্মচারীরা দিয়েছে দলমত নির্বিশেষে। সেখানে বিভিন্ন দলের ইউনিয়ন আছে। সমস্ত ইউনিয়নের শ্রমিকদের সঙ্গে আমি আলাপ করেছিলাম এবং তারা বলেছে আমরা এটা করব, আপনারা আমাদের দিকে একটু দৃষ্টি দিন। আমরা তাদের দাবি-দাওয়া পূরণ করছি, অনেক ব্যবস্থা করেছি। ওরা সরকারের সঙ্গে সহযোগিতা করে এই ব্যবস্থাকে আরও উন্নতির দিকে এগিয়ে নিয়ে যাবে এই আশ্বাস আমাদের দিয়েছে এবং আমি মনে করি তারা তা সম্ভব করতে পারবে। দুর্গাপুরের শ্রমিক কর্মচারীরা বলেছে আর ৬ মাস পরে দৈনিক ৫০ হাজার টাকা হবে বা তার বেশি আয় বাড়াবার চেষ্টা করবে এবং উত্তরবঙ্গের শ্রমিক কর্মচারীরাও তাই বলেছে। উত্তরবঙ্গের টোটাল বাসের সংখ্যা হল ৩০৮ এবং তার মধ্যে ৬৭টি কনডেমড, সেটা বিক্রি করে দিতে হবে। আইডেল বাসের সংখ্যা হচ্ছে শতকরা ২৫ ভাগ এই হচ্ছে উত্তরবঙ্গের হিসাব। এই কথা বলে মাননীয় পরিবহনমন্ত্রী যে বাজেট বরাদ্দ মঞ্জুরির জন্য এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং আশা করছি আপনারাও সেই বাজেটকে সমর্থন করবেন।

[4-30—4-40 p.m.]

**श्री रबी शंकर पान्डे** : माननीय अध्यक्ष महोदय, आज रोड ट्रान्सपोर्ट के संबंध में कुछ कहने के लिए मैं खड़ा हुआ हूँ। रोड ट्रान्सपोर्ट के संबंध में एक बात जान लीजिए कि बनर्जी आयोग बैठाया गया था। उस आयोग के माध्यम से यह नैयं हुआ था कि रोड ट्रान्सपोर्ट भ्रष्टाचार मे टपहो गया है, इसे सुधारे जाने का काम नहीं हो सकता है। आज उसकेसाथ में लगभग 24 करोड़ की सम्पत्ति दी गई है। ग्रामबंगाल के गरीब किसानो, मजदुरों से टैकस वसुल किया जाता है और उस धन राशि को भ्रष्टाचार में लुटाने के लिए छोड़ दिया जाता है। इससे भ्रष्टाचारै को प्रश्रय मिलता ही जा रहा है। मैं समझता हूँ कि इससे समस्या का समाधान कभी नही होगा। इससे किराया कुछ वसुल अवश्य किया जाता है किन्तु उससे इस रोड ट्रान्सपोर्ट को घाटा ही उठाना पड़ता है। लोगों को सुविधा मिलने के बजाय परेशानी ही मिलती है। इसलिए ऐसा विचार है कि इस बजट का रुपया दुसरी जगहों सें अगर कमाया जाय तो उसविभाग की उन्नति होगी और देश समृद्धिशाली होगा। साथही यृ रोड ट्रान्सपोर्ट जो भ्रष्टाचार का अड्डा बना हुआ है, समाप्त हो जायगा।

मैं समझता हुँ कि जनता पार्टी और जनता पार्टी की सहयोगी पार्टी ने जनता पार्टी से वादा किया था कि हमलोग गरीव जनता की हितों को ध्यान में रखकर काम करेंगे। किसानों की भलाई के लिए काम करेंगे। भ्रष्टाचार को समाप्त करके

देश में प्रगति लायेंगे। किन्तु आज देखता हुँ कि गरीव किसानों की गाढ़ी कभाई में मे टैकस वसुला जाता है और उसे उपसरों को खर्च करने के लिए छुट दी जाती है। परिणाम यह होता है कि गरीवों की कुछ भी भलाई नहीं होती और आपसर लोग भ्रष्ट होते जा रहे हैं।

वेकार वसें जो गैरेज में पड़ी हुई रहती हैं, जिनका दाम एकलाख-५० हजार रुपया है, उसे खराव घोषित करके १० हजार- ५ हजार रुपये में वेचदिया जाता है। यह तो विलकुल ही अच्छी वात नही है। उन वेकार वसों की मरम्मत करके पुन; उनको सड़कों पर निकाला जा सकता है। इससे धनापार्जन भी हो सकता है और हजारों वसों की संरक्य भि वृद्धि भी हो सकती है।

ट्राम के वारे में क्या कहूँ ? उसका भविष्य तो एकदम अन्धकार भरा ही दिखलाई पड़ता है। घण्टों खड़े रहने पर अगर कोई ट्राम आती भी है तो व्रेक डाउन। लोग इस तरह से लटक कर चलते हैं कि किसी समय भी एक वड़ी दुर्घटना की आशंका की जा सकती है। ट्राम की अवस्था भयावह हो अगर है किन्तु किसी-किसी ट्राम में सीटोंका पता ही नही रहा पंखे गायव पाये जाते हैं। एक समय था, जव एक पैसा ट्राम भाढ़ा वढ़ाया जाता था तो महान् उपद्रव हो जाता था। ट्रामें जलाई जाती थीं लेकिन आज ट्राम भाढ़ा तीनगुना-चारगुना वढ़ा दिया जाता है, तो कुछ नहीं होता है। जनता मूक वनकर इस वढ़ती भाढ़ा को वहन कर लेती है। इस परली घाटा ही होता रहता है। और उस घाटे की पूर्ति गरीवों से टैकस वसुल करकी जाती है।

आज आप अगर खोज करें तो पायेंगे कि अगर किसी प्राइवेट वस मालिक की एक वस सड़क पर चलती है ते उसी मलिक की दो वस-तीन वस दो वर्ष के वाद सड़क पर दौड़ने लगती है। प्राइवेट वस मालिकों को ट्रान्सपोर्ट से लाभ होता है, उनकी वसों की संख्या में वृद्धि होती है किन्तु सरकारी ट्रान्सपोर्ट भ्रष्टाचार का इस तरह से अड्डा वना हुआ है कि जो वसें है, वे भी विकती और विगड़ती चली जा रही हैं। इस रोड ट्रान्सपोर्ट में नुकशान पर नुकशान ही होता रहता है। इसलिए इसके उवलपमेन्ट का काम ठप्य पड़ता जा रहा है। सरकार को वड़ी सावधानी के साथ इसपर सोचना चाहिए और इसकी उन्नति के लिए कोइ नये कदम उठाना चाहिए। अगर इससे आमदनी नहीं होती है, तो टैकस लगा कर इसके घाटे की पुर्ति नहीं करनी चाहिए। लेकिन प्रश्न यह उठनाहै कि यदि इसी प्रकार घाटा होता रहा, तो इन वसोंका क्या होगा। इसके जिस भरो एक सुकाव है कि वसों के ड्राइभर-कण्डकटर और होनी पर को टेकर तीन-चार छोटे-छोटे

कोआपरेटिभ की स्थापना करनी चाहिए। इसके पश्यात इन वसों को इन को आपरेटिभ के अण्डरमें सुपुर्द कर देना चाहिए। उमे वेलोग भाढ़े पर चलायेंगे. उसका मेन्टनेन्स प्राइभेट वसो की तरह रखे तो भाढ़ा वसुलने में भी वे लोग किसी प्रकार की कम जोरी नहीं दिखायेंगे। इससे आमदनी में भी वृद्धि हो जायगी. जनता को भी सहुलियत मिलेगी और सरकार का सिरदर्द की समाप्त हो जायगा। साथ ही गरीवों के टैकस को वसुल कर सरकार जो घाट की पूर्ति करती है. उसकी आवश्यकता नहीं पड़ेगी और वह रुपया किसी और भद में वाय किया जायगा। आज ट्राम और वसों का भाड़ा भी पूरा नहीं वसुला जाता है। कहकर पहले तो चुपचाप खड़े रहते हैं और यात्री को उतरने के समय कम पैसा लेकर विना टिकट के मुसाफिर को छोड़ देते हैं. परिणाम यह होता है कि जो भाड़ा मिलना चाहिए. वह मिल नहीं पाता है और इस तरह मे इस विभाग में नुकशान ही नुकशान होता रहता है। अगर १४ करोड़ रुपया भी इस विभाग में लगा दिया जाय. तो भी घाटे की पुर्ति नहीं सकती है। विभागीय आफिसर इस धनराशि को लूटते ही चले जाँयगे।

माननीय मंत्री ने पहले यह आश्वासन दिया था कि वरसात के वाद कलकत्ते की सड़कों की मरम्मत की जायगी। किन्तु साव उन्होंने कहा कि रुपये के आभाव के कारण सड़कों की मरम्मत कराना वहुत मुशकिल होगा। सड़कों की मरम्मत न होनेके कारण गाड़ी-वसों के टायर खराव हो जाते हैं। मशीनें भी खराव हो जाती हैं। गाड़ी वेकार हो जाती है। मैं समझता हूँ कि अगर सड़कों की मरम्मत ठीक से करा दी जाय तो रोड ट्रान्सपोर्ट को इतना नुकशान नहीं उठाना पड़ेगा। उसके ५२ चात् जो भी रुपया इस विभाग में लगाया जायगा, उससे लाभ हो सकेगा। अगर सरकारने इस विभाग को मुस्तैदी के साथ नही देखा, तो भ्रष्टाचार वढ़ता ही जायगा और फिर भ्रष्टाचार के अड्डे को समाप्त नहीं किया जा सकता है। जैसे सिद्धार्थ वावु के मुख्य-मंन्त्रित्व काल में भ्रष्टाटार की वृद्धि होती गई थी, उसी तरह से इस सरकारके युग में भी इसकी कभी नहीं हो जायेगी। मेरा निवेदन है कि वाम-पन्थी लोग की सरकार गरीवों से टैकस वसुल करके इस रोड ट्रान्सपोर्ट के घाटे की पूर्ति के लिऐ न दे। क्योंकि आपसर लोग भ्रष्टाचारको प्रश्रय दे रहे हैं। यही कारण है कि इस रोड ट्रान्सपोर्ट के व्यय मंजुरी को मैं विरोध करता हुँ।

वाम-पन्थी मोर्चे की सरकार की ओर से रुपये के आभव में वार-वार कहा जाता है कि केन्द्रीय सरकार सहयोग नहीं देता है। केन्द्र से माँग करेंगे। लेकिन मेरा कहना है कि यह सरकार केन्द्रीय सरकार सदैव सहयोग देने के लिए वतपर है। मेरा कहना यह है कि यदि केन्द्रीय सरकार वास्तव में सहयोग नही करेंगी

तो हम सभी सामूहिक रुप में उससे माँग करेंगे। के वटना उसे लंङ्घित करने कोई बाय नही होगा। आखिर मेरी भी कुछ जिम्मेदारियाँ हैं। हमें अपनी जिम्मेद को दुसरे के उपर सोपने से कोई लाभ नहीं होगा। अपनी जिम्मेदारी हमें अ ही निभाना होगा। केन्द्रीय सरकार से जो मिलने का हक है, वह इस सरकार अवश्य मिलना चाहिए और मिलेगा भी। दुसरे के उपर दोषारोप करने से अप जिम्मेदारी पुरा नहीं हो जाती। यह विलकुल ठीक नहीं है। इसलिए वाम-पन मोर्चे की सरकार को अपने दायित्व के प्रति सचेष्ट रहना चाहिए। अगर किसी भूख लगी हो और वह कहे कि खाना वना दो, चम्मच से खिला दो, मुँह डाल दो, तो इससे समस्या का समाधान नहीं होगा। इसीतरह यदि यह सरव जनता सरकार के उपर दोष लागाकर चुपचाप बैठी रहेगी तो कोई कार्य नहीं होग हमारी सरकार को महेनत करनी पड़ेगी। सारी समस्याओं की और ध्यान दे होगा-उसका समाधान करना होगा। केवल वोलने से काम नहीं चलेगा जिस को व्याय किया जाय, उसका सदुपयोग होना चाहिए। मैं समझता हूँ कि सरकार इस रोड-ट्रान्सपोर्ट सो भ्रष्टाचार को दुर करेगी। इसके लिए हमलोग सहयोग देने के लिए तैयार हैं।

आज मैं परेयता हूँ कि घाटे की पूर्ति के लिए किसी भी प्रदेश में नया टैव नहीं लगाया जा रहा है किन्तु हमारे प्रान्त में लगाया जा रहा है। इतने वड़े प्रा उत्तर प्रदेश में कोई नया वस नहीं लगाया गया है। घाटे की पूर्ति के लिए खर्च कहे ती की जा रही है। मैं चाहूँगी कि हमारी वाम-पन्थी मोर्चे की सरकार तरीके से काम करेगी कि उससे गरीवों की भलाइ होगी और उनके उपर टैकस का प्रेसर नहीं पड़ेगा। मेरा सुझान है कि सरकार हर कदम उठाकर भ्रष्टाच को दुर करेगी और भ्रष्टाचार का अड्डा जो वन चुका है, उसे खतम करने के लि दृढ़ संकल्प रहेगी।

सड़कों की मरम्मत के लिए कहा जाता है कि सरकार के पास रुपया न है किन्तु देखा जाता है कि कारपोरेशन रास्ता को वेच रही है। गाड़ी पार्किंग लिए २० हजार-५० हजार रुपये में सड़को को बेना रही है। सड़को की सफ के वारे में तो कुछ कहना ही जार्य है। सफाई के नामपर केवल वात ही जाती है, होता कुछ भी नहीं है। यह सरकार गरीवों की जनदर्दी सरकार वनव आई है। अगर यह सरकार भी कांग्रेस सरकार की तरह से काम करेगी तो कांग्रे पार्टी की सरकार और वाम-पन्थी-मोर्चे की सरकार में फर्क क्या होगा। जन परेशान भी और और भी परेशान हो जायगी। इसलिए मेरा निवेदन है कि य की सड़कों और गलियों की सफाई और मरम्मत यह सरकार जल्द कर। येव

ताकि कलकत्ते को दिल्ली की तरह दुलहन वंनाने में सक्षम हो सके।

उचित टैकस लीजिए किन्तु उसका सदुपयोग लीजिए। आज भी आदावार्तो में भ्रष्टाचार व्याप्त है। पेशकर आजभी खूसलेते हैं। सरकार को इस ओर ध्यान देना चाहिए।

एक और समस्या की ओर सरकार का ध्यान आकृष्ट करना चाहता हुँ और वह समस्या है, टैक्सी की समस्या। आवश्यकता पड़ने पर-किसी विमार को अस्पताल को जाने के लिए टैक्सी का पाना वड़ा ही दुरह है। यदि भाग्यवशत कोई टैक्सी मिल भी गई तो पहले ड्राइभर पूछता है कि कहाँ जाना है? आगर ५-६ रुपये के भाड़े की सम्भावना होती है तो वह जाने को तेयार होता है किन्तु यदि एक रुपया अस्सी पैसा या दो रुपये की भाड़ा मिलने वाला होता है तो जाने से इन्कार कर देता है। इस तरफ माननीय ट्रान्सपोर्ट मंन्त्री को वड़ी भुस्तैदी से कड़ाई के साथ नजर देना चाहिए। अगर कड़ाई नहीं भी जायगी तो टैक्सी चालु रहने पर भी साधारण जनता को कोई लाभ नहीं होगा।

रोड ट्रान्सपोर्ट की ओर भी वड़ी सावधानी से ध्यान देना होगा। उसे लाभ की संस्था के रुप में यदि परिचित किया जा सके तो वड़ा ही आच्छा होगा। इस विभाग के भ्रष्टाचार को देखते हुए भी मुझे आपनी पार्टी की तरफ से समर्थन करने का आदेश है इसलिए इस वजट को समर्थन करता हुँ। लेकिन इसे समर्थन करते हुए मेरे दिल में वड़ी चाहे पहुँच रही है। आज रुपया लूटा जा रहा है। साधारण जनता को नास्त किया जा रहा है। सरकारी आपसर भ्रष्टाचार के अड्डे पर वैठ हुए है, गरीवों के धन को लूट रहे हैं। इसलिए नई सरकार के ट्रान्सपोर्ट मिनिस्टर से मैं निवेदन करुँगा कि वड़ी मुस्तैदी के साथ इस विभाग से भ्रष्टाचार का उन्भुजन करें और ट्रान्सपोर्ट की उन्नति की और विशेष ध्यान दें।

[4-40—4-50 p.m.]

**শ্রী সুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে হোম ট্রান্সপোর্ট বাজেট সম্বন্ধে বলতে উঠে আমি চিন্তা করছি, শুরু থেকে শেষ করব, না শেষ থেকে শুরু করব, তা ভেবে উঠতে পারছি না। কারণ প্রথম থেকে লক্ষ্য করছি এই ডিপার্টমেন্টের-মর্নিং শোজ দি ডে- শুরু থেকে শেষ করবার একটা ষড়যন্ত্র, একটা চক্রান্ত, একটা ঘৃণ্য পলিশি অ্যাডপ্ট করার চেষ্টা চলেছে। এটা আমার কথা নয়, এটা একদিন বর্তমান ট্রান্সপোর্ট মিনিস্টার আমার একটা প্রশ্নের উত্তরে স্পষ্ট ভাবে হাউজের কাছে স্বীকার করেছেন .য ১৯৭৬ সালে- সেই সময় ওঁরা নাকি বলেছেন কংগ্রেস সরকার কিছু করেননি, তাই ওদের কথা ধরে নিয়ে মনে করলাম, কিছু করেন নি। কিন্তু ট্রান্সপোর্ট মিনিস্টার বলছেন ১৯৭৬ সালে

কংগ্রেস সরকারের আমলে এই স্টেট ট্রান্সপোর্টের যখন ১১০০ থেকে ৫০০/৫৫০ বাস রাস্তায় জনসাধারণের ব্যবহারের জন্য চলাফেরা করতো এই সরকার আসার পরে উনি বলেছেন যে কোনও অদৃশ্য কারণে, অদৃশ্য কারণটি কি, উনি তা ভাল করে বুঝবেন এবং তা বোঝবার দায়িত্ব উনার, কারণ এই দপ্তরের দায়িত্বে উনি আছেন- কারণ পশ্চিমবাংলার মানুষ খুব সচেতন, তাই দায়িত্ব এড়িয়ে গিয়ে মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টার বলেছেন, যে কোনও কারণে হোক, আমরা আসার পরই এই বাসের সংখ্যা অত্যন্ত কমে যায় এবং এখনও এটা বাড়াতে পারিনি, এটা উনার বক্তব্য, এটা আমার কথা নয়। এবং এই হোম ট্রান্সপোর্ট মিনিস্টার বলছেন। তাই বলি, শুরু থেকে শেষ করার যে চক্রান্ত এই হোম ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের মাধ্যমে নিয়েছেন, তার চিত্র অমৃতবাজার পত্রিকায় বেরিয়ে গেছে, এই চিত্র দারুণ বীভৎস চিত্র, বাসের জন্য লাইনে শয়ে শয়ে মানুষ দাঁড়িয়ে থাকে- ঐ পাশের সদস্যরা এই চিত্র দেখতে পারবেননা কারণ নিজেদের আয়নায় যারা নিজের মুখ দেখতে ভয় পায় তারা এই চিত্র দেখলে আঁতকে উঠবে। তার প্রত্যক্ষ চিত্র অমৃতবাজার পত্রিকায় একজন সাংবাদিক ফটোগ্রাফার তুলে দিয়েছেন। স্যার, আমি আপনার কাছে চিত্রটা তুলে ধরব।

(গোলমাল)

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি যে কথা বলতে চাইছিলাম যে, আজকে যে শিশু জন্মাবার সঙ্গে সঙ্গেই কখনও হাসছে, কখনও কাঁদছে তার ভবিষ্যত ভাব-ধারা সম্পর্কে বোঝা অত্যন্ত কষ্টকর। তাঁর প্রথম থেকেই চিন্তা করা উচিত কি করতে হবে। কিন্তু আমাদের ট্রান্সপোর্ট মিনিস্টার বলেছেন এবং সেটা ১৬ই জুলাই-এর স্টেটসম্যান কাগজে বেরিয়েছে যে, এই পশ্চিমবাংলায় আরও ২০০০ বাস বাড়াতে হবে এবং ৪০০ ট্রাম বাড়াতে হবে। এর জন্য কয়েক শত কোটি টাকা আমরা খরচ করব। এই ট্রান্সপোর্ট মিনিস্টার বলেছেন এবং সেটা ১৭ জুলাই-এর ইকোনমিক্ টাইমস পত্রিকায় বেরিয়েছে যে, পশ্চিম বাংলার স্বার্থে ২০০০ বাস এবং ২০০ ট্রাম বাড়ানো উচিত এবং কয়েক শত কোটি টাকা এর জন্য খরচ করতে হবে। এটা আমাদের কথা নয়, ওনার কথা, উনি বলেছেন। আর তারপর আলিমুদ্দিন স্ট্রীটে এক্সট্রা কনসটিটিউশনাল পাওয়ার যে বড়-দাদা বসে আছেন, তাঁর চক্রান্তে, তাঁর চিৎকারে, তাঁর শাসনের ভয়ে তিনি সেসব কথা চেপে গেলেন। তিনি আসল কথা, তাঁর মনের কথা, বাস্তব কথা বলেছিলেন যে, বাস বাড়ানো উচিত। কিন্তু ভয়ে এখন তা চেপে গেলেন। পরে বললেন যে, ওকথা ঠিক নয়। সুতরাং স্যার, কে চিন্তা করবে? যে শিশু জন্মেই কখনও হাসে, কখনও কাঁদে, যার কথার ঠিক নেই, যিনি কখনও কোনও কিছু পর্যালোচনা করতে পারেন না, চিন্তা করতে পারেন না, তিনি কি করে এর উন্নতি করবেন? জন্ম লগ্ন থেকেই বামফ্রন্ট সরকারকে হোম ট্রান্সপোর্ট সম্বন্ধে চিন্তা করতে হবে। এর সম্বন্ধে অনেক কিছু চিন্তার আছে, আপনাদের চিন্তা করতে হবে।

মিঃ চেয়ারম্যান, স্যার, আমি যেকথা বলে বিরোধিতা করছিলাম যে, পশ্চিমবাংলার মানুষের জন্য এটা চিন্তা করা উচিত। মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টার চিন্তা করছিলেন, কিন্তু

কি কারণে তাকে থামিয়ে দেওয়া হলো? আলিমুদ্দিন স্ট্রিটের এক্‌সট্রা কন্সটিটিউশনাল পাওয়ার এনজয় করা মানুষ কি কারণে তাকে থামিয়ে দিলেন? তাঁকে বললেন যে, না এটা ঠিক বলছ না, এটা তুমি উইদড্র কর। কি কারণে? কারণ আছে, কারণ ১৯৬৯ সালে ৩০-বি, বাস, ৩-সি বাস, ৩-বি বাস এই সমস্ত রুটের বাস গুলিকে, যেগুলি আগে স্টেট বাস ছিল সেই ন্যাশনলাইজড রুট গুলিকে '৬৯ সালে ডিন্যাশনলাইজড্‌ করে দিয়েছিলাম। ১৯৬৯ সালে ঐ সমস্ত রুটগুলিকে প্রাইভেট মালিকানায় দিয়েছিলেন। তাই যখন আমিন সাহেব, মাননীয় মন্ত্রী মহাশয় বাস্তব কথা বললেন যে বাস বাড়ানো উচিত, তখন আলিমুদ্দিন স্ট্রিট থেকে পার্টি ফান্ডের দিকে নজর রেখে, ইলেকশন ফান্ডের দিকে নজর রেখে প্রাইভেট কম্পানিকে বাস রুট দেওয়ার কথা চিন্তা করে তাঁকে চুপ করিয়ে দেওয়া হলো। স্যার, ওঁরা চিন্তা করে কাজ করেন। তাই আজকে চিন্তা করে প্রাইভেট মালিকদের বাস রুট দিতে যাচ্ছেন। তাই আজকে স্টেট বাস বাড়ানো চলবে না, কারণ স্টেট বাস বাড়লে পার্টি ফান্ড বাড়বে না, ইলেকশন ফান্ড জমবে না। স্যার, ওঁরা রাজনীতি করেন, কিন্তু পশ্চিমবাংলার মানুষকে নিয়ে এই ধরনের রাজনীতি করা কি উচিত? এই ধরনের ছিনি-মিনি খেলা পশ্চিম বাংলার মানুষকে নিয়ে উচিত নয়। একটা ডিপার্টমেন্ট-কে নিয়ে এই ধরনের রাজনীতি ওঁরা খেলছেন।

(গোলমাল)

স্যার, একটা কথা আছে বোকারা হাসে না বুঝে। তা ওঁরা কেন চিৎকার করছেন জানিনা। আমার প্রবাদটা ঠিক মনে পড়ছেনা, পরে বলব। স্যার, আপনার মাধ্যমে মাননীয় বন্ধুদের চিন্তা করতে বলছি। আজকে হোম ট্রান্সপোর্ট মিনিস্টার যে কোনও কারণেই হোক একটা ডিপার্টমেন্টের তিনি দায়িত্বে আছেন- উল্লাসের বশবর্তী হয়ে বলে ফেললেন যে, কোনও জায়গায় সরকারি বাস ব্রেকডাউন হলে আমরা যাত্রীদের বাসের ভাড়া ফেরত দিয়ে দেব। এটা উল্লাসের জায়গা নয়, না বুঝে কথা বলবার জায়গা নয়। তিনি পরে বললেন যে এর জন্য কত টাকা লোকসান হবে, সরকারের কত ডেফিসিট হবে সেটা কখনই ঠিক করতে পারা যাচ্ছে না, বলেই এটা আপাতত বন্ধ রাখা হচ্ছে। তেমনি আজকে বাজেট বক্তৃতা দেওয়ার আগে, তিনি এব্যাপারে চিন্তা করার সময় পাননি, কারণ সোজা আলীমুদ্দিন স্ট্রীট থেকে তিনি এই হাউসে এসেছেন। থ্রু প্রপার চ্যানেল দিয়ে তিনি আজকে বাজেট নিয়ে এসেছেন। যার ফলে এটা পড়ে শুনে ভেবে দেখার সময় পাননি। যে রকম লেখা আছে সেই রকম তিনি পড়ে গেলেন, বড়দা-র যেরকম হুকুম, সেই হুকুম মতো তিনি পড়ে গেলেন।

[4-50—5-00 p.m.]

তাই আমি বলি আপনারা জনসাধারনের কথা চিন্তা করুন। আপনারা পশ্চিমবাংলার মানুষকে আশ্বাস দিয়েছিলেন। যদি আপনারা করতে না পারেন তাহলে জনসাধারনকে বলুন যে আমরা রাজনীতি করি, মিথ্যা আশ্বাস দেওয়াই আমাদের নেচার। মিথ্যা প্রতিশ্রুতি

দেওয়াই আমাদের নেচার। কিন্তু মানুষকে বলবেন না গাড়ি ব্রেকডাউন হলে ভাড়া ফেরৎ দিয়ে দেব। আজকে এই ডিপার্টমেন্ট সম্বন্ধে বিস্তৃত বলতে গেলে এবং এই ডিপার্টমেন্টের অফিসারদের ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে আলোচনা করতে হলে অনেক সময় লাগবে। ১৫ মিনিটে বলা যায় না। যাই হোক যা সময় পাওয়া যায় তাতে আমি সংক্ষেপে বলবার চেষ্টা করছি। আমি স্টেট ট্রান্সপোর্টের ত্রুটি-বিচ্যুতি জন্মলগ্ন থেকেই লক্ষ্য করছি। তাই আমি আজকে মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টারকে অনুরোধ করব তিনি যেন এ বিষয়ে চিন্তা করেন, পশ্চিমবাংলার মানুষের কথা তিনি যেন গভীর ভাবে ভাবেন। ব্রেকডাউন হলে ভাড়া ফেরৎ দেব, ২ হাজার বাস বাড়িয়ে দেব এই কথা বলে মানুষকে নিয়ে ছিনিমিনি খেলার সময় এখন নয়। আমি দেখছি স্যার, এই বামফ্রন্ট সরকার জন্মলগ্ন থেকেই ৩৬ দফা কর্মসূচির নাম করে পশ্চিমবাংলার মানুষকে কিভাবে ভাঁওতা দিচ্ছে। প্রথম থেকেই দেখছি এই ৩৬ দফা কর্মসূচির দফারফা করে ফেলেছেন। আজকে স্টেট ট্রান্সপোর্টে এত লস্ কেন? গত বছর জুন, জুলাই এবং আগস্টে অ্যাভারেজ ইনকাম ছিল ২ লক্ষ ৮৪ হাজার সামথিং আর এ বছর এই জুন, জুলাই, আগস্টে অ্যাভারেজ ইনকাম্ ১ লক্ষ ৪৮ হাজার সামথিং সুতরাং এত ইনকাম ফল্ করলো কেন? উনি বলছেন ষড়যন্ত্র আছে। এই ষড়যন্ত্রের কথা বলে আপনি এড়িয়ে যাবার চেষ্টা করবেন না। এর দুর্নীতি বন্ধ করবার জন্য আপনি কি চেষ্টা করছেন? আপনি স্পষ্ট ভাবে এই হাউসের সামনে বলুন কোথায় দুর্নীতি, কোথায় ষড়যন্ত্র। আপনাকে আমি দাস কমিশনের রিপোর্ট পড়তে বলছি। আজকে মেন্ যেটা ডিফেক্ট তা অস্বীকার করার কোনও উপায় নেই। আজকে ব্রেকডাউনের সংখ্যা ৪৫ পারসেন্ট। কেন আজকে এত ডিফেক্ট হচ্ছে, কেন এত স্পেয়ার পার্টস ডিফেক্ট হচ্ছে তা অনুসন্ধান করা দরকার। দাস কমিশনের রিপোর্ট-এ বলছে A depot should be consisted of 125 buses only. আজকে হোম্ ট্রান্সপোর্ট মিনিস্টারকে চিন্তা করতে হবে। কেন আজকে বাসগুলিকে মেনটেনান্স করা হচ্ছে না, কেন বাসগুলি এত ব্রেকডাউন হচ্ছে, কেন বাস বাড়তে পাচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়কে বাস্তববাদি হওয়ার জন্য অনুরোধ করি এবং পশ্চিমবাংলায় স্টেট ট্রান্সপোর্ট এর দুনীর্তি, নর্থ বেঙ্গল এর দুর্নীতি দূর করার জন্য সচেষ্ট হোন। আপনি যদি নাবালকের মতো আচরন করেন তাহলে আমার বলার কিছু নেই। ১৯৪৮ সালের ৩১শে জুলাই ডাঃ বিধানচন্দ্র রায় স্টেট ট্রান্সপোর্ট শুরু করেছিলেন মাত্র ৮টি বাস নিয়ে। আর সেই বাসের সংখ্যা ১৯৭৬ সালে গিয়ে দাঁড়ালো ৫৭৫। আপনারা এই ৫৭৫ থেকে নামিয়ে নিয়ে যাবেন ৮এ। এই ডিপার্টমেন্টে একটাও পারমানেন্ট স্টাফ্ নেই, সবই টেমপোরারি। স্টেট ট্রান্সপোর্টের প্রত্যেকটি স্টাফ একদম টেমপোরারি- এ সম্বন্ধে একটা ব্যবস্থা করুন। তাদের সিলেকসন গ্রেড, সম্বন্ধে, হাউসিং সম্বন্ধে চিন্তা করবার জন্য অনুরোধ করছি। অনেক কথা বলবার ছিল কিন্তু সময় নেই বলে এখানেই শেষ করছি।

**শ্রী মহম্মদ নিজামুদ্দিন ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, আজকে পরিবহন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। যে কোনও সভ্য স্বাধীন দেশে যে কটি সমস্যা সমাধান করবার জন্য চেষ্টা করে তার মধ্যে একটি হচ্ছে পরিবহন। কিন্তু আমাদের দেশের শাসকরা যখন দেশ স্বাধীন হল তখন থেকে তাঁরা

পুঁজিবাদি শাসন ব্যবস্থা গড়ে তোলার জন্য কোনও সমস্যার সমাধান করতে পারেন নি। সেইরকমভাবে পরিবহন সমস্যা সমাধান তাঁরা করতে পারেন নি। আজকে এই অবস্থার মধ্যে যে সমস্যা সমাধান করা উচিত তাও তাঁরা করতে পারেন নি। কারণ দুর্নীতিতে মেতে গিয়েছিলেন, কারণ ৩০ বছর পরও মানুষকে ট্রামে বাসে বাঁদরের মতো যাতায়াত করতে হয়। আমি একটা হিসাব দিচ্ছি তাতে বুঝতে পারা যাবে তাদের কীর্ত্তিকলাপ কি ছিল। আজকে এই অবস্থা তিন মাসে হয়নি- ৩০ বছরে এটা হয়েছে। আপনারা জানেন প্রতি শিফটে ৪৫০টি স্টেট বাস, ৩৩৫টি ট্রাম, ১৩০০ প্রাইভেট বাস, ৫০০টি মিনি বাস, ৫ হাজার ট্যাক্সি অর্থাৎ মোট ৭৯১৫টি বেরোবার কথা কিন্তু আপনারা এমন অবস্থা করলেন যার ফলে কি অবস্থা হয়েছে সেটা বলার কথা নয়। সেইজন্যই সঠিকভাবে পরিবহন মন্ত্রী দুর্নীতির কথা বলেছেন মন্ত্রিসভা গঠনের পর এই সংখ্যা কমে গিয়ে ৩৫০ হয়েছিল। কিন্তু তাঁর এবং শ্রমিক কর্মচারীর চেষ্টায় এটা ৫০০র উপরে চলছে, এছাড়া ট্রাম ২১৪, প্রাইভেট বাস ২১৮, মিনিবাস ৩৫০, ট্যাক্সি ৩০০০ অর্থাৎ মোট ৪৮২০। এই অবস্থার জন্য যদি কংগ্রেস থেকে বলা হয় যে এটা তিন মাসে হয়েছে তা ঠিক নয়। ১৯৬৯ সালে যখন রসুল সাহেব যুক্ত ফ্রন্টের মন্ত্রী ছিলেন তখন তিনি ঠিক করেছিলেন যেভাবে বাস খারাপ হবে তা রিপ্লেসমেন্টের জন্য নূতন নূতন বাস দেওয়া হবে। সেই পরিকল্পনা অনুযায়ী ১৯৭২ সাল থেকে ১৯৭৫ সালের মধ্যে ডবলডেকার বাস কেনা হয়েছিল ৬৩৫। ডবলডেকার বাসের বয়স ১২ এবং সিঙ্গল ডেকারের বয়স ৮। কিন্তু দুঃখের বিষয় এই পাচ বছরে যেখানে ৬৩৫ খানা বাস কেনা হয়েছিল সেখানে রাস্তায় বের হচ্ছে ৫০০র কিছু উপরে-এর কারণ কি? এর কারণ হচ্ছে দুর্নীতি। এই অবস্থার মধ্যে তাঁরা কিছু করতে পারেন নি। এইটিই হচ্ছে কারণ যার আমি একটা উদাহরণ দেব। একটা গাড়ি পাংচার হয়ে গেল, সে ডিপোয় গেলে তার টায়ার সারানো হচ্ছে, ঠিক সেই সময় একটা বাস এল যার সেলফ স্টার্টার খারাপ হয়ে গেছে।

[5-00—5-10 p.m.]

একটা বাস এলো তার একটা কিছু খুলে আর একটা বাসে দেওয়া হলো এর ফলে যে জোয়ান বাস সেটাও খারাপ হয়ে গেল। এরূপ নানা রকমের অবস্থা ও দুর্নীতি চলছে। কলকাতার মধ্যে অনেক রকম যানবাহনই আছে। যা নাকি এখানকার মানুষ ব্যবহার করে। যেমন স্টেটবাস, ট্রাম, প্রাইভেট বাস, মিনিবাস, ট্যাক্সি ইত্যাদি। মিনি বাস ও ট্যাক্সি সাধারন মানুষ ব্যবহার করতে পারে না। তাই তাদের ব্যবহার করাও হয় অন্যান্য যে সমস্ত যানবাহন আছে সেগুলি। প্রাইভেট বাসের মালিক যারা তারা সাধারন ভাবে চেষ্টা করে কি ভাবে তারা বেশি মুনাফা করতে পারবে। তাই দেখা যায় একটু বৃষ্টি হলে রাস্তা খারাপ বলে তারা বাস বন্ধ করে দেয়। সে কারণে সরকার থেকে আরও বাস বাড়ানোর জন্য নূতন পারমিট প্রোগ্রাম নেওয়া হয়। কিন্তু তারা ইনজাংশন দিয়ে দেয়। অর্থাৎ তাদের চিন্তা হচ্ছে কি ভাবে বেশি বেশি মুনাফা করা যায়। তাদের শ্রমিকদের কোনও বোনাস নেই, কোনও স্থায়ী চাকুরি নেই, টার্মিনাসে চিফ্ ক্যান্টিন নেই। বিশ্রামাগার নেই। সরকার বলেছেন যে

আমরা সমস্ত মানুষকে সুবিধা দেবার জন্য পরিবহন ব্যবস্থার উন্নতি করব। এবং সেইজন্য আমাদের ট্রামবাস আরও বাড়াতে হবে। ট্যাক্সির উপর নির্ভর করলে হবে না। সে হিসাবে স্টেটবাস এবং ট্রাম-এর কি ভাবে উন্নতি করা যায় যাতে নাকি জনসাধারনকে সুবিধা দেওয়া যায় তারজন্য আমি কয়েকটি সাজেসন রাখছি। আমি একটা সাজেসন রাখতে চাই সেটা হচ্ছে এটা ঠিকই যে জনসংখ্যা বাড়ছে, দিনের পর দিন বাড়বে, জনসংখ্যা বাড়লে পরিবহন বাড়িয়ে দিলে সমস্যার সমাধান হবে না। আজকে যে পরিবহন আছে, এই যে স্টেট বাস, লরি, আছে এগুলিকে যদি রাস্তায় দাঁড় করিয়ে দেওয়া যায় তাহলে ৭৫ ভাগ রাস্তায় কভার আপ হয়ে যাবে। তাহলে বাসের সংখ্যা বাড়িয়ে দিলে সমস্যার সমাধান হবে না। সেজন্য দীর্ঘ মেয়াদী স্বল্প মেয়াদী প্রোগ্রাম নিতে হবে এবং তা কমপ্লিট করতে হবে। পরিবহন ব্যবস্থাকে আরও উন্নত করার জন্য আমরা কলকাতায় সার্কুলার রেল চালু করতে পারি কিনা সেটা দেখতে হবে। একা স্টেট গভর্নমেন্টের পক্ষে এই প্রোগ্রাম নেওয়া সম্ভব নয়। সেজন্য কেন্দ্রীয় সরকারকে এই প্রোগ্রাম নেওয়ার জন্য দাবি জানাতে হবে। আজকে সার্কুলার রেলের জন্য খুব বেশি টাকার দরকার নেই। চিৎপুর ইয়ার্ড থেকে বাগ বাজার সারা গঙ্গার ধার দিয়ে সমস্ত বালিগঞ্জ মাঝের হাটের পুল দিয়ে যে রেল লাইন চলে গেছে এটাকে একটু আধটু অ্যাডিসন অ্যান্ড অল্টারেশন করে যদি এই সার্কুলার রেলওয়ে চালু করতে পারি তাহলে অনেকটা সমস্যা মিটবে। লাল বাতি জ্বলে গেছে, আমার বলার অনেক কিছু ছিল, সময় অভাবে বলতে পারছি না, পরিবহন মন্ত্রী যে কথা বলেছেন এই সংস্থার কর্মচারিদের বোনাসের ব্যাপারে তাদের কিভাবে বোনাস দেবেন তাঁর জবাবে সেটা যদি বলেন তাহলে ভাল হয়। এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্টেট ট্রান্সপোর্ট কথাটা যদি একটা ছাত্রের সামনে বলা যায় যে ট্রান্সপোর্ট এর মানে কি, এর অর্থ করে দাও, আর সেই ছাত্র যদি ট্রান্সপোর্টের প্রত্যেকটা শব্দকে আলাদা আলাদা করে ধরে নিয়ে বলত যে T for travelling. R for regularly A for acknowledging. N for not. S for sure. P for possibility. O for of. R for reaching. T for there. অর্থাৎ ট্রান্সপোর্ট হচ্ছে একটা জিনিস যাতে চড়ে আমার কোনও নিশ্চয়তা নেই যে আমি যেখানে যাবার জন্য বেরিয়েছি সেখানে পৌঁছাতে পারব। এই অর্থ করে যদি একজন ছাত্র উত্তর দেয় এবং আমি যদি সেই খাতার পরীক্ষক হই তাহলে সেই ছাত্রকে আমি পুরো নম্বর দিতাম আজকে ট্রান্সপোর্টের যে চেহারা তাতে। দোষ দেবার চেষ্টা চলছে। কলকাতায় যে রাষ্ট্রীয় পরিবহন এসেছে এর সঙ্গে ডাঃ বিধানচন্দ্র রায়ের নামজড়িত রাষ্ট্রীয় পরিবহন বাস আসল একটা স্বাধীন দেশে গণতান্ত্রিক ব্যবস্থার মধ্য দিয়ে, ১৯৪৮ সালের ৩১শে জুলাই মাত্র ২৫ খানা বাস নিয়ে যাত্রা শুরু হয়েছিল। যাইহোক, ৫ বছরে এই কলকাতা পরিবহনের বাসের সংখ্যা এসে দাঁড়িয়েছিল ৩০০ খানায় যদিও শেষ পর্যন্ত রাস্তায় চলত মাত্র ১৫০ খানা। কিন্তু ১৯৪৮ সালের ২ বছর আগে কোনও সমাজতন্ত্রের নাম করে নয়, কোনও গণতন্ত্রের নাম করে নয়, পরিপূর্ণ একটা রাজতন্ত্র আবহাওয়ার মধ্যে শুরু হয়েছিল কুচবিহার রাষ্ট্রীয়

পরিবহন যা আজকে পরিনত হয়েছে উত্তরবঙ্গ পরিবহনে। আরও ২ বছর আগে একটা ফিউডাল সিস্টেমের মধ্য দিয়ে একটা রাজতন্ত্র ব্যবস্থার মধ্য দিয়ে যে রাষ্ট্রীয় পরিবহন শুরু হয়েছিল সেই ১৯৪৬ সাল থেকে যাত্রা করে ৬০ দশকের শেষ পর্যন্ত সেই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন একটা লাভ জনক সংস্থায় দাঁড়িয়েছিল। আজকে মন্ত্রী মহাশয়ের বক্তব্যে জানতে পারছি সেখানে প্রত্যেক মাসে ১০ লক্ষ টাকা ভর্তুকি দিতে হচ্ছে। সেখানে আরও ২ বছর পরে ডাঃ বিধানচন্দ্র রায় বাঙালির বেকারত্ব দুর করার জন্য যে রাষ্ট্রীয় পরিবহন শুরু করেছিলেন তা ৫ বছরের মাথায় এসে দেখলেন কেবল ৫ বছরে ঘাটতির পরিমাণ দাঁড়িয়ে গেছে ৮৫ লক্ষ টাকা। এখান থেকে অব্যাহতি পাবার জন্য সেদিন ধীরে ধীরে শুরু হল এক একটা রুটকে জাতীয় করণ করার কাজ। পর পর ৫ বছর সমস্ত রুটগুলিকে জাতীয় করণ করা হয়েছিল। ডাঃ বিধানচন্দ্র রায় যতদিন জীবিত ছিলেন তাঁর হাতে যে রাষ্ট্রীয় পরিবহন শুরু হল প্রথম ৫ বছরে ঘাটতি, তারপর থেকে সমস্ত রুটগুলিকে জাতীয় করণ এবং সর্বশেষে তাঁর মৃত্যুকাল পর্যন্ত ১৯৬২-৬৩ সাল পর্যন্ত কলকাতা রাষ্ট্রীয় পরিবহন একটা লাভজনক সংস্থায় দাঁড়িয়েছিল, এইসব কথা বলে শুধু মাত্র ঘাটতি পূরণ নয় সরকারের কাছ থেকে যে দেনা করেছিল তার উপর শতকরা ৫/৬ ভাগ সুদ পরিশোধ করবার জন্য কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের ২৫০ লক্ষ টাকা রিজার্ভ ফান্ড তাঁরা রাখতে পেরেছিলেন। এরপর আমরা লক্ষ্য করেছি যে রাষ্ট্রীয় পরিবহন আস্তে আস্তে খারাপ হয়ে গেল। খবরের কাগজে বেরিয়েছিল যে ট্রান্সপোর্টে নাকি প্রতিদিন ১০০ খানা ক্লাচ ডিস্ক কেনা হয়, গিয়ার বক্স কেনা হয়। আজকে আপনি কোলকাতার রাস্তায় কোথাও যদি চামড়া পোড়া গন্ধ পান তাহলে নিশ্চয়ই বুঝবেন মাঝ রাস্তায় চলতে চলতে রয়েল বেঙ্গল টাইগার কোথাও মুখ থুবড়ে পড়ে রয়েছে এবং আমরা দেখছি প্রতিদিনই এই অবস্থা চলছে। মানুষ বাদুর ঝোলা করে যাচ্ছে কিনা সেটা আজকে বড় কথা নয়। আমরা লক্ষ্য করছি একটা ব্যক্তিগত মালিকানার বাস্ যাকে একটা মুড়ির টিনের সঙ্গে তুলনা করা চলে সেই বাস্-এর মালিক বাস চালিয়ে বড়লোক হয়ে যাচ্ছে অথচ রাষ্ট্রীয় পরিবহনে আমরা প্রতি মাসে ঘাটতি টাকা জোগান দিয়ে যাচ্ছি। এই যে টাকা আমাদের নষ্ট হয়ে যাচ্ছে এর হাত থেকে আমরা অব্যাহতি পাব কিনা জানিনা। আমাদের মন্ত্রী মহাশয় যে হিসেব দিয়েছেন সেটাই সবচেয়ে ভাল আমি সেটা মনে করতে পারছিনা বলে দুঃখিত। আমার হিসেব অন্য রকম এবং আমি মনে করি এর চেয়ে এটা ভাল হতে পারত। ডাঃ রায় এটাকে একটা জায়গায় দাঁড় করিয়েছিলেন, কিন্তু মাঝখানে কংগ্রেসি শাসনের নাচন কুন্দনে তাঁরা এটাকে শেষ করেছেন। মন্ত্রিমহাশয় যে হিসেব দিয়েছেন সেটা আমি মেনে নিতে পারছিনা। মন্ত্রিমহাশয় বলেছেন, ১৯৭৮ সালের মার্চ মাসের মধ্যে কোলকাতার রাস্তায় ৬৭৫টি বাস চলাচল করবে। বর্তমানে এখানে ১৩ হাজার কর্মী কাজ করছে। ১৯৬২/৬৩ সালে কোলকাতা রাষ্ট্রীয় পরিবহনের কর্মী সংখ্যা ছিল ১০ হাজার ৪০০ এবং ১৯৭৫ সালে সেটা হোল ১৪ হাজার ২৮৫ এবং বাস্-এর সংখ্যা সেই সময় ছিল ৮৬৭। কিন্তু আমরা জানি এই ১৪ হাজার কর্মী নিয়ে ৬৭৫টি বাস-এর মধ্যে ৬৬৬ খানা বাস চলত। আজকে মন্ত্রিমহাশয় বলেছেন ইতিমধ্যে অবস্থা আরও খারাপ হয়েছে অর্থাৎ ৫৪০টি বাস-এ এসে আজকে দাঁড়িয়েছে। আমার

বক্তব্য হচ্ছে এই ৬৭৫ খানায় আমাদের থেমে থাকলে চলবেনা, আমাদের ১০০০ খানা বাস করতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা পশ্চিমবাংলার দায়িত্ব পেয়েছি, আমরা জানি এই পরিবহনের সঙ্গে সাধারন মানুষের অর্থনৈতিক অবস্থা বিশেষভাবে জড়িত কাজেই সেই দিকে লক্ষ্য রেখে এই পরিবহনের দিকে নজর দেওয়া হবে তার চেহারা এই বাজেটে ফুটে উঠেছে সেইজন্য আমি এই দাবি পরিপূর্ণভাবে সমর্থন করছি।

[5-10—5-20 p.m.]

**শ্রী তারকবন্ধু রায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে রেখেছেন তার প্রতি সমর্থন জানিয়ে আমি কয়েকটি বিষয় এখানে উল্লেখ করতে চাই। আমরা জানি এই রাজ্যের নানা সমস্যার সঙ্গে এই পরিবহন সমস্যাও প্রকট হয়ে দাঁড়িয়েছে। আমরা দেখেছি ৩০ বছর কংগ্রেস রাজত্ব চালিয়েছে অথচ এই অতীব প্রয়োজনীয় বিষয়ের প্রতি বাস্তব দৃষ্টিভঙ্গিসহ কোনও সুষ্ঠু চিন্তা ভাবনা করা হয়নি। এই পরিবহন সমস্যার সমাধানের জন্য যতগুলি ব্যবস্থা করা হয়েছে তার মধ্যে নূতন নূতন সমস্যার সৃষ্টি হয়েছে। রেলওয়ে এবং মহানগরীর ট্রামকে বাদ দিলে পরিবহন ব্যবস্থা বলতে মূলত বোঝায় বাস। এই বাস আবার দুই ভাগে বিভক্ত এবং তার মধ্যে একটা হচ্ছে রাষ্ট্রীয় পরিবহন এবং আর একটা হচ্ছে বেসরকারি বাস। আমাদের রাষ্ট্রীয় পরিবহন ৩টি কর্পোরেশনের মাধ্যমে চলছে এবং সেগুলো হচ্ছে কোলকাতা, দুর্গাপুর এবং উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন। কংগ্রেসি রাজত্বে চুরি, দুর্নীতি, খামখেয়ালী, স্বজনপোষণ-এর ফলে এই পরিবহন ব্যবস্থা মানুষের আশা আকাঙ্খা পূর্ণ করতে পারেনি। অর্থনীতির দিক থেকে দুশ্চিন্তার কারণ রয়েছে। এই তিনটা পৃথক পৃথক কর্পোরেশনের প্রয়োজনীয়তা আজ কতখানি আছে সেটা আজ আমাদের ভেবে দেখতে হবে। এই তিনটা কর্পোরেশন একত্রিত করে একটি সুষ্ঠু পরিচালন ব্যবস্থার কথা আজ ভাবা দরকার। এর সাথে সাথে ভাবতে হবে গ্রামবাংলার কথা। গ্রামবাংলার মানুষকে আমরা কতটা সুযোগ দিতে পেরেছি সেটা ও ভেবে দেখা দরকার। আজকে গ্রামাঞ্চলের অধিকাংশ যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন এবং গ্রামের মানুষেরা পরিবহন ব্যবস্থার কোনও সুযোগ সুবিধা পায়না। বিশেষ করে বলা যায় গ্রামবাংলার ছাত্রছাত্রীরা এবং শিক্ষার্থীরা এই সুযোগ থেকে বঞ্চিত। আমি দেখেছি যে রুট এবং টাইম টেবিল নির্দ্ধারন যা করা হয় তাতে স্থানীয় গ্রামবাসীদের কোনও পরামর্শ নেওয়া হয়না। সুতরাং আমি মনে করি স্থানীয় গ্রামবাসীদের পরামর্শ নেওয়া একান্ত বাঞ্ছনীয়। আমরা দেখেছি পরিবহন ব্যবস্থায় বেসরকারি বাসের প্রাধান্য বেশি, বিশেষ করে উত্তরবঙ্গে। এই বাস মালিকগন একদম বেপোরোয়া। তারা শ্রম আইন ভঙ্গ করে বাস শ্রমিক কর্মচারিদের ঠকান। অতএব তারা ব্যক্তিগত লাভালাভের চিন্তায় যখন তখন পরিবহন ব্যবস্থাকে অচল অবস্থার সৃষ্টি করে দেন। কোনও কোনও জায়গায় তারা আইনের আশ্রয় নিয়ে নতুন নতুন রূট বাড়াবার ক্ষেত্রে বাগড়া দেন, এর ভুরি ভুরি প্রমাণ আমার কাছে আছে। এই সব কারনে আমি বলতে চাই সময়োপযোগী ট্রান্সপোর্ট অ্যাক্ট প্রনয়নের কথা চিন্তা করা একান্ত আবশ্যক। পরিশেষে আমি বলতে চাই এই পরিবহন ব্যবস্থাকে সুন্দর সুষ্ঠু ভাবে করতে হয় তাহলে স্বভাবতই প্রশ্ন উঠে রাস্তা ছাড়া পরিবহন ব্যবস্থা সুষ্ঠু হতে পারেনা। এই রাজ্যে কলকাতা মহানগরী সহ সকল রাস্তার যে

দুরবস্থা সেটা আপনারা সকলেই জানেন। তারপর গ্রাম বাংলায় রাস্তা নেই বললেই চলে, কাজেই পরিবহন ব্যবস্থাকে উন্নত করতে হলে রাস্তার উন্নতি করা, নতুন রাস্তা তৈরি করা, পুল তৈরি করার দিকে বিশেষ করে দৃষ্টি দেওয়া একান্ত আবশ্যক। পরিশেষে পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ আজ এখানে উপস্থিত করেছেন তাতে যে সব ব্যবস্থার কথা তিনি উল্লেখ করেছেন তাতে পরিবহন ব্যবস্থার কিছু উন্নতি হবে এবং গ্রাম বাংলার লোকেরা আরও সুযোগ সুবিধা পাবে এটা আমি মনে করি এবং সেজন্য আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রী মোস্তাফা বিন কাশেম :** মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন এবং দাবির সমর্থনে যে বক্তব্য রেখেছেন আমি তারজন্য তাঁকে স্বাগত জানাচ্ছি এবং সম্পূর্ণভাবে তা সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে তাঁর বক্তব্যের মধ্যে রাজ্য পরিবহনের ক্ষেত্রে কিছু আশার আলো দেখতে পাচ্ছি। স্যার, একথা সর্বজনবিদিত যে একটা সুষ্ঠ পরিচ্ছন্ন সুসংহত পরিবহন ব্যবস্থা জনজীবনের একটা অপরিহার্য অঙ্গ ও অপরিহার্য অংশ। মাঝে মাঝে ন্যূনতম আমোদ প্রমোদের কথা ছেড়েই দিলাম কারণ বিগত ৩০ বৎসরে পশ্চিম বাংলার অধিকাংশ মানুষের অবস্থা যেখানে দাঁড়িয়েছে সেখানে ঐ ধরনের চিন্তা করাটাই বিলাসিতার নামান্তর। ন্যূনতম রুজি রোজগারের জন্য, অত্যাবশ্যকীয় কাজ কর্মের ক্ষেত্রে এক জায়গা থেকে অন্য জায়গায় যাওয়ার জন্য, অর্থনীতির ক্ষেত্রে, ব্যবসা বাণিজ্য চালু রাখার ক্ষেত্রে এবং নিত্য প্রয়োজনীয় জিসিপত্রের আদানপ্রদানের জন্য একটা সুষ্ঠ পরিবহন ব্যবস্থা একান্তই দরকার। কিন্তু, স্যার, একথা বলতে বাধ্য হচ্ছি দীর্ঘদিনে কংগ্রেসি রাজত্বে পশ্চিম বাংলার বিভিন্ন ক্ষেত্রে যে নৈরাজ্য, নৈরাশ্য এবং অব্যবস্থা চলেছিল পরিবহনের ক্ষেত্রেও তার ব্যতিক্রম নেই। এটা শুধু সমালোচনার জন্য সমালোচনা নয়, বাস্তব প্রমান তার রয়েছে। কংগ্রেসি বন্ধুরা নানা তথাকথিত পরিকল্পনা করেছিলেন, গালভরা প্রতিশ্রুতি দিয়েছিলেন, গলাবাজী করেছিলেন কিন্তু তারপরেও আমরা দেখছি কলকাতা শহর ও শহরতলীতে, এমন কি সুদূর মফঃস্বলে ও প্রাণ হাতে নিয়ে হাজার হাজার মানুষ বাদুড়ঝোলা হয়ে কিভাবে ট্রাম বাসে যাতায়াত করছে সে দৃশ্য ভয়াবহ, ভয়ংকর শুধু ভয়াবহ নয়, এটা লজ্জার ব্যাপার। এখন, স্যার, এই যে অবস্থা এটাতো এই তিন মাসে হয়নি, দীর্ঘদিনের বিগত শাসক দলের চরম ঔদাসীন্য, চূড়ান্ত অপরিনামদর্শিতা এবং সন্দেহাতীতভাবে যে দুর্নীতিমূলক কাজের প্রশ্রয় এটা তারই ফল। মাননীয় সভাপতি মহাশয়, একটা কথা বলা বোধহয় অপ্রাসঙ্গিক হবেনা যে গণতন্ত্রকে হত্যা করে স্বৈরতন্ত্রকে প্রতিষ্ঠা করার জন্য অভ্যন্তরীণ জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছিল এবং এই আসল উদ্দেশ্যটাকে ক্যামোফ্লাজ করার জন্য, আড়াল করার জন্য যে বিভিন্ন রকম ধোকাবাজির ব্যবস্থা নেওয়া হয়েছিল তার মধ্যে একটা হল যে বাসের, ট্রামের, লরির গায়ে বড় বড় বুলি লিখে দেওয়া, স্লোগান লিখে দেওয়া, বাস্তবের সঙ্গে যার কোনও সম্পর্ক নেই, যার মধ্যে কিছু শ্রুতি মধুর শব্দ শোনা যেতো দি নেশন ইজ অন দি মুভ- জাতি দৌড়াচ্ছে, উই মার্চ টুওয়ার্ড এ বেটার ফিউচার, আমরা একটা ভাল ভবিষ্যতের দিকে

এগিয়ে চলেছি। কিন্তু একটা প্রচলিত কথা আছে যে হক কথা, সত্যি কথা পট করে বেরিয়ে যায়, সত্যকে চাপা দেওয়া যায়না। নিয়ম করা হয়েছিল যে গাড়ির গায়ে লিখতে হবে। আমি দেখেছি, মনে পড়ে কোনও একটা টেম্পোর গায়ে লিখতে গিয়ে ঐ সত্যি কথাটা লেখা হয়ে গিয়েছিল, উই মার্চ টুওয়ার্ডস এ বেটার ফিউচার লিখতে গিয়ে লেখা হয়ে গিয়েছিল উই মার্চ টুওয়ার্ডস এ বিটার ফিউচার অর্থাৎ একটা তিক্ত ভবিষ্যতের দিকে আমরা এগিয়ে চলেছি। কংগ্রেস রাজত্বের সময় এটাই ছিল পরিবহন ক্ষেত্রে হক কথা, এটাই ছিল সত্যি কথা। মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয় পরিবহন ব্যবস্থার উন্নতির জন্য নানা পরিকল্পনার কথা উল্লেখ করেছেন, অধিবেশনের শুরুতে আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যানবাহনের ক্ষেত্রে যানবাহনের বিপর্যয়ের কথা উল্লেখ করেছেন এবং তিনি দীপ্ত কণ্ঠে ঘোষণা করেছিলেন যে এই রাজ্যে পরিবহনের খোল নলচে পাল্টানো হবে। এটা খুবই সুখের কথা, আমরা আশা করি সেটা খুব তাড়াতাড়ি করা হবে। কারণ এটা খুব দুঃখের বিষয় এবং আমরা চোখের সামনে দেখছি যে যে এলাকায়, যে রাস্তায় বেসরকারি মালিক গাড়ি চালিয়ে দিনের পর দিন তারা হাজার হাজার টাকা মুনাফা করছে, একটা বাসের জায়গায় দুটি বাস, দুটি বাসের জায়গায় তিনটি বাস নামে, বেনামে বাড়াচ্ছে, সেখানে একই রাস্তায়, একই এলাকায় সরকারি বাসগুলি দিনের পর দিন লোকসান হচ্ছে। এই লোকসানের টাকা মিটাতে গিয়ে অনেক নূতন বাস বের করা সম্ভব হয়না। সমস্ত কিছুর একটা পূর্ণ তদন্ত হওয়া উচিত এবং এই যে দিনের পর দিন রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে লোকসান হচ্ছে এর একটা স্থায়ী সমাধান হওয়া দরকার। শহর থেকে একটু দূরে গিয়ে গ্রামাঞ্চলে যদি যাওয়া যায়, সেখানে পরিবহনের কি চিত্র? দীর্ঘদিন ধরে এই অবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় সদস্য অনেকেই নিজেদের এলাকার কথা বলেছেন। আমি এই সুযোগে মাননীয় সভাপতি মহাশয়, পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই আমার এলাকার অসুবিধা সম্পর্কে। কলকাতা থেকে বারাসত পার হয়ে বসিরহাট যাবার রুট ৭৯এ, ৭৯বি, ৭৯সি রুট, এই রুটে প্রচন্ড চাপ রয়েছে, এখানে যে বেসরকারি বাস চলে এই বাসের সংখ্যা বাড়ানো উচিত। গত দু বছর থেকে বসিরহাট পর্যন্ত বাস দেওয়া হয়েছে কিন্তু সেগুলি সংখ্যায় কম। এই অঞ্চলের মানুষ দীর্ঘদিন ধরে এটাও দাবি করে আসছে যে স্বরূপনগর পর্যন্ত যে বাস রুট ৮৪এ এবং ৮৪বি রুট, সেখানে বাসের সংখ্যা বাড়ানোর জন্য। আমার সময় কম, তাই আমার এলাকার কথা কিছু বলি বসিরহাট পর্যন্ত দুটি ক্ষেত্রে স্টেট বাস দেওয়ার ব্যবস্থা করার জন্য আমি পরিবহন মন্ত্রীর কাছে আবেদন জানাই। বেড়াচাঁপা থেকে বাদুরিয়া এবং বসিরহাট থেকে হাসনাবাদ পর্যান্ত স্টেট বাস রুট সম্প্রসারন করা যায় কিনা সেটা যেন তিনি ভেবে দেখেন এবং সহানুভূতির সঙ্গে বিবেচনা করেন। আমাদের পরিবহন মন্ত্রী যে বাজেট উপস্থিত করেছেন এবং তাঁর বিবৃতির মধ্যে যে প্রস্তাব রেখেছেন, সেগুলি বাস্তবে রূপায়িত হলে বিটার টু-মরো না হয়ে বেটার টু-মরো হবে, তিক্ত ভবিষ্যতের বদলে আশাপ্রদ ভবিষ্যত পরিবহনের ক্ষেত্র করার সম্ভাবনা রয়েছে। সেই কারণে তাঁকে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী যে

বাজেট রেখেছেন সেই বাজেট সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। কলকাতা শহরের বাসের ব্যাপার সকলেরই চোখে পড়ে, সকলেই দেখে, তার উন্নতির জন্য সকলেই চিন্তা করেন। আমি একথা বলিনা যে সিদ্ধার্থশঙ্কর রায়ের সরকার এর জন্য কিছুই করার চেষ্টা করেননি। কারণ এটা প্রতিদিনের সমস্যা, প্রত্যেকের সমস্যা। নিশ্চয়ই চেষ্টা করেছিলেন। কিন্তু দুঃখের বিষয় সমস্ত চেষ্টা সত্ত্বেও দলীয় রাজনীতি আসার ফলে, সেই চেষ্টা আসলে কার্যে রূপায়িত হয়নি। আজকে কয়েকদিন আগে আনন্দবাজার পত্রিকাতে শ্রী জে.এন. তালুকদার, পূর্বতন চিফ সেক্রেটারি এবং এই বিভাগের এক সময়ের অধিকর্তা ছোট্ট লেখায় সমস্ত ঘটনা রেখেছেন এবং সেটা অনেকেই নিশ্চয়ই দেখেছেন। কাজেই কলকাতা ট্রান্সপোর্ট সম্বন্ধে অনেকেই অনেক কথা বলেন, আমি মাননীয় মন্ত্রীকে বলি যে আপনি দুটি জিনিস দেখুন। আমি মাদ্রাজে দেখেছি প্রাইভেট বাস টি ভি এফ চকচকে, ঝকঝকে, সেগুলি রাস্তায় বেরোয়, সেই তুলনায় আমাদের বাস যখন দেখি তখন আমার লজ্জা হয়। মাদ্রাজের লোকও তো এখানে আসে, তারা এই বাস দেখে। কিন্তু সব দোষ কি সরকারের? ট্রান্সপোর্ট কর্মী যারা তাদের আমরা কাজে লাগাতে পারিনা, আমি বলছি আমরা পারিনি, আপনারা উদ্বুদ্ধ করুন। কলকাতা মেট্রোপলিটান সিটি, বিভিন্ন দেশের লোক এখানে আসে, আমি বাঙালি বলে আমার লজ্জা হয়। আমাদের এখানে ডঃ নবগোপাল দাসের দ্বারা এই ব্যাপারে একটা ইনকোয়ারি কমিটি হয়েছিল। আমি সে সম্বন্ধে দুই একটি কথা বলব কেননা সময় বেশি নাই। The members of the commission noted that although there was a system of daily servicing it has been reduced to a system of minimum work in the absence of a well chalked out schedule of work laid down for every shop whether daily or weekly. তিনি বলেছেন যে চেসিস কখনও পরিষ্কার করা হয়না। সার্ভিসিং সম্বন্ধে কমিশনের রিপোর্ট আছে যদি পরিষ্কার করা না হয় তাহলে দেড় লক্ষ মাইল চলবেনা এটা বলাই আছে। আমি এই সম্বন্ধে একটা কথা বলি, এর প্রধান কারণ দুটি, কর্মীদের ইউনিয়নের মধ্যে দলীয় রাজনীতি, দ্বিতীয় হচ্ছে কর্মীদের শৈথিল্য।

[5-30—5-40 p.m.]

এবং পরিচালকদের ট্রান্সপোর্টরে জ্ঞানের অভাব- এই দুটো জিনিষের উপর আপনাকে লক্ষ্য করতে বলছি। আমরা এখনও পর্য্যন্ত ৩৫ কোটি ৮৫ লক্ষ টাকা লস করেছি। আর যাতে না করি। কলকাতা সবাই দেখবেন। কিন্তু কলকাতার চোখের আড়ালে থেকে যাবে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট। আমি এই সম্বন্ধে বলব এই যে কাগজে বেরিয়েছে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট একটা ডুবন্ত জাহাজ। কিন্তু আমি বলব এটা সোনার জাহাজ। কিন্তু এই একটা সোনার তরী কান্ডারি বিহীন এবং অদক্ষ কান্ডারির হাতে সোনার তরী পড়ার জন্য যা হবার তাই হচ্ছে। আগে মাননীয় শিবেনবাবু বললেন যে এটা ছোট্ট ট্রান্সপোর্ট। কিন্তু আমি বলব যে ট্রান্সপোর্ট সুদূর আসাম এর প্রান্ত থেকে কলকাতা এবং সুদূর কুচবিহার থেকে পাটনা শহরে যায় সেটা মোটেই ছোট্ট ট্রান্সপোর্ট নয়। তার সংখ্যা যতই কম হক, এটা এককালে সোনার আকর ছিল। কেন এমন হয়ে গেলো? এত কর্মীদের দায়িত্ব আছে।

আগেকার কংগ্রেস সরকার ২২শো লোককে একদিনে ঢুকিয়ে দেন ফলে এই রকম অবস্থা হল। তারা ঠিক করেছিলেন অনেক গাড়ি করবেন। কিন্তু গাড়ি কেনার আগেই লোককে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দিলেন। আজকে রাষ্ট্রমন্ত্রীকে বলব যারা রাজনীতি করে চাকুরি করছে তারা দিনের পর দিন দুর্নীতি করছে। অন্যদিকে তাদের আবার রিইনসটেট করা হচ্ছে। এক জনের চুরি ধরা পড়ল, তাকে হয়তো ১২ মাস, ১৪ মাস বসিয়ে রাখা হল। তারপর দয়া পরবশ হয়ে তাকে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দেন। চুরি করলে তার দয়া কি? যারা চুরি করছে তারা চোর। আজকে গভর্নমেন্ট সারজেন্ট চুরি করলে কি তাদের দয়া দেখানো হবে? আমি আমার বাড়ির সামনে দেখেছি কংগ্রেস করত, কংগ্রেসের জন্য ভোটে খেটেছে তাকে চাকরি দেওয়া হয়েছে। তার বাপ বসে থাকে গাড়ি আসার সময় সেই বাপকে টাকা পয়সা দিয়ে যায়। এটা আমার বাড়ির সামনে হচ্ছে। পাটনা পর্যন্ত যে বাস আছে সেখানে তিনশো টাকা দুশো টাকা চুরি হয় বলে আমার খবর আছে। এই সব সম্পর্কে রিপোর্টে পরিষ্কার ভাষায় বলা হচ্ছে, কোনও হিসাব নেই, কোনও ব্যবস্থা নাই। লোক অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে বলেছেন, The Commission also observed the recent large scale recruitment of workmen was not helping the workings of the Corporation but was merely adversely affecting the financial position of the Corporation. In this context the Commission finds that there was a resolution. তাতে বলেছে লোক নেওয়া উচিত নয়। সেটা ওভারকাম করে লোক নেওয়া হল। লোক যাদের নেওয়া হল তারা চুরি করছে। তাদের আবার অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন। শিবেনবাবু শ্রমিকদের কথা বলেছেন। আমিও শ্রমিকদের সুখ-সুবিধার কথা বলি। কিন্তু যারা কর্মী তাদের কাজ করতে হবে। এম.এল.এ. হওয়ার আগেও দেখেছি, হওয়ার পরেও দেখেছি। যাত্রীরা ঘন্টার পর ঘন্টা দাঁড়িয়ে থাকেন, ঘন্টার পর ঘন্টা বাস বেরোয় না। তারপর বাস খারাপ হলে মাঝপথে সে এক দারুন অস্বস্তিকর অবস্থা। একটা টায়ার ফুটো হলে পথে পাওয়া যায় না। বহরমপুরে একটা ডিপো আছে। বহু টাকায় সাত্তার সাহেবের দয়ায় সেটা একজনের বাড়ি হয়েছে। কিন্তু যাত্রীদের তাতে কোনও সুবিধা হয় নি। কার ঘাড়ে দোষ দিয়ে হবে। আমাদের দেখতে হবে কিভাবে উন্নতি করা যায়। নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট এটা আমাদের সম্পদ। যাত্রীদের স্বার্থ দেখবেন বেশি করে না শ্রমিকদের স্বার্থ দেখবেন বেশি করে এটা বিবেচনা করে দেখতে হবে। যাত্রী জনসাধারণের কোটি কোটি টাকা চলে গিয়েছে এবং এতে অনেক উন্নতি হবার কথা আর তার জন্য কংগ্রেস সরকার একটা কমিশনও নিয়োগ করেছিলেন কিন্তু সেই কমিশনের একটা রেকমেন্ডেশনও ইমপ্লিমেন্টেড হয়নি। সেটা কেন হয় নি আজকে সেটা বিচার করার সময় এসেছে। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীকে নিবেদন করব যে ইতিপূর্বে কংগ্রেস সরকার উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্টকে নিয়ে অনেক রাজনীতি করেছেন আপনারা যেন তার মধ্যে যাবেন না। আসুন আমরা সকলে মিলে চেষ্টা করি কেমন করে এর উন্নতি করা যায় আসুন আমরা সকলে মিলে বসে একটা আলোচনা করি একটা শক্তিশালী বোর্ড গঠন করুন। মাসে প্রায় ৫ লক্ষ টাকা ইনকাম হয়। এখানে দেখছি একটা অর্ধ সময়ের জন্য চেয়ারম্যান রয়েছে- সব সময় সেই চেয়ারম্যানকে পাওয়া যায় না। এখানে একটা ফুল টাইম চেয়ারম্যান দরকার। ফুল

টাইম চেয়ারম্যান না থাকলে লোকে মনোযোগ দিয়ে কাজ করতে পারবে না। আজকে দেখুন উত্তরবঙ্গে কুচবিহার যোগ হোল। এবং এখানে যে স্টেট ট্রান্সপোর্ট তার সঙ্গে সেটাও যোগ হোল আবার সেটা এক্সটেনডেড হয়ে কলকাতা পর্যন্ত এসেছে ওদিকে বাগদা পর্যন্ত যাচ্ছে। এখন আপনারা বিবেচনা করে দেখুন কুচবিহারে হেড কোয়াটার থাকা উচিত কিনা। আজকে সকলে মিলে বসে এটা বিবেচনা করতে হবে। একটা শক্তিশালী বোর্ড গঠন করুন এবং দরকার হলে সেখানে শ্রমিক রিপ্রেজেনটেটিভও নিতে হবে। সমস্ত কিছু যাতে বিকেন্দ্রীকরণ করা যায় তার ব্যবস্থা করতে হবে। আজকে পাবলিক সেফটি অ্যান্ড এমিনিটি দেখতে হবে। দেখা যাচ্ছে বাসে ডাকাতি হচ্ছে কিন্তু কেউ দেখবার নেই। এত দিনের সব গাড়ি সেগুলি অনেক নষ্ট হয়েছে, আমি এই সরকারকে পাবলিক অ্যামিনিটিজ বাড়ানোর জন্য অনুরোধ করব। আপনারা আজকে নূতনভাবে চিন্তা করুন- এটা সোনার তরী, এখানে সোনার খনি আছে। যে কমিশন নিয়োগ করা হয়েছিল সেখানে তাদের রিপোর্টে বলা হয়েছে যে ৩০/৪০% চুরি হয়ে যাচ্ছে। আমরা সকলে মিলে চেষ্টা করলে এই চুরি কি আমরা রোধ করতে পারবো না? ডঃ রায় যা করে গেছেন তার থেকে কি আমরা ভাল করতে পারব না। আগে লোক পাঁচ মাইল পায়ে হেঁটে চলে যেতো, এখন লোকে ১ মাইল যেতে পয়সা দিয়ে বাসে করে যায়। লোকে এখন বাসে চড়তে শিখেছে। আমি আশা করি আপনার নেতৃত্বে এই পরিবহন ব্যবস্থার নিশ্চয় উন্নতি হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নবকুমার রায় :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, অদ্য পরিবহন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন সংগত কারণে আমি তার বিরোধিতা করছি। আজকে এই প্রসঙ্গে বিশেষভাবে উল্লেখ করতে চাই যে কিছুক্ষণ আগে শিবেন্দ্রনারায়ণ চৌধুরি উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট সম্পর্কে যে অসত্য বক্তব্য রেখেছেন তার প্রতিবাদ করি। একটা জিনিস তিনি পরিষ্কার রেখেছেন যে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্টে কংগ্রেস আমলে কর্মী নিয়োগ করে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্টকে ধ্বংস করার চেষ্টা করেছে। কংগ্রেস জনগণকে বলেছিল যে বেকার সমস্যা আমাদের দেশে রয়েছে তার সমাধান করার তারা চেষ্টা করবেন। সেই প্রতিশ্রুতি পূরণ করার জন্য উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্টে সেখানকার যেসব বেকার ছেলে আছে তাদের নিয়োগ করা হয়েছিল। এতে মহাভারত অশুদ্ধ হয়ে যায় নি। উত্তরবঙ্গে এমন কোনও ইন্ডাস্ট্রি নেই যে সেখানে তাদের চাকুরি হবে। আর একথাও আপনারা বলতে পারেন না যে কংগ্রেসের সময় যাদের চাকুরি হবে তারা ভাল কাজ করবে আর আপনাদের সময় যাদের চাকুরি হবে তারা ভাল কাজ করবে। আপনারা একথা কি বুকে হাত দিয়ে বলতে পারবেন? আপনারা বলেছেন কংগ্রেস আমলে এই কর্পোরেশন ডুবে যাবার বীজ রোপন করা হয়েছে।

[5-40—5-50 p.m.]

আমি একটি চিত্র আপনার সামনে তুলে ধরছি। মাননীয় চেয়ারম্যান, স্যার, কংগ্রেস আমলে উত্তরবঙ্গ সহ গোটা পশ্চিমবাংলায় যে কটি রুটে বাস চলত বর্তমান সরকার গদিতে

আসার পর থেকে তার চেয়ে অনেক কম বাস রাস্তায় নেমেছে। বিদায়ী সরকারের আমলে তদানীন্তনকালে উত্তরবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন, আর কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের ইনকাম কত ছিল, আর এখন সেই পরিমাণ কোথায় গিয়ে নেমেছে সেটা একটু দেখুন। আজকে পরিবহন মন্ত্রী তাঁর যে হিসাব রেখেছেন সেই দিয়েই আমি বলছি- ১৯৭৬ সালের জুন মাসে কংগ্রেস আমলে বাসের সংখ্যা ছিল ৫৫৩ টি। ১৯৭৭ সালের জুন মাসে সেটা ৫০৩-এ এসে দাঁড়াল। ১৯৭৬ সালের জুলাই মাসে কংগ্রেস আমলে ৫৬৮টি, আর বামফ্রন্ট সরকার গদিতে আসার পর জুলাই মাসে বাসের সংখ্যা এসে দাঁড়াল ৪৩১-এ অর্থাৎ জুন মাসে ৫০টি বাস, আর জুলাই মাসে ১৩৭টি বাস রাস্তায় নামাতে পারেন নি। আগস্ট মাসে এবার আসুন। আগস্ট ১৯৭৬ সালে কংগ্রেস যখন ছিল তখন রাস্তায় বাস নেমেছিল ৫২৩টি, আর বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে আগস্ট ১৯৭৭ সালে সেটা কমে ৪৬৫তে এসে দাঁড়াল। অর্থাৎ এখানেও ৫৮টি বাস কম নামিয়েছেন। কত টাকা লস হয়েছে সেটা একটু দেখুন। বামফ্রন্ট সরকার বলেছেন কর্পোরেশনকে নষ্ট করবার জন্য কংগ্রেস বীজ বপন করে গেছে। আমার এই হিসাব থেকে বুঝতে পারবেন এর জন্য কংগ্রেস সরকার দায়ী, না বামফ্রন্ট সরকার দায়ী, তারা যেভাবে কর্পোরেশনের দিকে দৃষ্টি দিচ্ছেন- কাজেই এই যে দোষটা চাপিয়ে দেবার চেষ্টা করছেন এর জন্য দায়ী কে? জুন, ১৯৭৬, কংগ্রেস আমলে এই কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের আয় ছিল ১ লক্ষ ৯৫ হাজার ৮৮১ টাকা, সেটা বামফ্রন্ট সরকারের আমলে জুন, ১৯৭৭ , এসে দাঁড়াল ১ লক্ষ ৫৪ হাজার ৫১৮ টাকা। অর্থাৎ জুন, ১৯৭৭, ঘাটতির পরিমাণ হল ৪১ হাজার ৩৬৩ টাকা। এবার জুলাই মাসে আসুন। জুলাই, ১৯৭৬, কংগ্রেসি আমলে আয় ছিল ২ লক্ষ ৬ হাজার ১৩৮ টাকা, আর জুলাই, ১৯৭৭, বামফ্রন্ট সরকারের আমলে সেটা দাঁড়াল ১ লক্ষ ৪১ হাজার ৭১২ টাকা। অর্থাৎ প্রায় ৬৪ হাজার ৪২৬ টাকা ঘাটতি দাঁড়াল। আর আগস্ট, ১৯৭৬ সালে কংগ্রেস সরকার কত আয় করেছিল, আর বর্তমান সরকার এই আগস্ট ১৯৭৭ সালে কত আয় করেছে তার হিসাবটা আমি আপনাদের সামনে তুলে ধরছি। এই আগস্ট, ১৯৭৬ কংগ্রেস আমলে আয় হয়েছিল ১ লক্ষ ৯১ হাজার ২৭৮ টাকা, আর আপনাদের আমলে আগস্ট, ১৯৭৭, কত আয় হয়েছে দেখুন ১ লক্ষ ৪৯ হাজার ৬৮৩ টাকা। অর্থাৎ ৪১ হাজার ৫৯৫ টাকা ইনকাম কম হল। আপনারা জুন, জুলাই, আগস্ট এই তিন মাসে কংগ্রেসের চেয়ে ১ লক্ষ ৪৭ হাজার ৩৮৪ টাকা লস করেছেন। স্বভাবতই প্রশ্ন করা যেতে পারে বামপন্থী সরকার সত্যিকারে এই কর্পোরেশনের জন্য কি চিন্তা করছেন? আমরা কি চিত্র দেখতে পাচ্ছি? সকাল ৭টা থেকে ১১টা পর্যন্ত এবং বিকাল ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত মানুষ কিভাবে এই কলকাতার বুকে বাসের রড ধরে ঝুলে যাচ্ছে। কোথাও বসার জায়গা নেই, দাঁড়াবার জায়গা পর্যন্ত নেই, তিল ধারনের জায়গা খুঁজে পাওয়া যায় না। স্যার, আপনি আশ্চর্য হয়ে যাবেন, চাকার টায়ারের উপর মানুষ দাঁড়িয়ে যাচ্ছে, চাকা ঘুরছে যে কোনও সময় পড়ে যেতে পারে। বর্তমান সরকার এর জন্য কি চিন্তা করছেন? বর্তমানে যিনি আমাদের পরিবহন মন্ত্রী আছেন তিনি সাধারণত প্রাইভেট কারে করে যান, অবশ্য এখন সরকারি কারে চলা ফেরা করেন। বর্তমান যাত্রীসাধারনের দুরবস্থার কথা তাঁর মনে নাও আসতে পারে, তাদের কথা তিনি চিন্তা নাও করতে পারেন। কিন্তু পরিষ্কার চিত্র

আমরা যা দেখতে পাচ্ছি- বাসের সংখ্যা প্রতি মাসে যেভাবে কমছে তাতে করে আগামী ৫ বছরের মধ্যে সেই বাসের সংখ্যা কোথায় গিয়ে দাঁড়াবে সে চিন্তা সত্যিই আমরা করতে পারছি না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, স্টেট ট্রান্সপোর্টে লোকসান হচ্ছে এটা আমরা সকলেই জানি কিন্তু সেই লোকসানটাকে লাভের দিকে নিয়ে আসার জন্য মাননীয় পরিবহনমন্ত্রী মহাশয় কোনও চিন্তা করেছেন কি? স্যার, এই সংস্থাটিতে লোকসান হচ্ছে একথা আমরা সকলেই অকপটে স্বীকার করেছি কিন্তু সেই সংস্থাটিকে লাভ করতে হবে বা লাভ করতে না পারলেও সেই সংস্থাটিকে যাতে যথেষ্ট হারে ভরতুকি দিতে না হয় তারজন্য নিশ্চয় চেষ্টা করতে হবে, তারজন্য একটা বুদ্ধি বার করতে হবে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেট বক্তৃতায় সে সম্বন্ধে একটি কথাও বলেছেন কি? স্যার, নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট হোক, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন হোক বা দুর্গাপুর ট্রান্সপোর্ট কর্পোরেশন হোক- প্রতিটির ম্যানেজিং কমিটিতে, কন্ট্রোলিং কমিটিতে, বোর্ড কমিটিতে শ্রমিকদের আনা দরকার। এই সমস্ত কমিটিতে শ্রমিকদের প্রতিনিধিদের নিয়ে এসে তাদের সঙ্গে আলোচনা করে এর একটা সুরাহা করা যেতে পারে। এ ব্যাপারে সরকার যদি সক্রিয় হন তাহলে এই যে বিরাট অঙ্কের প্রতি বৎসর ভরতুকি হিসাবে দিতে হচ্ছে সেটাকে বাঁচানোর ব্যবস্থা হতে পারে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেটের বক্তৃতায় এসম্পর্কে বিশেষ কোনও বক্তব্য রাখতে পারেন নি বা বিশেষ কোনও বুদ্ধির পরিচয় দিতে পারেন নি, বরং তিনি ব্যর্থতারই পরিচয় দিয়েছেন। তারপর স্যার, যে সমস্ত রুটে স্টেট ট্রান্সপোর্ট গাড়ি দিতে পারেন নি সেখানে গাড়ি দেবার ব্যাপারে বা নতুন রুট দেবার ব্যাপারে সরকার কি চিন্তা করছেন আমি জানতে চাই। স্যার, এই প্রসঙ্গে আমি বলব, আমাদের দেশে যে ভাবে বেকার বাড়ছে সেই কথা মনে রেখে যদি আমরা ঐ বেকার ইঞ্জিনিয়ার এবং টেকনিসিয়ানদের নিয়ে কো-অপারেটিভ করে তাদের যদি লাইসেন্স দিই তাহলে ঐ যে বাস মালিকরা একটা চক্র সৃষ্টি করে প্রতিটি জায়গায় মনোপলিভাবে কন্ট্রোল করবার চেষ্টা করছে তার মোকাবিলা করা যেতে পারে এবং পরিবহন ব্যবস্থার মধ্যে একটা সুস্থতা নিয়ে আসা যেতে পারে। এ ব্যাপারেও মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেট বক্তৃতায় কোনও বক্তব্য রাখেন নি। পরিশেষে এই ব্যয় বরাদ্দের প্রস্তাবের বিরোধিতা করে ও ছাঁটাই প্রস্তাবগুলি সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম। জয়হিন্দ। বন্দেমাতরম।

**শ্রী শৈলেন সরকার :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে মাননীয় পরিবহনমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা আপনার মাধ্যমে এই সভায় রাখছি। আজকে এখানে শুনলাম কংগ্রেসের বন্ধুরা অনেক কথা বললেন। আজকে যে কয়েকটি পরিবহন সংস্থা আছে আমাদের এই পশ্চিমবাংলায় রাষ্ট্রীয় উদ্যোগে সেই পরিবহন সংস্থাগুলির অবস্থা আমরা সকলেই জানি। কিন্তু কেন এমন অবস্থা হল? দীর্ঘ ৩০ বছর ধরে কোনও সুষ্ঠু পরিকল্পনা না থাকার জন্য এবং বিশেষ করে গত ৬ বছর ধরে যে দখলদারবাহিনী বিভিন্ন পরিবহন সংস্থাগুলি দখল করে বসেছিল তাদের কার্যকলাপের ফলে সমস্ত পরিবহন সংস্থাগুলির ১২টা বেজে গিয়েছে। সেই ১২টা বাজার পর আজকে এগুলি আমাদের হাতে এসেছে।

[5-50—6-00 p.m.]

সুতরাং রাতারাতি তার সমাধান হয়ে যাবে, এটা আশা করা যায় না। তার মধ্যে আমাদের পশ্চিমবাংলায় বামপন্থী সরকার তারা ঘোষনা করেছেন যে আস্তে আস্তে কিছু উন্নতি করবার চেষ্টা তারা করছেন। আমি জানি, আজকে রাষ্ট্রায়ত্ব মূলক যে সমস্ত পরিবহন সংস্থা আছে Calcutta State Transport Corporation, North Bengal State Transport Corporation, Durgapur State Transport Board এবং Calcutta Tram Company- সমস্তগুলির আজকে শোচনীয় অবস্থা। আমি বিশেষ করে উত্তরবঙ্গের প্রতিনিধি হিসাবে উত্তরবঙ্গের কথাই বলব। কারণ আপনি জানেন যে উত্তরবঙ্গের পরিবহনের দিক থেকে বিশেষ করে পশ্চিমদিনাজপুর জেলায় সেখানে Train এর কোনও ব্যবস্থা নেই। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের গাড়িগুলির যেগুলি দূরপাল্লার গাড়ি সেটাই কুচবিহার থেকে বিভিন্ন জেলার মধ্যে যোগাযোগ রক্ষার একমাত্র মাধ্যম হিসাবে ব্যবহার করা হয়। আপনি জানেন যে আপনার নিজের জেলার মধ্যে রাষ্ট্রীয় পরিবহনের গাড়ির যে সংস্থা তার অবস্থা কি। আমি বিশেষ করে বলতে চাই যে উত্তরবঙ্গ State Transport Corporation সম্পর্কে আগেও বলা হয়েছে এবং মন্ত্রীর ভাষনেও বলা হয়েছে যে এটা লাভজনক সংস্থা ছিল। সেই সংস্থার আমিও একদিন Board Member ছিলাম ১৯৭০ সালে। কিন্তু তখন আমরা দেখেছিলাম যে সেই সংস্থা না লাভ না লোকসান ভিত্তিতে চলত। কিন্তু ৩ মাসে ১০ লক্ষ টাকা অর্থাৎ বছরে ১ কোটি টাকার উপরে লোকসানে পরিণত করেছেন। সেটা কি কারণে ঘটলো? কি কারণে এই লোকসান হয়েছে সেগুলি আমাদের ভেবে দেখতে হবে। এই ব্যাপারে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন যে সেখানে ব্যাপক ভাবে পাইকারি ভাবে নিয়োগ করা হয়েছে। পাইকারি ভাবে promotion দেওয়া হয়েছে, কোনও নীতি নির্ধারন করা হয়নি। আমি কংগ্রেস সদস্যদের একথা বলতে চাই যে তারা যখন সরকারে ছিলেন তখন তারা একটা Commission করেছিলেন। তারা Banerjee Commission করেছিলেন, তারা Estimates Committee করেছিলেন, সেই Estimates Committee এবং Banerjee Commission-এর report গুলি যদি আপনি পড়েন তাহলে দেখবেন সেখানে একথা বলা হয়েছে যে ততকালীন General Manager, মিঃ নিয়োগি এবং ততকালীন কংগ্রেস মন্ত্রী এবং MLAরা, তারা সব cigaratte এর packetএ নামের list করে যেখানে সেখানে নিয়োগ করেছেন এবং উল্টোদিকে বাসের সংখ্যা বাড়ানো হয়নি। কোনও গাড়ির সংখ্যা বাড়ানো হয়নি। ফলে বসে বসে কাজ কর এবং 'যুগযুগ জিও' করা ছাড়া কোনও কাজ দেওয়া হয়নি। আজকে ২২শত কর্মীকে কাজ দেওয়া হয়েছে বলে আমি অপরাধ মনে করিনা। কিন্তু তাদের যে সংস্থায় কাজ দেওয়া হয়েছে, সেখানে যেজন্য কাজে নিয়োগ করা হয়েছে তারজন্য গাড়ি দেওয়া হবে তার কোনও ব্যবস্থা না করে কাজ দেওয়া হ'ল। বামপন্থী সরকার হবার পর এখনও পর্যন্ত সেই রকম কর্মচারী একজনও ছাঁটাই হয়নি। কিন্তু আমি জানি যখন কংগ্রেস সরকার ১৯৭০ সালে ক্ষমতা দখল করেছিলেন তখন আমাদের যেসমস্ত Union ছিল, সেই Unionএর উপর হামলা করে সেখানে কর্মচারিদের যত্রতত্র বদলী করে দিয়ে তছনছ করে একটা অরাজকতার অবস্থা উত্তরবঙ্গ

পরিবহনের মধ্যে সৃষ্টি করেছিলেন এই কংগ্রেসি বন্ধুরা। সুতরাং সেই অবস্থার মধ্যে যে একটা পরিস্থিতি তৈরি হয়েছিল, একটা লোকসানের সংস্থা তৈরি করা হয়েছিল, চুরি করে করে। সেখানে এমন একটা অরাজক অবস্থার সৃষ্টি করা হয়েছিল যে off route এর যে গাড়ির parts কেনা হয়েছে এবং সেই parts রায়গঞ্জের গ্যারেজে মজুত করা হয়েছে। সেই ধরনের মোটর গাড়ি এখন নেই। ৫ বছর ধরে এর কোনও ব্যবস্থা করা হয়নি। সেখানে একটা ভাগবাটোয়ারার ব্যবস্থা ছিল। সেখানকার General Manager এবং কংগ্রেসের যারা সেখানে Director Board এর Member ছিলেন, কংগ্রেসের যারা MLA ছিলেন, কংগ্রেসের যারা মন্ত্রী ছিলেন, তাদের সঙ্গে ভাগ বাটোয়ারার একটা ব্যবস্থা ছিল এবং তার ফলে আজকে লোকসানের সংস্থা হিসাবে উত্তরবঙ্গ পরিবহন সংস্থা পরিনত হয়েছে। এই রকম ভাবে কলকাতার পরিবহন সংস্থায় ও লোকসান চলছে, ঘাটতি চলছে, Durgapur এও চলছে, Tram Companyতেও চলছে। সুতরাং আজকে এটাকে রাতারাতি দূর করা যাবেনা, এটা আমাদের বুঝতে হবে। সেজন্য আমাদের আস্তে আস্তে শ্রমিকদের সহযোগিতা নিয়ে এগুতে হবে। আমরা দেখেছি নুতন বামপন্থী সরকার একদিকে যেমন সমস্ত শ্রমিককে সে যে কোনও দলের হোক না কেন, এমন কি কংগ্রেসের যে সমস্ত মস্তান বাহিনীকে কাজে ঢোকানো হয়েছিল তাদেরকেও পর্যন্ত কাজে রাখা হয়েছে, ছাঁটাই করা হয়নি, কিন্তু বলা হয়েছে, একথা যে শুধুমাত্র পরিবহন সংস্থায় ঢুকে থাকব, পরিবহনের কাজ না করে শুধু বাইরের কাজ করবো, কংগ্রেসের কাজ করব-এ জিনিস হবেনা। কংগ্রেসের কাজ করতে পারবে কিন্তু পরিবহনের কাজ করার পরে বাকী সময়ে তুমি কংগ্রেসের কাজ করতে পারবে এবং এই জিনিস চালু করা হয়েছে। পরিবহনের সমস্ত Union গুলিতে যারা আছেন, তাদের সহযোগিতা নিয়ে এবং সেই সহযোগিতা পরিবহন মন্ত্রী নেবেন বলে ঘোষনা করেছেন। এইভাবে যদি সহযোগিতা নিয়ে, একটা আলাপ আলোচনার মাধ্যমে আমরা চেষ্টা করি, যে কথা বামফ্রন্টের পরিবহন মন্ত্রী ঘোষনা করেছেন তাহলে নিশ্চয়ই এই সমস্যা অনেকটা সমাধান করা যাবে। আমি বিশেষকরে উত্তরবঙ্গের কয়েকটি সমস্যার কথা জানি। এখানে যে দূরপাল্লার গাড়ি আছে, কুচবিহার থেকে, মালদহ থেকে, পশ্চিম দিনাজপুর থেকে কলকাতায় আসে, এই গাড়িগুলি যখন আসে তখন দেখা যায় যে ঐ বেনিয়া গ্রামের কাছে হয়ত jam হয়ে থাকে ফলে ৩/৪ ঘন্টা গাড়িগুলির wait করতে হয়। রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। যদিও এটা পরিবহন বিভাগের আওতায় পড়ে না, তবুও এই কথা পরিবহন মন্ত্রী মহাশয়কে বিচার করতে হবে এবং কি ভাবে এর সমাধান করা যায়, কোথায় যোগাযোগ করতে হবে এবং সেই ব্যাপারে ৩৪ নং ন্যাশনাল হাইওয়ে, যেটা উত্তরবঙ্গের সঙ্গে কলকাতার যোগাযোগের রাস্তা, সেই রাস্তার অবস্থা আপনারা সকলেই জানেন, বিশেষ করে যারা ঐ রাস্তা দিয়ে বাসে করে যান, সেই রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ, তার ফলে অবস্থা হচ্ছে কি, যিনি মালদহ থেকে চাপলেন বা পশ্চিম দিনাজপুর থেকে চাপলেন, কখন বাসটা আসবে তার কোনও সিয়োরিটি নেই। গত পাঁচ ছয় বছর ধরে এই অবস্থা চলছে। সেই জন্য এই ব্যাপারে পরিবহন মন্ত্রী একটু দৃষ্টি দেবেন। আমি আর একটা কথা বলি, যাত্রীদের কি ভাবে সুযোগ সুবিধা দেওয়া যায়, তার দিকে দৃষ্টি দিতে হবে এবং যে সমস্ত বাসগুলো বন্ধ হয়ে গেছে বিভিন্ন রুটে, সেই রুটগুলোতে বাস এর সংখ্যা যদি অবিলম্বে বাড়ানো না

যায়- মন্ত্রী মহাশয় অবশ্য বাসের সংখ্যা বাড়াবার প্রতিশ্রুতি দিয়েছেন। আমরা দেখেছি আগে ভীষন ভাবে বিলাস বাহুল্যতা ছিল, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর প্রারম্ভিক ভাষন যখন দিয়েছিলেন বাজেটের সময় তখন তিনি ঘোষনা করেছেন এরোপ্লেন রাখা হয়েছিল। আমরা দেখতাম কংগ্রেসের আমল যখন ছিল, সরকারের যে দুটো এরোপ্লেন ছিল, সেইগুলো করে মন্ত্রীরা- সিদ্ধার্থবাবু, জয়নাল সাহেব, বরকত্ মহাশয়, এই সব মন্ত্রীরা মাঝে মাঝে চরকী ঘুরতে বেরোতেন, কোথায় পশ্চিম দিনাজপুর, সেখানে বেড়াতে যেতেন, কখনও কখনও মালদহে বেড়াতে যেতেন, সেই এরোপ্লেনগুলো বিক্রি করে দিয়ে সেই টাকায় পরিবহনের বাস বাড়াবার জন্য চেষ্টা করছেন যাতে সাধারন মানুষ বাসে চেপে যাতায়াত করতে পারেন, বামপন্থী সরকার সেই ব্যবস্থা করেছেন এবং সেই জন্য এই বাজেটকে আমি অভিনন্দন জানিয়ে, সমর্থন করে, পরিবহন মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন বাজেট সম্পর্কে কিছু বলতে গিয়ে আমি কয়েকটি বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ পরিবহন সমস্যা বর্তমানে এমন একটা জটিল আকার ধারণ করেছে, এটা শুধু কলকাতায় নয়, গ্রামবাংলাতেও, তাতে মন্ত্রী মহাশয় কতটা সমস্যার সমাধান করতে পারবেন জানি না। সুধীনবাবু চেষ্টা করলে হয়তো খানিকটা খাদ্য সমস্যার সমাধান করতে পারবেন, কমলবাবু চেষ্টা করলে হয়তো খানিকটা কৃষি সমস্যার সমাধান করতে পারবেন কিন্তু পরিবহন মন্ত্রী এই জটিল সমস্যার আবর্ত থেকে বেরিয়ে এসে কি ভাবে জনসাধারণের কিছুটা রিলিফ দিতে পারবেন, সেটা আমি বুঝতে পারছি না। তবে এই পক্ষ হিসাব দিচ্ছিলেন বামফ্রন্ট আমলে বাস কমে গেল এবং আমাদের বামফ্রন্টের বন্ধুরা হিসাব দিচ্ছিলেন বাস বেড়ে গেল, যাই হোক না কেন, আমরা যারা বাসে চড়ে ঘোরাফেরা করি, তারা বাসের হ্যান্ডেল ধরে ঝুলে যাতায়াত করা ছাড়া উপায় থাকে না, বিশেষ করে যারা মাঝ পথ থেকে বাসে চড়ি, বাসে একটা পায়ের বেশি জোর দেওয়া যায় না, এবং একটা হাতে হ্যান্ডেল ধরে ঝুলতে হয়। ভেতরে ঢুকতে পারা যায় না। এটা নিষ্ঠুর বাস্তব সত্য কথা। এই যে পরিবহনের জ্বালা যন্ত্রনা প্রতিনিয়ত আমাদের ভোগ করতে হচ্ছে, এর পরিবর্তন কি ভাবে হবে? কলকাতার পরিবহন সমস্যা সম্পর্কে আমি দু একটা কথা বলতে চাই, ট্রান্সপোর্ট এর কথা নয় ছেড়েই দিলাম। কিন্তু একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, হাতে টানা রিক্সা, যেগুলো এখনও কলকাতার অলিতে গলিতে চলছে- যুগটা গতির যুগ, সব রাজ্যে সকল দেশে তারা দ্রুত গতির যান ব্যবহার করার চেষ্টা করছে, কিন্তু কলকাতায় সেই হাতে টানা রিক্সা চলছে, তার কোনও পরিবর্তন হল না। অথচ দিল্লিতে বা অন্যান্য বহু জায়গায় আমরা অটো রিক্সা দেখতে পাই, সেখানে টু সিটার আছে, ফোর সিটারও আছে, সেইগুলো ইচ্ছামতো অলিতে গলিতে যেতে পারে। পরিবহন মন্ত্রী যদি পরিকল্পনা নেন হাতে টানা রিক্সার পরিবর্তে, যাদের হাতে টানা রিক্সা আছে তাদের অটো লাইসেন্স দেওয়া হবে এবং তাদের সরকার থেকে কিছু লোন দিয়ে অটো রিক্সার ব্যবস্থা করা হবে তাহলে একদিকে যেমন আমার মনে হয় শহরে কিছু বেকার সমস্যার সমাধান

হবে, অন্য দিকে গ্রামেও অন্তত কিছু বেকার সমস্যার সমাধান হবে। .

[6-00—6-10 p.m.]

তা ছাড়া মানুষ রিক্সা টানবে আর আমরা চড়ে যাব, এটা মানবতার দিক দিয়ে খুবই অশোভন। আবার অনেক সময় কলকাতার মধ্যে আমাদের এক জায়গা থেকে আর এক জায়গায় মাল নিয়ে যেতে হয় এবং তখন রিক্সা ছাড়া কোনও উপায় থাকে না। তাই আমি এই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি। বাজেটের আলোচনার সময় আমাদের অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, একটি সরকারি প্রকল্পে মোট ১১৩ কোটি টাকা লস্। অবশ্য তার মধ্যে স্টেট বাস আছে, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, দুর্গাপুর স্টেট ট্রান্সপোর্ট, উত্তরবঙ্গ পরিবহন সংস্থা এবং ট্রাম কম্পানি। সব জায়গায়ই লস। ডাঃ বিধান চন্দ্র রায় পশ্চিমবাংলায় এগুলি করে গিয়েছিলেন। কিন্তু তিনি সমস্ত প্রকল্পগুলিকে বছরের পর বছর লসে রান করাবার কথা বলে যাননি। বছরের পর বছর এই সমস্ত প্রজেক্ট লসে রান করে আর সাধারন মানুষকে বছরের পর বছর ট্যাকস দিতে হয়। তিনি কি এই জন্য এটা করে গিয়েছিলেন? আমরাও চাই পাবলিক আন্ডারটেকিংস হবে, আমরা চাই পাবলিক সেক্টরে ব্যবসা হোক, আমরাও চাই সোসালিজিম। কিন্তু তার মানে কি বছরের পর বছর লস দিতে হবে আর আমাদের মতো সাধারণ মানুষকে সেই ট্যাকস বছরের পর বছর দিতে হবে। এই যদি চলতে থাকে তাহলে বাস কম্পানি বিক্রি করে দেওয়া উচিত, তুলে দেওয়া উচিত। মাননীয় মন্ত্রী মহাশয় যদি লস্ মেকাপ করতে না পারেন তাহলে কেন আমাদের মতো সাধারন মানুষ বছরের পর বছর ট্যাক্স বহন করবে? মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর স্টেটমেন্টে বলেছেন এই সংস্থায় সরকারি কর্মচারীর সংখ্যা প্রায় ১৩,০০০ আর ১৯৭৭ সালের ২৮শে জুলাই বাস চলে ৩৫২-টি। তাই যদি হয় তাহলে এক একটি বাসের পিছনে প্রায় ৩৭ জন করে লোক লাগছে। তারপর তিনি বলছেন যে বর্তমানে অবস্থার কিছুটা উন্নতি হয়েছে এবং বাসের সংখ্যা বেড়ে ৫৪০ হয়েছে। তাই যদি হয়ে থাকে তাহলে একটা বাসের পিছনে কর্মচারীর সংখ্যা কিছু কমে দাঁড়াচ্ছে ২৪ জনের বেশি। এমন কোনও পরিবহন সংস্থার হিসাব পাওয়া যায় কি যেখানে এই সংখ্যার কর্মী আছে এক একটি বাসের জন্য? দিল্লি, বোম্বাই প্রভৃতি শহর যেখানে পাবলিক কর্পোরেশন আছে সেখানে কি একটা বাসের জন্য ৩৭-জন কর্মচারী লাগে? কি ভয়ঙ্কর অবস্থা, ২৪ জন লোক একটি বাস চালাচ্ছে। একটি প্রাইভেট বাস চালাতে কতজন কর্মচারী লাগে? স্টেট ট্রান্সপোর্টের এই যে মাথা ভারি আডমিনিস্ট্রেশন চলছে, এটা ভেস্টেড ইন্টারেস্টে চলছে। এর পর তো আছে ১০০০, ২০০০, ৩০০০ টাকা মাইনের মসনদধারী অফিসাররা আছেন। সেটা এখানে পাওয়া যাচ্ছে না এবং ঐ সমস্ত যারা আছেন তারা শুধুই মাইনে পান। এই কর্মচারীরা যদি সারপ্লাস হয়ে থাকে তাহলে এই কর্মচারিদের প্রতি পূর্ণ সিমপ্যাথি নিয়ে বলছি তাদের আমি বেকার করতে চাইনা, তাদের অন্য ডিপার্টমেন্টে ট্রান্সফার করে দিন, কিম্বা তাদের বলুন বেশি করে কালেকশন করার জন্য। পাবলিক আন্ডারটেকিং-এ বছরের পর বছর লস্ হবে, লসে রান করবে আর সেটা যদি সমাজতন্ত্র হয় তাহলে আমার মনে হয় এই ব্যবস্থার দ্বারা প্রকৃত

সমাজতন্ত্রের মূলে আঘাত করা হবে। অতএব আমি মাননীয় মন্ত্রী মহাশয়, তিনি এবার যদিও নতুন এসেছেন, কিন্তু তাঁর আগের অভিজ্ঞতা আছে আশা করব তিনি এই ট্রান্সপোর্টে দিকে দৃষ্টি দিয়ে একে নতুন রূপ দেবেন এবং সেটা জরুরি ভিত্তিতেই করবেন। তিনি এ সময় সীমা ঘোষনা করে করবেন। ৬ মাস, ১ বছরের মধ্যে এর উন্নতির ব্যবস্থা করবেন এবং তিনি একটা বৈপ্লবিক সিদ্ধান্ত নেবেন যে, ভাঙাচোরা বাসগুলি যেগুলি মেরাম হবেনা, সেগুলি বিক্রি করে দেবেন। যেমন প্রাক্তন সরকারের হেলিক্যাপ্টার থেকে এরোপ্লে পর্যন্ত বেচে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তেমনি এগুলিও বেচে দেবেন।

এগুলি তো গেল কলকাতার সমস্যা, আমরা গ্রামের মানুষ, গ্রামের সমস্যা আর শোচনীয়। এখানে ইলেকট্রিক তারের ভয়ে মানুষ বাসের মাথায় চাপে না। কিন্তু গ্রা বাসের মাথায় চড়া ছাড়া উপায় থাকে না। আর একটা হচ্ছে মিনিবাস, সেই মিনি বাস য কিছুটা বাড়ানো যায় তাহলে পরিবহন সমস্যার কিছুটা সমাধান হতে পারে। বারাসাত পর্য আজকে মিনিবাসের সার্ভিস চালু করুন এবং সেই সঙ্গে সেখানে স্টেট বাসও দিন। স্টে বাস-কে দক্ষিনে আমতলা পর্যন্ত যাওয়ার ব্যবস্থা করে দিন। এই সঙ্গে ঐ সব দিকে মিনি বাসেরও ব্যবস্থা করুন এবং ১২-বি বাসকে আমতলা পর্যন্ত বাড়ালে আমার মনে হয় ঐ দিকের পরিবহন সমস্যার কিছুটা সমাধান হয়। আর একটা, কলকাতার সব চেয়ে খারাপ যেটার অবস্থা সেটা হচ্ছে ট্যাক্সি। আজকাল আমাদের মতো লোকের পক্ষে কলকাতায় ট্যাক্সি চড়া বিলাসিতা। সুতরাং আমাদের মতো সাধারণ লোক প্রয়োজন ছাড়া বিলাসিতার জন্য ট্যাক্সি চড়ে না। কিন্তু প্রয়োজনে ট্যাক্সি ডুমুরের ফুল। ট্যাক্সি পেলেও প্রথমেই জিজ্ঞাসা করে, কোথায় যাবেন। তাই এবিষয়ে আমার একটা অনুরোধ অ্যাসেম্বলিতে একটা ট্যাক্সি স্ট্যান্ড করা যায় কিনা সেটা মাননীয় পরিবহন মন্ত্রী একটু ভেবে দেখবেন। আর.টি.এ. এর পুর্নগঠন সর্ম্পকে বলেছেন। আর.টি.এ. একটা সর্বদলীয় কমিটি নিয়ে হওয়া উচিত। ১ নং পারাগ্রাফে বলেছেন আদিবাসী সম্প্রদায় যাতে সুযোগ-সুবিধা পায় তার প্রতি লক্ষ্য রাখা হবে কিন্তু তিনি যদি স্পেসিফিক ডিরেকশন না দেন তাহলে কোনও আর.টি.এ. অব্লাইজ করবে কি? সংখ্যালঘু সম্প্রদায়দের তাঁরা কোনও অবলাইজ করবে না। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করব আপনি যেন একটা স্পেসিফিক ডাইরেকশন দিন যাতে সংখ্যালঘু সম্প্রদায়দের একটা কোটা থাকে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ তরুন চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় মঞ্জুরির দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে আমি দু চারটি কথা বলতে চাই। প্রথমেই আমার কংগ্রেস বন্ধু শুরু থেকে আরম্ভ না শেষ থেকে আরম্ভ করব এই বলে শুরু করেছিলেন কিন্তু আমি বলতে চাই স্টেট ট্রান্সপোর্ট তার শুরু থেকেই ভরতুকি দিয়ে চলছিল এবং কংগ্রেসিরা ভরতুকি দিয়ে চালাচ্ছিলেন এবং বলেছিলেন এই কর্পোরেশন তাঁর নিজের পায়ে দাঁড়াবে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ আজ দেখছে যে আজও এই কর্পোরেশন দাঁড়াতে পারেনি। স্টেট ট্রান্সপোর্টের সমস্ত ব্যবস্থাই আজ বিপর্যস্ত হয়ে পড়েছে। যত দিন

যাচ্ছে তত বেশি পড়তে শুরু করছে। স্বভাবতই আজকে যে অবস্থা এই অবস্থা থেকে বেরিয়ে আসবার জন্য আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী তাঁর সীমিত ক্ষমতার মধ্যে যে ভাবে চেষ্টা করছেন তাঁরজন্য নিশ্চয়ই তিনি ধন্যবাদের যোগ্য। সুনীতি বাবু বললেন ৫০৩টি বাস চলতো ফ্রন্ট সরকার গঠিত হওয়ার আগে তারপর ৩৫২ তে নেমে গেছে। তিনি এই সংখ্যা বলে চার্জ করেছেন এবং ইহার উপরই তিনি অধিকাংশ সময় ব্যয় করেছেন কিন্তু আমার মনে হয় তিনি ভাল করে পড়েননি। শ্রমিক কর্মচারিদের আন্তরিক সহযোগিতায় এটা বৃদ্ধি পেয়ে হয়েছে ৫৪০। তারপর শ্রমিক সহযোগিতা এবং সরকারি প্রচেষ্টায় মাত্র ৩ মাসের মধ্যে আরও ৩৭টি বাস চালু করবার চেষ্টা করেছেন। সুতরাং তিনি ভুল তথ্য প্রচার করে এই হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। বেকার সমস্যা সমাধানের কথা একজন সদস্য বললেন। খুব ভাল কথা। বেকারদের চাকরি দিতে হবে ঠিকই কিন্তু কোনও নিয়ম বহির্ভূত উপায়ে নয়। সর্বশেষে আমি দুর্গাপুরের কয়েকটি বিষয় সম্বন্ধে বলতে চাই। সেটা হোল দুর্গাপুর শুরু হয়ে ওঠার মুখের একটা কথা। দুর্গাপুর ছিটিয়ে শহর- ১৬০ স্কোয়ার কিলোমিটারের শহর। সেখানে যে বাস দেওয়া হয়েছিল সেটা আজ পর্যন্ত বাড়ানো হয় নি। বাম সরকার হবার পর ৬ খানা ডিলুক্স বাস দেওয়া হয়েছে। কিন্তু দুর্গাপুর-বাসী আশা করছে নিশ্চয় এরপর আরও ভাল ব্যবস্থা হবে। গ্যারেজের অবস্থা সেখানে মোটেই ভাল নয়। সেখানে গ্যারেজ নেই শেড নেই। স্বাভাবিকভাবে সেখানকার বাসগুলো খারাপ হবার মুখে যাচ্ছে। শ্রমিকদের পে-স্কেল সম্বন্ধে তাঁকে একটু জানিয়ে রাখলাম। নর্থবেঙ্গল ও দুর্গাপুরে ১৯৭২ সালের পর কংগ্রেসের আক্রমনে অনেকের চাকরি চলে যায়। তাদের অনেকেই গেটে যায় কিন্তু তাদের তাড়িয়ে দেওয়া হয় এই সরকার হবার পর তারা আবার চাকরি ফিরে পেয়েছে। পরিশেষে আমি বলতে চাই এই অবস্থা দীর্ঘদিন ধরে চলছিল তাকে হোমিওপ্যাথিক ডোজ দিলে যদি না সারে তাহলে অ্যালোপ্যাথিক দিতে হবে, এবং তাতেও যদি না সারে সার্জারির ব্যবস্থা করতে হবে। তাঁরা সুন্দরী ট্রামের কথা বলেছেন কিন্তু আমি বলব সুন্দরী ট্রাম চালানো হয়েছিল সমস্ত অসুন্দরী পরিবহন ব্যবস্থা কে ঢাকার জন্য। এই বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

[6-10—6-20 p.m.]

**শ্রী মহম্মদ আমীন :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পরিবহন বাজেট নিয়ে যে বিতর্ক হল তাতে মাননীয় সদস্যারা যে সমস্ত কথা বলেছেন তা আমি মনোযোগ দিয়ে শুনেছি এবং এইসব বক্তব্যের মধ্যে থেকে যেগুলি গঠনমূলক সাজেসন এসেছে তাকে কার্যকর করার চেষ্টা করব। কংগ্রেস বেঞ্চের কয়েকজন যা বলবার চেষ্টা করলেন তার জবাবে আমি দু'একটি কথা বলতে চাই। সুনীতি বাবু কেন যে উত্তেজিত হয়ে গেলেন জানিনা। পরিবহন পলিসি যদি ওঁর ভাল না লাগে তাহলে উনি তার বিরোধিতা করতে পারেন। কিন্তু এর জন্য উত্তেজিত হবার কোনও কারণ নেই, তিনি ৩৩ নং আলিমুদ্দিন স্ট্রিটের কথা বলে উত্তেজিত হয়ে গেলেন এবং আমাদের পার্টিকে আক্রমন করলেন। আমি তাঁকে বলতে চাই আমরা ৩৩ নং আলিমুদ্দিন স্ট্রিটকে সম্মানের চোখে দেখি। এটা আমাদের

পার্টির হেড কোয়ার্টার। আমাদের পার্টির নেতাদের সঙ্গে আলোচনা করে আমরা সমস্ত কিছু ঠিক করি। কংগ্রেসের মতো আমাদের নীতি নয় যে একজন আরেকজনের ঠ্যাং ধরে টানাটানি করবে। আপনাদের পার্টি আপনার বিরুদ্ধে ওয়াংচু কমিশন করেছিল। এই রকম জিনিস আমাদের বা অন্যান্য বামপন্থী পার্টির মধ্যে পাবেন না। মিসা প্রয়োগ করাটা কি গণতন্ত্রে সম্মত হয়েছিল? সেইজন্য বলছি কাঁচের ঘরে বসে ঢিল মারলে তার প্রত্যুত্তর পেতেই হবে। যাইহোক আজ পরিবহন ব্যবস্থা খুবই শোচনীয় পশ্চিমবাংলার মানুষ জানেন এই সরকার এই কথা বলবার চেষ্টা করছে যে যানবাহনের সমস্যা নিয়ে যাত্রী সাধারণ একটা অভিশপ্ত জীবন যাপন করছে। কিন্তু এটা একটু কি হঠাৎ হয়ে গেল? কংগ্রেস গভর্নমেন্টের আমলে মানুষ ভাল ছিল, আর এ আমলে সব খারাপ হয়ে গেল- এটা ঠিক নয়। দীর্ঘদিন ধরে যে দুর্নীতি, অপচয়, অবহেলা হচ্ছে তারই উত্তরাধিকার সূত্রে এই ব্যবস্থা আমরা পেয়েছি। আমার বক্তৃতায় আমি এইসব কথা বলেছি এবং এই সরকার মনে করে যে পরিবহনের উন্নতি করতে গেলে সকলের সহযোগিতা দরকার। মোটর ভেহিকলস মিনস ফোর হুইলস। এই চারটি চাকার একটা হল জনসাধারণ, দ্বিতীয় হল পরিবহন শ্রমিক, তৃতীয় হল প্রাইভেট ট্রান্সপোর্ট অপারেটার-এর মধ্যে একটা সেকশন যাঁরা আমাদের খুব বেশি বাধা দিচ্ছে চতুর্থ চাকা হল সরকার। এই চারটি সেকশনের মধ্যে যদি কো-অপারেশন থাকে তাহলে গাড়ি চলবে, না হলে নয় এবং বাম সরকার সেইভাবে কাজ করবার চেষ্টা করছেন, সুনীতিবাবু বলেছেন বাজে কথা বলবেন না, সারা পশ্চিমবাংলার মানুষ খুব সচেতন। এটা ঠিক কথাই কারণ তা না হলে পশ্চিমবাংলার মানুষ আপনাদের ২০টি আসনে কেন পাঠাল? আমরা কি করব এবং কি করতে পারব না সে সব কথাই বলেছি তিনি যদি বলতেন কংগ্রেস সরকার ৩০ বছরে যা করতে পারল না সেটা আপনারা চেষ্টা করুন তাহলে বোঝা যেত। আমাদের এই সরকার আসার পর পরিবহন ব্যবস্থা যে কিছুটা উন্নত হয়েছে এটা অস্বীকার করা যায় না। আজকে যে কঠিন অবস্থার মধ্যে পরিবহন শ্রমিকরা কাজ করছেন তারজন্য তাদের আমি সেলাম জানাই, রাস্তার যে অবস্থা হয়েছে তাতে আমি একথা বলতে চাই যে পরিবহনের শ্রমিক ড্রাইভাররা বিশেষকরে সি.এস.টি.সি.র ড্রাইভাররা রাস্তার বিরুদ্ধে যুদ্ধ করে যেভাবে গাড়ি চালাচ্ছেন তার কোনও অ্যাপ্রিসিয়েশন তিনি তাঁদের দিলেন না।

[6-20—6-30 p.m.]

কাজেই পরিবহনের মধ্যে শ্রমিকদের কোনও অংশের যে কোনও দোষ-ত্রুটি নেই একথা বলছি না, দীর্ঘদিন ধরে আপনাদের নীতির ফলেই এটা হয়েছে। আজকে যারা কঠিন পরিশ্রম করছে, জান লড়িয়ে দিচ্ছে তাদের জন্য প্রশংসা করতেই হবে, বলতে হবে এই পরিস্থিতিতে তারা এগিয়ে না এলে ৩৫০ খানায় যেখানে বাস নেমে গিয়েছিল সেখানে ৫৫০ খানায় উঠত না। আপনাকে বলতে পারি ডেলি ৪০ থেকে ১০০ খানা বাস ভেঙ্গে যাচ্ছে, রাস্তার যদি এই রকম অবস্থা না থাকত তাহলে আমরা ৬৭৫ খানার টার্গেটে চলে যেতাম। তার রেনোভেসনের জন্য আমরা অনেক টাকা দিয়েছি। আমাদের মেনটেন্যান্স

ওয়ারকাররা কাজ করে, কিন্তু তারজন্য রেমুনারেশন দাবি করেন না। একজন মাননীয় সদস্য প্রশান্ত শূরকে দোষারোপ করে দিলেন, যেন রাস্তা তিনিই খারাপ করে দিয়েছেন। বছরের পর বছর রাস্তার জন্য বহু টাকা খরচ হয়েছে, কিন্তু রাস্তা তৈরি হয়নি। সেই টাকাগুলি গেল কোথায় তার জবাব তাঁদের দেওয়া উচিত ছিল। কিন্তু তা দিলেন না, উল্টে আমাদের বলছেন। এটা অন্যায় কথা। কাজেই গলাবাজি করে এই জিনিষগুলি ধামাচাপা দিতে পারবেন না। দাস কমিশনের কথা উল্লেখ করা হয়েছে। দাস কমিশনের রিপোর্ট পড়েছি, তাতে বহু কাজের কথা আছে। ইতিমধ্যে তার কিছু কিছু কাজ করবার চেষ্টা করছি। বিভিন্ন রুটে লেডিজ স্পেশাল দিয়েছি যেখানে ভিড় বেশি থাকে। আপনারা জানেন কলকাতায় মহিলারা ট্রামে বাসে যেভাবে যাত্রা করেন এটা দেখলে লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। আমি চেষ্টা করছি আরও বেশি রুটে যেখানে মহিলা যাত্রীরা আছেন সেখানে যাতে লেডিজ স্পেশাল দেওয়া যায়। আমরা যখন সকলের জন্য করতে পারছি না তখন যতটা পারি ততটা করব। লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্টের দৃষ্টিভঙ্গি হচ্ছে এই যে দেশ মাতৃজাতিকে সম্মান দিতে জানে না সেই দেশের সম্মান এবং সংস্কৃতি গড়ে উঠতে পারে না। সেটায় আপনারা অ্যাপ্রিসিয়েশন দিতে পারলেন না। এখানে সমালোচনা করলেন যে আমাদের সরকার হওয়ার পরে আমরা বলেছিলাম যে বাসের ব্রেকডাউন হলে ভাড়া ফেরত দেওয়া হবে। আমাদের এই ঘোষনা করার পিছনে একটা আন্তরিকতা ছিল। আমি এখনও মনে করি যে বাসের ব্রেকডাউন হয়ে গেলে যাত্রীদের কোনও দোষ নেই, তাঁদের ভাড়া কেন ফেরত দেওয়া হবে না। কিন্তু পরে বিভিন্ন মহল থেকে আমাদের কাছে যখন কতকগুলি প্র্যাকটিক্যাল ডিফিকাল্টির কথা তুলে ধরা হল তখন এই সমস্ত কথা বিবেচনা করে আমাদের মনে হল এখনই এটা করা যাচ্ছে না, এখনই করতে গেলে একটু অসুবিধা হবে। সেজন্য পরবর্তীকালে বিবৃতি দিলাম এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত পরে নেওয়া হবে। আমরা এটা ঠিক করেছি যে পরিবহন ব্যবস্থা একটু উন্নত হলে, ব্রেকডাউন যখন কমে যাবে তখন আমরা এই ভাড়া ফেরত দেওয়ার ব্যবস্থার মীমাংসা করব। পার্মানেন্সির প্রশ্ন তুলে ছিলেন যে কেন পার্মানেন্ট ৩ মাসের মধ্যে হল না। আমি বলি ওনার বোধ হয় স্মরণ শক্তি নেই, যখন আমি দ্বিতীয় যুক্ত ফ্রন্ট গভর্নমেন্টের শেষ দিকে কিছুদিন পরিবহন মন্ত্রী হয়েছিলাম তখন এগজিকিউটিভ অর্ডার দিয়েছিলাম যেসমস্ত শ্রমিক কর্মচারী ৩ বছর কাজ করেছেন তাঁদের পার্মানেন্ট বলে গণ্য করতে হবে। তারপর গভর্নমেন্ট ভেঙ্গে গেল, কংগ্রেস গভর্নমেন্ট এল। আমি তাঁদের কাছে দাবি নিয়ে গেলাম যে এটা করে দিন, তাঁরা বললেন যে হ্যাঁ, এটা আমরা দেখছি। তারপর ১৯৭৬ সাল পেরিয়ে গেল, কিন্তু তাঁরা এটা করলেন না। ওঁরা ৭ বছরে করলেন না, এখন সেই প্রশ্নটা তুলে দিয়েছেন। আমি আপনাদের জানিয়ে দিচ্ছি যে আমাদের গভর্নমেন্ট হবার পর আমি প্রথম দিন সেই ফাইল আনিয়েছি, আনিয়ে যা করার তা করে দিয়েছি। কয়েকদিন গেজেট হবার জন্য অপেক্ষা করছে, গেজেট হলে শ্রমিক কর্মচারীরা বুঝে নেবে কারা তাদের জন্য করল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বাজেট বক্তৃতা ওঁরা পড়েছেন কিনা জানিনা, তবে কথা শুনে মনে হল ওঁরা বোধহয় কানেও শোনেননি। মাননীয় সদস্য নীজামুদ্দিন সাহেব বলেছেন এই যে বোনাস দেওয়া হল সেকথা ওঁরা বললেন না।

স্যার, ওঁরা মানুষের উপর অত্যাচার যা করেছিল ইমারজেন্সির সময় আমরা তা ফিরিয়ে দিলাম। ওঁরা প্রশ্ন করেছেন ট্রাম কর্মীরা এই বোনাস কিভাবে এবং কি রেটে পাবে? আমি জানাতে চাই ট্রাম কর্মীরা ১৯৭৪ সালে যে রেটে বোনাস্ পেয়েছিল অর্থাৎ ডিয়ারনেস্ অ্যালাউন্স এবং বেসিক ওয়েজ এই দুটো মিলিয়ে তারা ১ মাসের বোনাস্ পাবে। ১৯৭২ সালের নির্বাচনে কারচুপি, গুন্ডামী এবং মস্তানি করে যে সরকার এখানে প্রতিষ্ঠিত হয়েছিল তাঁদের কাছে পরিবহন কর্মীরা গিয়েছিল তারা কাজে যেতে পারছেনা এই কথা জানাতে। আমরা সরকারে আসার পর সেই যে অন্যায় হয়েছিল তার প্রতিকার করেছি। যারা এতদিনধরে অর্থাৎ ৫ বছর ধরে চাকুরিতে যেতে পারছিলনা, যারা এতদিনধরে নানা রকম দুরবস্থার মধ্যে দিন কাটানো সত্ত্বেও ওঁদের কাছে মাথা নত করেনি আমরা সেই সমস্ত বীর শ্রমিকদের পুনর্বহাল করেছি। আমি মনে করি এটা অতিরিক্ত কিছু করা হয়নি। তাদের উপর যে অত্যাচার হয়েছিল আমরা সেটা দূর করেছি তাই ওঁদের গায়ে জ্বালা হয়েছে। কিন্তু ওঁরা যাদের ঢুকিয়েছিল আমরা কিন্তু তাদের তাড়িয়ে দেইনি। ওঁরা যে সমস্ত লোক ঢুকিয়েছিল সেটাও এস বি এস্ টি সি-র অবস্থা খারাপ হওয়ার একটা কারণ এটা আপনাদের জানিয়ে দিতে চাই। কংগ্রেসিদের কথা শুনে আমার একটা কথাই মনে পড়ছে এবং সেটা হচ্ছে,

یارب وہ نہ سمجھے ہیں نہ سمجھیں گے مری بات
دے اور دل ان کو جو نہ دے مجھ کو زباں اور

অর্থাৎ, ওঁরা আমার কথা বুঝবেনা। আমার ভাষা যদি ওঁরা বুঝতে না পারেন তাহলে হে ভগবান, ওঁদের মনের অবস্থার পরিবর্তন করে দাও এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-30—6-40 p.m.]

## Demand No.12

The motion of Shri Habibur Rahaman that the amount of the Demand be reduced to Re.1, was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi and Shri Naba Kumar Roy that the amount of the Demand be reduced by Rs.100, were then put and lost.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs.45,00,000 be granted for expenditure under Demand No.12, Major Head : "241-Taxes on Vehicles"

(This is inclusive of a total sum of Rs. 23,10,000 already voted on account in March and June, 1997), was then put and agreed to.

**Demand No. 68**

The motion of Shri Shaikh Imajuddin that the amount of the Demand be reduced to Re.1. was then put and lost.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs.29,45,000 be granted for expenditure under Demand No.68, Major Head : "335-Ports, Lighthouses and Shipping".

(This is inclusive of a total sum of Rs 14,73,000 already voted on account in March and June, 1977).

was then put and agreed to.

**Demand No. 69**

The motion of Shri Shaikh Imajuddin that the amount of the Demand be reduced to Re.1. was then put and lost.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs.4,32,000 be granted for expenditure under Demand No.69, Major Head "336-Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs.2,16,000 already voted on account in March and June, 1977).

was then put and agreed to.

**Demand No.71**

The motion of Shri Shaikh Imajuddin that the amount of the Demand be reduced to Re.1/-, was then put and lost.

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced by Rs.100/-. was then put and lost.

The motion of Shri Mohammed Amin that a sum of Rs.20,78,14,000 be granted for expenditure under Demand No.71, Major Heads . "338-Road and Water Transport Services, 538-Capital Outlay on Road and Water Transport Services, and 738-Loans for Road and Water Transport Services".

(This is inclusive of a total sum of Rs.8,64,07,000 already voted on account in March and June, 1977).

was then put and agreed to.

## Demand No.41

Major Heads : 285—Information and Publicity, 485—Capital Outlay on Information and Publicity, and 685—Loans for Information and Publicity.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য, ঃ—**

মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে এই প্রস্তাব করছি যে, ৪১ নং অনুদানের অধীন মুখ্য খাত ২৮৫—তথ্য ও প্রচার খাতে ২,৩৩,০০,০০০ টাকা, '৪৮৫—তথ্য ও প্রচারের জন্য মূলধনী বিনিয়োগ' খাতে ৯,০০,০০০ টাকা এবং '৬৮৫—তথ্য ও প্রচারের জন্য মূলধনী বিনিয়োগ' খাতে ৯,০০,০০০ টাকা এবং '৬৮৫-তথ্য ও প্রচারের জন্য ঋণ' খাতে ১৩,০০,০০০ টাকা ব্যয়ের জন্য মঞ্জুর করা হোক। (এই অর্থ মার্চ ও জুন, ১৯৭৭ মাসে 'অন অ্যাকাউন্ট' ব্যয়বরাদ্দে মঞ্জুরীকৃত '২৮৫—তথ্য ও প্রচার' খাতে ১,০৭,৩৫,০০০ টাকা এবং '৬৮৫—তথ্য ও প্রচারের জন্য ঋণ' খাতে ৬,৫০,০০০ টাকা সমেত।)

সারা দেশে এক বিরাট গণসংগ্রামের ফলশ্রুতিতে ও জনগণের রায়ে এই রাজ্যে বামপন্থী সরকার প্রতিষ্ঠিত হয়েছে। এই সরকারের কার্যাবলী, কর্মসূচি, অভীষ্ট লক্ষ্য সঠিকভাবে জনগণের কাছে আমাদের পৌঁছে দিতে হবে। জনগণের প্রতিক্রিয়া ও মতামতকে সঠিকভাবে আমাদের উপলব্ধি করতে হবে। বর্তমান সরকার যে ৩৬-দফা কার্যসূচি নিয়ে কার্যভার গ্রহণ করেছে সেগুলি রূপায়ণে আমরা বদ্ধপরিকর। তথ্য ও জনসংযোগ বিভাগ এই রূপায়ণের ক্ষেত্রে সর্বস্তরের জনসাধারণের পূর্ণ সহযোগিতা ও বিশ্বাস যাতে অর্জন করতে পারে সেদিকে দৃষ্টি রেখে সমস্ত কর্মসূচি রচনা করার চেষ্টা করছে। বিগত কংগ্রেস সরকারের অপদার্থতা, বাক্ সর্বস্বতা, দলীয় স্বার্থে সরকারি প্রশাসনকে ব্যবহার ও দুর্নীতির একটি নিদর্শন কেন্দ্র ছিল এই বিভাগ। জনগণের থেকে বিচ্ছিন্ন একটি সরকার খেয়াল খুশিমতো সরকারি অর্থের অপচয় ঘটিয়েছে, দলীয় স্বার্থে এই বিভাগকে ব্যবহার করেছে। কংগ্রেসের বিভিন্ন সভা ও সমিতির খরচও জুগিয়েছে এই বিভাগ। অনেক অনাবশ্যক ব্যয় যা কেন্দ্রীয় সরকারের দায়িত্ব তা হাত বাড়িয়ে রাজ্য সরকার কাঁধে নিয়েছে। যেমন, কলকাতায় টেলিভিসনের জন্য সাময়িকভাবে নির্মিত রাধা ফিল্ম স্টুডিওর অধিগ্রহণ। এ সবকিছুর দায়ভার বর্তমান সরকারকে বহন করতে হচ্ছে। এই বিভাগ থেকে পূর্বতন সরকারের দলীয় স্বার্থে প্রশাসনকে ব্যবহার করার যে আবর্জনাগুলি এখনও জমে আছে তা দ্রুত পরিষ্কার ক'রে প্রশাসনের উপযুক্ত মর্যাদায় ফিরিয়ে আনতে আমরা বদ্ধপরিকর।

তথ্য ও জনসংযোগ বিভাগের কাজ গ্রামাঞ্চলে বিশেষভাবে অবহেলিত হয়েছে। দেশের মেহনতী মানুষের বিশেষ ক'রে গ্রামের মানুষের কাছে যে দায়িত্ব রয়েছে তা পালন করা হয় নি। এই রাজ্যের প্রায় তিন-চতুর্থাংশ লোক গ্রামে বাস করেন। এদের মধ্যে অধিকাংশই গ্রামের গরিব। বর্তমান সরকার তথ্য ও জনসংযোগের কাজকে পল্লী অঞ্চলে

প্রসারিত করতে চান। এর মধ্যে মফস্বল জেলার তথ্যকেন্দ্রগুলি পুনর্গঠন করার চেষ্টা হচ্ছে। প্রতিটি তথ্যকেন্দ্রে উপযুক্ত পত্র-পত্রিকা, পাঠ্য-পুস্তকের লাইব্রেরি ও চলচ্চিত্র প্রদর্শনীর শাখাগুলিকে জোরদার করা হচ্ছে। নিয়মিত সাংবাদিক সম্মেলন ও জনসাধারণের সঙ্গে নিবিড় যোগাযোগের জন্য সাংস্কৃতিক কর্মসূচি ও আলোচনা সভার আয়োজন হচ্ছে। প্রতিটি মহকুমায় তথ্যকেন্দ্র স্থাপন করা হবে। ভবিষ্যতে ব্লক স্তরেও তথ্য ও জনসংযোগের কাজকে প্রসারিত করা হবে।

বিভিন্ন জেলা ও মহকুমা শহরগুলিতে টাউন হল ও ঐ ধরনের পাবলিক হল আছে। এগুলি অনেক ক্ষেত্রেই দেশবরেণ্য পূর্বসূরীদের স্মৃতি-বিজড়িত। এগুলি মফস্বলের সাংস্কৃতিক জীবনের কেন্দ্রস্বরূপ। অনেকগুলি হল জরাজীর্ণ অবস্থায় ব্যবহারের অযোগ্য হয়ে আছে। এর কারণ শুধু অর্থাভাব নয়, গ্রামবাংলাকে অবহেলার মনোভাব। আমরা পর্যায়ক্রমে এই হলগুলিকে আর্থিক অনুদান দিয়ে সংস্কারকার্যে সাহায্য করার এক পরিকল্পনা নিয়েছি। এই কর্মসূচি সুস্থ সাংস্কৃতিক জীবন এবং মত প্রকাশের সহায়ক হবে। এর জন্য বর্তমান বৎসরে ৬০,০০০ টাকার ব্যয় মঞ্জুরির প্রস্তাব করা হয়েছে।

গ্রামীণ তথ্যকেন্দ্রকে শক্তিশালী করার লক্ষ্যে দার্জিলিং-এর লোকরঞ্জন শাখাটিকে জোরদার করা হচ্ছে। পশ্চিমবাংলার সমতল অঞ্চলের আদিবাসী জনগণের চাহিদা মেটানোর জন্য একটি আদিবাসী-অধ্যুষিত অঞ্চলে লোকরঞ্জন কেন্দ্র খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ঝাড়গ্রামে এই কেন্দ্রটি স্থাপিত হবে। পশ্চিমবাংলার শিল্পজগতে আসানসোল-রানিগঞ্জের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এখানকার কয়লাখনির শিল্প-শ্রমিকদের জন্য একটি নতুন তথ্যকেন্দ্র তৈরি করার পরিকল্পনা রয়েছে। এখানে একটি প্রদর্শনী কক্ষ, পাঠাগার এবং চলচ্চিত্র ইউনিট থাকবে। এই তথ্যকেন্দ্র কয়লাখনির শ্রমিকদের সাংস্কৃতিক জীবনের চাহিদা খানিকটা মেটাতে সমর্থ হবে।

সরকারের কর্মসূচি ও বক্তব্য প্রচারের একটি গুরুত্বপূর্ণ বিষয় হ'ল বিজ্ঞাপন। পূর্ববর্তী সরকার বিজ্ঞাপন বন্টনের ব্যাপারে রাজনৈতিক কারণে পক্ষপাতমূলক দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিল। সরকার-বিরোধী সংবাদপত্রকে অন্যায়ভাবে সরকারি বিজ্ঞাপন থেকে বঞ্চিত করেছিল। আর সরকারের স্তাবকদের যথেচ্ছ বিজ্ঞাপন দেওয়া হয়েছিল। আমরা এই নীতি সম্পূর্ণ পরিবর্তন করছি। সংবাদপত্রের কণ্ঠ রোধ ক'রে তাকে সরকারের সুরে সুর মেলানোর নীতিতে আমরা বিশ্বাস করি না। সরকারের কার্যাবলীর গঠনমূলক সমালোচনাকে আমরা স্বাগত জানাই এবং বিজ্ঞাপনকে সরকারি চাপ হিসাবে ব্যবহার করার নীতিকে সম্পূর্ণ বিরোধিতা করি। এই প্রসঙ্গে বলতে চাই, ক্ষুদ্র সংবাদপত্রগুলি বিশেষত মফস্বল জেলার পত্রিকাগুলি দেশের রাজনৈতিক সাংস্কৃতিক জীবনের একটি অচ্ছেদ্য অঙ্গ। সেগুলিকে প্রয়োজনীয় বিজ্ঞাপন দেওয়া থেকে বঞ্চিত করা হয়েছিল। আমরা এই নীতির পরিবর্তন করেছি। এই বাবদ অর্থের বরাদ্দও বাড়িয়েছি। সাংবাদিকদের বিভিন্ন সমস্যা সম্পর্কে এই সরকার ওয়াকিবহাল। কয়েকটি আশু সমস্যার সমাধানের জন্য আমরা অনতিবিলম্বে উদ্যোগ নেব।

রেডিও এবং টেলিভিশন প্রচারের গুরুত্বপূর্ণ মাধ্যম। এই মাধ্যমকে আরও প্রসারিত করার জন্য রাজ্য সরকারের যে দায়িত্ব তা আমরা পালন করব। ঐগুলি পরিচালনার প্রশ্নে আমাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের বন্ধুত্বপূর্ণ আলাপ-আলোচনাও শুরু হয়েছে। নতুন সরকার প্রতিষ্ঠিত হবার পর সরকারের বিভিন্ন ভাষায় প্রকাশিত পত্রিকাগুলির প্রচার-সংখ্যাও দ্রুত বৃদ্ধি পাচ্ছে।

সরকারের সঙ্গে জনসাধারনের নিবিড় যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ বাধা হ'ল ভাষা সমস্যা। গণ উদ্যোগে বিশ্বাসী সরকারকে যদি জনগণের স্বার্থে আন্তরিকতার সঙ্গে কাজ করতে হয়, যদি প্রশাসনকে গণমুখী ক'রে তুলতে হয় তা হ'লে অবশ্যই মাতৃভাষার মাধ্যমে জনগণের কাছে পৌঁছাতে হবে। এই বিভাগের কাজকর্মকে সর্বস্তরে মাতৃভাষার মাধ্যমে পরিচালনা করার জন্য পরিকল্পিত উদ্যোগ নেওয়া হয়েছে।

এই রাজ্যের সিনেমা শিল্পের গুরুতর সমস্যা সম্পর্কে আমরা আলোচনা শুরু করেছি। পশ্চিমবাংলার চলচ্চিত্র শিল্পের উৎকর্ষের জন্য আমরা একদিকে যেমন গর্বিত অপরদিকে এই শিল্পের গভীর সঙ্কটের জন্য স্বভাবতই আমরা উদ্বিগ্ন। একটা মুনাফাবাজ ও ফাটকাবাজদের চক্র এই রাজ্যের চলচ্চিত্রে নিয়োজিত অর্থকে আত্মসাৎ করছে। গোটা শিল্পটিকেই বিপদের মুখে ঠেলে দিচ্ছে। চলচ্চিত্রে অর্থ লগ্নির সমস্যা, চলচ্চিত্র মুক্তির সমস্যা, কালোটাকার বেপরোয়া চাপ, স্টুডিও ও কলাকুশলীদের নিদারুণ দুর্দশা, সিনেমা হলের সমস্যা, সর্বোপরি চলচ্চিত্রের মধ্যে চূড়ান্ত অবক্ষয় ও জীবনবিরোধী বক্তব্যের কুৎসিত আস্ফালন এক বিপুল সমস্যার সৃষ্টি করেছে। আমরা সমস্ত সমস্যাগুলিকে বাস্তবতার উপর দাঁড়িয়ে বিচার করছি। বিগত সরকারের পরিকল্পনাগুলিকে পুনর্মূল্যায়ন করছি এবং বর্তমান সরকারের মূল কর্মসূচির ভিত্তিতে একটি নীতি নির্ধারনের জন্য উদ্যোগ নিয়েছি। বলা বাহুল্য যে, শুধু সরকারি উদ্যোগই যথেষ্ট নয়। চলচ্চিত্র শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিক-কর্মচারী, কলাকুশলী, অভিনেতা, প্রযোজক, পরিচালক ও জনসাধারনের সক্রিয় সমর্থনের ভিত্তিতেই আমরা চলচ্চিত্র শিল্পের স্বার্থকে ও শিল্পমানকে রক্ষা করতে যা করনীয় তা করব।

[6-40—6-50 p.m.]

আমাদের মতো দেশ যেখানে শতকরা ৭০ জন লোক অক্ষরজ্ঞানশূন্য সেখানে সরকার-নির্মিত তথ্যচিত্রের সামাজিক গুরুত্ব অপরিসীম। এটি একাধারে শিক্ষা ও তথ্য প্রচারের হাতিয়ার। বিগত সরকার গতানুগতিক কায়দায় কিছু প্রাণহীন তথ্যচিত্র তৈরি ক'রে প্রচুর অর্থ ব্যয় করেছে। সেখানে দলীয় রাজনীতিও প্রচার করা হয়েছে। বর্তমান সরকার পশ্চিম বঙ্গের বিভিন্ন স্তরের খেটে-খাওয়া মানুষের জীবন নিয়ে, এই রাজ্যের আর্থিক, সামাজিক, বাস্তবতা নিয়ে, শিশু ও কিশোরদের জন্য মানসিক উন্নতির লক্ষ্য নিয়ে তথ্যনিষ্ঠ স্বল্প দৈর্ঘের ছবি তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে। যাতে প্রকৃত তথ্যচিত্র নির্মাতারা এবং এই শিল্পের সাথে সংশ্লিষ্ট কলাকুশলীরাই এই তথ্যচিত্র নির্মানের কাজ পান সেদিকে দৃষ্টি রেখে প্যানেল তৈরি করা হচ্ছে।

এ শিল্পে যুক্ত কলাকুশলীদের অবস্থা হচ্ছে সবচেয়ে শোচনীয়। কাজের অভাব একটা প্রধান সমস্যা। দুঃস্থ কলাকুশলীদের একটি উৎসাহ-প্রদানকারী পরিকল্পনা নেওয়া হয়েছে। এজন্য বর্তমান আর্থিক বছরে এক লক্ষ টাকা ব্যয় মঞ্জুরির প্রস্তাব করা হয়েছে। প্রযোজক, কলাকুশলী এবং স্টুডিওগুলিকে সাহায্যের জন্য ১৩,০০,০০০ টাকা ঋণ দেওয়ার প্রস্তাব করা হয়েছে।

পশ্চিমবঙ্গে রঙিন চলচ্চিত্র পরিস্ফুটনের কোনও ব্যবস্থা নেই। এর ফলে এই রাজ্যের চলচ্চিত্রকে একটি অসম প্রতিযোগিতার মধ্য দিয়ে চলতে হচ্ছে। এই কারণেও খানিকটা এই রাজ্যের চলচ্চিত্রকে ব্যবসায়িক ক্ষেত্রে অন্য রাজ্য থেকে পিছিয়ে পড়তে হয়েছে। এই অসুবিধা দুর করার জন্য কলকাতায় একটি রঙিন চলচ্চিত্র পরিস্ফুটনাগার স্থাপন করার প্রস্তাব আছে। কাজ আরম্ভ করার জন্য এই আর্থিক বছরে পাচ লক্ষ টাকার ব্যয় মঞ্জুরিরও প্রস্তাব করা হয়েছে।

তথ্য ও জনসংযোগ বিভাগের অন্যতম একটা গুরুত্বপূর্ণ কাজ হ'ল সাংস্কৃতিক কর্মসূচি। সংস্কৃতি হচ্ছে আর্থিক ও সামাজিক জগতের প্রতিফলন যে মুষ্টিমেয় কায়েমী স্বার্থ ও তার রাজনৈতিক প্রতিনিধি কংগ্রেস দল এই রাজ্যে আর্থিক পরিস্থিতিকে বিপর্যয়ের মুখে ঠেলে দিয়েছে তারা সাংস্কৃতিক জগৎকেও ক'রে গেছে কলুষিত। রাজনৈতিক ক্ষেত্রে যেমন স্বৈরতন্ত্র ও সন্ত্রাসের তান্ডব সমস্ত শুভবুদ্ধিকে পদদলিত করতে চেয়েছে ঠিক তারই পাশাপাশি সাংস্কৃতিক জগতেও সৃষ্টি করা হয়েছে এক বিষাক্ত পরিমন্ডল। চলচ্চিত্রে, নাটকে, যাত্রায়, গল্প-উপন্যাসে, পত্র-পত্রিকায় এর অজস্র প্রমাণ মিলবে। এই কুৎসিত সাংস্কৃতিক পরিবেশের সাহায্যে গোটা সমাজকে বিশেষত যুব সমাজকে অধঃপতিত ক'রে আদর্শহীনতার পথে ঠেলে দেবার চেষ্টা হয়েছে। এর সঙ্গে সমস্তরকম সমাজবিরোধী প্রবনতা, উচ্ছৃঙ্খলতা, সংকীর্ণ আঞ্চলিকতা, সাম্প্রদায়িকতা, প্রদেশিকতাকে উস্কানি দেওয়া হয়েছে। এর উদ্দেশ্য হল শ্রমজীবী মানুষের স্বার্থবাহী সুস্থ সাংস্কৃতিক চেতনাকে আচ্ছন্ন করে দিয়ে কায়েমী স্বার্থের বিরুদ্ধে জনগণের আন্দোলনকে বিভ্রান্ত ও বিপর্যস্ত করা। এই অপ-সংস্কৃতির জোয়ারকে প্রতিহত করে জাতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল, গণতান্ত্রিক ও প্রগতিশীল সুস্থ সংস্কৃতিকে প্রতিষ্ঠিত করার কাজে এই বিভাগ সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যাবে। এই কাজে সমস্ত শুভবুদ্ধিসম্পন্ন শিল্পী, সাহিত্যিক ও বুদ্ধিজীবীদের সহযোগিতার হাত প্রসারিত করার আহ্বান জানাই।

বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন বিশেষত নাট্যগোষ্ঠীগুলির আর্থিক সমস্যা, মঞ্চের সমস্যা সহ বহুবিধ সমস্যায় জর্জরিত। আমরা সাধ্যমত এগুলি সমাধানের চেষ্টা করব। বিপুল জনপ্রিয় যাত্রাশিল্পের বিকাশের জন্য আমরা উদ্যোগ নিয়েছি। রঙ্গমঞ্চের সমস্যা সমস্ত নাট্যগোষ্ঠীর সমস্যা। আমরা যৌথ আলোচনার ভিত্তিতে পথ বার করব।

কলকাতা তথ্যকেন্দ্রের জন্য এবছরের পরিকল্পনা খাতে ৭.৫০ লক্ষ টাকা ধার্য করা হয়েছে। এ কাজ সম্পূর্ণ হলে এই কেন্দ্রটির প্রেক্ষাগৃহটি অভিনয় ও সভা-সমিতি অনুষ্ঠানের পক্ষে বিশেষত গ্রুপ থিয়েটার গোষ্ঠীগুলির ও ফিল্ম সোসাইটির একটি দীর্ঘকালীন অভাব

খানিকটা দূর করবে।

কর্মরত এবং অবসরপ্রাপ্ত দুঃস্থ শিল্পী ও কলাকুশলীদের সাহায্যের জন্য একটি পরিকল্পনা এই বিভাগের বিবেচনাধীন আছে।

বহুদিনের অবহেলিত জাতীয় নাট্যশালার প্রতিষ্ঠার একটা উদ্যোগ আমরা নেব। এই নাট্যশালা রাজ্যের সর্বস্তরের জনগণের বিশেষ ক'রে সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট সকলের উন্নতির জন্য সক্রিয় উদ্যোগে গড়ে ওঠা সম্ভব। রাজ্য সরকার তার প্রয়োজনীয় দায়িত্ব পালন করতে প্রস্তুত। এ বছরে আমরা এই খাতে চার লক্ষ টাকা ব্যয় মঞ্জুরির প্রস্তাব করছি।

দুর্ভাগ্যের কথা পশ্চিমবাংলার লোকসংস্কৃতি সম্পদগুলি ভীষন অবহেলিত অবস্থায় নিজেদের অস্তিত্বকে হারাতে বসেছে। রাজ্য সরকার এই গুরুত্বপূর্ণ সংস্কৃতির ধারাটিকে উদ্ধার ও পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেবে। এই প্রশ্নেও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা আমাদের কাম্য।

তথ্য ও জনসংযোগ বিভাগকে পূর্বতন সরকারের বাগাড়ম্বর, দলীয় স্বার্থে ব্যবহার ও মিথ্যা প্রচারের কলঙ্কজনক অধ্যায় থেকে আমরা মুক্ত করবোই। প্রচারকে আমরা সত্যের মর্যাদায় প্রতিষ্ঠা করব। সামাজিক বাস্তবতাই হবে তাহাদের দৃষ্টিভঙ্গি। এই রাজ্যের জনগণ বিশেষত খেটে-খাওয়া মানুষের জীবনস্বার্থই হবে আমাদের স্বার্থ।

এই বলে উল্লেখিত প্রস্তাব ও কর্মসূচিগুলির বাস্তব রূপায়ণের জন্য যে অর্থ চাওয়া হয়েছে তা মঞ্জুর করার জন্য সভার কাছে আবেদন জানাই।

**Mr. Deputy Speaker :** The cut motion is in order and taken as moved.

**Shri Rajani Kanta Doloi :** Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

**শ্রী হরিপদ ভারতী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই মাত্র সভায় মাননীয় তথ্য ও প্রচারমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন আমি জনতা পার্টির পক্ষ থেকে তাকে সমর্থন জানাতে দাঁড়িয়েছি! কিন্তু সঙ্গে সঙ্গে আমি প্রসঙ্গত কিছু বক্তব্য মাননীয় তথ্য এবং প্রচারমন্ত্রীর উদ্দেশ্যে নিবেদন করতে চাইব এই আশায় তিনি যদি আমার বক্তব্যের আলোকে যদি নূতন কোনও চিন্তার প্রয়োজন বোধ করেন এবং ব্যয় বরাদ্দের পুনর্বিন্যাসের কোনও সুযোগ গ্রহণ করতে চান। নিঃসন্দেহে তিনি অকুণ্ঠচিত্তে তা করবেন। মাননীয় তথ্য ও প্রচারমন্ত্রী অনেক শুভ প্রচেষ্টার কথা আমাদের কাছে বলেছেন। তিনি তাঁর তথ্য ও প্রচার যন্ত্রকে সমস্ত পশ্চিমবাংলায় ছড়িয়ে দিতে চেয়েছেন, বিশেষ করে গ্রামাঞ্চলের দিকে দৃষ্টি দিয়েছেন, গ্রামের মানুষকে তথ্য প্রচার করতে চেয়েছেন, গ্রামবাংলার কথা সবাইকে শোনাতে চেয়েছেন এবং বিশেষ করে শিল্পাঞ্চলের মানুষের মধ্যে তথ্যকেন্দ্রের মাধ্যমে নূতন সরকারের

নূতন বানী বহন করবেন, তাদের অধিকতর সক্রিয় করতে চেয়েছেন, উদ্দীপ্ত করতে চেয়েছেন। নিঃসন্দেহে তিনি অনেক শুভ পরিকল্পনা আমাদের সামনে রেখেছেন যারজন্য আমি তাঁকে আন্তরিক সাধুবাদ জানাব। কিন্তু সঙ্গে সঙ্গে তাঁকে স্মরণ করিয়ে দেব একটি কথা যদিও তাঁর দপ্তর আপাতদৃষ্টিতে একটা নিরীহ দপ্তর, কিন্তু বস্তুত বিস্ফোরক শক্তি সম্পন্ন দপ্তর। যদি এই দপ্তরের যথেষ্ট সুষ্ঠ প্রয়োগ তিনি করতে পারেন নিঃসন্দেহে তিনি কল্যাণ করবেন দেশের, দেশের মানুষের। কিন্তু শুভ প্রচেষ্টা সত্ত্বেও কার্যকালে যদি এর ব্যবহারে তিনি যদি যথোচিতভাবে পরিচালিত না করেন তাহলে অতীতের ইতিহাসের পুনরাবৃত্তি ঘটবে। নূতনতর অধ্যায় রচিত হওয়ার সম্ভাবনা তার মধ্যে মূর্ত হয়ে উঠবে বলে আমি মনে করি না। এই তথ্য ও প্রচার যন্ত্রের নিঃসন্দেহে প্রাণকেন্দ্র হচ্ছে সত্য ভাষণ, নিরপেক্ষতা। স্বাধীন ভারতবর্ষ যেদিন শুভযাত্রা শুরু করেছিল সেদিন নিঃসন্দেহে আমাদের ললাটে একটা মহাবানী আমরা অঙ্কিত করেছিলাম- সত্যমেব জয়তে। কিন্তু এই ৩০ বছরে যদি সবচাইতে বেশি আহত হয়ে থাকে, মাঝে মাঝে নিহত হয়ে থাকে তো তা ওই সত্য। সত্য প্রচার সরকারি যন্ত্র করে নি। সরকারি যন্ত্রের মাধ্যমে সরকারের পক্ষ থেকে বারবার মিথ্যা কথা বলা হয়েছে। মিথ্যা, নির্জলা মিথ্যাজালকে সত্য বলে চালাবার চেষ্টা হয়েছে। অতীতে এমনভাবে মানসিক ক্রিয়া সৃষ্টি করেছে তারা যে সাধারণ মানুষ সরকারি প্রচার যন্ত্রকে মিথ্যা ভাষণের যন্ত্ররূপে পরিলক্ষিত করেছে। কখনও সত্যাশ্রয়ী তারা হতে পারে নি, কোনও চিন্তা সে সম্পর্কে তাদের মনে হতে পারে নি। আজকে মাননীয় প্রচার ও তথ্যমন্ত্রীর কাছে আমি আবেদন করব তিনি যেকথা এখানে বলছেন তা যেন কার্যে পরিণত করেন। তার প্রচারযন্ত্র যেন সত্যাশ্রয়ী হয়, সত্যনিষ্ঠ হয়। সত্য সংবাদ সংগ্রহ করে সত্য সংবাদ পরিবেশন করবার চেষ্টা যেন তিনি করেন। সত্য বটে এই যন্ত্রবাহী দপ্তরের মধ্য দিয়ে একটি সরকার তার রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, তাঁর আদর্শগত তত্ত্ব, তার সমাজ সচেতনাকে প্রকাশ করবার চেষ্টা করা। নিঃসন্দেহে বামপন্থী সরকার সে কর্তব্য পালন করবেন। আমি নিঃসন্দেহে তার মধ্যে বাধা সৃষ্টি করার কারণ খুঁজে পাব না। কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলব তিনি স্মরণে রাখবেন ভারতবর্ষে গণতন্ত্র এবং গণতন্ত্রে ভিন্ন পথের ও মতের সংগম হয়ে থাকে। নানাভাবে বৈচিত্র এই গণতন্ত্রে, বৈশিষ্ট্য ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি এবং এটা যদি তার দপ্তরের মধ্যে প্রতিফলিত না হয় তাহলে নিঃসন্দেহে তার সমস্ত শুভ প্রয়াস সত্ত্বেও তার দপ্তরের ক্রিয়াকলাপে আমরা উদ্বুদ্ধ বোধ করতে পারবো না। আমরা ৩০ বছর দেখেছি সত্যমেব জয়তে বলা সত্ত্বেও এই যে প্রচারযন্ত্র, সরকারি প্রচারযন্ত্র কিভাবে দিনের পর দিন শাসক দলের জয় ঘোষনা করেছে। তাদের পক্ষে কথা বলেছে। অন্য মতের ও পথের সমস্ত রকম প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। তাদের কথা কখনও জনতার সামনে পৌঁছে দেবার কোনও দায়িত্ব বহন করে নি। একটা এমন সময় উপস্থিত হয়েছিল যে সাধারণ মানুষ অল ইন্ডিয়া রেডিওকে অল ইন্দিরা রেডিও বলতে শুরু করেছিল। এমনিভাবে দিন আমরা পার হয়ে আমরা নূতন দিনে উপস্থিত হয়েছি। আজকে কেন্দ্রে যে সরকার তার যিনি তথ্য ও বেতারমন্ত্রী শ্রী আদবানী তিনি নিশ্চয় বাংলাদেশের তথ্য ও বেতারমন্ত্রীর কাছে একটি আদর্শমন্ত্রী হিসাবে পরিগণিত হতে পারেন।

[6-50—7-00 p.m.]

তিনি একটি যুগান্তকারী অধ্যায় সূচনা করেছেন। প্রচার যন্ত্রের মাধ্যমে সরকারি বক্তব্য কেবলমাত্র প্রচার করা নয় সমস্ত মতের সমস্ত পথের মানুষের বক্তব্যকে অতি সোচ্চারে আজকে আকাশবাণীতে প্রচার করতে চলেছেন। তা নিশ্চয়ই মাননীয় তথ্য প্রচার মন্ত্রী লক্ষ্য করেছেন। গত নির্বাচনের পরিপ্রেক্ষিতে ভিন্ন ভিন্ন মানুষের মত যেভাবে প্রচারিত হয়েছে সেই তুলনায় যে সরকার আজকে কেন্দ্রে প্রতিষ্ঠিত তারা অনেক কম সুযোগ গ্রহণ করেছে। অনেক বেশি সুযোগ প্রতিদ্বন্দ্বীদের বিভিন্ন মতবিলম্বী লোকদের দিয়ে যে আদর্শ সূচনা করেছে আমি আশা করব সেই আদর্শ অনুসরন করবার চেষ্টা পশ্চিমবাংলার মাননীয় তথ্য ও প্রচার মন্ত্রী করবেন। সঙ্গে সঙ্গে আজকে তাঁকে স্মরণ করিয়ে দেব তিনি নিজে বলেছেন যে গ্রাম বাংলার দিকে একটু বেশি দৃষ্টি দেবেন। গ্রামে তথ্য কেন্দ্র স্থাপন করবেন, গ্রামের মানুষদের কথা বলবার জন্য গ্রামের বিভিন্ন অঞ্চলে যেসব পত্র পত্রিকা রয়েছে তার দিকে তিনি পৃষ্ঠপোষকতার হস্ত প্রসারিত করবেন। এই প্রসঙ্গে বিজ্ঞাপনের কথা ওঠে। আরও সরকারি বিজ্ঞাপন না পেলে নিঃসন্দেহে আজকের দিনে কোনও সংবাদপত্র সে সাময়িক হোক দৈনন্দিন হোক, তার কার্য পরিচালনা করতে পারবে না এবং সেই প্রসঙ্গে দলীয় মনোভাবপন্ন পত্র পত্রিকার প্রতি এইভাবে সরকারি বদান্যতার কথা তিনি বলেছেন। এবং এই পথ পরিত্যাগ করবেন বলে তিনি আমাদের আশান্বিত করেছেন। সেইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও তাঁকে বলি কোনও কোনও পত্রিকা কোনও কোনও সংবাদপত্র যদি মাননীয় মন্ত্রীর মনঃপুত কাজ না করে তাঁর সুরে সুর না মেলায় তার মতাদর্শ প্রচার না করে নিরপেক্ষতার কথা বললেও কার্যকালে তিনি যেন আজকের কথাটা বিস্মিত হয়ে ওদের প্রতি আবার করুণা পরবশ না হয়ে যেন কঠোর মনোভাব গ্রহণ না করেন। তিনি যেন বিজ্ঞাপনের প্রসার থেকে তাঁদের বঞ্চিত না করেন, এই কথা আমি বলব। কারণ আমাদের অভিজ্ঞতা নানাভাবে আমাদের সতর্ক করে দেয় যে বলবার সময় যত নিরপেক্ষভাবে কথা বলি কার্যকালে আমরা ততটা নিরপেক্ষ থাকতে পারি না। তাই আমি আশা করব যাতে সরকারি বিজ্ঞাপন দিয়ে তাদের অবস্থার উন্নতি করতে পারেন সেদিকে একটু কৃপাদৃষ্টি করবেন। মফস্বল গ্রামে গঞ্জে যে বিভিন্ন পত্র পত্রিকা আছে যারা এতকাল সাহায্য থেকে বঞ্চিত ছিল, সরকারি দৃষ্টি তাদের দিকে কখন পড়েনি, তাদের দিকে আপনি দৃষ্টি দেবেন। এবং তাদের সাহায্য দিয়ে গ্রামের কথাকে আমাদের সামনে উপস্থিত করবার সুযোগ আপনি করে দেবেন। এই কলকাতা মহানগরীতে এবং বিভিন্ন শহরে যেসব সংবাদপত্র আছে নিঃসন্দেহে তাদের গ্রামের কথা বলবার ইচ্ছা থাকলেও সুযোগ নাই সব কথা বলবার। তাদের আন্তর্জাতিক সংবাদ পরিবেশন করতে হয়, সর্বভারতীয় সংবাদ পরিবেশন করতে হয় তার পর কলিকাতা মহানগরীর কথা, বিধানসভার ও বিভিন্ন রাজনৈতিক বক্তব্য বিভিন্ন মাননীয় মন্ত্রীদের বক্তব্য প্রকাশিত করবার পর গ্রাম বাংলার সম্বন্ধে লেখবার মতো স্থান সেখানে থাকে না। কিন্তু তাদের কথা বলবার জন্য বিশেষ করে যে সমস্ত পত্র পত্রিকা আত্মপ্রকাশ করেছে সেই সব পত্রিকার দিকে উনি নিশ্চয় নজর দেবেন তাদের বিজ্ঞাপন দেবেন সরকারি পৃষ্ঠপোষকতা প্রদান করে তাদের সক্রিয় হবার

সুযোগ দেবেন। তিনি একথা যা বলেছেন আমি আবার সেইগুলি নূতনরূপে তাঁরই বক্তব্য তাঁর সামনে উপস্থিত করবার চেষ্টা করছি। এই প্রসঙ্গে মাননীয় তথ্য ও প্রচার মন্ত্রী আমাদের কাছে অপসংস্কৃতির কথা বলেছেন। আমি তাঁর সঙ্গে সম্পূর্ণ একমত- আজকে অপসংস্কৃতির বীভৎস রূপ আমরা মাঝে মাঝে দেখি। মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কিনা জানিনা, তিনি রঙ্গমঞ্চে যান কিনা আমার জানা নেই, কিন্তু আমাদের মাঝে মাঝে রঙ্গমঞ্চে যাবার জন্য আমন্ত্রিত হতে হয়। প্রতিটি রঙ্গমঞ্চে যে ধরনের ড্যান্স ক্লাবে একটি দৃশ্য থাকে, একের পর এক দৃশ্য অবতারণা করা হয়, এই সংস্কৃতি কোন জাতের সংস্কৃতি বলে যদি আমাকে প্রশ্ন করা হয় নিঃসন্দেহে ব্যক্ত করতে হবে এই জিনিস যুবসমাজকে ধ্বংসের পথে টেনে নিয়ে ফেলেছে এবং নিচ প্রবৃত্তি এমন ভাবে উত্তেজিত করে তাদের কাছে থেকে অর্থ আদায় করবার একটা অপকৌশল ছাড়া এটা আর কিছুই নয়। নিঃসন্দেহে সভ্য সমাজের রুচি এটা বন্ধ করা। নাট্যের সঙ্গে কোনও সম্পর্ক নেই, নাটকের সঙ্গে আদৌ তার কোনও সম্পর্ক নেই, নাটকীয়তার দৃশ্যের দিক থেকে তার কোনও গুরুত্ব নেই, তথাপি এই দৃশ্যগুলি অবতারণা করা হয় কেবলমাত্র জনতাকে আকর্ষণ করার জন্য। এই আকর্ষণীয় শক্তিকে আপনি নিশ্চয় পর্যুদস্ত করবেন। কারণ এই আকর্ষণ শক্তি কল্যাণ শক্তি নয়, এরদ্বারা জাতি সমাজ কলুষিত হচ্ছে। আপনি আজকে এই পদক্ষেপ গ্রহণ করবার কথা আমাদের সামনে উচ্চারণ করেছেন আমি নিশ্চয় আপনাকে স্বাগত জানাব। কিন্তু এই প্রসঙ্গে আমি আপনার কাছে প্রশ্নের আকারে একটি আবেদন রাখব, আপনার যেসমস্ত লোকরঞ্জন শাখা আছে তার মাধ্যমে আপনি নিঃসন্দেহে মানুষের সামনে আনন্দ, চিত্ত বিনোদনের ব্যবস্থা করতে চান এবং আমাদের দেশের সংস্কৃতি আমাদের দেশের সর্বপ্রকার সাধারণ আনন্দ বিতরণের যেসমস্ত পন্থা তাকে উপস্থিত করতে চাইছেন এই কথা সত্য এবং আপনি লোকরঞ্জন শাখাকে আরও প্রসারিত করে দিতে চাইছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিই। কিন্তু সঙ্গে সঙ্গে অপসংস্কৃতি রোধ করবার কথা যখন বলছেন আর আপনার অধীনে লোকরঞ্জন শাখা যখন শুনছি শ্রীরামকৃষ্ণ নৃত্য নাট্য বন্ধ হয়ে গেছে, রবীন্দ্রনাথের চণ্ডালিকা নৃত্য নাট্য বন্ধ হয়ে গেছে তখন আমাদের মনে প্রশ্ন জাগে, সংশয় জাগে, অকপটে আপনার কাছে প্রশ্ন রাখছি আস্থায় যে আপনি আমার প্রশ্নের সদুত্তর দেবেন, অন্তত আমাকে আশান্বিত করবেন যে সাধারণ মানুষের মনে আজকে যে সন্দেহ দেখা দিয়েছে, যে আশঙ্কা দেখা দিয়েছে সেই সন্দেহ, আশঙ্কা অমূলক, এটা প্রমান করে দেবেন। শ্রীরামকৃষ্ণের অভিনয় বন্ধ করে দিয়ে, শ্রীরামকৃষ্ণের মতো মানুষের জীবন, তাঁর মতো পবিত্রতার প্রতীক সর্ব ধর্ম সমন্বয়ের মহান ত্রাতাকে আজকে পরিবেশন করাটা কর্তব্য বলে মনে না করেন, তাঁর মধ্যে যদি কোনও প্রতিক্রিয়াশীল সংস্কৃতির পরিচয় আপনি পান, তাতে শ্রীরামকৃষ্ণের কোনও ক্ষতি হবে না, আপনি মন্ত্রী মহোদয় আপনার সমস্ত প্রয়াস সত্ত্বেও শ্রীরামকৃষ্ণ থাকবেন কোটি কোটি মানুষের মনে শ্রদ্ধার আসন অলংকৃত করে, তিনি চিরজীবী হবেন। আর আপনি হয়ত আপনার কৃত কর্মের জন্য লজ্জা পাবেন ভবিষ্যতে। তাই আমি আপনাকে বলছি বাঙালি জাতি, বাংলাদেশ, বাংলা সরকারকে সেই লজ্জার হাত থেকে রক্ষা করবার জন্য আপনি শ্রীরামকৃষ্ণের অভিনয়, তাঁর সেই গুনানুকীর্তন আবার প্রবর্তনের ব্যবস্থা করুন। আমি আপনার বিবৃতিতে দেখেছি আপনি শ্রীরামকৃষ্ণ বন্ধ করতে চান কি

কিন্তু শ্রীরামকৃষ্ণের অভিনয় যিনি করতেন তিনি নাকি কোনও বিশিষ্ট যাত্রাদলে গিয়ে উপস্থিত হয়েছেন, তাই শ্রীরামকৃষ্ণের অভিনয় করবার মতো লোকের অভাবে আপনি বন্ধ করে দিয়েছেন। আমি আশা করি, কামনা করি আপনার বিবৃতি সত্য হোক। কিন্তু সঙ্গে সঙ্গে আপনার কাছে আবেদন করি সারা বাংলাদেশ জুড়ে শ্রীরামকৃষ্ণ অভিনয় করবার মতো লোক যদি সরকার না পান, তাহলে আমি সরকারের কর্ম চাঞ্চল্যকে শ্রদ্ধা জানাতে পারব না, নিশ্চয় আপনারা চেষ্টা করলে পারেন। রবীন্দ্রনাথের চন্ডালিকা বন্ধ করে দিয়েছেন। একি অপসংস্কৃতির জন্য? আমরা আসব, যাব, আমাদের অবিমিশ্রকারিতা হয়ত কিছুদিনের জন্য থাকবে মানুষের মনে। কিন্তু রবীন্দ্রনাথ চিরকাল থাকবেন। তাঁকে বুর্জোয়াই বলুন আর অপসংস্কৃতির প্রতীকই বলুন, তাতে তাঁর কোনও ক্ষতি হবে না। এমন আকাশ কোনওদিন আসবে না, যে আকাশে সূর্য্যোকরোজ্জ্বল পরিমন্ডল থাকবে না। এমন দিন আসবে না যে দিন রবীন্দ্রনাথের চিন্তা আমাদের অন্তর বন্দরকে আলোকিত করবে না। তাঁরই পদতলে আশ্রিত ধূলিকনা নিক্ষেপ করে যদি আমরা মনে করি সূর্যকে আচ্ছন্ন করে দেব তাহলে সূর্য আচ্ছন্ন হবে না, তাতে কিন্তু নিজের মস্তকই ধূলি ধূসরিত হবে। আমাদের দ্বারা যেন এই কাজ না হয়, আপনার কাছে এই আবেদন করে যাব আমার এই বক্তৃতার মধ্য দিয়ে। আপনি চলচিত্র জীবন বিরোধী বক্তৃতা রেখেছেন, জীবনমুখী চলচিত্র করবার জন্য পৃষ্ঠপোষকতা দিন, আমাদের আপত্তি নেই, আমরা স্বাগত জানাব। কিন্তু সব জীবন বিমুখী বলে এমন ভাবে চিহ্নিত করে সমস্ত সুস্থ চিত্ত, যা আপনার আদর্শ প্রচারের সহায়ক হচ্ছে না, আপনাদের মতবাদ প্রচারের বাহন হতে পারছে না, এই অপবাদে যদি চলচিত্রকে এমনি করে বাতিল করে দিতে চান তাহলে চলচিত্র প্রসার সম্ভব হবে না। আর যাই বলুন চলচিত্র কোনও তত্ত্ব নয়, এটা একটা শিল্প। এই শিল্পের জন্য কিছু আর্থিক লেনদেনের প্রশ্ন থাকে, উপার্জনের প্রশ্ন থাকে, সাধারণ মানুষকে আকর্ষণ করবার প্রশ্ন থাকে। সাধারণ মানুষ কেউ গ্রহণ করলেন না, আর উচ্চ চিন্তা, উচ্চ স্তরের মহানুভব কোনও চলচিত্র তৈরি করলেন, কালাতীত, যুগাতীত কোনও ধর্মে ভূষিত করলেন, কিন্তু বাজারে কাটল না, ছবি কাটল উই এ দিন কতক বাদে। এর দ্বারা আর যাই হোক, বাংলা চলচিত্রের সঙ্গে বম্বের চলচিত্রের প্রতিদ্বন্দ্বিতার মাঝখানে কেবলমাত্র কালার্ড ফিল্ম ল্যাবরেটরি করে বাঁচাতে পারবেন না। আমি সেইজন্য আপনার কাছে এই আবেদন রাখব যে, আপনি সুস্থ, জীবনমুখী চলচিত্রকে পৃষ্ঠপোষকতা প্রমাণ করুন কিন্তু তত্ত্বেও মিলছে না বলে কোনও চলচিত্রকে বাতিল করে দেবেন না। যে আশঙ্কা অনেকের মনে দেখা দিচ্ছে- সঙ্গে সঙ্গে বলব, অতীতে অনেক চলচিত্রকে সরকার সাহায্য করেছেন যেগুলি সাহায্য পাবার যোগ্য ছিল না। আপনার [illegible] থেকে নিশ্চয় কোনও অযোগ্য চলচিত্র পুরস্কার পাবে এ আশা আমরা করব না তবে এই প্রসঙ্গে আপনাকে বলব, আপনার এই দপ্তর যেন জনজীবনের সত্যিকারের পরিপূর্ণ প্রতিচ্ছবি হয়ে [illegible] কারণ অতীতে আমরা দেখেছি এবং হয়ত আপনাদের মাধ্যমেও দেখছি এই সরকারের কালেও, আপনাদের প্রচারযন্ত্র, আপনাদের তথ্যযন্ত্র কেবলমাত্র রাজনীতি, অর্থনীতি সংক্রান্ত জীবনটাকেই প্রতিফলিত করবার চেষ্টা করে। নিঃসন্দেহে রাজনৈতিক জীবন গুরুত্বপূর্ণ, অর্থনীতিও নিঃসন্দেহে গুরুত্ব কথা কিন্তু তথাপি একটা জাতি শুধু রাজনীতি বা অর্থনীতি নিয়ে জীবিত থাকে না। জাতীয় জীবনে সঙ্গীত আছে, সাহিত্য আছে, শিল্প আছে

সমস্ত কিছুই আছে, সেই সমস্তের মধ্যে যদি আপনার দপ্তর না থাকে তাহলে আপনারা জনজীবনের পরিপূর্ণ শরিক হয়ে উঠতে পারবেন একথা বলা যাবে না। কাজেই আমরা আশা করব, আপনারা সমস্ত জীবনকে প্রতিফলিত করবার চেষ্টা করবেন। মাননীয় তথ্য ও প্রচার মন্ত্রী মহাশয়কে আমি আবার নিরপেক্ষতা বজায় রেখে গণতন্ত্রকে রক্ষা করবার জন্য বলছি। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলি, তাঁর একটা কথা আমাকে খুব আনন্দ দিয়েছে, তারজন্য আমি তাঁকে সাধুবাদ জানাই যে, আপনি ভারতীয় সংস্কৃতির দিকে দৃষ্টি রেখে আপনি সংস্কৃতির পুরো মূল্যায়ন করে তাকে পুনর্বিন্যাস করবার জন্য সচেষ্ট হবেন। আপনি সত্যই দৃষ্টি দেবেন, কারণ এটা ভারতবর্ষ- একথা আপনিও বিস্মৃত হতে পারেন না, আমিও পারি না। বিস্মৃত হলে আমরাই বিস্মৃত হব, ভারতীয় সংস্কৃতির তাতে কোনও ক্ষতি হবে না, সে ঠিকই থেকে যাবে। সেইজন্য এদিকে দৃষ্টি দেবেন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[7-00—7-10 p.m.]

**শ্রী শামসুদ্দিন আহমেদ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর ব্যয়বরাদ্দ উপস্থাপিত করতে গিয়ে যে ভাষণটি রেখেছেন তা শুনে মনে হল, ছাত্ররা যেমন প্রথম বই নিয়ে 'ক' 'খ' পড়তে আরম্ভ করে সেই রকম ভাবে তিনি ভাষণটা রাখলেন। এই ভাষনে নতুন কিছু নেই, গতানুগতিক ভাবে ভাষনটি রাখা হয়েছে। এই ভাষনে নতুন কিছুই আমরা শুনতে পেলাম না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, পূর্ববর্তী সরকার বিভিন্ন রকম সংস্থাকে ব্যবহার করেছেন। তা ছাড়া মাননীয় মন্ত্রিমহাশয় আরো যেসব কথা বলেছেন সেই প্রসঙ্গে বলব, আপনারা যেকথাগুলি বলে গেলেন বাস্তবে যদি সেগুলি রূপায়িত হয় তাহলে নিশ্চয় তাকে সাধুবাদ জানানো হবে। আপনারা গ্রামকেন্দ্রীক করে এই সংস্থাগুলিকে প্রসারিত করবার জন্য যে কথাগুলি বললেন সে কথাগুলি শুনতে ভালো কিন্তু বাস্তবে যা দেখছি তাতে গত তিন মাসের মধ্যে সেগুলির পরিবর্তনের কোনও লক্ষণ দেখা যাচ্ছে না। জেলা পর্যায়ে যা কিছু আছে তার ব্যাপারেও কোনও ব্যবস্থা আমরা দেখতে পাইনি। তারপর সংবাদ-পত্রের কথায় আসি। মাননীয় চেয়ারম্যান স্যার, বসুমতী পত্রিকা অধিগ্রহণ করে পরিচালনার ব্যবস্থা আজ অবধি আছে। কিন্তু শোনা যাচ্ছে নাকি বসুমতী পত্রিকা অধিগ্রহণ যেটা আছে সেটা নাকি আর রাখা হবেনা। যদি তাই হয় তাহলে বসুমতী পত্রিকার ব্যাপারে পূর্বে যে অবস্থা ছিল, সেই অবস্থার পুনরাবৃত্তি হবে কিনা এটাও আমার মনে প্রশ্ন জেগেছে। আর ছোট ছোট পত্রিকাগুলি সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে তাদেরকে বিজ্ঞাপন দেবার ব্যাপারে আরও যাতে তারা সুষ্টুভাবে বিজ্ঞাপনের ব্যাপারে যে অন্যায় করা হয়েছিল, অনাচার হয়েছিল, কংগ্রেস আমলে পক্ষপাত মূলক ভাবে বিজ্ঞাপনের ব্যাপার ছিল মন্ত্রী মহাশয় বলেছেন যে ছোট ছোট পত্রিকাগুলিকে সুযোগ দেওয়া হবে। আমার প্রশ্ন হচ্ছে, এই ছোট ছোট পত্রিকা বলতে তিনি কি বোঝাচ্ছেন? সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক এই যে বিভিন্ন রকম পত্রিকা আছে বা সংবাদপত্র থাকে বলা যায় জেলাভিত্তিক বা মহকুমা ভিত্তিক ইত্যাদি, সেটা কোনগুলি এবং কিভাবে এদের সাহায্য করা হবে এটা তিনি বলেন নি। এখন যদি সত্যিকারের পত্রিকা বলতে বলা হয়ে থাকে রাজনৈতিক চিন্তাধারা যে পত্রিকাগুলির

মধ্যে থাকবে যেটা সরকারের মনোপূত হবে তাদের সহায়তা করা হবে। সেটা যদি হয় তাহলে আমি আশঙ্কিত হচ্ছি। আমি মনে করি এটা সাধু প্রচেষ্টা হবে যদি ছোট ছোট সত্যিকারের গ্রামে এবং মফঃস্বলে শহরে, মহকুমার ছোট ছোট পত্রিকাগুলিকে সহায়তা করা হয়। কারণ যে অবস্থার মধ্যে তারা এগুলি পরিচালনা করছে তাতে তাদের সহায়তার দরকার আছে। কিন্তু আমি অনুরোধ করব যে ঐ রকম দোষ না চাপিয়ে, কংগ্রেস কি করেছিল, না করেছিল সেটা না দেখে একটা possitive দৃষ্টিভঙ্গি নিয়ে যদি ছোট ছোট পত্রিকাগুলিকে সত্যিকারের সহায়তা করা হয় তাহলে আজকে গ্রামবাংলার যে চিত্র আমরা ঐ বড় বড় পত্রিকাগুলির স্বল্প পরিসরের মধ্যে দেখতে পাচ্ছিনা, সেটাতো পল্লীতে, গ্রামে, মহকুমা শহরের এই চিত্রগুলি আমরা পরিষ্কার ভাবে পেতে পারব। যদি তাদের আর্থিক আনুকুল্য থাকে তাহলে তারা করতে পারে। তাই, আমি মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখব যেন এটাকে আবার দলবাজীর ভিতরে না নিয়ে গিয়ে, ঐ ছোট ছোট পত্রিকা বলতে বেছে বেছে যেন কোনও দলীয় মনোভাবাপন্ন পত্রিকাকে না নেওয়া হয় এবং বাকীগুলি যাতে না মারা যায় সে বিষয়ে দৃষ্টি দেবার জন্য আবেদন রাখছি। এখানে broadcasting সম্বন্ধে বলা হয়েছে যে রাজনৈতিক উদ্দেশ্য প্রনোদিত হয়ে কংগ্রেস চলেছিল। ভাল কথা। কিন্তু এই তিন মাসের মধ্যে broadcasting-এ যেগুলি আমরা শুনছি তাতে কি সব কিছু পরিষ্কার পরিচ্ছন্ন আকারে প্রচারিত হচ্ছে। বামফ্রন্ট আসার পর থেকে সেই যন্ত্র আবার বামদিকে ঘেঁসেছে, এটা আমরা লক্ষ্য করেছি। সুতরাং televission, broadcasting ইত্যাদি ব্যাপারে যে কথা বলতে চাই সেটা হচ্ছে, আজকে televission কলকাতার আশেপাশে সীমাবদ্ধ। আজকে televission গ্রাম বাংলার মানুষের কাছে সবচেয়ে বেশি দরকার। কারণ কলকাতার আশেপাশের লোক যারা তারা কলকাতার সুযোগ সুবিধা এমনিতেই নিতে পারে। কিন্তু গ্রামের লোকেরা ঐ খবরের কাগজ সব জায়গায় সকলে পড়তে পারেনা এবং radio শুনতে পারেনা। কিন্তু televissionটা তারা চোখে দেখতে পারে। এটা গ্রাম বাংলার মানুষের কাছে একটা আশার কথা। কাজেই এটাকে যদি সম্প্রসারিত করা যায় তাহলে তাদের অনেক উপকার হবে। মাননীয় মন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন প্রসারিত করবেন কিন্তু televission সম্বন্ধে তিনি সেই রকম কিছু বলেন নি। আজকে televissionএর মাধ্যমে গ্রাম বাংলার মানুষ নিজেদের কথা শুনতে পারে ,যেমন ধরুন বিভিন্ন আসর আমরা রেডিওতে শুনে থাকি। আজকে কৃষির আসর থেকে আরম্ভ করে বিভিন্ন রকম আসরের ব্যবস্থা রয়েছে যেটা আমরা radioতে শুনে থাকি, সেই ব্যবস্থা সম্পর্কে যদি মন্ত্রী মহাশয় বলতেন যে এই পরিকল্পনা রয়েছে তাহলেও আমরা বুঝতে পারতাম। টেলিভিশনের মাধ্যমে কৃষি বিষয়ক বা অন্যান্য উন্নয়ন মূলক বিষয়ে যে আলোচনা হয়, সেই আলোচনা চক্রটা টেলিভিশনের মাধ্যমে গ্রামের মানুষ চোখে দেখতে পারে। কানে শুনে কজন মনে রাখতে পারে? কিন্তু চোখে দেখে তারা সেটা বুঝবে এবং কাজে লাগাতে পারবে। সেই অবস্থার কথা যদি বলতেন মন্ত্রী মহাশয় তাহলে বোধ হয় ভাল হতো। ক্লাব, লাইব্রেরির কথা যা বলেছেন, কংগ্রেস আমলে নিশ্চয়ই এইগুলোকে সাহায্য করা হয়নি ধরে নেব- কথাটা যা বলা হয়েছে, আপনারা তা করবেন এটা বলেছেন। কিন্তু ক্লাব, লাইব্রেরি যেগুলো, সেইগুলো যেন পক্ষপাতদুষ্ট না হয়, যেন ক্লাব ক্লাব হিসাবে

বিবেচিত হয়, লাইব্রেরি লাইব্রেরি হিসাবে বিবেচিত হয়, এবং আরও যে সব গ্রাম্য সংস্থা আছে, সাংস্কৃতিক সংস্থা আছে, সেইগুলো যাতে নিরপেক্ষ ভাবে দেখেন, তার ব্যবস্থা করবেন, তবেই পজিটিভ কাজ আপনারা করবেন। সবচেয়ে বড় কথা যেটা বলেছেন লোকরঞ্জন শাখা ইত্যাদি বিভিন্ন যে সমস্ত সংস্থাগুলো আছে-আগে বলা হয়েছে, এইগুলো কেবল দলীয় প্রচারে লাগানো হয়েছে, আমি এটা ঠিক বুঝতে পারলাম না। বিভিন্ন রকম পৌরাণিক বা কোনও একটা গল্পকে অবলম্বন করে বা বাউল ইত্যাদি যে অনুষ্ঠান, এতে কি করে রাজনৈতিক উদ্দেশ্যে আসরে বাউল গানের ভিতর রাজনৈতিক উদ্দেশ্য কি ভাবে হয়, আমি সেটা বুঝতে পারছি না। এই যে সংস্থাগুলো পরিচালিত হয়েছিল মন্ত্রী মহাশয় যেটা বলেছেন যে এইগুলোকে পুনর্গঠিত করে, সম্প্রসারিত করে কার্যকর করা হবে, করুন, আবার বলেছেন যে সরকার হস্তক্ষেপে নাকি ঐ সিনেমা না কি রাজনৈতিক পক্ষপাত দুষ্ট হয়েছে ঐ কংগ্রেস আমলে, এটা ঠিক বুঝতে পারছি না। সোনার কেল্লা সরকারি উদ্যোগে হয়েছিল এবং বিখ্যাত পরিচালক সত্যজিত রায় মহাশয় এই বই পরিচালনা করেছিলেন এবং পুরস্কার পেয়েছিলেন, এই ব্যবস্থা কিন্তু কংগ্রেস সরকার করেছিলেন। সুতরাং আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি এবং কাটমোশনগুলো সমর্থন করছি।

[7-10—7-20 p.m.]

**শ্রী পুলক বেরা :** মাননীয় সভাপতি মহাশয়, আজকে তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ দাবি রেখেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি দু একটা কথা বলতে চাই। এটা খুব স্বাভাবিক যে পশ্চিমবঙ্গে জনপ্রিয় সরকার যা প্রতিষ্ঠিত হয়েছে, এই সরকারের কাজ কর্মের ধারা এবং সেই সঙ্গে সঙ্গে সরকারের সামনে যে সমস্যা রয়েছে সেইগুলো জনসাধারণের সামনে তুলে ধরার দিক থেকে তথ্য জনসংযোগ বিভাগের গুরুত্ব অপরিসীম। আমরা দেখেছি, একটা ধনতান্ত্রিক সমাজে, সেখানে সাধারণ মানুষের তাদের অন্যায়ের বিরুদ্ধে যে সংগ্রাম, তার বিরুদ্ধে মাথা উঁচু করে দাঁড়ানো, সেই মনোভাব যাতে নষ্ট হয়ে যায়, তার জন্য ধনিক শ্রেণী স্বভাবতই চেষ্টা করে, তাদের সেই বলিষ্ঠ ভাষাকে যাতে বন্ধ করে দিতে পারে এবং সেই সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের যে স্বাভাবিক, সুস্থ বিকাশ, তাকে একটা বিকৃত যৌন লালসার মধ্যে নিয়ে যাতে পারে তার জন্য ধনিক শ্রেণী সব সময় চেষ্টা করে। এবং আমাদের এই পশ্চিমবাংলার যে রঙ্গমঞ্চগুলি এককালে ভারতবর্ষের জাতীয়তাবাদী আন্দোলনের পুরধা ছিল। যেমন ইংরাজি প্রবাদ বাক্যের মতো আমরা মনে রাখি নেশন ইজ্ জাজ্ড বাই ইট'স স্টেজ তেমনি বাংলাদেশের রঙ্গমঞ্চগুলি সারা ভারতবর্ষের স্বদেশী আন্দোলনের জোয়ার সৃষ্টি করেছিল। পশ্চিমবাংলার সেই সমস্ত রঙ্গমঞ্চকে অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা গত কয়েক বছর ধরে দেখছি ঐ যেমন অসাধু ব্যবসায়ীরা সামনে সিদ্ধিদাতা গণেশের মূর্তি টানিয়ে রেখে পিছনে ব্ল্যাকমার্কেট করে তেমনি তথাকথিত এই রঙ্গমঞ্চ ব্যবসায়ীরা সামনে রামকৃষ্ণ পরমহংসদেবের মূর্তি টাঙিয়ে দর্শকদের সামনে সেই রঙ্গমঞ্চের নর্তকীদের ও নায়িকাদের দিগবসনা দিগম্বরী করবার চেষ্টা করছে। এই যখন ঘটছে তখন আমাদের কংগ্রেসি বন্ধুরা বলছে যে, তাদের আমলে সুষ্ঠু সংস্কৃতির বিকাশের

চেষ্টা হয়েছে, কোনও দলীয় রাজনীতি হয়নি। কিন্তু আমরা দেখেছি ঐ জাতীয় নাটক দেখবার জন্য আমাদের যুব কংগ্রেসি বন্ধুরা টিকিটের জন্য মারামারি করছে। অপর দিকে ঐখানে একটা রঙ্গমঞ্চে যখন পশ্চিমবাংলার সাধারণ মানুষের ওপরে অত্যাচার, অবিচারের ছবি তুলে ধরবার চেষ্টা করা হচ্ছে 'দুঃস্বপ্নের নগরী' নাটকে তখন যুবকংগ্রেসি বন্ধুরা সেখানে গিয়ে প্রকাশ্য রাজপথে শিল্পী কলাকুশলী এবং বিশ্ববিখ্যাত পরিচালককে মারধোর করে দাঙ্গা-হাঙ্গামা করে সেই নাটক বন্ধ করে দিয়েছে।

মাননীয় সভাপাল মহাশয়, আমাকে তাই অত্যন্ত দুঃখের সঙ্গে মাইকেল মধুসূদন দত্তের উক্তি স্মরণ করতে হচ্ছে,

"অলিক কুনাট্য রঙ্গে
মজে লোকে রাঢ়ে বঙ্গে
নিরখীয়া প্রাণে নাহি সয়।"

আজ এই এক অবস্থা একদিকে রঙ্গমঞ্চে অপর দিকে চলচিত্রে প্রতিফলিত হচ্ছে। একথা ঠিক চলচিত্রে নিশ্চয়ই বিভিন্ন বক্তব্য থাকবে এবং এব্যাপারে কারো দ্বিমত থাকার কথা নয়। একথা ঠিক চলচিত্রে নিঃসন্দেহে একটা ব্যবসা। কিন্তু আমরা দেখেছি মর্ণিং স্টার অফ বেঙ্গলি ফ্লিম যাকে বলতে পারি সেই শ্রদ্ধেয় স্বর্গত প্রমথেশ বড়ুয়ার মূল নীতিই ছিল কম পয়সায় ছবি করতে হবে। আমরা কয়েক দিন আগে দেখলাম জনৈক চিত্র প্রযোজক জাপান সফর করে এসে বললেন একটি জাপানি ছবির নির্মান করতে যে টাকা ব্যয় হয় সেই টাকা আমাদের পশ্চিমবাংলার একজন প্রথম শ্রেণীর শিল্পীকে দিতে হয়। অর্থাৎ কনট্রাকটে একজন পশ্চিমবাংলার প্রথম শ্রেণীর শিল্পী যে পরিমাণ টাকা নেন একটি জাপানি ছবি তৈরি করতে সেখানে সেই পরিমাণ টাকা ব্যয় হয়। যদিও ইদানিংকালে কাঁচা ফিল্মের দাম বেড়েছে। কিন্তু তা সত্ত্বেও আমার বিনীত নিবেদন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে, পশ্চিমবাংলার চলচিত্র শিল্পকে যদি বাঁচাতে হয় তাহলে একদিকে জাপানি ফিল্ম অপরদিকে ইতালিয়ান ফিল্মের কাছ থেকে আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে। পশ্চিমবাংলার বিভিন্ন ভাঙ্গাচোরা স্টুডিওতে যারা কলাকুশলী রয়েছেন, যারা দীর্ঘ দিন সাদা কালো ছবির চমক দেখাচ্ছেন, পুরনো দীর্ঘ দিনের জংধরা যন্ত্রপাতি নিয়ে জাত-শিল্প করবার চেষ্টা করছে পশ্চিমবাংলায় বসে তারা সারা ভারতবর্ষের গর্ব। তাই আমি এই প্রসঙ্গে বলব আমাদের বাংলা ছবির কি করে বাজার বাড়ে সে সম্পর্কে আমাদের জনপ্রিয় সরকারের তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে হবে। আমরা দেখেছি গত ৩০ বছর যাবদ আমাদের এই বাংলা ছবি যখন মার খেয়েছে তখন পাশাপাশি তদানিন্তন পূর্ববাংলা বা পূর্ব পাকিস্থান থেকেও কোনও বাংলা ছবি আমাদের এখানে আসেনি বা ছবির বিনিময় হয়নি। আমরা দেখেছি ভারতবর্ষের দিল্লির বুকে বিভিন্ন সময়ে বিভিন্ন চলচিত্র উৎসবে বিভিন্ন দেশের ছবি দেখানো হয়েছে। কিন্তু সেখানেও পাকিস্থান থেকে কোনও ছবি আসেনি। তার ফলশ্রুতি হিসাবে আমরা দেখেছি বাংলা ছবির বাজার মরে গিয়েছে। তাই এই প্রসঙ্গে

আমি আবেদন করব বাংলা ছবির বাজার যাতে বাড়ানো যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলে বাংলাদেশের সঙ্গে আমাদের ছবির যাতে আদান প্রদান হয় তার চেষ্টা করতে হবে। এই সঙ্গে আর একটা আবেদন করব যে অবহেলিত যে যাত্রা শিল্প রয়েছে তার দিকে মাননীয় মন্ত্রী মহোদয় একটু দৃষ্টি দিয়ে তাদের যেন একটু সাহায্য করার চেষ্টা করেন। সেই সঙ্গে আমরা আশা করব আমাদের তথ্য ও জনসংযোগ বিভাগ শুধু শহরাঞ্চলে নয়, গ্রামাঞ্চলের প্রতিও একটু দৃষ্টি দেবেন। এই কয়টি কথা বলে তথ্য বিভাগের ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-20—7-30 p.m.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় তথ্য ও প্রচার মন্ত্রী যে বাজেট উত্থাপিত করেছেন তাকে সমর্থন করছি। তিনি তাঁর বক্তব্যের শেষে জাতীয় নাট্যশালা সম্পর্কে যে প্রস্তাব রেখেছেন তাঁকে আমি সাধুবাদ জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে রবীন্দ্র সদনকে জাতীয় নাট্যশালায় রূপান্তরিত করবার জন্য নট্ট সম্রাট শিশিরকুমার ভাদুড়ি চেষ্টা করেছিলেন। আমি সেইদিকে দৃষ্টি দেবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। বিগত সরকারের আমলে চিত্র পরিচালক শ্রী মৃণাল সেন সিদ্ধার্থ রায়ের কাছে প্রস্তাব রেখেছিলেন যে ভারতবর্ষে উপনিবেশ বিরোধী লড়াই, সাঁওতাল বিদ্রোহের কথা এবং কৃষক বিরোধী কাহিনী নিয়ে একটি চিত্র রচনা করবেন। সে কথা শুনে সিদ্ধার্থ রায় বলেছিলেন যাঁরা ঘুমিয়ে আছে, যাঁরা পশ্চাদপদ, তাঁদের জাগাতে হবে না। তাই আমি বলব যে এঁরা পশ্চাদপদ মানুষকে জাগাতে ভয় করে সেইজন্য এরা সেই চিত্র তুলতে দেয়নি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে আমরা একটা সংগ্রামের মধ্য দিয়ে চলেছি এবং এই সংগ্রামকে আরও ত্বরান্বিত করতে গেলে অতীতের যে সংগ্রাম সেই উজ্জ্বল দিনগুলি মানুষের সামনে উপস্থিত করতে হবে। আজকে যাঁরা শ্রমজীবী মানুষ তাঁদের কাছে সংগ্রামের ছবিগুলি তুলে ধরতে হবে। আর একটা কথা এই প্রসঙ্গে বলি লোকসংস্কৃতির পুনরুদ্ধারের কথা বলেছেন। খুব স্বাভাবিক ভাবেই লোক সংস্কৃতিকে পুনরুদ্ধার করতে হবে। লোক সংস্কৃতির মধ্য দিয়ে লোকায়িত জীবনের যে স্পন্দন সেই স্পন্দন ধ্বনিত হয়। নগর সভ্যতা বিকাশের ফলে এবং পুঁজিপতি সভ্যতা বিকাশের ফলে খুব স্বাভাবিকভাবেই লোক সংস্কৃতির বিলয় ঘটবে। এই লোকসংস্কৃতির যাতে বিলয় না ঘটে সেইদিকে আমাদের লক্ষ্য দিতে হবে। যাত্রা লোক-সংস্কৃতির অঙ্গ। এই যাত্রা আজকে অনেক প্রচার থাকা সত্ত্বেও যাত্রার মধ্যে অপ-সংস্কৃতির ছাপ পড়ছে এবং সেই অপ-সংস্কৃতি মানুষের জীবনেও ঢুকছে। যাঁরা যাত্রা দেখেন তাঁদের এটা চোখে পড়বে। তাই আমি বলব যে সংস্কৃতি একটা মানদন্ড একটা নিরীখে নির্মীত হোক যাঁর মধ্য দিয়ে আমরা মানুষের সামনে সুস্থ সংস্কৃতি পরিবেশন করতে পারি। আমি এই প্রসঙ্গে আর একটি কথা বলি লোকরঞ্জন শাখার অতীতের প্রয়োজনা যাই হোক না কেন একথা কেউ অস্বীকার করবেন না যে তার জনপ্রিয়তা আছে। হরিপদ ভারতী মহাশয় বলেছেন চন্ডালিকা অতীতে অভিনীত হয়েছে আজকে যদি তার পরিবর্তে গোর্কীর মা- যে প্রস্তাব শুনেছি মাননীয় মন্ত্রীর কাছে আছে, বিশ্ব সাহিত্যের এই অমর কাহিনীকে নাটকের সাহায্যে রূপান্তরিত করা যায় তাহলে

অসুবিধা কোথায়? দেশ বিদেশের যাঁরা বরেন্য তাদের জীবনের কাহিনী নিয়ে যদি নাটক করা যায় তাহলে অপরাধ কোথায়? আজকে সাহিত্যের আকাশে অনেক নক্ষত্র আছে যেমন রবীন্দ্রনাথ, গোর্কী এবং সেক্‌সপীয়ার প্রভৃতি আছে তাঁদের জীবনী নিয়ে যদি আমরা একটার পর একটা নাটক করে মানুষের সামনে যদি তুলে ধরি তাহলে অপরাধ কিছুই থাকেনা। আর একটা প্রয়োজনের কথা বলব। আমরা মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা যদি জয়লাভ করি তাহলে শ্রমিক শ্রেণীর গণতান্ত্রিক অধিকার রক্ষা করব, তাদের পুনর্বহালের জন্য চেষ্টা করব। আমি কলকাতার একটা ঘটনার কথা বলে বলছি যে এখানে মাত্র ৫টা স্টুডিও আছে। এর মধ্যে ক্যালকাটা মুভিটোন স্টুডিও বন্ধ হওয়ার ফলে সেখানকার কর্মচারীরা কর্মচ্যুত হয়ে গেছেন এদের সম্বন্ধে একটা ব্যবস্থা অবিলম্বে গ্রহণ করা প্রয়োজন। পরিশেষে বলব যারা পেছন থেকে পাদপ্রদীপের আলোয় আসেনা-অভিনেতা অভিনেত্রীরাই সামনে আসেন এবং যারা প্রদীপ জ্বালাবার জন্য সারাদিন ধরে শুধু সলতে পাকায় সেই সমস্ত কর্মীর জীবনে আজ সন্ধ্যা নেমে এসেছে তাদের দিকে দৃকপাত করা নিশ্চয় প্রয়োজন। আমি এই বলেই শেষ করছি যে মন্ত্রী মহাশয়ের বক্তৃতার মধ্যে দিয়ে যে দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে তাকে আমি অভিনন্দন জানাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি আমাদের সামনে পেশ করেছেন তার উপর আলোচনা করতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই একটা দেশের সুস্থ সংস্কৃতি গড়ে তোলার ক্ষেত্রে প্রচার এবং তথ্য বিভাগের গুরুত্ব অনেকখানি। আমাদের মতন একটা পুঁজিবাদী দেশে যেখানে অর্থনৈতিক শোষণ, বেকার সমস্যা মূল্যবৃদ্ধির সমস্যা রাজনৈতিক নিপীড়নের সমস্যার দিক থেকে আমাদের সমাজ জীবন বিপর্যস্ত সেই রকম জায়গায় সমস্ত কিছু ছাপিয়ে আমাদের জাতীয় জীবনের সবচেয়ে বড় সঙ্কট হচ্ছে নৈতিকতার সঙ্কট, রুচির সঙ্কট, মূল্যবোধের ও অবক্ষয়ের সঙ্কট। আমাদের পুঁজিবাদী শ্রেণীর রাজনৈতিক ও অর্থনৈতিক দিক থেকে মানুষকে শুধু শোষন করেনা, তারা মানুষকে দাবিয়ে রাখার একটা মস্তবড় হাতিয়ার হিসাবে জাতির নৈতিক মেরুদন্ডকে ভেঙ্গে দেবার চক্রান্ত করে। ভারতবর্ষের পুঁজিবাদী শ্রেণীও এই জিনিস চায় এবং সেই হিসাবে তারা চক্রান্ত করে চলেছে। কিন্তু মানুষ ভিয়েতনাম ও চীনের ইতিহাস থেকে একটা শিক্ষা পেয়েছে। ভিয়েতনাম পশ্চিমবাংলার থেকেও ছোট একটা দেশ এই দেশের উপর বোমা মেরে মার্কিন সাম্রাজ্যবাদী একে মাটির সঙ্গে মিশিয়ে দিয়েছে। গত বিশ্বযুদ্ধে যে অর্থব্যয় করা হয়েছিল ভিয়েতনাম যুদ্ধে তারচেয়ে অনেক বেশি অর্থ ব্যয় করা হয়েছিল। কিন্তু তাদের দাবিয়ে রাখা যায় নি। অভাব অনটন তাদের দেশে ছিল, কিন্তু তা সত্ত্বেও তারা মাথা উঁচু করে দাঁড়িয়েছিল। এর একমাত্র কারণ হচ্ছে নৈতিক মূল্যবোধ। ১২ বছরের শিশু থেকে আরম্ভ করে সমস্ত মানুষই মাথা উঁচু করে দাঁড়িয়েছিল তাই এই যুগের একজন মার্কসবাদী চিন্তানায়ক তিনি ভারতবর্ষের মানুষকে বলেছিলেন একটা জাতির না খেতে পেয়েও দাঁড়াতে পারে যদি তার মনুষ্যত্ব বোধ থাকে, কিন্তু এটা চলে গেলে তার আর কিছুই থাকেনা।

[7-30—7-40 p.m.]

কিন্তু এই জিনিসটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই তারা যে অপসংস্কৃতির বিরুদ্ধে কথা বলেছেন সেটা ভাল কথা। কিন্তু এটা রোধের জন্য কোনও কার্যকর পদক্ষেপ তারা নিয়ে উঠতে পারেন নি। আমরা দেখেছি অশ্লীল পত্র-পত্রিকা, অশ্লীল সিনেমা, অশ্লীল বিজ্ঞাপন এই সব কথা বলেছেন। এইগুলি হলো অপসংস্কৃতির বাহন। কিন্তু কিছু কাল ধরে আমরা যা দেখেছি এবং নামতে নামতে তা আজ দিনের পর দিন বেড়েই চলেছে। সম্প্রতিক কালে আমরা দেখছি ক্যাবারে ড্যান্স এর নাম করে প্রেক্ষাগৃহে যে সমস্ত জিনিস দেখানো হচ্ছে তা আশঙ্কাজনক. এই সব জিনিস অপসংস্কৃতিতে পড়ে বলে আমি মনে করি। ক্যাবারে ড্যান্সের নাম করে যে সব যৌন, নগ্ন নৃত্য ও যৌন আবেদনমূলক নগ্ন চিত্র প্রদর্শিত হচ্ছে তার দ্বারা আমাদের সমাজ জীবনকে তথা যুবজীবনকে কোথায় নিয়ে যাচ্ছে তা চিন্তা করার বিষয়। এটা শুধু কলকাতা শহরের মধ্যেই সীমাবদ্ধ নয় আস্তে আস্তে এই জিনিস মফস্বলে এবং গ্রামাঞ্চলে সংক্রামিত হচ্ছে অর্থাৎ সর্বত্র ছড়িয়ে যাচ্ছে। ফলে আজ আমরা অত্যন্ত আতঙ্কিত। অত্যন্ত পরিকল্পিতভাবে এই কাজ করা হচ্ছে. এতকাল কংগ্রেস সরকার তাদের দলীয় ও শ্রেণী স্বার্থে এই অপসংস্কৃতি বজায় রাখার জন্য এর জোয়ারে বা বন্যায় দেশকে ভাসিয়ে দেবার চেষ্টা করেছিল। জাতীয় জীবনের নৈতিক মেরুদন্ডকে ভেঙে দেওয়াই তাদের উদ্দেশ্য ছিল। কিন্তু আজকে বামফ্রন্ট সরকার এসেছে, দেশের মানুষ আশা করে সুস্থ সংস্কৃতি গড়ে তোলার জন্য বামফ্রন্ট সরকারের সুনির্দিষ্ট নীতি ঘোষিত হোক। কিন্তু আজকেও দুঃখের সঙ্গে দেখতে পাচ্ছি এই অপসংস্কৃতির জোয়ারকে রোধ করবার জন্য কোনও ব্যবস্থা নেই। আজও পর্যন্ত বিভিন্ন জায়গায় এই ক্যাবারে ড্যান্স চলেছে, আজও বারবধূ এর মতো বই চলেছে, আমাদের এই কলকাতা শহরে আজও পর্যন্ত অশ্লীল বিজ্ঞাপনে সব ছেয়ে গেছে। গোটা দেশেই ছেয়ে রয়েছে এই ধরনের বিজ্ঞাপন। ফলে এইগুলি আইন করে বন্ধ করার কোনও পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাষণের মধ্যে পেলাম না। আমি মনে করি একদিকে দেশের অভ্যন্তরে আজকে যদি সামাজিক বিপ্লবের পরিপূরক হিসাবে উন্নত রুচি নৈতিক মূল্য বোধকে গড়ে তুলতে হয় তাহলে অপসংস্কৃতির জোয়ার প্রতিরোধের জন্য আইন করে ক্যাবারে ড্যান্স এবং অশ্লীল পত্র-পত্রিকার প্রচার বন্ধ করা উচিত যা নাকি এতদিন করা উচিত ছিল। আর অপর দিকে এর বিরুদ্ধে সুস্থ সংস্কৃতি গড়ে তোলার জন্য সর্বস্তরের যুব সমাজ এবং সাধারণ মানুষকে উৎসাহিত করবে এ আশা করি। পরিশেষে আমি একটা কথা বলব আজকে যদি উন্নত সংস্কৃতির মূল্যবোধ গড়ে তুলতে হয় তাহলে দেশের মাটিতে গড়ে ওঠা সংস্কৃতির সঙ্গে খাপ খাইয়ে তা গড়ে তুলতে হবে। স্বাধীনতা আন্দোলনের যে আপোষহীন ধারা নেতাজি সুভাষচন্দ্র, ক্ষুদিরাম, বিনয়, বাদল, দীনেশ প্রভৃতির দেশপ্রেমের যে মূল্যবোধ নিষ্পেষিত করবার মধ্য দিয়ে আজকে সর্বহারার উন্নত মূল্যবোধ ও নীতি নৈতিকতা আয়ত্ত করা সম্ভব। আজকের দিনে সমাজ বিপ্লবকে যদি আর এক ধাপ এগিয়ে নিয়ে যেতে হয়, উন্নত সাংস্কৃতিক মূল্যবোধকে যদি অর্জন করতে হয় তাহলে অতীতে নজরুল, শরৎচন্দ্র, তাঁদের জীবনে যে উন্নত রুচি সংস্কৃতি ও মূল্যবোধকে আয়ত্ব করেছিলেন, যে নৈতিকতার অধিকারী ছিলেন অন্তত সেগুলিকে সর্বাগ্রে আয়ত্ব

করতে হবে এবং তাকে আয়ত্ত করে তাকে নিঃশেষিত করার পথে আরও উন্নত রুচি সংস্কৃতি ও মূল্যবোধ অর্জন করার সংগ্রামের পথে যেতে হবে। আমি আশা করি এই দৃষ্টিভঙ্গিতে আগামী দিনে আমাদের দেশে সুস্থ সাংস্কৃতিক পরিবেশ গড়ে তোলার দিকে দৃষ্টি রেখে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর পরিকল্পনা গ্রহণ করবেন।

**ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, তথ্য ও জনসংযোগ মন্ত্রীর ব্যয় বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমার অতিক্রান্ত যুগকে মনে পড়ছে- একটা অন্ধকারাচ্ছন্ন যুগ, ব্যক্তি স্বাধীনতা নেই, মানুষের প্রতিরোধের কণ্ঠ স্তব্ধ, মানুষের সঙ্গে সরকারের সমস্ত সম্পর্ক ছিন্ন হয়ে গেছে। জোচ্চুরি গুন্ডামী করে একটা সরকার প্রতিষ্ঠিত হয়েছে, কারচুপির মধ্য দিয়ে জনসংযোগ থাকতে পারে না। সারা ভারতবর্ষে যখন একনায়কতন্ত্র চলছে, এক্সট্রা কন্সটিটিউশনল সেন্টার অব পাওয়ার থেকে সারা ভারতবর্ষে সমস্ত গণতান্ত্রিক শক্তিকে চেতনাকে সংস্কৃতিকে ধ্বংস করে দেওয়ার চেষ্টা হচ্ছে তখন কোনও বস্তু নিষ্ঠ তথ্য নিষ্ঠ সংবাদ পরিবেশন করা সম্ভব নয়। বস্তুত সমস্ত চিন্তা-ভাবনাকে জলাঞ্জলি দিয়ে সমস্ত মূল্যবোধকে ধ্বংস করে দিয়ে সরকারি কথা বার বার মিথ্যা প্রচারের মধ্য দিয়ে তাঁরা এখানে তথ্য এবং জনসংযোগ এর মহান দায়িত্ব পালন করেছেন। আজকে যেদিকে তাকান, শুধু সিনেমা নাট্য জগত নয়, সাহিত্য, পত্র-পত্রিকা, সংবাদপত্র নয়, সমাজের সর্ব স্তরে এমন কি দেওয়ালে দেওয়ালে সমস্ত মিথ্যা লিখন পরিস্ফুট হয়ে রয়েছে। আমি অবাক হয়ে গেছি এই ২/৩ মাসের মধ্যে সেগুলিকে কেন চিরতরে মুছে দেওয়া হল না। আমরা তো সেগুলি ভুলতে চাইলাম, কিন্তু আজও তা দেওয়ালে দেওয়ালে মোটর গাড়িতে ট্রামে বাসে ট্রেনে সগৌরবে লেখা থাকবে তা তো হতে পারে না। এটা মুছে ফেলে দেওয়া দরকার। আমি মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়ের মাধ্যমে আবেদন করব যত তাড়াতাড়ি সম্ভব সেই লেখাগুলিকে মুছে ফেলে দেবার জন্য। যেগুলি মিথ্যা মূল্যবোধ, একটা মিথ্যাকে যেখানে বড় করে দেখাবার প্রচেষ্টা হয়েছে আমরা সে জিনিস চিরদিন বরদাস্ত করতে পারি না। গ্রামের সাধারণ গরিব মানুষের তো কথা কোনওদিন দেখিনি সংবাদপত্রে, চিত্রনাট্য সাহিত্যে তার প্রতিফলন কোথাও আমরা দেখতে পাই না। একটা সামাজিক ব্যবস্থাকে টিকিয়ে রাখবার জন্য শাসক শ্রেণী যে হীন প্রচেষ্টা করেছে তাকে দিনের পর দিন গ্লোরিফাই করতে হবে, কখনও ধর্মের নামে, কখনও তথাকথিত জাতি এবং বিভিন্ন দেশের সংস্কৃতি সমন্বয়ের নামে সেগুলিকে তুলে ধরতে হবে তাদের, তাই আজ আমাদের বামফ্রন্ট সরকারের মূল কর্তব্য হবে যাদের শিক্ষাদীক্ষা বেদনার কথা কোনও ইতিহাসে লেখা নেই, কোনও সাহিত্য যাকে তুলে ধরে না, আজকে সংবাদপত্রে যেগুলি স্থান পায় না, তাদের সেই দুঃখ বেদনার ইতিহাসগুলি, তাদের জীবনের নাটকগুলি জীবন বেদগুলিকে মাননীয় তথ্য ও জনসংযোগ মন্ত্রী মহাশয়কে তুলে ধরতে হবে। আজকে আমাদের সরকারের নীতি হবে শোষণ জুলুম অত্যাচারের বিরুদ্ধে যে সংগ্রাম চলছে সেই সংগ্রামকে তুলে ধরা। লোক সংস্কৃতির কথা যদি বলেন লোকসংস্কৃতির মধ্যে যে ব্যথা বেদনার কথা আছে, যে লড়াই সংগ্রামের কথা আছে, সমাজকে পাল্টানোর যে কথা আছে তা যদি তুলে ধরতে পারি তাহলে লোক সংস্কৃতিকে তুলে ধরা হবে। লোক সংস্কৃতির মধ্যে যে অপসংস্কৃতির দিকটা

আছে তাকে বর্জন না করলে সত্যিকারের লোক সংস্কৃতিকে তুলে ধরা যাবে না। কারণ, লোক সংস্কৃতির যুগে আমরা দেখেছি, মধ্য যুগে এবং তার পরবর্তী পর্যায়ে দেখেছি কেমন করে শোষণকে শাসনকে গ্লোরিফাই করবার চেষ্টা করা হয়েছে। আজও কোথাও কোথাও ধর্মের নামে সংস্কৃতির নামে সেগুলিকে চালাতে চায়। কাজেই আজকে শোন দৃষ্টি নিয়ে দেখতে হবে আমাদের তথ্য ও মনসংযোগ বিভাগের মন্ত্রী মহাশয়কে যে কোনগুলি তুলে ধরা দরকার লোকসংস্কৃতির এবং কোনগুলি বর্জন করা দরকার। আমরা গ্রামীণ সংস্কৃতির কথা বলব, সঙ্গে সঙ্গে আমরা একথা বলব গ্রামে অনেক শিল্পী রয়েছেন যাঁদের প্রতিভাগুলি অনেক সময় শুকিয়ে মারা যায়, না ফুটতেই ঝরে পড়ে। আজকে বড় বড় নেতা ও অভিনেত্রীদের নিয়ে চিত্র করবার যে প্রবনতা আমাদের মধ্যে আছে তার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। আমরা গ্রামে দেখেছি অনেক শিল্পী আছেন যাঁদের দিয়ে উচ্চ মানের শিল্প রচনা করা যায়, তাঁদের মধ্যে শিল্প প্রতিভা রয়েছে এবং সারা ভারত কেন সারা বিশ্বের মানদন্ডে সেগুলিকে অবহেলা করা যায় না। আমি গ্রামবাংলা থেকে কয়েকজন শিল্পীকে তাঁদের আসনে প্রতিষ্ঠিত হতে দেখেছি সেইজন্য অনুরোধ করছি গ্রামবাংলায় যে সমস্ত শিল্পী রয়েছেন, গ্রামবাংলায় যে সমস্ত নাট্য সংগঠনগুলো রয়েছে যারা গ্রামীণ সংস্কৃতি, গ্রামীণ জীবনের কথা এবং ব্যাথা তুলে ধরবার চেষ্টা করছেন তাঁদের সাহায্য করুন। একথা বলে এই ব্যয় বরাদ্দ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনাকে অনুরোধ করছি আপনি এর পরবর্তী বক্তাকে আহ্বান জানান। ধন্যবাদ।

[7-40—7-50 p m ]

**শ্রী বিমলানন্দ মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, তথ্য ও জনসংযোগ মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি। তিনি তাঁর বিবৃতিতে উল্লেখ করেছেন, পরিবর্তন পশ্চিমবাংলায় এবং সারা দেশে যা ঘটেছে এবং যে সরকার সেই পরিবর্তন এনেছে তার কর্মসূচি, তার অভিষ্ট লক্ষ্য সাধারণ মানুষের কাছে পৌঁছে দেবার জন্য এই বিভাগ কাজ করেছে। শুধু তাই নয় তিনি আরও বলেছেন, সেই সাধারণ মানুষের প্রতিক্রিয়া কি, তারা কি ভাবছে সেটা তিনি নজর রাখবেন এবং সেই সাধারণ মানুষকে সেই পরিবর্তনের ধারার সঙ্গে যুক্ত করবার জন্য আমার লক্ষ্য থাকবে। এই কাজটা খুবই কঠিন এবং বিশাল কারণ একটা দেউলিয়া অর্থনৈতিক ব্যবস্থার মধ্য দিয়ে আমরা চলেছি। আমাদের যে সমাজ ব্যবস্থা তাতে শ্রেণী সংগ্রাম কখনও প্রকাশ্যে এবং কখনও অপ্রকাশ্যে দেখা দিচ্ছে। সংস্কৃতিতেও দেখছি সেই ডিজেনারেশন বা পচন এবং দেউলিয়াপনার চেহারা দেখা দিচ্ছে এবং এটা স্বাভাবিক। কারণ সমগ্র সমাজ জীবনে, মানুষের ব্যক্তি জীবনে, অর্থনৈতিক জীবনে, সাংস্কৃতিক জীবনে যত রকম পচন ঘটতে পারে সেটা ঘটেছে। সেই স্রোতের বিরুদ্ধে শক্ত হাতে দাঁড়িয়ে একটা উজ্জ্বল সংস্কৃতির পথে মানুষকে নিয়ে যাওয়া খুব সহজ কাজ নয়। কেননা যারা কায়েমী স্বার্থ সম্পন্ন লোক তাদেরও প্রয়োজন আছে সেই কায়েমী স্বার্থকে, সেই শোষণকে বজায় রাখার জন্য মানুষের সুস্থ মনোভাবগুলি দূষিত করে দিয়ে

তাদের অসুস্থ মনোভাব, তাদের পাপ বুদ্ধিকে যদি জাগ্রত করা যায় তাহলে তারা টিকে থাকতে পারবে এবং তার একটা প্রভাব সামাজিক ক্ষেত্রে হয়  পাড়ার ক্লাবে দেখা যায় পাড়ায় যিনি বড়লোক, যাঁর অনেক টাকা আছে তাঁকে ডেকে নিয়ে এসে সভাপতি বা প্রধান অতিথি করা হয় বা করার চেষ্টা করা হয় কারণ তিনি ক্লাবে ১০১ টাকা বা ৫০১ টাকা চাঁদা দেন। আমি শান্তিপুরের একজন শিল্পীর কথা জানি যিনি ভাল ক্ল্যাসিক্যাল, ঠুংরি, গজল ইত্যাদি গান গায়। কিন্তু বাধ্য হয়ে তিনি এখন তাঁত চালাচ্ছেন। তিনি গত দুদিন আগে আমার কাছে এসেছিলেন কোনও রকমে ১০০ টাকার একটা পিওনের কাজ পাওয়া যায় কিনা সেইজন্য। আমি জানি টাকার লোভ দেখিয়ে মানুষকে দিয়ে অনেক কুৎসিত কাজ করানো হয়েছে। মানুষের সুস্থ মনোভাবকে রক্ষা করা, টিকিয়ে রাখা খুবই কঠিন। কিন্তু আমাদের ভরসা হচ্ছে সাধারণ মানুষ। মানুষের মধ্যে যে শুভবুদ্ধি আছে, সংস্কৃতি আছে সেই শুভবুদ্ধিকে জাগ্রত করে ভালভাবে চালনা করাই হচ্ছে আমাদের বামপন্থীদের কাজ। আমরা মুস্টিমেয় কিছু লোকের কথা বিশ্বাস করিনা। আমরা জানি সমগ্র জনসমষ্টির যদি পূর্ণ সদ্ব্যবহার হয় তাহলেই বিশাল পরিবর্তন করা যায়। আমরা জানি জনসাধারণ যদি কোনও একটা ঘটনার প্রতি হস্তক্ষেপ না করে তাহলে পরিবর্তন ঘটেনা। কিন্তু ছোটলোক বলে দেশের মানুষকে কতখানি অবদমিত করা হয়েছে ইতিপূর্বে সেটা আপনারা সকলেই জানেন। আমি একটা গল্প আপনাদের কাছে বলছি। একজন জমিদারবাবু তাঁর বরকন্দাজদের দিয়ে একজন প্রজাকে ধরে নিয়ে এলেন এবং তাকে দীর্ঘসময় বসিয়ে রাখা হল। তারপর সেই প্রজাটি যখন উসখুস করছিল তখন জমিদারবাবু তাকে একটা লাথি মারলেন। তখন সেই প্রজাটি না রেগে জমিদারকে বললেন, বাবু আপনার পায়ে হাত বুলিয়ে দেব, আপনার লেগেছে কি? মানুষের যে আত্ম মর্যাদাবোধ তাকে নষ্ট করে দিয়েছিল যুগযুগ ধরে এই প্রভুবাদ। এই জমিদারসুলভ মনোভাব, এই ব্যক্তি মালিকানা যাদের হাতে প্রচুর টাকা রয়েছে তারা টাকা দিয়ে মানুষের মনুষ্যত্ব, মানুষের বুদ্ধি, রুচি এবং সংস্কৃতিকে এইভাবে নষ্ট করে দিয়েছিল। দীর্ঘদিন ধরে টাকা দিয়ে মানুষের মনুষ্যত্ব, বিবেক, মানুষের  সংস্কৃতি ও রুচি সমস্ত কিছু ধ্বংস করা হয়েছে। আমি গান্ধীজীর একটা কথা বলি যদিও আমি তাঁর আদর্শে বিশ্বাস করিনা। আমরা কমিউনিস্ট, আমরা ভিন্ন মতাবলম্বী। আমি এর আগে একবার বলেছিলাম কাদা দিয়ে প্রতিমা গড়া যায়। অর্থাৎ খড়ের উপর প্রথমে কাদা দিয়ে, তারপর রং লাগিয়ে নূতন সুন্দর প্রতিমা তৈরি করা যায় এবং সেটা হচ্ছে সংস্কৃতির বহিঃপ্রকাশ, রুচির প্রকাশ। কিন্তু অপর দিক থেকে সেই কাদা দিয়ে আবার বাঁদরও তৈরি করা যায়। সেই বাঁদর এই যে পুঁজিবাদী জগত এবং দেউলিয়াপনা সৃষ্টি করেছে তার বিরুদ্ধে আমরা জনসাধারণকে হস্তক্ষেপ করাতে চাই সমষ্টিগতভাবে। একজন রাজার ইতিহাস, একজন বড়লোকের ইতিহাসের মূল্য আমাদের কাছে কম। সমস্ত জনসাধারণ সমষ্টিগতভাবে যাতে সমাজ গঠনে, ভবিষ্যত গঠনে হস্তক্ষেপ করে সেই দিকে আমাদের নজর থাকবে। সেই মানুষকে তৈরি করতে গেলে, সমষ্টিগতভাবে দেশের পরিবর্তন করতে গেলে, ইতিহাসের পরিবর্তন করতে গেলে, কথাবলির পরিবর্তন করতে গেলে যে কাজগুলি করতে হবে সেটা একটা বিরাট কাজ, বিশাল কাজ যে কথা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন। সেই বিশাল কাজ করতে গেলে এই দপ্তর ছোট হলেও তাকে সেই বিশাল দায়িত্ব নিতে হবে এবং

অনেক দূরদর্শী পরিকল্পনা সামনে রেখে তাঁকে কর্মপন্থা নির্ণয় করতে হবে এবং সেইভাবে কাজ করে যেতে হবে। এই কথা বলে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি এই বাজেট সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই আপনার মাধ্যমে মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সাত সমুদ্র তের নদী পার হয়ে বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের দেশে এসেছিল এবং শাসনের নামে এখানে শোষন চালিয়েছিল। সেই সাম্রাজ্যবাদী বৃটিশ শক্তি ভারতবর্ষের অর্থনীতিকে টুকরো টুকরো করে ভেঙ্গে দিয়েছিল। সেই অর্থনৈতিক কাঠামো ভাঙ্গার সঙ্গে সঙ্গে অষ্টাদশ শতাব্দিতে এই পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষে চলেছিল একটা বিরাট সাংস্কৃতিক অবক্ষয় এবং সেই সাংস্কৃতিক অবক্ষয়ের মধ্যে আমরা শুনেছিলাম রামপ্রসাদের কণ্ঠ, 'বল মা দাঁড়াই কোথা'। অষ্টাদশ শতাব্দীর পর উনবিংশ শতাব্দীতে ভারতবর্ষের বড় বড় মনীষীরা আবার আন্দোলন শুরু করলেন সাংস্কৃতিক পুনরুজ্জীবনের জন্য তাঁরা একদিকে সাংস্কৃতিক পুনরুজ্জীবনের জন্য আন্দোলন করলেন এবং অন্যদিকে শুরু হল সংস্কৃতি রক্ষা করবার জন্য আন্দোলন। সাম্রাজ্যবাদী বৃটিশ শক্তি দেশে চলে গেল কিন্তু তার ধারক ও বাহকরা এলো এই কংগ্রেসিরা। তারা শুরু করলো ব্রিটিশের মতো একই নীতি এবং একই ভাবে ভারতবর্ষের বুকে, পশ্চিমবাংলার বুকে, এই সব লুঠেরা, এই সব সাম্রাজ্যবাদীর ধারক ও বাহকরা একদিকে যেমন অর্থনৈতিক শোষন করলেন অন্যদিকে সংস্কৃতির অবক্ষয়, সংস্কৃতির ধ্বংস করতে আরম্ভ করলেন। আজকে এই সব লুঠেরা, এই সব সাম্রাজ্যবাদীর ধারক ও বাহকরা, এই সব পুঁজিপতির দালালরা, এই সব নব্য ঔপনিবেশিক শক্তির ধারক ও বাহকরা তারা

[7-50—8-00 p.m.]

পশ্চিমবাংলায় এবং বিগত ইন্দিরা সরকারের রাজত্বে আমরা দেখেছি একের পর এক পরিকল্পিতভাবে কলেজের পাশে পাশে, বিদ্যালয়ের পাশে পাশে মদের দোকান বসালেন। কলেজের ছেলেদের তারা শেষ করলেন এবং কলেজের সেই সমস্ত ছেলেদের নানা সংস্কৃতির নামে, বিভিন্নভাবে যাত্রা, নাটক ইত্যাদি প্রচারের মাধ্যমে সমস্ত বড় বড় জুলপিওয়ালা, লম্বা চুল রেখে সমস্ত জায়গায় তারা সংস্কৃতির অবক্ষয় করলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের হাউসের সংস্কৃতির অপকীর্তি ঐখানেই বসে রয়েছেন। আপনি লক্ষ্য করে দেখুন তিনি তার মুর্তের প্রতীক হয়ে পশ্চিমবাংলাতে কেমনভাবে এই হাউসের মধ্যেই রয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা জানি পশ্চিমবাংলার মানুষ কেমন করে লুঠেরা সাম্রাজ্যবাদী ব্রিটিশকে তাড়িয়েছিল আজকে পশ্চিমবাংলায় তারাই এই লুঠেরোদের তাড়িয়েছে। তাই আজকে আমরা দেখছি পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার হয়েছে। সাম্রাজ্যবাদী ব্রিটিশকে যেমনভাবে তাড়িয়েছিল সেই রকম আজকে পশ্চিমবাংলা থেকে ঐ লুঠেরোদের, ঐ সাম্রাজ্যবাদী ব্রিটিশদের ধারক ও বাহকদের তাড়িয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছে। এই বামফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রী মহাশয় এই বাজেটে যে সমস্ত প্রস্তাব রেখেছেন সেই সমস্ত প্রস্তাবের আমি প্রশংসা না করে পারিনা। যে সংস্কৃতির অবক্ষয়, যে অপসংস্কৃতি এই কয়েক

বৎসর ধরে তারা সৃষ্টি করেছে, বিগত ৭ বৎসরে যে নারকীয় অবস্থার সৃষ্টি করেছে, কি ফিল্মি জগতে, কি চিত্র জগতে, কি সাহিত্য জগতে, কি সংবাদপত্রে, কি ভাষায়, যার একটা বিরাট দায়িত্ব আমাদের উপর এসে গিয়েছে। সুতরাং এই অপসংস্কৃতির হাত থেকে বাঁচবার জন্য একদিকে যেমন আমরা দেখছি গ্রাম বাংলার লক্ষ লক্ষ মানুষ আর্তনাদ করছে সেই আর্তনাদকে যেমন করেই হোক আমাদের থামাতে হবে এবং সেই অপসংস্কৃতি যা শহরের দিকে এগিয়ে আসছে তাও আজকে আমাদের রুখতে হবে। সুতরাং পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তার উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করছেন। আজকে বিভিন্ন স্তরে, বিভিন্ন গ্রামে যে সমস্ত যুবক, ছাত্র, তাদেরও বিরাট দায়িত্ব আছে। যেমন বামফ্রন্ট সরকারের কাছে অর্থনৈতিক কাঠামো, পুঁজিবাদী সমাজ ব্যবস্থা, মুনাফাখোর মজুতদার রয়েছে সেই রকম অপ সংস্কৃতির ধারক ও বাহক আজকে বিভিন্ন জায়গায় রয়েছে। আজকে তারা যে পূতিগন্ধময় সমাজ সৃষ্টি করেছে সেই পূতিগন্ধময় সমাজকে উৎপাটিত করে নূতন সাংস্কৃতিক জীবনে আশার সুর এর মধ্যে এনেছেন তারজন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে রেখেছিলাম তার উপর মাননীয় সদস্যদের আলোচনা আমি মনোযোগ দিয়ে শুনেছি এবং সেই সম্পর্কে প্রথমেই যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে মাননীয় সদস্য হরিপদ ভারতী, তিনি যে কথা বলেছেন সেই মনোভাবই আমরা মনে করি সঠিক মনোভাব। যে আলোচনা আমরা করব এই বক্তব্যের সমর্থনে বা সমালোচনায়, যে আলোচনায় আমরা উপকৃত হব, এই বিষয় আরও গভীরভাবে চিন্তা করার পথ খুলে যাবে, তা যেদিক থেকেই আসুক না কেন, সে সম্পর্কে আমাদের মনোভাব খুব স্পষ্ট। সেই কারণে বলছি যে সমস্ত বক্তব্যগুলি শুনেছি এবং সেই সম্পর্কে কয়েকটি কথা বলব। প্রথম কথা মাননীয় কংগ্রেসি সদস্য যা বললেন দাঁড়িয়ে, এর মধ্যে তিনি কিছুই দেখতে পাচ্ছেননা। তাঁরা কি দেখতে পাচ্ছেননা? তাঁরা কি দেশের মানুষকে দেখতে পাচ্ছেননা? দেশের বাস্তব অবস্থা দেখতে পাচ্ছেননা? এটাই স্বাভাবিক। এই কথাগুলি বলতে গিয়ে তিনি একটা কথা বললেন- আমরা যে প্রচারগুলি করেছিলাম, সেই প্রচারের মধ্যে দলীয় রাজনীতি ছিলনা, এই কথাগুলি নতুনভাবে বলে এই সভায় সাদাকে কালো করা যাবেনা। বিগত ৫/৬ বছর ধরে পশ্চিমবাংলার মানুষ দেখছে সরকারি চলচ্চিত্র, ডকুমেন্টারি ফিল্মস, সরকারি পত্র পত্রিকা, এই সব কিছুর মাধ্যমে একটা ক্লান্তিকর প্রচার চলেছে, যে প্রচার সম্পর্কে সারা দেশের সাধারণ মানুষ বীতশ্রদ্ধ হয়ে গেছে, ক্লান্ত হয়ে গেছে। একটা কথা বলা যায়, দেশ অনেক এগিয়ে চলেছে, সারাদেশব্যাপী যে প্রচার করেছেন, সেই প্রচার সম্বন্ধে সারা দেশের মানুষ ক্লান্ত হয়ে পড়েছে। আমরা বলছি দলীয় রাজনীতির প্রচার বন্ধ করুন। আমরা তা চাইনা। তারা যেভাবে দলীয় রাজনীতির প্রচার করে গেছেন আমরা চাই যেভাবেই হোক সেটা বন্ধ করতে সেই ঐতিহ্য বন্ধ করতে। আমি এটা বলার চেষ্টা করেছি যে তারা এই বিভাগকে দলীয় রাজনীতি প্রচারের কেন্দ্র হিসাবে ব্যবহার করতে চেষ্টা করেছিলেন, এটা আমি আগেও কিছু কিছু শুনেছিলাম, এখনও আমি সব কিছু দেখে উঠতে পারিনি, তা হচ্ছে কংগ্রেস দলীয় ২৬, সম্মেলন, কোথায় গৌহাটিতে ইন্দিরা গান্ধীর মিটিং হয়েছে, কোথায় কি হয়েছিল এই দপ্তর থেকে

লক্ষ লক্ষ টাকা নিয়েছেন, দলীয় প্রচার করেছেন যেগুলির কোনও যুক্তি নাই। এমন প্রচার করেছেন যে সরকারি নথিপত্র পর্যন্ত ঠিক করেননি। একজন মন্ত্রী এক রকম মন্তব্য করেছেন, আর একজন মন্ত্রী আর এক রকম মন্তব্য, সমস্ত জিনিস জমা হয়ে আছে। এক কথায় বলা যায় আবর্জনা জমা হয়ে আছে, সেই আবর্জনা দূর করতে সময় লাগবে। একজন মাননীয় কংগ্রেসি সদস্য বলেছেন আমরা দলীয় প্রচার করিনি। যে ডকুমেন্টারি ফিল্ম তুলেছেন তা এমন যে একটি বইও দেখান যায়না এমনই নিম্ন মানের প্রতিটি বই। আমি একজন মন্ত্রীর নামও করছি। একটি ডকুমেন্টারি ফিল্মে মাছের ছবি তোলা হয়েছে, যত না মাছগুলিকে দেখানো হয়েছে, তার চেয়ে বেশি দেখানো হয়েছে আমাদের মাননীয় জয়নাল সাহেবকে। লক্ষ লক্ষ টাকা খরচ করে এই বইগুলি তোলা হয়েছে, মাছ ধরার ছবি, এই বইগুলি দেখানো যাবেনা। আমরা দেখছি কি করে এ থেকে মুক্তি দেওয়া যায়। তিনি বললেন সোনার কেল্লার মধ্যে তো কোনও উল্লেখ নাই। তার কারণ হচ্ছে, সোনার কেল্লা ছবিতে এই প্রচার করার আপনাদের ক্ষমতা ছিলনা, যিনি এই বই তুলেছিলেন তিনি একজন সম্মানিত ব্যক্তি, পরিচালক হিসাবে তাঁর খ্যাতি সর্বত্র, আন্তর্জাতিক খ্যাতি তাঁর আছে, তিনি তাঁর বইয়েতে কংগ্রেসের প্রচার করতে রাজী হননি। তাঁদের সময়ে যে সমস্ত ডকুমেন্টারি ফিল্ম তোলা হয়েছিল তার মধ্যে মারাত্মক জঘন্য প্রচার চলেছিল দলীয় রাজনীতির। আমরা দেখছি কি করে ছোট বাচ্চাদের দেখাবার মতো এগুলি ব্যবস্থা করতে পারি। তার পাশাপাশি এসব তিনি স্বীকার করে নিয়ে বললেন আপনারা নতুন করে এসব করবেননা। কংগ্রেস দলের পক্ষ থেকে এসব বলা কৌতুককর যাই হোক একথা বলবার জন্য, এই উপদেশ দেবার জন্য তাঁকে ধন্যবাদ, এই কারণে যে, কথাটা ভাল হলেও তাঁদের মুখ থেকে এটা বেরিয়েছে। সেজন্য তাঁদের ধন্যবাদ। নিশ্চয়ই এই ধরনের রাজনীতি আমরা করবনা। আমি মাননীয় হরিপদ ভারতীর বক্তব্য মনোযোগ দিয়ে শুনেছি। যে বিষয়ে তিনি গুরুত্ব দিয়ে বলেছেন, সে সম্বন্ধে অনেক সদস্যই বলেছেন, সে বিষয়টা হচ্ছে আমরা কি মনোভাব প্রকাশ করছি। বিগত কয়েক বছর ধরে আমাদের দেশে একটা মারাত্মক মনোভাব তৈরি হয়েছে। আমার মতে শ্রেণী বিভক্ত সমাজে যে শ্রেণী ক্ষমতায় থাকে, তাদের মতাদর্শ বিকৃত মতাদর্শ জনগণের উপর জোর করে চাপিয়ে দেবার চেষ্টা করে এই কারণে যে দেশের মানুষ, দেশের জনগণ যাতে দেশের শাসনের পরিবর্তন না করতে পারে, যেন তারা শাসন ভিত্তিক সমাজ স্বীকার করে নেন। এই একটা মৌলিক উদ্দেশ্যে যারা ক্ষমতায় থাকে, সেই শ্রেণীর একটা বেপরোয়ামি সংস্কৃতির সমস্ত মাধ্যম- চলচিত্র, নাটক, পত্র-পত্রিকা, যাত্রা, এ সব কিছুর মধ্যে যেমন হয়েছে, তেমনি রাজনীতির ক্ষেত্রে হয়েছে। এটা সর্বত্র হয়েছে, শিক্ষাকেন্দ্রে হয়েছে, সাংস্কৃতিক জগতে এই জিনিস হয়েছে। উনি যে মনোভাব দেখিয়েছেন আমি সে সম্পর্কে বলতে চাই যে আমরা সঠিকভাবে পথ খোজার চেষ্টা করব, চেষ্টা করছি। সেই পথ খোঁজার ক্ষেত্রে একজন মাননীয় সদস্য বলেছেন, এই মুহূর্তে কি কার্যকর পরিকল্পনা নিয়েছি। আমি এ বিষয়ে যেকথা বলতে চাই সেটা হচ্ছে, আমার কথা হচ্ছে এভাবে একটি আইন করলেই যথেষ্ট হবেনা। একটা বিশেষ কোনও নাটক বন্ধ করে দিলাম আগামী সাত দিনের মধ্যে এতে সমাধান হবে না। আমার বক্তব্যের মধ্যে যে বিষয়বস্তুর উপর জোর দিতে চেয়েছি সেটা হচ্ছে পশ্চিমবাংলার সমস্ত শুভবুদ্ধি সম্পন্ন

মানুষ, সাংস্কৃতিক আন্দোলনের সঙ্গে যুক্ত সমস্ত মানুষ তাঁরা সকলে একটা সুনির্দিষ্ট মতামত দিন, একটা রায় দিন, একটা সচেতন প্রতিবাদ হোক। এই সচেতন প্রতিবাদের উপর দাঁড়িয়েই একটা দায়িত্বশীল সরকার নির্দিষ্ট পদক্ষেপ নিতে পারে। আমরা এই আবেদনটাই করব। কারণ বিগত কয়েক বছরে অপসংস্কৃতির ব্যাপারে একটা প্রত্যক্ষ পৃষ্ঠপোষকতা ছিল। সেই সমস্ত নাটক গান যেখানে হয়েছে সেই সমস্ত সিনেমা যেখানে হয়েছে বিগত সরকারের মন্ত্রীরা গিয়ে সেখানে মালা নিয়ে এসেছেন এবং তাদের পিঠ চাপড়িয়ে দিয়ে এসেছেন। এই সমস্ত নাটকের দোষ নয়। সেই সমস্ত নাট্য সংস্থা বা গোষ্ঠী নাটকের নামে যা কিছু করছে এসব ব্যাপারে পশ্চিম বাংলার মানুষের একটা সচেতন প্রতিবাদের উপর দাঁড়িয়ে একটা দায়িত্বশীল সরকার সুনির্দিষ্টভাবে আইনের ব্যবস্থা নেওয়া যায় কিনা এটা দেখতে পারেন। বিশেষ করে যে প্রশ্নটা উঠেছে যে নাটকের নামে আপনারা জানেন কলকাতার কয়েকটি বিখ্যাত নাটক যা হলে হচ্ছে এবং মফস্বলেও যাচ্ছে ... ....

[8-00—8-10 p m ]

**Mr. Deputy Speaker :** Honourable Members, the time fixed for this Demand will expire at 8.03 p.m. It is likely that the Minister will take some more time to finish his speech. So, the time may be extended by half an hour under Rule 290 of our Rules. I hope the House will agree

(Voices — Yes)

So, the time is extended by half an hour.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য ঃ** আমি যেকথা বলছিলাম এবং বিশেষ করে যে প্রসঙ্গ উঠেছে নাটকের ক্ষেত্রে কয়েকটি জিনিষ যা হচ্ছে, ক্যাবারে ড্যান্সের মধ্য দিয়ে, সেগুলোর কোনও প্রয়োজন নেই, সেগুলোর আমাদের জাতীয় সাংস্কৃতির সঙ্গে কোনও সম্পর্ক নেই এবং সোজাসুজি ব্যবসায়িক ভিত্তিতে এবং মানুষের অসুস্থ চিন্তাকে সাহায্য করার জন্য যে বিষয়গুলি হচ্ছে এই সম্পর্কে আমরা আলোচনা করছি। এই সম্পর্কে সরকারের নির্দিষ্টভাবে দায়িত্ব নেওয়া প্রয়োজন, সরকারের কোন পদক্ষেপ নেওয়া প্রয়োজন, এটাও আমরা মনে করি। কিন্তু আমি যেটা জোর দিতে চেয়েছি আমার বক্তব্যে সামগ্রিকভাবে পশ্চিমবাংলার একটা পরিবর্তন হয়েছে। সারা দেশে একটা পরিবর্তনের হাওয়া বইছে। এই পরিবর্তনের সামনে দাঁড়িয়ে মানুষের শুভবুদ্ধির পরিবর্তন হচ্ছে সর্বত্র। সেই ক্ষেত্রে সংস্কৃতির জগতে যারা আছেন তারা যদি ঐক্যবদ্ধভাবে সুস্পষ্টভাবে মতামত দিতে পারেন। সেই মতামতের উপর দাঁড়িয়ে এই সরকার নির্দিষ্টভাবে কি পদক্ষেপ নিতে পারে তার কথা চিন্তা করবে। এই বিষয়ের উপর জোর দিতে চেয়েছি যে মানুষের সচেতন প্রতিবাদ এবং নির্দিষ্টভাবে সরকারকে কি করতে হবে এটা জানানো দরকার। এই সম্পর্কে সুস্পষ্ট রায় নিয়ে এই মুহূর্তে আমরা পদক্ষেপ নিতে চাই। এই ব্যাপারে যে মনোভাব আছে, এই মনোভাব সুস্পষ্ট না হলে আমরা এই মুহূর্তে কোনও পদক্ষেপের কথা ভাবছি না। এই প্রসঙ্গে আমি বলতে

চাই মাননীয় সদস্য হরিপদ ভারতী যেকথা বলেছেন কারণ এর সঙ্গে আরও প্রশ্নও জড়িত থাকবে। এরই মধ্যে দেখছি কিছু কাগজে সেই শুরু হয়ে গিয়েছে সেই শুরু হচ্ছে সরকার যেন সাংস্কৃতিক প্রশ্নে এমন কিছু ভূমিকা নেবেন না যাতে শিল্পের স্বাধীনতা, শিল্পীর স্বাধীনতায় হস্তক্ষেপ না পড়ে। এই সমস্ত প্রশ্ন এসে পড়েছে আমরা জানি। আমরা এও জানি বর্তমান সমাজে সাহিত্যের মধ্যে শিল্পের বিষয় নিয়ে, নন্দনতত্ত্বের বিষয় নিয়ে হয়তো বিতর্ক অনেক দিন চলবে কিন্তু আমি যে বিষয়গুলি বলছি, নাটকে যে অপরাধগুলো হচ্ছে এগুলো নাটক, সাহিত্যের বা নন্দনতত্ত্বের বিতর্কের বিষয় নয়। এগুলো সোজাসুজি সংস্কৃতির নামে সামাজিক অপরাধ হচ্ছে। কিন্তু এগুলো করতে গেলে একটা সচেতন মতামত চাই। পত্র পত্রিকার মাধ্যমে সাংস্কৃতিক সংস্থাগুলির সমস্ত মানুষের সচেতন মতামত দিয়ে, সরকার নিজে থেকে কিছু আগে করতে চান না, সরকারি হস্তক্ষেপের বিষয় ভীষণভাবে চিন্তা করে নিয়ে তারপর আমাদের পদক্ষেপ নিতে হবে। তার কারণ মাননীয় সদস্য হরিপদ ভারতী যেকথা বলেছেন, আমি জানি না কোনও একটা রিপোর্টের উপর দাঁড়িয়ে তিনি এই প্রসঙ্গ এখানে তুলেছেন এবং আমি সেটা বুঝতে পারছি না। আমাদের লোকরঞ্জন শাখায় আমি নাকি কিছু নাটক বন্ধ করে দিয়েছি। আমি জানি না এই রকম কিছু হয়েছে। আমি জানি না এই সম্পর্কে আমি বিবৃতি দিয়েছি কিনা। বিশেষ করে তিনি একটি কথা বলেছেন, রবীন্দ্রনাথের চণ্ডালিকা বন্ধ করে দেওয়া হয়েছে। এই সম্পর্কে একটি কথা অত্যন্ত বিনয়ের সঙ্গে তাকে বলতে চাইছি। সূর্যকে ঢেকে দেওয়ার এই দুর্বুদ্ধি যেন আমাদের কোনওদিন না হয়। তিনি কোথা থেকে এটা শুনলেন এই তথ্য কোথা থেকে পেলেন আমি জানি না। আমি এই কথা বলতে চাই যে এই সরকার দায়িত্ব নেবার পর আমি লোকরঞ্জন শাখাকে বলেছিলাম একটা কথা। সেখানকার রিপোর্ট কি? সমস্ত অবস্থাটা দুর্বল হয়ে পড়েছে কোনও নাটকই তারা ঠিক করে করতে পারে না। কোনওটা করে কোনওটা বন্ধ হয়ে যায় এই রকম অবস্থা। আমি বলেছি ঠিক করে সবগুলিই করতে হবে। আর দুটি জিনিস আমি বলেছিলাম একটা হচ্ছে দীনবন্ধু মিত্রের নীলদর্পন আর ম্যাকসিম গোর্কির মা এই দুটি করতে হবে। আমি জানি এই দুটি নাটক পশ্চিমবাংলার সমস্ত স্তরের সাংস্কৃতিবান ব্যক্তি মাত্রই সমর্থন করবেন। কিন্তু কোনও নাটক বন্ধ করে দেওয়া বিশেষ করে রবীন্দ্রনাথের নাটক বন্ধ করে দেওয়ার মতো দুর্বুদ্ধি যেন আমাদের কোনও দিন না আসে। একথা আমি আপনাকে বলতে পারি এই মনোভাব আমাদের নিশ্চয় নাই। আমাদের মনোভাব কি যে আমাদের জাতীয় ঐতিহ্যের সঙ্গে সম্পর্কযুক্ত সেগুলিকে আমাদের করতে হবে এই কথাগুলিই আমি বলতে চেষ্টা করেছি। এবং সেই প্রসঙ্গে আমি এই কথা বলতে চাই নিশ্চয় অনেকেই বলেছেন- কিন্তু এ কাজটি অত্যন্ত কঠিন কাজ। গোটা দেশবাসী একটা শ্রেণী বিভক্ত সমাজ। শাসক শ্রেণী যারা ক্ষমতায় আসীন ছিলেন তারা মুনাফার স্বার্থে কাজ করেছে এবং আমাদের দেশের চেতনা বিকৃত করে দেবার ব্যবস্থা করেছে এই কথাই আমি রিপোর্ট-এর মধ্যে বলবার চেষ্টা করেছি। নিশ্চয় এটা সকলেই উপলব্ধি করেছেন। গত ছয় সাত বছর ধরে যুব সমাজকে নিয়ে যে চেষ্টা হয়েছে এবং সেই চেষ্টার জন্য একটা সাংস্কৃতিক পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করা হয়েছে। এবং এই সাংস্কৃতিক পরিবেশ দিয়ে তাদের শুধু বেকার করে পেটে মারলে

চলবে না মগজটাকেও পচিয়ে দাও। আর মগজ পচাতে পারলে যারা ক্ষমতায় ছিলেন তাদের লাভ হবে। আমি এই জন্য চাই একটা সুষ্ঠু দৃষ্টিভঙ্গি। একটা দীর্ঘস্থায়ী মানবিক চেতনা তৈরি করতে একটা দীর্ঘস্থায়ী মানুষের একটা সচেতন আন্দোলন তৈরি করতে এবং সেই ব্যাপারে শুধু সরকারি উদ্যোগ যথেষ্ট নয়, সরকারি উদ্যোগের সঙ্গে সঙ্গে বেসরকারি উদ্যোগ একত্রিত করতে পারলে নিশ্চয় আমরা সেই জায়গায় যেতে পারব। আমি এ বিষয়ে আর বেশি সময় নেব না। মাননীয় সদস্য হরিপদ ভারতী আর একটা কথা বলেছেন, সেই প্রসঙ্গ হচ্ছে এই রিপোর্টে সোচ্চারভাবে বলা হয়েছে প্রচারকে আমরা সত্যের সামনে প্রতিষ্ঠিত করব, সত্যের পক্ষে চলবো। এবং এই প্রসঙ্গে আমি বলেছিলাম গণতন্ত্রের পক্ষে সত্যের উপর ভিত্তি করে সংবাদ প্রকাশিত হবে সেই মনোভাব নিয়ে আমি এসেছি এবং বিশেষ করে সংবাদপত্রের ব্যাপারে আমাদের মনোভাব স্পষ্ট। তিনি বলেছেন এই বক্তব্য কথার মধ্যে যেন ফাঁক না থাকে যেন আন্তরিকভাবে তা প্রমান করা হয়। আমি জানি না ঠিক এই মুহূর্তে আন্তরিকতা প্রমান করার মানদন্ডটা কি। আমি তাঁকে এই কথা বলতে চাই যে এই সরকারের সামগ্রিক যে দৃষ্টিভঙ্গি বিগত ৫।৬ বছর পশ্চিমবাংলার অনেক অভিজ্ঞতার মধ্য দিয়ে তারা এগিয়ে এসেছে এবং পশ্চিমবাংলার মানুষ যে রায় দিয়েছে সেই রায়কে আমরা সম্মান করি এবং সম্মান করি বলেই বলছি গণতন্ত্রের পক্ষে যে কথা সোচ্চারভাবে বলেছি গণতন্ত্রের সম্মান আমরা রক্ষা করার চেষ্টা করব। আমাদের যে বক্তব্য এবং আমাদের কাজ তা সঠিক কিনা আমাদের কাজের মধ্যে দিয়ে তা বিচার করে দেখতে হবে যে আমরা সেই কাজ করতে পারছি কিনা। অনেকেই অনেক কথা বলেছেন অনেক প্রস্তাব করেছেন তথ্য চিত্র সম্বন্ধে মৃণালবাবুর সঙ্গে কি কথা হয়েছে আমার জানা নেই। যাত্রা শিল্পীদের তহবিলের ব্যাপার নিয়ে কথা উঠেছে- যাত্রা শিল্পীদের তহবিল তৈরি করা যায় কিনা। আমাদের এ প্রস্তাব আছে, নাটক যারা করেন যাত্রা যারা করেন এবং বর্তমানে করতে পারেন না এমন অনেক বৃদ্ধ শিল্পী আছে- পুরানো শিল্পীদের সাহায্যের জন্য আমরা একটা পরিকল্পনা করব সেই উদ্যোগ নেব। প্রসংগত আরও একটা কথা বলে রাখি বিগত রাজ্য সরকার কি কেন্দ্রীয় সরকার লক্ষ লক্ষ টাকা ব্যয়ে দেওয়ালে ট্রামে বাসে স্টেশনে সমস্ত জায়গায় কতকগুলি বাজে কথা লিখেছেন। এখন এই ব্যাপারে অনেকে বলেছেন এগুলি কতদিন থাকবে। আমি এই কথা শুধু বলতে পারি যে কিছুটা হয়তো তোলার চেষ্টা করছি। কিন্তু আবার তুলতে গিয়েও তো অনেক খরচ হবে। কিছুটা তুলব তার চেষ্টাও করছি আর বাকিটা পশ্চিমবাংলার মানুষের ঘৃণা ও অবজ্ঞার মধ্য দিয়ে আস্তে আস্তে উঠে যাবে- একটু অপেক্ষা করুন। এই কথাগুলি বলে আমি যে ব্যয় বরাদ্দ পেশ করেছি সেটা আপনাদের সমর্থন করার জন্য অনুরোধ জানিয়ে সমস্ত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Rajani Kanta Doloi that the amount of the Demand be reduced to Re.1 was then put and lost.

The motion of Shri Buddhadeb Bhattacharjee that a sum of Rs.2,55,00,000 be granted for expenditure under Demand No.41, Major

Heads : "285—Information and Publicity, 485—Capital Outlay on Information and Publicity, and 685—Loans for Information and Publicity", was then put and agreed to.

[8-10—8-20 p.m.]

## Demand No. 22

## Major Head : 256—Jails

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি প্রস্তাব করছি যে, ২২নং চাহিদা (মুখ্য খাত: '২৫৬—কারা')-র অধীনে ৫ কোটি ৮৫ লক্ষ টাকা ১৯৭৭-৭৮ সালে ব্যয়ের জন্য মঞ্জুর করা হোক; বর্তমান বৎসরে উক্ত খাতে অন্তর্বর্তীকালীন সংস্থান হিসাবে মঞ্জুরীকৃত ২ কোটি ৯৭ লক্ষ ৯৮ হাজার টাকা এই ব্যয়বরাদ্দ দাবির অন্তর্ভুক্ত।

২। গত কয়েক বছরের বিভীষিকাময় অন্ধকার রাজত্বে যে সংশয়, ত্রাস ও যন্ত্রণা সমগ্র দেশের শ্বাসরোধ করেছিল তা আজ অপসৃত। এই দিন-বদলের ক্ষণে নিষ্প্রাণ, রুক্ষ ও দমনমূলক নির্বাসন-রীতিতে অভ্যস্ত কারাগারগুলির ব্যাপক রূপ পরিবর্তনও অবশ্যম্ভাবী ও আসন্ন আমি বিশ্বাস করি, কারারুদ্ধ প্রতিটি অপরাধী স্বমর্যাদায় নির্ভয়ে সুশৃঙ্খল পরিচ্ছন্ন জীবন-যাপনের অধিকারী আমার আশা, বন্দী একদিন স্বাধীন হয়ে আবার সুখ-দুঃখ-দ্বন্দ্বে ভরা জগতে আপন কর্তব্যভার গ্রহণ করবেন পুনর্বাসনের প্রস্তুতি পর্ব হিসাবে কারাবাসের সময় তিনি আপন বৃত্তি ও অনুরাগ অনুযায়ী অর্থকরী কর্মে ব্যাপৃত থাকবেন এবং তাঁর নৈতিক, সামাজিক ও আত্মিক প্রসার সুনিশ্চিত হবে। এই কার্যভার গ্রহণের পর থেকে আমি আন্তরিকভাবে সচেষ্ট আছি যাতে সংস্কার ও সংশোধনের শুভ প্রচেষ্টা ও মানবিক দৃষ্টিভঙ্গি কারাভ্যন্তরে সুস্থ জীবনের কল্যাণকর অধ্যায় সূচিত করে।

৩। গত দুই মাসে পশ্চিমবাংলার বিভিন্ন জেল, সাব জেল পরিদর্শন করায় খবর জেনেছি যে, বিগত কয়েক বৎসর ধরে অধিকাংশ কারাতেই নির্দিষ্ট সংখ্যার অনেক বেশি বন্দী অবরুদ্ধ থাকতেন। স্থানাভাব, চিকিৎসা ও পরিচর্যার অপ্রতুল ব্যবস্থা এবং তৎকালীন সরকারের কার্যকলাপের ফলে সংখ্যাধিক্যজনিত এই সমস্যা গুরুতর আকার ধারণ করেছিল। মাননীয় সদস্যবৃন্দ অবগত আছেন যে, বর্তমান সরকারের দ্রুত সিদ্ধান্তের ফলে জরুরি অবস্থাকালীন আইনে আটক ও রাজনৈতিক কারণে আবদ্ধ অধিকাংশ বন্দী মুক্তি পেয়েছেন। এর ফলে, সামগ্রিক বন্দী-সংখ্যা নির্ধারিত সংখ্যার থেকে অনেকাংশে হ্রাস পেয়েছে। অবশ্য কিছু কিছু মহকুমা ও জেলা-জেলে এখনও বন্দীর সংখ্যাধিক্য রয়েছে। বন্দীর সংখ্যাধিক্য মহকুমা সব-জেলগুলিতেই সবচেয়ে বেশি। আরামবাগ সাব-জেল, কাটোয়া সাব-জেল, উলুবেড়িয়া সাব-জেল, রানাঘাট সাব-জেল, বসিরহাট সাব-জেল, বালুরঘাট সাব-জেল, ঝাড়গ্রাম

সাব-জেল, জঙ্গীপুর সাব-জেল প্রমুখ সাব-জেলগুলিতে নির্ধারিত সংখ্যার ২।৩ গুণ বেশি বন্দী আছেন। এই সকল বন্দীদের মধ্যে বিচারাধীন বন্দীদের সংখ্যা প্রায় শতকরা আশি ভাগের মতো। মামলার দ্রুত নিষ্পত্তির সঙ্গে overcrowding of prisoners-এর প্রশ্ন বিশেষভাবে জড়িত। সংখ্যাধিক্যজনিত অবস্থার প্রতিবিধান করতে সরকার দৃঢ়সঙ্কল্প।

৪। সাব-জেলগুলির প্রশাসন যন্ত্রের অপ্রতুলতা সম্পর্কে বর্তমান সরকার সচেতন আছেন। কোনও সাব জেলেই সারাক্ষণের সুপারিন্টেনডেন্ট নেই। মহকুমা শাসক Ex officio part-time Superintendent হিসেবে কাজ করেন। অন্যদিকে S.D.M.O. সাব-জেলের Part-time Medical Officer। অন্যান্য বহু রকমের কাজকর্মের মধ্যে এঁদের পক্ষে সাব-জেলের বিভিন্ন বিষয়ের প্রতি সুবিচার করা কঠিন হয়ে দাঁড়ায়। সাব-জেলগুলির প্রশাসনিক যন্ত্রের উন্নতি-বিধানের কয়েকটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন রয়েছে।

৫। আভ্যন্তরীণ জরুরি অবস্থার সময় কারাগারের নিরাপত্তার উদ্দেশ্যে যে অতিরিক্ত বিধিনিষেধ আরোপ করা হয়েছিল, তা অপসারিত করা হচ্ছে। রাজনৈতিক ও উচ্চশ্রেণীভুক্ত বন্দীদের কক্ষের ভিতর সাপ্তাহিক সাক্ষাৎকারের সুযোগ দেওয়া হয়েছে। চলচ্চিত্র প্রদর্শনী, দৈনিক খেলাধূলা ও প্রতিযোগিতামূলক ক্রীড়ানুষ্ঠানের ব্যবস্থাও পুনঃপ্রচলিত করা হয়েছে। সর্বোপরি, বন্দীদের প্রতি শিষ্ট আচরণ-শৈলি প্রবর্তিত করা হচ্ছে।

৬। কারা-প্রশাসন সংস্কার ও পশ্চিমবঙ্গ কারাবিধির পুনর্বিন্যাসের জন্য পূর্বতন সরকার এক কারাবিধি সংস্কার কমিটি গঠিত করেন। এই কমিটির সংশোধনমূলক দীর্ঘ প্রতিবেদনটি তাঁদের বিবেচনাধীন ছিল। কিন্তু গৃহীত সিদ্ধান্তগুলি আশু রূপায়িত না হওয়ার কোনও বিশেষ সংশোধন-সূচি আজও অনুসৃত হয় নি। অনতিবিলম্বে যাতে কারাবিধি উপযুক্তরূপে পরিশীলিত ও পরিমার্জিত হয়, সে বিষয়ে আমি সজাগ দৃষ্টি দান করব।

৭। কারাগারের আমূল সংস্কার এক দীর্ঘমেয়াদী পরিকল্পনা ও উপযোগী আর্থিক-সঙ্গতি-সাপেক্ষ। সেইজন্য বন্দীজীবনের ন্যূনতম প্রয়োজনভিত্তিক এক স্বল্পকালীন পরিমিত প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে। এই কর্মসূচির তিনটি প্রধান লক্ষ্য হল-প্রয়োজনীয় জল-সরবরাহ, উন্নততর অনাময় ব্যবস্থা ও যথাযথ পথ্য এবং আহার্যের সংস্থান। এই ত্রিমুখী প্রয়াস ফলপ্রদ হ'লে বন্দীরা অন্তত পরিচিত অভ্যস্ত জীবনের আংশিক স্বাদ গ্রহণ করতে পারবেন।

৮। দুর্ভাগাবশত, পশ্চিমবঙ্গের কারাগারগুলিতে যথেষ্টসংখ্যক কিশোর বন্দী আছে। সাধারণ বয়স্ক বন্দীদের সংস্পর্শে থেকে একই কারাগারে গতানুগতিক পরিবেশে তারা দিন কাটায় ও নিষিদ্ধ চিন্তার ছায়া তাদের মনকে পাপাসক্ত করে। এদের সংশোধন, আবাসিক শিক্ষাদান, এবং সমাজে সম্মানজনক পুনঃপ্রতিষ্ঠা আমাদেরই দায়িত্ব। তাই কিশোর অপরাধীদের এক সংশোধনমূলক বন্দী-নিবাসে রেখে তাদের সুস্থ জীবনাদর্শের প্রতি আকৃষ্ট করতে সরকার একান্ত আগ্রহী।

৯। বিগত সরকার মুক্ত কারা স্থাপনের যে সিদ্ধান্ত নিয়েছিলেন, আজও তা কর্মে প্রতিফলিত হয় নি। বিভিন্ন দেশে মুক্ত কারা প্রধান সংশোধনসূচক প্রচেষ্টাগুলির অন্যতম ব'লে স্বীকৃতি হয়েছে। আমি সচেষ্ট থাকব যাতে এই রাজ্যে অন্তত একটি মুক্ত কারায় নির্বাচিত বন্দীরা খোলা হাওয়ায় কালযাপন করতে পারেন এবং গঠনশীল কৃষিভিত্তিক কাজে সার্থকভাবে আত্মনিয়োগ করতে পারেন।

১০। পশ্চিমবঙ্গের অনেক কারাগৃহেরই আংশিক বা সামগ্রিক সংস্কারসাধন প্রয়োজন। অথচ সীমিত অর্থবরাদ্দের জন্য এই সংস্কারকার্য এতদিন অবহেলার সঙ্গে ও অতি মন্থর গতিতে সম্পন্ন হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, চলতি আর্থিক বৎসরের জন্য প্রয়োজনীয় প্রস্তাব পেশ করা সত্ত্বেও যোজনা বাজেটে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে কারাগারগুলির উন্নতিসাধনের জন্য কোনও অর্থসাহায্য পাওয়া যায় নি। সীমিত ক্ষমতার মধ্যে রাজ্য সরকারের পক্ষে কারা বিভাগের নির্মাণ-প্রকল্পের জন্য অনুমোদনসাপেক্ষ যে বরাদ্দ করা সম্ভব হয়েছে,- আমার স্থির বিশ্বাস, পূর্ত বিভাগের সক্রিয় সহযোগিতায় তার সুষ্ঠু সদ্ব্যবহার সম্ভব হবে। ১৯৭৭-৭৮ সালে যে সকল কর্ম-প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে,-বালুরঘাট সাব-জেলের সম্প্রসারণ ও উন্নতিসাধান, মেদিনীপুর কেন্দ্রীয় কারাগার ও বর্ধমান জেলা জেলের প্রসারণ, দমদম কেন্দ্রীয় কারাগারে অনাময় ও জল সরবরাহ ব্যবস্থার উন্নতিবিধান ও সাক্ষাৎ-কক্ষ নির্মাণ, বহরমপুর কেন্দ্রীয় কারাগারের অনাময় ব্যবস্থার পরিবর্তন এবং বহরমপুর স্পেশাল জেলের পয়ঃপ্রণালীর উন্নতিকরণ তাদের মধ্যে অন্যতম।

১১। ১৯১২ সালের Lunacy Act অনুসারে যাঁরা কোনও অপরাধে অপরাধী নন অথচ উন্মাদ, তাঁদের জেলে রাখার ব্যবস্থা রয়েছে। পশ্চিমবাংলার বিভিন্ন জেলে এঁদের অর্থাৎ NCL-দের সংখ্যা বারশোর মতো। এঁদের অবস্থা অত্যন্ত মর্মন্তুদ। এঁদের সকলকে বহরমপুর স্পেশাল জেলে এক জায়গায় রেখে specialised treatment and care-এর ব্যবস্থা করার কথা সরকার গভীরভাবে বিবেচনা করছেন। যতক্ষণ পর্যন্ত এঁদের জন্য Home এবং Asylum-এর ব্যবস্থা না হচ্ছে, ততক্ষণ এঁদের জন্য ন্যূনতম চিকিৎসা ও যত্ন নেওয়া আমাদের আবশ্যিক কর্তব্য।

১২। পরিতাপের বিষয়, বিভিন্ন কারাগারের জন্য ঔষধ, খাদ্য ও নিত্যপ্রয়োজনের সামগ্রী সরবরাহের যে বিধি ও রীতি চালু আছে, তা সমালোচনার যথেষ্ট অবকাশ রাখে। অসৎ ব্যবসায়ী, এক শ্রেণীর কারাকর্মী, চিকিৎসক ও স্থবির আইনের এক দুষ্টচক্র এই সংগ্রহ-ব্যবস্থাকে ক্ষুণ্ন ক'রে চলেছে। স্বাভাবিকভাবেই বন্দীরা এর ফলে ক্ষোভ প্রকাশের সুযোগ পান। জেলের এই সরবরাহ-প্রণালীর উন্নতিবিধান আমি এক প্রধান কর্তব্য ব'লে মনে করি এবং এ সম্পর্কে এক স্বয়ম্ভর কার্যরীতি বিবেচনাধীন আছে।

১৩। প্রতিটি জেলে একাধিক বেসরকারি পরিদর্শক নিযুক্ত করবার ব্যবস্থা রয়েছে। উদ্দেশ্য হ'ল, তাঁরা দেখবেন কারাগারগুলি সুপরিচালিত হচ্ছে কিনা এবং আবাসিকদের সঙ্গত অভাব-অভিযোগ নিয়মিতভাবে নিরসন করা হচ্ছে কিনা। কোনও ত্রুটি তাঁদের দৃষ্টিগোচর

হ'লে, উর্ধ্বতন কর্তৃপক্ষকে তাঁরা সজাগ ক'রে দেবেন। কিন্তু, অধুনা যেসকল বেসরকারি কারাপরিদর্শক নিযুক্ত আছেন, তাঁদের প্রায় সকলেই এই কর্তব্যপালনে সম্পূর্ণ উদাসীন, তাঁরা নিয়োগপত্রের জয়টাকা বহন ক'রেই সন্তুষ্ট,-কাজের কষ্ট স্বীকার করতে অনিচ্ছুক। এমন অযোগ্য পরিদর্শক দৃষ্টান্ত হিসাবেও জেলের পক্ষে ক্ষতিকর। সরকার এঁদের অপসারিত ক'রে প্রকৃত উদ্যোগী ও সমাজসেবী ব্যক্তিকে জেল পরিদর্শনের কার্যভার দিতে বদ্ধপরিকর।

১৪। আমি জানি, কারাগুলির ব্যাপক উন্নতিসাধন শুধুমাত্র প্রকল্প, পর্যালোচনা ও অর্থবরাদ্দের দ্বারা সম্ভব নয়। এই উদ্যমের সাফল্য বহুলাংশে নির্ভর করবে কারাকর্মীদের নিষ্ঠা ও দক্ষতার উপর। লোকচক্ষুর অন্তরালে এক বৈচিত্র্যহীন জগতে তাঁদের দৈনন্দিন কর্মজীবন অতিবাহিত হয়। সেখানে সামান্য চ্যুতিও আবশ্যিকভাবে অপরাধ ব'লে পরিগণিত হয় এবং তাঁদের গুরুদায়িত্ব সাধারণ জীবিকা থেকে অন্যতর। কারাকর্মীদের বিভিন্ন প্রতিকূল অবস্থার মধ্যে আনুগত্যের সঙ্গে স্ব স্ব কর্তব্য পালন করতে হয়। আমি আশ্বাস দিতে চাই যে, তাঁদের কর্মগত সমস্যাদি আমি সহৃদয়তার সাথে বিবেচনা করব।

১৫। গত ত্রিশ বছরের কংগ্রেসি শাসনের সীমাহীন ঔদাসীন্য ও নিষ্ক্রিয়তার ফলে কারাগুলিতে যে জঞ্জাল স্তূপীকৃত হয়েছে, রাতারাতি তা পরিবর্তন সম্ভবপর নয়। তবুও এ কথা জোর দিয়ে বলতে চাই, জেল প্রশাসনের বিভিন্ন স্তরে কঠোর হস্তে দুর্নীতি দমনে আমি এবং আমাদের সরকার কৃতসংকল্প এবং অত্যন্ত সীমাবদ্ধ অবস্থার মধ্যেও বন্দীরা যে পরিমাণ সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারী (যা থেকে এতদিন তাঁরা বঞ্চিত ছিলেন), ফ্রন্ট সরকার অবশ্যই তার ব্যবস্থা করবেন। এই কথা ব'লেই আমার ভাষণের শেষে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্যগণকে আহ্বান করব,-তাঁরা যেন স্বরাষ্ট্র (কারা) বিভাগের ১৯৭৭-৭৮ আর্থিক বছরের প্রস্তাবিত ব্যয়বরাদ্দের দাবি মঞ্জুর করেন।

**Shri Habibur Rahaman** : I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-

**Shri Renupada Halder** : —do—

**Shri Kiranmay Nanda** : I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

**Shri Prabodh Chandra Sinha** : —do—

**Shri Rajani Kanta Doloi** : —do—

**Shri Dawa Narbu La** : —do—

[8-20—8-30 p.m.]

**শ্রী কিরণময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কারা মন্ত্রী মহাশয় ১৯৭

৭৮ সালের কারা দপ্তরের জন্য ২ কোটি ৯৭ লক্ষ ৯৮ হাজার টাকা ব্যয়বরাদ্দের জন্য এই হাউসে উত্থাপন করেছেন। আমি মাননীয় কারামন্ত্রীর বক্তব্যের উপর নির্ভর করে আস্থা প্রকাশ করছি। তিনি যে কথাগুলি বলেছেন তাঁর বক্তব্যের মধ্যে সেগুলি বাস্তবে রূপায়িত করবার জন্য এই টাকার মঞ্জুরি তিনি চেয়েছেন এবং সেই হিসাবে আমি জনতা পার্টির পক্ষ থেকে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করছি। আমি মাননীয় কারামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে শপথ নেবার পরে তিনি পশ্চিমবাংলার বিভিন্ন জেলে নিজে ব্যক্তিগত ভাবে পরিদর্শন করে সেখানকার অবস্থা বুঝবার চেষ্টা করেছেন। অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে তিনি বিভিন্ন জায়গায় যেখানে রাজবন্দীরা আছেন তাদের মুক্তির জন্য বিভিন্ন সভাসমিতির মাধ্যমে জনমত গঠন করার চেষ্টা করেছেন। অতএব এই আস্থা তাঁর উপর রাখতে পারি যে মন্ত্রী হয়ে তিনি যে প্রচেষ্টা শুরু করেছেন, যতদিন তিনি এই দপ্তর নিয়ে থাকবেন ততদিন তাঁর প্রচেষ্টাকে বাস্তবে রূপায়িত করবেন এবং কারা দপ্তরকে একটা পরিচ্ছন্ন দপ্তর রূপে তৈরি করবেন। মাননীয় কারা মন্ত্রী যে সমস্ত কথা জেল সম্বন্ধে বলেছেন তাতে আমার মনে হয় যে কোনও সদস্যর- তিনি যে কোনও দলের হোন না কেন, আমাদের কারও কোনও দ্বিমত থাকতে পারে না। জেলের মধ্যে কি ঘটনা ঘটে সেটা সকলেই জানেন। ভারতবর্ষের যতগুলি দপ্তর আছে, যে দপ্তরগুলি সম্পর্কে জনসাধারণের সব চেয়ে বেশি অভিযোগ, কারা দপ্তর তার মধ্যে সব চেয়ে একটা বড় দপ্তর। এই দপ্তরের অন্তরালে দিনের পর দিন যে সমস্ত ঘটনা ঘটে, লোকচক্ষুর অন্তরালে যে সমস্ত ঘটনা ঘটে সেগুলি নিয়ে আমরা মাথা ঘামাই না। কিন্তু এক একটা ঘটনা যখন সংবাদ পত্রের মাধ্যমে প্রকাশিত হয় এবং যে ঘটনাগুলি আমাদের চোখের সামনে ভেসে ওঠে তখন আমাদের ভাবতে লজ্জা হয় যে আমরা ভারতবর্ষের জনসাধারণ, একটা সভ্য দেশের নাগরিক। আমাদের দেশের জনসাধারণের যে গণতান্ত্রিক অধিকার, এই কালাকানুনের আইনগুলি আমাদের সেই অধিকারকে কেড়ে নিয়েছে এবং জেলের মধ্যে এখনও আমাদের দেশের নাগরিকদের উপর অত্যাচার হচ্ছে, সেগুলি দেখলে আমাদের সত্যিই অবাক হতে হয়, দুঃখিত হতে হয়। মাননীয় কারা মন্ত্রী মহাশয়, আপনি যে সমস্ত বক্তব্য রেখেছেন তার সঙ্গে আমি এক মত। কিন্তু ২/১টি কথা আমি এর সঙ্গে যোগ করতে চাই। আপনি জানেন যে বিগত কয়েক বছরে জেলের মধ্যে বন্দীদের উপর কি অত্যাচার করা হয়েছে। জেলের মধ্যে বন্দীরা প্রাণ হারিয়েছে। আপনি জানেন যে জেলের মধ্যে বন্দীদের উপর অত্যাচারের ফলে অনেকে পঙ্গু হয়ে গেছে। আপনি নিশ্চয়ই জানেন যে ১৯৭০ সালের ১৩ই ডিসেম্বরের কথা। সেদিন মেদিনীপুর জেলে ১০০ জনকে লাঠিপেটা করে হত্যা করা হয়েছে। এমনি করে পশ্চিমবাংলার বিভিন্ন জেলে কত বন্দী নিহত হয়েছে। বিনা অপরাধে, বিনা বিচারে আটক বন্দীদের উপর অত্যাচার চালানো হয়েছে এবং তাদের এমন অবস্থার মধ্যে রাখা হয়েছিল যে তারা বেরিয়ে এসে সারা জীবনের মতো পঙ্গু হয়ে গেছে। তারা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছে। আমি আশা করেছিলাম যে আপনি আপনার বক্তব্যের মধ্যে তাদের কথা বলবেন। যারা জেলের ভিতর প্রাণ হারিয়েছে তাদের পরিবার যাতে পেনসন পায় তার ব্যবস্থা করবেন। যারা সারা জীবনের মতো পঙ্গু হয়ে গেছেন তারা যাতে নিজেদের

গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করতে পারেন তার জন্য পেনসনের ব্যবস্থা করবেন। যারা মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছে তাদের পরিবার যাতে অনাহারে না কাটায়, তাদের আহারের সংস্থানের জন্য পেনসনের ব্যবস্থা করবেন। মাননীয় কারা মন্ত্রী মহাশয়, আমি আর একটা শাখার কথা বলব। জেলে যারা লাঠি চালায় তারা নিশ্চয়ই দোষী নয়। কারণ তাদের উপর অর্ডার দেওয়া হয় লাঠি চালানোর জন্য। কিন্তু এমন অনেক সার্জেন্ট আছে, সেপাই আছে যাদের উপর অর্ডার দেওয়া হয়েছে কিন্তু তারা উপরওয়ালাদের আদেশ অগ্রাহ্য করে জেলে লাঠি চালায় নি। তারা লাঠি চালান নি বলে তাদের পোস্ট ডিগ্রেডেড করে দেওয়া হয়েছে, তাদের ট্রান্সফার করে দেওয়া হয়েছে এমন ঘটনাও আছে। আমি তার ২/১টি নজির আপনার সামনে তুলে ধরতে চাই। বাঁকুড়া জেলে ১/৪/৭১ তারিখে অনশনকারীদের উপর লাঠি চালাতে অস্বীকার করলে সুরজ নারায়ন নামে একজন ওয়ার্ডারকে পানিশমেন্ট স্বরূপ ডিগ্রেডড করা হয়। মেদিনীপুর জেলে দেবনাথ নামে একজন সিপাই ১৬ই ডিসেম্বর গুলি চালাতে অস্বীকার করলে তাকে নর্থবেঙ্গল জেলে ট্রান্সফার করা হয়। এই ভাবে জেলে নির্মম অত্যাচার জেলের সিপাইদের মাধ্যমে করা হয়, যদি সিপাইরা সেই আদেশ অমান্য করে তাহলে তাদের উপর বিভিন্ন রকম শাস্তি মূলক ব্যবস্থা নেওয়া হয়, তাদের ডিগ্রেডড করা হয়, ডিসচার্জ করা হয়, ট্রান্সফার করে দেওয়া হয়। সেই জন্য বলছি গত কয়েক বছরে জেলের সিপাইদের উপর অথবা জেল প্রশাসকদের উপর এই রূপ জেলের উপরওয়ালাদের আদেশ অমান্য করবার জন্য যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাদের যাতে সসম্মানে আবার কাজে পুনর্বহাল করা যায় সেই বিষয়ে নিশ্চয়ই লক্ষ্য রাখবেন। মাননীয় কারা মন্ত্রী মহাশয় জেলে কি অবস্থা চলেছিল না চলেছিল তা জানেন, বিশদ ভাবে বলার কিছু নেই এবং আপনি পূর্বেও দীর্ঘদিন রাজবন্দী হিসাবে ছিলেন, সেইগুলো নিশ্চয়ই অনুধাবন করেছেন, জরুরি অবস্থার সময় আমাদের এবং আপনাদের সকলেরই বহু সদস্য জেলের মধ্যে ছিলেন, সকলেই উপলব্ধি করেছেন জেলটা কি ভাবে চলে। আমি এই জেলকে হাসপাতালের সঙ্গে তুলনা করতে চাই। হাসপাতালে আমরা রোগী পাঠাই, রোগীর রোগ যাতে ভাল হয়ে যায়, রোগ বিস্তারের জন্য রোগীকে হাসপাতালে দেওয়া হয় না সেই রকম জেলটা সৃষ্টি হয়েছে অপরাধীদের অপরাধকে দূর করবার জন্য। কিন্তু জেলে পাঠিয়ে যদি দিনের পর দিন অপরাধ আরও বেশি করে সৃষ্টি করা হয় তাহলে আজকে সেই রকম জেল বন্ধ করে দেওয়া উচিত। আজকে আমরা ক্রিমিন্যালকে ঘৃণা করব না, ক্রাইমকে ঘৃণা করব, কিন্তু আজকে জেলের মধ্যে দেখেছি ক্রাইমকে ঘৃণা করা তো দূরের কথা, এক একটা ক্রিমিন্যালকে ঘৃণা করা হয়েছে, আবার প্রকৃত যারা ক্রিমিন্যাল, তাদের প্রশ্রয় দিয়ে মাথায় তুলে তাদের উপর জেলের শাসন ক্ষমতা দেওয়া হয়েছে। আমি নিজেও কিছুদিন জেলে ছিলাম, সেখানে দেখেছি, যারা দীর্ঘদিনের দাগি আসামী, দীর্ঘদিনের খুনী আসামী, জেলের পরিচালনার দায়িত্ব তাদের উপর দেওয়া হয়েছে। খাওয়া দাওয়া পরিচালনার দায়িত্ব তাদের উপর দেওয়া হয়েছে, জেলের ম্যানেজমেন্টের দায়িত্ব তাদের উপর দেওয়া হয়েছে। আজকে এই যে একটা অসহনীয় অবস্থা, এই অবস্থার পরিবর্তন করতে হবে। জেলকে আমাদের সংস্কার করতে হবে। ১৯৭১-৭২ সালে পূর্বতন সরকার একটা জেল সংস্কার কমিটি তৈরি করেছিলেন, তাতে তারা ৮২ দফা রিপোর্ট তৈরি করেছিলেন। কিন্তু

আমরা জানি ৮২ দফা রিপোর্টের মধ্যে এক দফাও তাদের কার্যকালীন সময়ে পালন করেছেন কি না। যেসমস্ত কথা তাতে বলেছেন, অনেক ভাল ভাল কথা তাতে আছে কিন্তু কোনও ভাল ভাল কথাই বাস্তবে রূপায়িত করা হয়নি। আজকে একটা জেল সংস্কার কমিটি করা হোক, সেই জেল সংস্কার কমিটি পুঙ্খানুপুঙ্খ রূপে বিচার করে দেখুক কি ভাবে জেলকে সংশোধন করা যায়। কিভাবে কয়েদিদের সংশোধন করা যায়। আমরা জানি কয়েদিদের বিভিন্ন শ্রেণী বিন্যাস করে জেলের ভিতর রাখতে হবে। একই জায়গায় খুনী আসামী আছে, একই জায়গায় রাজনৈতিক বন্দী আছে, একই জায়গায় কিশোর বন্দী আছে, সব এক জায়গায় রেখে দেওয়া হয়েছে। আজকে রাজনৈতিক কারণে বিভিন্ন নিরপরাধ ব্যক্তিকে থানা পুলিশের সহযোগিতায় মিথ্যা মামলা সাজিয়ে তাদের জেলে পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং তারা জেলে গিয়ে যেখানে খুনী আসামী থাকে তাদের সঙ্গে এক সঙ্গে থাকে, ফলে তারা বেরিয়ে আসার পর তাদের মানসিক ভারসাম্য নষ্ট হয়ে যায় এবং তারা আর একটা খুনীতে পরিণত হয়। এই ভাবে আমরা জেলে পাঠিয়ে, সেখানে ক্রাইমকে দূর করার পরিবর্তে আস্তে আস্তে আরও খুনী তৈরি করছি। মাননীয় কারা মন্ত্রী আজকে সেই ভাবে যারা জেলের মধ্যে থাকেন তাদের যদি শিক্ষাগত যোগ্যতা, তাদের পারিপার্শিক গুনাগুন, তাদের ব্যক্তিগত চারিত্রিক গুনাগুন এই সমস্ত বিশ্লেষণ করে প্রত্যেকের সম্পর্কে যদি একটা রেকর্ড স্থাপন করা হয় এবং সেই রেকর্ডের ভিত্তিতে কার কি গুনাগুন সেই সম্পর্কে বিচার বিশ্লেষণ করে সেই মতো মনস্তাত্ত্বিক দিক থেকে তাদের যদি সংশোধন করার চেষ্টা করি তাহলে দেখা যাবে আজকে জেলগুলোর মাধ্যমে অনেক ক্রাইম দূর হবে এবং আস্তে আস্তে আমরা এটাকে রিফর্ম করতে পারব। আমরা দেখেছি জেলের মধ্যে বহু লোক তাদের শিল্প কলার পরিচয় দিয়েছেন, আমরা দেখেছি কি সুন্দর সতরাঞ্চি, পাপোস তারা তৈরি করেছে, সেই সমস্ত বিক্রিও হয়। তার ফলে আমরা দেখতে পাচ্ছি যে মানুষের মধ্যে একটা যে শিল্পগত গুন আছে, জেলের মধ্যে গিয়েও তারা সেই সব ভোলে নি। তারা সেই শিল্পগত বৈশিষ্ট্যের মাধ্যমে নিজেদের দ্রব্য তৈরি করে, বাজারে তা বিক্রিও হচ্ছে। সুতরাং জেলে যদি আমরা এই সমস্ত সুযোগ করে দিতে পারি, জেলে তাদের যদি কর্মসংস্থানের সুযোগ করে দিতে পারি, যেকথাটা আপনি বলেছেন চেষ্টা করবেন। আমি আশা করব নিশ্চয়ই আপনি পশ্চিমবাংলায় এই জিনিস চেষ্টা করবেন, এই ভাবে জেলের মধ্যে তাদের গুনগত গুনগুলোকে বিকাশের সুযোগ দিয়ে আস্তে আস্তে তাদের যে অপরাধী মনোভাব, সেই মনোবৃত্তিটা দূর করে যাতে তারা আবার সুস্থ, সামাজিক জীবন যাপন করতে পারে সেই ব্যবস্থা আপনি করবেন এবং পশ্চিমবাংলার জেল দপ্তর সম্পর্কে মানুষের যে অভিযোগ আছে, সেই অভিযোগ নিশ্চয়ই দূর করবেন, এই আশা রেখে, আপনার এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শেখ ইমাজুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কারামন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন তার বিরোধিতা করছি। তাঁর বক্তব্যের মধ্যে অনেক ভাল ভাল কথা শুনলাম, তিনি বিভিন্ন সমস্যার কথা এখানে উত্থাপন করেছেন, কিন্তু সেই সব সমস্যা কি ভাবে সমাধান হবে, সেই সম্বন্ধে পর্যাপ্ত ব্যবস্থার কথা তিনি কিছু উল্লেখ করেননি।

বহুবার আমরা সংবাদপত্রে দেখেছি, মন্ত্রী মহাশয় বহু জেল ঘুরে দেখেছেন, বিভিন্ন জেলের বিভিন্ন সমস্যার কথা তিনি শুনেছেন। বিভিন্ন জেলে বিভিন্ন ব্যাপারে যে সমস্ত দীর্ঘমেয়াদি কয়েদি ছিল তাদের অনেককে তিনি ছেড়ে দিয়েছেন, মিশায় এবং অন্যান্য রাজবন্দী হিসাবে যারা ছিলেন তাদের ছেড়ে দিয়েছেন। আমার মনে হয় এর ফলে জেলগুলো অনেক ফাঁকা হয়ে গেছে।

[8-30—8-40 p.m.]

এবং পূর্বে যে বায়ভার ছিল সেই বায়ভার অনেক কমেছে। কাজেই আপনারা এবিষয়ে একটা প্রকল্প গ্রহণ করুন যাতে জেল সমস্যার সমাধান হতে পারে। ১৯৭২/৭৩ সালে একটা কমিটি হয়েছিল জেল কোড রিভিসন কমিটি। সেই কমিটি যে সুপারিশগুলি করেছিল সেই সুপারিশ অনুযায়ী কিছু কিছু কাজ কংগ্রেসি আমলে হয়েছিল এবং একথা ঠিক যে এখনও অনেক কিছু করবার আছে। সুতরাং আপনারা সেই কমিটির সুপারিশগুলি থেকে শিক্ষা নিতে পারেন। অনেক সাব-জেল আছে পশ্চিমবঙ্গে, সেগুলিতে ২/৩ গুণ বেশি বন্দীরা থাকে, সেখানে যা ব্যবস্থা আছে তার চেয়ে। এই সব অসুবিধাগুলি সম্বন্ধে আপনি মাননীয় পূর্ত মন্ত্রীর সঙ্গে আলোচনা করে প্রকল্প রচনা করতে পারেন। জেলগুলির সম্প্রসারণের জন্য আমি আপনার কাছে এই আবেদন রাখছি। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলছি পূর্বতন যুক্ত ফ্রন্টের আমলে একটা কমিশন হয়েছিল, আপনি জানেন দীর্ঘ দিন হয়ে গিয়েছে, কিন্তু সেই কমিশনের আজও পর্যন্ত রিপোর্ট বেরয়নি। কমিশন ২ বছর ধরে তথ্য সংগ্রহ করেছিল, প্রশান্ত শূর মহাশয় তার চেয়ারম্যান ছিলেন। কিন্তু দুঃখের বিষয়, আশ্চর্যের বিষয় সেই কমিশনের রিপোর্ট আজো পর্যন্ত বেরয়নি। কাজেই আমরা আশা করতে পারছিনা যে, ওরা যা বলবেন তা করবেন। অনেক কিছু কাজই করবেন না। কারণ এটাই ওদের নীতি। এই বিধানসভায় আমাদের দলের ৩০ বছরের অপশাসনের কথা ৫ বছর ধরে লোকে শুনবে না। বামফ্রন্ট সরকারের সদস্যদের ভাঁওতায় তারা আর ভুলবে না। আমরা দেখছি ইতিমধ্যেই অনেকে আপনাদের সমালোচনা করতে শুরু করে দিয়েছে। জনপ্রিয় সরকার, একথা আর বলা চলবে না। অনেকেই বলতে আরম্ভ করে দিয়েছে যে, বামফ্রন্ট সরকারকে ভোট দিয়েছি, কিন্তু এখন দেখছি তারা ভাঁওতা দিয়ে ভোট নিয়েছে। কোনও কাজই করতে পারছে না। জিনিসপত্রের দাম বাড়ছে, এটা সাধারণ মানুষ দেখছে. অথচ এখন যদি কংগ্রেস সরকার থাকত এবং জরুরি অবস্থা না থাকত তাহলে হরতালে হরতালে দেশ ভরে যেত। তবুও আপনাদের বলছি মানুষ এখনও চুপ করে আছে, কিন্তু ৬ মাস পরে আর চুপ করে থাকবে না। মানুষের মনের মধ্যে আগুন আছে, সেই আগুন জ্বলে উঠবে। কাজেই আপনাদের সাবধান হয়ে কাজ করতে হবে। যেসব কথা বলেছেন, যেসব প্রতিশ্রুতি দিয়েছেন সেগুলি রূপায়িত করবার চেষ্টা করতে হবে। মাননীয় জেল মন্ত্রী যেখানেই গিয়েছেন সেখানেই কাঁদো কাঁদো হয়ে বলেছেন, আপনাদের দুঃখের কথা আমরা জানি। কিন্তু আজকে আমরা তাঁর ভাষনের মধ্যে কোনও সুষ্ঠু পরিকল্পনার আভাস দেখতে পেলাম না। এটা পরিতাপের বিষয়। তবুও আমরা আশা করছি যে, নিশ্চয়ই ওঁরা পরিকল্পনা নেবেন। তানাহলে বড় বড়

বক্তৃতা দিয়ে জনগণকে বেশি দিন ভুলিয়ে রাখা যাবেনা, কাজেই সেবিষয়ে আপনারা সজাগ থাকবেন। আর একটা জিনিস আমরা লক্ষ্য করছি যে, রাজ-বন্দীদের নামে যেসমস্ত লোকেদের ছেড়ে দেওয়া হচ্ছে তারা নাকি বামফ্রন্ট সরকারের সংখ্যাগরিষ্ঠ দলের লোক। সেই সমস্ত লোকেদেরই ছেড়ে দেওয়া হচ্ছে এছাড়াও ঐ দলের যেসমস্ত লোকেরা বিভিন্ন অপরাধে শাস্তি প্রাপ্ত হয়ে জেলখানায় আছে, তাদের সঙ্গে আলাদা ব্যবহার করা হচ্ছে। তাদের অবিলম্বে ছেড়ে দেবারও ব্যবস্থা করা হচ্ছে। যেখানে আইনগত একটু আধটু অসুবিধা আছে, ছাড়া যাচ্ছে না তাদের জন্য যাতে বিশেষ ব্যবস্থা করা হয়, এই রকম একটা অর্ডার নাকি আমরা শুনছি অফিসারদের দেওয়া হয়েছে। এবিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় একটু দেখবেন। জেলে যেভাবে বন্দীর সংখ্যা কমে যাচ্ছে তাতে অনেক জেল ফাঁকা হয়ে যাচ্ছে। সুতরাং যেসব জেল প্রায় ফাঁকা হয়ে যাচ্ছে সেই সব জেলের বন্দীদের অন্য জেলে নিয়ে এসে সেই সব জেল গুলিতে বিদ্যালয় বা হাসপাতালে রূপান্তরিত করা যায় কিনা, সে বিষয়ে মন্ত্রী মহাশয় একটু ভেবে দেখবেন। এটা করতে পারলে জনসাধারণের চিকিৎসা এবং শিক্ষার কিছু সুব্যবস্থা হবে। কারা মন্ত্রীর ব্যয় বরাদ্দের মধ্যে বন্দীদের কল্যাণের কোনও ব্যবস্থা না থাকায় আমি দুঃখের সঙ্গে ওঁর বাজেটকে সমর্থন করতে পারছি না।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারামন্ত্রীর জেল বিষয়ক আয় ব্যয়ের যে বাজেট সেই বাজেটকে সমর্থন করি এবং সমর্থন করতে গিয়ে আমি প্রথমেই জনতা পার্টির মাননীয় সদস্য জেলের বন্দীদের পৃথকীকরণ এবং কিছু সুযোগ-সুবিধা সম্পর্কে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যকে আমি সমর্থন করছি এবং সেই কথারই পুনরাবৃত্তি করছি। পুলিশ বা দারোগাবাবু ধরে এনে জেলে ঢোকায় আর কোর্ট বা হাকিম বাবু জেলে পাঠায়, জামিন না দিয়েই জেলে পাঠিয়ে দেয় কাজেই একটা বন্দীর জীবনের সঙ্গে ৩টি বিভাগ জড়িত থাকে। পুলিশ বিভাগ, আদালত এবং তারপর রাখার ব্যবস্থা জেল বিভাগ করবেন। এই তিনটি বিভাগ বন্দীদের জীবন নিয়ন্ত্রণ করে থাকেন। কারামন্ত্রীর ভাষণে দেখেছি সাব-জেলগুলি একেবারে ভর্তি হয়ে গেছে এবং সেখানে শতকরা ৮০ জন আছে বিচারাধীন বন্দী। পুলিশ বিভাগ ইনডিসক্রিমিনেন্টলি ভাবে অ্যারেস্ট করেছেন বহুজনকে। প্রায় এক একটা ডাকাতির কেসে ১৬।২০ জনকে ধরেছেন এবং পরে প্রায় ছেড়ে দিয়েছেন, একটা আধটা কেস হয়তো রেখেছেন, পরে ফাইন্যাল রিপোর্টে খালাস পেয়ে গেছে। এবার আমি জেল সংস্কার কমিটির কথা বলি- এ ব্যাপারে ৩টি বিভাগকে কো-অর্ডিনেশনের মধ্যে আনার প্রস্তাব আছে। পুলিশ বিভাগ, আদালত এবং জেল বিভাগ এই তিনটি বিভাগকে কো-অর্ডিনেশন কমিটির মধ্যে আনা কারা সংস্কার কমিটির মধ্যে আছে। এই সাজেসন সম্বন্ধে আগেও কোনও স্টেপ নেওয়া হয়নি এবং আমি মনে করি যদি বন্দীদের জীবন সম্বন্ধে ভাবতে হয়, বন্দীদের কোনও কারেকটিভ মেজার সম্বন্ধে যদি চিন্তা করতে হয় তাহলে এই ৩টি বিভাগ-এর সমন্বয় ছাড়া উপায় নেই। গণতান্ত্রিক আন্দোলনের কর্মী এবং নেতারা দীর্ঘদিন ধরে জেলে দিন যাপন করছে তাদের সম্বন্ধে কোনওদিনও কংগ্রেসি মন্ত্রীরা ভাবেন নি। তাই আমি অনুরোধ করব কারামন্ত্রী মহাশয়ের কাছে যে আজকে যাঁরা জেলে আছেন তাঁদের ভিতর হয়তো বা কেউ দোষী কেউ বা নিরপরাধ ব্যক্তি আছেন, তাদের

সম্বন্ধে যেন চিন্তা করেন। পরিশেষে আমি এই বাজেট কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[8-40—8-50 p m.]

**শ্রীমতী অপরাজিতা গোপ্পী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কারা মন্ত্রী মহাশয়ের বাজেট সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমি তাঁকে বলতে চাই আপনারা সংরক্ষিত কারাগার সম্পর্কে কি চিন্তা করছেন সেটা জানাবেন। বিগত সাত বছরের ইতিহাস আমার চোখের সামনে খুব পরিষ্কার। সেইজন্যই কারাগার কথাটা আমার সামনে বিভীষিকার মতো মনে হয়। গত ৭ বছরে ইন্দিরা সরকার সারা ভারতবর্ষকে কারাগারে পরিণত করেছিলেন। এর থেকে উদ্ধার করুন এইটাই আমার আবেদন। ১৯২৫ সালে মান্দালয় জেলে নেতাজি সুভাষচন্দ্র বন্দী জীবন যাপন করেছিলেন, তিনি স্বাধীন ভারতবর্ষের চোখের সামনে, ভারতবর্ষের মানুষের সামনে একটা জিনিস পরিষ্কার করে বলেছিলেন বৃটিশ সাম্রাজ্যবাদ আমাদের মতো পরাধীন জাতিকে একটা দুর্বিষহ জীবনের মধ্যে ফেলে দিয়েছিলেন এবং স্বাধীন ভারতবর্ষের স্বপ্ন দিয়ে তিনি বলেছিলেন যেদিন ভারতবর্ষ স্বাধীন হবে সেইদিন ভারতবর্ষের সমস্ত কারাগার চলে গিয়ে সেগুলিকে মানসিক হাসপাতাল হিসাবে ব্যবহার করা হবে এবং এখান থেকে সুস্থ জাতি সুস্থ জীবন নিয়ে বেরিয়ে আসবে। কিন্তু দুঃখের বিষয় ভারতবর্ষ স্বাধীন হবার পরও তাঁর এই স্বপ্ন সার্থক হয় নি। ১৯২৫ সালে নজরুল যখন জেলের মধ্যে বন্দী ছিলেন তখন তিনি অত্যাচার দেখে অনশন করেছিলেন এবং সেইদিন তাঁর ঐতিহাসিক কবিতা ভারতবাসীকে উদ্বুদ্ধ করেছিল- "ভাঙ্গরে পাষাণ কারা"। আজ তিনি কারাগার সম্বন্ধে যেকথা বললেন তার জন্যও তাঁকে অভিনন্দন জানাই। ১৯৬৪ সালে কংগ্রেস সরকারের আমলে আমাকে প্রেসিডেন্সি জেলে বন্দী থাকতে হয়েছিল। এখানে এন.সি.এল.এফ. এর কথা বলেছেন আমি তাঁকে বলতে চাই আমার চোখের সামনে যে দুর্বিষহ ঘটনা ঘটেছিল তাতে রাজনৈতিক বন্দী হিসাবে কোনও কিছু করার ক্ষমতা আমার ছিল না। সেদিন দেখেছি উম্মাদ অবস্থায় বন্দী হয়ে আছেন তাদের উপর কি ভীষণ অত্যাচার হয়েছিল। সেদিন আমাদের সঙ্গে মার্কসবাদী নেতৃবৃন্দ যাঁরা বন্দী ছিলেন আমার নাম মনে নেই আসামের একজন ডাক্তার এর প্রতিবাদ করে বলেছিলেন যে এইরকম ভাবে অত্যাচার করতে দেবনা এবং রাজনৈতিক বন্দী ছাড়াও আমি একজন ডাক্তার হিসাবে আমার একটা বিবেক আছে। তারপরেই দেখলাম সমস্ত জেলখানায় পাগলাঘন্টী বেজে গেল। এইরকম একটা অদ্ভুত পরিবেশ সৃষ্টি করা হয়েছিল। এইসব দূর করবার জন্য তিনি চিন্তা করছেন বলে তাঁকে অভিনন্দন জানাই। তাই বলছি কারাগার শব্দটি বিভীষিকাময় রূপে দেখা দিয়েছে। ১৯২৫ সালে নেতাজি যখন মান্দালয়ে বন্দী ছিলেন তখন তিনি বলেছিলেন স্বাধীন ভারতবর্ষের জেলখানাগুলি জল্লাদের বধ্যভূমি হবেনা, সেখান থেকে সুস্থ সবল মানুষ বেরিয়ে আসবে এটি আমরা দেখতে চাই। কিন্তু বিগত ১০ বছরের মধ্যে ইন্দিরা গান্ধীর সরকার জেলখানাগুলিকে একটা বধ্যভূমিতে পরিণত করেছিলেন। তার বহু ছবি আমার কাছে আছে। আমরা চাই ইন্দিরা গান্ধীর কারাগারের হাত থেকে আপনি আমাদের উদ্ধার করুন। গোটা

ভারতবর্ষকে এই সময়ে জেলখানায় পরিনত করা হয়েছিল- শুধু প্রেসিডেন্সি, বহরমপুর বা মেদিনীপুর জেল নয়। তাই এই সরকারের কাছে আমার আবেদন স্বাধীন ভারতবর্ষের যেস্বপ্ন আমরা দেখেছি তার আশ্বাস আমরা কিন্তু কোনও দিক থেকেই পাইনি। কারাগারের বিভিষিকা প্রতিটা বাঙ্গালির ঘরে ঘরে, প্রতিটি মা বোন ও যুবক যুবতীর মনে যে রূপে প্রকাশ পেয়েছে তার হাত থেকে উদ্ধার করার চেষ্টা করুন, এই কারাগারেই পশ্চিমবাংলার যুবকদের পিটিয়ে হত্যা করা হয়েছিল। আজ সেই কলঙ্ক থেকে জাতিকে মুক্ত করুন এই আবেদন রেখে আমি এই বাজেট সমর্থন করছি।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি গত কয়েক বছর ধরে জেলখানায় বন্দীদের যে অত্যাচার, উৎপীড়ন এবং অমানুষিক হত্যা হয়েছে আপনি প্রতিটা জেলে গিয়ে গিয়ে তার সমস্ত তথ্য সংগ্রহ করেছেন এবং তার প্রকৃত চিত্র আপনি ২নং বওরো সেটা প্রকাশ করেছেন। আপনি যেকথা বলেছেন তাতে আজকে জেলের সবচেয়ে বড় সমস্যা হচ্ছে জেলখানায় কয়েদিরা থাকে তাদের মধ্যে বিচারাধীন বন্দীর সংখ্যাই সবচেয়ে বেশি। বালুরঘাট জেলে গিয়ে জেলখানার সম্বন্ধে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সৌভাগ্য আমার হয়েছিল। আমি দেখেছি যেখানে ৮২ জন কয়েদি থাকবার কথা সেখানে সেই জেলে বিচারাধীন বন্দী আছেন ২৩০ এবং ১১ জন সাজা প্রাপ্ত বন্দী। জেল ব্যবস্থা যদি সুষ্ঠুভাবে চালাতে হয় তা হলে বিচার ব্যবস্থা ত্বরান্বিত করতে না পারলে জেল ব্যবস্থার উন্নতি হতে পারে না। এছাড়া বিভিন্ন জেলে গেলে দেখা যায় যে সেখানকার মহকুমা জেলগুলো এস.ডি.ও কে দিয়ে পরিদর্শনের কাজ করা হয়। কিন্তু তিনি সবসময় কাজে ব্যাপৃত থাকেন তাই যে সময় দেন তাতে প্রকৃত অবস্থা দেখতে পান না। সেইজন্য অন্য লোক নিয়োগ করা দরকার। তারপর চিকিৎসার অভাবে জেলের মধ্যে যেভাবে লোক মারা যায় তা সকলেই জানেন। কাজেই জেলের মধ্যে তাদের চিকিৎসার জন্য যদি চিকিৎসক নিয়োগ না করা যায় তাহলে কিছুই হবে না। ১৯৬৭ সালে শ্রী সুখময় সেনগুপ্তের নেতৃত্বে তাকে চেয়ারম্যান করে জেলকোর্ড পরিবর্তন করার ব্যবস্থা হয়েছিল। কিন্তু দেখা গেল কংগ্রেস সরকারের আমলে তার কোনওকিছুই পরিবর্তন করা হয় নি। ১৯৬৭ সালের যে জেলকোর্ড আছে তার সামান্যতম পরিবর্তন হয়েছে। কাজেই আমি মনে করি জেলকোর্ডের সম্পূর্ণ পরিবর্তন করা দরকার। যদি তা না করা হয় তাহলে জেলব্যবস্থার কোনও পরিবর্তন হতে পারে না।

[8-50—9-00 p.m.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭৭-৭৮ সালের কারা বিভাগের যে ব্যয়বরাদ্দ আমি পেশ করেছি এবং সে সম্পর্কে যে আলোচনা হল তা আমি মনযোগ দিয়ে শুনেছি। আমি অত্যন্ত আনন্দিত যে প্রায় সকলেই আমার সঙ্গে সমস্যা বিষয়ে সহমত। অবশ্য কংগ্রেসি বন্ধুরা অনেকে আপত্তি দিয়েছেন। আমি ভাবছিলাম যে আমি একটা গল্প দিয়ে শুরু করব। আমি যে কথা বলে শুরু করেছিলাম যে একটা ফিলিং-এ প্রায়

সকলেই আমার সঙ্গে একমত হয়েছেন যে ইংরাজ আমলে কংগ্রেস আমলের গত ১৯৭৬ সালের শেষ পর্যন্ত যে সাইকোসিস থেকে গোটা জেলকে, আমরা জেলকে দেখতে অভ্যস্ত হয়েছি সেটা হচ্ছে লক সাইকোসিস, আর্মড ফোরটেস সাইকোসিস। সেই সাইকোসিস থেকে গোটা জেলকে দেখা হয়েছে এবং কংগ্রেসের আমলে গত ৩০ বছরে এবং বিশেষ করে গত ৭ বছরে লক সাইকোসিস এবং আর্মড ফোরটেস আইকোসিস থেকে তাঁরা জেলকে দেখেছেন। আমাদের সরকার এবং আমি সম্পূর্ণ বিপরীত দৃষ্টিভঙ্গি থেকে জেলকে দেখবার চেষ্টা করছি। কিছুক্ষণ আগে জনতা দলের মাননীয় সদস্য বলেছেন যে জেলকে সাধারণত দেখতে হয় সংশোধনমূলক একটা প্রতিষ্ঠান হিসাবে, কারেকসন্যাল ইন্সটিটিউসন হিসাবে দেখা উচিত। কিন্তু ইংরাজ আমলে তো বটেই কংগ্রেস আমলে তার থেকে বেশি করে জেলকে একটা কোয়ারসিভ মেশিনারি হিসাবে দেখা হয়েছে। সেই কোয়ারসিভ মেশিনারি হিসাবে দেখার ফলে গোটা জেলখানা একটা গোলামির কয়েদখানা হিসাবে থেকে গেছে। আমি প্রথমে মন্ত্রী সভায় কারা মন্ত্রীর দায়িত্ব গ্রহণ করে ঠিক ৭ দিনের মধ্যে সারা পশ্চিমবঙ্গের জেল সুপারদের মহাকরণে ডাকি এবং ডেকে প্রথমে তাঁদের বলি যে আপনাদের মনোভাব বদলাতে হবে এবং ৩০ বছর ধরে যে মনোভাব নিয়ে আপনারা কাজ করে এসেছেন, যে লক সাইকোসিস, আর্মড ফোরটেস সাইকোসিস-এর পথে আপনারা কাজ করেছেন সেই মনোভাব আপনাদের বদলাতে হবে এবং সেইভাবে মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে কারা আবাসীদের সঙ্গে আপনাদের ব্যবহার করতে হবে। ২নং কথা যেটা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মাননীয় সদস্যরা আমার সঙ্গে সেইমতো হয়েছেন এবং আমি যেটা বলবার চেষ্টা করেছি আমি কংগ্রেস আমলে প্রায় ২২ বার জেলে গেছি এবং গত কয়েক দিনে ২ ডজন জেল, স্পেশাল জেল পরিদর্শন করেছি, আমি দেখলাম জেলের মধ্যে সব চেয়ে বড় সমস্যা হচ্ছে আন্ডার ট্রায়াল প্রিজনারদের সমস্যা। আমাদের এখানে জেল, সাব জেল সব মিলিয়ে ৫৩টি রয়েছে এবং বন্দী যা রয়েছে তাতে এখন পর্যন্ত যে হিসেব পেয়েছি তাতে দেখছি ১২ হাজারের বেশি আন্ডার ট্রায়াল প্রিজনার রয়েছে অর্থাৎ দুই তৃতীয়াংশ। আমি আমার বাজেট ভাষণে বলেছি বিশেষ করে মিসা প্রিজনারদের ছাড়ার পর আন্ডার ট্রায়াল প্রিজনারদের সংখ্যা কমেছে। আমি কয়েকটা সাব জেল ঘুরে এসেছি এবং দেখেছি ১টি সাব জেলে যে এরিয়া আছে তার ৩/৪ গুণ হচ্ছে আন্ডারট্রায়াল প্রিজনার অর্থাৎ প্রায় দুই তৃতীয়াংশ যেটা আমি বলেছি। আমি একটি সাব জেলের কথা বলতে পারি সেখানে ৮০/৮৫/৯০ ভাগ আন্ডার ট্রায়াল প্রিজনার রয়েছে। কাটোয়া, বসিরহাট, বালুরঘাট প্রভৃতি জায়গায় আন্ডার ট্রায়াল প্রিজনার হচ্ছে ৮০/৯০ ভাগ। সুখময় দত্তের নেতৃত্বে একটা কমিশন গঠিত হয় এবং তিনি বার বার বলেছেন যতক্ষণ পর্যন্ত এই আন্ডার ট্রায়াল প্রিজনারদের সমস্যার সমাধান না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কিছু হবেনা। কিছুদিন আগে আমাদের জুডিসিয়াল মিনিস্টার বলেছেন এই বিষয়টির যাতে প্রতিবিধান হয় তারজন্য তিনি কৃতসংকল্প। এটা হলে অনেকটা এগিয়ে যাওয়া যাবে। কংগ্রেস সদস্য ইমাজুদ্দীন বলেছেন, কংগ্রেস আমলে অনেক কাজ হয়েছে। কিন্তু আমি বলতে চাই ১৯৭১/৭২ সালে বিশেষ করে ১৯৭২ সালে সুখময় দত্তের নেতৃত্বে যে কমিশন হয়েছিল সেই কমিশন যে ৮২ দফা সুপারিশ করেছিলেন সেই

সুপারিশের একটা কথাও কার্যকর করা হয়নি। ১৯৭২ সাল থেকে ১৯৭৩ সালের মধ্যে সেই রিপোর্ট পেশ হয়েছে কিন্তু তখন তাঁরা ৪ বছর গদীতে থাকা সত্ত্বেও ওই ৮২ দফার ১টি দফার কর্মসূচিও তাঁরা গ্রহণ করেননি। আমার কাছে সরকারি ফাইল এসেছে এবং আমি দেখেছি বহু মিটিং হয়েছে এবং সেখানে জ্ঞান সিং সোহনপাল, সিদ্ধার্থশঙ্কর রায় উপস্থিত ছিলেন। ৪ বছরে ৩০/৪০টি মিটিং হয়েছে কিন্তু রিপোর্ট ইজ হাইলি আনস্যাটিসফেক্টরি। গত ৫ বছরে তাঁরা যে কাজ করেছেন তার একটি একটি করে যদি ধরি তাহলে দেখব একটা সুপারিশ ছিল যে ডিস্ট্রিক্ট জেলে ৪০০ এবং সেন্ট্রাল জেলে ৭০০-র বেশি বন্দী থাকবেন, কিন্তু দেখছি সেখানে এর চেয়ে অনেক বেশি বন্দী ছিল। তারপর কিচেনের ব্যাপারে দেখছি দারুণ অব্যবস্থা রয়েছে। এই কিচেন ডিসেন্ট্রলাইজড করবার জন্য সুপারিশে সুস্পষ্টভাবে বলা হয়েছে। কিন্তু আমি এই কয়েকদিনের মধ্যে দুই ডজন সাব জেল পরিদর্শন করেছি এবং দেখেছি কোথাও এই কিচেন ডিসেন্ট্রালাইজড করা হয়নি। সুখময় দত্ত কমিশন আর একটা কথা বলেছেন যে, দেখা যাচ্ছে একটা জায়গাতেই কিশোর এবং বয়স্কদের রাখা হয়েছে এবং এইভাবে রাখার ফলে কিশোররা ক্রিমিনালে পরিণত হয়েছে। এক্ষেত্রে কমিশন বলেছেন কিশোরদের ভিন্ন জায়গাতে রাখা হোক। আমরা এই কাজ করতে কৃত সংকল্প। তারপর, ওপেন এয়ার প্রিজনের কথাও কমিশন বলেছেন। পাঞ্জাব, রাজস্থান, মহারাষ্ট্র এবং তামিলনাড়ুতে মুক্ত কারা করা হয়েছে এবং সুখময় দত্ত কমিশন বলেছেন সুন্দরবন এলাকায় একটা মুক্ত কারা করা প্রয়োজন। আমি ৯নং প্যারাতে বলেছি আমাদের সরকার মুক্ত কারা করবার জন্য কৃতসংকল্প এবং আমি আশাকরি আমাদের ফ্রন্ট সরকার এই মুক্ত কারা করবেন। জনতা দলের সদস্য বলেছেন জেলে যে অত্যাচার হয়েছে সেকথা কেন বলেননি। আপনারা জানেন আমাদের বামফ্রন্ট সরকার তদন্ত কমিশন গঠন করেছেন। ১৯৭৩ সালে আমি দেখেছি বহরমপুর জেলে কিভাবে বন্দীদের মারা হয়েছে। দমদম সেন্ট্রাল জেলে, আলিপুর সেন্ট্রাল জেলে কি ঘটনা ঘটেছে সেটা আমাদের এখানে বিভিন্ন সদস্য বলেছেন। তবে তদন্ত কমিশন যখন বসেছে তখন এই ব্যাপারে এখন কিছু বলা উচিত নয়। জেলে যারা মারা গেছে সেটা তদন্তের মাধ্যমে জানা যাবে এবং আমাদের সরকার সেই সমস্ত পরিবারকে ক্ষতিপূরণ দেবেন এবং যারা এই সমস্ত অত্যাচারের সঙ্গে জড়িত রয়েছে অর্থাৎ যারা অত্যাচার করেছে তাদের সম্বন্ধেও ব্যবস্থা হবে। আমি আপনাদের জানাচ্ছি কমিশনের টার্মস্ অব রেফারেন্স ঠিক হচ্ছে। মাননীয় সদস্য ইমাজুদ্দীন বলেছেন প্রশান্ত শূরের নেতৃত্বে যে কমিশন করা হয়েছিল তার রিপোর্ট দেওয়া হয়নি। একথা ঠিক নয়, তিনি অসত্য কথা বলেছেন। তাঁরা একটা ইন্টারিম রিপোর্ট দিয়েছেন। তাঁরা পশ্চিমবাংলার বিভিন্ন জেল পরিদর্শন করেছেন, তামিলনাড়ুর বিভিন্ন জেল পরিদর্শন করেছেন, বিভিন্ন লোকের সঙ্গে যোগাযোগ করেছেন এবং তাঁরা দুমাস সময় চেয়েছিলেন একটা পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করবেন বলে। কিন্তু সময় না পাওয়ায় তাঁরা একটা অন্তর্বর্তীকালীন রিপোর্ট পেশ করেছেন। কাজেই তিনি যা বলেছেন সেকথা ঠিক নয়। ফরওয়ার্ড ব্লকের মাননীয়া সদস্যা নন- ক্রিমিনাল লুনাটিকস-দের কথা যা বলেছেন তাতে আমি বলতে পারি এখনও ১২০০ রয়েছে এবং আমি আপনাদের কাছে বলেছি কি মর্মন্তুদ অবস্থার মধ্যে তাঁরা পড়েন। আমি আমার বক্তব্যে বলেছি তাদের চিকিৎসার জন্য কোনও ব্যবস্থা করা হয়না। যেভাবে পাগলা কুকুর রাস্তায় রাস্তায় ঘুরে

বেড়ায়, ইংরেজ আমলে তো বটেই, এই কংগ্রেস আমলেও তাঁরা শেয়ালের মতো মর্মন্তুদ জীবন যাপন করেছেন। কাজেই যতক্ষণ পর্যন্ত তাঁদের জন্য হোম অ্যান্ড অ্যাসাইলামের ব্যবস্থা না হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাঁদের একটা জায়গায় রেখে চিকিৎসার ব্যবস্থা করছি। আমি আপনাদের সকলকে অভিনন্দন জানাচ্ছি এবং আশাকরি আমি যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছি আপনারা সেটা অনুমোদন করবেন। আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[9-00—9-06 p.m.]

The motions of Shri Habibur Rahman and Shri Renupada Halder that the amount of the Demand be reduced to Re.1, were then put and lost.

The motions of Shri Kiranmay Nanda, Shri Prabodh Chandra Sinha, Shri Rajani Kanta Doloi and Shri Dawa Narbu La that the amount of the Demand be reduced by Rs.100, were then put and lost.

The motion of Shri Debabrata Bandyopadhyay that a sum of Rs. 5,85,00,000 be granted for expenditure under Demand No.22, Major Head: "256—Jails"., was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 9.06 p.m. till 1 p.m. on Wednesday, the 21st September, 1977, at the "Assembly House", Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday the 21st September, 1977 at 1-00 p.m.

### PRESENT

Mr. Dy.Speaker (Shri Kalimuddin Shams) in the Chair, 14 Ministers, 4 Ministers of State and 217 Members.

[1-00 – 1-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফরমেশন, আমি আপনার কাছে একটা আবেদন জানাচ্ছি, আমি আশা করি এতে সমস্ত সদস্যই একমত হবেন।

**শ্রী নিখিল দাস :** কোয়েশ্চেন আওয়ারে কি করে এটা উঠে?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আমি যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে পেলে ২২ তারিখে কলকাতায় আসছেন শুনছি এবং ২৩ তারিখে তিনি থাকছেন। আমাদের পশ্চিম বাংলার বিধানসভার একটা ঐতিহ্য আছে, যখন পেলে ২৩ তারিখে থাকছেন, তখন আমাদের ঐতিহ্যময় বিধানসভায় তাঁকে যদি নেমন্তন্ন করে নিয়ে আসা হয় তাহলে আমার মনে হয় ভারতবর্ষের বিধানসভা তিনি দেখতে পারেন, আমি তাই অনুরোধ করব যে পেলে এখানে আসুন।

**Mr. Deputy Speaker :** I shall Convey your feelings to Govt.

**শ্রী নিখিল দাস :** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে কোয়েশ্চেন আওয়ার হচ্ছে প্রিভিলেজ অব দি মেম্বারস, এই সময় এসব কথা ওঠেনা, যদি কারও কিছু বলার থাকে তো আফটার দি কোয়েশ্চেন আওয়ার বলতে পারেন।

### Held over Starred Questions
### (to which oral Answers were given)

#### বন্যা নিয়ন্ত্রণ

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯০।) **শ্রী অমলেন্দ্র রায় :** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যাপীড়িত এলাকায় বন্যা নিয়ন্ত্রণের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ,

(খ) কি কি কারণে ঐই সমস্ত এলাকায় বন্যা দেখা যায় ; এবং

(গ) বন্যা নিয়ন্ত্রণ খাতে গত পাঁচ বৎসরে বিভিন্ন জেলায় কত অর্থ বরাদ্দ ছিল এবং কত অর্থ খরচ হইয়াছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক ঃ-

(ক) বন্যাপীড়িত এলাকায় বন্যা নিয়ন্ত্রণের জন্য আর্থিক সংগতি অনুসারে সরকার জরুরি স্বল্পমেয়াদী এবং দীর্ঘস্থায়ী বন্যা নিয়ন্ত্রণ ও নিকাশি প্রকল্প গ্রহণ করিয়াছেন।

(খ) বিভিন্ন বন্যাপীড়িত এলাকায় বিভিন্ন কারণে বন্যা দেখা দেয় যেমন সমতল অঞ্চলে জনসাধারণ কর্তৃক অবৈজ্ঞানিক পদ্ধতিতে নদী এবং খাল সমূহের ব্যবহার যথা (বোরো বাঁধ দেওয়া এবং মাছ ধরার জন্য পাটা বসানোর ফলে নদী সমূহের ক্ষতি হয় এবং বন্যার প্রকোপ বৃদ্ধি পায় এবং এর ফলে নদী ও নিকাশি খালগুলির পরিবহন ক্ষমতা, পলি পড়ার জন্য ক্রমশ নষ্ট হয়ে যাওয়ায় অতিরিক্ত বৃষ্টি হইলে বন্যার প্রকোপ দেখা দেয়। অন্যান্য অঞ্চলে কারণগুলি নিম্নরূপঃ-

(১) পার্বত্য অঞ্চলে অরণ্যের ক্রমহ্রাসমানতা এবং তদজনিত ভূমিচ্যুতি ও ব্যাপক ভূমিক্ষয়।

(২) পার্বত্য অঞ্চল হইতে সমভূমিতে প্রবেশের মুখে নদী প্রবাহের সহসা পরিবর্তন এবং নদী সমূহে পলি বৃদ্ধি এবং নদী গর্তের ক্রমাবনতি।

(৩) নদী সমূহের নিজস্ব গতিপথ পরিত্যাগ পূর্বক নূতন গতিপথে প্রবাহিত হওয়া নদীর পাড়ে ভাঙ্গন।

(৪) নদীর জলস্ফীতি এবং কৃষিযোগ্য জমিতে জল প্রবেশ ও জমিতে বালি, জমিয়া ওঠা। সুন্দরবন এলাকায় ঝড় ও জোয়ার।

(৫) ঝড় ও জোয়ারের জন্য বাঁধগুলি ভেঙ্গে গিয়ে নোনা জল প্রবেশ করে। এই এলাকায় জল নিষ্কাশনের সুবন্দোবস্ত না থাকার দরুনও বন্যার প্রকোপ দেখা দেয়। সুন্দর বন এলাকার নদী বাঁধগুলি ও অপরিসর (Not standard specification) এর জন্যও বন্যা দেখা দেয়।

(গ) সেচ দপ্তরে জেলা ভিত্তিতে কোনও অর্থ বরাদ্দ করার প্রচলিত ব্যবস্থা নাই। মন্ডলীয় ভিত্তিতে অর্থ বরাদ্দ করা হয় (Circlewise)।

বন্যা নিয়ন্ত্রণ খাতে গত ৫ বৎসরের বরাদ্দ ও খরচের পরিমাণ মন্ডল (Circle) অনুসারে নিম্নে প্রদত্ত হইল ঃ-

| মন্ডলের নাম | বরাদ্দ (লক্ষ টাকায়) | খরচ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১। পশ্চিম মন্ডল (হাওড়া, হুগলি ও মেদিনীপুর জেলা) | ১৮০০.০০ | ১৮৯০.০০ |
| ২। পূর্ব মন্ডল (২৪ পরগনা জেলা | ২৩৩.৬৭ | ১৯২.৮৪ |
| ৩। উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশনের অধীন জলপাইগুড়ি, কুচবিহার, ও দার্জ্জিলিং জেলা | ৭২৩.৩১ | ৭১৪.২১ |
| ৪। মধ্য সেচ মন্ডল (Central imishtion circle) পশ্চিম-দিনাজপুর, মালদহ ও মুর্শিদাবাদ জেলা | ১৪১১.৩৩ | ১৪৭৭.৭২ |
| ৫। বৃহত্তর কলকাতা নিকাশি মন্ডল। | ৯.৬০ | ৮.৬৮ |

**শ্রী অমলেন্দ্র রায় :** মন্ত্রী মহাশয় যে বক্তব্য রাখলেন তার থেকে সেন্ট্রাল সার্কেল অর্থাৎ মুর্শিদাবাদ নদীয়া এবং মালদহ ইত্যাদি এলাকার বন্যার কারণ সম্পর্কে সুস্পষ্ট ধারণা হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাইছি এই এলাকায় বিশেষ করে নিম্ন ময়ূরাক্ষীতে বিভিন্ন কারণ যেটা বন্যা তদন্ত কমিটির সুপারিশে বিস্তৃতভাবে বলা হয়েছে সেই সমস্ত কারণ দূর করার জন্য সরকারের তরফ থেকে নির্দিষ্টভাবে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** একথা মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে ময়ূরাক্ষী, অজয়, কানা ময়ূরাক্ষীর জল বিশেষ করে কান্দি মহকুমাতে প্লাবিত হয়েছে। আপনি জানেন ময়ূরাক্ষী, অজয়, কানা ময়ূরাক্ষী এই তিনটে নদীর জল ছোট্ট নদী বাঁশলাই-এর মধ্য দিয়ে প্রবাহিত হয়ে যায়। এই ছোট্ট নদী ওই তিনটে নদীর জল ধরে রাখতে পারে না কাজেই প্লাবিত করে কান্দিকে এবং বাঁশলাই ভাগিরথী নদীতে গিয়ে পড়েছে। আমি এইবার নিজে বন্যার সময় সমস্ত কান্দি মহকুমা দেখে এসেছি এবং বিপর্যয়ের অবস্থা জানি। সেইজন্য আমরা বাঁশলই নদী কাটাবার একটা পরিকল্পনা করেছি। আমরা মনে করি বাঁশলই কাটা গেলে ওই নদীর জল নিষ্কাশন করে কান্দি মহকুমাকে বাঁচানো যাবে। এরজন্য সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে স্কিম পাঠানো হয়েছে। তার পরিমাণ হচ্ছে ৯ কোটি টাকা। কিন্তু এখনও পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট সেটা মঞ্জুর করেননি।

কিন্তু এই কথা ঠিক সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের কোনও টাকা দিতে প্রতিশ্রুতি তারা দেন নি। সুতরাং সেন্টার হয়ত মঞ্জুর করে দেবেন, কিন্তু টেকনিক্যাল ক্লিয়ারেন্স নাহলে

[1-10—1-20 p.m.]

আমরা ঐ খাল কাটাতে চাইলেও কাটাতে পারব না। আমাদের ৯ কোটি টাকা প্রয়োজন। সেন্টারের টেকনিক্যাল ক্লিয়ারেন্স এলে পরে আমরা চেষ্টা করব এবং সেন্টারের কাছ থেকে কিছু টাকা আদায় করার চেষ্টাও করব। তারা আমাদের জানিয়ে দিয়েছেন টাকা দিয়ে কোনও সাহায্য করতে পারবেন না। আপনারা এই কথা জানেন এইবারে সেন্ট্রাল ফ্লাড স্টাডি টিম এসেছিল। আমি ন্যাশনাল ফ্লাড কমিশনের কাছে মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা এবং পশ্চিমবাংলার ফ্লাড এলাকাগুলির ঘটনা তুলে ধরেছি এবং ন্যাশনাল ফ্লাড কমিশনের সদস্যদের আমি মুর্শিদাবাদ জেলা পর্যন্ত ঘুরিয়ে দেখিয়েছি। তারা বলেছেন আমরা রেকমেন্ড করার মালিক, রেকমেন্ড করব, কিন্তু টাকা স্যাংশন করার মালিক আমরা নই, এই হচ্ছে পরিস্থিতি। সেই জন্য আমাদের ইচ্ছা আছে, টাকার জরুরি ব্যবস্থা করতে পারলেই বাঁশলৈ নদী সংস্কার করে কান্দি মহকুমাকে বাঁচাবার চেষ্টা করব।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বীরভূম জেলার অন্তর্গত লাভপুর থানার লাঙ্গলহাটা এলাকায় বনগা নিয়ন্ত্রণের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করছেন কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** নোটিশ চাই, হঠাৎ এইভাবে বলা যায় না।

**শ্রী পান্নালাল মাজী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন— হাওড়া হুগলি, বর্ধমান জেলার বন্যার প্রধান কারণ হল দামোদর এবং মুণ্ডেশ্বরীর জল— এই জল নিয়ন্ত্রণ করার জন্য ডি.ভি.সি. করা হয়েছিল। ডি.ভি.সি-র ত্রুটির জন্য বন্যার জল একবার এলে আর বেরোয় না, মাসের পর মাস জমে থাকে। তার ফলে সমস্ত এলাকায় নষ্ট করে দেয়। এর প্রতিকারের কোনও ব্যবস্থা সরকার চিন্তা করছেন কিনা— জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** মাননীয় সদস্য যে প্রশ্নটা করলেন সেটা এর থেকে আসে না। তবে আপনি যখন প্রশ্নটা করেছেন তখন আপনার প্রশ্নের জবাবটা দিয়ে দিচ্ছি। এইবার বন্যার সময় আমি নিজে লোয়ার দামোদর এবং মুণ্ডেশ্বরী এলাকা ঘুরে দেখে এসেছি এবং বন্যার তাণ্ডব অবস্থা নিজের চোখে দেখে এসেছি। আমি আপনাদের একটি কথা বলতে চাই লোয়ার দামোদর এবং মুণ্ডেশ্বরী কাটাবার ব্যাপার নিয়ে ৩।। কোটি টাকা মঞ্জুর করে রেখেছি। আপনারা জানেন, পান্নালাল মাজী মহাশয়ও জানেন যে মুণ্ডেশ্বরী এবং লোয়ার দামোদর স্কীম নিয়ে মতান্তর রয়েছে। এই স্কীম সম্বন্ধে অনেক এম.এল.এ., এম.পি. আমাকে বলেছেন। হাওড়া, হুগলি, মেদিনীপুর জেলাকে ডি.ভি.সির জল থেকে বাঁচাবার জন্য আমাদের একটা স্কীম রয়েছে গভর্নমেন্টের। কাজেই সেই সম্পর্কে আপনাদের বিভিন্ন প্রশ্ন রয়েছে, কাজেই সেইভাবে করলে হয়ত সমাধান করা যাবে না। সেইজন্য আমি নিজে দেখে এসেছি। আমার কাছে অনেক এম.পি. এসেছেন, তারা একটা প্রশ্ন রেখেছেন। কাজেই এই সেসানের মধ্যেই যদি পারি, নাহলে পরে সংশ্লিষ্ট এম.পি., এম.এল.এ., অফিসারদের নিয়ে আলোচনা করে যেভাবে স্কীম করলে সঠিকভাবে সমাধান করা যাবে সেইভাবেই স্কীম করা

হবে। আমি আর একটু বলে দিই হাওড়া, হুগলি জেলাকে বাঁচাবার জন্য ঘিয়া-কুন্তি স্কীমে ৬ কোটি টাকা গ্রহণ করেছি।

**শ্রী পান্নালাল মাজী :** প্রশ্নটা আমার ঠিকই ছিল। মুন্ডেশ্বরী এবং লোয়ার দামোদরের দ্বারা বন্যা হয়, যার জন্য ডি.ভি.সি. করা হয়েছিল। এর প্রতিরোধের জন্য ফার্স্ট, সেকেন্ড অ্যান্ড থার্ড ফেজ হিসাবে মুন্ডেশ্বরীর দু পাশে বাঁধ দেওয়ার জন্য একটা স্কীম করা হয়েছে— সেটা ত্বরান্বিত করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কিছু ব্যবস্থা করা হয়েছে কিনা, বা এই হাওড়া এবং হুগলি জেলা দুটিকে বাঁচাবার জন্য আমাদের সরকারের তরফ থেকে কিছু ব্যবস্থা করা হচ্ছে কিনা, মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** মাননীয় সদস্য মহাশয় নিশ্চয় জানেন যে, এ বিষয়ে এম.এল.এ এবং এম.পি.দের মধ্যে মতপার্থক্য আছে। এক একজন এম.পি এক এক রকম বলে যাচ্ছেন; একজন এম.পি. বা এম.এল.এ. বলে যাচ্ছেন এটা করলে আমাদের ক্ষতি হবে, আবার অপর একজন এম.এল.এ বা এম.পি. বলেছেন এটা না করলে আমাদের ক্ষতি হয়ে যাবে। এইরকম পরস্পর বিরোধী সাজেশনস আমার কাছে আসছে। সেইজন্য আমি আলোচনা না করে কোনও কাজ করতে চাই না। আমি চিফ ইঞ্জিনিয়ারকে বলে দিয়েছি যে, আমি যতক্ষণ না কনফারেন্স করে সিদ্ধান্ত নিচ্ছি ততক্ষণ আপনারা এই কাজে হাত দেবেন না। যাতে সমস্ত কিছু দেখে সঠিক ভাবে কাজ করা যায় সে ব্যবস্থা আমি নিশ্চয় করব।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** আমরা শুনেছি কান্দি মাষ্টার প্লান নামে একটা প্লান নেওয়া হয়েছে। সেখানে কুয়ে নদীটা গ্রামের মধ্যে দিয়ে গিয়ে আবার বাবলা নদীতে গিয়ে পড়বে। এর ফলে আর একটা নদীর সৃষ্টি হবে। আমার জিজ্ঞাসা, মাননীয় মন্ত্রী মহাশয় সেই আর একটা নতুন নদী সৃষ্টির কথা বলছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** কান্দী মাষ্টার প্লান আমরা ফ্লাড কন্ট্রোলের কাছে পাঠিয়েছি সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে। আমি আগেই বলেছি যে, এটা করতে গেলে প্রায় ৯ কোটি টাকার মতন লাগবে। মাননীয় সদস্য মহাশয় যদি আমার জবাবটা মন দিয়ে শুনতেন তাহলে তাঁকে আর এ প্রশ্ন করতে হ'ত না।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য :** আমার প্রশ্নটা তা নয়। আমি বলছি, এর ফলে আর একটা যে নদীর সৃষ্টি হবে আপনি সেই নতুন আর একটা নদী সৃষ্টি করতে চাইছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি যেটা বলছেন যে, আর একটা বিপদ ঘটবে এটা করতে গেলে, সেই বিপদ যাতে না ঘটে তারজন্য আমরা সেটা এক্সপার্টদের দিয়ে দেখাব। তবে এই প্রসঙ্গে আপনাকে আমি পুনরায় বলছি যে, বিভিন্ন রকমের সাজেশন আমার কাছে এ ব্যাপারে এম.এল.এ.-রা দিচ্ছেন, কাজেই এটা ভাল করে দেখতে হবে।

**Mr. Deputy Speaker :** Honourable Members to note that during question hour we are not going to supply any information. So please

speak to your supplementary question only.

**শ্রী রজনীকান্ত দলুই :** মেদিনীপুর, হাওড়া, হুগলিতে যেখানে প্রতিবছর বন্যা হয় সেখানে উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের মতন সাউথ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশন করবা কোনও প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় বিবেচনা করছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** সাউথ বেঙ্গল ফ্লাট কন্ট্রোল কমিশন বলে কোনও কমিশ এখনও হয়নি। তবে গঙ্গা রিভার অ্যান্ড হুগলি রিভার ফ্লাড কন্ট্রোল কমিশন হয়েছে। এ প্রসঙ্গে আমি এইটুকু আপনাদের বলতে পারি যে, ডি.ভি.সি'র জলে বর্ধমানের রায়না থান হুগলির পুরশুড়া, খানাকুল, আরামবাগ ভাসছে। এরমধ্যে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচে খানাকুল থানা। আমি নিজে এই সমস্ত অঞ্চল ঘুরে দেখেছি। ডি.ভি.সির জলে যে প্লাব তাকে যদি রোধ করতে হয় তাহলে আমি মনে করি, ডি.ভি.সি'র ৪টে যে ড্যাম আছে সে ৪টির জায়গাতে যদি ৬টা ড্যাম করা যায় তাহলে অতিবৃষ্টি হলে বন্যার হাত থেকে এইস এলাকাকে রক্ষা করা যেত। কিন্তু আরো দুটি ড্যাম করার মতন বিহারের কাছ থেকে জায়গা আমরা এখনও পাইনি, সেইজন্য আরো দুটি করা যাচ্ছে না। তবে একথাও ঠিক যে, বিহার যদি সেই সেই জায়গা ছেড়ে দিতে রাজি ও হয় তাহলে সেটা করতে গেলে অনেক টাকা লাগবে। গভর্নমেন্ট অব ইন্ডিয়া বলছে টাকা দেব না, সেখানে অত টাক পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে খরচ করা সময় সাপেক্ষ ব্যাপার। এবারে ফরাক্কার জলে ব্যাপারে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলতে যখন দিল্লিতে গিয়েছিলাম তখন শুনলাম দিল্লিতে বিহারের সেচমন্ত্রী এসেছেন। সেই খবর পেয়ে আমি তাঁকে আমার সঙ্গে দেখা করতে বলি আমরা দুজন বঙ্গভবনে এক ঘন্টা ধরে আলোচনা করেছি। বিহারের সঙ্গে পশ্চিমবাংলার ২ বছরের যে বিবাদ আমরা দুজন এক ঘন্টা ধরে আলোচনা করে সেই বিবাদ মেটানো সিদ্ধান্ত করে ফেলেছি। আশা করি এক মাসের মধ্যে আমরা চুক্তি করতে পারব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** সুন্দরবন এলাকাতে নদীবাঁধের অবস্থা অত্যন্ত সঙ্গীন— এ অবস্থায় একে মেনটেন করার জন্য কোনও পরিকল্পনা আপনি গ্রহণ করেছেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** সুন্দরবনে এবারে বন্যার সময় আমি নিজে গিয়েছি এবং সেখানকা পরিস্থিতি আমার আগে থেকেই জানা আছে। সুন্দরবন সম্পর্কে আমরা যেমন ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে স্কীম নিয়েছি তেমনি সুন্দরবন ডেভেলপমেন্ট বোর্ড-এর তরফ থেকেও স্কীম নেওয়া হয়েছে। সুন্দরবনে বাঁধ বাধার জন্য আমরা ১০ হাজার মেট্রিক টন গম রিজাভ করে রেখে দিয়েছি, যাতে পূজার পর সেই গম দিয়ে আমরা ব্যাপক ভাবে কাজ শুর করতে পারি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয়, মহানন্দা ফার্স্ট ফেজ শেষ হয়েছে সেকেন্ড ফেজ যদি শেষ না হয় তাহলে আপনার ২ দিকে ওয়েস্ট দিনাজপুর এবং ইটাহার টু চোপরা ফ্লাডেড হয়ে যাচ্ছে—কাজেই এটা কি অবস্থায় আছে? এবং আপনি জানেন যে আপনার পাহারা দেওয়া সত্ত্বেও এবারে বাঁধ কেটে দিয়ে আর্টিফিসিয়াল বন্যার সৃষ্টি কর

হয়েছে। কাজেই এ সম্পর্কে অবস্থাটা কি আছে জানাবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমি বন্যার সময়ে মালদহে গেছি এবং মহানন্দা বাঁধ দেখেছি। কিন্তু আপনাদের একথা বলতে চাই যে মহানন্দার কাজ চলছে, এখনও কমপ্লিট হয়নি। আপনারা জেনে রাখুন যে মহানন্দা—যে নদী বিহার থেকে এসে মহানন্দার সঙ্গে মালদহ জেলায় এসে পড়েছে, সে সম্পর্কে বিহার গভর্নমেন্টের সঙ্গে আলোচনা চলছে। আশাকরি যে সব চুক্তি এক মাসের মধ্যে করতে চলেছে তার মধ্যে মহানন্দা বাঁধ রয়েছে। তার মধ্যে ডি.ভি.সি-এর সমস্ত ব্যাপার রয়েছে, তার সঙ্গে সুবর্ণরেখা প্রভৃতি জিনিস রয়েছে।

**Shri. A.H. Besterwitch :** Mr. Deputy Speaker, Sir, my point of privilege is this, there are lot of questions. If the members take 25 minutes to dispose of one question then how all the questions will be finished.

**Mr. Deputy Speaker :** Mr. Besterwitch, don't take any more time. Now I switching over to starred question No. 121.

[1-20—1-30 p.m.]

## Small Scale Industries

*121. (Admitted question No. *160.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the total number of registered small scale units in the State as on 15th August, 1977;

(b) the number of them—

(i) suffering from under-utilisation of capacity, and

(ii) closed down;

(c) the main causes for under-utilisation of capacity and closure of small scale industrial units; and

(d) contemplation of the State Government for some suitable action in the matter?

**Shri Chittabrata Mazumdar :**

(a) 1,00,744

(b) (i) 2,400

(ii) 4,610

(c) Inadequate flow of finance from banks and financial institutions, acute shortage of raw materials, shortage of power, absence of proper marketing facilities, lack of rapport between the labour and management etc. are the main causes.

(d) Yes. The State Government have already taken a series of steps to remove the difficulties of the small scale industries.

**Shri Suniti Chattoraj :** Will the Hon'ble Minister be pleased to answer as to what steps he is taking for adequate flow of finance from Banks.

**Shri Chittabrata Mazumdar :** We are discussing about the features with the representatives of Banks and financial institutions.

**ডাঃ জয়নাল আবেদিন :** আপনি বললেন অ্যাকিউট শর্টেজ অব র মেটিরিয়্যালস রয়েছে, কি কি র মেটিরিয়াল্স শর্টেজ রয়েছে সেটা বলবেন কি?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** এটা নোটিশ দিতে হবে।

**শ্রী রজনীকান্ত দলুই :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, যে সমস্ত রিজিন্স রয়েছে, সেইগুলো দূর করার জন্য সিরিজ অব স্টেপ্স নিয়েছেন, এই সিরিজ অব স্টেপগুলো কি কি এবং সেই স্টেপ নেবার ফলে কি অ্যাকশন লক্ষ্য করছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার :** এখানে অনেকগুলো কারণ বলা হয়েছে, যেমন ইন অ্যাডিকোয়েট ফ্লো অব ফাইন্যান্স, এই ব্যাপারে আমি আগেই বলেছি বিভিন্ন ফাইন্যান্সিয়্যাল ইন্সটিটিউটকে পার্স্যু করানো হচ্ছে। যে কেসগুলো স্টাডি করে দেখা যাচ্ছে যে শর্টেজ অব ক্যাপিটালের জন্য এটা হচ্ছে, সেই জন্য ব্যাঙ্ক যাতে তাদের এই ব্যাপারে ফাইন্যান্স দিয়ে সাহায্য করে সেই জন্য ফাইন্যান্সিয়্যাল ইন্সটিটিউগুলোর সঙ্গে এই বিষয়ে কথা বার্তা হচ্ছে এবং তাদের পার্স্যু করানো হচ্ছে। দ্বিতীয় নং, কতকগুলো আই.আর.সি.আই. এর কাছে রেফার করা হয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে স্টেট গভর্নমেন্টকে গারেন্টার হিসাবে দাঁড় করানো হচ্ছে। মার্কেটিং এর বিষয়ে আমরা ইতিমধ্যে ১৫ পারসেন্ট প্রাইস প্রেফারেন্স, এটাকে ইনট্রোডিউস করবার ডিসিসন নিয়েছি এবং কমপালসারী পার্চেজ ফ্রম স্মল স্কেল হয়, যাতে এর ভিতর দিয়ে স্মল স্কেলের মার্কেট হয়, সেটাকে কিছুটা পরিমাণে বাড়াতে পারি তার চেষ্টা হচ্ছে। মোটামুটি এইগুলোই ব্যবস্থা হিসাবে নেওয়া হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রী মহাশয় কিছু কিছু কারণ এখানে বিবৃত করেছেন, এই সিকনেশ অব দি স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ এর জন্য। কিন্তু একটা তো বড় কারণ, এদের পেমেন্ট ফ্রম বিগ ইন্ডাস্ট্রিজ পেমেন্টটা দেরি হয়, এই সম্বন্ধে কোনও উল্লেখ

করলেন না। এরা যে সাপ্লাই করে আইদার অব দি গভর্নমেন্ট অর টু বিগ ইন্ডাস্ট্রিজ, পেমেন্টটা এরা নিয়মিত পান না, আপনি কি মনে করেন এটা কি একটা কারণ?

**শ্রী চিত্তব্রত মজুমদার ঃ** এই সম্পর্কে ইতিমধ্যেই আমরা কিছু কিছু ব্যবস্থা নিয়েছি, যেমন সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে আমরা এই ব্যাপারে একটা লেজিসলেশনের জন্য বলেছি, তাই কমিটির যে রেকমেন্ডেশন, সেই রেকমেন্ডেশনের ভিতর এই বিষয়ে উল্লেখ করা হয়েছিল যে বড় ইন্ডাস্ট্রিজ, তারা যাতে স্মল স্কেলের পেমেন্টগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে মিটিয়ে দেন সেই জন্য রেকমেন্ডেশন ছিল। সেই রেকমেন্ডেশনকে যাতে কার্যকর করা হয় আইনের মাধ্যমে সেই জন্য আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে লিখেছি এবং সেন্ট্রাল গভর্নমেন্টের ইন্ডাস্ট্রিজ মিনিস্টারের সঙ্গে যে মিটিং হয়েছে, সেখানে এই বিষয়ে আলোচনা করেছি এবং স্টেট লেভেলে আমরা চেষ্টা করছি, অন্তত আমাদের গভর্নমেন্ট ডিপার্টমেন্টের যে সমস্ত পেমেন্ট যদি কিছু পড়ে থাকে তাহলে সেইগুলো যাতে তাড়াতাড়ি মিটিয়ে দেওয়া যায় তার জন্য চেষ্টা করা হচ্ছে। কিন্তু এই ব্যাপারে স্টেট গভর্নমেন্টের খুব একটা কিছু করবার নেই। কেননা এই লেজিসলেশন, এটা সেন্ট্রাল গভর্নমেন্টকে করতে হবে। কারণ পেমেন্টটা হচ্ছে সর্বভারতীয় ব্যাপার, ভারতবর্ষের বিভিন্ন ফ্যাক্টারী থেকে অর্ডার আসে, সুতরাং লেজিসলেশনের কথা যদি চিন্তা করেন তাহলে সেটা ইন এফেকটিভ হবে। সেইজন্য এই ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠানো হচ্ছে এবং এটা পার্স্যু করানো হচ্ছে।

[1-30—1-40 p.m.]

## বাঘুই নদী সংস্কার

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৭।) **শ্রী জন্মেজয় ওঝা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঘুই নদী সংস্কার করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, উহা বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(গ) ঐ পরিকল্পনাটি কি কেলেঘাই নদী জলনিকাশি পরিকল্পনার অন্তর্ভুক্ত?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) বাঘুই নদী সংস্কারের কাজ কেলেঘাই নদী জলনিকাশি পরিকল্পনার অন্তর্ভুক্ত নয়।

**শ্রী জন্মেঞ্জয় ওঝা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বাগুইনদীর বন্যায় এ বছর কোন কোন থানা প্লাবিত হইয়াছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি যে কোয়েশ্চেনটি করলেন এটা রিলিভান্ট নয়। নোটিশ দিলে পরে জানাব।

### ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে ভাড়ার তারতম্য

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫৪।) **শ্রী সরল দেব :** কুটির ও ক্ষুদ্রশিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কল্যাণী শিল্পনগরীতে (ইন্ডাস্ট্রিয়াল এস্টেট) ও খিদিরপুরে ভাড়ার হার প্রতি বর্গফুটে যথাক্রমে ৭০ পয়সা ও ৪৫ পয়সা ; এবং

(খ) সত্য হইলে,—

(১) এই বৈষম্যের কারণ কি, ও

(২) এই বৈষম্য দূরীকরণের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রী চিত্তব্রত মজুমদার :**

(ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) উক্ত ভাড়া provisionally নির্ধারিত হয়েছে ; চূড়ান্তভাবে ভাড়া স্থির করবার জন্য একটি Rent Committee গঠন করা হয়েছে। জমির জন্য খরচ, নির্মাণ খরচ, প্রশাসনিক ব্যয় ইত্যাদি বিভিন্ন বিষয়ে বিচার বিবেচনা করে Rent Committee শেডগুলির ভাড়া সম্পর্কে তাঁদের অভিমত দেবেন। উক্ত report খুব শীঘ্রই পেশ করা হবে বলে আশা করা যাচ্ছে।

**শ্রী সরল দেব :** আমি আপনার মারফত জানাতে চাইছি যে কলকাতা শহরের খিদিরপুরে ট্রান্সপোর্ট কস্ট কম। কল্যাণীতে যেখানে ৭০ পয়সা ভাড়া সেখানে খিদিরপুরে মাত্র ৪৫ পয়সা ভাড়া। এটা কি সত্য নয় জয়নাল সাহেবের ভাইকে কনসেসান্স দেবার জন্য খিদিরপুরে ৪৫ পয়সা ভাড়া হয়েছে?

**(নো রিপ্লাই)**

**মিঃ ডেপুটি স্পিকার :** দি কোয়েশ্চেন ইজ্ ডিজ্অ্যালাউড্। আপনারা যদি এইভাবে বেশি সাপ্লিমেন্টারি করেন তাহলে আপনারাই লুজার হবেন। আমি আশা করি আপনারা আমাকে হেল্প করবেন।

**মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-ভাগীরথীর ভাঙ্গন**

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৭।) **শ্রী অমলেন্দ্র রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় গঙ্গা-ভাগীরথীর ভাঙ্গনের কারণ কি ;

(খ) ঐ ভাঙ্গন কোন কোন স্থানে বিশেষভাবে বিপজ্জনক বলিয়া গণ্য করা হইতেছে ; এবং

(গ) ঐ ভাঙ্গন রোধ করিবার জন্য গত পাঁচ বছরে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে এবং তজ্জন্য এ পর্যন্ত কত টাকা খরচ হইয়াছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক ঃ-

(ক) পূর্বে ফরাক্কার নিকট গঙ্গানদীর প্রবাহ ছিল দ্বিমুখী যথা ঃ- (১) গঙ্গা নদীর বামতীর বরাবর মূল নদী এবং (২) ফরাক্কা ব্যারেজের নিম্নভাগ থেকে দক্ষিণতীর বরাবর শাখা নদী।

এক্ষনে বামতীর বরাবর মূলনদীর প্রবাহ মজে যাওয়ায় নদীর গতিপথ পরিবর্তিত হয়েছে এবং ফরাক্কা ব্যারেজের ঠিক নিম্নভাগ থেকে দক্ষিণতীর বরাবর শাখানদী জীবন্ত ও সম্প্রসারিত হয়েছে। ইহাই মুর্শিদাবাদ জেলার গঙ্গানদীর দক্ষিণতীর বরাবর সুদীর্ঘ এলাকায় ভাঙ্গনের অন্যতম কারণ।

(খ) গঙ্গার ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলার দক্ষিণ তীরবর্ত্তী নিম্নলিখিত এলাকাগুলি বিপজ্জনক বলে আশঙ্কা করা হচ্ছে ঃ-

১। ব্রাহ্মণগ্রাম, ২। সাঁকোপাড়া-পরানপাড়া ৩। ধুলিয়ান ৪। ঔরঙ্গাবাদ, ৫। নুরপুর, ৬। সিদাইগাছি, ৭। মিথিপুর, ৮। কুতুবপুর, ৯। সেখলিপুর এবং ১০। হাঁদুয়া।

(গ) বিপজ্জনক এলাকার অন্তর্গত ফরাক্কা হতে লালগোলা পর্যন্ত সুদীর্ঘ ৩০ মাইল এলাকায় প্রয়োজন অনুযায়ী পাথরের সপার নির্মাণ এবং নদীর পাড় বাঁধানোর কাজ করে সাময়িকভাবে ভাঙ্গনরোধ করা সম্ভব হয়েছে। তবে এই পাথরের তৈরি সপারগুলির কার্যকারিতা নিতান্তই সীমিত।

১৯৭২ সাল হতে এ পর্যন্ত ঐ কাজে প্রায় ২ কোটি ২৭ লক্ষ টাকা খরচ হয়েছে।

**Shri Abul Barkat Atwal Ghani Khan Chowdhury :** Whether it is a fact that the construction of Farakka Barrage has accelerated the process

of erosion in the Ganges in the districts of Maldah and Murshidabad?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমি এটা জানাতে পারি যে মালদা এবং ফারাক্কার দক্ষিণে এবং তার উত্তরে এবং ফারাক্কার দক্ষিণে যে ইরোসান হয়েছে সেটা আমরা ভালভাবে জানি এবং এই ইরোসান আজ থেকে শুরু হয়েছে তাই নয় ফারাক্কা ব্যারেজ তৈরি হবার আগে থেকেই এই ইরোসান সুরু হয়েছে এবং ফরাক্কা হবার পর এটা আরও বেড়েছে, এ বিষয়ে কি করা যায় সেজন্য আমরা সেন্ট্রাল রিভার রিসার্চ অ্যান্ড পাওয়ার কমিশন যেটা পুণাতে আছে তাদের কাছে এ বিষয় আমরা জানতে চেয়েছি যে স্থায়ীভাবে কি করে ইরোসান বন্ধ করা যায় তাঁরা এখন পর্যন্ত পরীক্ষা করছেন এবং কোনও মতামত জানাননি তবে এ বিষয়ে সিদ্ধান্তটা যাতে তাড়াতাড়ি দেন সেজন্য তাঁদের আমরা বলেছি। তাঁরা আমাদের মতামত দেবেন কিন্তু এ বিষয়ে কোনও টাকা দিয়ে সাহায্য করবেন না।

**শ্রী অমলেন্দ্র রায় :** এটা কি সত্য যে ফারাক্কা ব্যারেজ হবার জনাই গঙ্গা এবং ভাগীরথীতে ভাঙ্গন দেখা দিয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** দ্যাট ইজ এ ম্যাটার অফ ওপিনিয়ন। তবে এটুকু বলতে চাই আপনার প্রশ্নটা অত্যন্ত গুরুতর। কিন্তু আমাদের ডিপার্টমেন্ট চুপ করে বসে নেই। নদীর গতিপথ যে চেঞ্জ হয়েছে এর জন্য আমাদের গভর্নমেন্টও চিন্তিত। আমি জানিনা প্রাক্তন সরকার সেন্ট্রালের কাছে এ বিষয়ে কিছু বলেছিলেন কি না। শুধু পশ্চিমবাংলাই নয় ফারাক্কা ব্যারেজ, হুগলি নদী, ক্যালক্যাটা পোর্ট এবং হলদিয়া পোর্ট পর্যন্ত ধ্বংস হয়ে যাবে। ফারাক্কার গতিপথ চেঞ্জ হয়েছে। একদিকে হুগলি এবং আর একদিকে ভাগীরথী উগ্র হয়ে গিয়ে ভাঙ্গতে আরম্ভ করেছে। এই দুটো যদি মিশে যায় তাহলে ক্যালকাটা পোর্ট ও হলদিয়া পোর্ট উভয়ের কি অবস্থা হবে বলা মুশকিল। আমি জিজ্ঞাসা করছি এতদিন ওঁরা কি করেছিলেন?

[1-40—1-50 p.m.]

**শ্রী দীপক সেনগুপ্ত :** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমি আগেই বলেছি আজও বলছি হাউস যেভাবে চলছে তাতে করে আমরা নূতন সদস্য যারা এসেছি তারা কিছুই শিক্ষা গ্রহণ করতে পারব না আমরা এতদিন দেখে আসছি যিনি কোয়েশ্চেন করেন তার তিনটি সাপ্লিমেন্টারী করবার অধিকার আছে। কিন্তু আজ যিনি কোয়েশ্চেন করলেন তিনি কোনও সাপ্লিমেন্টারী করবার আগেই একজন ওল্ড মেম্বার এবং যিনি মন্ত্রী ছিলেন তিনি হঠাৎ উঠে দাঁড়ালেন এবং তারপর আপনি তাঁকে সাপ্লিমেন্টারী করবার জন্য অ্যালাউ করলেন। এই জিনিষসটা আমি আপত্তিকর বলে মনে করছি।

(নয়েজ)

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনি যে পয়েন্ট অব অর্ডার রেজ করেছেন তার উত্তরে বলছি যে যে মেম্বার কোয়েশ্চেন পুট করেন তাঁর ৩ টি সাপ্লিমেন্টারী করার কনভেনসন হাউসে আছে। কিন্তু প্রশ্নটা হচ্ছে এই যে মিঃ রায় প্রশ্নটা করেছিলেন, তিনি সাপ্লিমেন্টারী

করতে উঠে ছিলেন কিনা আমি দেখতে পাইনি। আমি মিঃ গনিখান চৌধুরিকে দেখেছি, তাকে অ্যালাও করেছি।

**শ্রী অমলেন্দ্র রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের জানিয়েছেন যে গঙ্গা এবং ভাগিরথীর ভাঙ্গন রোধ করার জন্য কিছু কিছু সাময়িক ব্যবস্থা নেওয়া হয়েছে, তারজন্য স্পার তৈরি করা, পাথর ফেলা ইত্যাদি ব্যবস্থা করা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে পারলাম যে ২ কোটি কয়েক লক্ষ টাকা প্রায় ৩ কোটি টাকার পাথর গঙ্গায় ফেলা হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি পাথর ফেলার নাম করে যে ৩ কোটি টাকা খরচ হয়েছে বলছেন তার মধ্যে কত কোটি টাকা ওঁর পকেটে ছিল এবং ওঁর চেলাদের পকেটে কত ছিল সেটা তদন্ত করবেন কি?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি যে কথা বলছেন এই ব্যাপারে এটুকু বলতে পারি যে এনকোয়ারী করার জন্য ব্যবস্থা করা হবে।

**শ্রী এ.বি.এ গনিখান চৌধুরি :** মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি ইরোসান চেক করার জন্য স্কীম করা হয়েছে সেটা কত টাকার স্কীম?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আমরা একটা কমপ্রিহেনসিভ স্কীম করছি, সেটা সেন্ট্রাল পাওয়ার অ্যান্ড রিসার্চ কমিশনের কাছে পাঠাচ্ছি। তার টোটাল কস্ট কত তা এখনই আপনাকে বলতে পারব না।

### দুর্জনখালি নালার উপর স্লুইস গেট নির্মাণ

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৭।) **শ্রী হাবিবুর রহমান :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২নং ব্লকে দুর্জনখালি নালার উপর স্লুইস গেট নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে উহার কাজ কবে নাগাত শুরু হবে বলে আশা করা যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :**

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক :-

(ক) আছে।

(খ) এই বৎসরেই শুরু হবে বলে আশা করা যায়।

**শ্রী হবিবুর রহমান ঃ** এই কাজটা শেষ হতে কত সময় লাগবে বলতে পারবেন কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এখনই বলা সম্ভব নয়।

**শ্রী হবিবুর রহমান ঃ** এতে কি পরিমাণ অর্থ ব্যয় হবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই স্কীমে মোট যে টাকা খরচ হবে বলে আমরা ধরেছি তার পরিমাণ ১০ লক্ষ ৪০ হাজার ৪০০ টাকা।

**শ্রী সুনীতি চট্টোরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই স্কীম করার পিছনে মাননীয় বন্ধুদের যে কন্ট্রাক্টরের সঙ্গে আঁতাত আছে, দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে সে সম্বন্ধে কোনও তদন্ত হবে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** এই স্কীম এখনও শুরু করা হয়নি। তবে এটুকু আপনাদের বলতে চাই এই স্কীমের সঙ্গে স্লুইস গেট এবং তার সঙ্গে ব্রিজও রয়েছে। এর কাজ হবে, তবে আপনাদের কংগ্রেস সরকার দুর্নীতিতে ভরিয়ে রেখে গেছেন, আমরা তাকে পরিষ্কার করবার চেষ্টা করছি।

### উলুবেড়িয়ায় হুগলি নদীর ভাঙ্গন

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৮।) **শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উলুবেড়িয়া শহরের পূর্ব সীমানায় হুগলি নদীর ভাঙ্গন রোধ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** উলুবেড়িয়া শহরাঞ্চল সি.এম.ডি.এ. এলাকাভুক্ত বলিয়া উক্ত শহরের ভাঙ্গন রোধকল্পে কোনও পরিকল্পনা বর্তমানে সেচ বিভাগের নাই।

[1-50—2-00 p.m.]

### বারাসাতে জল নিষ্কাশন ব্যবস্থা

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬১।) **শ্রী সরল দেব ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছে যে, প্রতি বৎসর বৃষ্টির জলে বারাসাতের বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয় এবং ঐ জল নিষ্কাশনের পথ বর্তমানে বন্ধ ; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) বৃষ্টির জলে বারাসতের বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হইবার বিষয় সরকার অবগত আছেন।

(খ) উক্ত অঞ্চলের জল নিষ্কাশনের নিমিত্ত নিম্নোক্ত পরিকল্পনাগুলি আছে :-

(১) নোয়া বেসিন নিকাশি প্রকল্প,

(২) সুঁতি বেসিন নিকাশি প্রকল্প,

(৩) যমুনা বেসিন নিকাশি প্রকল্প, এবং

(৪) হাড়োয়াগং-কুলটিগং বেসিন নিকাশি প্রকল্প।

উহাদের মধ্যে (১) নং প্রকল্পের কাজ ১৯৬৫ সালে শুরু হইয়াছে এবং ইতিমধ্যেই আংশিক ফল পাওয়া গিয়াছে। প্রকল্পের কাজ ১৯৭৮-৭৯ আর্থিক বৎসরে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

(২) এবং (৪) নং প্রকল্প দুইটি বর্তমানে সমীক্ষাধীন আছে।

(৩) নং প্রকল্পের আংশিক কাজ এই বৎসর বর্ষা মরশুমের পর শুরু করা যাইবে বলিয়া আশা করা যায়।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কি জানা আছে সুতী নর্দার পাশ দিয়ে বালিবন্দ খাল তাতে মাত্র কয়েক লক্ষ টাকা খরচ করলেই গোটা বারাসত— আমার নির্বাচন কেন্দ্র সেখানকার মানুষের জলমগ্নের হাত থেকে বাঁচানো যায়?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** নোয়াবেসিন ড্রেনেজ স্কীম আমরা গ্রহণ করেছি এবং ইঞ্জিনিয়ারদের এবং আমাদের এখানকার ওয়েস্ট বেঙ্গল রিভার রিসার্চ ইন্সটিটিউট এবং সেন্ট্রাল ওয়াটার কমিশন এর মত হচ্ছে যে নয়া বেসিন আগে কাটা হউক তার ফল কি দাঁড়ায় তা দেখে সুতী বেসিন ড্রেনেজ স্কীম তারা টেক আপ করতে বলেছেন, তার আগে এক্সপার্ট কমিটিও বলেছিলেন যে এর আগে সুতী বেসিন স্কীম যেন টেক আপ করা না হয়। সেজন্য আমরা করিনি।

**শ্রী সরল দেব :** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এই নয়া বেসিন স্কীম যেটা আপনি আরম্ভ করেছেন সেটা কমপ্লিট হতে কত সময় লাগবে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** ১৯৮৯ সালের মার্চ মাসের মধ্যে শেষ হবে।

**শ্রী কমল সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, নোয়া বেসিন বিল সংস্কারের কথা আপনি বললেন কিন্তু তার সঙ্গে ওখানকার বেদী বিল তাকেও যদি যুক্ত না করা হয় তাহলে সমগ্র বিস্তীর্ণ অঞ্চল প্রায় ৫০ মাইল এলাকা ডুবে যাবে এবং বর্তমানে ডুবে যাচ্ছে সে সম্বন্ধে আপনার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** যমুনা বেসিন ড্রেনেজ স্কীম যা নিয়েছি এটা করতেই প্রায় ৬

কোটি টাকা লাগবে—এর সঙ্গে যে বিলের কথা আপনি বলছেন সেটা ব্রাঞ্চ খাল করে সমস্ত জলকে যমুনা বেসিন দিয়ে নিয়ে বিদ্যাধরীতে ফেলে দেবার স্কীম আমরা গ্রহণ করছি।

**শ্রী এ.কে.এম. হাসানুজ্জামান ঃ** হাঁসখালি বেসিন স্কীম বারাসতের একটা বিস্তীর্ণ অঞ্চল সংস্কার করবার জন্য হয়েছিল। আমি জানতে চাই তার অবস্থা কি হয়েছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** নোটিশ চাই।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** মন্ত্রী মহাশয় অনেকগুলো জল নিষ্কাশন স্কীমের কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে এই স্কীমগুলি কি কংগ্রেস সরকার করেছিলেন, না আপনারা করেছেন?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** নয়া বেসিন স্কীমটা আগেই নেওয়া হয়েছিল কিন্তু তার টাকা অ্যালটমেন্ট করে বন্ধ করা হয়। আমরা সেটা আবার অ্যালট করেছি। কিন্তু যমুনা বেসিন স্কীম সম্বন্ধে আপনারা জানেন নদীয়া জেলার, ২৪ পরগণা জেলার, উত্তর বসিরহাট এবং ব্যারাকপুরের একটা অঞ্চল আজ ৫০ বছর ধরে মজে পড়ে রয়েছে এবং কংগ্রেস সরকার ৩০ বছর রাজত্ব করা সত্ত্বেও কিছু করেনি।

**শ্রী রজনীকান্ত দলুই ঃ** এই স্কীম কে করেছে?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ** আমাদের গভর্নমেন্ট করেছে এবং এবারে আমরা টাকা অ্যালট করেছি।

### মুর্শিদাবাদে "খড়খড়ি গাদীর নালা"র সংস্কার

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৮।) **শ্রী হাবিবুর রহমান ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ১নং ব্লকে "খড়খড়ি গাদীর নালা" সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কবে নাগাত উহার কাজ শেষ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(গ) উক্ত নালার উপর স্লুইস গেট ও কালভার্ট নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

(গ) হ্যাঁ, আছে।

**শ্রী হবিবুর রহমান :** মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই স্কীমের কাজ আর পি ডি স্কীমের মাধ্যমে আরম্ভ করা হয়েছিল কিনা?

**শ্রী প্রভাসচন্দ্র রায় :** আপনি বোধহয় খরকুটি এবং দাবি এই দুটি স্কীমের কথা বলছেন। এই স্কীমে ২৩ লক্ষ ৮০ হাজার টাকা স্যাংশন করা হয়েছে। একটি স্লুইস গেট এবং একটি ব্রিজ হবে। এটা এখন পর্যন্ত টেকআপ করা হয়নি, তবে শীঘ্রই কাজ শুরু হবে। এই কাজ স্পেশ্যাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মাধ্যমে করার কথা হয়ে আছে।

**মিঃ ডেপুটি স্পিকার :** দি কোয়েশ্চেন আওয়ার ইজ ওভার।

**Starred Questions**
**(to which written Answers were laid on the Table)**

**Afforestation of Hill areas**

*158. (Admitted question No. *904.) **Shri Dawa Narbu La :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state the steps, if any, taken by the present Government for afforestation of the Hill areas in Darjeeling district?

**Minister-in-charge of the forest Deptt. :** During the current year steps have been taken for creation of Forest plantation over 641 hec. in Darjeeling district by the Forest Directorate Steps have also been taken for advance work over 748 hec. in this District during this year for creation of next year's (1978-79) forest plantation.

Besides, in the Forest area in Darjeeling and Kalimpong Sub-division under the management of the West Bengal Forest Development Corporation there is adequate provision for immediate re-afforestation of all areas from where nature and over nature forest is harvested by the Corporation. In addition to this, the Corporation is afforesting blank and derelict areas in the recently taken over Khasmahal and Tea Garden Forest areas as well as blanks in the reserve forest areas at the rate of approximately 250 hec. annually. For plantations proposed to be raised in private land outside the Government Forest areas, seedlings are distributed free to the land owners for undertaking afforestation as a part of Social Forestry programme.

**Repairing of embankments in Kandi subdivision**

*160. (Admitted question No. *834.) **Shri Atish Chandra Sinha :**

Will the Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) whether any amount of money has been sanctioned for repairing and strengthening of the embankments damaged by recent floods in Kandi subdivision of Murshidabad district; and

(b) whether steps have been taken by the Government to minimise the possibilities of flood in the said subdivision?

**Minister-in-charge of the Irrigation Deptt. :**

(a) No additional funds beyond the normal maintenance and repairs allotment could be sanctioned owing to paucity of funds.

(b) Yes.

## হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এস্টেট

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১১১১।) **শ্রী অরবিন্দ ঘোষাল ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া শিল্প উপনগরী (ইন্ডাস্ট্রিয়াল এস্টেট) কোন সালে স্থাপিত হইয়াছিল ; এবং

(খ) এই সংস্থায় এ পর্যন্ত কোন সালে কত লাভ বা ক্ষতি হইয়াছিল?

**কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৬২ সালে।

(খ) লাভ করিবার উদ্দেশ্য লইয়া হাওড়া শিল্প উপনগরী গড়িয়া তোলা হয় নাই। ক্ষুদ্রশিল্পস্থাপনে ইচ্ছুক শিল্পোদ্যোক্তাদের সাহায্য করিবার উদ্দেশ্যেই এই প্রকল্পটি রাচনা করা হইয়াছিল। সুতরাং হাওড়া শিল্প উপনগরীর বাৎসরিক লাভক্ষতির কোনও প্রশ্ন ওঠে না।

**শ্রী বীরেন্দ্র নারায়ণ রায় ঃ** স্যার, অন এ পয়েন্ট অব প্রিভিলেজ। গতকাল জয়নাল আবেদিন আমার সম্পর্কে অত্যন্ত অশালীন, অশোভন এবং অমার্জিত কথা বলেছেন এবং শুধু আমার সম্বন্ধেই নয়, আমাদের পরিষদীয় মন্ত্রী সম্বন্ধেও অত্যন্ত অশোভন উক্তি তিনি করেছেন। আমি এই ব্যাপারে প্রিভিলেজ মোশন দিয়েছি।

**Dy. Speaker :** I will give my ruling on this point later on.

## Unstarred Questions
## (to which written Answers were laid on the Table)

### Distribution of vested lands

141. (Admitted question No. 109.) **Shri Rajani Kanta Doloi :** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total area of vested lands distributed amongst the landless and the homeless persons by the present Government;

(b) the total area of vested lands distributed amongst the landless and homeless persons during the tenure of the previous Ministry up to 30th April, 1977; and

(c) the total areas of such lands distributed during the tenure of the first and second United Front Governments?

**The Minister-in-charge of Land and Land Revenue Department :**

(a) Distribution of vested lands has been kept in abeyance by the present Government for the time being, pending finalisation of the new procedure.

(b) Position during the period from April, 1972 to March, 1977 is given below :

Agricultural purposes—2.53 lakh acres.

Homestead purposes—10,407 acres.

(c) During the tenure of the first United Front Government—0.65 lakh acres. During the tenure of the second United Front Government—0.51 lakh acres.

### New Small Scale Industries

142. (Admitted question No. 188.) **Shri Suniti Chattoraj :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the total number of new small scale industries registered during the months of May, June, July and August, 1977 and during the corresponding months in 1976, 1975, 1974, 1973 and 1972;

(b) the total number of applications for registration received during the periods mentioned above; and

(c) the target, if any, fixed by the Government for new small scale industries in the next six months?

**The Minister-in-charge of Cottage and Small Scale Industries Department :**

(a)

| Year | No. | Period |
|---|---|---|
| 1977 ... ... ... ... | 2,333 | (May to August) |
| 1976 ... ... ... ... | 2,400 | Ditto |
| 1975 ... ... ... ... | 2,100 | Ditto |
| 1974 ... ... ... ... | 2,713 | Ditto |
| 1973 ... ... ... ... | 2,573 | Ditto |
| 1972 ... ... ... ... | 2,218 | Ditto |

(b)

| Year | No. | Period |
|---|---|---|
| 1977 ... .. ... ... | 2,799 | (May to August) |
| 1976 ... ... ... ... | 2,880 | Ditto |
| 1975 ... ... .. .. | 2,310 | Ditto |
| 1974 ... ... ... ... | 3,084 | Ditto |
| 1973 ... ... ... ... | 2,830 | Ditto |
| 1972 ... ... ... ... | 2,440 | Ditto |

(c) 1,500 units.

### Reopening of closed industries

143. (Admitted question No. 367.) **Shri Krishna Das Roy :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) if it is a fact that the Bengal Chemical and Pharmaceutical Works Ltd. and Inchek Tyres Ltd. have been closed down; and

(b) if so, when are these units expected to be reopened?

**The Minister-in-charge of Labour Department :**

(a) Both are running though under various constraints.

(b) Does not arise.

**Minimum wages for agricultural labourer**

144. (Admitted question No. 383.) **Shri Naba Kumar Roy, Shri Satya Ranjan Bapuli, Shri Suniti Chattoraj** and **Shri Rajani Kanta Doloi** : Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) what is the present minimum wages for agricultural labourer;

(b) when was it fixed; and

(c) whether the present Government has any contemplation for its revision ?

**The Minister-in-charge of Labour Department :**

(a) The minimum wages payable to agricultural workers from 1st October 1975 calculated on the basis of annual average CPI Number for the year 1974-75 (July-June) are as follows :

**Daily rate**

| | Basic | D.A. | Total |
|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. |
| Adult ... ... ... | 5.60 | 2.50 | 8.10 |
| Child ... ... .. | 4.00 | 1.82 | 5.82 |

Rates of cash wages per day may be reduced by Rs. 1.25 for each principal meal (mid-day or night) supplied.

**Monthly rate**

| | Basic | D.A. | Total |
|---|---|---|---|
| | Rs. | Rs. | Rs. |
| Adult ... ... ... | 80.60 | 65.10 | 145.70 |
| Child ... ... ... | 39.00 | 47.25 | 86.25 |

In the case of monthly paid workers at least two principal meal: daily and accommodation will have to be provided by the employer.

(b) Minimum wages for the agricultural workers were last revisec by notification No. 7000-L.W., dated 30th September 1974. It was provide therein that the rates be adjusted each year on 1st October on the basi: of annual average Agricultural CPI Number of the previous year (July-June). Accordingly, it was revised last on 1st October 1975. No adjustmen was possible on 1st October 1976 owing to High Court injunction.

(c) There is an injunction by the Hon'ble High Court. Before the injunction is vacated, for which steps have already been taken, no further revision is possible.

**সরকারের হাতে ন্যস্ত জমি**

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৬।) **শ্রী অশোককুমার বোস ঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৭১ হইতে ১৯৭৬ সাল পর্যন্ত সরকারের হাতে কোনও ন্যস্ত জমি ছিল কিনা ; এবং

(খ) থাকিলে,—

(১) কৃষক ও ভূমিহীন ক্ষেতমজুরদের ঐ জমি বিলি করা হইয়াছে কিনা, ও

(২) বিলিকৃত জমির পরিমাণ কত (বছরওয়ারী ও দফাওয়ারী)?

**ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ছিল।

(খ) (১) হ্যাঁ, বিলি করা হইয়াছে।

(২) বছরওয়ারী বিলিকৃত জমির পরিমাণ নিচে দেওয়া হইল ঃ

| বছর | জমির পরিমাণ |
|---|---|
| | একর |
| ১৯৭১-৭২ | ১২,০০০ |
| ১৯৭২-৭৩ | ২২,৯৭৫ |
| ১৯৭৩-৭৪ | ৪২,৮৫১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৯৭৪-৭৫ | ... | ... | ... | ... | ... | ৪১,৭৯২ |
| ১৯৭৫-৭৬ | ... | ... | ... | ... | ... | ১,৩৬,৭০৯ |

"দফাওয়ারী" কথাটি দ্বারা কি বোঝানো হয়েছে তা স্পষ্ট নয়। কাজেই এ বিষয়ে কোনও তথ্য দেওয়া সম্ভব নয়।

## টি বি রোগীর সংখ্যা

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৫।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ী ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিবঙ্গের বিভিন্ন জেলায় চেস্ট ক্লিনিক ও হাসপাতালে কতজন টি বি রোগে আক্রান্ত হইয়া চিকিৎসাধীন আছেন ;

(খ) গত ১৯৭১ সন হ'তে গত জুলাই মাস পর্যন্ত প্রতি বৎসরের টি বি রোগীর সংখ্যাগত হিসাব কি ; এবং

(গ) উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে চিকিৎসাধীন টি বি রোগীর আনুমানিক সংখ্যা ঃ

| | | |
|---|---|---|
| চেস্ট ক্লিনিক | .. | ১৪২,৮০২ |
| টি বি হাসপাতাল | ... | ৫,৭০০ |

(খ) প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী গত ১৯৭১ সন হইতে টি বি রোগীর সংখ্যাগত হিসাব ঃ

| | | | নূতন | পুরাতন | মোট |
|---|---|---|---|---|---|
| ১৯৭১ | ... | ... | ৩৯,৩১৬ | ৭৩,২৬৮ | ১১২,৫৮৪ |
| ১৯৭২ | ... | ... | ৩৬,৪২৬ | ৭০,৪৩৭ | ১০৬,৮৬৩ |
| ১৯৭৩ | ... | ... | ৩৯,৮০৯ | ৭৪,২৬৪ | ১১৪,০৭৩ |
| ১৯৭৪ | ... | ... | ৪৬,৫৭৩ | ৬৬,৫৩৫ | ১১৩,১০৮ |
| ১৯৭৫ | ... | ... | ৫৯,৪৮৩ | ৭৫,৬০০ | ১৩৫,০৮৩ |
| ১৯৭৬ | ... | ... | ৬৬,২৩৫ | ৮৫,৭৭৩ | ১৫২,০০৮ |
| ১৯৭৭ (জুন পর্যন্ত) | | ... | ২৮,৬৮৮ | ১১৯,৮১৪ | ১৪৮,৫০২ |

জুলাই মাসের রিপোর্ট এখনও পাওয়া যায়নি।

(গ) সরকার বহুবিধ ব্যবস্থা গ্রহণ করেছেন, যেমন—

(১) বিভিন্ন জেলায় আইসোলেশন বেড-এর ব্যবস্থা ;

(২) যক্ষ্মারোগীর শয্যাসংখ্যা বৃদ্ধি ;

(৩) প্রতি জেলায় বিশেষ ট্রেনিং-প্রাপ্ত স্বাস্থ্যকর্মী পরিচালিত যক্ষ্মাকেন্দ্র স্থাপন ;

(৪) বিভিন্ন হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্রে এবং আরও অন্যান্য স্থানে রোগ নির্ণয় ও চিকিৎসার জন্য সাধারণ চেস্ট ক্লিনিক ও গৃহচিকিৎসা সমন্বিত চেস্ট ক্লিনিক স্থাপন ;

(৫) সরকারি হাসপাতাল ও ক্লিনিকে যক্ষ্মারোগীর চিকিৎসা, বিনামূল্যে ঔষধ সরবরাহ ইত্যাদি সুব্যবস্থাকল্পে প্রয়োজনীয় সরকারি অনুদান প্রদান।

**বসুমতী পত্রিকার কর্মচ্যুত কর্মচারির সংখ্যা**

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩২।) **শ্রী তিমিরবরণ ভাদুড়ী :** রুগ্ন ও বন্ধ শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরি অবস্থা চলাকালীন বসুমতী পত্রিকায় কোন পর্যায়ের কতজনকে সাময়িকভাবে বা পূর্ণভাবে কর্মচ্যুত করা হইয়াছে, এবং

(খ) ইহাদের মধ্যে কতজনকে ৩১শে অগাস্ট, ১৯৭৭ পর্যন্ত পুনর্নিয়োগ করা সম্ভব হইয়াছে?

**রুগ্ন ও বন্ধ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) একজন লাইনো অপারেটরকে সাময়িকভাবে এবং একজন লাইনো বারম্যান, একজন লাইনো অপারেটর, একজন রুটার, একজন বেয়ারার, তিনজন পিয়ন ও একজন সুইপার, এই মোট আটজনকে পূর্ণভাবে বরখাস্ত করা হইয়াছে।

(খ) ৩১শে আগস্ট, ১৯৭৭ পর্যন্ত কাহাকেও পুনর্নিয়োগ করা হয় নাই।

**বাঁকুড়া জেলার ওন্দা থানার স্বাস্থ্যকেন্দ্র**

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৮।) **শ্রী অনিল মুখার্জি :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ওন্দা থানায় মোট কয়টি স্বাস্থ্যকেন্দ্র আছে ;

(খ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে উপযুক্ত পরিমাণে ঔষধ সরবরাহ করা হয় কিনা ; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে উপযুক্ত সংখ্যক ডাক্তার ও নার্স আছেন কিনা?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি প্রাথমিক ও চারটি উপ-স্বাস্থ্যকেন্দ্র আছে।

(খ) হ্যাঁ।

(গ) ওন্দা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দু'জন ডাক্তারকে, যেসকল স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার ছিল না সেখানে পাঠানো হয়েছে।

নাকাইজুড়ি উপ-স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তার কিছুদিন পূর্বে অবসর গ্রহণ করেছেন বলে সেখানে এখন ডাক্তার নেই।

সকল স্বাস্থ্যকেন্দ্রেই উপযুক্ত সংখ্যক নার্স আছে।

**১৯৭৬-৭৭ সালে ধান ও চাল সংগ্রহের পরিমাণ**

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৯।) **শ্রী অনিল মুখার্জি ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিবঙ্গে ১৯৭৬-৭৭ সালে মোট কত মেট্রিক টন ধান ও চাল সংগ্রহ করা হইয়াছিল ;

(খ) সংগৃহীত চাল কিভাবে বণ্টন করা হইয়াছিল ; এবং

(গ) কোন্ জেলায় কত ধান-চাল সংগৃহীত হইয়াছিল?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত ১লা এপ্রিল, ১৯৭৬ হইতে ৩১এ মার্চ, ১৯৭৭ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট যে ধান ও চাল সংগৃহীত হইয়াছিল তাহার হিসাব নিম্নে দেওয়া হইল ঃ-

| | | | মেট্রিক টন |
|---|---|---|---|
| ধান | ... | ... | ৮১,৯৮৭ |
| চাল | ... | . | ১৬২,৮৬৬ |

(খ) সংগৃহীত চাল সরকারি বণ্টন ব্যবস্থার মাধ্যমে এই রাজ্যের জনসাধারণের নিকট বণ্টন করা হয়।

(গ) জেলাওয়ারী অভ্যন্তরীণ সংগ্রহের পরিমাণ নিম্নরূপ :-

| | জেলার নাম | ধান | চাল |
|---|---|---|---|
| ১। | বর্ধমান ... ... ... | ১৪,২২৬ | ৪২,০৫৭ |
| ২। | বীরভূম ... ... ... | ৭,৩৫৯ | ৪৫,৬৬১ |
| ৩। | বাঁকুড়া ... ... ... | ৬,৯৫১ | ১৩,৪৬৯ |
| ৪। | মেদিনীপুর ... ... ... | ১৫,২৭৭ | ২৬,৩০৩ |
| ৫। | হুগলি ... ... ... | ২,৭৯৯ | ২,৩৮৩ |
| ৬। | হাওড়া ... ... ... | ২৬৭ | ৭১ |
| ৭। | চব্বিশ-পরগনা ... ... ... | ৬,৫৩৭ | ২,৮২৮ |
| ৮। | নদীয়া ... ... ... | ৫৮৫ | ১৭ |
| ৯। | মুর্শিদাবাদ ... ... ... | ৩,১৬২ | ৩,২৩২ |
| ১০। | মালদহ ... ... .. | ৯৬৪ | ... |
| ১১। | পশ্চিম দিনাজপুর ... ... | ১০,৩৩২ | ২০,৭০৭ |
| ১২। | কোচবিহার ... ... ... | ৫,৬৯৩ | ৬৪৬ |
| ১৩। | জলপাইগুড়ি ... ... ... | ৬,২৩৯ | ৩,০৬২ |
| ১৪। | দার্জিলিং ... ... ... | ৫৩১ | ৯১৩ |
| ১৫। | পুরুলিয়া ... ... ... | ১,০৬৫ | ১,৫১৭ |
| | মোট ... | ৮১,৯৮৭ | ১৬২,৮৬৬ |

**মুর্শিদাবাদ জেলার দক্ষিণ হিজল কো-অপারেটিভ**

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৮০০।) **শ্রী সত্যপদ ভট্টাচার্য :** সমবায় বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার দক্ষিণ হিজল কো-অপারেটিভ-এর কর্মকর্তাগণের নাম, ঠিকানা এবং তাহাদের পদমর্যাদা কি ;

(খ) উক্ত সমবায় সমিতির মূলধন, সরকারি অনুদান বা ঋণ-এর পরিমাণ কত ; এবং

(গ) **এই সমিতির মোট সদস্য সংখ্যা কত?**

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় দক্ষিণ হিজল সমবায় সংযুক্ত কৃষি সমিতি নামে একটি সংস্থা আছে। ঐ সংস্থার কর্মকর্তাগণের নাম, ঠিকানা এবং পদমর্যাদা নিম্নে প্রদত্ত হইল ঃ-

(১) মহকুমা শাসক, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—সভাপতি

(২) ব্লক উন্নয়ন অফিসার, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—সহ-সভাপতি

(৩) শ্রী ইউ এন ভাদুড়ী, ২য় অফিসার, মহকুমা শাসকের অফিস, কান্দী, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—সম্পাদক।

(৪) সমবায় সমিতিসমূহের পরিদর্শক, কান্দী ব্লক, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(৫) শ্রী রবীন্দ্রনাথ সরকার, গ্রাম সোলোভাগরঘের, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(৬) শ্রী কাশেম আলী, গ্রাম সোলোভাগরঘের, পোঃ কান্দী, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(৭) শ্রী প্রেমচাঁদ বিশ্বাস পোঃ ও গ্রাম শ্রীকৃষ্ণপুর, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(৮) শ্রী ইয়াসিন শেখ, পোঃ ও গ্রাম ভবানন্দপুর, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(৯) শ্রী মতলেব শেখ, পোঃ ও গ্রাম বেরুবাড়ি, মুর্শিদাবাদ—পরিচালক বোর্ডের সদস্য।

(খ) মূলধনের পরিমাণ—টাকা ১১,৫২৩ (সরকারি অংশ ব্যতীত)। সরকারি অনুদান—টাকা ৭,৫০০ (গ্রামাঞ্চলের গুদামঘরের জন্য)। সরকারি ঋণ—টাকা ৫,০০০ (গ্রামাঞ্চলের গুদামঘরের জন্য)।

(গ) মোট সদস্য সংখ্যা—৬১।

## শিল্প বিরোধ মামলা

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৯।) **শ্রী বামাপদ মুখার্জি ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল সহকারী শ্রম-কমিশনারের অফিসে ১৯৭৫-৭৬ এবং ১৯৭৭-এর জুন পর্যন্ত কতগুলি ইন্ডাস্ট্রিয়াল ডিসপুট নিষ্পত্তির জন্য দেওয়া হয়েছিল ; এবং

(খ) কতগুলির—

(১) নিষ্পত্তি হয়েছে,

(২) শিল্পবিরোধ আইনের ১২।৪ ধারা অনুযায়ী রিপোর্ট হয়েছে,

(৩) শ্রম-আদালতে বিচারের জন্য পাঠানো হয়েছে, ও

(৪) বাকিগুলি কি অবস্থায় আছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** প্রশ্নোক্ত বিষয়ের পরিসংখ্যান তিনটি অফিস থেকে আড়াই বছরের নথিপত্র ঘেঁটে সংগ্রহ করতে হবে এবং একাজ সময়সাপেক্ষ। তথ্যাদি সংগৃহীত হচ্ছে। এই সম্পর্কিত তথ্যাদি সম্বলিত একটি বিবরণী লাইব্রেরি টেবিলে যথাশীঘ্র সম্ভব রাখা হবে।

### এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে উপদেষ্টা কমিটি

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৮১০।) **শ্রী বামাপদ মুখার্জি ঃ** শ্রম বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, সীতারামপুর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ও রানীগঞ্জ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এ বর্তমান অ্যাডভাইসারি কমিটিগুলি কবে গঠিত হয়েছিল ;

(খ) এগুলির পুনর্গঠন করার কথা সরকার চিন্তা করছেন কি ; এবং

(গ) যদি 'খ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তা হ'লে কবে সেগুলি পুনর্গঠিত হবে ব'লে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আসানসোল, সীতারামপুর এবং রাণীগঞ্জ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে অ্যাডভাইসারি কমিটিগুলি যথাক্রমে ১৮ই জুলাই, ১৯৭৩, ২৬এ ডিসেম্বর, ১৯৭৩ এবং ৬ই সেপ্টেম্বর, ১৯৭৩ তারিখে গঠন করা হয়েছিল।

(খ) হ্যাঁ।

(গ) পুনর্গঠনের বিষয়টি পর্যালোচনা করা হচ্ছে। যথাসম্ভব এ বিষয়ে ব্যবস্থাদি অবলম্বন করা হবে।

**আসানসোল শহরে এনকেফেলাইটিস রোগ**

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৪।) **শ্রী বামাপদ মুখার্জি ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আসানসোল শহরে "এনকেফেলাইটিস" রোগের প্রাদুর্ভাব দেখা গিয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত রোগে আজ পর্যন্ত কত জনের মৃত্যু হয়েছে ; এবং

(গ) উক্ত রোগ প্রতিরোধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গত এপ্রিল মাস থেকে অগাস্ট মাসের মধ্যে আসানসোল শহরে সাধারণ ভাইরাস ঘটিত "এনকেফেলাইটিস" রোগে মোট চারজন আক্রান্ত হয়।

(খ) এপ্রিল, ১৯৭৭ থেকে আজ পর্যন্ত একজনের মৃত্যু হয়েছে।

(গ) সাধারণ ভাইরাস ঘটিত "এনকেফেলাইটিস" রোগের কোনও প্রতিষেধক টিকা নেই।

**আসানসোল মহকুমায় সমাজবিরোধী কার্যকলাপের সংখ্যা**

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৫।) **শ্রী বামাপদ মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আসানসোল মহকুমায় থানাওয়ারী ১৯৭৬ সালের ১লা জানুয়ারি হইতে অগাস্ট মাস পর্যন্ত এবং ১৯৭৭ সালের ১লা জানুয়ারি হইতে অগাস্ট মাস পর্যন্ত কতগুলি খুন, রাহাজানি, ডাকাতি, চুরি ও ছিনতাই-এর ঘটনা ঘটিয়াছিল?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৭৬-এর ১লা জানুয়ারি হইতে অগাস্ট মাস পর্যন্ত—

| থানার নাম | | খুন | রাহাজানি | ডাকাতি | চুরি | ছিনতাই |
|---|---|---|---|---|---|---|
| আসানসোল | ... | ১ | ২ | ১ | ২৭০ | ১ |
| হীরাপুর | ... | ৭ | ১ | ৩ | ১৫০ | ২ |
| বড়বানী | ... | ২ | ১ | ১ | ৪৮ | .. |
| কুলটী | ... | ১ | ৩ | ২ | ৪২ | ... |
| সালানপুর | ... | ... | ১ | ... | ১৫ | ... |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| চিত্তরঞ্জন | ... | ... | ৩ | ... | ২০ | ৫ |
| জামুরিয়া | ... | ৩ | ৩ | ৩ | ৯০ | ... |
| রানীগঞ্জ | ... | ১ | ২ | ৩ | ৭৭ | ৫ |
| মোট | ... | ১৫ | ১৬ | ১৩ | ৭১২ | ১৪ |

১৯৭৭-এর ১লা জানুয়ারি হইতে অগাস্ট মাস পর্যন্ত—

| থানার নাম | | খুন | রাহাজানি | ডাকাতি | চুরি | ছিনতাই |
|---|---|---|---|---|---|---|
| আসানসোল | ... | ৪ | ৫ | ৫ | ২৮৯ | ৫ |
| হীরাপুর | ... | ৪ | ৯ | ৪ | ১৫৫ | ৯ |
| বড়বানী | ... | ১ | ১ | ৫ | ৬৮ | ... |
| কুলটী | ... | ২ | ৭ | ৩ | ৭১ | .. |
| সালানপুর | ... | ২ | ২ | ১ | ৩০ | ... |
| চিত্তরঞ্জন | ... | ... | ... | ... | ২৩ | ৭ |
| জামুরিয়া | ... | ৩ | ৫ | ৪ | ১০৭ | ... |
| রানীগঞ্জ | ... | ১ | ৫ | ৬ | ৯৯ | ৯ |
| মোট | ... | ১৭ | ৩৪ | ২৮ | ৮৪২ | ৩০ |

## বিড়ি শ্রমিকদের মজুরি

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৬।) **শ্রী অনিল মুখার্জি :** শ্রমবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন শ্রমিক আছেন ;

(খ) তাঁহাদের মধ্যে বাঁকুড়া জেলায় কত ;

(গ) উক্ত শ্রমিকেরা ন্যায্য মজুরি এবং নিয়মিত কাজ পাচ্ছেন না বলে সরকারের কাছে কোনও অভিযোগ এসেছে কিনা ; এবং

(ঘ) যদি 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ রাজ্যে মোট ২,৬৩,১৩৮ জন বিড়ি শ্রমিক আছেন।

(খ) বাঁকুড়া জেলায় মোট ৩৩,৪৫০ জন বিড়ি শ্রমিক আছেন।

(গ) হ্যাঁ। সরকারের কাছে মাঝে মাঝে এ রকম অভিযোগ আসে।

(ঘ) সকলে যাহাতে ধার্য মজুরি পান সেজন্য আইনানুযায়ী ব্যবস্থা লওয়া হয়। নিয়মিত কাজ দেবার কোনও আবশ্যিক বিধান নাই।

**বিড়ি শ্রমিকদের স্বার্থরক্ষার জন্য আইন**

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৭।) **শ্রী অনিল মুখার্জি ঃ** শ্রমবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বিড়ি শ্রমিকদের জন্য কি আইন আছে ;

(খ) যদি থাকে, তবে তাহাতে কি উক্ত শ্রমিকদের স্বার্থ রক্ষার ব্যবস্থা আছে ;

(গ) যদি না থাকে, তবে বর্তমান সরকার কি এই বিষয়ে কোনও পূর্ণাঙ্গ আইন প্রণয়নের চেষ্টা করিতেছেন ?

**শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিশেষভাবে বিড়ি ও সিগার কর্মীবর্গের জন্য ১৯৬৬ সালে কেন্দ্রীয় পর্যায়ে বিড়ি ও সিগার কর্মচারী (চাকুরি শর্তাবলী) আইন [Beedi and Cigar Workers (Conditions of Employment) Act 1966] গৃহীত হয়। ঐ আইন পশ্চিমবঙ্গে ১লা জুন ১৯৭৬ তরিখে কার্যকর করা হয়। তাছাড়া সাধারণভাবে ন্যূনতম মজুরি আইন ও অন্যান্য বহুবিধ শ্রম আইনের সুযোগ-সুবিধাও ক্ষেত্রবিশেষে বিড়ি শ্রমিকেরা পান।

(খ) যে কর্মীবর্গ বিড়ি তৈয়ারীর কারখানায় সরাসরি নিযুক্ত রয়েছেন তাঁদের সম্পর্কে ঐ আইনে কাজের সময়, ছুটি ইত্যাদি ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা আছে। তবে মালিকের মালপত্র মুন্সীস (Contractor) মারফৎ বাড়িতে নিয়ে যারা বিড়ি তৈরি করেন তাঁদের ক্ষেত্রে ঐ আইন প্রয়োগের ব্যাপারে কিছু অসুবিধা আছে।

(গ) ব্যাপারটি যথাশীঘ্র সম্ভব পর্যালোচনা করে দেখা হবে।

**জরুরি অবস্থায় মিসায় আটক সাংবাদিক**

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮২।) **শ্রী অনিল মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জরুরি অবস্থার সময় কোন কোন সাংবাদিককে মিসায় আটক করা হইয়াছিল ;

(খ) তাঁহাদের বিরুদ্ধে কি কি অভিযোগ ছিল ; এবং

(গ) উক্ত অভিযোগের ভিত্তিতে বর্তমান সরকার তাঁহাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণ করিতেছেন কিনা?

**স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) জরুরি অবস্থার সময় নিম্নে উল্লিখিত সাংবাদিকদের আটক করা হয়েছিল ঃ

(১) শ্রী সত্য শিবানন্দ অবধূত ওরফে গুরুপদ দাস, সম্পাদক, "নূতন পৃথিবী"।

(২) শ্রী পিযূষানন্দ অবধূত ওরফে প্রণব ব্রহ্মচারী ওরফে সংকর্ষণ পাল, প্রেস ম্যানেজার, "নূতন পৃথিবী"।

(৩) শ্রী বিজয়ানন্দ অবধূত ওরফে ধীরেন্দ্রনাথ মন্ডল, সম্পাদক "প্রগতি প্রদীপ"।

(৪) শ্রী গৌরকিশোর ঘোষ, সাংবাদিক, আনন্দবাজার পত্রিকা।

(৫) শ্রী বরুণকুমার সেনগুপ্ত, সাংবাদিক, আনন্দবাজার পত্রিকা।

(৬) শ্রী রাজকৃষ্ণ দাঁ, সম্পাদক, "গরিবের রাস্তা"।

(৭) শ্রী সুধীর চক্রবর্তী, সম্পাদক, "গৌড়বার্তা"।

(৮) শ্রী দীপক চৌধুরি, সম্পাদক, "গৌড়ভূমি"।

(খ) রাষ্ট্রের নিরাপত্তার পক্ষে হানিকর কার্যের অভিযোগ।

(গ) না।

**প্রাক্তন এম.এল.এ-দের বিরুদ্ধে রিপোর্ট**

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯২১।) **শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় গত বিধানসভার কিছু এম.এল.এ-র বিরুদ্ধে রিপোর্ট তৈয়ারি করিয়াছিলেন ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে সেই সকল এম.এল.এ-র নাম কি?

**মুখ্যমন্ত্রী মহাশয় :**

(ক) প্রাক্তন মুখ্যমন্ত্রীর কাছে বিভিন্ন ধরনের অভিযোগ সাধারণ মানুষের কাছ থেকে আসত তার মধ্যে বিগত বিধানসভার কয়েকজন সদস্য সম্পর্কে অভিযোগ ছিল। প্রাক্তন মুখ্যমন্ত্রী এরকম কয়েকটি অভিযোগ মুখ্যমন্ত্রীর সচিবালয়ের কমপ্লেন্ট সেলে অনুসন্ধানের জন্য পাঠিয়েছিলেন।

(খ) পূর্বেকার কমপ্লেন্ট সেল নিম্নলিখিত বিধানসভার প্রাক্তন সদস্যদের সম্পর্কে আনীত অভিযোগ তদন্ত করেছিল :

(১) শ্রী রজনীকান্ত দাস, প্রাক্তন সদস্য—সদর ওয়েস্ট, জেলা কুচবিহার

(২) শ্রী রজনীকান্ত দলুই, প্রাক্তন সদস্য- কেশপুর, মেদিনীপুর

(৩) শ্রী সুব্রত মুখার্জি, প্রাক্তন সদস্য—কাটোয়া, বর্ধমান

(৪) শ্রী বাসুদেব সাউটিয়া, প্রাক্তন সদস্য—কাকদ্বীপ, চব্বিশপরগনা

(৫) শ্রী অপূর্বলাল মজুমদার, প্রাক্তন সদস্য—প্রাক্তন অধ্যক্ষ, বিধানসভা

(৬) শ্রী মনোরঞ্জন হালদার, প্রাক্তন সদস্য—মগরাহাট, চব্বিশপরগনা

(৭) শ্রী প্রদীপকুমার পালিত, প্রাক্তন সদস্য—কামারহাটী, চব্বিশপরগনা

(৮) শ্রী ললিতমোহন গায়েন, প্রাক্তন সদস্য—বারুইপুর, চব্বিশপরগনা

(৯) শ্রী শংকরদাস পাল, প্রাক্তন সদস্য—বহরমপুর, মুর্শিদাবাদ

(১০) শ্রী সোমেন মিত্র, প্রাক্তন সদস্য—শিয়ালদহ, কলকাতা

(১১) শ্রী সুনীলমোহন ঘোষ মৌলিক, প্রাক্তন সদস্য—বারওয়ান, মুর্শিদাবাদ।

**যক্ষ্মা ও কুষ্ঠরোগীর সংখ্যা**

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯২৯।) **শ্রী কৃপাসিন্ধু সাহা :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিবঙ্গে বর্তমানে যক্ষ্মা এবং কুষ্ঠরোগীর সংখ্যা কত ;

(খ) উক্ত রোগীদের জন্য বর্তমানে মোট কয়টি বেড পশ্চিমবঙ্গে আছে (পৃথক পৃথক ভাবে) ; এবং

(গ) ১৯৬৫-৬৬ সালে জেলাওয়ারী উক্ত রোগের কোনটিতে কতজন লোকের মৃত্যু হইয়াছে?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** **:**

(ক) **যক্ষ্মা রোগীর সংখ্যা :** সঠিক ভাবে বলা সম্ভব নয়। ভারতীয় ভেষজ গবেষণা পরিষদের এক নমুনা সমীক্ষার ভিত্তিতে জানা যায় যে, এই রাজ্যে "অ্যাক্টিভ অ্যান্ড প্রবাবলি অ্যাক্টিভ" রোগীর সংখ্যা আনুমানিক সাত লক্ষ।

**কুষ্ঠ রোগীর সংখ্যা :** পশ্চিমবাংলার কুষ্ঠ রোগীর সঠিক সংখ্যা নানা কারণে (প্রধানত সামাজিক) জানা সম্ভব নয়। তবে বিজ্ঞানভিত্তিক অনুমানে এই সংখ্যা প্রায় ৩ লক্ষ ৬০ হাজার। রোগীরা রোগ গোপন করে রাখেন কিংবা সহজে বুঝতে পারেন না যে তাঁদের এই রোগ হয়েছে, এই কারণে এই সংখ্যা আরও বেশি হওয়াই স্বাভাবিক। পশ্চিমবাংলার জনগণের মধ্যে গড়ে প্রতি হাজারে ১৫ জন কুষ্ঠ রোগী বর্তমান বলেই সরকারিভাবে ধরা হয়।

(খ) **শয্যা সংখ্যা নিম্নরূপ :**

যক্ষ্মারোগীদের চিকিৎসার জন্য—৫,৭৪২টি

কুষ্ঠরোগীদের চিকিৎসার জন্য—১,৬৯৩টি

(গ) **যক্ষ্মারোগীর মৃত্যু সংখ্যা :**

| জেলা | ১৯৬৫ | ১৯৬৬ |
|---|---|---|
| বর্ধমান ... ... ... | ৪৫২ | ৪৪৫ |
| বীরভূম ... ... ... | ১৫৬ | ১৯৯ |
| বাঁকুড়া ... ... ... | ৩০৯ | ৪৩০ |
| মেদিনীপুর ... ... ... | ৬৫৭ | ৭৪৬ |
| হুগলি ... ... ... | ৩৪৩ | ৩১৭ |
| হাওড়া ... ... ... | ১৪৮ | ৯০ |
| ২৪ পরগনা ... ... ... | ৬৩২ | ৭৩২ |
| কলকাতা ... ... ... | ১,৮২৭ | ১,৭৭৩ |
| নদীয়া ... ... ... | ২৪৮ | ২০৬ |
| মুর্শিদাবাদ ... ... ... | ২১২ | ১৯৭ |
| পশ্চিমদিনাজপুর ... ... ... | ২৬৬ | ১০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| জলপাইগুড়ি | ... | ... | ... | ৪১৪ | ৩৯০ |
| দার্জিলিং | ... | ... | ... | ৩৩১ | ২২৮ |
| মালদা | ... | ... | ... | ১১৮ | ১০৮ |
| কুচবিহার . | ... | ... | ... | ১২৩ | ১৯৯ |
| পুরুলিয়া | ... | ... | ... | ২৩ | ৩২ |

**কুষ্ঠরোগীর মৃত্যু সংখ্যা :** এই রোগে একজনেরও মৃত্যুর সংবাদ পাওয়া যায়নি।

**সিউড়ি সদর হাসপাতালের কর্মীদের বেতন**

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১০০১।) **শ্রী জ্যোৎস্নাকুমার গুপ্ত :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সিউড়ি সদর হাসপাতালের ফ্যামিলি প্ল্যানিং ডিপার্টমেন্ট-এ ফ্যামিলি প্ল্যানিং অ্যাটেন্ডান্ট (ভলান্টারি) হিসাবে নিযুক্ত কর্মীরা ৭।৮ ঘন্টা কাজ করিয়া মাত্র পঞ্চাশ টাকা বেতন পান ; এবং

(খ) সত্য হইলে, উক্ত কর্মীদের প্রতি সুবিচারের জন্য সরকার কি কোনও ব্যবস্থা গ্রহণ করিবেন?

**স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, এই সকল পরিচারিকারা মাসিক ৫০ টাকা হিসাবে অনরারিয়াম পান।

(খ) এই সকল পরিচারিকারা সরকারি কর্মচারী নন। তাঁরা প্রকৃতপক্ষে রুর‍্যাল সেন্টার-এ নিযুক্ত এ, এন, এমদের পরিচারিকা ভলান্টারি অ্যাটেন্ডান্ট হিসাবে কাজ করেন। এই সব পরিচারিকার পূর্বে অনরারিয়াম ছিল মাসিক ২০ টাকা, পরে কেন্দ্রীয় সরকার এই হার ৫০ টাকায় বৃদ্ধি করেন।

এই অনরারিয়াম-এর পরিমাণ বৃদ্ধি করার কোনও প্রস্তাব রাজ্য সরকারের নেই।

## Adjournment Motion

**Mr. Deputy Speaker :** I have received to-day a notice of adjournment motion given by Shri Kiranmay Nanda to discuss the subject of labour unrest and closure in Posta Bazar, consequent abnormal rise in price of commodities and alleged silence of the Government in the matter. The adjournment motion, sought to be moved by Shri Kiranmay Nanda, relates to a subject which has already been raised in the House and thereby attention of the Government has been drawn to it. Moreover,

[2-00—2-10 p.m.]

there is ample scope for further discussion on the subject when th Food Budget would be taken up. Apart from this, the statement revea that the "Babasayee Samity" has filed a case in the High Court in regar to some incidents in Posta Bazar. Under rule 61(vii) of the Rules o Procedure the motion shall not deal with any matter which is unde adjudication by a court of law.

On all these considerations I withhold my consent to the adjourn ment motion. The member may however read out the text of the motion

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা খবরের কাগজে বহুদিন থেকে শুনছি যে কলকাতার পোস্তা পাইকারী বাজারে শ্রমিক অশান্তির জন্য সমস্ত বেচাকেনা প্রা বন্ধ হয়ে আছে। খবরে জানতে পারলাম, বাজার এলাকার কিছু মাল বাহকেরা ১০০ কে.জি ওজনের বস্তা তুলবেনা এবং বোনাস দাবি করছে। এই ব্যাপারে বেশ কিছু দাঙ্গা হাঙ্গামা ঘটে গেছে এবং কিছু ব্যবসায়ী হাসপাতালে ভর্তি হয়েছেন। ব্যবসায়ী সমিতি মহামান হাইকোর্টের শরণাপন্ন হয়েছেন কিন্তু পুলিশ নিরাপত্তার ব্যবস্থা করতে পারছেনা বলে সংবাদে প্রকাশ।

ঘটনার অগ্রগতি এবং দিনের পর দিন বাজারের নিত্য প্রয়োজনীয় ও ভোগ্যপণ্যের আকাশছোঁয়া দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে এবং আজ দীর্ঘ দিন অতিবাহিত হয়ে যাবার পরও এতবড় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের কোনও ফয়সালা হলন এবং সরকারও নীরব দর্শক হয়ে আছেন দেখে স্বভাবতই সন্দেহ আগে ঘটনার রহস কোথায় তার অনুসন্ধানের প্রয়োজন।

আমি গত ১০/৯/৭৭ তারিখের যুগান্তর পত্রিকার স্টাফ রিপোর্টার প্রদত্ত সংবাদে জানতে পারলাম শ্রমিকদের ভুল নেতৃত্বের দরুনই ঐ বিপজ্জনক পরিস্থিতির উদ্ভব হয়েছে ঐ নিজস্ব প্রতিনিধি আরও জানিয়েছেন যে ব্যবসায়ীরা বাজারে হামলা ও অশান্তির জন রেলপথে ও ট্রাক যোগে বিভিন্ন রাজ্য থেকে পণ্যদ্রব্য আমদানি করছেন এবং সেই সব দ্রব দু নম্বর খাতা তৈরি করে বিভিন্ন বাজারে চড়া দামে বিক্রি করছেন।

এ এক অদ্ভুত ব্যাপার। প্রায় দুমাসের উপর বাজার বন্ধ আছে এবং ভোগ্য পণ্যের মূল্য দিনের পর দিন মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে অথচ সরকার তার কোনও ব্যবস্থা বা মীমাংসাই করছেন না। অথচ ঐ ভুল এবং সম্পূর্ণ অবাস্তব শ্রমিক আন্দোলনের নেপথ্যে ব্যবসায়ীরা ২ নং খাতা তৈরি করে বাজারে মাল বেচছেন এবং ধাপে ধাপে ভোগ্যপণ্য অগ্নিমূল্য হয়ে যাচ্ছে।

আমি আশ্চর্যের সাথে লক্ষ্য করছি যে আজ পর্যন্ত সরকার সংবাদ পত্রে প্রকাশিত উক্ত নিজস্ব প্রতিনিধি প্রদত্ত সংবাদের ভিত্তিতে কোনওরূপ ব্যবস্থা করেননি সুতরাং একথা

নিশ্চয়ই ভেবে নেওয়া যায় যে সরকারের মদতে ১৭/৯/৭৭ হিন্দুস্থান পত্রিকায় প্রকাশিত সংবাদ মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কর্তৃক পরিচালিত তথাকথিত শ্রমিক নেতা দ্বারা কায়দা করে একটা যে কোনও শ্রমিক অশান্তির সৃষ্টি করে ব্যবসায়ীদের সাথে গোপন আঁতাত করে বাজারে ভোগ্যপণ্যের অভাব সৃষ্টি করিয়ে দাম বাড়িয়ে জনসমক্ষে কেন্দ্রীয় জনতা সরকারের উপর সমস্ত দোষ চাপিয়ে দেবার এক অপকৌশল মাত্র এবং এই সুযোগে ব্যবসায়ীদেরও বেশ কিছু মুনাফা লুটবার রাস্তা করে দেওয়া হচ্ছে।

আমি বর্তমানে সরকারের এই চাতুর্য পূর্ণ কার্যকলাপের সাথে সরকারি দলের নির্বাচনী বিবৃতি এবং কথা ও কাজের অনেক ফারাক, বিশেষ উদ্বেগের সাথে লক্ষ্য করছি এবং সাধারণ মানুষের বাঁচার ন্যূনতম অধিকার ও ভাগ্য পণ্য নিয়ে এই উদ্বেগজনক ও ভয়ংকর ঘটনার পরিপ্রেক্ষিতে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়ের বিবৃতি ও বিতর্কের সময় ধার্য করার জন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে বিশেষ অনুরোধ জানাচ্ছি।

## TENTH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

**Mr. Deputy Speaker :** I beg to present the 10th Report of the Business Advisory Committee which at its meeting held on the 20th September, 1977 in the Speaker's Chamber considered the question of allocation of dates and time for the disposal of legislative and other business and recommended as follows :

| | | | |
|---|---|---|---|
| Friday, 23-9-77 | (i) Demand No. 46 ... | [288—Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitations of displaced persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)<br>[688—Loans for Social Security and Welfare (Excluding Civil Supplies, Relief and Rehabilitations of displaced persons and Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes)] | 1 Hour |

| | | | |
|---|---|---|---|
| | (ii) Demand No. 54 ... | [309—Food<br><br>509—Capital Outlay on Food] | 3 Hour |
| | (iii) Demand No. 43 ... | [288—Social Security and Welfare (Civil Supplies)] | |
| | (iv) Demand No. 63 ... | [321—Village and Small Industries (Excluding Public Undertakings)<br><br>521—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings)<br><br>721—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) | 3 Hour |
| Monday, 26-9-77 | (i) Demand No. 65 ... | [331—Water and Power Development Services] | 3 Hour |
| | (ii) Demand No. 66 ... | [332—Multipurpose River Projects)<br><br>333—Irrigation, Navigation, Drainage and Flood Control Projects<br><br>[532—Capital Outlay on Multipurpose River Projects)<br><br>533—Capital Outlay on Irrigation, Navigation, Drainage and Flood Control Projects] | |
| | (iii) Demand No. 50 ... | [298—Co-operation<br><br>498—Capital Outlay on | 2 Hour |

| | | | |
|---|---|---|---|
| | | co-operation<br>698—Loans for Co-operation | |
| | (iv) Demand No. 57 ... | [312—Fisheries<br>512—Capital Outlay on Fisheries<br>712—Loans for Fisheries | 1 Hour |
| Tuesday, 27-9-77 | (i) Government Resolution regarding raising of the borrowing capacity of the West Bengal State Electricity | | 1 Hour |
| | (ii) Demand No. 67 ... | (734—Loans for Power Projects) | 4 Hours |
| | (iii) Demand No. 40 ... | [284—Urban Development<br>484—Capital Outlay on Urban Development<br>684—Loans for Urban Development] | |
| | (iv) Demand No. 32 ... | [277—Education (Sports)] | |
| | (v) Demand No. 1 ... | (211—State Legislatures) | |
| | (vi) Demand No. 5 ... | (215—Elections) | |
| | (vii) Demand No. 6 ... | (220—Collection of Other Taxes on Property and Capital Transactions) | |
| | (viii) Demand No. 9 ... | (235—Collection of Other Taxes on Property and Capital Transactions) | |
| | (ix) Demand No. 10 ... | (239—State Excise) | |
| | (x) Demand No. 11 ... | (240—Sales Tax) | |

| | | |
|---|---|---|
| (xi) Demand No. 13 ... | (245—Other Taxes and Duties on Commodities and Services) | 1 Hour |
| (xii) Demand No. 14 ... | (247—Other Fiscal Services) | |
| (xiii) Demand No. 16 ... | (249—Interest Payments) | |
| (xiv) Demand No. 20 ... | (254—Treasury and Accounts Administration) | |
| (xv) Demand No. 24 ... | (258—Stationery and Printing) | |
| (xvi) Demand No. 27 ... | (265—Other Administrative Services) | |
| (xvii) Demand No. 28 ... | (266—Pensions and Other Retirement benefits) | |
| (xviii) Demand No. 30 ... | (268—Miscellaneous General Services) | |
| (xix) Demand No. 33 ... | [277—Education (Youth Welfare)] | |
| (xx) Demand No. 48 ... | (295—Other Social and Community Services<br>495—Capital Outlay on Other Social and Community Services<br>695—Loans for Other Social and Community Services) | |
| (xxi) Demand No. 49 ... | (296—Secretariat Economic Services) | |
| (xxii) Demand No. 51 ... | (304—Other General Economic Services) | |
| (xxiii) Demand No. 72 ... | (339—Tourism) | |

| | | |
|---|---|---|
| (xxiv) Demand No. 73 ... | (544—Capital Outlay on Other Transport and Community Services) | |
| (xxv) Demand No. 75 ... | (500—Investments in General Financial and Trading Institutions) | |
| (xxvi) Demand No. 84 ... | (766—Loans to Government Services, etc. | |
| | (767—Miscellaneous Loans) | |
| Wednesday, 28-9-77 | The West Bengal Appropriation No.2. Bill, 1977 (Introduction, Consideration and Passing) | 4 Hour |

There will be no Questions for Oral Answer on the 23rd September, 1977.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs Department may now move the motion for acceptance.

**শ্রী ভবানী মুখার্জি** : বিধান সভার কার্য উপদেষ্টা সমিতির দশম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে সেটা গ্রহণ করবার জন্য আমি সভায় প্রস্তাব উত্থাপন করছি।

**Mr. Deputy Speaker** : I think the Motion is adopted.

(Voices : Yes, Yes)

**Mr. Deputy Speaker** : The Motion is adopted.

[2-10—2-20 p.m.]

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Deputy Speaker** : The Minister in charge of Labour Department will please make a statement on the subject of situation arising out of Bonus Ordinance, 1977, attention called by Shri Ashoke Kumar Bose on the 6th September, 1977.

In the mean time, I have received two notices of calling attention on various subjects, viz.,

1. Proposal for setting up of a mental hospital in Barasat Jail instead

of Berhampore jail for prisoners who are mental patients, by Shri Saral Deb.

2. Non-receipt of salaries of Managers of Co-operative Societies of Saltora Thana, by Shri Nabani Bauri.

I have selected the notice of Shri Saral Deb on the subject of 'proposal for setting up of a mental hospital in Barasat Jail instead of Berhampore jail for prisoners who are mental patients.

The Hon'ble Minister may please make the statement today, if possible, or give a date.

**Shri Bhabani Mukherjee :** Sir, the statement will be made on the 26th September, 1977.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Deputy Speaker :** Hon'ble Labour Minister may now make his statement.

**শ্রী কৃষ্ণপদ ঘোষ :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় সদস্য অশোক কুমার বসু কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের সূত্রে এই বিবৃতি দিচ্ছি। ১৯৭৭ সালে ৩রা সেপ্টেম্বরে জারি করা বোনাস অর্ডিন্যান্সের অন্যতম ধারা এই যে ১৯৭৬ সালের যে কোনও তারিখ থেকে শুরু হওয়া আর্থিক বছরে যে সব সংস্থায় লাভ হয়নি সেখানেও ৮.৩৩ শতাংশ ন্যূনতম বোনাস দিতে হবে এবং কোথাও বোনাসের পরিমাণ ২০ শতাংশের বেশি হবে না। দ্বিতীয়ত, বোনাস আইনে প্রদত্ত ফরমুলার বাইরে বোনাস প্রদানের কোনও চুক্তি সরকারের অনুমতি ছাড়া করা যাবে না এবং সে ক্ষেত্রেও সর্বনিম্ন ও সর্বোচ্চ বোনাসের পরিমাণ ৮.৩৩ শতাংশ এবং ২০ শতাংশের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। উৎপাদনের সঙ্গে যুক্ত নয়, এরূপ বোনাস সংক্রান্ত কোনও চুক্তি ১৯৭৬ সালের বোনাস সংশোধনী আইন অনুসারে সিদ্ধ ছিল না। কাজেই সেরূপ কোনও চুক্তি বহাল থাকার কোনও প্রশ্ন নেই। বর্তমান অর্ডিন্যান্সেও এর কোনও হেরফের হয়নি। আগেই বলেছি যেসব চুক্তি উৎপাদনের সঙ্গে যুক্ত ছিল সে ক্ষেত্রেও বোনাস প্রদানের আইন নির্দিষ্ট নিম্নতম ও উচ্চতম সীমা মেনে চলতে হবে। প্রান্তিক শিল্প প্রতিষ্ঠানে বা যেসব শিল্প প্রতিষ্ঠান রুগ্ন শিল্প রূপে পরিগণিত তাদের আইনের আওতা থেকে ছাড় দেবার প্রশ্নটি সম্পর্কে কেন্দ্রীয় সরকার কিছু নির্দেশাবলী জারি করবেন বলে ১৮.৮.৭৭ তারিখে একটি প্রেস বিজ্ঞপ্তি দিয়েছেন। এই সম্পর্কিত নির্দেশাবলী রাজ্যসরকারের কাছে এখনও আসেনি। নতুন বোনাস অর্ডিন্যান্সের বিভিন্ন বিধি বিধানের ফলে রাজ্যের শিল্প প্রতিষ্ঠান সমূহে সম্ভাব্য প্রতিক্রিয়া সম্পর্কে সরকার সচেতন আছেন। সমস্যাদি কিছু উঠলে তা সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলাপ আলোচনা করে যথাবিহিত বিচার বিবেচনার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার একটা সাবমিশন আছে। স্যার, আপনি দেখেছেন, আজকে কোয়েশ্চন আওয়ারের সময় মাননীয় সদস্য শ্রী অমল রায় মাননীয় সেচমন্ত্রীকে যখন প্রশ্ন করছিলেন তখন পয়েন্ট করে দেখিয়ে তিনি বললেন, তিন কোটি টাকার কত টাকা ওর পকেটে গিয়েছে। আপনি এটা লক্ষ্য করে থাকবেন। এটা উনি পারেন কিনা?

(নয়েজ)

এখানে চিৎকার করে লাভ নেই। উনি আঙ্গুল দিয়ে দেখিয়ে বলেছেন।

(এ ভয়েস :- উনি নাম করে বলেননি।)

(নয়েজ)

স্যার, আপনি দেখেছেন, আমরা যখনই বলতে উঠি তখনই ওরা চিৎকার করেন- এমন কি বৃদ্ধ বা প্রবীণ সদস্যরা পর্যন্ত তা করেন। আপনি স্যার, দেখেছেন, আমাদের বলতে দেওয়া হয়না। তা ছাড়া স্যার, ওরা ইনটারাপ্ট করলে আমরা যদি কোনও মন্তব্য করি তাহলে আবার ওরা প্রিভিলেজের জন্য নোটিশ দেন আপনার কাছে। আপনার কাছে আগেও সাবমিট করেছি, এখনও এই ব্যাপারটি বলছি, এই রকম অশালীন মন্তব্য ওরা করতে পারেন কিনা এইভাবে আঙ্গুল দিয়ে দেখিয়ে এ ব্যাপারে আপনার কাছে রুলিং চাইছি। তাছাড়া আমরা আজকে আরো দেখলাম, প্রবীণ সদস্য শ্রী নিখিল দাস, তিনি এক সময় তেড়ে এলেন, মনে হল এখানেই আক্রমণ করবেন। আপনি যদি স্যার, এটা অ্যালাউ করেন তাহলে we will be forced to retort it. আপনার হাউস, আপনি তার ডেকোরাম, ডিসেন্সী কতটা রাখতে পারবেন সেটা আপনার ব্যাপার, কিন্তু এসব জিনিস তো চলতে পারে না। আমরা যখনই বলতে উঠব বা প্রশ্ন করব তখনই ওরা এরকম করবেন, এটা ওরা পারেন কিনা সেটা আপনি বলুন। ওরা কমিশন করেছেন, ওদের হিম্মত থাকে, মেটিরিয়ালস থাকে সেটা নিয়ে কমিশনে যাবেন, সেখানে দেখা যাবে কিন্তু এখানে এই চিৎকার কেন? আজকে স্যার, আপনার কাছে বলছি, এই ডিসেন্সী, ডেকোরাম ওরা যদি না রাখেন তাহলে আমাদের কাছ থেকে এর প্রতি উত্তর ওরা আশা করবেন। আপনি স্যার, এই হাউসের কাস্টোডিয়ান।

(এ ভয়েস :- হ্যাঁ, হ্যাঁ, ঠিক আছে)

আপনি দেখুন স্যার, কি রকম সারমেয়সুলভ চিৎকার ওরা করছেন। স্যার, ওরা এতই শক্তিশালী যে বিরোধীপক্ষের বক্তব্য শোনবার মতন সহিষ্ণুতা ওদের নেই।

**Mr. Deputy Speaker :** I will give you full protection. I will look into the allegation made by you, and I will give my rulling later on.

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাউসের এই চেহারা দেখে আমরা

আঁতকে উঠছি এবং প্রিভিলেজের পয়েন্ট তুলতে বাধ্য হচ্ছি। স্যার, এই হাউসের একটা শৃঙ্খলা আছে। যখন Speaker or Deputy Speaker on his leg.

**Mr. Deputy Speaker :** When I am on my leg please be seated. Now, Shri Satya Ranjan Bapuli.

[2-20—2-30 p.m.]

**শ্রী সুনীতি চট্টরাজ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে লক্ষ্য করলাম এবং আপনি আগেও চেয়ারের অবমাননার কথা বলেছেন। হাউসের মাননীয় সদস্য দীপকবাবু, আপনি যখন রুলিং দিচ্ছিলেন তখন আপনার রুলিংয়ের অবমাননা করেছেন।

## Mention Cases

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মিথ্যার রাজত্বে আমি একটা দুঃখজনক সংবাদ আপনার মাধ্যমে জানাতে চাই। গত ১৫ই সেপ্টেম্বর তারিখে বাঁকুড়া জেলার সীমলাপাল থানার পাঁচশালা বানী বিদ্যাপীঠ-এর একজন প্রধান শিক্ষক তিনি যখন উচ্চশিক্ষার জন্য ট্রেনিংয়ে গিয়েছিলেন সেই সময়ে বিধানসভার সদস্য মোহিনীমোহন পান্ডা সি.পি.এম-এর সদস্য তারই ভ্রাতা হচ্ছেন বীরেন্দ্রনাথ পান্ডা, যখন স্কুল ছুটি সেই সময় এই বিধানসভার সদস্য মোহিনী মোহন পান্ডা সি.পি.এম-এর সদস্য, তিনি এস.ডি.ও এবং পুলিশকে সঙ্গে নিয়ে সেই স্কুলের ঘরে ঢুকে স্কুলের মাস্টার মশায়কে তাড়িয়ে দিয়ে সেই ঘর দখল করেছেন। যদিও এটা নিয়ে হাই কোর্টে কেস হয়েছিল এবং হাই কোর্টে হেরে গেছেন। হেরে যাবার পর যিনি প্রধান শিক্ষক ছিলেন তিনি উপযুক্ত শিক্ষক কিন্তু যাকে নিয়োগ করা হচ্ছে তাকে ..... (গোলমাল)........ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাকে শেষ করতে দিন— মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিধানসভার সদস্য তিনি উপস্থিত ছিলেন এবং এস.ডি.ও এবং থানার পুলিশ উপস্থিত থেকে স্কুলের মধ্যে গিয়ে হেডমাস্টার মহাশয়ের চেয়ারে বসিয়ে দেওয়া হয়েছে এবং যিনি কোয়ালিফায়েড নন তাকে দিয়ে যিনি কোয়ালিফায়েড তাকে তাড়িয়ে দেওয়া হয়েছে। সে জন্য সেখানে স্কুল বন্ধ হয়ে গেছে, একটা শোচনীয় অবস্থা আরম্ভ হয়েছে এবং এটা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির একজন বিধানসভার সদস্য তার ভাইয়ের জন্য করেছেন। এটা আমি আপনার মাধ্যমে জানাচ্ছি এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সরল দেব :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, দেশবন্ধু চিত্তরঞ্জন কলোনির হিন্দু বালিকা বিদ্যাপীঠের প্রধান শিক্ষিকা, তিনি সেই স্কুলের ছাত্রীদের কনসেশন-এর ফর্ম নিয়ে শিডিউল কাস্ট ছাত্রীদের জন্য যে টাকা সরকার থেকে দেওয়া হয় তার একটা অংশ কমিটির অনুমোদন না নিয়ে আত্মসাৎ করেছেন। এই ধরনের অভিযোগ ম্যানেজিং কমিটি করা সত্ত্বেও তিনি দুর্নীতি চালিয়ে যাচ্ছেন। তিনি আমাদের জয়নাল আবেদিন সাহেবের দলের লোক। সুতরাং অবিলম্বে এই ধরনের দুর্নীতি শিক্ষিকাকে অপসারণ করা হোক এবং এই বিষয়ে তদন্ত করা হোক।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের স্বজন পোষণের একটা প্রকৃষ্ট উদাহরণ তুলে ধরতে চেষ্টা করছি। যখন পশ্চিমবাংলার মানুষ বাসের জন্য হাহাকার করছে, তখন এই সরকার একটা লেডিজ স্পেশাল চালু করেছেন। গড়িয়া থেকে নিয়ে যায় লায়লকা মাঠ, সেখান থেকে মন্ত্রীর বোনকে তুলে নেওয়া হয়, তারপর লায়লকা মাঠ থেকে যোধপুর পার্ক, সেখান থেকে সি.পি.এম-এর লিডারকে তুলে নিয়ে যায় ডালহাউসি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লেডিজ স্পেশাল করে স্বজন পোষণের একটা উদাহরণ দিলাম। মন্ত্রীর বোনের জন্য এই যে লেডিজ স্পেশাল করা হল, এর কি কোনও বিচার হবে না?

**শ্রী শেখ ইমাজুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সামনে এমন একটা জিনিস উল্লেখ করতে চাই, যেটা বিধানসভার সকল সদস্যই শুনবেন। সাধারণতঃ দেখা যায়, মাধ্যমিক বিদ্যালয়ে যে সব শিক্ষক মহাশয় বেতন পান সেই সব বেতনের বিল ডি.আই. অফিস থেকে পাশ হয়। পাশ হবার পর ট্রেজারী বিল্ডিং -এ গিয়ে তারপর স্টেট ব্যাঙ্ক থেকে সেই সব টাকা ভাঙ্গিয়ে নিতে হয়। কিন্তু দীর্ঘ দিন ধরে একটা প্রথা চালু আছে, কোনও মাধ্যমিক বিদ্যালয়ের বিল এক তারিখ থেকে চার তারিখের আগে নেওয়া হয় না। এতে শিক্ষক মহাশয়রা খুব অসুবিধায় পড়েন। আপনারা সকলেই জানেন যে শিক্ষক মহাশয়রা ঠিকমতো বেতন পান না, তবুও এই বিল এক তারিখ থেকে চার তারিখ পর্যন্ত ট্রেজারী বিল্ডিং-এ নেওয়া হয় না, যার ফলে তারা অনেক অসুবিধায় পড়েন। আমি আশা করি এই প্রথা আমাদের বর্তমান শিক্ষামন্ত্রী মহাশয় তুলে দেবেন এবং মাসের প্রথম তারিখে যাতে বিলগুলো পাস হয় তার ব্যবস্থা করবেন।

**শ্রী গুনধর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, বাঁকুড়া এবং রাজগ্রাম শহরের মধ্যে বাঁকুড়া মিউনিসিপ্যালিটির অন্তর্গত রাজগ্রাম মহল্লায় বাঁকুড়ায় দ্বারকেশ্বর নদীর উপর একটা ব্রিজ ছিল, দীর্ঘদিন হল সেটা ভেঙ্গে গেছে। যার ফলে রাজগ্রাম শহর এবং বাঁকুড়া শহরের মানুষের স্কুল, কলেজ, যাওয়া হাসপাতাল যাওয়া এবং নানা কাজে যাবার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গেছে। নির্বাচনের সময় যখন ইন্দিরা গান্ধী গিয়েছিলেন এবং মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশংকর রায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ঐ ব্রিজ মেরামত্ করে দেবেন বা নতুন ব্রিজ করে দেবেন। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। আপনি হয়তো জানেন গত নির্বাচনে ঐ রাজগ্রামের অধিবাসীরা ভোট বয়কট করেছিলেন এর প্রতিবাদে এবং তাদের যাতায়াতের ব্যবস্থা করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ ব্রিজ মেরামত করা হয়।

**শ্রী নানুরাম রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলায় বহু এলাকায় জল নিকাশির ও সেচের কোনও সুব্যবস্থা নেই। আমার কন্সটিটিউয়েন্সি গোহাটাতে দলকা নামক একটা জলা জায়গা আছে। ঐ জলায় ১০ হাজার একর ধান জমি জলার জলে ডুবে থাকে। আষাড় মাস হইতে কার্তিক মাস পর্যন্ত। বহুদিন আগে ঘাটাল মাস্টার প্ল্যান তৈরি হয়েছিল। ঘাটাল মাস্টার প্ল্যানে নিকাশির অতি আবশ্যক। বালী, সাওড়া, নকুন্ডা, দলকার

ভাল নিকাশির ব্যবস্থা করলে ঐ এলাকায় ১০ হাজার বিঘা জমিতে ধান চাষ হবে। মাননীয় কৃষিমন্ত্রী ও সেচ মন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে গ্রাম বাংলার যারা গরিব চাষি, যারা ভূমিহীন কৃষি মজুর, তাদের বর্তমান অবস্থা কি, তার একটা চিত্র আপনার সামনে তুলে ধরতে চাই। পূর্ববর্তী সরকারের সময় থেকে কোনও রকম কৃষি ঋণ বা অন্য সমস্ত রকম ঋণ বন্ধ হয়ে গেছে। এবং তাদের বলা হয়েছে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিরা ব্যাঙ্কের কাছ থেকে লগ্নীর টাকা পাবে। কিন্তু সেই জায়গায় গেলে কোনও ব্যাঙ্ক সাহায্য দিচ্ছে না এবং সরকারি ঋণও এই গরিব চাষিরা, খেত মজুররা পাচ্ছে না। অথচ এই সব গরিব চাষি, খেত মজুরদের টেস্ট রিলিফের কাজও দেওয়া হচ্ছে না ভাল ভাবে। এই অবস্থায় আমরা যখন এখানে বসে আছি, আমাদের যিনি ত্রাণমন্ত্রী মহাশয় আছেন, রিলিফ মিনিস্টার আছেন, তাঁরা যাতে তাড়াতাড়ি একটা ব্যবস্থা করেন, যাতে ব্যাঙ্কগুলো এই রকম ব্যবহার না করে। তারা গরিবদের দিকে মুষ্টি বন্ধ করে রেখে দিয়েছে। সেই ব্যাঙ্কের প্রতি যদি কোনও ব্যবস্থা গ্রহণ না করেন তাহলে সত্যই আমাদের সরকারের ভাবমূর্তি নষ্ট হয়ে যাবে।

[2-30—2-40 p.m.]

**শ্রী আনিসুর রহমান** : একটি জরুরি বিষয়ের প্রতি আমি মন্ত্রী মন্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। স্বরূপনগর থানায় ঋণ আদায় করার জন্য বাড়িতে বাড়িতে পুলিশ যাচ্ছে। কৃষকদের যে জিনিসপত্র সেগুলি ক্রোক করছে। ব্যাঙ্কের মাধ্যমে যারা শ্যালো মেশিন নিয়েছিল তাঁদের সেই শ্যালো মেশিনের ঋণ আদায় করার জন্য জোর দিচ্ছে। বালতিগ্রামে হাবুল কাসিমের বাড়িতে পুলিশ এবং ব্যাঙ্ক ম্যানেজার যায় এবং সেখানে গিয়ে যা সামান্য পাট এবং ধান ছিল তা জোর করে ক্রোক করে। এইভাবে তাঁরা সমস্ত সম্পত্তি ক্রোক করে ঋণ আদায়ের চেষ্টা করছে। এ বার প্রচন্ড বৃষ্টিপাত হওয়ার দরুন গরিব কৃষকদের সমস্ত ফসল নষ্ট হয়ে গেছে। তাই আমার আবেদন এই গরিব কৃষকদের উপর এই যে জুলুম সেটা যেন বন্ধ করা হোক।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। পান্ডুয়া থানার তাবা গজিনাদাসপুরের যে রাস্তা সেই রাস্তা ১ কিলোমিটার মাত্র এগিয়েছে এবং আসল রাস্তা পরিত্যক্ত করে পুরানো কংগ্রেসি মন্ত্রিসভার কর্মকর্তারা বালিখাদের মাটিগুলো যা পরিত্যক্ত অবস্থায় পরে আছে তার উপর দিয়ে রাস্তা নিয়ে যাওয়া হচ্ছে এবং তাতে করে বালিখাদের মালিকদের মোটা টাকা পাইয়ে দেবার ব্যবস্থা করেছেন। সেই রাস্তা তৈরি করা হলে হুগলি জেলার অধিকাংশ টাকা চলে যাবে। আমি সরকারের কাছে আবেদন করছি যাতে আসল রাস্তা হয়।

**শ্রী সুনির্মল পাইক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি একটি কথা বলতে চাইছি সেটা হচ্ছে খেজুড়ী থানার কন্যাচক গ্রামে একটি জুনিয়র বেসিক স্কুল

রয়েছে। আজকে ২।৩ বছর আগে ঝড় বৃষ্টি হওয়ার দরুন ভগ্নপ্রায় হয়েছিল এবং এখন একেবারে ভেঙ্গে পড়েছে। প্রয়োজনীয় অর্থের বিশেষ প্রয়োজন। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অমিয় ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুরারীসা চৌমাথা জুনিয়র হাই মাদ্রাসা স্কুলের হেড্‌মাস্টার ইয়াসিন আলি তাঁকে সেখানকার কয়েকজন কমিটি মেম্বার, হাজি মহম্মদ এল.এম.বক্সের নেতৃত্বে জোর করে তাড়িয়ে দেবার চেষ্টা করছেন। গত ৫ই সেপ্টেম্বর তারিখে গর্ভনিং বডির যে মিটিং ছিল সেই মিটিংএর পর জোর করে তাঁর কাছ থেকে খাতাপত্র ইত্যাদি কেড়ে নেওয়া হয়েছে। এবং তারস্বরে এঁরা চিৎকার করেছেন যে যেমন করেই হোক এই হেডমাস্টার মশাইকে তাড়াবেন। গত ৫ বছর ধরে এই ধরনের অনেক কাজ আমরা দেখেছি। এই কাজ যাতে অবিলম্বে বন্ধ হয় তার জন্য আমি শিক্ষা মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী গঙ্গাধর নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সোনারপুর থানার খেয়াদা অঞ্চলে একটি হাসপাতাল করবার কথা ছিল, তাঁরজন্য প্রাক্তন মৎস্যমন্ত্রী শ্রী হেমচন্দ্র নস্কর মহাশয় ২০ বিঘা জমি দান করেছিলেন কিন্তু আজও পর্যন্ত সেখানে হাসপাতাল হয়নি। আমি এ ব্যাপারে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই হাসপাতালটি হয় তারজন্য যথোচিত ব্যবস্থা অবলম্বন করা।

**শ্রী দীপক সেনগুপ্ত ঃ** ডেপুটি স্পিকার স্যার, পেলের খেলা নিয়ে সারা পশ্চিম-বাংলা উন্মত্ত হয়ে গেছে। উত্তরবাংলা থেকে বহু লোক খেলা দেখবার জন্য রওনা হয়ে গেছেন। এম.এল.এ.দের দুটি করে টিকিট দিয়েছেন কিন্তু তাদের অবস্থা স-স-মি-রে, সুতরাং এম.এল.এ. হোস্টেলে প্রচার ও তথ্য দপ্তরের মাধ্যমে আপনি যদি একটা টি.ভি. সেটের ব্যবস্থা করতে পারেন তাহলে ভাল হয়, না হলে খেলার কদিন বিধানসভায় আসতে পারব না।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** স্যার, একটা বিষয়ে আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে কয়েকটি জিনিসের দাম অত্যধিক ভাবে বৃদ্ধি হওয়ার জন্য গ্রামাঞ্চলে একটা অস্বস্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। বিশেষ করে সরিষার তেল ও ডালের দাম বেড়ে গেছে। শহরাঞ্চলের রেশনের দোকানের মারফৎ রেপসিড তেল যা দেওয়া হচ্ছে সেটাও যদি গ্রামাঞ্চলে রেশনের দোকানের মারফৎ দেবার সত্বর ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। এবিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** টি.ভি. সম্বন্ধে যে কথা বললেন তাতে আমি ইনফরমেশন মিনিস্টারের সঙ্গে কথা বলে দেখব কি করা যায়।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্য

মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হুগলি জেলার দাদপুর থানার পুইনান গ্রামে এবং ধনেখালিতে গত শনিবার থেকে ব্যাপকভাবে কলেরা আরম্ভ হয়েছে। কাশী দুলে, নিরঞ্জন দুলে, পদাদুলের স্ত্রী, রাজেন দুলের মেয়ে, এবং নিরঞ্জন দুলে প্রভৃতি ছয় জনকে এই জন্য হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার একজন মারা গেছে, এবং আজকে খবর এসেছে আরও দুজন মারা গেছে। গত তিন বছর ধরে সেখানে কলেরার ভ্যাক্সিন দেওয়া হয় না। প্রাক্তন সরকার বহু লোককে নিয়োগ করেছিলেন কিন্তু তাঁরা কোনও কাজ করেননি।

**শ্রী বলাইলাল দাস মহাপাত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, কাঁথি মহকুমার সদর হাসপাতালে চরম দুরবস্থার প্রতিকারের জন্য স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি নেই, কিন্তু সংসদীয় মন্ত্রী যেন আমার কথাগুলো তাঁকে বলেন। এখানে ১২ লক্ষের বেশি লোক এবং উল্লেখযোগ্য একমাত্র হাসপাতাল হচ্ছে সদর হাসপাতাল সেখানে যেসব স্বাস্থ্যকেন্দ্র আছে তাতে ভাল চিকিৎসা হয় না বলেই লোকে সদর হাসপাতালে যায় কিন্তু ৫০/৬০ জনের জন্য ঘর হয়েছিল এখন সেখানে ২৫০ জন থাকে। সুতরাং এ বিষয়ে একটা ব্যবস্থা করবার জন্য বলছি।

**শ্রী [illegible] মৈত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে সরকারের কাছে একটি কথা বলতে চাই, রোজ আমরা মেনশান করি, আপনি সময় দেন, ধৈর্য্য ধরে শোনেন, মন্ত্রী মহাশয় যাঁরা থাকেন তাঁরাও শোনেন কিন্তু এর ফলোআপ অ্যাকশন কি হয় তা আমরা জানিনা। আমরা যেসমস্ত কথাবলি সেগুলি বিভাগে যাবে বলে আমরা আশা করি কিন্তু এখানে কথা বলার পর আমরা জেলায় গিয়ে খবর নিয়ে দেখেছি কোনও কিছু কাজ হয় না। অতএব এ মূল্যবান সময় নষ্ট করার কি মানে তা বুঝিনা? খবরের কাগজে আমাদের নামও বের হয় না, দ্বিতীয় প্রশ্ন আপনার কাছে করছি তিন তারিখের প্রশ্ন সতের তারিখে আপনার ডিপার্টমেন্ট থেকে গেল। অর্থাৎ ১৪ দিন পর আপনার এখান থেকে গেলে আমরা জবাব কিভাবে পাব সেটা আপনি একটু দয়া করে বলবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে যে সব মেনশন হয় তার এক্সট্র্যাক্ট আমরা সব ডিপার্টমেন্ট কনসর্ন কে পাঠিয়ে দিই।

**শ্রী [illegible] মৈত্র ঃ** আপনি দেন কিন্তু সরকার কিছু করেন না।

**শ্রী সুমন্তকুমার হীরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় দীর্ঘ ৫/৭ বছর ধরে স্বজন পোষণ এমন পর্যায়ে গেছে যে যা কর্মী দরকার তার চেয়েও বেশি আছে। অথচ সেখানে শোনা যাচ্ছে কোনও কাজই হচ্ছে না এবং আরও নাকি নিয়োগ করতে হবে। এইরকম ভাবে যদি স্বজন পোষণ বন্ধ করা না যায় তাহলে গরিব জনসাধারণের ট্যাক্স নিয়ে আসা টাকার ভীষণ অপচয় হবে। সেইজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই রকম অপচয় বন্ধ করুন।

**Shri Ramzan Ali :** Mr. Deputy Speaker, Sir, I would like to draw the attention of the Relief Minister to the necessity of supplying adequate

relief to the flood victims of Goalpokhar I & II Blocks in West Dinajpore district. The main crop of this area is Aman paddy. This has been badly affected, and so I request the Minister concerned to supply adequate relief to the Kissans and the daily workers who have become jobless. Thank you.

[2-40—2-50 p.m.]

**শ্রী মহাদেব মুখার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে পুরুলিয়া শহরে জলকল আছে কিন্তু তাতে পর্যাপ্ত পরিমাণ জল না থাকায় সেখানে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। বস্তি এলাকায় জল কল Extend করা যায় না। সুতরাং এদিকে দৃষ্টি দিয়ে যদি এখনই কাজ আরম্ভ করা না যায় তাহলে গরম কালে একটা চরম দুরবস্থা হতে পারে। সেজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যাতে Reserved Supply বাড়ানো যায় সেদিকে দৃষ্টি দেন।

**শ্রী উপেন্দ্র কিসকু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি বাঁকুড়া জেলায় কয়েক শত যুবক ম্যালেরিয়া কর্মচারী দীর্ঘ ৫/৬ বৎসর ধরে অস্থায়ী ভাবে কাজ করছে। তাদের এখনও স্থায়ী করা হয়নি। এদের যাতে স্থায়ী পদে নিয়োগ করা যায় তার জন্য সরকারকে অনুরোধ করছি।

**শ্রী সত্যপদ ভট্টাচার্য্য :** Kandi Raj Estate এ কিছু সম্পত্তি endowment করা আছে। এদের কিছু কিছু লোক মারা গেছেন। কিন্তু বর্তমানে যারা আছেন তারা এসব trust দীর্ঘ দিনের lease দিয়ে দিচ্ছেন। যাতে School প্রভৃতি বঞ্চিত হচ্ছে। সেজন্য রাজস্বমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে উক্ত সম্পত্তিগুলি শীঘ্র দখল নিয়ে নেন।

**Mr. Deputy Speaker :** Mention hour is Over.

**Dr. Zainal Abedin :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এইমাত্র একটা টেলিগ্রাম পেলাম, আপনার পার্মিশন নিয়ে আমি সেটা পড়ে দিচ্ছি।

On 19th September at about 8.30 p.m. some anti-social elements of Nadiha Purulia under the leadership of office-bearers of Aguan Club including one contractor Sri Prabhat Kundu has attacked procession of Vishwakarma immersion and assaulted the poor motor mazdoors mercilessly near jail khana mor than they attacked our union office at bus stand damaged pandel destroyed lights looted valuable papers and case and assaulted union officials who were present the members of said club attacked us thrice within three years as the bus workers refused to allow them free travel and illegal collection of fund we have reported the matter to the local police but police instead of taking action against goondas they have arrested our office bearers Sri Mohon Mookherjee Sri Shewpujan Singh and threatened us to arrest more members of our Trade Union

situation grave. The poor workers are afraid of lives. Prompt interventior and action solicited.

........ B. Singh Vice President Purulia Motor Mazdoor Samity.

আমি এটা আপনার কাছে সাবমিট করছি।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি একটা গুরুতর অভিযোগ তুলছি, অভিযোগটা চুরির অভিযোগ। এই চুরি ঘরে ঘরে নয়, এই চুরি কলকাতা বিশ্ববিদ্যালয়ে হচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ে জার্নালিস্ট পরীক্ষা হচ্ছে, সেই পরীক্ষা হলে কংগ্রেসের ছাত্র পরিষদ চুরি করেছে। আমি একটা ঘটনা বলি-খাতাতে একজনের নাম ছিল না, সে বছরের পর বছর পরীক্ষা দিতে পারেনি, কিন্তু একদিনের নোটিশে সেই ছেলেটিকে এরা কারচুপি করে পরীক্ষা দিতে দিয়েছে।

(তুমুল হট্টগোল)

[2-50—3-00 p.m.]

## DISCUSSTION ON VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand No.47

### Major Head : 289-Relief on account of Natural Calamities

**Shri Radhika Ranjan Banerjee :**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৭৭-৭৮ সালের ৪৭ নং অনুদানের অন্তর্গত "২৮৯—প্রাকৃতিক বিপর্যয়জনিত ত্রাণ" খাতে মোট ১০ কোটি টাকার ব্যয়মঞ্জুরি সংক্রান্ত প্রস্তাব পেশ করতে চাই। [উক্ত বরাদ্দ ১৯৭৭ সালের মার্চ ও জুন মাসে দুই কিস্তিতে "ভোট-অন-অ্যাকাউন্ট" বাবত মোট ৬ কোটি টাকা মঞ্জুরীকৃত বরাদ্দসহ।]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের বর্তমান বামফ্রন্ট সরকার শাসনক্ষমতায় আসার সঙ্গে সঙ্গেই এক চরম প্রাকৃতিক বিপর্যয় উদ্ভূত সমস্যার সম্মুখীন হন। সুতরাং ক্ষমতাসীন বামফ্রন্ট সরকারকে প্রথম দিন থেকেই এই প্রাকৃতিক দুর্বিপাকের মোকাবিলায় নামতে হয়। গত জুন মাসের তৃতীয় সপ্তাহ থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অবিরাম বর্ষণ শুরু হয়। সাম্প্রতিককালে এইরকম অবিশ্রান্ত ও প্রচুর বৃষ্টিপাতের নজির নেই। অবিরাম বর্ষণের ফলে স্থানীয় নদীগুলিতে জলস্ফীতি ঘটায় ২৪-পরগণা, মুর্শিদাবাদ, হুগলি, হাওড়া, বর্ধমান ও মেদিনীপুর জেলার বহুলাংশ বন্যাকবলিত হয়। এ ছাড়া নদীয়া, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া ও মালদহ জেলা এবং কলকাতা শহর ও শহরতলী এবং শিল্পাঞ্চলের নিচু এলাকার বিস্তীর্ণ অংশ জলমগ্ন হয়। এই অবস্থায় বিভিন্ন জলাধার থেকে অবিরাম জল ছাড়ার ফলে অবস্থার আরো অবনতি ঘটে। এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে স্থানীয় ক্ষতিগ্রস্ত জনসাধারণ চরম

দুর্দশার সম্মুখীন হন।

পূর্বতন কংগ্রেসি সরকারের আমলে আলোচ্য খাতে "ভোট-অন-অ্যাকাউন্ট" বাবদ মোট ৪ কোটি ৬১ লক্ষ ৯৮ হাজার টাকা বরাদ্দ হ'লেও চলতি আর্থিক বৎসরে প্রথম তিন মাসে ত্রাণ বাবত ব্যয়িত হওয়ার জন্য ত্রাণ দপ্তরকে মোট ৩ কোটি টাকা মঞ্জুর করা হয়। এই মঞ্জুরীকৃত অর্থের প্রায় সবই জুন মাসের প্রথমার্ধে ব্যয়িত হওয়ায় বর্তমান সরকার ত্রাণকার্য পরিচালনার এক চরম অসুবিধার সম্মুখীন হন। তৎসত্ত্বেও রাজ্যসরকার অনতিবিলম্বে ক্ষতিগ্রস্ত জনসাধারণকে জলবন্দি অবস্থা থেকে উদ্ধার ও যথাযোগ্য সাহায্যদানে সর্বতোভাবে প্রয়াসী হন। প্রাথমিক সাহায্য হিসাবে জুন মাসের মধ্যেই সংশ্লিষ্ট জেলাগুলিতে ১,৭৮০ মেট্রিক টন গম, চিড়া, গুড় ক্রয় ও উদ্ধারকার্য ও বিবিধ ত্রাণসামগ্রী সরবরাহের জন্য ৩ লক্ষ ৩৫ হাজার টাকা এবং গৃহনির্মাণ অনুদান হিসাবে ৩ লক্ষ টাকা মঞ্জুর করা ছাড়া প্রয়োজনীয় ধুতি, শাড়ি, শিশুদের পোশাক, ত্রিপল, কম্বল ও গুঁড়া দুধ সরবরাহ করা হয়। ক্ষতিগ্রস্ত জনসাধারণ ছাড়াও অবিরাম বর্ষণের ফলে যেসব ক্ষেতমজুর সাময়িকভাবে কর্মহীন হয়ে পড়েন তাঁদেরও খয়রাতি সাহায্যদানের ব্যবস্থা করা হয়। গ্রামীণ শ্রমিক ও কুটিরশিল্পী যাঁরা অতিবর্ষণ ও জলবন্দি হওয়ার ফলে বেকার হয়েছেন তাঁদেরও ত্রাণসাহায্য দেওয়ার চেষ্টা হয়েছে। কলকাতা শহরের দুঃস্থ কর্মচ্যুত বস্তীবাসীদেরও ত্রাণসাহায্য পৌঁছে দেওয়ার প্রাথমিক প্রচেষ্টা হয়েছে। প্রয়োজনের তুলনায় এই ত্রাণসাহায্য পর্যাপ্ত না হ'লেও এই চেতনাসম্পন্ন সাধারণ শ্রমজীবী মানুষ পূর্বতন কংগ্রেসি রাজত্বে গরিব জনসাধারণ সম্পর্কে ত্রাণকার্যে উদাসীন নীতির ব্যতিক্রম উপলব্ধি করেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্বতন কংগ্রেস সরকারের আমলে রিলিফ কমিটিগুলি ত্রাণসাহায্যকে রাজনৈতিক উদ্দেশ্যে যথেচ্ছভাবে ব্যবহার করেছেন, তার বহু নজির আমাদের কাছে আছে। এ ছাড়াও ত্রাণসাহায্য ছিল গ্রামাঞ্চলের কায়েমী স্বার্থের শ্রেণীশোষণের একটি মাধ্যম—সরকারি যন্ত্রকে নিজ শ্রেণীর স্বার্থে ব্যবহার করার ঘৃণ্য অপচেষ্টা। সেই কারণে বামফ্রন্ট সরকার সামগ্রিক ত্রাণব্যবস্থা সুষ্ঠুভাবে পরিচালনা ও ত্বরান্বিত করা এবং প্রকৃত ক্ষতিগ্রস্ত জনসাধারণ যাতে যথাযোগ্য সরকারি ত্রাণ সাহায্যলাভে বঞ্চিত না হন সেই উদ্দেশ্যে সকল জেলাশাসককে ত্রাণসম্পর্কীয় সকল বিষয়ে স্থানীয় বিধানসভার সদস্য অথবা তাঁর মনোনীত ব্যক্তির সঙ্গে পরামর্শ ক'রে কাজ করার নির্দেশ দিয়েছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাথমিক ত্রাণকার্য ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে শেষ হ'তে না হ'তেই জুলাই মাসের শেষ সপ্তাহে এই রাজ্যের প্রায় সবকটি জেলায় আবার বর্ষণের তাণ্ডব শুরু হওয়ায় হুগলি, হাওড়া, মেদিনীপুর, ২৪-পরগনা ও মুর্শিদাবাদ জেলার বিস্তীর্ণ এলাকা বন্যাকবলিত হয় এবং বর্ধমান, জলপাইগুড়ি, কোচবিহার ও দার্জিলিং জেলার কিছু এলাকা নদীতে ভাঙ্গনের ফলে প্লাবিত হয়। উপর্যুপরি প্রাকৃতিক বিপর্যয়ের ফলে স্থানীয় জনসাধারণ চরম সঙ্কটের সম্মুখীন হন। এই অবস্থা মোকাবিলা করার উদ্দেশ্যে রাজ্যসরকার অনতিবিলম্বে ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে প্রয়োজনীয় খাদ্যশস্য ও অর্থবরাদ্দ করেন এবং দুঃস্থ ক্ষতিগ্রস্ত জনসাধারণকে বিতরণের জন্য পুনরায় বিবিধ ত্রাণসামগ্রী সরবরাহ করেন। আগস্ট মাসের

শেষ সপ্তাহে বৃষ্টির ফলে পশ্চিম দিনাজপুর জেলার কিছু অংশে বন্যা হওয়ায় পশ্চিম-বঙ্গের সবকটি জেলায় প্রাকৃতিক বিপর্যয়ে উদ্ভূত সমস্যার সৃষ্টি হয়। এ পর্যন্ত ক্ষয়ক্ষতির যে তথ্য পাওয়া গেছে তাতে এই রাজ্যের ৪০ লক্ষ ৭২ হাজার একর এলাকায় প্রায় ১২ হাজার গ্রামের ৭১ লক্ষ ৮ হাজারের অধিক লোক বন্যা, ভূমিক্ষয় ও অতি বর্ষণের ফলে ক্ষতিগ্রস্ত হয়েছেন। ১ লক্ষ ৫ হাজারের অধিক বাড়ি সম্পূর্ণ বা আংশিকভাবে বিনষ্ট হয়েছে এবং ৩১ কোটি ৪৮ লক্ষ টাকা মূল্যের শস্য নষ্ট হয়েছে।

প্রয়োজনীয় ত্রাণ ব্যবস্থা ছাড়া বন্যাকবলিত ও জলমগ্ন এলাকাগুলিতে ক্ষতিগ্রস্ত জন-সাধারণের স্বাস্থ্য রক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য দপ্তর প্রয়োজনীয় প্রতিষেধক ব্যবস্থা ও পানীয় জল সরবরাহের ব্যবস্থা গ্রহণ করেন। গবাদিপশুদের মধ্যে রোগপ্রতিরোধক ব্যবস্থা ছাড়াও প্রয়োজনীয় পশুখাদ্য সরবরাহের ব্যবস্থা করা হয়।

প্লাবিত ক্ষেতগুলি জলমুক্ত হওয়ার সঙ্গে সঙ্গে যাতে পুনরায় আমনবীজ বপন ও চারা রোপন করা যায় সেই উদ্দেশ্যে অধিক ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে দুঃস্থ কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও চারা সরবরাহের জন্য কৃষি বিভাগকে ১০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়। যেসব এলাকায় আমন ফসল নষ্ট হয়েছে সেখানে যাতে রবি বা অন্যান্য ফসল আগামী চাষের মরশুমে ফলানো যায় তার জন্য কৃষি বিভাগের সঙ্গে প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।

ক্ষতিগ্রস্ত জনসাধারণের ত্রাণসম্পর্কীয় ব্যবস্থাদি সরেজমিনে দেখার জন্য ও এবিষয়ে যথাযোগ্য নির্দেশ দেওয়ার জন্য আমি ও অন্যান্য মন্ত্রিগণ এবং বিভাগীয় আধিকারিকগণ একাধিকবার বিভিন্ন বন্যাকবলিত এলাকায় গিয়েছি এবং ভবিষ্যতে যাব। যেখানেই গিয়েছি সেখানেই বামপন্থী সরকারের প্রতি জনগণের অবিচল আস্থা ও সমর্থন লক্ষ্য করেছি। তাঁরা আমাদের সীমিত ক্ষমতার কথা বোঝেন তাই পর্যাপ্ত ত্রাণসাহায্য না পেলেও তাঁরা যে সাহায্য পেয়েছেন বা পাচ্ছেন তা খুশি মনেই গ্রহণ করছেন।

বন্যাত্রাণকল্পে স্থানীয় কয়েকটি বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে ভারত সেবাশ্রম সংঘ, রামকৃষ্ণ মিশন, পিপলস রিলিফ কমিটি (পি.আর.সি.) মাড়োয়াড়ী রিলিফ সোসাইটি, ল্যুথেরান ওয়ার্ল্ড সারভিস ইত্যাদি এবং স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও স্বেচ্ছাসেবীরা প্রশংসনীয় ভূমিকা গ্রহণ করেছেন। এ ছাড়া প্রধানমন্ত্রী ও পশ্চিমবঙ্গের রাজ্যপাল তাঁদের ত্রাণ তহবিল থেকে কয়েক লক্ষ টাকা বন্যাত্রাণের জন্য সাহায্য করেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জুন মাসের শেষ সপ্তাহ থেকে সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহের মধ্যে কেবলমাত্র বন্যাত্রাণকল্পে প্রায় ৪ কোটি টাকা ব্যয়িত হয়েছে। সাম্প্রতিক এই বন্যার ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছে তা মোকাবিলা করার জন্য আরো বেশ কিছু মাস বন্যাত্রাণ ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। তা ছাড়া বন্যার ফলে যে বিরাট ক্ষয়ক্ষতি হয়েছে তা সংস্কারের জন্য প্রচুর অর্থের প্রয়োজন। ১৯৭৪ সন থেকে তৎকালীন কেন্দ্রীয় কংগ্রেসি সরকার কর্তৃক গঠিত ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী প্রাকৃতিক বিপর্যয়জনিত পরিস্থিতি

মোকাবিলার জন্য কেন্দ্রীয় সাহায্যদান প্রথার বিলুপ্তি ঘটেছে। যদিও বন্যা, ঘূর্ণিঝড়, খরা ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয় থেকে পশ্চিমবঙ্গ এ যাবৎ কোনও বৎসরই রেহাই পায়নি, অত্যন্ত পরিতাপের বিষয় যে পূর্বতন কংগ্রেসি সরকার এই সাহায্যদান প্রথা পুনঃপ্রবর্তনের কোনও কার্যকর উদ্যোগ গ্রহণ করেনি। রাজ্য সরকারের আর্থিক অসঙ্গতি ও সমস্যাসঙ্কুল পশ্চিমবঙ্গের সার্বিক পরিস্থিতির বিষয় বিবেচনা ক'রে বর্তমান কেন্দ্রীয় সরকার যাতে প্রচলিত নিয়মের ব্যতিক্রম ঘটিয়ে রাজ্যের বামপন্থী সরকারকে প্রয়োজনীয় আর্থিক সাহাযাদান করেন তার জন্য বর্তমান রাজ্য সরকার সূচনাতেই যথাযোগ্য উদ্যোগ গ্রহণ করেন। বন্যার অব্যবহিত পরেই মুখ্যমন্ত্রী নিজে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে এই রাজ্যে একটি সমীক্ষক দল পাঠিয়ে সরেজমিনে বন্যার ক্ষয়ক্ষতির হিসাব গ্রহণ এবং বন্যাত্রাণ ও বিনষ্ট সরকারি সম্পত্তি সংস্কারকল্পে যে অর্থের প্রয়োজন তা নির্ধারণ করার অনুরোধ জানান। মুখ্যমন্ত্রীর অনুরোধক্রমে কেন্দ্রীয় সরকার একটি সমীক্ষক দলকে চলতি মাসের প্রথম সপ্তাহে এই রাজ্যে পাঠান। বন্যার ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছে এবং ক্ষয়ক্ষতির বিবরণ ও বন্যাত্রাণ ও সংস্কার বাবদ রাজ্য সরকারের যে অর্থের আশু প্রয়োজন সেই বিষয়ে একটি স্মারকলিপি সমীক্ষক দলকে দেওয়া হয়। ঐ স্মারকলিপিতে অবিলম্বে বন্যা উদ্ভূত সমস্যা সমাধানকল্পে মোট ৫৪ কোটি ৭ লক্ষ টাকার কেন্দ্রীয় সাহায্যের প্রয়োজন এ কথা জানানো হয়। সমীক্ষক দলটি দুটি অধিক ক্ষতিগ্রস্ত জেলার বন্যা কবলিত এলাকা পরিদর্শন ক'রে বন্যার ফলে যে ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে এবং অবিলম্বে তার সংস্কার এবং স্বাভাবিক অবস্থা পুনঃপ্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত ত্রাণ ব্যবস্থা অব্যাহত রাখার প্রয়োজনীয়তা সম্বন্ধে রাজ্য সরকারের সঙ্গে একমত হন। তবে প্রচলিত কেন্দ্রীয় সাহায্যদান নীতি অনুযায়ী কেবলমাত্র পরিকল্পনা বাবদ অগ্রিম আর্থিক সাহায্য এবং ত্রাণ ও বিভিন্ন গ্রামীণ কর্মমুখী প্রকল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরি হিসাবে ক্রয়মূল্যে প্রয়োজনীয় গম সরবরাহের আশ্বাস দেন। এই রাজ্যের বিবিধ সমস্যা ও চরম আর্থিক সঙ্কটের কথা উল্লেখ ক'রে কেন্দ্রীয় সরকার যাতে বর্তমান সাহায্যদান বিধির ব্যতিক্রম ঘটিয়ে একটি উদারনীতি গ্রহণ ক'রে অবিলম্বে এই রাজ্যকে প্রয়োজনীয় আর্থিক সাহায্যদানে তৎপর হন তার জন্য কেন্দ্রীয় সরকারকে আবার অনুরোধ করা হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বর্তমান সরকার তার সীমিত সম্পদের মধ্যে দুঃস্থ জনসাধারণের দুর্গতিমোচনে অঙ্গীকারবদ্ধ। পশ্চিমবঙ্গের গ্রামীণ অর্থনীতি আজ এক চরম বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। ফলে গ্রামবাংলার জনসাধারণের এক বিরাট অংশ চরম দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছেন। পূর্বতন সরকারের আমলে স্বাভাবিক অবস্থায় এই রাজ্যের বিভিন্ন জেলায় প্রতিমাসে মোট ১ লক্ষ ৪ হাজার ১৭০ জন দুঃস্থ এবং কর্মে-অক্ষম ব্যক্তি খয়রাতি সাহায্য পেতেন। বর্তমানে রাজ্য সরকার শাসন ক্ষমতায় আসার পর জনসাধারণের দুর্গতির কর্মভিত্তিক প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করতে সক্ষম না হন ততদিন পর্যন্ত প্রতিমাসে এই রাজ্যে প্রায় ১০ লক্ষ অর্থাৎ পূর্বতন সরকারের আমলের তুলনায় ১০ গুণ দুঃস্থ ব্যক্তিকে খয়রাতি সাহায্যদানের ব্যবস্থা করেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বন্যাকবলিত এলাকাগুলি জলমুক্ত হ'লে কর্মক্ষম দুঃস্থ

ব্যক্তিদের কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় টেস্ট রিলিফ বা অনুরূপ প্রকল্প চালু করা হ এবং কোনও কোনও জেলায় এই কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে।

এ ছাড়া আরেকটি বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজন মনে করি প্রাকৃতিক বিপর্যয়জনিত এবং সাধারণ ত্রাণব্যবস্থা সুষ্ঠুভাবে ত্বরান্বিত করার বিষয়ে বর্তমা "রিলিফ ম্যানুয়্যালের" বিবিধ নিয়মাবলী বিশেষ প্রতিবন্ধক। তাই বর্তমান সরকার এ ম্যানুয়্যালের যথাযোগ্য পরিবর্তন সাধনে কিছু কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে আগ্রহী।

প্রশাসনের সকল স্তরে দুর্নীতিদমন বামপন্থীফ্রন্টের ৩৬ দফা কর্মসূচির অন্যতম অংশ বিগত বৎসরগুলিতে বিশেষতঃ পূর্বতন কংগ্রেসি সরকারের রাজত্বকালে এই দুর্নীতি ভয়াবহভা বেড়েছে। স্বাভাবিকভাবে ত্রাণব্যবস্থা এই ব্যাধি থেকে সম্পূর্ণ মুক্ত নয়। ত্রাণমন্ত্রী হিসা আমি একটি ক্লেদমুক্ত ও দক্ষ ত্রাণব্যবস্থা কার্যকর করার উদ্দেশ্যে জনগণের সক্রিয় সাহায্যে আবেদন জানাচ্ছি। কারণ, কেবলমাত্র সরকারি ব্যবস্থায় অভীষ্ট লক্ষ্যে পৌঁছানো সম্পূ অসম্ভব।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথাগুলি ব'লে আমি ৪৭ নং অনুদানের অন্তর্গ "২৮৯—প্রাকৃতিক বিপর্যয় ত্রাণ" খাতের ব্যয়বরাদ্দের প্রস্তাব পেশ করছি।

[3-00—3-10 p.m.]

## Demand No.44

**Shri Radhika Ranjan Banerjee :** Sir, on the recommendation ( the Governor I beg to move that a sum of Rs.14,71,90,000 be granted f expenditure under Demand No.44, Major Heads: "288-Social Security ar Welfare (Relief and Rehabilitation of Displaced Persons), 488-Capit Outlay on Social Security and Welfare (Relief and Rehabilitation ( Displaced Persons) and 688-Loans for Social Security and Welfare (Reli and Rehabilitation of Displaced Persons)".

(This is inclusive of a total sum of Rs.7,96,56,000 already voted ( account in March and June, 1977.)

### ৪৪ নম্বর ব্যয়মঞ্জুরি

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

বড় ক্ষোভ ও দুঃখের সঙ্গে এই বিধানসভার মাননীয় সদস্যদের কাছে এবং ৪৪ নম্ব ব্যয়মঞ্জুরির অন্তর্গত পুনর্বাসন দপ্তরের ১৯৭৮-৭৯ সালের ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত কর হচ্ছে। কিঞ্চিদধিক ছ'মাস আগে বামপন্থী সরকারের উদ্বাস্তু পুনর্বাসনের সংকল্প বিধৃত প্রথ বাজেট অনেক আশা নিয়ে পেশ করেছিলাম, কিন্তু এই ক'মাসের কার্যকালে কেন্দ্রীয় জন সরকারের উদ্বাস্তু পুনর্বাসন সংক্রান্ত নীতিগত মনোভাব আমাদের আশাহত করেছে। গত ৩

বছরে কংগ্রেস সরকারের উদ্বাস্তু স্বার্থ-বিরোধী নীতি পশ্চিমবঙ্গের উদ্বাস্তুগণের পুনর্বাসন তো দিতেই পারেনি, বরং পুনর্বাসনের নামে কেন্দ্রের তৎকালীন কংগ্রেস সরকারের কাছ থেকে পাওয়া টাকার অধিকাংশই অপচয় ও অপব্যয় হয়েছে। এর কারণ বিশ্লেষণ করার ইচ্ছা না থাকলেও, বিশ্লেষণের প্রয়োজন অস্বীকার করা যায় না। বিগত কংগ্রেস সরকারের উদ্বাস্তুস্বার্থবিরোধী, ত্রুটিপূর্ণ নীতিই পুনর্বাসন সমস্যাকে এক নিদারুণ ও দুরূহ অবস্থায় তীব্রভাবে জীইয়ে রেখেছে। গত বাজেট বক্তৃতায় এই আশা ব্যক্ত করেছিলাম যে, কেন্দ্রে নতুন জনতা সরকার ক্ষমতাসীন হওয়ার, পরিবেশ ও পরিস্থিতির যে পরিবর্তন সূচিত হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখে কেন্দ্রীয় সরকার আগেকার কংগ্রেস সরকার অনুসৃত উদ্বাস্তু স্বার্থবিরোধী নীতি পরিত্যাগ করে এমন এক সার্বিক নীতি অনুসরণ করবেন যা, পশ্চিমবঙ্গের উদ্বাস্তু ভাই-বোনদের পুনর্বাসনকে সুষ্ঠু ও ত্বরান্বিত করবে। যে দরদী মন নিয়ে কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু পুনর্বাসনের মতো জাতীয় দায়িত্ব পালনের কাজে এগিয়ে আসবেন বলে আমরা আশা করেছিলাম, তার পরিচয় এখনো পর্যন্ত পাইনি। অত্যন্ত ব্যথিতচিত্তে পশ্চিমবাংলার শরণার্থীগণ লক্ষ্য করছেন যে, কেন্দ্রের জনতা সরকার কংগ্রেসি সরকারের ত্রিশ বছরের সেই পুরোনো পুনর্বাসন নীতিকেই আঁকড়ে ধরে আছেন। যে প্রগতিশীল ও সহানুভূতিপূর্ণ দৃষ্টিভঙ্গি নিয়ে উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা সমাধানের সর্বাত্মক পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন, জনতা সরকারের পুনর্বাসন নীতি—সে হিসেবে এখনও পর্যন্ত হতাশাব্যঞ্জক।

আগের বাজেট বক্তৃতায় আমি এই সভাকে জানিয়েছিলাম, যে পুনর্বাসনের জন্যে কোটি কোটি টাকার প্রয়োজন এবং কেন্দ্রের কাছ থেকে তার দরুন অতীতে কিছু টাকাও পাওয়া গিয়েছিল কিন্তু বিগত রাজ্য কংগ্রেস সরকার সে টাকা খরচ না করে ফেরৎ দিয়ে দিয়েছিলেন। কারণ, তাঁদের নীতি ছিল—উদ্বাস্তুরা চিরদিন উদ্বাস্তু হয়েই থাকুন। উদ্বাস্তু পুনর্বাসনের কাজ যাতে সুষ্ঠুভাবে হয় সেজন্য তৎকালীন কেন্দ্রীয় সরকার একটি 'রিভিউ কমিটি'ও গঠন করেছিলেন, কিন্তু সেই কমিটির প্রতিবেদন ও সুপারিশগুলি কি কংগ্রেসি সরকার রূপায়ণ করেছিলেন?

কেন্দ্রে জনতা সরকার ও পশ্চিমবঙ্গের বামপন্থী সরকারের রাজনৈতিক ও অর্থনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও আমরা ভেবেছিলাম যে উভয় সরকারের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে কোনও অসুবিধে হবে না। কিন্তু আজ পর্যন্ত কেন্দ্রের জনতা সরকার আমাদের উদ্বাস্তু পুনর্বাসনের নীতিগুলির যৌক্তিকতাটুকুও উপলব্ধি করতে পেরেছেন বলে তেমন কোনও লক্ষ্মণ দেখা যায়নি। দৃষ্টান্তস্বরূপ,—উদ্বাস্তুদের দেয় জমির নিঃশর্ত মালিকানা দেওয়ার দাবি নিয়ে আমরা কেন্দ্রের জনতা সরকারের কাছে দরবার করতে গিয়েছিলাম কিন্তু আজ পর্যন্ত তাঁদের কাছ থেকে কোনও ইতিবাচক উত্তর পাওয়া যায়নি। তবে আশার কথা, আমাদের দাবির পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার দিল্লীস্থ 'লীজ' দেওয়া জমির নিসর্ত মালিকানা দেওয়ার ব্যাপারে সুপারিশ করার জন্য একটি কমিটি গঠন করেছেন। কেন্দ্রীয় সরকারকে আমরা জানিয়েছিলাম যে পূর্ববঙ্গে ফেলে-আসা-সম্পত্তির ক্ষতিপূরণের দাবি দাখিলের সময়-সীমা ৩১শে ডিসেম্বর, ১৯৭৭ পর্যন্ত বাড়িয়ে দেওয়া হোক, কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে

বলতে বাধ্য হচ্ছি যে, কেন্দ্রীয় সরকার সে অনুরোধ রাখেননি। তবে একথা পরিষ্কার ভাবে বলতে চাই যে, জমির নিঃশর্ত মালিকানার নীতি ভারত সরকার যদি অনুমোদন না করেন তবে, প্রয়োজন হলে, আন্দোলনের পথ গ্রহণ করে পুনর্বাসন সমস্যা সমাধানের চেষ্টা আমরা করব।

পুনর্বাসন সম্পর্কে এ সরকারের নীতি সুস্পষ্ট—আমরা পুনর্বাসনের কাজ ত্বরান্বিত করব এবং সম্পূর্ণ ও সার্থক পুনর্বাসন দিতে উদ্যোগী হব। তাই আমরা ঠিক করেছি যে, যে সমস্ত জমি এখনও অধিগ্রহণ করা হয়নি অথবা অধিগ্রহণে বিলম্ব ঘটছে সেগুলো যাতে তাড়াতাড়ি অধিগৃহীত হয় এবং আরও বেশি পরিমাণ জমি অধিগ্রহণ করা যায় সেজন্যে সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে দ্রুতগতিতে অধিগ্রহণের কাজ সমাপ্ত করব। প্রয়োজন হ'লে বর্তমান আইনের সংশোধন, এমনকি নতুন আইন প্রণয়ন করতেও কুণ্ঠা বোধ করব না।

নতুন আর্থিক বছরে (অর্থাৎ ১৯৭৮-৭৯-তে) পুনর্বাসনের যেসব গুরুত্বপূর্ণ কাজ আমাদের সম্পন্ন করতে হবে তার কিছু আভাষ এখানে দেওয়ার চেষ্টা করছি ঃ

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তুগণকে ত্রাণ ও পুনর্বাসনের সুযোগ-সুবিধা দেওয়ার ব্যাপারে নীতি বা বিধি নিয়ম রচনা এবং যাবতীয় অর্থ তহবিল নিয়ন্ত্রণ যেহেতু কেন্দ্রীয় সরকার করে থাকেন, সেকারণে রাজ্য সরকারকে এক দুঃসহ, কঠোর সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়। যদিও আমরা মনে করি, উদ্বাস্তু পুনর্বাসনের সদস্যাকে বকেয়া সদস্য আর সেই সঙ্গে তার গুরুত্ব বা বিশালতাকে ছোট করে দেখার সময় এখনও আসেনি, তবুও এইসব বাঁধাধরা অবস্থার মধ্যে কাজ না করে উপায়ান্তর নেই। রাজ্যের হাতে আরও অধিক অর্থ তুলে দেওয়ার এক উদার নীতি গ্রহণে ভারত সরকারকে রাজি করানোর ব্যাপারে আজ পর্যন্ত আমাদের সকল প্রচেষ্টাই ব্যর্থ হয়েছে। এই সীমাবদ্ধতার মধ্যেই বর্তমান বাজেট রচিত হয়েছে। যাহোক, বামফ্রন্ট সরকার মনে করেন যে, এই উদ্যোগ পশ্চিমবাংলার উদ্বাস্তু পুনর্বাসনের মতো একটি বিরাট সমস্যার এক অতি সামান্য অংশকে স্পর্শ করে মাত্র এবং পুনর্বাসনের বহু জরুরি বিষয় বকেয়া সমস্যার সমীক্ষায় অনুল্লেখিত রয়ে গেছে।

উদ্বাস্তুগণকে বিনামূল্যে জমির স্বত্ব দানের পরিকল্পনা সরকারের পক্ষে নিঃসন্দেহে এক মহৎ কাজ। রাজ্য সরকার শহরাঞ্চলে কলোনিগুলির বাস্তুজমি এবং গ্রামাঞ্চলের বাস্তু ও কৃষি জমির স্বত্ব কোনও শর্তারোপ না করে নিঃশর্ত দানের প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে ছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয়, নিঃশর্ত মালিকানার পরিবর্তে কেন্দ্রীয় সরকার মেয়াদী শর্তে উদ্বাস্তুগণকে জমির স্বত্ব দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলেন। হস্তান্তরের বাধানিষেধ, খুশি বা প্রয়োজন মতো জমি ব্যবহারের কঠোর বিধিনিয়ম এবং অন্যান অবমাননাকর ধারাগুলি রেখে জমির স্বত্বদানের অসারতার বিষয়টি এই সরকার কেন্দ্রীয় সরকারকে থেকে থেকে উপলব্ধি করাবার যথাযথ চেষ্টা করেছেন। অবাধ-স্বত্ব দান ছাড়া অন্য কোনও প্রকার পাট্টা বা মেয়াদী বন্দোবস্ত দখলকার উদ্বাস্তু প্রাপকদের কাছে গ্রহণযোগ্য নয়—হাজার হাজার

উদ্বাস্তুর এই আকাঙ্খার কথা বামফ্রন্ট সরকার দ্ব্যর্থহীন ভাষায় কেন্দ্রীয় সরকারের কাছে ব্যক্ত করেছেন। আত্মসম্মান ও মর্যাদার সঙ্গে জড়িত এই প্রশ্নটি উদ্বাস্তুগণ কোনও মতেই উপেক্ষা করতে পারেন না।

স্মরণ থাকতে পারে যে, এই জমিগুলো একদিন ঝোপ-ঝাড়ে ভরা, এঁদো-পোড়ো, মশার আড্ডা ছিল এবং সরকারের কোনও সাহায্য না নিয়েই উদ্বাস্তুগণ এই জমিগুলোকে নিজেদের পরিশ্রমে বাসযোগ্য করে তুলেছিলেন। তাই আজ যদি তাঁরা এই জমির অবাধ স্বত্ব দাবি করেন সেটা কি খুব বেশি অযৌক্তিক হবে?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্যভার গ্রহণ করার সঙ্গে সঙ্গে বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের কাছে এই গুরুত্বপূর্ণ ব্যাপারটি তুলে ধরেছিলেন এবং আমি ও আমার মান্যবর সহকর্মী মন্ত্রী শ্রীযুক্ত প্রশান্ত সুর মহাশয় একত্রে দিল্লি গিয়ে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীকে মেয়াদী বন্দোবস্তের পরিবর্তে উদ্বাস্তুগণকে শর্তহীণ অবাধ মালিকানা স্বত্ব দানের জন্য তাঁদের আগেকার আদেশ সংশোধনের কথা বোঝাবার চেষ্টা করেছিলাম। সংশোধিত আদেশ সত্বর দেবার ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রীও কেন্দ্রীয় সরকারকে লিখেছেন। আমাদের আশ্বাস দেওয়া হয়েছে যে, মেয়াদী বন্দোবস্ত থেকে অবাধ মালিকানায় রূপান্তরের বিষয়টি এবং এ-সম্পর্কিত আনুষঙ্গিক বিষয়গুলি তথা দিল্লীস্থ অনুরূপ সমস্যার উপর একটি পূর্ণ সমীক্ষা করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। আমাদের এ কথাও বলা হয়েছে যে ঐ কমিটির রিপোর্ট পাওয়া গেলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তার প্রয়োগ বিবেচিত হবে। আমরা আশা করব যে ভারত সরকার হাজার হাজার বাস্তুহারার কল্যাণের দিকে তাকিয়ে অবশ্যই এই দীর্ঘস্থায়ী সমস্যার সমাধানে আর কালবিলম্ব করবেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বড়ই পরিতাপের বিষয় যে এখনও এই রাজ্যে বেশ কিছু সংখ্যক উদ্বাস্তু পরিবার পুনর্বাসনের অপেক্ষায় শিবির ও সদনগুলিতে দিন গুনছেন। ষষ্ঠ অর্থ কমিশনের সুপারিশের অপব্যাখ্যার ফলে কেন্দ্রীয় সমাজ কল্যাণ দপ্তর গত ১৯৭৪ সালের ১লা এপ্রিল থেকে এসকল পরিবারের ভরণ-পোষণ ও পুনর্বাসনের জন্য অর্থ মঞ্জুর বন্ধ করে দেওয়ায় অবস্থা আরও সঙ্গীণ হয়ে পড়ে। বেশ কিছুদিন ধরে চিঠিপত্র আদান-প্রদান ও কেন্দ্রীয় সরকারের সমাজ কল্যাণ দপ্তরের সঙ্গে আলাপ-আলোচনা চালিয়ে পরিশেষে উক্ত দপ্তর এ ব্যাপারে অর্থ মঞ্জুর করতে সম্মত হয়েছেন। রাজনৈতিক সিদ্ধান্ত থেকে উদ্ভূত এই সকল উদ্বাস্তু পরিবারের পুনর্বাসনের দায়-দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নিজের কাঁধে তুলে নেবার ব্যাপারে আমাদের যুক্তিনিষ্ঠ নিরন্তর চেষ্টা শেষে যে ফলপ্রসূ হয়েছে সেটা রাজ্য সরকারের পক্ষে নিসন্দেহে এক উল্লেখযোগ্য সাফল্য।

রাজ্যসরকারের অভিমত এই যে, দীর্ঘদিন ক্যাম্প বা সদনে জীবন যাপনকারী উদ্বাস্তুগণের নৈতিক অবনতি ঘটতে বাধ্য এবং সেজন্যে পুনর্বাসনযোগ্য সকল উদ্বাস্তু পরিবারকে তৎপরতার সঙ্গে পুনর্বাসন ক্ষেত্রে পাঠানোর চেষ্টা অবশ্যই করা উচিত। বায়নানামা প্রকল্পে জমির অবৈধ লেনদেন ঘটায় বলে প্রকল্পটি পরিত্যাগ করা হয়েছে, বিশেষ করে যখন

সরকারের হাতে অধিগৃহীত জমি প্রচুর পরিমাণে রয়েছে তখন ব্যক্তিগত মালিকানাধীন জমি কিনে সেই জমির উন্নয়ন সাধন করার জন্য প্রচুর অর্থ ব্যয় করার পেছনে কোনও সঙ্গত কারণ নেই। এ বছরে বিভিন্ন ক্যাম্প ও সদনে বসবাসকারী ৭৫০টি উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসন দেওয়ার প্রস্তাব আছে যার ভিতরে ৭৯৯টি পরিবারের ইতিপূর্বেই এই বৎসর পুনর্বাসনের ব্যবস্থা করা হয়েছে। প্রতেকটি পরিবারকে পুনর্বাসন সাহায্য হিসেবে বাস্তু জমি ক্রয় বাবদ ২৮৪০ টাকা, গৃহনির্মাণ বাবদ ২০০০ টাকা এবং ছোটখাটো ব্যবসায় বাবদ ৫০০০ টাকা ঋণ যথারীতি দেওয়া হবে।

ভারত সরকার ক্যাম্প তুলে দেওয়ার যে নীতি প্রায় দু'দশক আগে গ্রহণ করেছিলেন তার ফলে বহু উদ্বাস্তু পরিবার সেই সব ক্যাম্পের জমিতে এক দুঃসহ অবস্থার মধ্যে আজও বসবাস করছেন।—এই সরকার তাঁদের জমি সংক্রান্ত অনিশ্চিত অবস্থার দ্রুত অবসান ঘটাতে চান এবং সেই সব জমিতেই পরিবার প্রতি শহরাঞ্চলে ২০০০ টাকা বা ১২০০ টাকা গ্রামাঞ্চলে গৃহনির্মাণ ঋণ দিয়ে ৯০০ পরিবারকে মোট আনুমানিক ১৫ লক্ষ টাকা ব্যয়ে পুনর্বসতি দেবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ভারত সরকার ভূমি অধিগ্রহণ বাবদ ব্যয়ের যে উর্ধ্ব সীমা শহরাঞ্চল ও গ্রামাঞ্চলের জমির ক্ষেত্রে আরোপ করেছেন তা বহু ক্ষেত্রে জটিলতা সৃষ্টি করছে এবং পুনর্বাসনের কর্মসূচিকে বিলম্বিত করছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোচবিহার, জলপাইগুড়ি এবং পশ্চিম দিনাজপুরের তিনটি জেলায় ছিটমহলে উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ এগিয়ে চলেছে। এ জেলাগুলিতে কৃষিযোগ্য জমির অপ্রতুলতা থাকায় কৃষি-নির্ভর এই প্রকল্প রূপায়ণের কাজ তত দ্রুত সম্পন্ন করা যাচ্ছে না। অতি সত্বর যাতে এই প্রকল্প রূপায়িত হয় তার জন্যে প্রচেষ্টা চলছে এবং তিনটি জেলায়ই একসঙ্গে প্রকল্প রূপায়ণের ব্যাপারে প্রতিনিয়ত যোগাযোগ রাখা হচ্ছে। এবছর এরকম প্রায় ১৫০টি উদ্বাস্তু পরিবারের প্রত্যেকটিকে গৃহ নির্মাণে বাবদ ২,০০০ টাকা (বাস্তু জমি ক্রয় সমেত) এবং কৃষি বাবদ ৮,৬৫০ টাকা (কৃষি জমি ক্রয় সমেত) মোট ১০,৬৫০ টাকা ঋণ মঞ্জুর করার কথা আছে।

গত বিশ পঁচিশ বছর ধরে অধুনালুপ্ত লেক মেডিক্যাল কলেজ ও হাসপাতালের বাড়িতে ৫০০-র কিছু বেশি উদ্বাস্তু পরিবার বাস করছেন। জনস্বাস্থ্যের প্রাথমিক ব্যবস্থা ও সুবিধাগুলি থেকে এই পরিবারগুলি বঞ্চিত। লেক গার্ডেন অঞ্চলে CMDA-র উন্নয়ন পরিকল্পনা অনুযায়ী এক-কামরা-বিশিষ্ট যে ফ্ল্যাটগুলি CMDA তৈরি করেছেন সেখানে যোগ্য পরিবারগুলির সকলকেই পুনর্বাসন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আর যারা সেখানে যেতে অনিচ্ছুক তাঁদেরকে ২৪-পরগণার পঞ্চান্নগ্রাম স্কীমে জমি দেওয়ার বিকল্প ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। নিউ আলিপুর অঞ্চলের দুর্গাপুর-সাহাপুরে জীবনবিমা কর্পোরেশনের জমিতে ৪০০-র কিছু বেশি পরিবার (ঠিক একই ভাবে) জবর দখল করে বসে আছেন। এই জমিগুলি কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রক-দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অধিগ্রহণ করেছিলেন। জীবিকাচ্যুত না ক'রে কত ভালভাবে এই পরিবারগুলিকে পুনর্বসতি দেওয়া যায় সে উপায় উদ্ভাবন সম্পর্কে আমরা জীবনবিমা কর্পোরেশনের সঙ্গে আলোচনা শুরু করেছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সরকার কলোনিগুলির উন্নয়নকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিয়েছেন এবং সেই উদ্দেশ্যে কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তরকে তিন কোটি টাকা মঞ্জুর করতেও অনুরোধ জানানো হয়েছে। জেনে সুখি হবেন, আমরা ইতিমধ্যে ৩৭টি সরকারি এবং জবরদখল কলোনিতে এই বৎসরে সার্বিক উন্নয়নের জন্য প্রায় ৮০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করেছি এবং সেখানে উন্নয়নের কাজ এগিয়ে চলেছে। এই উন্নয়নের কাজ চারটি সংস্থা দ্বারা (এজেন্সি) রূপায়িত হচ্ছে : CMDA-র এলাকাভুক্ত অঞ্চলে CMDA, জলপাইগুড়ি বিভাগে PWD, বর্ধমান বিভাগে নির্মাণ-পর্ষৎ (CB) আর প্রেসিডেন্সী বিভাগে PHE কাজের পরিমাণ বিশাল এবং তা সুসম্পন্ন করতে আরও এজেন্সীর বিশেষ প্রয়োজন।

কলোনিগুলির উন্নয়নের কাজ এক অতি প্রকান্ড ব্যাপার—উপরোক্ত অল্প কয়েকটি সংস্থাকে একাজ সম্পূর্ণ করতে গেলে একাধিক দশকেরও সময় যে লেগে যাবে তাতে কোনও সন্দেহ নেই। তাই আমরা গভীরভাবে বিচার-বিবেচনা করে দেখছি যে, CMDA ও অপরাপর সংস্থাগুলির পাশাপাশি পুরসভা, অঞ্চল পঞ্চায়েৎ এবং অন্যান্য স্বায়ত্বশাসিত সংস্থার সহায়তায় বেশি সংখ্যায় কলোনি উন্নয়নের কাজ হাতে নেওয়া যায় কিনা।

এই সভায় মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, শহরাঞ্চলে প্লট প্রতি উন্নয়নের ব্যয়ের সীমা ২৫০০ টাকা আর গ্রামাঞ্চলে ১২০০ টাকা। কিন্তু CMDA বাস্তবপক্ষে করণীয় কাজের পরিমাণকে সামনে রেখে যে প্রাক্কলন ইতিপূর্বে তৈরি করেছিলেন তাতে এই ব্যয়ের পরিমাণ দাঁড়ায় প্লট প্রতি ৪৫৬০ টাকা। ইতিমধ্যেই আমরা কেন্দ্রীয় সরকারকে প্লট প্রতি উন্নয়ন বাবদ ব্যয়ের বিষয়টিকে পুনর্বিবেচনা ক'রতে লিখেছি এবং তাঁরা যদি তা করতে রাজি হ'ন তাহ'লে কলোনি উন্নয়নের কাজ অনেক ভালই হবে।

হাবড়া, উত্তরপাড়া, টিটাগড় ও কামারহাটিতে শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন দপ্তর চারটি উৎপাদন কেন্দ্র (Production Centre) পরিচালনা করেন। হাবড়া ও উত্তরপাড়া কেন্দ্রে ধুতী, শাড়ি, মার্কিন থান, জামার কাপড়, ইত্যাদি এবং রেডীমেড্ পোশাক-পরিচ্ছদ তৈরি করা হয়। টিটাগড় কেন্দ্রে তৈরি করা হয় আসবাবপত্র দড়ি, সাবান, পোশাক-পরিচ্ছদ, ইত্যাদি ; এছাড়া সেখানে বই বাঁধানো ও বই ছাপার কাজও করা হয়। কামারহাটিতে বাঁশের ঝাঁটা, বেতের ঝুড়ি, চিক, ইত্যাদি তৈরি করা হয়।

এইসব উৎপাদন কেন্দ্রে উদ্বাস্তু নারী-পুরুষরা দিন মজুরী করেন। সরকারের বিভিন্ন বিভাগ এবং আধা-সরকারি সংস্থাও উৎপন্ন দ্রব্যগুলি বহুল পরিমাণে কিনে থাকেন। বিভিন্ন ক্যাম্প বা সদনবাসী উদ্বাস্তুগণের ধুতী, শাড়ি ও পোশাক-পরিচ্ছদের প্রয়োজন এখান থেকে কিনে মেটানো হয়।

চারটি উৎপাদন কেন্দ্রের জন্য মোট ২২ লাখ টাকা ব্যয়বরাদ্দ এই বাজেটে ধরা হয়েছে।

পুরোনো এবং নতুন উদ্বাস্তুগণের চিকিৎসা বিষয়ক প্রকল্পগুলি এই বিভাগের দ্বারা

রচিত হয়ে রাজ্য সরকারের স্বাস্থ্য দপ্তর ও অন্যান্য সংস্থার [illegible] রূপায়িত হয়। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকাল শেষ হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় [illegible] মন্ত্রক কয়েকটি চিকিৎসা প্রকল্পের পৌনঃপুনিক ব্যয় বাবদ টাকা দেওয়া বন্ধ করে দেন। সেকারণে রাজ্য সরকারকে ২৭ লক্ষ টাকার মতো ব্যয় প্রতি বছর বহন করতে হয়। অসুস্থ উদ্বাস্তুগণের জন্য ১৬.৩৫ লক্ষ টাকায় ৪৫০টি যক্ষ্মা রোগীর শয্যা এবং ৮৫ হাজার টাকায় সংরক্ষিত-ব্যয়ে ৫৭টি সাধারণ রোগীর শয্যা বিভিন্ন হাসপাতালে এই সরকারকে পালন করতে হয়, আর তা ছাড়া অন্যান্য প্রয়োজন মেটাতে ১০ লাখের কাছাকাছি টাকা এই খাতে অতিরিক্ত ব্যয় হয়।

পরিকল্পনা কমিশনের সুপারিশক্রমে কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর পুরোনো ও নতুন শরণার্থীদের ক্ষেত্রে চিকিৎসামূলক আরো কিছু সুবিধা-সুযোগ দান যথা, সাধারণ (উদ্বাস্তু) রোগীর চিকিৎসার জন্যে ১১৮৭টি নতুন শয্যা স্থাপন, এরকম ৪৬৩টি পুরোনো শয্যার (চিকিৎসা বিষয়ক) মানোন্নয়ন এবং পুরোনো (১৯৬৪ সালের আগেকার) উদ্বাস্তু যক্ষ্মারোগীর চিকিৎসার জন্যে কয়েকটি আরোগ্যশালা স্থাপন করতে উদ্যোগী হয়েছেন এবং এ ব্যাপারে ব্যবস্থাদি গৃহীত হচ্ছে। নবাগত (অর্থাৎ ১৯৬৪-র জানুয়ারি থেকে ১৯৭১-এর মার্চ পর্যন্ত) শরণার্থীদের জন্যে ৩৩৭টি ক্ষয়রোগাক্রান্ত নন এরূপ রোগীর শয্যা, ১০৩টি যক্ষ্মা রোগীর শয্যা আর প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম ক্রয় ও কর্মচারিদের বাসস্থান সমেত ২টি যক্ষ্মা রোগীর আরোগ্যশালা নির্মাণের প্রকল্পও রচিত হয়েছে। কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তরের অনুমোদন আর এই বিভাগের পরামর্শ নিয়ে রাজ্য স্বাস্থ্য দপ্তর এই কাজগুলি পরিচালনা করছেন।

বিভিন্ন হাসপাতাল ও প্রতিষ্ঠানে সংরক্ষিত শয্যাগুলি পোষণের জন্যে যে ২৭ লক্ষ টাকা ব্যয় রাজ্য সরকার বহন করছেন তা ছাড়া পুরোনো উদ্বাস্তুগণের দরুন ১০ লক্ষ এবং নবাগত শরণার্থীদের জন্যে ৭৫ লক্ষ টাকা ব্যয় আয়-ব্যয়কে ধরা হয়েছে।

শিক্ষাসংক্রান্ত সুযোগ-সুবিধা এখন শুধুমাত্র নবাগত শরণার্থী ছাত্রদের ক্ষেত্রে সীমাবদ্ধ। এ ব্যাপারে কেন্দ্রীয় পুনর্বাসন দপ্তর কিছু প্রকল্প অনুমোদন আর তার জন্য অর্থও বরাদ্দ করে থাকেন। এই অর্থ কেন্দ্রীয় সরকার রাজ্য শিক্ষা বিভাগকে সরাসরি দিয়ে থাকেন এবং তাঁরা তা নিচের অনুমোদিত প্রকল্পগুলির রূপায়ণের কাজে ব্যয় করেন ঃ-

**(১) মাধ্যমিক শিক্ষার জন্য**

(ক) যোগ্য বিদ্যালয়গুলিতে আসবাবপত্র ক্রয়ের অনুদান ;

(খ) বিজ্ঞান পঠন-পাঠনের সুবিধার্থে পরীক্ষাগার নির্মাণের দরুন অনুদান ;

(গ) বিদ্যালয় গৃহগুলিতে স্থানাভাব দূরীকরণ তথা স্বাচ্ছন্দ্যবিধানের জন্য সাহায্য এবং

(ঘ) বিদ্যালয়ের যোগ্য ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান বাবদ সাহায্য।

**(২) উচ্চ অর্থাৎ কলেজীয় শিক্ষার জন্য**

(ক) কলেজে বিজ্ঞান বিষয় সমূহ পঠন-পাঠনের সুবিধার্থে পরীক্ষাগার নির্মাণের জন্য অনুদান ;

(খ) কলেজ বাড়িতে স্থান সঙ্কুলান বা স্বাচ্ছন্দ্য বিধানের জন্য সাহায্য ;

(গ) কলেজের যোগ্য ছাত্র-ছাত্রীদের বৃত্তিপ্রদান বাবদ অনুদান ; এবং

(ঘ) যোগ্য কলেজগুলিতে আসবাবপত্রাদি ক্রয়ের সাহায্য।

বেশ কয়েক বছর ধরে কোলকাতা শহর ও বৃহত্তর কলকাতা এলাকায় এবং ঘন উদ্বাস্তু বসতিপূর্ণ অপরাপর জেলায় প্রচুর সংখ্যক মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয় গড়ে উঠেছে। জমি, গৃহনির্মাণ, আসবাবপত্র এবং অন্যান্য সাজ-সরঞ্জাম সংস্থানের জন্য এই সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রচুর পরিমাণ মূলধনী ব্যয় অপরিহার্য। কেন্দ্রীয় সরকার যদি শিক্ষা সংক্রান্ত সুযোগ-সুবিধা একমাত্র নবাগত শরণার্থীদের মধ্যেই সীমাবদ্ধ রাখেন তাহ'লে বিশাল-উদ্বাস্তু-জনসমষ্টির শিক্ষার উদ্দেশ্য অনেকাংশে ব্যাহত হতে বাধ্য। তাই পুরোনো উদ্বাস্তুগণকেও যাতে শিক্ষা সংক্রান্ত যাবতীয় সুযোগ-সুবিধের আওতায় আনা যায় কেন্দ্রীয় সরকারের কাছে সে বিষয় প্রতিপাদন করবার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই মন্ত্রী সভার স্বল্প কার্যকালে উদ্বাস্তুগণের কল্যাণার্থে কয়েকটি বাস্তব ব্যবস্থা আমরা গ্রহণ করেছি। এর মধ্যে যেগুলি বিশেষ গুরুত্বপূর্ণ তা হ'ল ঃ

(ক) বছরের পর বছর ধরে শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগ বিভিন্ন উদ্বাস্তু কলোনিতে যে নলকূপগুলি বসিয়েছিল তা রক্ষণাবেক্ষণের অভাবে সম্পূর্ণ অকেজো হয়ে গিয়েছে, আর এই সব জলের উৎসকে বজায় রাখার দায়িত্বও যেন কারো ছিলনা। স্থির হয়েছে এখন থেকে পল্লী অঞ্চলের উদ্বাস্তু কলোনিতে বসানো নলকূপগুলো রাজ্য স্বাস্থ্য বিভাগের গ্রামীণ জল সরবরাহ রক্ষণাবেক্ষণ প্রকল্পের আওতায় থাকবে এবং ঐ বিভাগই সে দায়িত্ব পালন ক'রবেন। শহরাঞ্চলের উদ্বাস্তু কলোনির নলকূপগুলি রক্ষণাবেক্ষণের ব্যাপারে রাজ্য সরকারের পুরকল্যাণ বিভাগকে অনুরোধ করা হয়েছে যে তাঁরা যেন সংশ্লিষ্ট পৌর প্রতিষ্ঠানগুলিকে এ দায়িত্বভার গ্রহণ করতে রাজি করান।

একথা বলতে বড়ই বেদনাবোধ করছি যে আজ পর্যন্ত বিভিন্ন পৌর এলাকার উদ্বাস্তু কলোনিগুলিতে যত নলকূপ বসানো হয়েছে তার প্রায় সবগুলিই পরিত্যক্ত কিংবা সম্পূর্ণ অকেজো। বিভিন্ন পৌর সভার সঙ্গে আমরা ইতিমধ্যে আলাপ-আলোচনা করেছি। তাঁরা পরিষ্কারভাবে জানিয়েছেন যে পরিত্যক্ত নল-কূপগুলির দায়িত্ব গ্রহণ করতে তাঁরা সক্ষম নন। শহরাঞ্চলের বর্তমান কলোনীগুলি

এবং উন্নয়নের তালিকাভুক্ত কলোনিগুলিতে যদি নতুন নলকূপ বসানো বা তুলে বসানো হয় তাহ'লে অবশ্য তাঁরা রক্ষণাবেক্ষণের দায়িত্ব গ্রহণ করতে রাজি আছেন। পানীয় জলের তীব্র অভাব থেকে কলোনিবাসী উদ্বাস্তুগণকে বাঁচাবার জন্য এক হাজার নলকূপ বসানোর ব্যয় বাবদ প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করতে আমরা ভারত সরকারকে নিশ্চয়ই সনির্বন্ধ অনুরোধ জানাব।

(খ) যে সব জবরদখল কলোনির কাছাকাছি বিদ্যুৎ সরবরাহের তার আছে সেখানকার বাসিন্দারা যাতে বৈদ্যুতিক সংযোজনের সুযোগ থেকে বঞ্চিত না হন সেজন্য 'আপত্তি নেই' (no objection) বলে লিখিত সম্মতি দেওয়ার এক উদার নীতি বর্তমানে অনুসৃত হচ্ছে।

(গ) ১৯৬৪ এবং ১৯৭৪ সালের ঋণ মকুব আদেশের বলে গৃহনির্মাণ, ক্ষুদ্র ব্যবসায়, কৃষি প্রভৃতি ঋণের প্রাপক অধিকাংশ উদ্বাস্তুই কিছু না কিছু সুবিধা লাভ করেছেন, কিন্তু অংশরূপে প্রদায়ক (contributory) ঋণগুলি যেমন, গৃহনির্মাণ, ঋণ, বৃত্তি বা পেশাগত ঋণ, উচ্চতর ব্যবসায় ঋণ, ইত্যাদিকে উক্ত আদেশের আওতার বাইরে রাখা হয়েছে। এই সব ঋণও মকুব করবার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে প্রয়োজনীয় আদেশ দিতে অনুরোধ করেছেন। অতি সম্প্রতি অবশ্য কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর নিকট হইতে এব্যাপারে একটি নেতিবাচক উত্তর পেয়েছি। আমরা বিশেষভাবে ক্ষুব্ধ। এতে আমরা বিন্দুমাত্র নিরস্ত না হয়ে বিভিন্ন সূত্রে আমাদের দাবিকে আরো জোরদার ভাবে কেন্দ্রীয় সরকারের নিকট উপস্থাপিত করেছি। প্রসঙ্গত উল্লেখ্য যে উদ্বাস্তুদের কষ্ট ও হয়রানি লাঘবের জন্য রাজ্য সরকার জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন যে, উদ্বাস্তুগণের কাছ থেকে বকেয়া ঋণ আদায়ের জন্য সব রকমের সার্টিফিকেট 'কেস' পুনরাদেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হোক।

এ প্রসঙ্গে এই সভাকে জানাতে চাই যে কৃষিজীবী ও অ-কৃষিজীবী উদ্বাস্তু পরিবারের গৃহনির্মাণ ঋণ ভারত সরকার মকুব করলেও ঋণের নিরাপত্তার প্রয়োজনে সরকারের ঘরে বন্ধক রাখা দলিল-দস্তাবেজ তাঁদের ফেরৎ দেওয়ার কোনও ব্যবস্থা ছিলনা। এই সব বন্ধকী দলিল উদ্বাস্তুগণকে প্রত্যার্পণ করার ব্যাপারে জেলা কর্তৃপক্ষকে আমরা এক জরুরি নির্দেশ পাঠিয়েছি যাতে করে ঋণ মকুবের পর তাঁরা বিভিন্ন আর্থিক সংস্থার কাছ থেকে নতুন করে ঋণ এবং অন্যান্য সুযোগ লাভ করতে পারে।

উদ্বাস্তু ঋণ মকুবের ব্যাপারে ভারত সরকার তাঁদের নীতি নির্দিষ্ট কয়েকটি ঋণের বেলায় আরও উদার করেছেন। অন্যান্য কয়েক প্রকার ঋণ যথা, অংশরূপে প্রদায়ক (contributory) ঋণ মকুব করবার ঔচিত্য সম্পর্কে যুক্তিতথ্য দিয়ে ভারত সরকারকে লিখেছি। ভবিষ্যতে, প্রয়োজন হলে, আরো দৃঢ়ভাবে

আবার এ বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে আমরা তুলব এবং আশা করি আমাদের প্রস্তাব তাঁরা যথাযথভাবে বিবেচনা ক'রবেন।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতের বিভিন্ন প্রান্তে, এমনকি সুদূর আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জে উদ্বাস্তুগণ বসবাস ক'রছেন। তাঁরা যেখানেই থাকুন, তাঁদের জন্য আমাদের সকলেরই সহানুভূতি আছে। আমরা কামনা করি তাঁদের যথাযথ পুনর্বাসন, জীবনজীবিকার উপযুক্ত অবস্থা ও পরিবেশ এবং শিক্ষা ও কর্মনিযুক্তির অবাধ ও পর্যাপ্ত সুযোগ-সুবিধা। পশ্চিমবঙ্গে পুনর্বাসনের নতুন কোনও সুযোগ বা স্থান আর নেই এবং পশ্চিমবঙ্গের বাহিরে বসবাসকারী উদ্বাস্তুগণের কারো মনে যদি কোনও মিথ্যে আশা থেকে থাকে এই রাজ্যে পুনর্বসতি লাভের সহায়তা পাওয়া যাবে তাহ'লে তাঁরা বড়ই ভুল করবেন। অন্য রাজ্যে পুনর্বসতি গ্রহণ করে সেখান থেকে পালিয়ে এসে এ রাজ্যের ভেতরে প্রবেশ ও অবস্থানকে মেনে নেওয়া যায়না। স্বভাবতই তাঁদেরকে স্ব স্ব স্থানে ফেরৎ পাঠাবার এক বেদনাদায়ক ব্যবস্থা এই সরকারকে গ্রহণ করতেই হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে দ্ব্যর্থহীন ভাষায় এই কথাই সকলকে বলতে চাই যে, পশ্চিমবঙ্গের উদ্বাস্তু ভাই-বোনদের আমরা আর উদ্বাস্তু হয়ে থাকতে দেব না ; তাঁদের সার্বিক পুনর্বাসন দিয়ে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জীবন স্রোতের সঙ্গে একাত্ম করব। সেজন্য প্রয়োজন একটি দীর্ঘমেয়াদী সার্বিক পুনর্বাসন প্রকল্প। এ প্রকল্প রূপায়ণের আনুমানিক ব্যয় ৫০০ কোটি টাকা। ইতিমধ্যে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে একটি সার্বিক পরিকল্পনা পেশ করেছি এবং আমাদের দৃঢ় প্রত্যয় যে, কেন্দ্রীয় সরকার আমাদের দাবির যৌক্তিকতাকে স্বীকার করে উদ্বাস্তু পুনর্বাসনের মতো এক জটিল মানবিক সমস্যা সমাধানের কাজকে সুসম্পন্ন ও ত্বরান্বিত করতে উদার মনোভাব নিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।

প্রকল্পটি সুষ্ঠু রূপায়ণের জন্য আমরা সকলের কাছে দল-মত-নির্বিশেষে আন্তরিক সহযোগিতা কামনা করি। আসুন, আমরা সকলে এক হয়ে উদ্বাস্তু ভাই-বোনদের মানুষ হিসেবে সমাজে প্রতিষ্ঠা করার মহৎ সঙ্কল্পকে বাস্তবায়িত করতে এগিয়ে যাই।

[3-10—3-45 p.m. (including adjournment)]

**Mr. Deputy Speaker :** All the cut motions under Demand No.47 and Demand No.44 are in order and are taken as moved.

**Demand No.44**

**Shri Rajani Kanta Doloi :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Demand No.47**

**Shri Rajani Kanta Doloi :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Shri Sasabindu Bera :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Shri Satya Ranjan Bapuli :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Shri Balai Lal Das Mahapatra :** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1.

**Mr. Deputy Speaker :** The House stands adjourned for recess. The House will again meet at 3-45 p.m.

(At this stage the House was adjourned till 3-45 p.m.)

[3-45—3-50 p.m.] (After adjournment)

**শ্রী কৃপাসিন্ধু সাহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একজন মাননীয় সদস্য 'পেলের' সম্পর্কে যে প্রস্তাব রেখেছিলেন সে সম্পর্কে আপনার সিদ্ধান্ত আমাদের যদি জানান তাহলে ভাল হয়। 'পেলেকে' যদি একবার বিধানসভায় আনা যায় তাহলে ভাল হয়।

**মিঃ ডেপুটি স্পিকার :** অলরেডি এ সম্পর্কে আমি চিফ মিনিস্টারকে চিঠি লিখে দিয়েছি, এরপর যা হবে সেটা আপনারা পরে জানতে পারবেন।

**শ্রী হরিপদ ভারতী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী তাঁর বিভাগের ব্যয়বরাদ্দের যে প্রস্তাব এখানে রেখেছেন জনতা পার্টির পক্ষ থেকে আমি সেই প্রস্তাব সমর্থন করতে দাঁড়িয়েছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রাকৃতিক দুর্যোগ আমাদের দেশের নিত্যসঙ্গী। প্রতি বৎসর হয় অনাবৃষ্টি নয়- খরা, মাটি দীর্ন বিদীর্ন হয়, শস্য ভষ্মীভূত হয়, পিপাসায় কন্ঠনালী শুষ্ক হয়ে যায়, আর না হয় অতিবৃষ্টি হয়, বন্যায় শত শত গ্রাম প্লাবিত হয়ে যায়, লক্ষ লক্ষ মানুষ বিপন্ন বোধ করে। এই প্রাকৃতিক দুর্যোগে আর্ত মানুষের পাশে গিয়ে দাঁড়ানো প্রতিটি সুস্থ, সচেতন সরকারের কর্তব্য। আপনার সরকারও সে কর্তব্য পালন করেছেন সে জন্য নিশ্চয় আমি তাকে সাধুবাদ প্রদান করব। তবে এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে এই যে, আমাদের কাছে যে সংবাদ এসেছে তাতে করে মাননীয় ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী যে পরিমাণ ত্রাণের সংবাদ আমাদের কাছে দিয়েছেন ততখানি ত্রাণ সত্য আর্ত মানুষের কাছে গিয়ে পৌছেছে কিনা তাতে আমাদের সন্দেহের অবকাশ আছে। অনেক স্থানের সংবাদ আমরা পেয়েছি যেখানে আর্ত মানুষেরা এই সরকারের কাছ থেকে বিশেষ কোনও ত্রাণ পায়নি, প্রয়োজনীয় সাহায্য পায়নি। প্রয়োজনীয় সাহায্য পায়নি বলে মানুষ আজও বিপন্ন বোধ করছে। কাজেই তারা প্রচুর অর্থ ব্যয় করেছেন বলে যে চিত্র আমাদের সামনে ফুটিয়ে তুলতে চাইলেন সেই চিত্রের সঙ্গে আমাদের চিত্রের বা সংবাদের সঙ্গে মিলন হয়না— তাই আমরা দুঃখ প্রকাশ করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বন্যাকে কেন্দ্র করে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের এই বিধানসভা কক্ষে আমাদের সকলের জ্ঞাত করেছিলেন যে, এই ত্রান কার্য পরিচালনার সময় সর্বদলীয় সংস্থাকে গ্রহণ করে এবং

বিধানসভার সমস্ত মাননীয় সদস্যের সহযোগিতা নিয়ে তারা এই ত্রাণকার্য সম্পন্ন করবেন।

কিন্তু অনেক স্থানের সংবাদ আমাদের কাছে আসে যেখানে সম্পূর্ণ দলীয় ভাবে আপনাদের সরকার এই ত্রাণ কার্য সম্পন্ন করবার চেষ্টা করেছেন। অন্য দলের কর্মীদের, অন্য দলের নেতাদের, অন্য দলের মাননীয় বিধান সভার সদস্যদের সহযোগিতা তারা

[3-50—4-00 p.m.]

প্রার্থনা করেননি। সহযোগিতার হস্ত প্রসারিত করলেও তারা সেই হস্ত গ্রহণ করেন নি। এটা দুঃখের কথা এবং এই দুঃখের কথা আমি আজকে আপনার কাছে নিবেদন করতে চাচ্ছি এবং আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রীর কাছে বলতে চাচ্ছি যে ভবিষ্যতে কোনও ত্রাণ কার্য্যের জন্য দুর্ভাগ্যকে যদি বহন করতে হয় সেদিন যেন সমস্ত দলমত নির্বিশেষে সকল বিধানসভার সদস্যদের সহযোগিতা আন্তরিক ভাবে তিনি প্রার্থনা করেন এবং সেই সহযোগিতার হস্ত প্রসারিত হলেও তাকে যেন বিমুখ করে না দেন এই অনুরোধ আমি তাঁর কাছে রাখছি। সঙ্গে সঙ্গে আজকে আপনার কাছে এই বক্তব্য রাখতে চাই, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে প্রাকৃতিক দুর্যোগ ছাড়াও, যে মনুষ্যকৃত দুর্যোগ এবং রাজনৈতিক দুর্যোগ এবং যার ফলশ্রুতি হচ্ছে ঐ উদ্বাস্তু সমস্যা। মাননীয় ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রী আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং বিভিন্ন সমস্যাকে আমাদের কাছে উপস্থিত করেছেন। সেই সমস্যাকে কেন্দ্র করে আমি দু'একটি কথা আপনার কাছে বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে পশ্চিমবাংলার জনসংখ্যার শতকরা ১৫ ভাগ হচ্ছে উদ্বাস্তু। নিঃসন্দেহে পশ্চিমবাংলার জনসংখ্যার শতকরা ১৫ ভাগ কেন, হয়ত আরো কিছু বেশিও হতে পারে, যারা পূর্ব বাংলা থেকে এসেছেন। একদা পূর্ব বাংলা বলে কোনও স্বতন্ত্র রাজ্য ছিলনা। অখন্ড পশ্চিমবাংলায় মানুষ কাতারে কাতারে সেই দেশ থেকে নানা কারণে এমনিতেই এদেশে এসেছে। তাদের সকলের পুনর্বাসনের দায়িত্ব কোনও সরকারকে নিতে হয়েছে এটাও সত্য কথা নয়। অনেকে নিজেরাই নিজেদের সংগতিতে, নিজেদের আত্মীয়-স্বজনের সাহায্যে পুনর্বাসিত হয়েছে, এখানে সম্পূর্ণ নাগরিকের জীবন যাপন করছেন। উদ্বাস্তু সমস্যাটাকে যদি বিপুল একটা কলেবর সমস্যা বলে আমরা উপলব্ধি করবার চেষ্টা করি তাহলে হয়ত আমরা সত্য চিত্র পাবোনা। একথা আমি প্রথমে আপনার কাছে নিবেদন করতে চাই এবং যে উদ্বাস্তুরা আমাদের দেশে এসেছে তাদের পুনর্বাসনের প্রতি সম্পূর্ণ দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে সম্পূর্ণ একমত যে তদানিন্তন কেন্দ্রীয় সরকার, প্রাক্তন কেন্দ্রীয় সরকার পশ্চিম বাংলার উদ্বাস্তু সমস্যার দিকে যথোচিত দৃষ্টি দেননি—দিতে পারেননি কেন জানিনা, তবে দেননি। আমি তুলনামূলক বিচার করে আজকে এখানে কোনও প্রাদেশিকতার পরিবেশ তৈরি করতে চাইব না। তথাপি একথা সত্য যে অন্যান্য অঞ্চলের উদ্বাস্তুরা সরকারের কাছে যে সহানুভূতি পেয়েছেন, পূর্ববাংলা থেকে আগত ছিন্নমূল দুর্ভাগ্যপীড়িত উদ্বাস্তুরা ঠিক ততখানি কেন্দ্রীয় সরকারের বদন্যতা অতীতে পাননি, এটা সত্য কথা। তথাপি আজকে তুলনা করব না। তথাপি একথা বলব যে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে পরিমাণ অর্থ পেয়েছেন এই পুনর্বাসনের জন্য

তত পরিমাণ অর্থ তারা ব্যয় করতে পারেননি। অতএব পুনর্বাসনের দায়-দায়িত্ব তদানিন্তন হোক আর বর্তমান হোক কেন্দ্রীয় সরকারের স্কন্ধে ন্যস্ত করে রাজ্য সরকার যদি নিরঙ্কুশ থাকতে চান তাহলে নিশ্চয়ই এটা সত্যের অপলাপ হবে। অতএব দায় দায়িত্ব আমরাও বহন করেছি। আমরা আমাদের সত্যিকারের দায়িত্ব বহন করিনি। আমরা পুনর্বাসনের প্রতি যথোচিত মনোযোগ দিইনি, তাকে গুরুত্ব দিইনি, একথা সত্য। সঙ্গে সঙ্গে আপনার কাছে একথা বলব যে, আমরা আগেও দেখেছি, অনেক উদ্বাস্তু আছে যারা হয়ত ১৫/২০ বৎসরকার ধরে এখানে বসবাস করছেন। তারা হয়ত নিজেদের অর্থে, আত্মীয়-স্বজনদের সাহায্যে অথবা পূর্ব বাংলা থেকে নিয়ে আসা তাদের সামান্য বিত্তের দ্বারা ঘরবাড়ি তৈরি করে বসবাস করছেন। তারা সম্পূর্ণ নাগরিকের জীবন যাপন করছেন। তারা কেন্দ্রীয় সরকার হোক বা রাজ্য সরকার হোক, কারোর উপর কোনও দায়িত্ব তারা দেননি। তথাপি তারা আজও নাগরিকত্ব পাননি, নাগরিকের মর্যাদা পাননি, তাদের ভোটাধিকার দেওয়া হয়নি। নিশ্চয়ই এই দায়িত্ব আমরা কেন্দ্রীয় সরকারের স্কন্ধে ন্যাস্ত করে আমাদের দায়িত্ব এড়িয়ে যেতে পারিনা। আমরা তাদের নাগরিকত্ব দেব, তাদের ভোটাধিকার দেব, পশ্চিমবাংলার নাগরিকদের সঙ্গে একাত্মা করে দেব, পশ্চিম বাংলার জীবন সংস্থার সঙ্গে তাদের শরীক করে নেব। আমি তাই আজকে মাননীয় পুনর্বাসন মন্ত্রী মহাশয়ের কাছে আমার অন্যতম আবেদন উপস্থাপন করতে চাচ্ছি, তিনি স্বয়ং বলেছেন যে অনেক জবরদখল কলোনির নাম আছে, যারা আজও জীবিত আছে। জবরদখল প্রারম্ভে ছিল কিনা জানিনা, কিন্তু বর্তমানে নিশ্চয়ই জবর দখল কলোনিগুলিকে চিহ্নিত করা যায়না। তারা জমি কিনেছেন, বসবাস করছেন, সর্বপ্রকার সুস্থ নাগরিকের জীবন-যাপন করছেন, কিন্তু জমির মালিকানার আইনগত দলিল তাদের কাউকে প্রদান করেননি। নিঃসন্দেহে মন্ত্রী মহাশয়ের কাছে আমার এই আবেদন এবং আমার বিশ্বাস, তিনি সেই ভাবে তাদের দলিল-পত্র দিয়ে, তাঁদের জমির মালিকানা দিয়ে সম্পূর্ণ ভাবে তাঁদের দখলটাকে বৈধ করবার ব্যবস্থা করবেন, সেকথাই তাঁকে বলব এবং মন্ত্রী মহাশয় স্বয়ং উপলব্ধি করেছেন যে শুধু জমি দিলে, একটা ঘর দিলে, ঘর বাঁধবার জন্য কিছু পয়সা দিলে বা সরকারি সাহায্য তেমন ভাবে পৌছে দিলেই পুনর্বাসন হয়না। যদি তার ব্যবস্থা না থাকে—চাকুরি হোক, ব্যবসা-বাণিজ্য হোক বা অন্য কোনও ব্যবস্থার মধ্য থেকে হোক তারা যদি সত্যি সত্যি আজকে জীবিকা স্বাধীন ভাবে মর্যাদার সঙ্গে গ্রহণ করতে না পারে তাহলে তাদের পুনর্বাসন সম্পূর্ণ হতে পারে না। তাই আপনি যে সেদিকে লক্ষ্য রেখেছেন, এই ভাষণের মধ্যে যা প্রতিশ্রুতি দিয়েছেন, তাদের জীবিকার ব্যবস্থা করে দেবেন, সেই জন্য জনতা পার্টির পক্ষ থেকে আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ প্রদান করছি। সঙ্গে সঙ্গে আপনার কাছে অকপটে এই আবেদনটুকু পৌছে দিতে চাইছি, শুধু ঘোষণা করে, শুভ সংকল্প উচ্চারণ করে যেন আপনি আপনার কর্তব্য শেষ করবেন না, আগামীকাল যেন আমরা এই জিনিস দেখতে পাই, যে আপনি আপনার প্রতিশ্রুতি পালন করেছেন, তাদের জীবিকা দেবার জন্য ন্যায় সঙ্গত ভাবে নিষ্ঠা সহকারে আন্তরিক ভাবে প্রয়াস পেয়েছেন—প্রয়াস বড় কথা, সাফল্যের দ্বারা আমরা বিচারের মান দন্ডকে পরিচালিত করব না, আপনারা আন্তরিক প্রয়াসের মধ্যে দিয়ে আপনাকে আমরা সাধুবাদ জানাব। কিন্তু এই সঙ্গে সঙ্গে আপনার কাছে আজকে আমি এই কথা বলতে চাই, প্রতিদিন সংবাদ পত্রে

দেখতে পাচ্ছি বিভিন্ন শরণার্থী শিবিরে নানা কলঙ্কজনক কাহিনীর খবর। নানা নির্যাতনের কাহিনী এসে পৌঁছচ্ছে নানা ভাবে, ব্যাভিচার সেখানে চলছে। নানা ভাবে উৎপীড়ন চলছে। আপনি নিশ্চয়ই সরকারের তরফ থেকে ত্রান এবং পুনর্বাসন মন্ত্রী রূপে দায়িত্ব বহন করবেন, এবং এই অত্যাচার যেন অচিরে বন্ধ হয় বা তাদের উপর এই ভাবে উৎপীড়ন যেন না চলে, সেদিকে আপনি দৃষ্টি প্রসারিত করবেন। আজকে সংবাদ পত্রে আছে দিল্লি ক্যাম্পে কিভাবে নির্যাতন ঘটেছে, সেখানকার উর্ধ্বতন কর্মচারিরা বলছেন যে এই শরণার্থীরা কি সাহস লাভ করেছে, যে সাহসের মধ্যে দিয়ে তারা এই ভাবে নালিশ করতে পেরেছে, তারা এই ভাবে সমস্ত সংবাদ পত্রে, সমস্ত মানুষের কাছে বলবার দুঃসাহস অর্জন করে— এই যদি মনোভাব হয়, এই কর্মচারিদের উপর যদি দায়িত্ব ন্যস্ত করে কেন্দ্রীয় সরকার হোক, রাজ্য সরকার হোক, নিশ্চিন্ত হয়ে থাকেন তাহলে পুনর্বাসনের পরিবর্তে আপনারা তাদের পুনরায় নির্বাসনে প্রেরণ করুন, আমি সাধুবাদ জানাব। কারণ এই সরকারি অত্যাচার, নিপীড়নের মাধ্যমে যেন উদ্বাস্তুরা না বসবাস করে, এই আপনার কাছে আমার আবেদন এবং এই প্রসঙ্গে আমি আপনার কাছে মানা ক্যাম্পের কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এবং আজকে ত্রান এবং পুনর্বাসন মন্ত্রী নিজে অবগত আছেন, এই মানা ক্যাম্পে ১৯৫৭ সাল থেকে ১৯৭০ সাল, এই ১৩ বছর ধরে ধীরে ধীরে গড়ে উঠেছে এবং সেখানে ১৭ লক্ষ উদ্বাস্তুর আশ্রয় শিবির তৈরি হয়েছিল। কালক্রমে সেখান থেকে ৬ লক্ষ উদ্বাস্তুকে ভারতবর্ষের বিভিন্ন স্থানে, মহারাষ্ট্রে, রাজস্থান, উত্তরপ্রদেশ, অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যা, প্রভৃতি স্থানে তাদের পুনর্বাসনের নামে যে ভাবে সরকার প্রহসন করেছেন, সামান্য একটু জমি দিয়েছেন, যে জমিতে কাঁকর, যে জমিতে বালি, শস্য উৎপাদন করা যায় না, যেখানে পাহাড়, জঙ্গল, দুর্গম অরণ্য যেখানে শ্বাপদ সংকুল, মানুষ জন নেই, কোনও ভাবে স্কুল কলেজের ব্যবস্থা নেই পানীয় জলের ব্যবস্থা নেই, হাসপাতাল নেই, কোনও কিছু নেই, সেখানে মানুষগুলোকে উপস্থিত করে বলা হল, তোমাদের আমরা পুনর্বাসন দিলাম। এই কথাগুলো আজ আপনার কাছে বিশেষ করে বলতে চাইছি, এই মানার অধিবাসীরা তারা আজকে ওখানে বিপন্ন বোধ করে, ওখানে তারা জীবিকার কোনও সংস্থান করতে না পেরে, অত্যাচারিত হয়ে, উৎপীড়িত হয়ে, সেখান থেকে আসতে চাইছে। স্বভাবতই তাদের দৃষ্টি পশ্চিমবাংলার দিকে প্রসারিত, বাংলার মানুষ বাংলার জল আবহাওয়ার সঙ্গে পরিচিত, বাংলায় আত্মীয় স্বজন, তাই এদিকে তারা দৃষ্টি প্রসারিত করেছে, তারা প্রশ্ন তুলেছে সুন্দরবন এলাকায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা সরকার করতে পারেন কি না। পারেন কি না, আপনি জানেন, কিন্তু যদি পারেন এই মানা ক্যাম্পের উদ্বাস্তুদের, যারা আবার ওখান থেকে উদ্বাস্তু হয়ে ফিরে আসতে চাইছে অনিশ্চিতের পরিমন্ডলের মধ্যে, অনিশ্চিত আকাশের নিচে দাঁড়াতে চাইছে, তাদের আপনি সুযোগ দেবেন, চেষ্টা করবেন তাদের পুনর্বাসনের সুযোগ দিতে, এই অনুরোধ আপনার কাছে করতে চাইছি। সেই সঙ্গে আমি আপনার কাছে শিবির কর্মচারিদের সমস্যা নামক একটা সমস্যাকে উপস্থিত করতে চাইছি।

[4-00—4-10 p.m.]

প্রথমে কত সংখ্যা ছিল তা হয়তো আমার পক্ষে বলা সম্ভব হবে না কিন্তু ৮ হাজার শিবির কর্মচারী আজকে আছে যাঁরা বেকার যাঁরা চাকরি চেয়েছে সরকারের কাছে তাঁদের একদা চাকুরি ছিল। সরকার তাঁদের নিয়োগ করেছিলেন। সরকার তাঁদের বেতন দিয়েছিলেন। কয়েক বছর চাকুরি করবার পর তাঁরা বরখাস্ত হয়েছে, বেকার হয়েছে। তাঁরা দ্বারে দ্বারে ঘুরছেন কোথাও সহানুভূতি পাচ্ছেন না। এই উদ্বাস্তু শিবিরের মানুষগুলি, এই ৮ হাজার যুবক-যুবতী তৎকালীন প্রাক্তন মুখ্যমন্ত্রী আমাদের সিদ্ধার্থ রায় মহাশয় একটা নিয়োগপত্র দিয়েছিলেন। ইস্তাহার বিলি করেছিলেন যে তাঁদের আবার পুনরায় নিয়োগ করা হবে এবং নিয়োগ করবার জন্য তাঁরা তাঁদের পত্র দিলেন কিন্তু তথাপি মাননীয় সিদ্ধার্থ রায় আজ অতীত হয়ে গেছেন, জ্যোতি বাবু, বর্তমান আছেন। বর্তমান মুখ্যমন্ত্রীর কাছে আমি গিয়েছিলাম। আমি ওনাকে বলেছিলাম এঁদের কথা। মাননীয় জ্যোতিবাবু বললেন তিনি অগ্রাধিকার দেবেন যখন ওদের নিয়োগের প্রশ্ন উঠবে। আজকে আমি পুনর্বাসন মন্ত্রীর কাছে আবেদন করব এই ৮ হাজার শিবির কর্মচারী—কোন্ সরকার এদের চাকুরি দিয়েছে, তখন কি সরকার ছিল, আজ এই প্রশ্ন বড় কথা নয়, বড় কথা হোল এঁরা পশ্চিমবাংলার ছেলেমেয়ে, তাঁরা বেকার তাঁরা কর্মে নিযুক্ত ছিল। আজ তাঁরা চাকুরি হারিয়ে তাঁরা আর্ত। এই আর্ত মানুষের দিকে তাকিয়ে আমি আপনার কাছে আবেদন করব এই ৮ হাজার শিবির কর্মচারীকে পুনরায় নিযুক্ত করুন। জীবনের প্রশ্ন আজ তাঁদের সামনে, সমাধানের পথে যদি আজ নিয়ে যেতে পারেন, জীবনের যে হতাশা সেই হতাশাকে যদি আপনি রক্ষা করতে পারেন তাহলে নিশ্চয়ই আপনি আমাদের সকলের শ্রদ্ধা ভাজন হবেন, কৃতজ্ঞতা ভাজন হবেন। পরিশেষে আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় পুনর্বাসন মন্ত্রীকে, বোধ করি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীকেও একটি গুরুতর পরিস্থিতির দিকে দৃষ্টি দিতে অনুরোধ করব যে আজকের বাংলাদেশ অগ্নিগর্ভ পরিস্থিতি আমাদের সামনে উপস্থিত করেছে, আজকের সামরিক শাসক পরিচালিত বাংলাদেশ আজ যেভাবে সেখানে ধর্মান্ধ রাষ্ট্রে পরিচালিত হয়েছে তাঁর মধ্যে দিয়ে ও পাশের মানুষ অনবরত পূর্ব বাংলা থেকে পশ্চিমবাংলায় আসবার জন্য চেষ্টা করছে এবং তাঁদের সেই আসবার পথে আমরা বাধা সৃষ্টি করতে চাচ্ছি। আমি সেদিন কেন্দ্রীয় মন্ত্রী মাননীয় অটলবিহারী বাজপেয়ীর বক্তৃতা শুনেছি। তিনি কাগজেও বিবৃতি দিয়েছেন যে কোনও শরণার্থীকে আসতে বাধা দেব না, কাউকে আসতেও অনুরোধ করব না, আহ্বান আমরা করছি না কিন্তু আমরা বিসর্জন দেব না। আমি নিসন্দেহে আহ্বান করবার জন্য আপনাদের বলব না, আমি নিসন্দেহে এ কথাও বলবো না পূর্ব বাংলার মানুষকে আপনারা উত্তেজিত করুন, অনুপ্রাণিত করুন, দলে দলে কাতারে কাতারে পশ্চিমবাংলায় আসুক, পশ্চিমবাংলার ভেঙ্গে পড়া অর্থনীতিকে প্রচন্ড চাপ সৃষ্টি করুন আমি একথা বলব না কিন্তু আমি এ কথা বলব যে পূর্ব বাংলার ওপারের কান্না, বাংলাদেশের মানুষের ঐ দুঃখ, বেদনা ও কান্নাকে আপনাদের শুনতে হবে। এ কথা আপনাদের মনে রাখতে হবে পূর্ববাংলার এই মানুষগুলি এরা একদিন বাংলাদের মানুষ ছিল, [illegible] পাশাখেলায় সেই দ্রৌপদির মতো আপনারা ওদের বিলিয়ে দিয়েছেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রীর আসন, পশ্চিমবাংলার